Barcode - 4990010208026
Title - Bengal Legislative Assembly Proceedings (2001) vol.118, no, 2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1144
Publication Year - 2001
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 208026

Vol. 118 No.II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

**Hundred and Eighteenth Session**

**(June to July, 2001)**

(From 28th June, 2001 to 11th July, 2001)

he 28th, 29th June, 2001 & 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 10th & 11th July, 2001)

blished by authority of the Assembly under Rule 353 of the
:les of Procedure and Conduct of Business in West Bengal
Legislative Assembly

**Price Rs.342/-**

118NO.II(01)

Vol. 118 No.II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

**Hundred and Eighteenth Session**

**(June to July, 2001)**

(From 28th June, 2001 to 11th July, 2001)

(The 28th, 29th June, 2001 & 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 10th & 11th July, 2001)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

**Governor**

**SHRI VIREN. J. SHAH**

**Members of the Council of Ministers**

**And their Portfolios**

1. Shri Budhadeb Bhattacharjee, Chief Minister and Minister-in charge of Home Department, Information & Cultural Affairs Department, Science & Technology Department, Personnel Administrative Reforms Deptt., Hill Affairs Department.
2. Shri Nirupam Sen, Minister-in-charge, Department of Commerce & Industries, Public Undertakings, Industrial Reconstruction and Devlopment & Planning including Uttaranchal Unnayan Affairs & Paschimanchal Unnayan Affairs.
3. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge, Health & Family Welfare and Panchayat & Rural Development Department.
4. Shri Mahammad Amin, Minister-in-charge of Labour Department.
5. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department.
6. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Transport Department, Sports Deptt. and Hooghly River Bridge Commission.
7. Shri Md. Salim, Minister-in-charge of Department of Minorities Development & Welfare, Self Employment Scheme for the Urban Unemployed, Department of Youth Services and Technical Education Deptt.
8. Shri Kamal Guha, Minister-in-charge, Department of Agriculture.
9. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Women & Child Development & Social Welfare Department and Jails Department.

10. Shri Nanda Gopal Bhattacharya, Minister-in-charge of Minor Irrigation and Water Investigation & Development Deptt.

11. Shri Kiranmay Nanda Minister-in-charge of Fisheries, Agriculture and Aquatic Resource and Fishing Harbours Department.

12. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs and Department of Excise.

13. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department.

14. Shri Amar Chaudhuri, Minister-in-charge of Public Works Department.

15. Shri Goutam Deb, Minister-in-charge, Department of Housing and Public Health Engineering Department.

16. Shri Kanti Biswas, Minister-in-charge, Department of School Education and Madrasah.

17. Shri Naren Dey, Minister-in-charge, Department of Co-operation and Consumer Affairs Department.

18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge, Department of Information, Technology and Environment Department.

19. Shri Asok Bhattacharya, Minister-in-charge, Department of Municipal Affairs, Urban Development and Town & Country Planning.

20. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge, Department of Tourism.

21. Shri Sailen Sarkar, Minister-in-charge, Department of Food Processing & Horticulture.

22. Shri Satyasadhan Chakraborty, Minister-in-charge, Department of Higher Education.

23. Shri Amalendralal Roy, Minister-in-charge, Department of Irrigation & Waterways.

24. Shri Abdur Razzak Mollah, Minister-in-charge, Department of Land & Land Reforms.

25. Shri Mrinal Banerjee, Minister-in-charge, Department of Power.

26. Shri Bansagopal Choudhury, Minister-in-charge, Department of Cottage and Small Scale Industries.

27. Shri Nisith Adhikary, Minister-in-charge, Department of Law and Judicial.

28. Shri Upen Kisku, Minister-in-charge, Department of Backward Classes Welfare.

29. Shri Anisur Rahaman, Minister-in-charge, Department of Animal Resources Development.

30. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge, Department of Forest.

31. Shri Nimai Mal, Minister-in-charge, Department of Library Services.

32. Shrimati Nandarani Dal, Minister-in-charge, Department of Mass Education Extension.

33. Shrimati Chhaya Ghosh, Minister-in-charge, Department of Agriculture Marketing.

34. Shri Hafiz Alam Sairani, Minister-in-charge, Depatment of Relief.

35. Shri Pratim Chatterjee, Minister-of-State, Department of Fire Services.

36. Shri Dhiren Sen, Minister-of-State, Department of Panchayats & Rural Development.

37. Shri Susanta Ghosh, Minister-of-State, Department of Labour, Employment Exchange and Employees State Insurance.

38. Shri Dasrath Tirkey, Minister-of-State, Department of Public Works.

39. Shri Maheswar Murmu, Minister-of-State, Department of Forests and Paschimanchal Unnayam Affairs.

40. Shrimati Anju Kar, Minister-in-State, Department of Municipal Affairs.

41. Shrimati Bilasi Bala Sahis, Minister-of-State, Department of Backward Classes Welfare.

42. Shri Ganesh Chandra Mondal, Minister-of-State, Department of Irrigation & Waterways.

43. Dr. Srikumar Mukherjee, Minister-of-State, Department of Home (Civil Defence.)

44. Shri Kanti Ganguly, Minister-of-State, Department of Sundarban Development Affairs.

45. Shri Pratyush Mukherjee, Minister-of-State, Department of Health & Family Welfare.

46. Shri Narayan Biswas, Minister-of-State, Department of Transport.

47. Shri Nayan Sarkar, Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation.

48. Smt. Ibha Dey, Minister-of-State, Department of School Education.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

## SECRETARIAT

**Secretary : Shri Monoranjan Sarkar**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

### A

1. Abdul Karim Choudhury, Shri (28-Islampur, North Dinajpur)

2. Abdul Mannan, Shri (181-Champdani, Hooghly)

3. Abdul Razzak Molla, Shri (106 - Canning East, South 24 Parganas)

4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar, Burdwan)

5. Abu Hasem Khan Choudhury, Shri (49- Kaliachak, Malda)

6. Abu Hena, Shri (55-Lalgola, Murshidabad)

7. Abu Taher Khan, Shri (61-Naoda, Murshidabad)

8. Abul Hasnat, Shri (54-Jangipur, Murshidabad)

9. Acharya, Shri Manik Lal (257-Kulti, Burdwan)

10. Adhikari, Shri Sisir (211-Contai South, Midnapore)

11. Adhikary, Shri Nitish (270-Burdwan North, Burdwan)

12. Adhikary, Shri Paresh Chandra [1-Mekliganj (SC), Cooch Behar]

13. Anisur Rahaman, Shri (60-Domkal, Murshidabad)

14. Ankure, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]

### B

15. Badal Zamadar, Shri (107-Bhangar, South 24 Parganas)

16. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC)—Burdwan]

17. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

18. Bagdi, Shri Kirity [247-Indpur (SC), Bankura]

19. Bajaj, Shri Satyanarayan (143-Jorasanko, Kolkata)

20. Bakshi, Shri Subrata (111-Bishnupur West, South 24-Parganas)

21. Bala, Dr. Asim [80-Ranaghat East (SC), Nadia]

22. Bandyopadhyay, Smt. Nayna (145-Bowbazar, Kolkata)

23. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipure, Kolkata)

24. Banerjee, Shri Ambica (163-Howrah Central, Howrah)

25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)

26. Banerjee, Shri Kalyan (260-Asansol, Burdwan)

27. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I, Burdwan)

28. Banerjee, Shri Pankaj (150-Tollygunge, Kolkata)

29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC), Jalpaiguri]

30. Basu, Shri Badal (164-Howrah South, Howrah)

31. Basu, Smt. Manju (132-Noapara, North 24-Parganas)

32. Bauri, Shri Madan [263-Ukhra (SC), Burdwan]

33. Bauri, Shri Ramcharan [249-Gangajalghati (SC), Bankura]

34. Bera, Shri Dipak (203-Moyna, Midnapore)

35. Bera, Shri Nityananda [205-Sutahata (SC), Midnapore]

36. Bhadra, Shri Arup (104-Baruipur, South 24-Parganas)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

37. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur, South 24 Parganas)

38. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan, Midnapore)

39. Bhattacharya, Shri Asok (25-Siliguri, Darjeeling)

40. Bhattacharya, Shri Rabindranath (183-Singur, Hooghly)

41. Bhowal, Shri Subrata (279-Purbasthali, Burdwan)

42. Bhowmick, Shri Prafulla Kumar (69-Karimpur, Nadia)

43. Bhunia, Shri Ajit (198-Daspur, Midnapore)

44. Biswas, Shri Haripada (131-Jagatdal, North 24 Parganas)

45. Biswas, Shri Kaliprasad (184-Haripal, Hooghly)

46. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C.) -24 Parganas]

47. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC), North 24-Parganas]

48. Biswas Shri Narayan (35-Gangarampur, South Dinajpur)

49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC), Nadia]

50. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)

51. Bose, Shri Subrata (141-Shyampukur, Kolkata)

52. Bouri, Smt. Uma Rani [241-Raghunathpur (SC), Purulia]

**C**

53. Chakraborti, Shri Biman (167-Jagatballavpur, Howrah)

54. Chakraborti, Shri Subhas (139-Belgachia East, Calcutta)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

55. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha, Nadia)

56. Chatterjee, Smt. Nirupama (173-Bagnan, Howrah)

57. Chatterjee, Shri Partha (113-Behala West, South 24-Parganas)

58. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar, Hooghly)

59. Chatterjee, Shri Rabindranath (280-Katwa, Burdwan)

60. Chattopadhyay, Shri Sobhandeb (149-Rash Behari Avenue, Kolkata)

61. Chattopadhyay, Shri Tapas (275-Memari, Burdwan)

62. Chhetri, Shrimati Shanta (24-Kurseong, Darjeeling)

63. Chaudhuri, Shri Amar (137-Baranagar, North 24-Parganas)

64. Chaudhury, Shri Nripen (57-Nabagram, Murshidabad)

65. Choudhury, Smt. Asima (47-Manikchak, Malda)

66. Choudhury, Shri Bansagopal (261-Ranigunj, Burdwan)

67. Chowdhury, Shri Biswanath (38-Balurghat, South Dinajpur)

68. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur, Bankura)

69. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur, Howrah)

70. Chowdhury, Shri Subhendu Narayan [45-Malda (SC), Malda]

**D**

71. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC), Cooch Behar]

72. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC), Midnapore]

## *Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly*

73. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC), Birbhum]

74. Das, Dr. Debesh [154-Taltala (SC), Kolkata]

75. Das, Shri Jagadish Chandra (128-Bijpur, North 24-Parganas)

76. Das, Shri Jajneswar (125-Patharpratima, South 24-Parganas)

77. Das, Shri Nirmal (12-Alipurduar, Jalpaiguri)

78. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC), Murshidabad]

79. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC), Cooch Behar]

80. Das, Shri Ratan (277-Nadanghat, Burdwan)

81. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah, North 24-Parganas)

82. Das, Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur, Midnapore)

83. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West, Midnapore)

84. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)

85. Datta, Shri Binoy (194-Arambagh, Hooghly)

86. Datta, Smt. Tapati (87-Habra, North 24-Parganas)

87. De (Nag), Dr. Ratna (180-Serampore, Hooghly)

88. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge, South 24-Parganas)

89. Deb, Shri Goutam (96-Hasnabad, North 24-Parganas)

90. Deb, Shri Rabin (152-Ballygunge, Kolkata)

91. Dey, Shri Ajoy (78-Santipur, Nadia)

92. Dey, Smt. Ibha (177-Jangipara, Hooghly)

93. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar, Kolkata)

94. Dey, Shri Naren (186-Chinsurah, Hooghly)

95. Dhar, Shri Padmanidhi (166-Domjur, Howrah)

96. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC), Midnapore]

97. Dutta, Shri Gurupada (196-Chandrakona, Midnapore)

98. Dutta, Shri Parash (112-Behala East, South 24-Parganas)

99. Dutta, Smt. Sarmistha (88-Ashokenagar, North 24-Parganas)

**G**

100. Ganguli, Shrimati. Kanika (161-Bally, Howrah)

101. Ganguli, Shri Kanti (123-Mathurapur, South 24-Parganas)

102. Gayen, Shri Nripen [199-Hingalganj (SC), North 24-Parganas]

103. Ghatak, Shri Moloy (259-Hirapur, Burdwan)

104. Ghose, Smt. Manasi (254-Kotulpur, Bankura)

105. Ghosh, Shri Arunava (138-Dum Dum, North 24-Parganas)

106. Ghosh, Shri Bankim (83-Haringhata, Nadia)

107. Ghosh, Shri Bhakti Pada (286-Dubrajpur, Birbhum)

108. Ghosh, Smt. Chhaya (58-Murshidabad, Murshidabad)

109. Ghosh, Shri Dipak Kumar (204-Mahisadal, Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

110. Ghosh, Shri Nirmal (135-Panihati, North 24-Parganas)

111. Ghosh, Shri Pankaj (85-Bongaon, North 24-Parganas)

112. Ghosh, Shri Rabindra (171-Uluberia, Howrah)

113. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnanagar West, Nadia)

114. Ghosh, Shri Susanta (200-Garhbeta East, Midnapore)

115. Ghosh, Shri Tamonash (118-Falta, South 24-Parganas)

116. Giri, Shri Akhil (212-Ramnagar, Midnapore)

117. Goala, Shri Rajdeo (160-Belgachia West, Kolkata)

118. Golam Kibria Mia, Shri (64-Beldanga, Murshidabad)

119. Goswami, Shri Subhas (248-Chhatna, Bankura)

120. Guha, Shri Kamal (7-Dinhata, Cooch Behar)

121. Guha, Smt. Sonali (117-Satgachia, South 24-Parganas)

**H**

122. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar, North Dinajpur)

123. Haldar, Shri Jagaranjan [124-Kulpi (SC), South 24-Parganas]

124. Haldar, Shri Rishi (119-Diamond Harbour, South 24-Parganas)

125. Hamidul Rahaman, Shri (27-Chopra, North Dinajpur)

126. Hansda, Shri Upendra Nath [233-Banduan (ST), Purulia]

127. Hashim Abdul Halim, Shri (89-Amdanga, North 24-Parganas)

128. Hatial, Shri Bhabani Sankar (230-Gopiballavpur, Midnapore)

129. Hazra, Shri Bankim Chandra (127-Sagar, South 24-Parganas)

130. Hazra, Shri Samar [274-Jamalpur (SC), Burdwan]

131. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST), Purulia]

132. Hemrom, Shri Jadu (39-Habibpur (ST), Malda)

133. Hore, Shri Tapan (284-Bolpur, Birbhum)

134. Humayun Reza, Shri (51-Aurangabad, Murshidabad)

### I

135. Id. Mohammed, Shri (68-Bharatpur, Murshidabad)

### J

136. Jane Alam Mian, Shri (52-Suti, Murshidabad)

137. Jatua, Shri Choudhury Mohan [122-Mandirbazar (SC), South 24-Parganas]

### K

138. Kabi Shri Pelab (262-Jumuria, Burdwan)

139. Kalimuddin Shams, Shri (293-Nalhati, Birbhum)

140. Kanji, Shri Bansari Mohan [121-Magrahat East (SC), South 24-Parganas]

141. Kar, Smt. Anju (276-Kalna, Burdwan)

142. Kar, Shri Jyotirmoy (210-Contai North, Midnapore)

143. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (SC), Bankura]

144. Khan, Shri Kallol (71-Nakashipara, Nadia)

145. Khanra, Shri Saktipada (190-Polba, Hooghly)

146. Kisku, Shri Upen [245-Raipur (ST), Bankura]

147. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]

148. Kundu, Shri Ranjit (129-Naihati, North 24-Parganas)

**L**

149. Lahiri Shri Jatu (165-Shibpur, Howrah)

150. Lakra, Shri Paban Kumar [11-Kalchini (ST), Jalpaiguri]

151. Lakra, Shri Somra [18-Mal (ST), Jalpaiguri]

152. Laya, Dr. Tushar Kanti (216-Sabang, Midnapore)

153. Lepcha, Shri Gaulan (22-Kalimpong, Darjeeling)

154. Let Shri Bishnu [290-Mayureswar (SC), Birbhum]

**M**

155. Mafuja Khatun, Smt. (37-Kumarganj, South Dinajpur)

156. Mahapatra, Dr. Saumen Kumar (199-Nandanpur, Midnapore)

157. Mahata, Shri Abinas (243-Hura, Purulia)

158. Mahata, Shri Khagendranath (222-Salboni, Midnapore)

159. Mahata, Smt. Shamya Pyari (234-Manbazar, Purulia)

160. Mahato, Shri Nepal (237-Jhalda, Purulia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

161. Mahato, Shri Shantiram (238-Joypur, Purulia)

162. Mahbubul Haque (Badal), Shri (41-Kharba, Malda)

163. Mainul Haque, Shri (50-Farakka, Murshidabad)

164. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC), Hooghly]

165. Maity, Shri Ardhendu (208-Bhagabanpur, Midnapore)

166. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST), Puluria]

167. Majhi, Shri Nandadulal [255-Indas (SC), Bankura]

168. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC), Burdwan]

169. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC), Birbhum]

170. Mal, Shri Nimai (192-Pursurah, Hooghly)

171. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC), Hooghly]

172. Mallik, Jyoti Priya (86-Gaighata, North 24-Parganas)

173. Mallik, Smt. Sadhana (281-Mangalkot, Burdwan)

174. Mandal, Shri Kalipada (172-Shyampur, Howrah)

175. Mandal, Shri Subhas (268-Bhatar, Burdwan)

176. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (ST), Midnapore]

177. Md. Salim, Shri (153-Entally, Kolkata)

178. Md. Yakub, Shri (92-Deganga, North 24-Parganas)

179. Mehbub Mondal, Shri (269-Galsi, Burdwan)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

180. Mehta, Shri Nishi Kanta (236-Arsha, Purulia)

181. Minj, Shri Prokash [26-Phansidewa (ST), Darjeeling]

182. Mishra, Shri Kashinath (251-Bankura, Bankura)

183. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh, Midnapore)

184. Mitra, Shri Asit (174-Kalyanpur, Howrah)

185. Mitra, Smt. Sabitri (44-Araidanga, Malda)

186. Mitra, Shri Somendra Nath (156-Sealdah, Kolkata)

187. Modak, Shri Dhananjoy (72-Kaliganj, Nadia)

188. Mohammed Amin, Shri (114-Garden Reach, South 24-Parganas)

189. Mojibor Rahaman, Shri (56-Bhagabangola, Murshidabad)

190. Mondal, Shri Biswanath [66-Khargram (SC), Murshidabad]

191. Mondal, Shri Dilip [110-Bishnupur East (SC), South 24-Parganas

192. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC), South 24-Parganas]

193. Mondal, Shri Mohan [170-Uluberia North (SC), Howrah]

194. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC), North 24-Parganas]

195. Mondal, Shri Nirmal Chandra [109-Sonarpur (SC), South 24-Parganas]

196. Mondal, Shri Sailen (168-Panchla, Howrah)

197. Mondal, Shri Tanmoy [91-Rajarhat (SC), North 24-Parganas]

198. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar, North 24-Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

199. Mostaque Alam, Shri (42-Harishchandrapur, Malda)

200. Mukherjee, Shri Anil (252-Onda, Bankura)

201. Mukherjee, Shri Apurba (265-Durgapur-II, Burdwan)

202. Mukherjee, Shri Ashoke (Gopal) (90-Barasat, North 24-Parganas)

203. Mukherjee, Shri Braja (288-Suri, Birbhum)

204. Mukherjee, Shri Kamal (182-Chandernagore, Hooghly)

205. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata, Kolkata)

206. Mukherjee, Shri Manas (136-Kamarhati, North 24-Parganas)

207. Mukherjee, Smt. Nabanita (285-Labhpur, Birbhum)

208. Mukherjee, Shri Narayan (95-Basirhat, North 24-Parganas)

209. Mukherjee, Shri Nikhil (239-Purulia, Purulia)

210. Mukherjee, Shri Pratyush (175-Amta, Howrah)

211. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East, Nadia)

212. Mukherjee, Dr. Srikumar (34-Itahar, North Dinajpur)

213. Mukherjee, Shri Subrata (146-Chowringhee, Kolkata)

214. Mukherjee, Shri Swaraj (179-Uttarpara, Hooghly)

215. Mukhopadhyay, Shri Ashutosh (187-Bansberia, Hooghly)

216. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST), Jalpaiguri]

217. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST), Midnapore]

218. Mursalin Molla, Shri (115-Meheshtala, South 24-Parganas)

## N

219. Nanda, Shri Brahmamoy (207-Narghat, Midnapore)

220. Nanda, Shri Kiranmay (214-Mugberia, Midnapore)

221. Naskar, Shri Gobinda Chandra [105-Canning West (SC), South 24-Parganas]

222. Naskar, Shri Subhas [101-Basanti (SC), South 24-Parganas]

223. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural, Midnapore)

224. Niamot Sk, Shri (62-Hariharpara, Murshidabad)

225. Noorar Rahman, Shri (120-Magrahat West, South 24-Parganas)

## P

226. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC), Midnapore]

227. Pakhira, Shri Manturam (126-Kakdwip, South 24-Parganas)

228. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC), Midnapore]

229. Pal, Shri Shyama Prosad (273-Raina, Burdwan)

230. Pan, Shri Bhakta Ram (178-Chanditala, Hooghly)

231. Pande, Shri Sadhan (158-Burtola, Kolkata)

232. Patra, Shri Manoranjan (244-Taldangra, Bankura)

233. Paul, Smt. Maya Rani (63-Berhampore, Murshidabad)

234. Paul, Shri Paresh (159-Manicktola, Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

235. Paul, Shri Tapas (148-Alipore, Kolkata)

236. Pradhan, Shri D.K. (23-Darjeeling, Darjeeling)

237. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC), Cooch Behar]

238. Purkait, Shri Prabodh [102-Kultali (SC), South 24-Parganas]

### Q

239. Qamre Elahi, Dr. (294-Murarai, Birbhum)

240. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria, North 24-Parganas)

### R

241. Raha, Shri Sudhan (19-Kranti, Jalpaiguri)

242. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha, Kolkata)

243. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC), Jalpaiguri]

244. Ray, Shri Nirbed (202-Tamluk, Midnapore)

245. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC), North Dinajpur]

246. Roy Chowdhury, Shri Biplab (201-Panskura East, Midnapore)

247. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC), Hooghly]

248. Roy, Shri Amalendralal (67-Barwan, Murshidabad)

249. Roy, Shri Chitta Ranjan [31-Raiganj (SC) North Dinajpur

250. Roy, Shri Gobinda (20-Jalpaiguri, Jalpaiguri)

251. Roy, Shri Gokul [30-Karandighi, North Dinajpur)

252. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC), Jalpaiguri]

253. Roy, Shri Lakshmi Kanta [15-Dhupguri (SC), Jalpaiguri]

254. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC), South Dinajpur]

255. Roy, Shri Nripendra Nath (6-Sitai, Cooch Behar)

256. Roy, Shri Samar (46-English Bazar, Malda)

257. Roy, Shri Saugata (151-Dhakuria, Kolkata)

258. Roy, Shri Tapas (144-Bara Bazar, Kolkata)

259. Rubi Noor, Smt. (48-Sujapur, Malda)

## S

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC), Hooghly]

261. Saha, Shri Pundarikakshya (77-Nabadwip, Nadia)

262. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC), Purulia]

263. Samanta, Shri Rampada (217-Pingla, Midnapore)

264. Sanatani, Smt. Mina (231-Jhargram, Midnapore)

265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara, Nadia)

266. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC), Howrah]

267. Saren, Shri Bhutnath [229-Nayagram (ST), Midnapore)

268. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar, South 24 Parganas)

269. Sarkar, Shri Dipak Chandra (4-Cooch Behar North, Cooch Behar)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

270. Sarkar, Shri Nayan [79-Hanskhali (SC), Nadia]

271. Sarkar, Shri Sailen (43-Ratua, Malda)

272. Seal, Shri Sudhangshu (142-Jorabagan, Kolkata)

273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar, Birbhum)

274. Sen, Shri Nirupam (271-Burdwan South, Burdwan)

275. Sengupta, Shri Purnendu (223-Midnapore, Midnapore)

276. Shamsul Islam Mollah, Shri (73-Chapra, Nadia)

277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh, North 24-Parganas)

278. Singh, Shri Arjun (130-Bhatpara, North 24-Parganas)

279. Singh, Smt. Jyotsna [272-Khandaghosh (SC), Burdwan]

280. Singh, Shri Lagan Deo (162-Howrah North, Howrah)

281. Singha, Shri Sankar (81-Ranaghat—West Nadia)

282. Sinha, Shri Atish Chandra (65-Kandi, Murshidabad)

283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra, Midnapore)

284. Sk. Illias Mohammad, Shri (206-Nandigram, Midnapore)

285. Sk. Jahangir Karim, Shri (218-Debra, Midnapore)

286. Sk. Majed Ali, Shri (189-Pandua, Hooghly)

287. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Town, Midnapore

288. Soren, Shri Khara [36-Tapan (ST), South Dinajpur]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

### T

289. Tamser Ali, Shri (8-Natabari, Cooch Behar)

290. Thakur, Shri Akshoy (5-Cooch Behar West, Cooch Behar)

291. Tirkey, Shri Dasrath [10-Kumargram (ST), Jalpaiguri]

292. Tudu, Shri Makar [246-Ranibandh (ST), Bankura]

293. Tudu, Shri Sadhu [40-Gazole (ST), Malda]

### U

294. Unus Ali Sarkar, Shri (59-Jalangi, Murshidabad)

295. Upadhyay, Shri Manik (258-Barabani, Burdwan)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 28th June, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 05 Ministers of State and 174 Members.

[11.00 — 11.10 a.m.]

(As soon as Mr. Speaker took his Chair, the Leader of the Opposition Shri Pankaj Kumar Banerjee rose to speak)

(Noise)

**Mr. Speaker :** Now, Questions. Starred Question No. 80 Shri Dipak Ghosh.

(At this stage several Trinamul Congress and Congress Members rushed to the podium of the Hon'ble Speaker)

(Noise)

**Mr. Speaker :** Starred Question No. 80 Shri Dipak Ghosh

(Noise)

(At this time several Trinamul Congress and Congress Members congregated around the Hon'ble Speaker's Chair and started shouting. Hon'ble Leader of the Opposition Shri Pankaj Kumar Banerjee took the mike of the Hon'ble Speaker and started to speak)

(Noise)

## STARRED QUESTION
### (to which oral answers was given)

### মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি

***৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রীরামপদ সামন্ত ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বৃহত্তর কলকাতার সুসংহত ও পরিকল্পনামাফিক উন্নয়নের জন্য রাজ্য সরকার মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি গঠন করেছেন এবং

(খ) উক্ত কমিটির সদস্যবৃন্দের নাম কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ**

(ক) কলকাতা মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কমিটি এখনও গঠিত হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গোলমালের মধ্যে)

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে কমিটি তৈরি হবে এই কমিটি বিশেষ করে কলকাতার যানবাহন এবং জল সরবরাহের ব্যাপারে কি ধরনের পরিকল্পনা গ্রহণ করবেন?

(গোলমাল)

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** ৬০ জনকে নিয়ে এই কমিটি তৈরি হবে। এর মধ্যে ৪০ জন নির্বাচিত হবেন এবং ২০ জন মনোনীত হবেন। এই ৪০ জনের ৮৫ শতাংশ আসবেন বিভিন্ন পৌরসভা থেকে এবং ১৫ শতাংশ আসবেন বিভিন্ন পঞ্চায়েত এলাকা থেকে। এই কমিটি তৈরি হলে তারা কাজগুলি দেখবেন। কলকাতা মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি তৈরি হবে এবং সেটা তৈরি হবার পর তারা বিভিন্ন ডেভেলপমেন্ট প্ল্যান তৈরি করবেন।

(প্রচণ্ড গোলমাল এবং ক্রমাগতভাবে বিধানসভার কার্য পরিচালনায় বাধা দান)।

**শ্রী রামপদ সামন্ত ঃ** এটা কি সত্য যে কলকাতায় যে কোনও ধরনের উন্নয়নের ব্যাপারে এই কমিটির অনুমোদন নিয়ে সেটা করতে হবে?

(প্রচণ্ডভাবে বিরোধী কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস দলের মাননীয় এবং মাননীয়া সদস্যগণ কর্তৃক বিধানসভার কার্য পরিচালনায় বাধা দান ক্রমাগতভাবে চলতে থাকে বিভিন্ন শ্লোগান সহকারে এবং তাঁরা মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ঘিরে ধরে থাকেন।)

**মিঃ স্পিকার ঃ** গো ব্যাক টু ইওর সিটস, গো ব্যাক টু ইওর সিটস।

..... (প্রচণ্ড গোলমাল) ........

(এই সময় মাননীয় অধ্যক্ষ মহাশয়ের বলবার মাইকটি টেনে ছিঁড়ে ফেলে দেওয়া হয় এবং মিঃ সেক্রেটারি এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়ের সম্মুখস্থ বইপত্র ইত্যাদি ছুঁড়ে ফেলা হতে থাকে)।

**শ্রী রামপদ সামন্ত ঃ** এই কমিটির অনুমোদিত যেসব উন্নয়নমূলক কাজ হবে তাতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক কত টাকা সাহায্য করতে পারে? এ সম্পর্কে কোনও আশ্বাস তারা দিয়েছেন কি?

(পূর্বেব মত একইভাবে প্রচণ্ড গোলমাল এবং বাধাদান চলতে থাকে)।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এখনো মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি তৈরি হয়নি। ঐ প্ল্যানিং কমিটি তৈরি হবার পর তারা কাজটা হাতে নেবেন।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মেট্রোপলিটান প্ল্যানিং কমিটির মাধ্যমে কোন কোন প্রকল্পকে বেশি গুরুত্ব দেওয়া হবে?

(এই সময় বিক্ষোভরত মাননীয় সদস্যগণ প্রতিবেদকদের নথিকরণের খাতা ছিনিয়ে নেন এবং টেবিলের মাইকগুলি নামিয়ে দেন এবং তার ফলে পূর্বোক্ত প্রশ্নের উত্তর নথিভুক্ত করা সম্ভব হয়নি)।

(তুমুল গোলমাল)

(এই সময় মাননীয় স্পিকারের চেয়ার ঘিরে মাননীয় তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস সদস্যগণ স্লোগান দিতে থাকে এবং মাননীয় স্পিকার মহাশয়ের মাইক কেড়ে নেন)

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, গুণ্ডারা কি করছে দেখুন.... কাদের জনগণ নির্বাচন করেছে দেখুন....

(তুমুল গোলমাল)

(এই সময় প্রতিবেদকগণের টেবিল ঘিরে শ্লোগান দিতে থাকেন মাননীয় তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস সদস্যগণ)

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই বৃহত্তর কলকাতার পানীয় জলের ব্যবস্থা করার জন্য সব চেয়ে বেশি গুরুত্ব দেবে কিনা?

(তুমুল গোলমাল)

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এই কমিটি বৃহত্তর কলকাতার পানীয় জলের জন্য চিন্তাভাবনা করছে। এই ব্যাপারে মাস্টার প্লান তৈরি করবে এই কমিটি।

(গোলমাল)

(এই সময় তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্য প্রতিবেদকগণের খাতা কেড়ে নিতে থাকেন)

**শ্রী রামপদ সামন্ত ঃ** বি. এফ. আই. ডি এই সংস্থা বস্তি উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা নিয়েছেন কিনা জানাবেন?

(তুমুল গোলমাল)

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** কলকাতার বস্তি উন্নয়নের জন্য পরিকল্পনা নিয়েছে। ৬০০ কোটি টাকার মতো অনুদান পাওয়ার কথা।

(তুমুল গোলমাল)

(এই সময় তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের মাননীয় সদস্যগণ প্রতিবেদকগণের টেবিলের উপর উঠে বসে পড়েন এবং শ্লোগান দিতে থাকেন।)

(তুমুল গোলমাল)

(এই সময় প্রতিবেদকগণের টেবিলে মাইকগুলি নিয়ে নিচে ফেলে দেওয়া হয় এবং তার ছিঁড়ে দেওয়া হয়)

(তুমুল গোলমাল)

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### টাডা আইন

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২) **শ্রী দীপককুমার ঘোষ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) টাডা আইনে রাজ্যে কতজন অভিযুক্তের বিচার চলছে ;

(খ) তন্মধ্যে, কতজন জামিনে মুক্ত ও কতজন জামিন না পেয়ে জেলহাজতে আছেন ; এবং

(গ) টাডা আইনে বিচারাধীন মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তির জন্য সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৬ (ছয়) জনের।

(খ) কেউ জামিনে মুক্ত হন নি; সকলেই বিচারাধীন অবস্থায় জেল হাজতে আছেন।

(গ) এ রাজ্যে একটি টাডা আইনে সংক্রান্ত মোকদ্দমার তদন্তের কাজ সমাপ্তির পর চার্জশীট দাখিল করা হয়েছে এবং সাক্ষীদের সাক্ষগ্রহণ সমাপ্ত হয়েছে। সরকার পক্ষের সওয়াল শেষ হয়েছে এবং আসামি পক্ষের সওয়াল চলছে।

### WIPRO Project

***82.** (Admitted Question No. *252) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Information Technology Department be pleased to state—

(a) whether it is a fact that IT giant WIPRO have decided to set up a project in the State ;

(b) if so, the details thereof ; and

(c) the state of implementation of the same ?

**The Minister-in-charge of the Information & Technology Department :**

(a) Yes.

(b) 12 acres land was allotted in Sector V, Salt Lake. The Centre will provide employment to 2,500 software professionals of our State. Total investment is expected in the third year approximately Rs. 40 crore.

(c) WIPRO has completed soil testing of the allotted land. It is expected that the construction will be taken up by Larsen & Tubro on behalf of the WIPRO. The first phase will be completed by August, 2002.

### রাজ্যে ভোটদাতার সংখ্যা

***৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৩) **শ্রী রবীন দেব ঃ** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

[illegible] ত্রয়োদশ বিধানসভা নির্বাচনে ভোটদাতার সংখ্যা কত ছিল?

**[illegible] (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

[illegible] বিধানসভা নির্বাচনে নির্বাচকের সংখ্যা ছিল ৪,৮৬,৭২,২৯১ জন। মোট [illegible] সংখ্যা ছিল ৩,৬৬,৪৯,১৮৮ জন।

### টেক্‌নিশিয়ান স্টুডিও

***৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০৪) **শ্রীমতি নয়না বন্দোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতাস্থ টেকনিশিয়ান স্টুডিওর ফ্লোরের অবস্থা খুবই খারাপ; এবং

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

তবে ফ্লোরগুলিতে পরিকাঠামোর কিছু ত্রুটি আছে।

(খ) সব রকম সুবিধাযুক্ত একটি নতুন ফ্লোর নির্মাণ এবং বর্তমান ফ্লোরগুলি নবীকরণের ব্যবস্থা নেওয়া হয়েছে।

## ইণ্ডিয়া ইকো ডেভেলপমেন্ট প্রকল্প

***৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গ্লোবাল এন্‌ভায়রনমেন্ট ফান্ড ও আন্তর্জাতিক উন্নয়ন পরিষদ কর্তৃক সাহায্যপ্রাপ্ত ইন্ডিয়া ইকো ডেভেলপমেন্ট প্রকল্পের কাজ রাজ্যে চালু আছে;

(খ) সত্যি হলে, কবে থেকে ও কোন স্থানে উক্ত প্রকল্প চালু আছে, এবং

(গ) ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত উক্ত প্রকল্পের কাজের অগ্রগতি কিরূপ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) এই প্রকল্পটি উত্তরবঙ্গের বক্সা ব্যাঘ্র প্রকল্পে ১৯৯৬ সালের ডিসেম্বর মাস থেকে চালু আছে।

(গ) ৩১-৩-২০০১ পর্যন্ত এই প্রকল্পে ১৮,৩৫,৫৩,০০০ টাকা ব্যয় হয়েছে এবং বন পরিচালন ব্যবস্থা ও বন্যপ্রাণীদের জীবন যাত্রার মান উন্নয়ন, গবেষণা, তথ্য প্রযুক্তি তথা এলাকায় জৈব বৈচিত্র রক্ষার ব্যাপারে কাজের সন্তোষজনক অগ্রগতি হয়েছে।

## টেক্‌নিশিয়ানদের চাকুরির নিরাপত্তা

***৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৩) **শ্রী তাপস পাল ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার পশ্চিমবঙ্গের চলচিত্রের সাথে যুক্ত টেক্‌নিশিয়ানদের চাকুরির নিরাপত্তার জন্য কোনরূপ পদক্ষেপ গ্রহণ করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, সেগুলি কি কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গে চলচিত্রের সঙ্গে যুক্ত টেকনিশিয়ানরা কোনও চাকরি করেন না। তাঁরা চুক্তির ভিত্তিতে কাজ করেন।

(খ) প্রশ্ন উঠে না।

## কলকাতা পৌর এলাকার নিকাশী ব্যবস্থা

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬১) **শ্রী তপন হোড় ঃ** পৌর বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা পৌর সংস্থাভুক্ত এলাকায় নিকাশী ব্যবস্থা সচল রাখতে প্রস্তাবিত প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সরকারের নিকট সুনির্দিষ্ট কিছু অভিযোগ এসেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপ কীরূপ?

**পৌর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

## পুলিশ মিউজিয়াম

***৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০৫) **শ্রী কমল মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকার কর্তৃক প্রস্তাবিত 'পুলিশ মিউজিয়াম' স্থাপনের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

"পুলিশ মিউজিয়াম" কলকাতায় ১৯৯৬ সাল থেকে চালু আছে।

**তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র**

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮১) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** তথ্যপ্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের জেলাগুলিতে তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র গড়ার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না?

**তথ্যপ্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) জেলা স্তরে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের একটি প্রকল্প একাদশ অর্থ কমিশন মঞ্জুর করেছেন। প্রতি জেলায় এই রকম একটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপিত হবে যার প্রতিটিতে ৫০টি করে কম্পিউটার থাকবে। অষ্টম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা এই প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নেবে। প্রথম পর্যায়ে একাদশ অর্থ কমিশন যে বরাদ্দ মঞ্জুর করেছেন তা দিয়ে নিম্নলিখিত জেলাগুলির প্রতিটিতে ১৫টি কম্পিউটার নিয়ে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হচ্ছে ঃ

| | |
|---|---|
| ১। কোচবিহার | ২। জলপাইগুড়ি |
| ৩। উত্তর দিনাজপুর | ৪। দক্ষিণ দিনাজপুর |
| ৫। মালদহ | ৬। উত্তর ২৪ পরগণা |
| ৭। হাওড়া | ৮। হুগলি |
| ৯। মেদিনীপুর | ১০। বাঁকুড়া |

(২) তথ্য প্রযুক্তি দপ্তর সারা পশ্চিম বাংলার ১০০টি স্কুলে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে। এই উদ্দেশে প্রতিটি স্কুলে ৫ লক্ষ টাকা

করে মোট ৫ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। সপ্তম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীরা এই প্রশিক্ষণ পাবে। কলকাতার ৯টি এবং জেলাগুলিতে ৯১টি স্কুল এর জন্য নির্দিষ্ট করা হয়েছে।

(৩) যুব কল্যাণ দপ্তর বিভিন্ন বেসরকারি সংস্থার সহযোগিতায় সারা পশ্চিমবাংলায় মোট ৫৯টি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে। এছাড়াও ওয়েবেল, বেসরকারি সংস্থার মাধ্যমে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে।

**শ্যামচাঁদ মন্দিরের সংস্কার**

***৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩) **শ্রী অজয় দে ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুরের ঐতিহ্যবাহী শ্যামচাঁদ মন্দিরটি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা বর্তমানে কোন পর্যায়ে রয়েছে?

**পৌর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ভিলেজ গার্ড

***৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৩১) **শ্রী গুরুপদ দত্ত ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গ্রামীণ এলাকায় পঞ্চায়েতের অধীন 'ভিলেজ গার্ড' পদ সৃষ্টির কোনও সম্ভাবনা আছে কি ; এবং

(খ) সম্ভাবনা থাকলে, উক্ত পদটি কী ধরনের হবে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## গণপ্রহারে মৃত্যু

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৩) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জানুয়ারি, ২০০০ থেকে মে, ২০০১ পর্যন্ত গণপ্রহারে দক্ষিণ ২৪-পরগণায় মোট কতজনের মৃত্যু ঘটেছে ; এবং

(খ) উক্ত ঘটনায় কতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৬০ জন।

(খ) ১১৬ জন।

## পৌরসভার কমিটিতে বিধায়কদের অন্তর্ভুক্তি

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৩) **শ্রী তাপস চট্টোপাধ্যায়** ঃ পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পৌরসভার কাজের উন্নয়ন পরিকল্পনার সভায় বিধায়কদের কমিটি সদস্য হিসাবে অন্তর্ভুক্তি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পৌর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

## ADJOURNMENT MOTION

(Noise)

**Mr. Speaker :** Today I have received six notices of Adjournment Motion. The first one is from Shri Kashi Nath Mishra on the subject of alleged malpractice on Bankura Treasury. The second one is from Shri Ajoy Dey on the subject of reported strike

of the ration dealers. The third, fourth and the fifth ones are from Shri Saugata Roy, Shri Asok Kumar Deb and Shri Asit Kumar Mal on the subject of reported arrest of sixteen anti-socials at Yuba-Bharati Stadium on 27.6.2001 and the sixth one is from Shri Mahbubul Haque on the subject of alleged failure of the Government to give pension to the teachers and non-teaching staff of the schools timely.

The subject matters of the Motions relate to day-to-day administration of the Government and do not call for adjournment of the business of the House. Moreover, the members will get ample scope to raise the matters during the general discussion of Budget which is now going on and also during the discussion of voting on demands for grants of the concerned departments. The members may also invite attention of the Minister concerned through Calling attention, Question, Mention, Motion etc. I, therefore, withhold my consent to all the Motions.

One member of the party, may however, read the text of the Motion as amended. ....... (Noise) .......... ....... (Noise) .......... (....... Pause. There was none to read) .......... ....... (Noise & interruptions) ..........

[11-20 — 1-00 p.m.](including adjournment)

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received seven notices of Calling Attention on the following subjects, namely :

| | **Subject** | | **Name** |
|---|---|---|---|
| (i) | Alleged desecration of the statue of Rabindra Nath Tagore at Hospital More, Siliguri | : | Shri Moloy Ghatak |

| | | |
|---|---|---|
| (ii) | Widespread out-break of maleria in the state, especially in Jalpaiguri Tea Garden areas | : Shri Kashinath Mishra |
| (iii) | Apprehension of flood in the State | : Shri Tapan Hore |
| (iv) | Reported hike in price of unit charge of electricity in the State | : Dr. Asish Banerjee |
| (v) | Alleged suspension of one Swapan Dutta, staff of D.M. Office, Bankura on corruption charge | : Shri Asit Kumar Mal |
| (vi) | Reported arrest of 16 misc-reants at Yuba Bharati Stadium on 27.6.2001 | : Shri Nirmal Das |
| (vii) | Alleged refund of money from Bankura Treasury | : Shri Subhas Goswami |

I have selected the notice of Shri Tapan Hore on the subject of apprehension of flood in the State.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date. ....... (Noise) ..........

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 11th July, 2001.

....... (Noise) ..........

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of Home (Police) Department to make a statement on the subject of

reported attack on the fisherman in Sundarbans area on 12.6.2001. (Attention called by Shri Mursalin Molla and Shri Jajneshwar Das jointly on 18.6.2001).

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, my statement may be taken as read.

মাননীয় অধ্যক্ষ মহোদয়

আমি আপনার অনুমতিক্রমে সুন্দরবনে বিগত ১২ই জুন, ২০০১ তারিখে সুন্দরবনে মৎস্যজীবিদের উপর আক্রমণের বিষয়ে বিধায়ক শ্রী মুরসালিন মোল্লা এবং বিধায়ক যজ্ঞেশ্বর দাস মহাশয়গণ কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের ওপর বিবৃতি দিচ্ছি।

প্রথমেই আমি এই সভাকে জানাচ্ছি যে, গত ১২ই জুন, ২০০১ তারিখে সুন্দরবনে মৎস্যজীবিদের উপর কোনও প্রকার আক্রমণের ঘটনা ঘটেনি। তবে, ৮ থেকে ১০ই জুনের মধ্যে মৎস্যজীবীদের উপর আক্রমণের ঘটনা ঘটে।

গত ৯/৬/২০০১ তারিখে বেলা—২টা ৩৫ মিনিট নাগাদ দেউলবাড়ীর অনুকূল মণ্ডলের পুত্র, জনৈক সুন্দর মণ্ডল, রায়দীঘি থানায় জানান যে, কুলতলি থানার অন্তর্গত পুবিরবালি, কালীবেরার দ্বীপ অঞ্চলের কিছু ডাকাত ৮/৬/২০০১ তারিখে কুলতলি থানার কিছু মৎস্যজীবিদের, যাঁরা দিন কয়েক আগে মাছ ধরতে গিয়েছিলেন, তাঁদের অপহরণ করে নিয়ে যায়। তাঁদের ক্যানিং-এর ডক ঘাট-এর কাছে বন্দী করে রেখেছে তারা, এদের মুক্তিপণও দাবি করছে।

রায়দীঘি থানার ও. সি. অভিযোগটি রায়দীঘি থানার ৯/৬/২০০১ তারিখের ৩২৯ নং জি. ডি. হিসাবে নথিভুক্ত করেন এবং সঙ্গে সঙ্গে ক্যানিং থানাকে জানিয়ে দেন। ক্যানিং থানা বিকেল ৪টা ৩৫ মিনিটে এই খবর পেয়ে ক্যানিং থানার ৯/৬/২০০১ তারিখের ৪৮৮ নং জি. ডি. হিসাবে নথিভুক্ত করেন। ক্যানিং থানার পুলিশ বাহিনী ঐ ডাকাতদলের এবং অপহৃত মৎস্যজীবিদের খোঁজে মাতলা নদীতে তল্লাসীতে যায়। দক্ষিণ ২৪-পরগণার এস. পি. অতিরিক্ত এস. পি. সহ আরও পুলিশ বাহিনী নিয়ে ক্যানিং-এ যান। ঐদিন রাত ১০টা ৫০ মিনিট নাগাদ ডাকাতদের একটা ভটভটি (মেকানাইজড বোট) পুলিশ বাহিনীর নজরে আসে। ডাকাতরা

পুলিশদের দেখতে পেয়ে মাতলা নদীতে বেলুখালির কাছে পুলিশের নৌকা লক্ষ্য করে গুলি চালায়। পরে পুলিশের সাথে গুলি বিনিময় হয়। ডাকাতদল অবশেষে তাদের ভটভটি মাতলা নদীতে ফেলে রেখে লেবুখালি গ্রামের মধ্য দিয়ে পালিয়ে যায়।

ঐ ডাকাতদলের সর্দার-এর নাম রেজ্জাক সর্দার (২৫ বছর), পিতা—আকতার সর্দার, বাড়ি—বাসন্তী থানার কাঁঠালবেড়িয়ায়, সে ক্যানিং থানা এবং বাসন্তী থানার অনেক অপরাধের কেসেই অভিযুক্ত। গুলি বিনিময়ের সময় সে পুলিশের গুলিতে মারা যায়। তার মৃতদেহের পাশে এক রাউন্ড গুলি ভর্তি একটি দেশি বন্দুক পাওয়া যায়। পুলিশ ডাকাতদলের নৌকাটি ধরেছে, তাতে মাছ ধরার জাল ও অন্যান্য সামগ্রী ছিল। পুলিশ সমস্ত অপহৃত মৎস্যজীবীদের উদ্ধার করেছে।

এই ঘটনায় ভারতীয় দন্ডবিধির ১৮৬/৩৫৩/৩৩২/৩০৭/৩৪ এবং অস্ত্র আইনের ২৫/২৭ ধারা অনুযায়ী ক্যানিং থানায় ১০/০৬/২০০১ তারিখে ৬৬ নং কেস রুজু করা হয়। পরে স্থানীয় আওতাভুক্তি কারণে, এই বিষয়ে ভারতীয় দণ্ডবিধির ৩৬৪/৩৬৫ ধারা অনুযায়ী ১০/০৬/২০০১ তারিখে কুলতলি থানায় ৪৩ নং কেস শুরু করা হয়। পরে পুলিশ ডাকাতদলের আরও একটি ভটভটি ধরে চারজন ডাকাতকে গ্রেপ্তারও করেছে। ধৃত চার ব্যক্তির নাম ঃ

(১) মনিরুল মোল্লা, পিতা—পাহার মোল্লা, গ্রাম—কৈলাশনগর, থানা—কুলতলি।

(২) আরসাদ আলি মোল্লা, পিতা—মহম্মদ উমেশ আলি মোল্লা, গ্রাম—কৈলাশনগর, থানা—কুলতলি।

(৩) সিদ্দিক মোল্লা, পিতা—পাহার মোল্লা, গ্রাম—কৈলাশনগর, থানা—কুলতলি।

(৪) সেকেন্দার গাজী, পিতা—আজাদ গাজী, গ্রাম—মোরীগঞ্জ, থানা—কুলতলি।

বর্তমানে বাসন্তী থানার ঝাড়খালিতে ও রায়দীঘি থানার রায়দীঘিতে দুটি পুলিশ ক্যাম্প বসান হয়েছে। নদীতে অপরাধ কমানোর উদ্দেশ্যে লঞ্চে করে পুলিশ পেট্রলের ব্যবস্থা করা হয়েছে।

....... (Noise & interruptions) .......

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of reported attempt to murder one Government Pleader at the district Court of Nadia on the 19th June, 2001. (Attention called by Shri Kashi Nath Mishra & Shri Ashok Kumar Deb separately on the 20th June, 2001).

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, the statement may be taken as read.

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি আপনার অনুমতি নিয়ে গত ১৯.০৬.২০০১ তারিখে, নদীয়া জেলার জেলা আদালতের সরকারি উকিল (জি.পি) শ্রী রমেন্দ্রনাথ মুখার্জির উপর গুলি করে আক্রমণের ঘটনা সম্পর্কে বিধায়ক শ্রী কাশীনাথ মিশ্র এবং বিধায়ক শ্রী অশোককুমার দেব মহাশয়গণ কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাব সম্পর্কে বিবৃতি দিচ্ছি।

গত ১৯শে জুন, ২০০১ তারিখে শ্রী রনেন্দ্রনাথ মুখার্জির পুত্র, নদীয়া জেলার কৃষ্ণনগরের জনৈক চিরঞ্জীব মুখার্জী কোতয়ালী থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে প্রকাশ যে, তিনি সকাল আটটা নাগাদ তাঁর কাকা সরকারি উকিল (জি.পি) শ্রী রমেন্দ্রনাথ মুখার্জির চেম্বারে পৌঁছান। তিনি জানতে পারেন যে, তাঁর কাকা, নিজের মারুতি গাড়ি নিয়ে বাইরে গিয়েছেন। এরপর সাড়ে আটটা নাগাদ তিনি খবর পান যে, তাঁর কাকা গুলির আঘাতে আহত হয়ে কৃষ্ণনগরের সেন্ট্রাল নার্সিং হোমে ভর্ত্তি হয়েছেন। তিনি সঙ্গে সঙ্গে ঐ স্থানে যান। তিনি জানতে পারেন যে তাঁর কাকা নিজের গাড়ি করে বাড়ি আসার পথে যখন পি. ডব্লু. ডি. মোড়ে পৌঁছান, তখন মোটর সাইকেলে চেপে দুজন অজ্ঞাত পরিচয় দুষ্কৃতকারী ঐখানে এসে তাকে গুলি করে। তিনি তখন নিজেই তাঁর গাড়ি চালিয়ে ডি. এম. এর পুল অফিসে যান। সেখান থেকে তাঁকে নার্সিং হোমে পাঠানো হয়।

এই অভিযোগের ভিত্তিতে কোতয়ালী থানায় ভারতীয় দণ্ড বিধির ৩২৬/৩০৭/৩৪ ধারা এবং অস্ত্র আইনের ২৫/২৭ ধারা অনুযায়ী ১৯/০৬/২০০১ তারিখে ২৯১ নং কেস রুজু করা হয়।

তদন্তকালে শ্রী রমেন্দ্রনাথ মুখার্জি জানিয়েছেন যে, তিনি ঐ দিন (১৯.০৬.২০০১) সকালে তাঁর মারুতি নিয়ে একটু বেড়াতে যান। তিনি পি. ডব্লু. ডি. মোড়ের কাছে এসে গাড়িটিকে রাস্তার বাঁ পাশে দাঁড় করান ও গানের একটি ক্যাসেট পাল্টানোর জন্য বাঁ পাশের আসনে সরে আসেন। এমন সময় মোটর সাইকেল চড়ে দুই ব্যক্তি তাঁর গাড়ির বাঁ পাশে এসে থামে। তাদের মাথায় হেলমেট পরা ছিল। পেছনে বসা ব্যক্তি তাঁকে দেখতে পেয়ে বলে ওঠে "এই তো"। মোটর সাইকেলের চালক তখন তাঁর দিকে এক রাউন্ড গুলি চালায়। এরপর তারা পালিয়ে যায়। তিনি সাহায্যের জন্য চেঁচালেও কেউ এগিয়ে আসেনি। তিনি তখন গাড়ি চালিয়ে নিজেই জেলা শাসকের পুল অফিসে যান।

তদন্তে আরও প্রকাশ যে আততায়ী ৩৮ বোরের আধুনিক বিদেশি আগ্নেয় অস্ত্র দিয়ে খুব কাছ থেকে গুলি করে। এটি দেশি অস্ত্র নয়। তদন্তের কাজ চলছে। এখন পর্যন্ত পুলিশ নবদ্বীপ থানার অন্তর্গত ফকিরতলার নীরোদ সাহার পুত্র পাপন সাহা নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of Urban Development Department to make a statement on the subject of eviction of hawkers and squatters along Tolly's Nallah.

(Attention called by Shri Saugata Roy on 21st June, 2001.)

**Shri Asok Bhattacharya :** Sir, my statement may be taken as read.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্য সরকার পূর্বেই সিদ্ধান্ত নিয়েছেন যে কলকাতার ২১টি রাস্তার ফুটপাথে লোক চলাচল স্বাভবিক করতে এবং যানবাহনের গতি বৃদ্ধি করতে ঐ স্থানগুলিতে হকারদের কোনও স্থায়ী ও অস্থায়ী কাঠামো তৈরি করতে দেওয়া হবে না। হকারদের স্থায়ী ও অস্থায়ী পুনর্বাসনের জন্য কলকাতা পৌরনিগম, সি. আই. টি. এবং সি. এম. ডি. এ. মোট ২২টি স্থানে নির্মাণকার্য করছে এবং আনুমানিক ১৫ কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান স্টলের সংখ্যা ৭৯৮৩। কিন্তু দুঃখের ব্যাপার দুই একটি জায়গা ছাড়া বাকি স্টলগুলিতে যেতে হকাররা আগ্রহী নন। দেখা গেছে যেসব স্থানে পূর্বে জবরদখলকারী হকার উচ্ছেদ হয়েছিল সেখানে হকাররা আবার বসছেন।

হকারদের পুনর্বাসনের ব্যাপারে পৌর বিষয়ক বিভাগের পক্ষ থেকে বিগত ১৯৯৭ সাল থেকে হকার প্রতিনিধি, পৌর নিগম এবং পুলিশের প্রতিনিধিদের সঙ্গে অনেকবার আলোচনা করা হয়েছে। কলকাতা পৌরনিগম ও সরকারের পক্ষ থেকে হকারদের পুনর্বাসনের জন্য নির্দিষ্ট নীতি রূপায়িত ও অর্থ ব্যয়িত হয়েছে। উচ্ছেদকৃত হকারদের তালিকা অনুযায়ী লটারী করে স্টল বন্টন করা হয়েছে, কিন্তু আশানুরূপ ফল পাওয়া যায়নি। হকারদের পুনর্বাসনের বিষয়ে সরকার বিশেষভাবে আন্তরিক।

কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি, কলকাতা পৌরনিগম এবং পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগ যৌথভাবে টালিনালা তথা আদিগঙ্গা সংস্কারের কাজ হাতে নিয়েছেন। কেন্দ্র ও রাজ্য সরকার ইতিমধ্যেই এই প্রকল্প বাবদ ৩৫ কোটি টাকা আর্থিক অনুমোদন দিয়েছেন। কেন্দ্রের কাছ থেকে পাওয়ার কথা ২৭ কোটি ৬৩ লক্ষ ২৫ হাজার টাকা এবং রাজ্যের ৬ কোটি ১ লক্ষ টাকা। তবে এখনও পর্যন্ত কেন্দ্রের ৭ কোটি ৮২ লক্ষ টাকা এবং রাজ্যের ৬ কোটি টাকা পাওয়া গেছে। টালিনালা তথা আদিগঙ্গার উপর দিয়ে মেট্রোরেলের গড়িয়া পর্যন্ত সম্প্রসারণের কাজও শুরু হয়েছে। এই দুটি কাজই কলকাতা মহানগরীর মানুষের দীর্ঘদিনের দাবি। মহামান্য উচ্চ ন্যায়ালয়ও রাজ্য সরকারকে টালিনালা তথা আদিগঙ্গা সংস্কারের কাজ দ্রুত সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা এই যে, আদিগঙ্গার দুই পাড়ে বহু জবরদখলের জন্য সংস্কারের কাজের অগ্রগতি ঘটানো সম্ভব হচ্ছে না। আদিগঙ্গা সংস্কার না হলে ঐ এলাকার পরিবেশের মানেরও উন্নতি হবে না। আবার মেট্রোরেলের গড়িয়া পর্যন্ত সম্প্রসারণের কাজও বন্ধ হয়ে যাবে। এই কাজের স্বার্থে সমস্ত জবরদখলকারীদের স্থান ত্যাগের শর্তে কাঠামো পিছু ১৫০০ টাকা করে দেওয়া হবে। বিষয়টি নিয়ে একাধিকবার কলকাতার মেয়র ও জেলা পুলিশ প্রশাসনের সাথে আলোচনা করে টালির নালা দ্রুত সংস্কারের স্বার্থে জবরদখলকারীদের উচ্ছেদের পরিকল্পনা করা হচ্ছে। টালির নালা বিষয়ে মহামান্য উচ্চ আদালতে একটি মামলা বিচারাধীন রয়েছে।

**Mr. Speaker :** All the statements will be circulated.

(At this stage the House was adjourned till 1.00 p.m.)

(After adjournment)

[1-00 — 1-10 p.m.]

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 3rd Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the third report of the Business Advisory Committee which met in my Chamber on 26.06.2001

and recommended the following programmed of business for 29th June and 2nd July, 2001.

| | | | | |
|---|---|---|---|---|
| 29.6.2001, Friday : | (i) | Demand No. 25 | Public Works Deptt. | 3 hrs. |
| | (ii) | Demand No. 79 | Public Works (Roads) Department | |
| | (iii) | Demand No. 51 | Fisheries Deptt. | 1 hrs. |
| 2.7.2001, Monday : | | Demand No. 30 | Education Deptt. (Primary, Secondary, Higher, Library, Technical, Mass Education and Madrasah) | 4 hrs. |

Now, Minister-in-Charge of Parliamentary Affairs may please move the motion for acceptance of the House.

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির তৃতীয়তম সুপারিশক্রমে যে প্রস্তাব আছে সেই প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

প্রস্তাব সভায় গৃহীত হল।

## POINT OF INFORMATION

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে ঘটনা যুব কল্যাণ ক্রীড়াঙ্গন সরকারি অতিথি আবাসনে জনৈক মন্ত্রীর আশ্রিত সমাজ বিরোধীরা যেভাবে ধরা পড়েছে এবং যেভাবে চাঞ্চল্যকর স্বীকারোক্তি দিয়েছে যে, ওই মন্ত্রীর হয়ে তারা রিগিং করেছে তাতে এই ঘটনা প্রকারান্তরে বুঝিয়ে দিচ্ছে যে, এই সি পি এম নেতা এবং মন্ত্রীরা কি ভাবে সমাজবিরোধীদের আশ্রয় দিচ্ছে এবং তারা সন্ত্রাসের কাজ চালিয়ে রিগিংয়ের কাজ করছে। এমনকি সরকারি অতিথি আবাসনে সযত্নে ওই সমাজ বিরোধীদের লালন-পালন করে রাখা হয়েছে। এই খবর খুবই উদ্বেগজনক এবং আমি দাবি করছি যে, অবিলম্বে কোনও ঘটনা ধামা চাপা না দিয়ে নিরপেক্ষ তদন্ত হোক এবং ধৃত যারা তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা

হোক এবং তদন্তের রিপোর্ট জনসমক্ষে পেশ করা হোক। সেই সাথে সাথে সংশ্লিষ্ট মন্ত্রীর পদত্যাগের দাবি করছি, শাস্তির দাবী করছি। এই দাবি রেখে এবং প্রতিবাদ জানিয়ে আমি বিধানসভার থেকে এই প্রতিবাদে ওয়াক আউট করছি।

(এই সময়ে শ্রী দেবপ্রসাদ সরকার সভাকক্ষ ত্যাগ করলেন।)

## POINT OF INFORMATION

On Slogan, Shouting and Unparliamentary Expression by the Hon'ble Opposition Members.

**শ্রীমতি কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ঘটনা ঘটল বিধানসভায় তা অত্যন্ত লজ্জাজনক ঘটনা। আর সংসদীয় রীতির ক্ষেত্রে আমরা দেখলাম বিধানসভার অভ্যন্তরে বিরোধীদল যে ঘটনা ঘটালো একটা খবরের কাগজের খবরকে কেন্দ্র করে, মানুষের মধ্যে ভুল ধারণা প্রচারের স্বার্থে, এটা খুবই লজ্জাজনক। আমরা জানি হাওড়ার পুলিশ অত্যন্ত যোগ্যতার সঙ্গে বেশ কয়েকজনকে বিভিন্ন এলাকায় সমাজবিরোধী কার্যকলাপ যারা করছিলেন তাদের হাওড়ার বিভিন্ন জায়গা থেকে গ্রেপ্তার করেছে। এটা পশ্চিমবঙ্গের বামফ্রন্টের পুলিশই তাদেরকে গ্রেপ্তার করেছে।

স্যার, এখানে এই যে কানাই, গৌরাঙ্গ, সপু এবং বিশে যাদের নাম আছে, যাদের ছবি দেখা যাচ্ছে তারা এক সময় হাওড়ার বেলুড়ে ছিল। তারা তৃণমূলের কর্মী হিসাবে কাজ করত। ওরা কালোয়ারের হয়ে কাজকর্ম করত। ওরা যে কাজকর্ম করত সেই কাজকর্মের জন্য এলাকার মানুষের প্রতিরোধে ওরা পালিয়ে যায় '৯৯ সালে। এরা বিভিন্ন জায়গায় তৃণমূলের কর্মী হিসাবে পরিচিত ছিল এবং তৃণমূলের পতাকা নিয়ে ঘোরাফেরা করত। পুলিশ এদের গ্রেপ্তার করেছে। সুতরাং আজকে এই ঘটনা নিয়ে যে ন্যক্কারজনক ঘটনা বিধানসভার অভ্যন্তরে ঘটল আমরা তার বিরোধিতা করছি। শুধু তাই নয়, এখান থেকে সংসদীয় রাজনীতিকে যেভাবে অবমাননা করা হয়েছে এবং তমোনাশ ঘোষ তাঁর এতবড় ঔদ্ধত্য যে তিনি অধ্যক্ষের আসনে গিয়ে বসবার চেষ্টা করেছেন। স্বাভাবিকভাবে এর বিরোধিতা আমরা করছি এবং সভা থেকে আমরা নিন্দাসূচক প্রস্তাব গ্রহণ করার দাবি জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ স্পিকার স্যার, খবরের কাগজের আনন্দবাজার পত্রিকায় যে ঘটনা বেরিয়েছে সেটাকে একটা ক্রিমিনাল অফেন্স বলা হচ্ছে, সেটাকে তুলে ধরবার জন্য এখানে যেভাবে ভাঙচুর করা হয়েছে, যেভাবে আপনার উপর আক্রমণ

করা হয়েছে যেভাবে 'মেস' নিয়ে কাড়াকাড়ি করা হয়েছে সেখানে দেখা যাচ্ছে তারাই ক্রিমিনাল অ্যাকটিভিটিসের মধ্যে পড়ছেন। তারা একটা ক্রিমিনাল অফেন্স তুলতে গিয়ে তারা নিজেরাই ক্রিমিনাল অফেন্স করে ফেলেছেন। আমি যতদূর খবর রাখি, বিধানসভায় আমি যতদিন ধরে আছি লিডার অফ দি অপোজিশানকে এইভাবে আপনার উপর হামলা করতে দেখিনি এবং আপনার মাইক কেড়ে নিয়ে বক্তৃতা করেছে। লিডার অফ দি অপোজিশান এই ঘটনা ঘটিয়েছে। স্যার, আপনি জানেন তৃণমূল কংগ্রেস নিজেদের মধ্যে যে ঝগড়া করছে তার জন্য অজিত পাঁজা মহাজাতি সদনে তলবি সভা ডেকেছেন, মমতা ব্যানার্জি বলেছেন, এটা অবৈধ সভা, এবং অজিত পাঁজা বলেছেন আমি চেয়ারম্যান আছি, ওরা নিজেরাই হতাশ তাই এইসব ঘটনা ঘটাচ্ছে। হকার উচ্ছেদের ব্যাপারে লিডার অফ দি অপোজিশন পঙ্কজ বাবু, সৌগত রায় তারা আজকে নগ্নভাবে বিরোধিতা করছেন, পশ্চিমবঙ্গ সরকারের হকার সম্পর্কে যে ইতিবাচক পদক্ষেপ ছিল হকার উচ্ছেদ নিয়ে, সেখানে তৃণমূল কংগ্রেস তারা যেভাবে বাধা দিচ্ছেন তাতে কলকাতার উন্নয়ন কিভাবে হবে। তারা নিজেরাই হতাশার মধ্যে ভুগছে। সেই হতাশা থেকেই তারা এই কাণ্ড ঘটাচ্ছে। তাই গোটা জিনিসটার আমি ধিক্কার জানাচ্ছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মিঃ স্পিকার স্যার, আমরা হাউসের মধ্যে প্রতিবাদ করার স্বরূপ আগে দেখেছি, বিরোধী দলের হাউসের মধ্যে প্রতিবাদ করার একটা পদ্ধতি আছে। সেটা আমরা জানি। সংবাদপত্রে একটা সংবাদ দেখে তারা আজকে যেভাবে আচার আচরণ করল এটা নজির বিহীন ঘটনা। আমরা দেখেছি বিরোধী দলের সদস্যরা বিরোধিতা করে কিন্তু আজকে তাদের অন্যান্য সদস্যরা এবং বিরোধী দলের নেতা ও হুইপ যেভাবে আচরণ করেছে যে ন্যক্কারজনক ঘটনা ঘটেছে সেই ঘটনার প্রতিবাদের কোনও ভাষা নেই। তাই আমি আর কিছু বলতে চাচ্ছি না।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকটি সংবাদপত্রে বেরিয়েছে দুষ্কৃতিরা পুলিশের জালে ধরা পড়েছে। সেই ঘটনাকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস এবং অন্য বিরোধী সদস্যরা তারা একযোগে সভার মাঝখানে যে ধরনের তাণ্ডব চালাচ্ছিল এবং ওয়েলে নেমে যে আচরণ করেছেন, মাইক ভেঙে, আলো ভেঙে, চেয়ার ভেঙে তাণ্ডব করেছেন আমরা তার নিন্দা করছি।

এই ধরনের ঘটনা পশ্চিমবাংলায় আগেও ঘটেছে, গড়বেতা ইলেকশনের আগে ১৪ জন তৃণমূল কংগ্রেসের লোক অস্ত্রশস্ত্র সহ ধরা পড়ল। আর সল্টলেক

স্টেডিয়ামের ব্যাপারে আজকে খবরের কাগজে যা বেরিয়েছে তা নিয়ে ওরা হৈ চৈ করছে। পশ্চিমবাংলার পুলিশই ওদের ধরেছে এবং সেই সম্পর্কে আমরা ক্রমশঃ জানতে পারব। কিন্তু তার জন্য পশ্চিমবঙ্গ বিধানসভার ভেতরে তৃণমূল এবং বিরোধীরা যে আচরণ করেছে তা কখনোই সমর্থন করা যায় না। আপনার কাছে অনুরোধ করব, আজকে ওরা যে ধরনের নক্কারজনক কাণ্ড করেছেন তার জন্য আপনি কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নোত্তর পর্ব চলার সময়ে বিরোধীরা যথার্থ রুচির পরিচয় দিয়েছেন। মানুষ তাদের বর্জন করেছেন বিভিন্ন জায়গাতে। গতবারও তারা এই রকম কাজ করেছেন, এইবারেও তারা এই রকম নক্কারজনক ঘটনা ঘটিয়েছেন। এই ঘটনাকে আমরা ধিক্কার জানাই। রাজ্য সরকারের পুলিশই দুষ্কৃতিদের ধরেছে এবং সেটা বিচার হবে তারা কারা। কিন্তু এই ঘটনার জন্য বিধানসভার কার্যাবলী নষ্ট করার যে পরিকল্পনা তারা করেছেন তাকে ধিক্কার জানাই।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার গণতন্ত্রের ইতিহাসে, সংসদীয় ব্যবস্থার ইতিহাসে এটা একটা লজ্জাজনক ঘটনার পুনরাবৃত্তি ঘটল। টি. এম. সি এবং বিরোধীরা বিধানসভার ভেতরে হিংস্র এবং জঘন্য আচরণ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাইক টেনে নিয়ে, আসবাবপত্র ভাঙচুর করে তারা যে নজির তৈরি করেছে, পশ্চিমবাংলার মানুষ এই জিনিস ভালোভাবে গ্রহণ করতে পারে না। তাদের এই কাজকে আমরা ধিক্কার জানাই। আমরা যেমন তাদের ধিক্কার জানাচ্ছি, গ্রামেগঞ্জে মানুষও তাদের বর্জন করেছে। এই হিংস্র আচরণের আমরা তীব্র নিন্দা জানাই এবং গণতন্ত্রকে রক্ষা করার জন্য দৃঢ়ভাবে আহ্বান জানাই।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি পশ্চিমবঙ্গ বিধানসভার একটা সুনাম এবং ঐতিহ্য আছে। আজকে তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস সংবাদপত্রে কি খবর বেরিয়েছে তাকে ভিত্তি করে এই হাউসের ভিতরে যে আচরণ করল এবং ভাঙচুর করল তা নিন্দনীয়। আমরা জানি আপনি বিরোধী পক্ষকেই বেশি সুযোগ দেন এবং তাদের আলোচনা করার সুযোগ করে দেন। আজকে ওরা হাউসের ভিতরে যে ঘটনা ঘটিয়েছে তার তীব্র নিন্দা করছি এবং ধিক্কার জানাচ্ছি।

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২২শে জুন পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি এখানে রেখেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী দলের আনীত কাট মোশনের বিরোধিতা করছি। এই বাজেট প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি বলতে চাই, ভারতবর্ষে যে যুক্তরাষ্ট্রীয় কাঠামো, তার একটা অঙ্গরাজ্য হচ্ছে পশ্চিমবঙ্গ। সেইজন্য আমাদের দেশের কেন্দ্রীয় সরকার যেসব নীতি গ্রহণ করেন তার প্রস্তাব রাজ্য সরকারের বাজেটে এবং রাজ্য সরকারের কাজকর্মে পড়তে বাধ্য।

স্যার আপনি জানেন, কেন্দ্রের কংগ্রেস সরকার ৯১ সালে সংস্কারের নাম করে বিদেশি পণ্য আমাদের দেশে ঢোকানোর ব্যবস্থা করেছিল। সেই পথ ধরে তারা অন্তঃশুল্ক কমিয়ে ৩৪০ টি বিদেশি পণ্য আমাদের দেশে ঢোকাবার ব্যবস্থা করল। বর্তমান কেন্দ্রীয় সরকারও গত দু'বছরে ১,৪২৯ টি বিদেশি কৃষি ও শিল্প পণ্য আমাদের দেশে ঢোকাবার ব্যবস্থা করেছে, সেইজন্য ১,৪০০ কোটি টাকা আমদানি শুল্ক ছাড় দিয়েছে, আর আমাদের দেশের শিল্পের উপরে ৩,২০০ কোটি টাকা ট্যাক্স চাপিয়েছে। বিরোধীরা আজকে নেই—তাদের কোনও নীতি বা আদর্শ নেই, এই তৃণমূল কংগ্রেস, যারা আগে মূল কংগ্রেসে ছিল, তারা যারা গান্ধীজিকে হত্যা করেছিল তাদের সঙ্গে হাত মিলিয়ে দিল্লীতে এন. ডি. এ. জোট করেছে, তারা দাবি করে তারা নাকি গরিবের সরকার, কৃষকের সরকার। গরিব এবং কৃষকের নামাবলি গায়ে দিয়ে এই এন. ডি. এ. সরকার ২.৬০ পয়সা দামের কেরোসিনের দাম করে দিল সাড়ে আট টাকা, ৮ টাকার ডিজেলের দাম করল ১৮ টাকা, রান্নার গ্যাসের দাম ১৭২ টাকা থেকে বাড়িয়ে করল ২৪০ টাকা, সারের দাম ১৫ পার্সেন্ট বাড়ালো। আপনারা জানেন, এই এন. ডি. এ. সরকার স্বল্প সঞ্চয়ে সুদের হার ১১ পার্সেন্ট থেকে কমিয়ে সাড়ে ৯ পার্সেন্ট করেছে, পি. এফ.-এর সুদও কমিয়েছে। কৃষি এবং শিল্প সামগ্রী আমদানি করার ফলে আমাদের কৃষকরা বহু জায়গায়, বিশেষ করে দক্ষিণ ভারতে গত চার বছরে ৮০০ জন কৃষক আত্মহত্যা করেছে, ৯৮ জন কৃষক পেটের দায়ে তাদের কিডনি বিক্রি করতে বাধ্য হয়েছে। এইরকম একটা অবস্থার মধ্যে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তার মূল দৃষ্টিভঙ্গি হল—পশ্চিমবাংলার উৎপাদিকা শক্তির বৃদ্ধি ঘটিয়ে উৎপাদন বৃদ্ধির মাধ্যমে কর্ম সংস্থান সৃষ্টি করা। বিরোধীরা নেই, তারা শুনলে ভাল হত—আপনারা অনেকেই জানেন

১৯৭৭ সালের আগে পশ্চিমবাংলার শতকরা ৬০ ভাগ মানুষ খেতে-পরতে পেত না, দারিদ্রসীমার নীচে বসবাস করতেন। ১৯৫৯ সালের ৩১শে আগস্ট— পশ্চিমবাংলার লক্ষ লক্ষ গরিব মানুষ একটু খাবারের দাবিতে কলকাতা রাজপথে মিছিল করতে এসেছিল—তৎকালীন কংগ্রেস সরকারের মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়, খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেন—তাদের উপর ঘোড়সওয়ার পুলিস লাঠি চালিয়ে ৮০ জন মা-বোনকে মেরে কলকাতার রাজপথ লালে লাল করে দিয়েছিল। সেখানে আজকে পশ্চিমবাংলার সেই সমস্ত গরিব মানুষরা বলে—আমাদের গ্রামে বিদ্যুৎ দিতে হবে। মানুষের এই দাবি বা চাহিদার পরিবর্তন কি করে হল? ভারতবর্ষের শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামে বাস করে, তাদের মধ্যে ৭০ ভাগ মানুষ কৃষক, তাদের উন্নতি না হলে আমাদের দেশের অর্থনীতির পরিবর্তন হতে পারে না।

[1-20 — 1-30 p.m.]

আপনারা জানেন যে, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে তাদের প্রথম কর্মসূচী, ভূমি সংস্কার এবং পঞ্চায়েত এর মাধ্যমে মানুষের জীবনের পরিবর্তন করতে চেয়েছে। এই ভূমি সংস্কার এবং পঞ্চায়েত নির্বাচনের দ্বারা আমরা দেখলাম যে গোটা ভারতবর্ষে ৫২.৯৮ লক্ষ একর জমি বন্টন করা হয়েছে। সেখানে পশ্চিমবঙ্গ বিলি করা হয়েছে ১০.৪০ লক্ষ একর জমি। এটাতে ৩৭ হাজার পরিবারের পাট্টা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। ১৫ হাজার লোক যারা জমি থেকে উচ্ছেদ হয়ে যেত, তাদের চাষ করবার অধিকার দেওয়া হয়েছিল। এটা জানেন যে, গোটা ভারতবর্ষের যে জমি আছে, তার ৭০ ভাগ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আছে। এটার ভারতবর্ষে হার হচ্ছে ৩৭ শতাংশ। সেখানে পশ্চিমবঙ্গে হার হচ্ছে শতকরা ৭০ শতাংশ। শুধু ভূমি সংস্কার নয়, কংগ্রেস যখন পশ্চিমবঙ্গে ক্ষমতায় ছিলেন,তখন আমাদের এখানে যা জমি আছে, তার শতকরা ৩১ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল। সেখানে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ৬২ ভাগ জমিতে সেচের আওতায় আনতে পেরেছে। কংগ্রেস যখন ক্ষমতায় ছিলেন তখন আমাদের রাজ্যে খাদ্যশস্য ৭০ লক্ষ মেট্রিক টন তৈরি হত। এখন ১ কোটি ৫০ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য তৈরি হয়। শুধু খাদ্যশস্য বৃদ্ধি নয় উৎপাদনশীলতার যে গড় হার এখন আছে সেটাতে পশ্চিমবঙ্গের স্থান হচ্ছে তৃতীয়। পশ্চিমবঙ্গের ভুমি সংস্কার এবং কৃষির মধ্য দিয়ে আজকে গ্রামাঞ্চলে ৬০ লক্ষ ৩০ হাজার কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে এবং নানা রকম মানুষ ওই কৃষির কাজের সঙ্গে যুক্ত। আজকে অর্থনৈতিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের ক্রয় ক্ষমতা বাড়ছে। পশ্চিমবঙ্গের সব জায়গায় নতুন নতুন

বাজার গড়ে উঠেছে। বাঁকুড়া জেলায় দেখছি সেচের অবস্থা খারাপ ছিল। সেখানে দুটো তিনটে করে রাইসমিল গড়ে উঠেছে। সেখানে কৃষি শ্রমিকরা কাজ পাচ্ছেন। অনেক বেকার যুবক যুবতী ব্যাংক থেকে লোন নিয়ে সরকারের সহযোগিতায় নতুন ব্যবসা গড়ে তুলছে। এটা আমাদের কথা নয়। আপনারা অনেকেই জানেন। আমাদের এই দৃষ্টিভঙ্গি এই কর্মসূচী অনেকেই সমর্থন করেছেন। সমস্ত কিছুর মধ্যেই এই পরিসংখ্যান মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন। এই সমস্ত পরিসংখ্যান যদি আমরা বাস্তবে দেখি তাহলে দেখব যে, গত বছর গ্রামের সাধারণ মানুষ, কৃষক ৪৩ হাজার কোটি টাকা আয় করেছেন। সেই টাকা থেকে ১২ হাজার কোটি টাকার শিল্প পণ্য ক্রয় করেছেন। আজকে কৃষিকে ভিত্তি করে পশ্চিমবাংলায় শিল্প বিকাশের একটা পথ গড়ে উঠেছে। বিরোধী দলের বিধায়করা আজকে গত তিনদিন ধরে বলে গেলেন যে পশ্চিমবাংলায় নাকি কোনও উন্নয়ন হয়নি। সেজন্যই এই পরিসংখ্যানগুলো তুলে ধরতে চাই। আমাদের দেশের অন্যতম বণিকসভা অ্যাসোচেম আমাদের রাজ্য সহ ভারতবর্ষের বিভিন্ন জায়গার উৎপাদন বৃদ্ধির গড় হার পেশ করেছেন। সেখানে তারা দুই ধরনের হিসাব পেশ করেছেন। একটা ৮০ সাল পর্যন্ত আরেকটা ৯১ সাল থেকে ৯৮ সাল পর্যন্ত। এইভাবে রাজ্যের আভ্যন্তরীন উৎপাদন বৃদ্ধির গড় হার পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে, বিহারে উৎপাদন বৃদ্ধির গড় হার ১.৭৯ শতাংশ, উত্তরপ্রদেশে ১.৪৫ শতাংশ, হরিয়ানায় ১.৪১ শতাংশ, উড়িষ্যায় ১.০৪ শতাংশ, অন্ধ্রপ্রদেশে ০.৬৪ শতাংশ, পাঞ্জাবে .৬১ শতাংশ, রাজস্থানে ০.০৬ শতাংশ একমাত্র ব্যতিক্রম হচ্ছে পশ্চিমবঙ্গ। এখানে আমাদের উৎপাদন বৃদ্ধির গড় হার হচ্ছে ৬.৯১ শতাংশ। অগ্রগতি হয়নি? আমাদের দেশের কেন্দ্রীয় মন্ত্রী অরুন শৌরী একটা সমীক্ষা পেশ করেছিলেন তাতে তিনি ৯৩ থেকে ৯৮ পর্যন্ত রাজ্যগুলিতে অর্থনৈতিক বিকাশের হার কিভাবে কমেছে এবং বেড়েছে সেটা তিনি দেখিয়েছেন। অর্থনৈতিক বিকাশের হার কমেছে অন্ধ্রপ্রদেশে ৪৩ পার্সেন্ট, দিল্লী ৪০.২ পার্সেন্ট, পাঞ্জাব ৩৫ পারসেন্ট উত্তরপ্রদেশ ৪ পার্সেন্ট। অর্থনৈতিক বিকাশের হার বেড়েছে উড়িষ্যা ১.০২ শতাংশ, মধ্যপ্রদেশ ৫.৫৮ শতাংশ, বিহার ১৮ শতাংশ, মহারাষ্ট্র ২২ শতাংশ, রাজস্থান ৫০ শতাংশ, কর্ণাটক ৮৫ শতাংশ, তামিলনাড়ু ৮৮ শতাংশ, ত্রিপুরা ১০১ শতাংশ, গুজরাট ১২১ শতাংশ, কেরালা ১৪০ শতাংশ আর পশ্চিমবঙ্গ ১৮০ শতাংশ। শুধু তাই নয়, আমাদের ভারতবর্ষের যোজনা কমিশন এর অন্যতম সদস্য মন্টেম সিং আলুয়ালিয়া ন্যাশনাল কাউন্সিল অব অ্যাপ্লায়েড ইকনমিক রিসার্চের বক্তৃতায় ১৪টি প্রধান রাজ্যের সঙ্গে তুলনামূলক ব্যাখ্যা করেন। ৮০-৯০ এবং ৯০-

৯১। এখানে সমস্ত রাজ্যের উন্নয়নমূলক চিত্র তুলে ধরা হয়েছে। ৮০-র দশকে আমাদের আভ্যন্তরীন উৎপাদন বৃদ্ধির হার ছিল দশম স্থানে। ৯০ এর দশকে পাঞ্জাব, হরিয়ানা, কর্ণাটক, তামিলনাড়ু, রাজস্থানকে অতিক্রম করে পশ্চিমবঙ্গ তৃতীয় স্থানে উঠে এসেছে। মাথাপিছু উৎপাদন বৃদ্ধির হার ৮০-র দশকে ছিল একাদশ কিন্তু ৯০-তে গুজরাট, মহারাষ্ট্রের পরে তৃতীয় স্থানে উঠে এসেছে। আজকে এটা গোটা দেশ তথা সারা বিশ্বে আলোচিত হচ্ছে। আজকে দারিদ্র্য দূরীকরণ গোটা দেশে আলোচিত হচ্ছে।

বলা হয়েছে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই সময় ভূমি সংস্কার একটি গুরুত্বপূর্ণ বিষয়। এর পাশাপাশি ভারতের দারিদ্র দূরীকরণ ও উন্নয়ন ত্বরান্বিতকরণ নিয়ে বিশ্বব্যাঙ্কের একটা রিপোর্ট বের হয়েছে, তাতে বলা হয়েছে স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থার যোগ্যতা কয়েকটি রাজ্যে বেড়েছে তার মধ্যে পশ্চিমবঙ্গ এবং কেরালা—এদের যাঁরা নির্বাচনে জিতে এসেছেন সেই সব নিকৃষ্ট জীব তাঁরা বিধানসভায় বিশৃঙ্খলা সৃষ্টি করে নিজেদেরকে ঢাকবার চেষ্টা করছেন।

[1-30 — 1-40 p.m.]

(হইচই)

আমি তাঁদের উদ্দেশ্যে বলতে চাই পশ্চিমবঙ্গের অপারেশান বর্গার সুনাম অনেক জায়গাতেই হয়েছে। আমস্টারডাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জি. কে. লিটনের গবেষণামূলক প্রবন্ধে লিখেছেন এবং অনেক পর্যবেক্ষকদের কাছেই এটা বিস্ময়ের। পশ্চিমবঙ্গের কমিউনিস্ট প্রধান বামফ্রন্ট সরকার প্রায় দুই দশক ধরে ক্ষমতায় রয়েছে। এই সরকার অনেকগুলি জাতীয়, প্রাদেশিক ও স্থানীয় স্তরে নির্বাচনের পরীক্ষায় সফল ভাবে উত্তীর্ণ হয়েছে। পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ব্যবস্থা ভাল ভাবে কাজ করেছে এটাই হল তার সাফল্যের উদাহরণ। আমাদের এই বিধানসভাতে বিরোধীদলের সদস্যরা অনেকে শিক্ষা নিয়ে অনেক কথা বলে গেছেন।

(হইচই)

১৯৭৬ সালে ৪২ তম সংবিধান সংশোধনের নামে যাঁরা শিক্ষা সংকোচন নীতি নিয়ে ছিলেন আজকে তাঁরাই শিক্ষা নিয়ে বড় বড় কথা বলছেন। কেন্দ্রীয় সরকারের বিরোধিতা সত্ত্বেও তার বিরুদ্ধে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার শিক্ষাকে জনমুখী ও গণমুখী করার জন্য যে সব নীতি গ্রহণ করেছেন তার মধ্যে

দিয়ে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে একটা উজ্জল স্থান গ্রহণ করেছে। পশ্চিমবঙ্গে শিক্ষা ক্ষেত্রে কংগ্রেস আমলে ব্যয় হত ১২ পার্সেন্ট, আর বামফ্রন্ট আমলে খরচ হয় ২৮ পারসেন্ট।

(হইচই)

পশ্চিমবঙ্গে ড্রপ-আউটের সংখ্যা ছিল ৭০, এখন সেটা কমে হয়েছে ১০। আজকে এখানে শিক্ষা নিয়ে যাঁরা চিৎকার করছেন ১৯৭৪ সালের ১৩ই মার্চ আপনাদের কংগ্রেস আমলে যিনি আপনাদের সদস্য ছিলেন সেই তুহিন সামন্ত শিক্ষা বাজেট আলোচনা করতে গিয়ে বলেছেন 'আমার ঘৃণা ধরে গেছে, শিক্ষাক্ষেত্রে এত বড় হতাশা এবং নৈরাজ্য আমি আগে দেখিনি'। আগে বিদ্যুতের উন্নতি হয় নি।

(হইচই)

পশ্চিমবাংলায় তখন কংগ্রেস ক্ষমতায় ছিল, তখন বিদ্যুৎ উৎপাদন হত এগারোশো মেগাওয়াট, আর আজকে পশ্চিমবঙ্গে আমাদের আমলে বিদ্যুৎ উৎপাদন হয় ৭ হাজার ৯৯ মেগাওয়াট, গনিখান চৌধুরী যখন মন্ত্রী ছিলেন সেই সময় পশ্চিমবাংলায় ২৪ ঘণ্টা লোডশেডিং থাকত। ১৯৭৪ সালের ২৪শে এপ্রিল সে সময় এক মাসে ১০ লক্ষ বিদ্যুৎ কর্মচারী ছাঁটাই হয়েছিল।

(হইচই)

সেদিন বিধানসভাতে মোমবাতির আলোয় স্পিকারের প্রবেশ ও প্রস্থান হয়েছিল। বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

(হইচই)

(গোলমাল)

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, বিরোধী পক্ষ যেভাবে তাণ্ডব চালাচ্ছে তাতে মনে হয়, ভদ্র আচরণ তাঁরা জানেন না। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস—এঁরা গান্ধীজির কথা বলেন। কিন্তু এঁদের দেখে মনে হয় যে, এঁরা নাথুরাম গড়্সের পথে চলছেন, তা না হলে এই ধরনের আচরণ এঁরা করতেন না।

(তুমুল হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, ওঁরা সাক্ষরতার কথা বলেন, কিন্তু আজকে ভারতবর্ষে সাক্ষরতার অবস্থান কি সেটা বোধ হয় ওঁদের জানা নেই। গোটা ভারতবর্ষে আজকে মোট জনসংখ্যা ১০০ কোটি, তার ৫০ কোটি নিরক্ষর। গোটা পৃথিবীর নিরক্ষর মানুষের সংখ্যা ১০০ কোটি তার ৫০ কোটি ভারতবর্ষে।

(তুমুল হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বলতে চাই যে, স্বাধীনতার পর দীর্ঘদিন কংগ্রেস ভারতবর্ষে শাসন ক্ষমতায় ছিলেন। তাঁরা তাঁদের রাজত্বের মধ্যে দিয়ে দেশকে যে জায়গায় এনেছেন তাতে বিশ্বের মধ্যে নিরক্ষরের দিক থেকে ভারতবর্ষ প্রথম স্থান অধিকার করেছে। দেশের মানুষ শিক্ষিত হলে তাদের চেতনা ফিরে আসবে, চেতনা ফিরে আসলে তারা অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধে সামিল হবে, সরব হবে, সেজন্য তাঁরা দেশের মানুষকে নিরক্ষর করে রেখেছেন।

(তুমুল হট্টগোল)

কারণ মানুষ নিরক্ষর না থাকলে তাঁরা ভারতবর্ষে ক্ষমতায় টিকে থাকতে পারবেন না। ভারতবর্ষের শিল্প ধ্বংস করার জন্য ওঁরা দায়ী। ওঁরা নয়া শিল্প নীতির মাধ্যমে বিদেশ থেকে যে সমস্ত জিনিস আমদানি করার চেষ্টা করছেন তাতে দেশের শিল্প ব্যবস্থা ধ্বংস হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী সদস্যগণ ভূমিসংস্কারের কথা বলছিলেন। চোরের মুখে রামনাম শুনলে হাসি পায়। ভূমি সংস্কারের কথা ওঁরা বলছেন। ওঁরা গতকাল হরেকৃষ্ণ কোঙারের কথা বলেছেন, ওঁরা ভূমিসংস্কারের কথা বলেছেন। ভূমিসংস্কার পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের একটা বড় সাফল্য। আজকে বাজেট বিতর্কে যে কথা বলব যে, ওঁরা যদি সত্যি সত্যি বাংলার মানুষকে ভালবাসেন, বাংলার মানুষের ভাল চান, তাহলে বাংলার ৪০ লক্ষ পাট চাষীর স্বার্থে সর্বদলীয় কমিটি করে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে দাবি জানানো হোক। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

[1-40 — 1-50 p.m.]

(প্রচণ্ড গোলমাল)

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী গত ২২ তারিখ যে বাজেট এই সভায় পেশ করেছেন আমি তাকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। সরকার ইতিমধ্যে ঘোষণা করেছেন এই বাজেট হবে কর্ম প্রার্থীদের কর্মসংস্থান সৃষ্টির বাজেট। উৎপাদন বৃদ্ধির ভেতর দিয়ে যাতে সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়িত করার চেষ্টা করবেন ৬ষ্ঠ বামফ্রন্ট সরকার। এই প্রসঙ্গে আমি সুনির্দিষ্ট কয়েকটি প্রস্তাব বাস্তবায়নের জন্য সরকারের কাছে উপস্থাপিত করছি। প্রস্তাবগুলি হচ্ছে—গত ২৪ বছর ধরে যত শিলান্যাস হয়েছে বর্তমান সরকার সবগুলি দ্রুত বাস্তবায়িত করুন। প্রয়োজনে নতুন প্রকল্পের শিলান্যাস বন্ধ রাখুন। জলপাইগুড়ি জেলার তপসীখাতায় ১৯৮২ সালে তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী শ্রদ্ধেয় ননী ভট্টাচার্য্য ভেষজ উদ্যানের শিলান্যাস করেছিলেন, কিন্তু এত বছরেও তা বাস্তবায়িত হয়নি। আমি দাবি জানাচ্ছি অবিলম্বে সেই ভেষজ উদ্যান গড়ে উঠুক। ঐ একই সালে কোচবিহারে হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের শিলান্যাস হয়েছিল, সেটাও আজ পর্যন্ত বাস্তবায়িত হয়নি। সেটাও বাস্তবায়িত হোক। শিলতোর্ষা নদীর ওপর দীর্ঘদিনের দাবি অনুযায়ী যে ব্রিজটার নির্মাণ কাজ চলছে—আর্থিক কারণে সেই নির্মাণ কার্যের গতি খুবই মন্থর। তা দ্রুত শেষ করা হোক। সাথে সাথে গাইড বাঁধের জন্য প্রয়োজনীয় ৮ কোটি টাকা বর্তমান আর্থিক বছরেই সেচ দপ্তরকে প্রদান করা হোক। বর্তমান সরকার তার মোট পরিকল্পনা ব্যয়ের শতকরা ৫০ ভাগই বরাদ্দ করছেন গ্রামোন্নয়নের জন্য। কিন্তু আমরা লক্ষ্য করছি জেলা পরিষদগুলির কোনও নির্মাণ পরিকাঠামো নেই। এ ক্ষেত্রে আমার সুনির্দিষ্ট প্রস্তাব প্রযুক্তি সংক্রান্ত সমস্ত নির্মাণ কাজ পূর্ত দপ্তর এবং সেচ বিভাগকে ডিপোজিট ওয়ার্ক হিসাবে করার দায়িত্ব দেয়া হোক। কারণ জেলা পরিষদগুলির কোনও রীচ ইঞ্জিনিয়ারিং সেকশন নেই। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার সমস্ত দায়িত্ব কেন্দ্রের, এটা আমরা জানি। কিন্তু দুর্যোগ ঘটলে মিলিটারি নামানো এবং এয়ার ড্রপ ছাড়া আর কোনও আর্থিক দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন না। সংবিধানে আছে স্টেট লিস্ট এবং কঙ্কারেন্ট লিস্টের বাইরে যা কিছু আছে তার সব দায়িত্ব ইউনিয়ন গভর্নমেন্টের। আমরা দেখেছি উড়িষ্যার ঝঞ্ঝার ক্ষেত্রে এবং গুজরাটের ভয়ংকর ভূমিকম্পের ক্ষেত্রে ইউনিয়ন গভর্নমেন্ট তার দায়িত্ব পালন

করে প্রাকৃতিক দুর্যোগ তহবিলের অর্থ ঢেলে দিয়েছে। কিন্তু পশ্চিম বাংলার ক্ষেত্রে তার ব্যতিক্রম ঘটেছে। দক্ষিণ বঙ্গের ৯টি জেলায়, উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে এবং কোচবিহার জেলার তুফানগঞ্জের আড়াই কোটি মানুষ বিগত বন্যায় সর্বস্বান্ত হওয়া সত্বেও কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে নাম-মাত্র আর্থিক সাহায্য বরাদ্দ করেছে। প্রাকৃতিক দুর্যোগের দায়িত্ব রাজ্যের নয়, এই বিষয়টা জোরালোভাবে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা জরুরি এবং প্রয়োজনে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই বিধানসভা থেকে একটা প্রতিনিধি দল—আমাদের সাংসদদের নিয়ে—প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় ত্রাণ মন্ত্রীর কাছে পাঠানো দরকার। তাদের স্মরণ করিয়ে দিতে হবে যে, প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে সমস্ত রকম দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। তাদের এই সাংবিধানিক দায়িত্বের কথা তাদের স্মরণ করিয়ে দেয়া দরকার। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে। রাজ্য সরকার বিগত আর্থিক বছরে ঐ পর্ষদের জন্য ৩৩ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। বর্তমান আর্থিক বছরে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ এবং দক্ষিণবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য ৭০ কোটি টাকা বরাদ্দ করেছেন। কিন্তু এটা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এ ক্ষেত্রে আমার সুনির্দিষ্ট প্রস্তাব—উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে স্ট্যাটিউটরি ক্ষমতা প্রদান করে কেন্দ্রীয় সরকারের কাছে তার জন্য অর্থ দাবি করা হোক। কারণ এই এলাকা থেকে পাট, চা, তামাকের মাধ্যমে স্বাধীনতার পর থেকে কেন্দ্রীয় সরকার ৫০০০ কোটিরও বেশি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করে তার বৈদেশিক মুদ্রা ভাণ্ডার সমৃদ্ধ করেছে। সেই টাকার ন্যূনতম অংশও কেন্দ্রীয় সরকার কখনো উত্তরবঙ্গকে দেয়নি বা বন্যা নিয়ন্ত্রণসহ উন্নয়ন প্রকল্পের জন্য বরাদ্দ করেনি। উত্তরবঙ্গে পর্যটন শিল্প বিকাশের সুযোগ রয়েছে। তা ছাড়াও উত্তরবঙ্গে কৃষিজাত পণ্য এবং চা নির্ভর শিল্প গড়ে তুলে রাজ্য সরকারের পক্ষ থেকে কর্মসংস্থানের বিকল্প সুযোগ সৃষ্টির জন্য উদ্যোগ গ্রহণ করা হোক। কেন্দ্রের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করে এবং নিজেদের বাজেট থেকে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে রাজ্য সরকার আরো বেশি টাকা বরাদ্দ করুন। উত্তরবঙ্গের ডুয়ার্স অঞ্চলে—আসাম এবং ভূটানের মাঝে এই অঞ্চলে নানান ভাষাভাষী মানুষের বাস। তাদের মধ্যে বিভেদ সৃষ্টি করে ঐ এলাকায় অশান্তি সৃষ্টি করার জন্য কে. এল. ও. এবং নানান উগ্রপন্থী গোষ্ঠীকে ব্যবহার করেছে তৃণমূল, ভারতীয় জনতা পার্টি এবং কংগ্রেস দল। এবারের নির্বাচনে উত্তরবঙ্গের জনগণ তাদের সমস্ত অশুভ প্রয়াসকে ব্যর্থ করে বিপুলভাবে বামফ্রন্টকে ফিরিয়ে নিয়ে এসেছে। নানান ভাষাভাষী, নানান কৃষ্টি ও সংস্কৃতির মানুষে ভরা

ডুয়ার্সের আলিপুরদুয়ার হচ্ছে ভারতের ক্ষুদ্র সংস্করণ। সুতরাং সেখানে কালচারাল রিসার্চ সেন্টার গড়ে তোলা হোক। ডুয়ার্সের মানুষের দীর্ঘদিনের দাবি ওখানে একটা মেডিকেল কলেজ, একটা ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা হোক। রাজ্য সরকারের পক্ষ থেকে সেই দাবি মেনে তা বাস্তবায়িত করা হোক। আমরা জানি ভারতবর্ষের সার্বিক উন্নয়নের জন্য ইন্দো-ভূটান যৌথ নদী কমিশন, গঙ্গা-পদ্মা ভাঙন প্রতিরোধের ব্যবস্থা এবং ব্রহ্মপুত্র বেসিনের নদীগুলির বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। তার জন্য কেন্দ্রীয় সরকারকে অর্থ বরাদ্দ করতে হবে। যাতে তা হয় তার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করতে হবে। দ্রুত যোগাযোগের জন্য হাসিমারা মিলিটারি এয়ার পোর্টকে আংশিকভাবে অসামরিক বিমান চলাচলের জন্য ব্যবহার করতে দিতে হবে। অবশ্য ইতিমধ্যেই মাননীয় রাজ্যপাল এই প্রস্তাব গ্রহণ করার জন্য বিভাগীয় কমিশনারকে নির্দেশ প্রদান করেছেন। আমাদের বামফ্রন্ট সরকারের বিকল্প তৃণমূল, কংগ্রেস বা বি জে পি নয়, আরো উন্নত বামফ্রন্ট। এ কথা মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। আমার মনে হয় মোর দ্যান ফ্রন্ট লেস দ্যান পার্টি পরিচালিত বামফ্রন্ট সরকারকে ব্যবহার করে মানুষের আশা-আকাঙ্ক্ষা এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজ্য সরকার দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন।

(Noise and interruption)

..... (At this stage Opposition members belonging to Trinamul Congress were seen shouting slogans encircling the Reporters' table. They were also seen banging the Reporters' Table with paper weights and sound boxes and preventing Reporters from doing their duties. Pandemonium prevailed in the House).......

...... (At this stage Trinamul Congress members walked out of the Chamber)......

যারা মস্তানি, গুণ্ডামি শুরু করেছিলেন তাদের ক্ষেত্রে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, তাদেরকে শাস্তি দেবার জন্য উপযুক্ত ব্যবস্থা নিন। যারা আইন-শৃঙ্খলা ধ্বংস করেছে, যারা আমাদের রাজ্যের সুস্থিরতাকে ধ্বংস করছে, যারা আগুন লাগাতে চাইছে তাদের ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা নিন। আমরা জানি, বামফ্রন্ট সরকার পুলিশ নির্ভর নয়, বামফ্রন্ট সরকার মিলিটারী নির্ভর নয়, বামফ্রন্ট সরকার জনগণের উপর নির্ভর করে। সেই গণ প্রতিরোধের জন্যই ওরা ক্ষমতায় আসতে

পারেনি। গণ প্রতিরোধের মাধ্যমেই ওদের ভ্রষ্টামি ওদের গুণ্ডামি জনগণ প্রতিহত করবে। এই বাংলা সাম্প্রদায়িক সম্প্রীতির বাংলা। এই বাংলা ঐক্য সংহতির বাংলা। বারবার উন্নয়নের সপক্ষে রায় দিয়েছে বাংলার মানুষ। স্বাধীনতার পর থেকে এই বাংলায় আমরা দেখেছি, খাদ্য আন্দোলনে যাঁরা শহিদ হয়েছিলেন সেই শহিদের রক্ত ব্যর্থ হয়নি। আজকে ঐ তৃণমূলীরা হায়না হয়ে এগিয়ে আসছে সেই ঐতিহ্যকে ধ্বংস করতে। সেইজন্য আপনার কাছে আবেদন জানাবো, এই উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য আপনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেট পাস হয়ে যাবার পর নির্দিষ্ট সময়ের মধ্যে কাজগুলি যাতে হয় সেগুলি দেখবেন এবং যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন, যে সমস্ত শিলান্যাস করেছিলেন সেগুলি বাস্তবায়িত করুন। আজকে শিক্ষা, স্বাস্থ্য এবং অন্যান্য ক্ষেত্রে কর্মযোগ্যের যে পরিবেশ সৃষ্টি হয়েছে, যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং যে প্রতিশ্রুতি আপনি বাজেট বক্তৃতার মধ্যে দিয়েছেন—আমি আশা করি সেগুলি বাস্তবায়িত করলে সমস্ত বাধা দূর হয়ে যাবে এবং সমস্ত বাধাকে অতিক্রম করে মানুষের আশীর্বাদ মাথায় নিয়ে আমরা এগিয়ে যাব। জনগণের প্রতি বামফ্রন্ট সরকারের দায়বদ্ধতা আছে। সেই দায়বদ্ধতাকে আপনি বাস্তবায়িত করবেন এই আশা করছি। সংসদীয় গণতন্ত্রকে ধ্বংস করার যে চেষ্টা বিরোধী পক্ষরা এখানে করলেন তাকে আমি তীব্র ভাষায় ধিক্কার জানাচ্ছি। এই কথা বলে আপনার বাজেট প্রস্তাবকে আবারও সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী পুর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই সভায় উন্নয়নমুখী এবং গ্রামমুখী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদলের মাননীয় সদস্যদের সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, দীর্ঘ সময় ধরে বাজেটের উপর বক্তৃতা না দিয়ে শুধু একটি কথাই বলতে চাই যে, মূল, ছিন্নমূল এবং তৃণমূল দলের যারা এইসব কাণ্ডকারখানা এখানে করলেন তারা নিপাত যাক। তৃণমূলের লোকরা এবং অন্যান্যরা, যারা সভার অমর্যাদা করলেন তাদের কাজের প্রতিবাদ জানিয়ে, বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী প্রফুল্লকুমার ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার আমি নতুন সদস্য। গত ২২ তারিখে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে

সমর্থন করে এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আমি নতুন সদস্য, বেশি কথা বলব না। বিরোধীদলের সদস্যরা গত কয়েকদিন ধরে বিশেষ করে আজকে সভায় যে সব কাণ্ডকারখানা করলেন আমি মনে করি এটা একটা সাংঘাতিক অবস্থা। মাননীয় স্পিকার মহাশয় বারবার ওদের সহযোগিতা চেয়েছেন কিন্তু তা সত্ত্বেও ওরা যা করলেন এই সভায় তাতে আমি মনে করি আমাদের রাজ্যের জনগণ অত্যন্ত সচেতন বলেই এদের ক্ষমতায় আনেন নি। মাত্র কয়েকজন মিলেই এখানে যা করলেন তাতে ক্ষমতায় এলে কি করতেন সহজেই অনুমেয়। পরিশেষে বাজেটকে পুনরায় সমর্থন করে ও ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে শেষ করছি।

**ড: অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে ২০০১-২০০২ আর্থিক বছরের পূর্ণাঙ্গ রাজ্য বাজেটের প্রস্তাবনাগুলি সমর্থন করে এবং বিরোধীদলের মাননীয় সদস্যদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। যেহেতু বাজেট প্রস্তাবটি ৪টি অংশে বিভক্ত ছিল তাই এই ৪টি অংশের ক্ষেত্রে বিরোধীদলের মাননীয় সদস্যরা যে যে প্রশ্নগুলি রেখেছেন আমি তার প্রতিটি খণ্ডন করছি ওরা থাকুন বা না থাকুন। প্রথম অংশে আমি উদার নীতির বিরোধিতা করেছি। আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার এবং বিশ্ববাণিজ্য সংস্থার নির্দেশিত উদার নীতির আমি বিরোধিতা করেছি। বিরোধিতা করে আমি একথা বলেছি যে এর ফলে আমদানি এবং রপ্তানির মধ্যে বিপদজনক ব্যবধান আরও বৃদ্ধি পেয়েছে। বিরোধীদলের একজন মাননীয় সদস্য প্রশ্ন রেখেছেন, আপনি তো এখানে এই তথ্যগুলি দিচ্ছেন টাকার অঙ্কে, ডলারের অঙ্কে সেটা খাটে কি? আমি তার এই বক্তব্য খণ্ডন করছি। টাকার অঙ্কে '৯০/৯১ সালে ব্যবধান ছিল ১০ হাজার ৬৪৩ কোটি টাকা।

সেটা ১৯৯৯-২০০০ সালে ৪০,৬৫৮ কোটি টাকাতে গিয়ে চার গুণ বৃদ্ধি পেয়েছে। বস্তুত ভারত সরকার প্রকাশিত যে তথ্য তাতে ৮ মাসের ২৮,০০০ কোটি টাকার মত, তাকে বৃদ্ধি করলে একই দাঁড়ায়। বারো মাস পরে যে তথ্য পাওয়া যাচ্ছে তাতে ডলারের মূল্যে ব্যবধান ছিল, ঋণাত্মক হিসেবে, ৫৯৩২ কোটি টাকা। তা ১৯৯৯-২০০০ সালে দুই গুণ বৃদ্ধি পেয়ে ৯৬১৩ কোটি টাকাতে বৃদ্ধি পেয়েছে। তার পরের আট মাসের যে তথ্য তা যদি বারো মাসের পরিপ্রেক্ষিতে দেখা যায় তাতে এটা ১০,০০০ কোটি অতিক্রম করে গেছে। কাজেই আজকে অবমূল্যায়নের

জন্য এটা হয়েছে সেটা ভ্রান্ত। শিল্প উৎপাদন, সেটা সারা ভারতবর্ষে কমে গেছে। ৭.৬ শতাংশ ছিল উদার নীতি শুরু করার আগে। পরের বছরে সেটা ৬ শতাংশে নেমে এসেছে এবং বর্তমান বছরে সেটা ৫ শতাংশে নামতে পারে। খাদ্য উৎপাদনেও মন্দা এসেছে। কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ব সংস্থাগুলো লাভজনক হলেও সেখানে আঘাত এসেছে। তিনটি সংস্থাকে বন্ধ করে দেওয়া হচ্ছে, তারপর আরো একটিতে নোটিস দেওয়া হয়েছে। তারপর আরো ৬টি এন. জে. এম. সি.-র চটকল, তা থেকেও তাঁরা সরে আসছেন। সেটাও যুক্ত হবে। বিরোধী দলের মাননীয় সদস্য সৌগত রায়, তিনি তাঁর বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন, তিনি কেন্দ্রীয় সরকারের নীতির সবকিছু সমর্থন করেন না। তিনি বলে দিলেন, কেন্দ্রীয় সংস্থাগুলিকে নির্বিচারে বন্ধ করার নীতিকে সমর্থন করেন না। তিনি আরো একটি বিষয়ে বলবার চেষ্টা করেছিলেন— পুরোটা বলতে পারেননি—রিজার্ভ ব্যাঙ্কের রেট অফ ইন্টারেস্ট সম্পর্কে। এখানে মাননীয় কংগ্রেস সদস্য অতীশ সিনহা মহাশয় প্রকারান্তরে বলছিলেন, বাঁচার কি অন্য কোনও পথ আছে? সৌগত রায় মহাশয়ও বলেছেন, বাঁচার কি কোনও পথ আছে? ওঁদের মনেও—আমি লক্ষ্য করেছি—ঐ উদার নীতির বিরুদ্ধে প্রশ্ন উঠেছে। ওঁরা বলছেন, বিকল্প পথটা কি হতে পারে? এসব গণ্ডগোলের মধ্যেও এটাই তো বামপন্থীদের একটা বড় লাভ, ওঁরাও স্বীকার করছেন যে ওখানে গোলমাল আছে। একজন, বোধ হয় মিঃ খানচৌধুরী বা অন্য কেউ, সাধন পাণ্ডে মহাশয় বলছিলেন, শুধু এখানে নয়, সারা পৃথিবীতেই তো এটা চলছে। এটা কিন্তু ঘটনা নয়। সারা পৃথিবীর সর্বশেষ কথা ওঁরা পান কিনা জানি না, তবে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহ-সভাপতি জোসেফটিগালিস বিখ্যাত অর্থনীতিবিদ, তিনি সদ্য পদত্যাগ করেছেন এই নীতির প্রতিবাদে। এই নীতির বিরুদ্ধে দক্ষিণ-পূর্ব এশিয়ার রাষ্ট্রগুলো সোচ্চার হয়েছে। এমন কি, আমেরিকা যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনের ১৮১৮ স্ট্রিট, যেখানে বিশ্বব্যাঙ্কের অফিস, তার সামনেও প্রতিবাদ হয়েছে এর বিরুদ্ধে। আজকে ওরাও বলছেন, বিকল্প পথের দরকার রয়েছে। আজকে প্রতিটি দলের মধ্যে প্রশ্ন উঠতে শুরু করেছে এ ব্যাপারে। আগে আমরা ছিলাম একা, এখন ওরাও বুঝতে পারছে সেটা। এটা রাজনৈতিক দিক থেকে গুরুত্বপূর্ণ এবং রাজনৈতিক দিক থেকে আমাদের বড় একটা লাভ। হ্যাঁ, বিকল্প পথ আছে, আমরা মনে করি আছে। আমি বিশ্লেষণাত্মক কাঠামোর উপর দাঁড়িয়ে এটা বলেছি, মার্ক্সবাদ ব্যবহার করে বলেছি। আমরা বলছি, আমরা তো এই রাষ্ট্র-ব্যবস্থার মধ্যে কাজ করছি। এখানে দাঁড়িয়ে মার্ক্সবাদের প্রয়োগ হচ্ছে এই, যে উৎপাদন শক্তির বিকাশ করতে হবে শ্রমজীবী মানুষের স্বার্থে তার জন্য

সেভাবে পরিবর্তন করবার উদ্যোগ নিতে হবে। সম্ভব হবে কিনা জানি না। সব মনে রেখেই আমরা বলেছি, যেখানে বাজার আছে সেখানে একচেটিয়া ভিত্তিতে সমান প্রতিযোগিতা, যেখানে বাজার নেই সেখানে বিকেন্দ্রীকরণ। যেখানে বাজার এবং সামাজিক উদ্যোগ, দুই-ই থাকতে পারে সেখানে পারস্পরিক প্রতিযোগিতা, সমান প্রতিযোগিতা। আমি তো সেটাই বিশ্লেষণ করে বলে দিয়েছি, করার পথটা আমি বলেছি। বলেছি, আপনাদের সঙ্গে আমাদের পথের তফাৎটা কোথায়। আপনারা তফাৎটা বোঝেননি, বা বুঝেও বলছেন না। নির্বিচারে আমদানি নীতির পরিবর্তে আমরা বলেছি, দক্ষতার সঙ্গে স্বনির্ভরতার একটা মূল ভিত্তির উপর দাঁড়িয়ে আমদানি এবং রপ্তানি নীতির ভারসাম্যতা।

নির্বিচারে আমদানি নীতির ক্ষেত্রে আমরা বলছি, দক্ষতার সঙ্গে স্বনির্ভরতার ওপর দাঁড়িয়ে ভারসাম্য। আমরা বলছি, বিদেশি ঋণটা কমিয়ে অভ্যন্তরীন সম্পদ সংগ্রহ বৃদ্ধি করা, কালো টাকা উদ্ধার করা। যার মধ্যে এর বীজ নিহিত হয়ে আছে। আমরা বলছি, নির্বিচারে বিদেশি পুঁজি, এটা নির্দিষ্ট ক্ষেত্রে পারস্পরিক সুবিধা বুঝে—আমরা বলছি যে, গণবন্টন ব্যবস্থায় আঘাত করা নয়। কারণ, যেখানে একচেটিয়া ব্যবস্থা আছে বিপণনের ক্ষেত্রে, সেখানে গণবন্টন ব্যবস্থা পাল্টা প্রতিযোগিতা—প্রতিযোগিতা বাড়াতে পারে। তাই গণবণ্টন ব্যবস্থার কথা আমরা বলেছি। ওরা খর্ব করতে চাইছেন! এখানে আমাদের সঙ্গে তফাৎ! লাভজনক রাষ্ট্রায়ত্ত সংস্থা ওরা বন্ধ করছেন—কেন বন্ধ করছেন? বাজেটে আমরা দেখছিলাম। আমরা বলছি, দক্ষতার সঙ্গে গুরুত্বপূর্ণ ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত সংস্থা চালাতে হবে। আমরা বলেছি, বড় শিল্পের সঙ্গে ক্ষুদ্র শিল্পের জায়গা, লাভজনক ব্যাঙ্কগুলোকে বন্ধ করবেন না। তার সঙ্গে সমবায় থাকুক। এবং প্রতিযোগিতার স্বার্থে ভূমি সংস্কার এবং বিকেন্দ্রীকরণ। ওদের সঙ্গে এটাই হচ্ছে আমাদের তফাৎ। দ্বিতীয় অংশ আলোচনায় যখন এসেছে, এখানে একজন বলেছেন, বোধহয় নির্বেদ রায় মহাশয় বলেছিলেন। রাজ্যের মধ্যে দাঁড়িয়ে করা যায়। এটা কেন্দ্রের অন্য নীতি। হ্যাঁ, অবশ্যই করা যায়। সংবিধানের যেগুলো রাজ্য তালিকাভুক্ত বিষয়, সেখানে করা যায়। আমরা তাইতো যাত্রা শুরু করেছি ভূমি সংস্কার দিয়ে। যেহেতু জমি রাজ্য তালিকাভুক্ত বিষয়। ভূমি সংস্কারের ক্ষেত্রে আমাদের স্থান প্রথম। সেটা প্রত্যেকে মেনে নিয়েছেন। মেনে নিয়ে আবার বলতে শুরু করেছেন। সেই ভূমিসংস্কারেও নাকি ওদেরও অনেক কিছু দেওয়া আছে। ওরা নাকি অনেক কিছু দিয়েছেন। কেউ নেই, তবে আমি তো ছাড়ব না। আমি ওদের সময়ে যে জমি ওরা দিয়েছিলেন তার বিরুদ্ধে, আমার মনে আছে—

আনন্দ গোপালবাবু বোধ হয় চলে গিয়েছেন, উনি সুন্দরভাবে বলেছেন, আমাদের দিক থেকে নৃপেনবাবুও বলেছেন, কিন্তু আমি একেবারে সরকারি তথ্য উল্লেখ করে বলছি। এটা স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স, রিপোর্ট ২-১৯৭৯ সালে প্রকাশিত। তখন ল্যান্ড রিফর্মস্ কমিশনার দেবব্রত বন্দোপাধ্যায় যা থেকে অন্য জায়গায় উদ্ধৃতি দিয়েছেন, আমি সেই উদ্ধৃতিটা দিয়ে দিচ্ছি। বইটা আপনার কাছে রেখে দিচ্ছি, অতীশ সিংহ মহাশয়কে পৌঁছে দিতে হবে। বলেছেন, অ্যাট এ পার্টিকুলার পয়েন্ট অফ টাইম ...... at a point of time under certain constraints the district officers declared all the lands available for distribution as having distributed......

মানে যেটা বণ্টনযোগ্য জমি সেটাকে বণ্টন কর। করা হয়েছে বলে দিয়েছিলেন।

They knew it to be incorrect. The beneficiaries who did not get the land knew it to be incorrect at their own cost. The authorities who directed the distribution within an absurd time limit also knew this to be incorrect but nobody owned it up. The moment of truth arrived when we published some figures for available vested lands for distribution among the village poor.

তখন বেরিয়ে পড়ল। তাই ওদের সময়ে যেটা বলেছেন, সেটা সম্পূর্ণ ভিত্তিহীন ব্যাপার। এটা আমি তথ্য দিয়ে বললাম। অভিজ্ঞতা আরও সহজ। গ্রামবাংলায় গিয়ে যদি বিরোধী দলের নেতারা বলেন—কংগ্রেস (ই) বা তৃণমূল—তাঁরাই ভূমিসংস্কার এনেছেন—বেড়াল বলছেন মাছ ছোঁব না। এ তো খুব ভাল। আমাদেরও খুব সুবিধা হবে মানুষকে বোঝাতে। কিন্তু আমি তথ্য দিয়ে বলে দিলাম। ভূমিসংস্কারের ভিত্তিতে সেচ, উন্নত বীজ ইত্যাদির মাধ্যমে খাদ্যশস্য উৎপাদনের হারে সারা দেশের মধ্যে আমরা প্রথম হয়েছি। ১৯৮০-'৮১ থেকে ১৯৯৯-২০০০ পর্যন্ত সর্বশেষ রাজ্যওয়ারি তথ্য ৪.১ শতাংশ হারে বাড়িয়েছি। সেটা কেউ প্রশ্ন করেন নি। কিন্তু মাননীয় অতীশ সিংহ মহাশয়, ওদের আমলের যে তথ্য উনি বলেছেন, 'কিছু ভাল বছর ঢোকান, কিছু খারাপ বছর বাদ দেন। তথ্যটা ঠিক করুন।' এ রকম করা হয়নি। ১৯৮০-'৮১ থেকে ১৯৯৯-২০০০ 'এর, আমাদেরও ভাল খারাপ সমস্ত বছরগুলোকে নিয়ে, প্রত্যেকটি বছরের বার্ষিক হার নিয়ে যোগ করে, তাকে ভাগ দিয়ে—যেটা নিয়ম—তাতে ৪.১ শতাংশ হার এসেছে। আমি

ওদের সুবিধার্থে ১৯৭১-'৭২ টা নিয়েও দেখেছি। প্রত্যেকটি বছরের বার্ষিক হার নিয়ে, অংক করে, তাকে ভাগ করে দেখতে পাচ্ছি—ওদেরটা একটু সুবিধার জন্য বাড়িয়ে দিলাম—তাতেও আসছে, ওদের সময়ে উন্নয়নের হার, বার্ষিক গড় বৃদ্ধির হার .৪৯ শতাংশ। ১ শতাংশও নয়। আধ শতাংশও নয়। সেখান থেকে ৪.১ শতাংশ হয়েছে, ঐ তথ্যটা যোগ করেও। আমি খণ্ডন করে দিলাম। শিল্পের প্রসঙ্গে আসছি। ওরা বলেছেন যে এটা কেন হল? কৃষিতে তো অনেকটা এগিয়ে গিয়েছেন। এটা বলেছেন সৌগত রায় মহাশয়। উনি মেনে নিয়েছেন। কৃষিতে আমরা প্রথম, মেনে নিয়েছেন। বলেছেন, শিল্পে আমাদের সারা দেশের মোট উৎপাদনে, মানে সংগঠিত শিল্পে মোট উৎপাদনের, তার যে মূল্য, সেখানে আমাদের অবস্থান কেন কমে আসছে?

প্রথমত বলা উচিত সর্বশেষ যে তথ্য বার হচ্ছে, যেটা আলোচনা হল, আমাদের এই ভাগটা বাড়তে শুরু করেছে, ৪.৭ শতাংশ থেকে ৫.১ শতাংশে বাড়তে শুরু করেছে। রেখাচিত্র একটু উঠতে শুরু করেছে। কিন্তু মূল বিষয় সেটা নয়। কখন করতে শুরু করে? আমি তো একটা রেখাচিত্র নিয়েছি ১৯৯৭-৯৮ সাল থেকে যখন মাসুল সমীকরণ নীতি ঘোষণা করা হল। মাননীয় সভাপতি মহাশয়, আমি তো রেখাচিত্রটা এঁকেছি। সেই সময় ছিল, মানে মোট শিল্প উৎপাদনের সূচক প্রায় ১৩২-এর মতো। সেটা কমতে কমতে, ১৯৮০-৮১ সালকে ভিত্তিবর্ষ ধরে সবচেয়ে কমে যায় ১৯৭২-৭৩ সাল থেকে ১৯৭৪-৭৫ সাল পর্যন্ত। ৯৫-তে নেমে আসে। তারপর সেটা বৃদ্ধি পেতে পেতে ২০০ অতিক্রম করছে, মানে একটা উল্টো দিক থেকে জে আঁকলে যে রকম হয় তাই। ওদের সময় কমতে কমতে সবচেয়ে কমে যায়। এখন বৃদ্ধি পেতে শুরু করেছে। তাই আমাদের মোট মূল্যটা বৃদ্ধি পেতে সময় লাগবে। কিন্তু ঊর্ধ্বমুখী হতে শুরু করেছে। ওই নিম্নগামী যাত্রা মূলত ১৯৯৭-৯৮ সালে, সেটা ওদের নীতির জন্যই হয়েছিল সেটা তো ভুললে চলবে না। তারপর যে যে শিল্পগুলিতে এই সম্ভাবনার সৃষ্টি হয়েছে, কৃষিজ শিল্প চর্মজ শিল্প, জৈব প্রযুক্তি, এই সব আমি বলেছি আর পুনরোক্তি করছি না, চটের বহুমুখীকরণ, পর্যটন, রসায়ন, পেট্রো রসায়ন এবং বিশেষ করে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে জ্ঞান ভিত্তিক শিল্পের ক্ষেত্রে। এখানে, ওরা, আমার বাজেট বক্তৃতায় যে তথ্যগুলি দেওয়া হয়েছে সেইগুলি নিয়ে প্রশ্ন তোলেন নি। শুধু একটা প্রশ্ন হলদিয়া পেট্রো রসায়ন প্রকল্প নিয়ে বিভ্রান্ত করার চেষ্টা কেউ করছেন। ঘটনা কিছু নয়, পরিষ্কার একেবারে। আমি আবার স্পষ্ট করে বলে দিচ্ছি, সেটা আমার এখানে বাজেট বক্তৃতায় রাখা

হয়েছে যে হলদিয়া পেট্রো রসায়ন প্রকল্পে উৎপাদন শুরু হয়েছে। ১১টি প্লান্ট কাজ করছে এবং তারা শতকরা ৭০ ভাগ ক্ষমতায় কাজ করছে। সারা ভারতবর্ষের ২২ শতাংশ বাজার দখল করেছে, ৫৬ শতাংশ উত্তরপূর্ব ভারতের বাজার দখল করেছে। বাণিজ্যিক উৎপাদন কখন ঘোষণা করা হয়? তার সঙ্গে উৎপাদনের যোগ কি? উৎপাদন যখন এইভাবে এগোচ্ছে, বানিজ্যিক উৎপাদন ঘোষণা করার একটা সিদ্ধান্ত সংশ্লিষ্ট পর্ষদ, হলদিয়া পেট্রোকেমিক্যালস বোর্ড নেবেন। তার সঙ্গে যেটা প্রাতিষ্ঠানিক আয় কর, করপোরেট ইনকামট্যাক্স দেওয়ার সুবিধা অসুবিধা এটা মেনে কমার্সিয়াল প্রোডাকশন, বানিজ্যিক উৎপাদন ঘোষণা করা হয়। উৎপাদনের রেখাচিত্রের কোনও যোগ নেই। এটা বোধ হয় ওঁরা জানেন না, আমি এই সুযোগে বলে দিলাম। এই ব্যাপারে কোনও বিভ্রান্তির সুযোগ নেই। যারা চিরকাল বাধা দিয়েছে হলদিয়া পেট্রো রসায়ন প্রকল্পে তাঁরা এখন বিভ্রান্তির সৃষ্টি করে বাধা দিতে চাইছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রশ্নের মধ্যে কেউ বললেন অনুসারী শিল্প সম্পর্কে। অনুসারী শিল্প যেটা ছিল ৩৫৪ ইতিমধ্যে সেটা ৪৩০ অতিক্রম করে গিয়ে ১১২৫৪ জনের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। তারপর আমরা বলেছি এর থেকে আরো ৫৫ হাজার কর্মসংস্থানের সুযোগ হয়েছে। ওনারা বলেছেন সুযোগ হয়েছে, কি করে বললেন? উৎস হচ্ছে, ইন্ডিয়ান প্লাসটিক অ্যাসোসিয়েশান। যত পেট্রোকেমিক্যালস প্রকল্প আমাদের দেশে হয়েছে তার তথ্যের ভিত্তিতে ওরা বলেছে এই অনুসারী শিল্পে মূল যা হবে তার ৫ গুন হবে পরোক্ষ কর্মসংস্থান। সারা ভারতবর্ষের ক্ষেত্রে যা, আমরা ঠিক তাই বলেছি। আমি তথ্যের উৎস বলে দিলাম যাতে প্রশ্ন তুলতে না পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনারা বলছেন যে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে আপনারা সতর্ক আছেন তো? হ্যাঁ, যথেষ্ট সতর্ক আছি, পৃথিবীতে কি হচ্ছে সতর্ক আছি। এতৎসত্ত্বেও এখান থেকে রপ্তানি ১৯৯৮-৯৯ সালে ৪০০ কোটি টাকা থেকে ৯৩৫ কোটি টাকাতে বৃদ্ধি হয়েছে। ওঁরা বলেছেন এই তথ্য বিশ্বাস করি না। কাস্টমস তো কেন্দ্রীয় সরকারের, তাঁদের সঙ্গে তো ওঁরা যুক্ত ছিলেন, আবার যে কোন দিন যুক্ত হতে পারেন। আমি তো কাস্টমসের তথ্য দিচ্ছি—বিশ্বাস করি না মানে কি? বৈদেশিক বাণিজ্য সংস্থার প্রকাশিত তথ্য উল্লেখ করেছি। একটা কথা ওঁরা বলেছেন, আরো কি প্রগতি হয়েছে বলেন নি কেন। হ্যাঁ, বলা ভাল, রাজ্য জুড়ে যে পরিকাঠামো স্টেট ওয়াইজ এরিয়া নেটওয়ার্কস-১ আমরা আশা করছি আগস্ট মাসের মধ্যে প্রতিটি জেলার কেন্দ্রের সঙ্গে সেটা যুক্ত হয়ে যাবে। খুব তাড়াতাড়ি এটা হচ্ছে। আমি এই সুযোগে এটা বলে রাখলাম। আমি মূল প্রস্তাবগুলিতে আসছি যেখানে

ঁরা কিছু ভিন্ন বক্তব্য রেখেছেন। কিন্তু এর থেকে যেটা প্রথম হচ্ছে, সামগ্রিক ক্ষত্রগুলি যুক্ত করলে গত বছর মোট উৎপাদন বৃদ্ধি আমাদের রাজ্যে হয়েছে ৭.৬ তাংশ হারে, গোটা ভারতবর্ষে যেখানে হয়েছে ৬ শতাংশ হারে। অনেক উঁচুতে াছি। গত ১০ বছরের গড় নিয়েছি, এর মধ্যে ভাল খারাপ সব বছর নিয়ে চ্ছতার সঙ্গে হিসাব করেছি। গত ১০ বছরে সারা ভারতবর্ষে মোট উৎপাদন বৃদ্ধির বার্ষিক গড় হার ৫.৮ শতাংশ আর পশ্চিমবাংলায় ৭ শতাংশ।

আরো নির্দিষ্টভাবে গত তিন বছরে সমস্ত রাজ্যগুলোর মধ্যে আমাদের উপরে াছে শুধু কর্ণাটক, আমরা দ্বিতীয় স্থানে আছি। গত তিন বছরে ৭.৪ পার্সেন্ট গড় ার বেড়েছে, কর্ণাটক শুধু উপরে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে এক একজন বললেন পাঞ্জাবের সঙ্গে তুলনা করে। উনি বোধ হয় প্রকৃত মূল্য এবং লতি মূল্যের মধ্যে গরমিল করে ফেলেছেন। গত তিন বছরে আমাদের বৃদ্ধি ৪.৭ শতাংশ হারে মোট উৎপাদনের, সেখানে পাঞ্জাবের ৪.৫ শতাংশ। আমি উত্তরটা বাজেটে দিয়ে রেখেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রস্তাব উঠেছে, সেই প্রস্তাবে কেউ একজন বলেছেন এখানে কমিউনিস্ট অসীম দাশগুপ্ত কোথায়—বেসরকারিকরণ তো করে দিচ্ছেন। আমি খণ্ডন করে দিচ্ছি। আমি আবার বলছি, পুনরোক্তি করে বলছি আমরা এই রাষ্ট্র ব্যবস্থায়, সমাজ ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে তার মধ্যে রাজ্য সরকার আরো সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে যখন মার্কসবাদকে প্রয়োগ করতে চাইছে সেখানে আমার মূল কথা পুনরোক্তি করে বলছি উৎপাদন শক্তিটাকে বিকাশ করাতে চাইছি কিছু শ্রমজীবি মানুষের স্বার্থে। সোজা কথা উৎপাদন বাড়াতে চাইছি কর্মসংস্থানের স্বার্থে এবং মজুরিটাকে একটু লক্ষ্য করে। দ্বিতীয় হচ্ছে এটা করার জন্য যতটুকু প্রয়োজন পরিবর্তনের সেটা না হলে সম্ভব নয়—তার জন্য গ্রামে ভূমি সংস্কার এবং সাধারণভাবে আমি বলছি যেখানে বাজার আছে, আবার পুনরোক্তি করে বলছি—আমরা চাইছি আর্থিক সংস্কার। হ্যাঁ, কিন্তু নিজের শর্তে, বিদেশি ঋণের শর্তে নয়। তার মানে যেখানে বাজারের ব্যবস্থা আছে সেখানে একচেটিয়া ভেঙ্গে প্রতিযোগিতার দিকে পদক্ষেপ। যেখানে বাজার ব্যবস্থা কাজ করছে না— গ্রামীণ রাস্তা, প্রাথমিক শিক্ষা ইত্যাদির ক্ষেত্রে সেখানে সামাজিক উদ্যোগ দরকার। প্রতিযোগিতা পদক্ষেপের তুলনীয় বিষয় হচ্ছে বিকেন্দ্রীকরণ, দায়বদ্ধ বিকেন্দ্রীকরণ— সেকথাটাই আমি বলছি। তৃতীয় একটা বিষয় যুক্ত করেছি যেসব ক্ষেত্রে আমরা মনে করছি সরকারি উদ্যোগ, বেসরকারি উদ্যোগ দুইই কাজ করতে পারবে সেখানে সেই সুযোগটা দিলে সমান প্রতিযোগিতা দেওয়ার ফলে ভাল কাজ করতে পারবে।

কিন্তু সামাজিক লক্ষ্য মনে রেখে তার সঙ্গে সমন্বিত করে কোনও সম্পর্কহীন ভাবে নয়, এটা বলেই আমি বলছি আমাদের মূল লক্ষমাত্রা হচ্ছে কর্মসংস্থান বৃদ্ধি করা। এবং আমি বলছি যে, দারিদ্রসীমার নীচের মানুষের সংখ্যা ২৬ থেকে ২২ শতাংশে নামিয়ে আনা এবং তার জন্য আমরা বলেছি খাদ্যে নিরাপত্তার জন্য রাজ্য সরকারের উদ্যোগে গণ বন্টন ব্যবস্থার এবং কর্মসংস্থান বৃদ্ধি এবং উৎপাদন বৃদ্ধির দরকার। এই জায়গাটায় আমি একটু বলছি কারণ এটা নিয়ে কেউ কেউ বিভ্রান্তি করতে চাইছেন। মাননীয় সৌগত বাবু বলেছেন আপনারা ৮ শতাংশ মোট উৎপাদনের হার ধরলেন কি করে, এতো খুব আশাবাদী এবং খুব বেশি অ্যাম্বিসাস। এই প্রসঙ্গে বলছি গত তিন বছরে গড় হচ্ছে ৭.৪ শতাংশ বেড়েছে, গত বছরে ৭.৬ শতাংশ বেড়েছে। সুতরাং সেখানে দাঁড়িয়ে আমরা ৮ শতাংশ বার্ষিক হার করেছি। কেন্দ্রীয় সরকারের কাছে জিজ্ঞাসা করুন সেখানে ৬ শতাংশ বার্ষিক বৃদ্ধির হারকে ওরা ৮ শতাংশ বলছেন কি করে? আমরা তো ৭.৬ শতাংশে গিয়ে বলছি। এখানে দাঁড়িয়ে আমি বলছি অতিরিক্ত কর্মসংস্থান ৬ লক্ষ সৃষ্টি করার কথা বলায় একটা প্রশ্ন বোধ হয় তাপস রায় করেছিলেন। তাতে তিনি বলেছিলেন আপনি তো ভোট অন অ্যাকাউন্টে এটা ৮ লক্ষ বললেন, ৮ লক্ষ শতাংশ বৃদ্ধির হার বললেন। শতাংশ হারে যদি ৮ লক্ষ বলে থাকেন তাহলে ৬ লক্ষতে কেন কমালেন? আমি আলাদাভাবে বলেই দিয়েছি যে প্রকল্পগুলো নিয়ে আমরা নামছি তার প্রথম তিন মাস আমাদের হাতে নেই। এপ্রিল-মে-জুন এই তিন মাস অতিবাহিত হয়ে গেছে, বাকি আছে ৯ মাস। সারা বছরের ক্ষেত্রে সম্ভব ৮ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থান বৃদ্ধি করা আমরা টানা বছর পেয়েছি ৯ মাস, এর পাটিগণিতটা থাকলে বুঝিয়ে দিতে সুবিধা হত। যারা বিভ্রান্তি করছেন তাদেরও বুঝিয়ে দিতাম যেটা ১২ মাসে ৮ লক্ষ হয়, সেটা ৯ মাসে সেটা ৬ লক্ষর কাছাকাছি আসে, তাই খুবই সহজ বিষয় এটা আমি আগেও অন্যদের বলেছি, আবার বলছি কি কি প্রকল্পের মাধ্যমে এটা করা হবে। এক্ষেত্রে কোথায় কে যেন বলেছেন এর মধ্যে বাস্তব ভিত্তি নেই। আমি ভিত্তিটা কোথায় ঠিক আছে নির্দিষ্টভাবে বলছি—এখানে ৩, ৪টি বড় উদ্যোগ এর মধ্যে এসেছে, নির্দিষ্ট প্রকল্প, বাংলার কর্মসংস্থান প্রকল্প। তাকে আকর্ষণ করা হবে ১০ শতাংশে যিনি এগিয়ে আসবেন তিনি দেবেন মোট প্রকল্পের খরচ উর্দ্ধসীমা—সেটা ১০ লক্ষও হতে পারে। রাজ্য সরকার ১৫ শতাংশের জায়গায় ২০ শতাংশ দেবে, সুতরাং ১৯ আর ২০ মিলে ৩০, বাকি তো ব্যাঙ্কের লোন।

ওরা প্রশ্ন করেছেন, এই প্রশ্নগুলির মধ্যে এক হচ্ছে, আপনি এই ১০০ কোটি টাকা রেখেছেন কেন, এটা তো কম হয়ে যাবে? উর্ধ্ব সীমার সঙ্গে গড়কে গুলিয়ে

ফেলেছেন। উর্ধ্ব সীমা হচ্ছে ১০ লক্ষ টাকা। গত বছরের গড় আমরা দেখেছি। প্রকল্প যা হয়েছে, ৫০ হাজার টাকার মতন একটা প্রকল্প-কটা এসেছে—সেই ব্যয়টা ধরে আমি ১০০ কোটি টাকা প্রাথমিকভাবে রেখেছি। পাটীগণিতটা বুঝিয়ে দিলাম আর একবার। যদি এর পরে প্রয়োজন হয় বেশি প্রকল্প আসলে বাড়িয়ে দেব আমরা সাপ্লিমেন্টারীতে গিয়ে। দ্বিতীয় কথা, আর একজন বলেছেন, সেটা বোধহয় অরুণাভ ঘোষ মহাশয় বলেছেন, আরো দু-একজন বলেছেন সেটা কিন্তু গুরুত্বপূর্ণ। আমি তার উত্তর দিচ্ছি। ওরা বলেছেন, আপনাকে তো সেই ব্যাঙ্কের উপর নির্ভর করতে হচ্ছে এই প্রকল্পের জন্য যে, ব্যাঙ্ক 'ঋণ' আমানতের অনুপাতে দেয়। একমাত্র যারা সহযোগিতা করছেন না—তাহলে তো এর মধ্যে নিশ্চয়তা নেই। মাননীয় সভাপতি মহাশয়, এখানে একটু পরিষ্কার করে বলা ভাল। ব্যাঙ্ক ঋণ ১০০ কোটি টাকার সঙ্গে তুলনীয় হলে ৪০০ কোটি টাকা বা ৫০০ কোটি টাকার মতন লাগবে। ব্যাঙ্কে এখানে আমানত রাখছে—ব্যাঙ্কের টাকাটা কার টাকা? ব্যাঙ্কে ৭২ শতাংশ টাকা রাখেন রাজ্যের মধ্যবিত্ত মানুষ, খেটে-খাওয়া মানুষ। ৬৪ হাজার কোটি টাকা আছে। সেখানে ঋণ আমানতের যে অনুপাত—সারা দেশে যেখানে ৫৮ শতাংশ, এখানে ৪৪ শতাংশ, জেলাতে ২৫ শতাংশের কম, তার থেকে ৪০০ কোটি টাকা বের করবেন না। এই চাপ আমরা সৃষ্টি করব না? ওরা আমাদের সহযোগিতা করবেন না? মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণকে আমি বলছি যে আমি শুধু বাণিজ্যিক ব্যাঙ্কের উপর নির্ভর করে নেই, আমরা সমবায় ব্যাঙ্কের উপর বিশেষভাবে আস্থাটা রাখছি। সমবায় ব্যাঙ্কে ৪ হাজার কোটি টাকার মতন আমানত জমা আছে। আমরা সরাসরি বলছি, এই প্রকল্পর জন্য সমবায় ব্যাঙ্ক এগিয়ে আসুক এবং আমরা বিশ্বাস করি আপনার মাধ্যমেও ব্যাঙ্কগুলিকে বলছি তারা এগিয়ে আসুন। এখানে ব্যাঙ্কের উপর সকলে মিলে কিন্তু—আমি বলছি, গণ আন্দোলনের মাধ্যমে কিন্তু চাপটা সৃষ্টি করতে হবে। আমাদের রাজ্যে ৪৪ শতাংশ ঋণ আমানতের অনুপাতে—মানে কি? মানে, একটা বড় অংশের টাকা আমাদের যেটা জমা আছে সেটা অন্য রাজ্যের ব্যাঙ্কের মাধ্যমে চলে যাচ্ছে। মানে, কেন্দ্র রাজ্য সম্পর্কের আর একটা দিক দেখতে পাচ্ছি আমরা—সেই টাকাটা আমাদের রাজ্যের মধ্যে রাখতে হবে। তাই শুধু সমবায় ব্যাঙ্ক নয়, এই ব্যাঙ্কেও আছে। একটা প্রশ্ন ওরা রেখেছেন—ব্যাঙ্ক এগিয়ে আসছে না, তার কারণ নাকি ঋণ ফেরৎ পাননা। ঠিক কথা। কারণ রিজার্ভ ব্যাঙ্কের প্রকাশিত তথ্য ডি বি ও ডি-র সর্বশেষ প্রকাশিত তথ্য, একমাত্র কৃষি ঋণের ক্ষেত্রে ওরা দেন—তাতে আমরা দেখতে পাচ্ছি

পশ্চিমবাংলায় কৃষি ঋণ ফেরৎ দেওয়ার অনুপাতে সারা দেশের একেবারে তুলনীয় ৫১ শতাংশের কিঞ্চিৎ বেশি। বিশেষ করে স্টেট ব্যাঙ্ক-এ ৬০ শতাংশের বেশি। এবং সমবায় ব্যাঙ্ক যে কাজ করেছে গরিব মানুষকে ঋণ দিয়েছে, তারা তো ৭৫ শতাংশের বেশি ঋণ আদায় করেছে। ঋণ তো অনাদায়ী হয়ে আছে খুব বড় বড় শিল্পপতিদের কাছে। আমরা তো বারবার ব্যাঙ্ককে বলেছি সে কথা—লিস্টটা দিন, আমরা ধরব। আমরা কেস করব। ওরা তো দেননি, অজুহাত কেন খাড়া করছেন? আপনারাই বা তার সঙ্গে হাত মেলাচ্ছেন কেন? এর জন্য এইভাবে প্রকল্পটা আমরা গ্রথিত করেছি এবং ওরা বলছেন এখানে আপনারা কেন বণিক সভাকে ডেকেছেন? শুধু তো বণিকসভা নয়, রাজ্য সরকার, ব্যাঙ্ক, পঞ্চায়েত, স্বেচ্ছাসেবী সংগঠন এবং বণিক সভা তারাও আসবেন কেন তাদেরকে বলা হচ্ছে? এই কারণে—প্রশিক্ষণের ক্ষেত্রে তারা আসুন। এবং যে যে প্রকল্পগুলি লাভজনক, সেখানে প্রত্যেকটি বণিকসভা প্রস্তাব রেখেছেন, যেগুলি ব্যবসায়ী সমিতি তারাও রেখেছেন, তারা এসে বলছেন জেলা ও ব্লক স্তরে যাব। এই উদ্যোগটাকে আমরা স্বাগত জানাই। ওরা বলছেন, ওদের কেন ডাকছেন? ডাকবোই তো, ওরাও থাকবেন পাশাপাশি। এবং ওদের যেটুকু অর্থ দেব তার একটা অংশ আমরা দেব, মানে যে কাজ ও যেটুকু কাজ তারা পেয়েছেন তা দেখার পরে। মাননীয় সভাপতি মহাশয়, এখানে একটি কথা বলে রাখছি, বাজার ধরার ক্ষেত্রে আমাদের হিসাবে রাজ্য সরকার নিজে কেনেন—বিভিন্ন পণ্য কেনেন, এক একটি বছরে অন্ততঃ ৫ হাজার কোটি টাকার। আমরা তো রাজ্য সরকারের পক্ষে যেটা খরচ করি প্রত্যেকটি জেলায়, তার একটা গুরুত্বপূর্ণ অংশ তো, এই যে কর্মসংস্থান প্রকল্পে যারা কাজ করছেন তাদের পণ্যর সঙ্গে যুক্ত করবো এই কথাগুলি বলছি। প্রশিক্ষণ, প্রযুক্তি বাজার আমরা ধরিয়ে দেব সেভাবে। আর একটা দিক হচ্ছে, এর থেকে ১ লক্ষ কর্মসংস্থান হবে। ওরা বলছেন, কি করে করবেন?

[2-20 — 2-30 p.m.]

এই রাজ্যে ১৯৯৫-৯৬ সালে স্ব-নিযুক্তি প্রকল্পে এক লক্ষ পঁচানব্বই হাজার এই রকম কেস তো ব্যাঙ্ককে দিই, ভরতুকি মিলিয়ে তো আমরাই করেছি। তার থেকে লক্ষ্যমাত্রা আমরা অনেক কম রেখেছি। এটা অবাস্তব বলছেন কি করে? এটা তো সম্ভব। ১৯৯৭-৯৮ সালে এক লক্ষর বেশি হয়েছে, সদ্য কয়েকটি বছরে এই উদারনীতির চাপে কম হয়েছে। তার বিরুদ্ধে সমবায় ব্যাঙ্ক এবং আমরা সকলে

মিলে চাপ দিয়ে এটা করব। তাই আমি এটা খণ্ডন করলাম ওদের। এর পরে হচ্ছে স্ব-নির্ভর গোষ্ঠী—এটা খুবই লক্ষ্যণীয় ব্যাপার। স্ব-নির্ভর গোষ্ঠী ৯,৫৪৫টির মত স্থাপিত হয়ে গেছে এবং এক একটা গোষ্ঠীতে দশ হাজারের করে থাকে, আমরা সেটাকে ত্রিশ হাজারে নিয়ে যাচ্ছে। তাই তিন লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। প্রশ্ন—কি করে আপনারা পারবেন? মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাই, সমবায় ব্যাঙ্ক যেমন ৯,৫৪৫টি স্ব-নির্ভর গোষ্ঠী করেছেন, এস. ডি. এস. ওয়াই পঞ্চায়েতের মাধ্যমে ৭,৭৯০টি করেছেন, এছাড়াও ব্যাঙ্ক করেছেন ৫,৫৯৭টি। গ্রামীণ ব্যাঙ্ক করছেন ৫,৫৬০টি। যে বছর ফেলে এসেছি সেই বছরে সাতাশ হাজার হয়ে গেছে, তার থেকে ত্রিশ হাজারে উন্নীত করতে চাইছি। এই লক্ষ্যমাত্রা তো বাস্তবানুগ, তার ভিত্তিতেই আমি রাখছি। তাই এটাও আমি খণ্ডন করলাম।

মাননীয় চেয়ারম্যান স্যার, কয়েকজন প্রশ্ন তুলেছেন, আপনি বীজের ক্ষেত্রে স্ব-নির্ভর হবেন কি করে? চালের ক্ষেত্রে আমরা ৯০ শতাংশ স্ব-নির্ভর হয়েছি, তৈলবীজের ক্ষেত্রেও প্রায় তাই। কিন্তু ডাল, গমের ক্ষেত্রে নই, এটা আমরা হতে চাইছি। সেচের ক্ষেত্রে আপনারা বলছেন ৬২ থেকে ৭৫ শতাংশে যাব কি করে? যাব এইভাবে, কারণটা বোধহয় আগে আমি স্পষ্ট করে বলিনি। স্বাধীনতার পর আমাদের দেশের মোট নীট কৃষি জমির যোলো শতাংশ সেচসেবিত ছিল। তারপরে ওদের চব্বিশ বছরে, অর্থাৎ ১৯৭৬-৭৭ সাল পর্য্যন্ত সেটা ৩১ শতাংশে ওঠে। অর্থাৎ ওদের ২৪-২৫ বছরে ওরা মাত্র ১৫ শতাংশ বৃদ্ধি করে। আমাদের এই চব্বিশ বছরে ৩১ থেকে ৬২, অর্থাৎ ৩১ শতাংশ বৃদ্ধি করেছি এবং এই বৃদ্ধির হার দ্বিগুন। ৬২ থেকে ৭৫ শতাংশে তুলতে গেলে গড়ে এক বছরে ১.৫ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতায় আনতে হয়। আমরা তো এখন এক লক্ষ হেক্টর-এর বেশি জমিকে সেচের আওতায় আনছি। এটা এক থেকে দেড় লক্ষ করতে চাইছি, এটা সম্ভব। এটা কোথাও ক্ষুদ্র সেচ, কোথাও অন্য সেচ, সেটা আমরা বলেছি। তবে এখানে নিজেদের দুর্বলতার জায়গাটা একটু চিহ্নিত করা উচিত। তিস্তার কাজটা আমাদের তাড়াতাড়ি করলে এটা সুবিধাজনক হবে।

মাননীয় সভাপতি মহাশয়, এখানে একজন বক্তব্য রেখেছেন গ্রামোন্নয়ন প্রকল্পে আপনারা টাকা ঠিকমত খরচ করতে পারছেন না? সরকার নাকি তার ম্যাচিং গ্রান্ট দিচ্ছেন না। এটা একদম ঠিক নয়। ২০০১ সালের তথ্যটা আমি দিচ্ছি, সমস্ত রকম ম্যাচিং গ্রান্ট দেওয়ার পরে, আগে যা কম ছিল সেটাকে অতিক্রম করে ৮০ শতাংশের

মত খরচ হয়েছে, বাকি যে ২০ শতাংশের মত খরচ হয়নি সেগুলো ফেব্রুয়ারি, মার্চে পাওয়া গিয়েছিল এবং এর ভিত্তিতেই খরচ করা ঐ সময় যায় না তাই। তবে মনে করি আমাদের আরও উন্নত করা উচিত। তবু যেটুকু দুর্বলতা আছে এটা পঞ্চায়েতের কাজের মধ্যে দিয়ে যা অর্থ বরাদ্দ হচ্ছে সারা দেশের ক্ষেত্রে, সেখানে সমস্ত রাজ্যগুলিই অর্ধেক খরচ করতে পারছেন। তার কারণ এখানে খরচটা প্রথমে রাজ্যকে করতে হয়, পরে রিইমবারস্‌মেন্ট করে। পারেন না তার কারণ এখানে সুদের হারটা খুব চড়া, ১২ শতাংশ সুদের হার, সাত বছরে ফেরত দিতে হয়। এর মধ্যে দাঁড়িয়েও সারা দেশে যা আমাদের এখানেও তাই। যেটা উনি জানেন না, সেটা আমি শুধরে দিলাম। দামের ক্ষেত্রে, বিপণনের ক্ষেত্রে সমবায় ব্যবস্থা দিয়ে আমরা প্রবেশ করছি, বলা ভাল—এই জায়গাটায় আমাদের অপূর্ণতা ছিল। সমবায়ের ক্ষেত্রে শুধু পরিষেবা সমবায় নয়, থানা সমবায়ের মাধ্যমে—মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন, আপনার নিজের অভিজ্ঞতা আছে—বিপণনে আমরা সামাজিক পদক্ষেপ নিয়েছি এবং সেটা রাজ্যস্তরে শীর্ষ সমবায় ব্যবস্থার সঙ্গে যুক্ত করে এবং থানা সমবায়ের সঙ্গে সম্পূর্ণভাবে বহুমুখী হিমঘর এবং ব্যক্তিগত হিমঘর তার সঙ্গে সমন্বিত করব। ওরা যেগুলো বললেন, প্রয়োজনে কিন্তু করেননি। এইগুলি প্রস্তাব। এই জায়গায় যাওয়ার মানে যে মুহূর্তে ধান বা চাল সংগ্রহ করছি বা অন্য পণ্য সংগ্রহ করছি সেগুলো আমরা কোথাও সমবায় কেন্দ্র, কিন্তু মূলতঃ গণবন্টন ব্যবস্থার মাধ্যমে তা আমরা বিক্রি করতে চাইছি। ওরা জানেন না, জানতে চাইছিলেন বিক্রিটা করবেন কি করে। এর সঙ্গে গণবন্টন ব্যবস্থাটা যুক্ত হয়েছে।

কেন্দ্র যেখানে আঘাত করছে, সেখানে দাঁড়িয়ে আমরা—চাল, অভ্যন্তরীণ সংগ্রহ, গম, চিনি কিনে এমনকি যারা দারিদ্র সীমার উপরে অবস্থিত গরিব মানুষ, তাদেরও বাজার থেকে ১ টাকা কম দামে দিয়ে ব্যবস্থা করেছি, ৫০ কোটি টাকা ভর্তুকি দিয়ে আমরা নির্দিষ্ট প্রস্তাব এনেছি। কেউ বিরোধিতা করেন নি, প্রকারান্তরে সমর্থনই করে দিয়েছেন। এটা আমরা বাড়াব পরে, বিশেষ করে ভোজ্য তেল, কেরোসিন, সাবান, জামাকাপড়ে আমরা বৃদ্ধি করতে চাই। আমি এটা সংক্ষেপ করে বলছি।

কৃষিতে এর সংক্রান্ত ক্ষেত্র নিয়ে ওরা বলছে, দেড় লক্ষ কর্মসংস্থান বৃদ্ধি আপনারা কি করে করছেন? একটা সহজ হিসেব গ্রামাঞ্চলে রাখা হয়, যদি এক হেক্টর জমি অতিরিক্ত সেচসেবিত হয়—এক হেক্টর মানে ২.৪৫ একর—এক এর জায়গায় দুটো ফসল হলেই অন্ততঃ একজন মানুষের অতিরিক্ত কর্মসংস্থান হবে,

তার চেয়ে বেশিও হতে পারে। দেড় লক্ষ হেক্টর থেকে তাই আমরা দেড় লক্ষ মানুষের অতিরিক্ত কর্মসংস্থান ধরেছি। আরও বেশি ধরতে পারতাম, কম করে ধরেছি। প্রাণী সম্পদ থেকে এখন বোধ হয় প্রাণীসম্পদ মন্ত্রী জেলা সভাধিপতিদের নিয়ে একটি বৈঠক ডেকেছেন, তারা বলছে—আরও অতিরিক্ত ৪০ হাজার কর্মসংস্থান করব, যা ধরেছেন তার বাইরে। আমি তো সেটা ধরিনি, আমি তো দেড় লক্ষ কম করে ধরেছি।

শিল্পক্ষেত্রে উৎসাহ দান প্রকল্পকে আকর্ষণীয় করা, অতিরিক্ত শিল্প আনার সঙ্গে সঙ্গে ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে যে উদ্যোগ আছে—সাধন পান্ডে না কে বললেন, ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড ক্ষুদ্রশিল্পের জন্য কেউ করে না, আপনি কি করে করলেন? উনি সর্বশেষ খবরটা জানেন না। গত মাসেই কেন্দ্রিয় যোজনা কমিশনে—অধ্যাপক এস. পি. গুপ্ত—যিনি খুব বিখ্যাত অর্থনীতিবিদ্—তাঁর নেতৃত্বে একটা কমিটি হয়, তারা একটা সুপারিশ জমা দিয়েছে, তাতে বলেছে—'ক্ষুদ্র শিল্পের জন্য ভেঞ্চার ক্যাপিটাল ফাণ্ড করতে পারলে খুব ভাল হয়।' সমস্ত দেশের মধ্যে আমরাই প্রথম স্থাপন করলাম। উনি জানেন না, বলে দিলেন—কেন করলেন? এবং তার সঙ্গে প্রযুক্তি উদ্যান, উত্তর-দক্ষিণ বঙ্গ এবং পশ্চিমাঞ্চলের জন্য একটি করে ২০ কোটি ২০ কোটি করে বরাদ্দ করা হয়েছে।

রুগ্ন ও বন্ধ কলকারখানা নিয়ে আর একবার একটু বলতে হবে। কেননা, আমরা বলেছি যে, মাসে মাসে ৫০০ টাকা দিয়ে এটা চলবে, প্রায় ৪০ হাজার শ্রমিক এতে উপকৃত হচ্ছেন। একজন বললেন—৫০০ টাকাতে কি হয়? তাতে যদি কিছুই না হয়, তাহলে যে এন. ডি. এ. তে ছিলেন, আবার ঢোকবার চেষ্টা করছেন—সেই এন. ডি. এ. কেন্দ্রীয় সরকার সারা দেশে যেখানে ৩ লক্ষ কলকারখানা বন্ধ আছে, সেখানে এই প্রকল্প চালু করেননি কেন? কেনা রাজ্য সরকার এটা চালু করেনি কেন? ওরা কি বলছে জানি না, কিন্তু ওদের দলের যেগুলো শ্রমিক সংগঠন, তারা তো সাধুবাদ জানিয়েছে। আপনারা কি করে কাজ করেন, আপনাদের নিজেদের মধ্যেই তো যোগাযোগ নেই? বন্ধ কলকারখানার ক্ষেত্রে এই প্রকল্প চালু থাকবে। এই নতুন প্রকল্পটা মার্চ মাসে চালু হয়েছে। মাঝে ৪ মাস গেছে, ২ মাস নির্বাচনের জন্য কাজ হয়নি। এই প্রকল্পে ৪ মাসের মধ্যে ৭৫টি প্রস্তাব জমা পড়েছে। প্রশ্ন করেছেন—১০০ কোটি টাকা রেখেছিলেন, তাতে কম হল কেন? গত আর্থিক বছরের মার্চ মাসে প্রকল্পটি ঘোষণা করা হয় একাধিক ব্যাঙ্ক-ট্যাঙ্কের

সঙ্গে আলোচনা করে। এর মধ্যে ৮টার ক্ষেত্রে মঞ্জুর হয়ে গেছে ১৫ কোটি ৮৪ লক্ষ টাকার মত, ৫টির ক্ষেত্রে টাকা নিয়েছে, ৪টি খুলেছে। ওরা বিশ্বাস করতে চাইছেন না, নাম জানতে চেয়েছেন কেউ কেউ। ওখানকার বিধায়ক বোধহয় জানেন না, অন্নপূর্ণা কটন মিলের শ্রমিকরা পেমেন্ট পেয়ে গেছে, কারখানাটা খুলে গেছে। জানেন না বেঙ্গল কটন মিল খুলে গেছে। জানেন না কৃষ্ণাগ্লাস সিন্ডিকেট খুলে গেছে, প্যাসিফিক কটস্প্রিং খুলে গেছে। একটা কথা মাননীয় সভাপতি মহাশয়ের মাধ্যমে বলছি—খুব স্তম্ভিত হয়ে গেছি—ডানভার কটন মিল খুললে ১ হাজার শ্রমিক কাজ পাবেন, ৭ কোটি টাকা আমরা দিয়েছি। সেই কারখানা খোলার জন্য মহামান্য হাইকোর্টের কাছ থেকে বিশেষ অনুমতি নেওয়ার প্রয়োজন আছে, অনুমতি নিতে হয়। কিন্তু সংশ্লিষ্ট পৌরসভার পৌরপ্রধান, তিনি বিরোধিতা করে বলছেন—আমাদের কি খুচরো পাওনা আছে সেটা না দিলে খুলতে পারবে না। আরে, কারখানাটা খুলতে না পারলে কি করে দেবে? এটা বুঝতে পারছেন না? ওরা তো বিরোধিতা করছেন। কোন নৈতিক অধিকারই নেই। ওরা ওদের আমদানি নীতির জন্য কারখানা বন্ধ করছেন। কোনও রাজ্যই এগিয়ে আসেনি, আমরা খোলবার চেষ্টা করছি। সেখানে স্থানীয় ভাবে বিরোধিতা করছেন? এখানেও বিরোধিতা করছেন? ওদের মুখোশ খুলব না? শুধু গোলমাল করে, ভাঙচুর করে চলে গেলে হবে? এখানে উপস্থিত আছেন যারা, গণ মাধ্যমের প্রতিনিধিদের মাধ্যমে এটা জানিয়ে রাখলাম এবং এটা যাতে ত্বরান্বিত হয়।

[2-30 — 2-40 p.m.]

এটা যাতে ত্বরান্বিত হয় বি. আই. এফ. আরের মত নয়, স্থানীয় রাজ্যস্তরে আমরা একটা বিশেষজ্ঞ কমিটি করতে যাচ্ছি। সৌগত রায় বললেন ওখানে আপনি শিল্পপতিদের ঢোকাচ্ছেন না। শুধু শিল্পপতি তো নয় রাজ্য সরকারের প্রতিনিধি, শ্রমিকদের প্রতিনিধি, বিশেষজ্ঞ এবং নাগরিক সভার প্রতিনিধিদের নিয়ে এই কমিটি যাতে তাড়াতাড়ি কেসগুলো দেখে, বিচার করে দিতে পারে এটাকে আপনারা সহযোগিতা করবেন না? মাননীয় সভাপতি মহাশয়, আমি সংক্ষেপ করে বলছি যে ওরা বারেবারেই বলছেন "আপনি কর্মসংস্থান বাড়ানোর কথা বলছেন কিন্তু সংগঠিত ক্ষেত্রে তো কর্মসংস্থান বাড়ছে না।" বলে ভাল করেছেন। হ্যাঁ, সংগঠিত ক্ষেত্রেও বাড়ছে। ওই আর্থিক সমীক্ষায় বোধ হয় ৪.৪৩ এ আছে। তাড়াহুড়োতে পড়েন নি বোধহয়। সেখানে যা বৃদ্ধি পেয়েছে, কোথাও কমেছে। দু দিকে স্রোত কাজ করছে।

বৃদ্ধি পেয়েছে সাধারণভাবে বেসরকারি সংগঠিত ক্ষেত্রে। বৃদ্ধি পেয়েছে, সামান্য হলেও বৃদ্ধি পেয়েছে। বৃদ্ধি পেয়েছে রাজ্য সরকারে। ৮৫-২০০০ সালের আমি তথ্য পেয়েছি। ২৫ হাজার রাজ্য সরকারের কর্মী সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আমি তো এর মধ্যে পঞ্চায়েতকে ধরলাম না। আরও অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। কমেছে একটা জায়গায়। ওই কেন্দ্রীয় সরকারে। ঠিক ওই সময়ে ৮৫-২০০০ এ ৩৮ হাজার কমে গেছে এবং গত এক বছরে ১০ হাজার কমেছে। ওদের কমাটাই টেনে নামাচ্ছে। তাই পালিয়ে গিয়ে ভাল করেছেন। আমি তো ধরতাম এখানে। সংগঠিত শিল্পে রাজ্য সরকার বাড়িয়েছে। কমিয়েছে ওরা। এতদসত্ত্বেও বেড়েছে। ওদের বিরোধিতা সত্ত্বেও বেড়েছে। বলার কোনও নৈতিক অধিকারই ওদের নেই। যদি দূরেও বসে থাকেন। নিজের ঘরেও বসে থাকেন—শুনুন, বিধানসভা তো এখন চলবে তখন পারলে আবার আপনাদের ধরব। মাননীয় সভাপতি মহাশয়, এখানে দাঁড়িয়ে একটা কথা বলছি, লক্ষ্য করবেন আমি যে ৬ লক্ষ বলেছি তার মধ্যে এক লক্ষ স্বনির্ভর কর্মসূচীর মাধ্যমে, সেটা একটু বেশিও হতে পারে, কোনও কোনও ইউনিটে একের জায়গায় বেশিও কাজ পেতে পারেন, আমি কমটা ধরেছি। কৃষিতে খুব কম করে ধরে দেড় লক্ষ থেকে আড়াই লক্ষ। আর স্বনির্ভর গোষ্ঠিতে ৩০ হাজার যেহেতু ২৭ হাজার ইতিপূর্বেই হয়েছে, তিন লক্ষ। স্বাস্থ্যকর্মী ৫০ হাজার, রাজ্য সরকার নিজে বেতন দেবে ৫০ হাজার নিয়ে ৬ লক্ষ। এর বাইরে যেটা উৎপাদন বাড়বে। হলদিয়া অনুসারী শিল্পে ৯০০ টি ক্ষুদ্রশিল্প এখনই নথিভুক্তকরণ করেছে। আমি সেটা ধরিনি। আমি অন্তত ৬ লক্ষ বারবার বলেছি। বারবার বলছি ৬ লক্ষ। মানে ৬ অথবা বেশি। ভাঙা বছরে এই লক্ষ্যমাত্রা রেখেছি। এই হচ্ছে তার বাস্তব ভিত্তি। ওরা বলেছেন যে পরিকাঠামো কোথায়? আমাদের দুর্বলতা ছিল। গ্রামীণ বিদ্যুতায়নে ছিল কিন্তু গত বছরে আমরা ৭৭ থেকে ৮২ শতাংশে তুলতে পেরেছি। এই বছর ওরা যে প্রকল্প নিয়েছেন তাতে ৮৭ শতাংশ তুলতে চান। আমি অতটা ধরিনি। আমি ৮৫ শতাংশ ধরেছি এবং পশ্চিমাঞ্চলের জেলাগুলি যেখানে বিশেষ করে গরিব অবস্থায় আছে। উত্তরবঙ্গ ধরে, তার জন্য অর্থ বরাদ্দ করে তাতে ট্রান্সফরমার, তার পোলান, ওরা ডিমান্ডগুলি দিতে শুরু করেছেন। চাহিদাগুলি দিতে শুরু করেছেন। এই লক্ষ্যমাত্রা এইভাবে আমরা করতে চাইছি। রাস্তার ক্ষেত্রে বোধ হয় মাননীয় সৌগত বাবু—ওর ভুলটা আগের বারে শুধরে দিয়েছিলাম মনে রাখেন নি। উনি বলছেন এই রাজ্যের রাস্তা খুবই কম। এর চেয়ে কর্ণাটকে অনেক বেশি রাস্তা। উনি ঠিক রাস্তার তুলনা করতে জানেন না। রাস্তার

তুলনা করতে হয় রাজ্যের আয়তনকে দিয়ে রাস্তার দৈর্ঘকে ভাগ করে বর্গকিলোমিটার প্রতি কত রাস্তা। ইন্ডিয়ান রোড কংগ্রেসের চিরকালীন যে নিরিখ তাতে সারা দেশের রাস্তা হচ্ছে বর্গকিলোমিটারের মধ্যে .৫৬ কিলোমিটার সারাদেশের রাস্তার দৈর্ঘের গড় পশ্চিমবাংলায় হচ্ছে .৮৬ কিলোমিটার, তার থেকে অনেক উঁচুতে। উনি বলছিলেন কর্ণাটকে কত বেশি। কর্ণাটকে বস্তুত তার চেয়ে কম। এটা ইকনমিক রিভিউতে দেওয়া আছে .৭৩। পশ্চিমবাংলার থেকে কম। উনি বলছেন তামিলনাড়ুতে আরও কম। বস্তুত আমাদের উপরে আছে পাঞ্জাব আর মহারাষ্ট্র। আর কোনও রাজ্য নয়। ভুলটা শুধরে দিলাম। সেখানে দাঁড়িয়ে পূর্ত ও পূর্ত সড়ক দপ্তরের বরাদ্দ প্রায় ১ হাজার কোটি টাকা। ৯ হাজার ৫০ এরও বেশি উন্নীত করা হয়েছে। বস্তুত এটা খুব বড় আকারে বাজেটে রাখা হয়েছে। ওরা বলছেন যে আপনি এখানে বেসরকারিকরণ করছেন। বেসরকারিকরণ করার বিষয় নয় সভাপতি মহাশয়।

মূল দায়িত্বটা করবেন সরকার। ৯৫ ভাগেরও বেশি করবেন সরকার। বস্তুত ৯৭ ভাগেরও বেশি। আমরা বলছি যে যে রাস্তার পাশে জায়গা এমন থাকবে, যেখানে এর সঙ্গে শিল্পোদ্যান বা ইত্যাদি করা যাবে, সেখানে আপনারা যৌথ উদ্যোগে এগিয়ে আসুন। তারাও তাই চাইছেন। যৌথ উদ্যোগ অনেকদিন ধরেই নীতিগতভাবে স্বীকৃত হয়ে আছে। এটা বলার কিছু নেই। মাননীয় সভাপতি মহাশয়, স্বাস্থ্য ক্ষেত্রে একটা বক্তব্য আমি তো ছাড়ব না, কারণ যেগুলি বলেছেন, না থাকলেও উত্তরগুলি দিয়ে দেব। তা না হলে বলবেন উত্তর দেয়নি ইত্যাদি, ইত্যাদি। স্যার ওরা একটা কথা বলেছেন যে জন্মহার কমছে কিনা, মৃত্যু হার কমছে কিনা এবং শিশু মৃত্যুর হার কমছে কিনা। মনে হয় মৃত্যুর হার কমেছে। আমি মানছি জন্ম হার কমছে। মানছি বস্তুতঃ মৃত্যু হার এ আমাদের স্থান কি কেরালার পরে। মানে কমের দিক থেকে মানে ভালোর দিক থেকে দ্বিতীয়। ৭.৯ হাজার প্রতি। আর ৬.৪ হচ্ছে কেরালায়। জন্ম হার জানবেন তৃতীয় সাধারণভাবে। কিন্তু নগর এলাকায় হচ্ছি আমরা প্রথম। উনি বললেন সবই তো বুঝলাম, তাহলে আপনাদের আয়ু সেটা বাড়ছে না কেন? উনি তথ্যটা জানেন না। তাই তথ্যটা ভুল দিচ্ছেন। এখানে তথ্যটা হচ্ছে এই রকম যে, আমাদের স্থান ছিল আমাদের ৮১ সাল থেকে ১৯৮৮ সালের কথা বলছি আমাদের স্থান ছিল নবম স্থান। একেবারে সেখান থেকে ধাপে ধাপে উঠে আমরা পঞ্চম স্থানে উঠে এসেছি। আমাদের এটা মহিলাদের মাধ্যমে বলা হয়—প্রায় ৬৭.২ তাদের আয়ু হয়েছে। আবার কি তামিলনাড়ুতে ৬৭.৫ এর

কাছাকাছি চলে এসেছি। ওটা খণ্ডন করে দিলাম। আর কি। এরপরে প্রশ্নটা এসেছে শিক্ষা নিয়ে। শিক্ষা নিয়ে আর একটা প্রশ্ন কে যেন করেছিলেন যে, "এটা কিরকম তথ্য যে আপনাদের পি এইচ সি-র সংখ্যা বাড়ছে, অথচ আপনাদের কমে যাচ্ছে বেডের সংখ্যা।" এটা উনি আবার একটু গোলমাল করে ফেলেছেন। আমি তাই হিসাব দিয়ে দিচ্ছি যে একটু যদি খুঁটিয়ে দেখতেন তাহলে দেখবেন যে ঠিক যে সারণীতে আছে, ঠিক প্রাইমারী হেলথ সেন্টার, রুরাল হসপিটালের বেডের সংখ্যা ঠিক সেটাই কমেছে ঠিক যে সংখ্যক রুরাল হসপিটালের সাবডিভিশন হসপিটালে উন্নীত হয়ে গেছে। তাই ঠিক যে বছর সাবডিভিশন হসপিটালে উন্নীত হয়েছে, ওই বেডগুলি উন্নীত হয়ে ওখানে চলে গেছে। তাই যদি কেউ যোগফল দেখেন তাহলে দেখবেন বেডের সংখ্যা বেড়ে গেছে। উনি সারণীটা পড়তে গিয়ে গোলমাল করে ফেলেছেন। ওটা ধীরে ধীরে পড়তে হয়। উনি বোধ হয় পড়তে পারেননি বা ভুলে গেছেন পড়তে তাই যোগেও ভুল করে ফেলেছেন তাই যোগেও গোলমাল করে ফেলেছেন। আমি ভুলটা শুধরে দিলাম। মাননীয় সভাপতি মহাশয়, আমরা শিক্ষাক্ষেত্রে সর্বজনীন শিক্ষায় সবচেয়ে গুরুত্ব দিয়েছি। বস্তুত এখানে কেউ আই. আই. এম এর পুরনো তথ্য বলছিলেন সেটা বোধ হয় ৯৫ ৯৬ সালের। মাননীয় সভাপতি মহাশয়, অধ্যাপক রাঘব চট্টোপাধ্যায় প্রমুখরা করেছিলেন যেটা আপনারা জানেন না গত দু বছর ধরে ডি. পি. ই. পি একটা আরও নিবিড়ভাবে সমীক্ষার কাজ করেছে, সেই তথ্যটা জানেন না বলেই গোলমাল করে ফেলেছেন। সার্বজনীন শিল্পীর ক্ষেত্রে ৮৫-তে ওরা বলেছিলেন আই. আই. এম. ২৫ শতাংশ গ্রামে নাকি কোন প্রাথমিক বিদ্যালয় নেই। কোনও বিতর্কে গিয়ে আমার দরকার নেই। ওই সংখ্যাটা দিয়েই আমরা এগোই। আমাদের ৩৮ হাজার গ্রাম। যদি ২৫ হাজার গ্রামে একটা করে প্রাথমিক বিদ্যালয় দিতে হয়, হিসাবে ৯ হাজার ৫শোর মত লাগে। আমরা ঠিক তাই গত ৪ বছর ধরে শিশু শিক্ষা কেন্দ্র আমরা বলেছি ১০ হাজার অতিরিক্ত স্থাপিত হোক। এবং ২ হাজার ৫শো প্রাথমিক বিদ্যালয়, চিরাচরিত প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হোক। ১০ হাজারের মধ্যে ৮ হাজার হয়ে গেছে। ২৫০০'র মধ্যে ১ হাজার ৪শো হয়ে গেছে। এতদসত্ত্বেও আরও ৫ হাজারের প্রস্তাব আমরা রেখেছি এবং কোথাও কোনও শূন্য স্থান না থাকে। আরেকটা গুরুত্বপূর্ণ বিষয় যেটা বলে রাখি এই ডি. পি. ই. পি সমীক্ষা তার থেকে বেরিয়ে আসছি বিশেষ করে এনরোলমেন্টের বিষয়টা যেটা ওরা তুলেছেন এবং ড্রপ আউটের বিষয়টা যেটা মাঝে মাঝেই বলেছেন, জাতীয় নমুনা সমীক্ষা, আই. আই. এমের তথ্যগুলো হচ্ছে ৯৪-৯৫-৯৬ তে তখন

ড্রপ আউট এর যে ফিগারটা বলা হত সেটা হচ্ছে ২০ শতাংশ, প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত যেতে।

[2-40 — 2-50 p.m.]

সর্বশেষ সমীক্ষায় এটা কমে এসেছে ডি. পি. ই. পি. সমীক্ষায় ৬ টি জেলায় যেটা করা হয়েছিল, ১৪ পারসেন্টে নেমে এসেছে। বোধ হয় সৌগত রায় বলছিলেন যে আপনাদের এনরোলমেন্ট ৭৮ পারসেন্ট কেন, অন্য রাজ্যে এটা ৯০ পারসেন্টের কাছাকাছি। সর্বশেষ যে সমীক্ষার রিপোর্ট পাচ্ছি ২০০০-০১ সালের সেটাতে ৯০ পারসেন্ট এনরোলমেন্ট হয়েছে, এবং হয়েছে শিশু কেন্দ্রের মাধ্যমে। ডি. পি. ই. পি.-র যে রিপোর্ট বেরিয়ে এসেছে, সেখানে বলছে পশ্চিমবঙ্গ সরকার যেটা করেছেন সেটা খুব ভালো কাজ করেছেন তাই এই সংখ্যাটি আমরা বৃদ্ধি করেছি। কোথাও কোথাও প্রাথমিক স্কুলের জন্য ঘরবাড়ির দরকার তার জন্য অতিরিক্ত ৪১ কোটি টাকা জেলাকে বন্টন করে দেওয়া হয়েছে। ওঁরা এখানে নেই, তবুও আমি বলে রাখলাম। বৃত্তিমূলক শিক্ষার সুযোগ পাইয়ে দেওয়ায় সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে এখন থেকে ৫ বছর আগে ডিপ্লোমা, ডিগ্রি নিয়ে ১৩৫০০ মতো সুযোগ পেতেন। এখন সেটা ৩৫ হাজারে পৌঁছেছে। এই সংখ্যাটা ৫০ হাজার অতিক্রম করাতে চাইছি এবং ইঞ্জিনীয়ারিং কলেজের সংখ্যাটা অন্ততঃ ১০০তে তুলতে চাইছি। এই কাজের মূল দায়িত্ব আমি পরিষ্কার ভাবে বলছি— এখানে কে যেন বললেন আপনারা বেসরকারিকরণ করছেন, মাহিনা ঢুকিয়ে দিয়েছেন। এতো অন্যদিকে যাচ্ছে—খুব পরিষ্কার করে বলা ভালো একাদশ অর্থ কমিশন লিখে জানিয়েছে ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে শিক্ষায় সব চেয়ে বেশি যে সরকার দায়ভার গ্রহণ করেছেন প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সেটা পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার করেছে এবং কেরালার থেকে বেশি। আমরা যে প্রস্তাব আনছি এই বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে—অতিরিক্ত ব্যয় বরাদ্দ-এর প্রশ্নে আসছি এবং তার মূলটা রাজ্য সরকারই বহন করবে। আমাদের হিসাবে সামগ্রিক ভাবে রাজ্য সরকার যে রকমভাবে বহন করে যাচ্ছিল ৯৮ পারসেন্ট-এর বেশি রাজ্য সরকার বহন করবে কোন একটি স্তর থেকে। যারা দুঃস্থ তাদের কোথাও বাড়াবো না। নিম্ন আয়ের মানুষ এবং যারা সম্পন্ন বাড়ির ছেলেমেয়ে তাদের সামান্য বৃদ্ধি করা যায় কিনা সেটা আলোচনার মাধ্যমে শুরু করব—কোন স্তর থেকে? প্রাথমিক স্তর থেকে নয়, অষ্টমশ্রেণী পর্যন্ত নয়। কোন স্তর থেকে—মাধ্যমিক, না উচ্চ মাধ্যমিক থেকে

সেটা আমরা আলোচনার মাধ্যমে ঠিক করব যে প্রথম আমরা কোথা থেকে শুরু করব এবং সেখানে নিম্ন আয়ের পরিবার নয়, তার পরে ঠিক কত সামান্য বৃদ্ধি করা যায় দেখব। সামগ্রিক ভাবে ৯৮ পারসেন্ট ভারতবর্ষের কোনও সরকার বহন করে না, সেটা আমরা বহন করছি। আমরা বলেছি বেসরকারি উদ্যোগ শিক্ষাতে আসুক, বেসরকারি উদ্যোগ তো শিক্ষাতে আছেই, রামকৃষ্ণ মিশন তো বিদ্যালয় চালান, অনেকগুলি প্রতিষ্ঠান চালান। তারা যেখানে আসতে চান আসবেন। আমরা বলেছি আসুন কিন্তু দুটি শর্তে, একটা বলা হয়েছে আরেকটা বলেই দিচ্ছি যে ছাত্রের যেটা মাসিক বেতন তার একটা উর্ধ্বসীমা থাকবে। গরিব ছাত্রদের ক্ষেত্রে কিন্তু বাড়ানো চলবে না। আর শিক্ষক মহাশয়দের বেতন তার একটা নিম্নসীমা থাকবে, তার নীচে দেওয়া যাবে না। এই শর্তে এবং শিক্ষকদের যা গুনমান এবং অন্যান্য বজায় রেখে করতে হবে। এটা পরিষ্কার যে এখানে মূল দায়িত্বে থাকবে সরকার। সামান্য একটা জায়গায় সামাজিক দৃষ্টিভঙ্গি রেখে পরিষ্কারভাবে আমরা বলেছিলাম আর বিশ্ববিদ্যালয় স্তরে—সাধন পান্ডে না কে যেন বললেন যে কি জৈব প্রযুক্তি-টযুক্তি লাগাচ্ছেন মশাই—আমি কারোর সম্বন্ধে কোনও বিরূপ মন্তব্য করছি না, জানবেন যে শিল্প আত্মপ্রকাশ করতে চলেছে আগামী ১০ বছরে সেটা কিন্তু তথ্য প্রযুক্তিকে ছাপিয়ে জৈব প্রযুক্তি এবং জ্ঞান ভিত্তিক শিল্প, যেটাতে আমরা একটা অগ্রণী ভূমিকা নিতে চাই। তাই বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় সমূহকে নিয়ে আমরা আলোচনা করব যৌথ উদ্যোগে এই রকম জৈবপ্রযুক্তি আন্তর্জাতিক মানের কোনও একটা প্রতিষ্ঠান করা যায় কিনা তার জন্য। একইভাবে সমাজ বিজ্ঞান, যার সাথে পরিচালন বিজ্ঞান থাকবে, তার একটা প্রতিষ্ঠান করা যায় কি না। এর জন্য টেন প্লাস টেন ২০ কোটি টাকা বরাদ্দ করেছি। এটাতে একজন বিরোধিতা করেছেন, অন্যরা কেউ করেননি। যিনি করেছেন আশা করি তিনি শুধরে নেবেন ব্যাপারটা বুঝে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সমগ্রটা নিয়ে পরিকল্পনা ব্যয় আমরা যতটা বৃদ্ধি করেছি—ওঁরা কিছু প্রশ্ন তুলেছেন পরিকল্পনা ব্যয় নিয়ে, ঘাটতি নিয়ে। আমি প্রত্যেকটাই খণ্ডন করে দিলাম। পরিকল্পনা ব্যয় আমরা ২৩ পারসেন্ট বৃদ্ধি করে ৭ হাজার ১১১ কোটি টাকায় উন্নীত করার প্রস্তাব রাখছি। পরিকল্পনা বহির্ভূত ব্যয়—উনি বলেছেন এটা তো বাড়াচ্ছেন। ১৫ পারসেন্ট হারে পরিকল্পনা বহির্ভূত ব্যয় বাড়ছে ২২১২৮ কোটি টাকা। সামগ্রিকভাবে ২৯২৩৯ কোটি টাকা এটা বাড়ছে ১৮ পারসেন্ট হারে। মোট বাজেট—পরিকল্পনা বাজেট ২৩ পারসেন্ট, পরিকল্পনা বহির্ভূত ১৫ পারসেন্ট। এখানে প্রশ্ন করেছেন বোধহয় মাননীয় দীপক ঘোষ মহাশয় না

আরেকজন কে করলেন মাননীয় তারক বন্দোপাধ্যায় মহাশয় না কে করলেন যে, আপনাদের তো পুঁজি ব্যয়, ক্যাপিটাল এক্সপেন্ডিচার বাড়ছে না। তিনি বোধ হয় ঠিকমত পড়ে দেখেন নি যে, গত বছর মোট বাজেটের ১৬ পারসেন্ট ছিল ক্যাপিটাল এক্সপেন্ডিচার, এবারে ২৯ হাজার ২৩৯ এর মধ্যে ৫ হাজার ৭৭০, ২০ পারসেন্ট বৃদ্ধি পেয়েছে। একজন কে বলছিলেন তাপস রায় মহাশয়, তিনি বলছিলেন, তিনি আবার একটু পেঁচিয়ে-টেচিয়ে বলছিলেন যে, আপনি ভাল ছাত্র কিন্তু পার্টি আপনাকে ফেল করিয়েছে। আমি বলছি যে, আমরা দলগতভাবে কাজ করি, ওদের মানসিকতা দিয়ে আমাদের পার্টি চলে না, আমাদের বামফ্রন্ট সরকার চলে না। ওঁরা বলছেন যে, আপনারা তো প্রকল্পে কেন্দ্রীয় সরকারের টাকা খরচা করতে পারেন না। এটা আমি একাধিকবার ভুল শুধরে দিয়েছি যে—পরিকল্পনার আয়তন যেটা কেন্দ্র ও রাজ্য মিলে স্থির হয়, তাতে কেন্দ্র বেশি টাকা দেয় না, যা পরিকল্পনা বরাদ্দ হয় তার ৩০ পারসেন্ট আগে কেন্দ্র দিতেন সেন্ট্রাল প্ল্যান অ্যাসিস্ট্যান্সে, এখন সেটা কমে ২৫ পারসেন্টে এসেছে, আর ৭৫ ভাগ রাজ্যকে যোগাড় করতে হয়। ওরা ঐ যে ২৫ পারসেন্ট দেন তার মধ্যেও ৭০ ভাগ ঋণ, চড়া সুদে ঋণ। ওঁরা বলছেন সেটা কি খরচা করতে পারলেন না? মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে বলছি, ওঁরা যদি ঘরে বসে থাকেন, নোট নেন—পঞ্চম যোজনার সময় যখন ওঁরা ছিলেন—রাজ্যেও ছিলেন, দিল্লিতেও ছিলেন, কোনও বিরোধিতা ছিল না, তখন পঞ্চম যোজনার আয়তন মান এগ্রিড অ্যালটমেন্ট বরাদ্দ ছিল ১,২৪৭ কোটি টাকা এবং খরচা করতে পেরেছিলেন ৮৩৯ কোটি টাকা অর্থাৎ ৬৭ পারসেন্ট, তার বেশি খরচা করতে পারেন নি। ষষ্ঠ যোজনায় আমরা এসে গেছি, ওঁদের সময় আয়তন ছিল শিশু আয়তন, ষষ্ঠ যোজনায় আমরা আয়তন বাড়ালাম, ষষ্ঠ যোজনায় বরাদ্দ ছিল ৩,৫০০ কোটি টাকা, খরচা করতে পেরেছিলাম ২,৫০৬ কোটি টাকা অর্থাৎ ৭২ পারসেন্ট খরচা করতে পেরেছিলাম, বাকিটা পারলাম না, কারণ ওঁরা টাকা দেন নি। ব্যাপারটা একটু বলা ভাল, মাননীয় সভাপতি মহাশয়, এই ষষ্ঠ যোজনার সময় যেখানে অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী টাকাটা আমাদের বঞ্চনা করা হয়, সেই টাকা পেলে এটা ৮০ পারসেন্ট অতিক্রম করে যেত।

সপ্তম যোজনায় ৪,১২৫ কোটি টাকা বরাদ্দ, ওঁরা দেন না, ওঁদের যা ছিল তা থেকে কম দিয়েছেন, ৪,১২৫ কোটি টাকা ছিল বরাদ্দ, সেটা অতিক্রম করে ৪,৬১৪ কোটি টাকা খরচা করলাম। উনি ভুল বলেছেন, বেশি খরচা হয়েছে ১১৮ পারসেন্ট অষ্টম যোজনায় ৯,৯৩০ কোটি টাকা আয়তন স্থির হয়, খরচা করি ৮৪ পারসেন্ট

৮,৩৬১। কেন পারিনি। দুটি কারণে পারিনি। একটি হচ্ছে কোল রয়ালটি সব রাজ্যকে যে হারে দেওয়া হয়েছিল, আমাদের দেবেন বলেছিলেন বছর বছর ২০০ কোটি টাকা, ৫ বছরে ১,০০০ কোটি টাকা দেননি। কনসাইনমেন্ট ট্যাক্স লাগাবেন বলেছিলেন, দেননি। এটা যোগ করলে হয় ১,৬০০ কোটি টাকা, এটা যোগ করলে ঠিক ১০০ ভাগ হয়ে যায়। ওঁরা দেননি বলে আমরা পারিনি। আর নবম যোজনায় যার মধ্যে আমরা আছি, ১৬ হাজার ৯০০ কোটি টাকার এই প্রকল্প। মাননীয় সভাপতি মহাশয়, আমরা ৮০ পারসেন্ট ৪ বছরের মধ্যে খরচা করে ফেলেছি এবং ৫ বছর অতিক্রম করে চলে যাব। মাননীয়া শ্রীমতি মঞ্জু বসু তাঁকে সম্মান জানিয়ে বলা উচিত, তিনি বললেন,—আপনি বলেন এক রকম ঘাটতি, কিন্তু অনেক বেশি ঘাটতি হয়ে যায়। মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া সদস্যাকে জানাচ্ছি যে, এ. জি. অ্যাকচুয়াল বলে—যার উপরে কোনও কথা নেই, ১৯৯৭-৯৮ সালে আমি বলেছিলাম রাজ্যের বাজেটের মোট ঘাটতি হবে ১০ কোটি টাকা, ঘাটতি হয়নি, উদ্বৃত্ত হয়েছে ২৩৮ কোটি টাকা।

১৯৯৮-৯৯ সালে আমরা বলেছিলাম ঘাটতি হবে ১০ কোটি টাকা, কিন্তু উদ্বৃত্ত হয়েছে ১৯৮ কোটি টাকা, কোনও ঘাটতি হয়নি। ১৯৯৯-২০০০ সালে ১৬ কোটি টাকা হবে বলেছিলাম। কিন্তু সেই বছরও ঘাটতি হয়নি, ৩৬ কোটি টাকা উদ্বৃত্ত হয়েছে। ওঁরা বলছেন ঘাটতির কথা বলেন, ঘাটতি বাড়ে। কিন্তু আমি বলছি ঘাটতি বাড়ে না। আমি একটা নিয়ন্ত্রণ রাখার চেষ্টা করি, সকলে মিলে। মাননীয় সভাপতি মহাশয়, ওঁরা বলেছিলেন, কি হবে? এত যে ঋণের ভার বাড়ছে? বাজেটের খবরটা জানেন না। এটা আমি সঙ্গে করে এনেছি—এটা রিজার্ভ ব্যাঙ্কের সর্বশেষ প্রকাশিত তথ্য ছিল, ডিসেম্বর ২০০০, স্টেট ফিনান্স কমিশন বলে,

[2-50 — 3-00 p.m.]

তার পাতাটা বোধ হয় ২১। তাতে বলা আছে ঋণভারকে রাজ্য সরকারের মোট আয়ের অংশ হিসাবে দেখতে হবে। সে হিসাবে পশ্চিমবঙ্গে তা ২৫ শতাংশ; উত্তরপ্রদেশে ৩০ শতাংশ, রাজস্থানে ৩১ শতাংশ, পাঞ্জাবে ৩৯ শতাংশ। উড়িষ্যায় বোধ হয় ৪৪ শতাংশ, হরিয়ানায় বোধ হয় ২৭ শতাংশ। ভারতবর্ষের সব রাজ্যগুলির চেয়ে আয়ের অংশ হিসাবে ঋণ বোঝার ভার আমাদের অনেক কম। এটা রিজার্ভ ব্যাঙ্কের প্রকাশিত তথ্য ওঁরা জানেন না, তাই আমি আর একবার বলে দিলাম।

মাননীয় সভাপতি মহাশয়, এরপর আমি বলছি, আমরা বাইরে থেকে বেশি ঋণ করিনি। কেন্দ্রীয় সরকার পরিকল্পনা খাতে যে সাহায্য দেন তার ৭০ শতাংশই ঋণ। আর স্বল্প-সঞ্চয়ের ক্ষেত্রে অন্যায়ভাবে একটা ঋণ-ভার আমাদের ওপর চাপানো হয়েছে। আমরা এ ব্যাপারে বারংবার বলছি। ধরুন কোনও একটা বছরে রাজ্য যদি স্বল্প সঞ্চয় থেকে ১২০ কোটি টাকা পায়, তারপর কেউ ২০ কোটি টাকা ফেরত চায় তাহলে ১২০ কোটি টাকা থেকে সেই অংশটা ফেরত দেয়ার জন্য কাটা যায় এবং সেটা কেটে ১০০ কোটি টাকা নীট্ হয়। সেখান থেকে আবার সুদ বাবদ ২০ কোটি টাকা কাটা যায়। তারপর সেটা হয় ৮০ কোটি টাকা। অর্থাৎ সুদ কেটে নেয়ার পরে যেটা থাকে সেটা উদ্বৃত্ত। সমস্ত সুদ আসল ফেরত দেয়ার পরেও ওঁরা উদ্বৃত্তের বোঝাটাও আমাদের ওপর চাপিয়ে দিচ্ছেন। এটা আমাদের কাছে একটা কৃত্রিম বোঝা। এটা নিয়ে বারংবার কেন্দ্রীয় সরকারকে বলার পর ওঁরা এখন একটা কমিটি করে দিয়েছেন। যদি ওঁরা এই ভারটা সরিয়ে নেন তাহলে এ-ক্ষেত্রে আমাদের ঋণ-ভার অর্ধেকে চলে আসবে।

মাননীয় সভাপতি মহাশয়, রেভিনিউ ডেফিসিট বা রাজস্ব ঘাটতি সম্বন্ধে এখানে কিছু কথা বলা হয়েছে। সর্বশেষ এ. জি.-র অ্যাকচুয়ালস রিজার্ভ ব্যাংক যা প্রকাশ করেছে তাতে দেখা যাচ্ছে সমস্ত রাজ্যের একই অবস্থা। এটা আমি বলছি এই কারণে, এখানে এন ডি এ-র প্রাক্তন লোকজন আছেন বলে এবং তাঁরা আবার এন ডি এ-তে যাবেন বলেই আমি বলছি। পরশ দত্ত বিষয়টা তুলেছেন। উনি বি জে পি-তে ছিলেন, এখন এখানে জুটে গেছেন। উনি প্রশ্ন করেছেন, 'এত ঋণ-ভার নিয়ে সরকার চলবে কি করে?' আমাদের তো মোট আয়ের ২৫ শতাংশ ঋণ-ভার, কেন্দ্রীয় সরকারের কত? ডিসেম্বর ২০০০ সালে রিজার্ভ ব্যাঙ্কের প্রকাশিত তথ্য বলছে, কেন্দ্রীয় সরকারের মোট আয়ের ৫৪ শতাংশই ঋণ-ভার। অর্থাৎ আমাদের দু'গুণেরও বেশি। ওঁরা কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিত্ব করার পরেও এ কথা বলছেন আমি ওঁদের বলব, ওঁদের একটু বলুন।

মাননীয় সভাপতি মহাশয়, এর সঙ্গে যুক্ত করে দিই রেভিনিউ ডেফিসিট— রেভিনিউ ডেফিসিট সমস্ত রাজ্যের কম, বেশি কেন্দ্রীয় সরকারের। তথাপি আমরা রেভিনিউ ডেফিসিট কমাবার উদ্যোগ নিয়েছি। ১৯৯৯-২০০০ সালে আমাদের রেভিনিউ রিসিপ্টের অনুপাতে রেভিনিউ ডেফিসিট হয়ে গিয়েছিল ৯১ শতাংশ। সেটা ২০০০-২০০১ সালে ৪৭ শতাংশে নেমে এসেছে। আমি এটা বাজেট বক্তৃতায়

বলেছি, ক্ষিপ্রতার সঙ্গে এটা নামিয়ে এনেছি এবং সামনের বছর ৪১ শতাংশে নামিয়ে আনব। এক সময় এটা খুব বৃদ্ধি পেয়েছিল। বেতন পুনর্বিন্যাস, এরিয়ার পেমেন্ট, বর্দ্ধিত পেনশন ইত্যাদির জন্য। সে সব এখন সমস্ত মিটে গেছে। এখন আমাদের কর আদায়ও বাড়বে। সাথে সাথে আমরা অপ্রয়োজনীয় পরিকল্পনা বহির্ভূত ব্যয় এবং অপচয় কমানোর উদ্যোগ গ্রহণ করব। ওঁরা প্রশ্ন রেখেছেন '৫০ কোটি টাকার ব্যয় কমাবেন কি করে?' কমাব এইভাবে—আমাদের পরিকল্পনা বহির্ভূত যে ব্যয় ২২ হাজার কোটি টাকার মত, তার মধ্যে মাইনে এবং ইন্টারেস্ট পেমেন্ট বাদ দিয়ে যে ৮ হাজার কোটি টাকা, তা থেকে যদি ১ শতাংশের একটু কমও ব্যয় কমানো যায় তাহলেই ওটা সম্ভব হবে। আপ্যায়ন খরচ, বিদেশ ভ্রমণ, অহেতুক যখন তখন জেলা থেকে কলকাতায় চলে আসা এবং গাড়ির অপ্রয়োজনীয় ব্যবহার, এই চারটি ক্ষেত্রে এক শতাংশ খরচ কমাতে পারলেই ৫০ কোটি টাকা বাঁচানো যায়। সুতরাং আমরা এই সমস্ত ব্যয়ের ক্ষেত্রে কড়াকড়ি করার চেষ্টা করব।

মাননীয় সভাপতি মহাশয়, কর প্রস্তাবে মোটামুটি সকলেই সহমত হয়েছেন। তথাপি বিরোধী সদস্যরা তিনি প্রশ্ন করেছেন। আমি উত্তর না দিয়ে ছাড়ব না। একটা প্রশ্ন রাখা হয়েছে—সেল্ফ অ্যাসেসমেন্ট ৭ লক্ষ টাকা পর্যন্ত ছিল বাড়ানো হল কেন? ছোট ব্যবসায়ী এবং ডীলার, যাদের টার্ন-ওভার বছরে ৭ লক্ষ টাকা পর্যন্ত তারা সেল্ফ অ্যাসেসমেন্ট করে যে কর দিতেন তাই নিতাম। তারা যা রিটার্ন দিত তার ভিত্তিতেই কর নিতাম। সৌগত রায় বলেছেন, 'এটাকে ৫০ লক্ষ টাকা করলেন। এটায় কর ফাঁকির দরজা খুলে দিয়েছেন।' উনি ভাল করে পড়েননি সিলেকটিভ অ্যাসেসমেন্ট স্কীমটা।

**মিঃ চেয়ারম্যান (শ্রী কৃপাসিন্ধু সাহা) ঃ** ডঃ দাশগুপ্ত এই আলোচনার সময় শেষ হয়ে আসছে। কিন্তু আমার মনে হচ্ছে আপনার আরো দু-এক মিনিট বেশি সময় লাগবে। তাই আমি হাউসের অনুমতি নিয়ে এই আলোচনার সময় আরো ৫ মিনিট বাড়িয়ে দিচ্ছি।

(সময় ৫ মিনিট বৃদ্ধি করা হয়।)

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় সভাপতি মহাশয়, সিলেকটিভ অ্যাসেসমেন্ট স্কীম মানে হচ্ছে, তাঁরা রিটার্ন দাখিল করেন, কিন্তু আমরা ২০ শতাংশ র‍্যান্ডম সিলেকশন করে চেক করি। সেখানে যদি কোনও তারতম্য থাকে—খুব কমই থাকে—

পেনাল্টি হয়। এই থ্রেটটা আছে। উনি জানেন না বলেই এ কথা বলেছেন। আর সমাধান প্রকল্প অনুযায়ী যে আপীল কেস জমে আছে সেগুলির ডীলারগণ বিবাদিত করের তিন ভাগের এক ভাগ জমা দিয়ে এককালীন নিষ্পত্তি চাইতে পারেন। এ ক্ষেত্রে জরিমানা মকুব করা হবে। এই প্রকল্প চালু আছে।

মাননীয় সভাপতি মহাশয়, আমি শেষ করছি এই কথা বলে, একটা করের ব্যাপারে কেউ কেউ বিরোধিতা করেছেন—সাধারণভাবে করেননি, কেউ কেউ করেছেন—যেটা আমরা লাক্সারি ট্যাক্সের উপর ২০ শতাংশ বিদেশ থেকে আমদানি করা ভোগ্যপণ্যে বসিয়েছি। আমরা আলোচনা করেই বসিয়েছি। বসিয়েছি তার কারণ হচ্ছে এই যে, বিশ্ব বাণিজ্য সংস্থার সঙ্গে কেন্দ্রীয় সরকার চুক্তি করেছেন। তখন বোধ হয় কেন্দ্রে কংগ্রেসই ছিলেন। কিন্তু সেই চুক্তির অনেকগুলি বিষয় আছে যে বিষয় আছে যে বিষয়গুলি রাজ্যের তালিকাভুক্ত বিষয় কৃষি এবং অন্যান্য ক্ষেত্রে। এ বিষয়ে রাজ্যের সঙ্গে কখনও আলোচনা হয়নি। আমরা মনে করি, সংবিধান বহির্ভূত কাজ করেছেন, করে সই করে এসেছেন। তারপর নির্বিচারে আমদানি শুরু হয়েছে। এঁরা প্রশ্ন করেছেন কই, তেমন আর কি হয়েছে? জানেন না এটা? কারণ আমাদের দেশের সঙ্গে পার্শ্ববর্তী একটি রাষ্ট্র—সঙ্গত কারণে নাম করছি না—একটা চুক্তি আছে যেখানে দেখিয়ে বলা হয় সেই রাষ্ট্রে যাচ্ছে কিন্তু ফিরে আসে। কিন্তু আমি প্রত্যেকটি ক্ষেত্র নিয়েছি কোনটা কোথায় ফিরে আসছে। শুধু আমি নয়, রাজ্যের অর্থমন্ত্রীদের যে কমিটি আছে তাতে একের পর এক রাজ্যের অর্থমন্ত্রীরা বলেছেন যে, আমরা প্রত্যেকে ক্ষতিগ্রস্ত হচ্ছি, বিশ্ব বাণিজ্য সংস্থার সঙ্গে যে চুক্তি করেছেন তাতে ক্ষতি হচ্ছে। ক্ষতি তো কিছুটা হবেই। কিন্তু ভবিষ্যতে ক্ষতির আশংকা আরও বেশি। এখানে দাঁড়িয়েই আমাদের বক্তব্য আছে। এটা কেউ বলেননি, বিরোধীরাও কেউ বলেনি, সংবাদপত্রও এই সম্পর্কে বেশি বলেন টলেন না দেখি। গত ৮/৯ বছর হল চুক্তি সই হয়েছে। চুক্তি সই হওয়ার পর বিশ্বের প্রথম ধনী দেশগুলি একের পর এক সুবিধা নিয়ে গেছেন। যেসব সুবিধা নিয়ে গেছেন তার নাম হচ্ছে, ব্লু বক্স, গ্রীন বক্স এবং অ্যাম্বার বক্স, অর্থাৎ নীল ক্ষেত্রের সুবিধা সবুজ ক্ষেত্রের সুবিধা এবং হরিৎ ক্ষেত্রের সুবিধা। এই সুবিধার নাম করে ওরা ব্যাপকভাবে ভরতুকি দিয়ে নিজেদের দেশের কৃষিকে, শিল্পকে অসমান প্রতিযোগিতার সুবিধাস্তরে নিয়ে গেছেন। নিয়ে গিয়ে বলছেন, তৃতীয় বিশ্বকে, তোমরা এটা মেনে নাও। এই ৭/৮ বছর কেন্দ্রীয় সরকার কি করছিলেন? সেখানে দাঁড়িয়ে রাজ্য সরকারের তরফ থেকে আমি বক্তব্য রেখেছি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা

করে। আমি বক্তব্য রেখেছি, আমরাও চাইছি একটা সুবিধা। ওদের যে রকম ব্লু বক্স, গ্রীন বক্স এবং অ্যাম্বার বক্স দেখানো হয়েছে, আমিও বলেছি লাইফলিহুড বক্স। আমাদের জীবিকার উপর যেখানে আঘাত আসছে তৃতীয় বিশ্বের একটি দেশে ভারতবর্ষে, তাকে রক্ষা করার জন্য আমাদের দরকার, তাকে রক্ষা করার জন্য একটা সময়ের দরকার যে সময়টায় আমরা নির্বিচারে আমদানির হাত থেকে রক্ষা করব। আমরা সমানভাবে ওদের সঙ্গে লড়াই করব। এটা বলি যে এটা আমি চাচ্ছি। এটা আপনাকে বলতে বাধা নেই যদিও এটা সর্বভারতীয় ক্ষেত্র, অধিকাংশ রাজ্যও তুলনীয় বক্তব্য রেখেছে। বস্তুতঃ এন. ডি. এর. মধ্যে যারা যুক্ত আছে তারাও বলেছে এটাও আমি বলে দিচ্ছি। আমি শুধু একা নয়। তারপর ওরা কিছুই করলেন না এই কয়েক মাসের মধ্যে। হ্যাঁ, আমরাই প্রথম পদক্ষেপ গ্রহন করেছি ভেবেচিন্তে যে লাক্সারি ট্যাক্সের মাধ্যমে কর আদায় করব। তার কারণ, ডব্লু. টি. ও. —ওরা ইমপোর্টের উপর যে বিধি-নিয়ম মেনে আসছেন তাতে লাক্সারি ট্যাক্সের কোনও উল্লেখ নেই, আর ইমপোর্টের উপর তো সেলস্ ট্যাক্স বসানো যায় না। কিন্তু লাক্সারি ট্যাক্স বসানো যায়। আমরা তো বসিয়েছি বিদেশি পণ্যের উপর। সেইভাবেই তো চলছে। সেখানে দাঁড়িয়ে আমি বসালাম ২০ শতাংশ কর। বসিয়েছি কেন? বসিয়েছি এই কারণে, যদি এইভাবে নির্বিচারে বিদেশি পণ্য আসে তাহলে আমাদের শুধু ক্ষুদ্র শিল্প নয়, মাঝারি শিল্প, বড় শিল্প, সাধারণভাবে সব ব্যবসায়ী— খুচরো কোনও ব্যবসায়ী যারা ছল করে আনতে চেয়েছিলেন সেটা বাদ দিয়ে— কৃষকও ক্ষতিগ্রস্ত হবে আগামী দিনে। মাননীয় সভাপতি মহাশয়, এইটুক্ আপনাকে বলতে চাই, বিভিন্ন ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান ক্ষেত্র, ব্যবসায়ী প্রতিষ্ঠান, মাঝারি, বড় শিল্প প্রতিষ্ঠান, সাধারণ মানুষ স্বাগত জানিয়েছেন। বস্তুতঃ কেউ কেউ এসে বলেছেন, অন্য রাজ্য জানতে চাইছেন কি করে তারা করবেন। মাননীয় সভাপতি মহাশয়, কেউ কেউ আবার উপদেশ দেবার চেষ্টা করেছেন, এ তো অন্য রাজ্য থেকে ঢুকে পড়বে সে যদি না করে। হ্যাঁ, এই উপদেশ আমি অনেক শুনেছি। এর আগে আমি সিগারেটের উপর বসাই। অন্য কোনও রাজ্য বসায়নি। এখান থেকে ঢুকবে, ওখান থেকে ঢুকবে তারা তো বলেছিলেন। আমাদের প্রথম বছর আদায় ছিল ৭ কোটি টাকা যেটা মূলতঃ সিগারেট থেকে। আর এখন ৮০ কোটি টাকা আদায় করি। সব ছিদ্র পথ তো আমরা ধরেছি। পথ তো যেটা সেটা তো আমি জানি। ঐ এয়ারপোর্ট বা বন্দর বা কোথায় কোনদিক থেকে আসবে—এটা কি করে ঠাণ্ডা করতে হয় আমি জানি।

[3-00 — 3-10 p.m.]

আমরা সহযোগিতা চাইছি। তবে এটা যারা বলছেন তারা কিন্তু মূলতঃ বিশ্ববাণিজ্য সংস্থার নিয়ামক শক্তি আমেরিকা যুক্তরাষ্ট্র এবং ধনী দেশগুলি তাদের তল্পিবাহক হয়ে কথা বলছেন। তাদের তল্পিবাহক হচ্ছেন এই বিরোধীদলগুলি। এরা তাদের তল্পিবাহক এবং এই সভার বাইরেও কেউ কেউ আছেন তারাও বলার চেষ্টা করছেন, একই ভাবে গালমন্দ করছেন, করছি বলে। অদ্ভুত ব্যাপার। সাধারণ মানুষের এরা ক্ষতি করছেন আর সেখানে আমরা একটা রক্ষা-কবচ চাইছি। প্রথম বিশ্ব যেগুলি নিয়েছে তখন কিছু বলেননি, ভাল মানুষ হয়ে বসে থাকতে চেয়েছেন এরা যারা আঘাত করছেন। গালমন্দ আমাদের এরা করেই চলেছেন। তাদের সঙ্গে এখানে কয়েকজন সুর মেলাচ্ছেন। মাননীয় সভাপাল মহাশয়, একটি কথা বলেই আমি শেষ করব, এই আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার এবং বিশ্ব বাণিজ্য সংস্থার নীতিকে মেনে যারাই এগিয়েছেন—যখন কংগ্রেস গিয়েছিল ডঃ মনমোহন সিং-এর নীতিতে তখন কংগ্রেসকে মানুষ পরিত্যাগ করেছিল। মনমোহন সিং হেরে গিয়েছেন, ইউ. এফ. ভুল করেছিল, তারা হেরে গিয়েছে, বি. জে. পি. ও করে সব জায়গায় হারছে। ওরা এন. ডি. এ. তে যাবেন কিনা সেটা ওদের ব্যাপার কিন্তু যারা এই নীতিকে স্পর্শ করেছে মানুষ তাদের স্পর্শ করছে না। পৃথিবী জুড়ে অর্থনীতিবিদরা আমরা দেখছি এর থেকে সরে আসছেন। জোসেফ ষ্টিতিচের মতন অর্থনীতিবিদ—দক্ষিণ পূর্ব এশিয়ার মানুষ রাস্তায় নেমে গিয়েছে। খোদ আমেরিকায় নেমে গিয়েছে। আমরা একটু আগে চিন্তা করছি। করে আমরা বলছি, আমরা যে পথটার কথা বললাম, এটা নিজেদের স্বার্থে অর্থনৈতিক সংস্কার, বিকল্প অর্থনৈতিক সংস্কারের একটা প্রস্তাব আমরা রেখেছি। আমাদের এই প্রস্তাব মার্কসবাদের উপর দাঁড়িয়ে কর্মসংস্থানের স্বার্থে। সেটা আমি প্রমাণ করেছি। কোনও নির্বিচার বেসরকারীকরণ হয়নি এখানে কোথাও—ওদের সঙ্গে এটাই আমাদের তফাৎ। সেটাও প্রমান করে দিলাম। আর কর্মসংস্থান প্রকল্পে যে ৬ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থানের ক্ষেত্রে আমরা প্রবেশ করব সেখানে আমাদের চোখের সামনে আছে বেকার যুবক যুবতীরা। এখানে তারা কোন রাজনৈতিক দলে গিয়েছেন সেটা বিবেচ্য নয়। যদি উল্টো দিকে গিয়েও থাকেন, যদি তারা সাধারণ বাড়ির ছেলেমেয়ে হন তাহলে সে তো আমাদের বাড়িরই ছেলেমেয়ে। ওরা তো ওখানে গিয়ে বুঝেছেন যে এটা ভুল পথ। ওরা ওদের যেটা বলেছেন সেটা তো ভ্রান্ত কথা বলেছেন, কেউ তো কোনও কাজ ওদের দিতে পারেননি, কর্মনাশ করেছেন। এই তো আমাদের রাজ্যেই ওরা ৭/৮ হাজার কর্মনাশ

করেছেন। তারা তো আমাদেরই বাড়িরই ছেলেমেয়ে, তাদেরও আমরা ডেকে নেব এই কর্মসংস্থান প্রকল্পে। এই কর্মসংস্থান প্রকল্প সকলের। তাই এই প্রকল্পে আমরা সকলের সহযোগিতা চাইছি। ইতিহাসের অবধারিত নিয়মে এই বিকল্প নীতির বাজেটের মাধ্যমে মানুষের মধ্যে আমাদের বৃত্ত আরও বাড়বে। তাই এই বাজেটের প্রস্তাবগুলি আবার সমর্থন করে, প্রতিটি খুঁটি-নাটি প্রশ্নের জবাব দিয়ে বিরোধীদের বক্তব্য খণ্ডন করে আমার বক্তব্য শেষ করলাম।

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-Charge of Finance Deptt. Dr. Asim Kr. Dasgupta to move all the Demands.

**Demand No. 1**

**Major Head : 2011—State Legislatures**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,38,42,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "2011—State Legislatures" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,12,81,000 already voted on account in February, 2001.)

**Demand No. 3**

**Major Head : 2013—Council of Ministers**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,49,40,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013—Council of Ministers" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1,49,80,000 already voted on account in February, 2001.

**Demand No. 4**

**Major Head : 2014—Administration of Justice**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 115,12,52,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "2014—Administration of Justice" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 38,37,51,000 already voted on account in February, 2001.)

**Demand No. 5**

**Major Head : 2015—Elections**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 75,41,00,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "2015—Elections" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 60,32,80,000 already voted on account in February, 2001.)

**Demand No. 6**

**Major Head : 2020—Collection of taxes on Income and Expenditure**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,06,63,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 2,68,88,000 already voted on account in February, 2001.)

**Demand No. 7**

**Major Heads : 2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 284,23,93,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services" during the year 2001-2002

(This is inclusive of a total sum of Rs. 94,74,64,000 already voted on account in February, 2001.)

**Demand No. 8**

**Major Head : 2030—Stamps and Registration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 44,80,11,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "2030—Stamps and Registration" during the year 2001-2002

(This is inclusive of a total sum of Rs. 14,93,37,000 already voted on account in February, 2001.)

**Demand No. 9**

**Major Head : 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 49,64,000 be

granted for expenditure under Demand No. 9, Major Head : "2035—Collection of Other Taxes on Property and Capital Transactions" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 16,55,000 already voted on account in February, 2001.)

**Demand No. 10**

**Major Head : 2039—State Excise**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 39,41,00,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "2039—State Excise" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 13,13,67,000 already voted on account in February, 2001.)

**Demand No. 11**

**Major Head : 2040—Taxes on Sales, Trades etc.**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 82,08,20,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "2040—Taxes on Sales, Trades etc." during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 27,36,07,000 already voted on account in February, 2001.)

**Demand No. 12**

**Major Head : 2041—Taxes on Vehicles**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,16,80,000 be

granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 3,38,93,000 already voted on account in February, 2001.)

**Demand No. 13**

**Major Head : 2045—Other Taxes and Duties on Commodities and Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,10,55,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and. Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 2,36,85,000 already voted on account in February, 2001.)

**Demand No. 14**

**Major Head : 2047—Other Fiscal Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,39,23,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2047—Other Fiscal Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,13,08,000 already voted on account in February, 2001.)

**Demand No. 16**

**Major Head : 2049—Interest Payments**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 65,00,000 be

granted for expenditure under Demand No. 16, Major Head : "2049—Interest Payments" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 21,67,000 already voted on account in February, 2001.)

**Demand No. 18**

**Major Head : 2052—Secretariat—General Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 77,52,00,000 be granted for expenditure under Demand No. 18, Major Head : "2052—Secretariat—General Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 25,77,00,000 already voted on account in February, 2001.)

**Demand No. 19**

**Major Head : 2053—District Administration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 67,52,67,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "2053—District Administration" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 22,50,89,000 already voted on account.)

[3-10 — 3-20 p.m.]

**Demand No. 20**

**Major Head : 2054—Treasury and Accounts Administration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 57,68,92,000 be

granted for expenditure under Demand No. 20, Major Head : "2054—Treasury and Accounts Adminstration" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 19,21,31,000 already voted on account in February, 2001.)

**Demand No. 21**

**Major Head : 2055—Police**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1009,70,41,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055—Police" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 336,56,80,000 already voted on account in February, 2001.)

**Demand No. 22**

**Major Head : 2056—Jails**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 75,73,82,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "2056—Jails" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 25,24,61,000 already voted on account in February, 2001.)

**Demand No. 24**

**Major Head : 2058—Stationery and Printing**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 19,61,49,000 be

granted for expenditure under Demand No. 24, Major Head "2058—Stationery and Printing" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,53,83,000 already voted on account in February, 2001.)

**Demand No. 25**

**Major Heads : 2059-Public Works, 2205-Art and Culture (Buildings), 2216-Housing (Buildings), 2853-Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210-*Capital Outlay on Medical and Public Health (Excluding Pub*lic Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210-Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211-Capital Outlay on Family Welfare (Buildings), 4216-Capital Outlay on Housing (Buildings), 4220-Capital Outlay on Information and Publicity (Buildings), 4250-Capital Outlay on Other Social Services (Buildings), 4403-Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404-Capital Outlay on Dairy Development (Excluding Public Undertaking) (Buildings), 4408-Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4425-Capital Outlay on Co-operation (Buildings) and 4851-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 591,32,30,000 be

granted for expenditure under Demand No. 25, Major Heads: 2059-Public Works, 2205-Art and Culture (Buildings), 2216-Housing (Buildings), 2853-Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059-Capital Outlay on Public Works, 4202-Capital Outlay on -Education,- Sports Art and Culture (Buildings), 4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health" (Buildings), 4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210-Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211-Capital Outlay on Family Welfare (Buildings), 4216-Capital Outlay on Housing (Buildings), 4220-Capital Outlay on Information and Publicity (Buildings), 4250-Capital Outlay on Other Social Services (Buildings), 4403-Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404-Capital Outlay on Dairy Development (Excluding Public Undertaking) (Buildings), 4408-Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4425- -Capital Outlay on Co-operation (Buildings) and 4851-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 197,09,09,000 already voted on account in February, 2001.)

**Demand No. 26**

**Major Head : 2070—Other Administrative Services (Fire Protection and Control)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 72,15,55,000 be

granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 24,05,18,000 already voted on account in February, 2001.)

**Demand No. 27**

**Major Heads : 2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control) and 4070—Capital Outlay on Other Administrative Services (Excluding Fire Protection and Control)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 189,26,37,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads : "2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control, 4070—Capital Outlay on Other Administrative Services (Excluding Fire Protection and Control)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 63,08,79,000 already voted on account in February, 2001.)

**Demand No. 28**

**Major Head : 2071—Pensions and Other Retirement Benefits**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1678,63,85,000 be

granted for expenditure under Demand No. 28, Major Head : "2071—Pensions and Other Retirement Benefits" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 559,54,62,000 already voted on account in February, 2001.)

**Demand No. 29**

**Major Head : 2075—Miscellaneous General Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 25,08,33,000 be granted for expenditure under Demand No. 29, Major Head : "2075—Miscellaneous General Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 8,36,11,000 already voted on account in February, 2001.)

**Demand No. 30**

**Major Heads : 2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4242,64,04,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads :

"2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture, 4202—Capital Outlay on Education, Sports, art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1414,21,34,000 already voted on account in February, 2001.)

**DEMAND No. 31**

**Major Head : 2204—Sports and Youth Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 68,91,69,000 be granted for expenditure under Demand No. 31, Major Head "2204--Sports and Youth Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 22,97,23,000 already voted on account in February, 2001.)

**DEMAND No. 32**

**Major Heads : 2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1198,44,94,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads "2210—Medical and Public Health (Excluding Public Health) and

4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 399,48,32,000 already voted on account in February, 2001.)

**DEMAND No. 33**

**Major Head : 2210—Medical and Public Health (Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 170,78,50,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "2210—Medical and Public Health (Public Health)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 56,92,83,000 already voted on account in February, 2001 )

**Demand No. 34**

**Major Head : 2211—Family Welfare**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 143,09,39,000 be granted for expenditure under Demand No. 34, Major Head : "2211—Family Welfare" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 47,69,80,000 already voted on account.)

**Demand No. 35**

**Major Heads : 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 4215—Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 381,81,76,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 4215—Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 127,27,26,000 already voted on account. In February, 2001)

**Demand No. 36**

**Major Head : 2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 90,79,29,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads "2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 30,26,44,000 already voted on account in February, 2001.)

**Demand No. 37**

**Major Heads : 2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1094,35,92,000 be granted for expenditure under Demand No. 37, Major Heads : "2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 435,45,17,000 already voted on account in February, 2001.)

**Demand No. 38**

**Major Heads : 2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and publicity.**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 44,69,53,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and publicity" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 14,89,84,000 already voted on account in February, 2001.)

**Demand No. 39**

**Major Heads : 2230—Labour and Employment**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 76,98,07,000 be

granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labour and Employment" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 25,66,02,000 already voted on account in February, 2001.)

**Demand No. 40**

**Major Heads : 2235—Social Security and Welfare (Rehabilitation), 4235 —Capital Outlay on Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitiation)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 45,60,24,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare (Rehabilitation), 4235—Capital Outlay on Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 15,20,08,000 already voted on account in February, 2001.)

**Demand No. 41**

**Major Heads : 2202-General Education (Tribal Areas Sub-Plan), 2204-Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210-Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210-Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215-Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas SubPlan), 2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235-Social Security and Welfare**

**(Social Welfare) (Tribal Areas Sub Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401-Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2401Crop Husbandry (Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2402-Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403-Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2404-Dairy Development (Tribal Areas Sub-Plan), 2406-Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408-Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425-Co-operation (Tribal Areas Sub-Plan), 2435-Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501-Special Programmes for Rural Development (Tribal Areas Sub-Plan), 2575-Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702-Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851-Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 2852 Industries (Food and Beverages) (Tribal Areas Sub-Plan), 4225-Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250-Capital Outlay on Other Social Services (Tribal Areas Sub-Plan),, 4425-Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4702-Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705-Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 5054-Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225-Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250-Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan) and, 6425-Loans for Co-operation (Tribal Areas Sub-Plan)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 306,78,09,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads: "2202-

General Education (Tribal Areas Sub-Plan), 2204-Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210-Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210-Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215-Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235-Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2250-Other Social Services Tribal Areas Sub-Plan), 2401-Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2401-Crop Husbandry (Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2402-Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403-Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2404-Dairy Development (Tribal Areas Sub-Plan), 1406-Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408-Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425-Co-operation (Tribal Areas Sub-Plan), 2435-Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501-Rural Development (Tribal Areas Sub-Plan), 2575-Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702-Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851-Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 2852-Industries (Food and Beverages) (Tribal Areas Sub-Plan), 4225-Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250-Capital Outlay on Other Social Services (Tribal Areas Sub-Plan), 4425-Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4702-Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705-Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 5054-Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225-Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other

Backward Classes, 6250-Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan) and 6425-Loans for Co-operation (Tribal Areas Sub-Plan)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 102,18,35,000 already voted on account in February, 2001.)

[3-20 — 3-30 p.m.]

**Demand No. 42**

**Major Heads : 2235—Social Security and Welfare (Social Welfare) and 4235—Capital Outlay on Social Security and Welfare (Social Welfare)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 408,39,79,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads : "2235—Social Security and Welfare (Social Welfare) and 4235—Capital Outlay on Social Security and Welfare (Social Welfare)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 136,13,27,000 already voted on account.)

**Demand No. 43**

**Major Head : 2236—Nutrition**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 81,88,93,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 27,29,64,000 already voted on account in February, 2001.)

## Demand No. 44

### Major Head : 2245—Relief on account of natural Calamities

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 287,32,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Reliel on account of Natural Calamities" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 229,85,60,000 already voted on account in February, 2001.)

## Demand No. 45

### Major Head : 2251—Secretariat—Social Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 64,36,70,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2251—Secretariat—Social Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 21,45,57,000 already voted on account in February, 2001.)

## Demand No. 46

### Major Heads : 2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 32,88,38,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads : "2250—Other Social Services, 4250—Capital Outlay on Other

Social Services and 6250—Loans for Other Social Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 10,96,12,000 already voted on account in February, 2001.)

**Demand No. 47**

**Major Heads : 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) and 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings and Horticulture and Vegetable Crops)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 202,24,35,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) and 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings and Horticulture and Vegetable Crops)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 67,41,45,000 al ready voted on account in February, 2001.)

**Demand No. 48**

**Major Heads : 2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 32,73,89,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 10,91,29,000 already voted on account in February, 2001.)

**Demand No. 49**

**Major Heads : 2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 158,45,15,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads : "2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 52,81,38,000 already voted on account in February, 2001.)

**Demand No. 50**

**Major Heads : 2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 161,12,78,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 53,70,92,000 already voted on account in February, 2001.)

**Demand No. 51**

**Major Heads : 2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of he Governor, I beg to move that a sum of Rs. 105,93,84,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 35,31,28,000 already voted on account in February, 2001.)

**Demand No. 52**

**Major Heads : 2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of he Governor, I beg to move that a sum of Rs. 179,56,65,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 59,85,55,000 already voted on account in February, 2001.)

**Demand No. 53**

**Major Heads : 4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of he Governor, I beg to move that a sum of Rs. 4,50,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads :

"4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1,50,00,000 already voted on account in February, 2001.)

**Demand No. 54**

**Major Heads : 2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) and 6408—Loans for Food, Storage and Warehousing.**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 192,67,56,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) and 6408—Loans for Food, Storage and Warehousing" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 64,22,52,000 already voted on account in February, 2001.)

**Demand No. 55**

**Major Heads : 2415—Agricultural Research and Education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 62,50,72,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads "2415—Agricultural Research and Education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 20,83,57,000 already voted on account in February, 2001.)

**Demand No. 56**

**Major Heads : 2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 2852—Industries (Foods and Beverages), 4401—Capital Outlay on Crop Husbandry (Horticulture and Vegetable Crops) and 6860—Loans for Consumer Industries (Foods and Beverages)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 24,51,57,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads : "2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 2852—Industries (Foods and Beverages), 4401—Capital Outlay on Crop Husbandry (Horticulture and Vegetable Crops) and 6860—Loans for Consumer Industries (Foods and Beverages)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 8,17,20,000 already voted on account in February, 2001.)

**Demand No. 57**

**Major Heads : 2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 78,67,69,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads : "2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 26,22,56,000 already voted on account in February, 2001.)

[3-30 — 3-40 p.m.]

**Demand No. 58**

**Major Heads : 2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,73,99,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads "2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 4,91,33,000 already voted on account in February, 2001.)

**Demand No. 59**

**Major Head : 2501—Special Programmes for Rural Development**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 25,91,20,000 be granted for expenditure under Demand No. 59, Major Head "2501—Special Programmes for Rural Development" during the financial year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 8,63,73,000 already voted on account in February, 2001.)

**Demand No. 60**

**Major Head : 2505—Rural Employment**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 211,34,98,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment" during the financial year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 70,44,99,000 already voted on account in February, 2001.)

**Demand No. 61**

**Major Head : 2506—Land Reforms**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,41,96,000 be granted for expenditure under Demand No. 61, Major Head : "2506—Land Reforms" during the financial year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 5,13,99,000 already voted on account in February, 2001.)

**Demand No. 62**

**Major Heads : 2515—Other Rural Development Programmes (Panchayati Raj) 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 719,09,60,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : "2515—Other Rural Development Programmes (Panchayati Raj)

3604—Compensation and Assignments to Local Bodies an Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans f( Other Rural Development Programmes (Panchayati Raj)" durin the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 239,69,87,000 already voted on account in February, 2001.)

**Demand No. 63**

**Major Heads : 2515—Other Rural Development Programme (Community Development), 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programme (Community Development)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation ( the Governor, I beg to move that a sum of Rs. 106,60,55,000 b granted for expenditure under Demand No. 63, Major Heads "2515—Other Rural Development Programmes (Community Devel opment), 4515—Capital Outlay on Other Rural Development Pro grammes (Community Development) and 6515—Loans for Othe Rural Development Programmes (Community Development)" du ing the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 35,53,51,000 already voted on account in February, 2001.)

**Demand No. 64**

**Major Heads : 2551—Hill Areas, 4551—Capital Outlay on Hill Areas and 6551—Loans for Hill Areas**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation ( the Governor, I beg to move that a sum of Rs. 190,27,97,000 b

granted for expenditure under Demand No. 64, Major Heads : "2551—Hill Areas, 4551—Capital Outlay on Hill Areas and 6551—Loans for Hill Areas" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 63,42,66,000 already voted on account in February, 2001.)

**Demand No. 65**

**Major Heads : 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 203,05,81,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads : "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 67,68,61,000 already voted on account in February, 2001.)

**Demand No. 66**

**Major Heads : 2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 324,35,61,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads : "2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 108,11,87,000 already voted on account in February, 2001.)

**Demand No. 67**

**Major Heads : 2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 394,96,19,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads . "2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" during the year 2001-2002

(This is inclusive of a total sum of Rs. 131,65,40,000 already voted on account in February, 2001.)

**Demand No. 68**

**Major Heads : 2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 449,27,39,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads "2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 149,75,79,000 already voted on account in February, 2001.)

**Demand No. 69**

**Major Heads : 2801—Power, 4801—Capital Outlay on Power Projects, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1521,00,00,000 be

granted for expenditure under Demand No. 69, Major Heads : "2801—Power, 4801—Capital Outlay on Power Projects, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 507,00,00,000 already voted on account in February, 2001.)

**Demand No. 72**

**Major Head : 2810—Non-Conventional Sources of Energy**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,30,00,000 be granted for expenditure under Demand No. 72 Major Head : "2810—Non-Conventional Sources of Energy" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1,10,00,000 already voted on account in February, 2001.)

**Demand No. 73**

**Major Heads : 2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Village and Small Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 168,34,57,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Ex-

cluding Public Undertakings), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Village and Small Industries)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 51,85,56,000 already voted on account in February, 2001.)

**Demand No. 74**

**Major Heads : 2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 4885—Capital outlay on Industries and Minerals (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 19,41,50,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on other Industries (Closed and Sick Industries), 4885—Capital Outlay on Industries and Minerals (Closed and Sick Industries) 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,47,16,000 already voted on account in February, 2001.)

**Demand No. 75**

**Major Head : 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 144,91,28,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 48,30,43,000 already voted on account in February, 2001.)

**Demand No. 76**

**Major Head : 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,57,33,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1,19,11,000 already voted on account in February, 2001.)

**Demand No. 77**

**Major Head : 3051—Ports and Lighthouses**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,30,35,000 be

granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 76,78,000 already voted on account in February, 2001.)

**Demand No. 78**

**Major Head : 3053—Civil Aviation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,02,44,000 be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053—Civil Aviation" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 34,15,000 already voted on account in February, 2001.)

**Demand No. 79**

**Major Heads : 3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.1129,53,67,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges" during the year 2001-2002.

(This inclusive of a total sum of Rs.376,51,22,000 already voted on account in February, 2001.)

**Demand No. 80**

**Major Heads : 3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services and 7055—Loans for Road Transport**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 461,64,80,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services and 7055—Loans for Road Transport" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 152,21,59,000 already voted on account in February, 2001.)

**Demand No. 81**

**Major Head : 7075—Loans for Other Transport Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,00,00,000 be granted for expenditure under Demand No. 81, **Major Head** : "7075—Loans for Other Transport Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 2,00,00,000 already voted on account in February, 2001.)

**Demand No. 82**

**Major Head : 3425—Other Scientific Research**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,89,09,000 be granted for expenditure under Demand No. 82, Major Head : "3425—Other Scientific Research" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 63,03,000 already voted on account in February, 2001.)

**Demand No. 83**

**Major Head : 3451—Secretariat—Economic Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,89,88,000 be granted for expenditure under Demand No. 83, Major Head :

"3451—Secretariat—Economic Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 13,96,63,000 already voted on account in February, 2001.)

[3-40 — 3-46 p.m.]

**Demand No. 84**

**Major Heads : 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,54,03,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : "3452—Tourism and 5452—Capital Outlay on Tourism" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,18,01,000 already voted on account in February, 2001.)

**Demand No. 85**

**Major Head : 3454—Census, Surveys and Statistics**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,26,90,000 only be granted for expenditure under Demand No. 85, Major Head : "3454—Census, Surveys and Statistics" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 5,63,45,000 already voted on account in February, 2001.)

**Demand No. 86**

**Major Head : 3456—Civil Supplies**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,33,12,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 3,44,37,000 already voted on account in February, 2001.)

**Demand No. 87**

**Major Heads : 5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,05,00,000 be granted for expenditure under Demand No. 87, Major Heads : "5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 4,35,00,000 already voted on account in February, 2001.)

**Demand No. 88**

**Major Head : 3475—Other General Economic Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,76,91,000 be granted for expenditure under Demand No. 88, Major Heads : "3475—Other General Economic Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 2,58,97,000 already voted on account in February, 2001.)

**Demand No. 89**

**Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 47,88,09,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 15,96,03,000 already voted on account in February, 2001.)

**Demand No. 90**

**Major Head : 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 240,28,64,000 be granted for expenditure under Demand No. 90, Major Head : "3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 80,09,55,000 already voted on account in February, 2001.)

**Demand No. 92**

**Major Heads : 4858—Capital Outlay on Engineering Industries (Public Undertakings), 5075—Capital Outlay on Other Transport Services (Public Undertakings), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of he Governor, I beg to move that a sum of Rs. 95,14,50,000 be ;ranted for expenditure under Demand No. 92, Major Heads : '4858—Capital Outlay on Engineering Industries (Public Undertak- ngs), 5075—Capital Outlay on Other Transport Services (Public Jndertakings); 6857—Loans for Chemical and Pharmaceutical In- ustries (Public Undertakings), 6858—Loans for Engineering Indus- ries (Public Undertakings) and 6860—Loans for Consumer Indus- ies (Public Undertakings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 31,71,50,000 already voted on account in February, 2001.)

**Demand No. 93**

**lajor Heads : 4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding 'ublic Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of ıe Governor, I beg to move that a sum of Rs. 113,86,70,000 be ranted for expenditure under Demand No. 93, Major Heads : 4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding ublic Undertakings), 4885—Other Capital Outlay on Industries and linerals (Excluding Public Undertakings) and 6885—Loans for

Other Industries and Minerals (Excluding Public Undertakings during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 37,95,56,000 already voted on account in February, 2001.)

**Demand No. 94**

**Major Heads : 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation the Governor, I beg to move that a sum of Rs. 20,25,00,000 granted for expenditure under Demand No. 94, Major Heads "4859—Capital Outlay on Telecommunication and Electronics dustries and 6859—Loans for Telecommunication and Electron Industries" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,75,00,000 alrea voted on account in February, 2001.)

**Demand No. 95**

**Major Heads : 4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Clos & Sick Industries and Food & Beverages), 6857—Loans f Chemical and Pharmaceutical Industries (Excluding Publi Undertakings and Closed & Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Underta ings and Closed & Sick Industries and Food & Beverage**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation the Governor, I beg to move that a sum of Rs. 53,50,30,000 o

be granted for expenditure under Demand No. 95, Major Heads : "4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries and Food & Beverages), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries and Food & Beverages)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 17,83,43,000 already voted on account in February, 2001.)

**Demand No. 96**

**Major Heads : 6875—Loans for Other Industries (Excluding Closed & Sick Industries) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,17,60,000 be granted for expenditure under Demand No. 96, Major Heads : "6875—Loans for Other Industries (Excluding Closed & Sick Industries) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 4,05,87,000 already voted on account in February, 2001.)

**Demand No. 97**

**Major Head : 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertaking and Closed & Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 80,00,000 be granted for expenditure under Demand No. 97, Major Head : "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertaking and Closed & Sick Industries)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 26,67,000 already voted on account in February, 2001.)

**Demand No. 99**

**Major Heads : 7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous Loans**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 130,00,00,000 be granted for expenditure under Demand No. 99, Major Heads : "7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous Loans" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 43,33,33,000 already voted on account in February, 2001.)

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা কথা বলব—সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ তাদের বক্তব্যে রেখেছেন যে, বিধায়ক এলাকায় প্রকল্প যেটা আছে, তার অধীনে বরাদ্দ বৃদ্ধি করা যায় কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এখানে যে

বাজেট বরাদ্দের প্রস্তাব করেছি, তার আয় ব্যয় ধরে একটা ঘাটতি প্রস্তাব করেছি। আপনার অনুমতি নিচ্ছি যে, এই বিষয়টি আমি মন্ত্রিসভায় গিয়ে আলোচনা করব এবং করে আমরা একটা সিদ্ধান্ত হাউসকে জানাব।

## Adjournment

The House was then adjourned at 3-46 p.m. till 11 a.m. on Friday, the 29th June, 2001, at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 29th June, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 06 Ministers of State and 134, Members.

[11.00 — 11.10 a.m.]

## STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### রেশন কার্ডের ঘাটতি

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে পারিবারিক রেশন কার্ডের ঘাটতি দেখা দিয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ**

(ক) ইহা সত্য নহে। রাজ্যে কোথাও শূন্য ব্যক্তিগত রেশন কার্ডের কোনও ঘাটতি নেই। (খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনি বলেছেন রেশন কার্ডের অভাব নেই। পশ্চিমবাংলায় এই রকম রেশন কার্ডবিহীন নাগরিকের সংখ্যা কতো যারা দরখাস্ত করেছে কিন্তু এখনও রেশন কার্ড পায় নি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** যারা দরখাস্ত করে তাদের এনকয়্যারি করার পর দরখাস্ত যদি ঠিক পাওয়া যায় তাদের সঙ্গে সঙ্গেই রেশন কার্ড দেওয়া হয়। কত অ্যাপ্লিকেশন জমা পড়েছে এবং কত জন পায় নি তার জন্য নোটিশ দিতে হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** রেশন কার্ডের অভাব নেই আপনি বলছেন, কি বিভিন্ন ব্লকে হাজার হাজার মানুষ এখনও রেশন কার্ড পায় নি তারা দরখাস্ত ক বসে আছে। এ ব্যাপারে নির্দিষ্টভাবে আমি অন্তত আপনার কাছে এবং আমাদে প্রাক্তন মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তখন অ্যাড-হক্ কিছু রেশন কা পাঠানো হয়েছিল, কিন্তু সেটা প্রয়োজনের তুলনায় খুব কম। এই সমস্ত সমস্যা সমাধানের জন্য আপনি কি জোর করে বলতে পারেন যে পশ্চিমবঙ্গে রেশন কা পাচ্ছে না বা রেশন কার্ড বিহীন সংখ্যা নেই। আমি স্পেসিফিক ভাবে এই সমস্যা কথা বলেছিলাম সেটা আপনি জানেন।

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** নতুন রেশন কার্ড পাওয়ার ব্যাপারে একটা পদ্ধ আছে। নতুন রেশন কার্ডের জন্য যারা অ্যাপ্লিকেশন করেন তাদের অ্যাপ্লিকেশ করার সময় তার বার্থ সার্টিফিকেট দিতে হয় নাহলে বি. ডি. ও. অফিসের সার্টিফিকে দিতে হয় এবং সেই অনুযায়ী এনকয়্যারি করে যদি দেখা যায় সেটা ঠিক তাহত তাকে রেশন কার্ড দেওয়া হয়। নির্দিষ্টভাবে যদি আপনার কাছে কিছু থাকে তাহত বলবেন আমি দেখব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাসের পর মাস সময় লেগে যাচ্ছে, পশ্চিমবঙ্গে কম-বেশি বিভিন্ন কেন্দ্রেই এই সমস্যা রয়েছে। আমি স্পেসিফিক ভাবে দিয়েছি এটাকে ত্বরান্বিত করার জন্য সরকার কি পদক্ষেপ নিচ্ছেন? এই প্রসেস কমপ্লি হতে অনেক সময় লেগে যাচ্ছে এবং নাগরিকদের এতে ক্ষতি হচ্ছে এই সমস্যাকে কি অস্বীকার করতে পারেন। এই প্রসেসের মধ্যে একটা চক্র আছে।

প্রসেসের ব্যাপারে, প্রশাসনের মধ্যে একটা চক্র আছে যারা রেশন কার্ড দেওয় নেওয়া করে, টাকা-পয়সা নিয়ে। নর্মাল প্রসেস ডিলেড হয়। এই প্রশাসন চক্র ভাঙ্গা হয়নি। এই সমস্যার সমাধান করার জন্য এবং চক্র থেকে মুক্ত করে যাতে নাগরিকরা অ্যাপ্লাই করার সঙ্গে সঙ্গে রেশন কার্ড পেতে পারেন তার জন্য সরকার কোনও চিন্তা ভাবনা করছেন কিনা?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আমাদের স্টেটে পপুলেশনের থেকে বেশি রেশন কার্ড ইস্যু আছে। সেই জন্য ম্যানিং করে সেই সব রেশন কার্ড ক্যানসেল করছি। আর নতুন রেশন কার্ডের ব্যাপারে বলি, বার্থ সার্টিফিকেট, স্কুল সার্টিফিকেট, লিভিং সার্টিফিকেট দিয়ে রাজ্যবাসীরা অ্যাপ্লাই করলে এবং যদি তাদের রেশন কার্ড না

থেকে থাকে, সেটা এনকোয়ারি করে দেখার পর তাদের রেশন কার্ড দেওয়া হয়। পপুলেশন থেকে বেশি রেশন কার্ড হয়ে গেছে সেই জন্য ডিপার্টমেন্ট এনকোয়ারি করে বোগাস রেশন কার্ড ক্যানসেল করবে বলে লাইন নিয়েছে। নতুন রেশন কার্ড পাওয়ার ক্ষেত্রে যে আইন আছে সেই অনুযায়ী অ্যাপ্লাই করলে লোকে নতুন রেশন কার্ড পাচ্ছে। কিন্তু নিয়মমাফিক অ্যাপ্লাই করার পরেও যদি কেউ রেশন কার্ড না পেয়ে থাকে আমি সেটা দেখব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনি আমার মূল প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন। বোগাস রেশন কার্ড ধরছেন, ধরুন। কিন্তু বোগাস রেশন কার্ড আছে বলে জেনুইন লোকেরা, যাদের রেশন কার্ড পাওয়া উচিৎ তারা সাফার করবে এটা হতে পারে না। ডিপার্টমেন্ট বোগাস রেশন কার্ড ধরুক। কিন্তু আপনি এই সমস্যাটা একেবারে উড়িয়ে দিচ্ছেন? এর মধ্যে একটা অসৎ চক্র নেই? রেশন কার্ড পেতে দেরি হচ্ছে—এই রকম স্পেসিফিক কেস না দিলে আপনি উত্তর দিতে পারবেন না, ঘটনাটা আদৌ সত্য নয়। আপনার ডিপার্টমেন্ট আদৌ এটা জানে না? আপনি এটা অস্বীকার করছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আমাদের কাছে এমন কোনও রিপোর্ট নেই যে, জেনুইন লোক রেশন কার্ড পাচ্ছে না। আপনার কাছে যদি এমন কোনও কেস থেকে থাকে আমাকে দিন। প্রয়োজনে রেসপনসিবল লোকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে। তবে এই ব্যাপারে আমার কাছে ইন্ডিভিজুয়াল বা কালেকটিভ ভাবে কোনও কমপ্লেইন আসেনি। সেই জন্য আমি মনে করি না জিনিসটা সঠিক।

**শ্রী জানে আলম মিঞা ঃ** আমার বিধানসভা এলাকার আন্তর্জাতিক সীমারেখার ১৫ কি.মি.-র মধ্যে অনেক গ্রাম পড়ে যে গ্রামগুলোতে নতুন রেশন কার্ড পাওয়ার ক্ষেত্রে এবং স্থানান্তর করানোর ক্ষেত্রে ১।২ বছর সময় লাগছে। আগে নতুন রেশন কার্ড সরাসরি খাদ্য দপ্তর থেকে দেওয়া হত এখন ডি. এম.-র অনুমোদন নিতে হয় এবং সেই কারণে নাকি দেরি হচ্ছে। এটা যাতে না হয় তার জন্য কি ব্যবস্থা নিয়েছেন মাননীয় মন্ত্রিমহাশয় যদি দয়া করে জানান।

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** বর্ডার এরিয়ার ক্ষেত্রে সিদ্ধান্ত হয়েছে যে, রেশন কার্ডের জন্য অ্যাপ্লাই করার পরে ফুড ডিপার্টমেন্টের অফিসাররা এনকোয়ারি করবেন এবং এটা কনফার্ম করার জন্য অ্যাপ্লিকেশন ডি. এম.-র কাছে পাঠানো হয়। ডি. এম.-র কনফার্মেশন পাওয়ার পর জেনুইন মনে হলে রেশন কার্ড দিয়ে দেওয়া হয়।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বিধানসভায় বলেছিলেন নতুন করে রেশন কার্ড দেওয়া হবে। ইতিমধ্যে তার জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা? করলে দয়া করে জানাবেন।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** যত ভুয়ো রেশন কার্ড আছে সেগুলো ক্যানসেল করে নতুন রেশন কার্ড দেওয়ার ব্যবস্থা করতে হবে। এর জন্য অলরেডি অ্যাকশন নেওয়া হয়েছে। কার্ড প্রিন্টিং হবে। প্রায় ৮ কোটি কার্ড প্রিন্টিং হবে। এই কার্ড প্রিন্টিং হওয়ার পরে পুরোনো রেশন কার্ডগুলো বাতিল করে নতুন রেশন কার্ড ইস্যু করা হবে।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাই, বিলো দি পভার্টি লাইনের অনেক লোকজন আছেন তাঁদের অনেকে রেশন কার্ড পান নি। তাঁরা বিলো দি পভার্টি লাইনের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। এঁদের জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** বিলো দি পভার্টি লাইন নিয়ে যখন প্রশ্ন উঠেছিল তখন আমরা কেন্দ্রীয় সরকারকে এদের কথা বলেছিলাম যে পশ্চিমবঙ্গে ৭০ পারসেন্ট মানুষ বিলো দি পভার্টি লাইনে আছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের এই কথাটা মানলেন না। তাঁরা বললেন এরকম হতে পারে না। এখানে মাত্র ৩৩ পারসেন্ট বিলো দি পভার্টি লাইন—তাঁরা স্বীকার করলেন এবং সেই হিসেব অনুযায়ী তাঁদের রেশন কার্ড দেওয়া হয়েছে। তবে যদি কোনও বিলো দি পভার্টি লাইনে কেউ রেশন কার্ডের জন্য অ্যাপ্লাই করে তাহলে এনকোয়ারি করে যদি বোঝা যায় যে জিনিষটা বোগাস নয়, সঠিক আছে তখন গভর্নমেন্ট সেটা কনসিডার করতে পারেন।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এই রেশন কার্ডের সমস্যাটা সর্বত্র দেখতে পাচ্ছি। আমার বিধানসভা এলাকাতেও এই সমস্যা আছে। ১৯৮৩ সালের পর নতুন করে আর কোনও সার্ভে হয় নি। ঐ একবার সার্ভে করে রেশন কার্ড দেওয়া হয়েছিল। এই রেশন কার্ড দেওয়ার ব্যাপারে জেলাওয়াড়ি কোনও সার্ভে করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** গভর্নমেন্টের কাছে এই ম্যাটারটা আন্ডার কনসিডারেশনে আছে। আমাদের কাছে ৭ থেকে ৮ কোটি রেশন কার্ড আছে। সেগুলো সব ক্যানসেল

করে নতুন কার্ড ফ্রেস করে ইস্যু করা হবে। যখন রেশন কার্ড নতুন করে ইস্যু করা হবে তখন সেগুলো দেখা হবে যে, সেগুলো বোগাস কিনা, সেগুলো সঠিক আছে কিনা। কার্ড প্রিন্টিং হয়ে গেছে আমরা পুরোনো কার্ডগুলোকে ক্যানসেল করে নতুন কার্ড দেওয়ার জন্য এগিয়ে আসব।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ ঃ** আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, পশ্চিমবঙ্গে ভুয়ো রেশন কার্ডের সংখ্যা কত? এই ভুয়ো রেশন কার্ডের জন্য সরকার কি পদক্ষেপ গ্রহণ করছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** সরকার থেকে ভুয়ো রেশন কার্ড ধরার জন্য ম্যানিং শুরু করে দিয়েছি। এই কাজটা শুরু হয়ে গিয়েছে। আমরা স্ট্রিক্টলি এই কাজটা করছি।

**শ্রী সুভাষ মণ্ডল ঃ** গত বছর বিধ্বংসী বন্যা হওয়ার জন্য হাজার হাজার রেশন কার্ড নষ্ট হয়ে গিয়েছে। এই বন্যার্ত মানুষদের রেশন কার্ড দেওয়ার জন্য আপনার দপ্তরের পক্ষ থেকে কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** বন্যার্ত মানুষদের রেশন কার্ড নষ্ট হয়ে গিয়েছিল। তার জন্য সরকার থেকে ৩ মাসের মধ্যে প্রায় ৮০ শতাংশ রেশন কার্ড দেওয়া হয়েছে। আর যাদের কমপ্লেইন হয় নি, যাঁরা নিতে পারছেন না, যাঁদের এখনও বাকি আছে তাঁরা যদি প্রমাণ করতে পারেন যে, বন্যায় রেশন কার্ড নষ্ট হয়ে গিয়েছে তাহলে নিশ্চয়ই কনসিডার করা যাবে।

**শ্রী নির্মল দাস ঃ** বিভিন্ন ক্ষেত্র থেকেই অভিযোগ ওঠে যে বহু জায়গায় প্রকৃত লোক-সংখ্যার চেয়ে রেশন কার্ডের সংখ্যা বেশি। এই অবস্থায় সমস্ত পুরোনো কার্ড বাতিল করে সঠিক সমীক্ষা করে নতুন রেশন কার্ড ইস্যু করার আপনার কোনও পরিকল্পনা আছে কি? এটা হচ্ছে আমার প্রথম প্রশ্ন। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আপনি বলছেন রাজ্যে ৭০ ভাগ মানুষ দারিদ্রসীমার নিচে বসবাস করে। অথচ সমীক্ষার রিপোর্ট অনুযায়ী রাজ্যপালের ভাষণে বলা হয়েছে সারা ভারতবর্ষে দারিদ্র-সীমার নিচে বসবাসকারী মোট জনসংখ্যার ৫২ ভাগ, কিন্তু পশ্চিমবাংলায় তা ২৬ ভাগ। সেই সমস্ত মানুষদের রেশনের মাধ্যমে সাবসিডাইজড ওয়েতে খাদ্যশস্য সরবরাহ করার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্‌ ঃ** আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছিলাম আমাদের রাজ্যে যে সংখ্যক মানুষকে বি পি এল-এর সুযোগ দেওয়া হচ্ছে তার চেয়ে বেশি মানুষ আমাদের রাজ্যে আছেন যাঁরা বি পি এল-এর সুযোগ পেতে পারেন। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের কথা মানতে রাজি হননি। তাঁরা নিজেদের ইচ্ছেমত একটা ইয়ার-মার্কড করে দিয়েছেন। সে জন্য আমাদের রাজ্যে যত মানুষকে বি পি এল-এ এনলিস্ট করা উচিত তা করা যাচ্ছে না। ওঁরা এটা ৩৩%-এর মধ্যে সীমাবদ্ধ করে দিয়েছেন। ফলে তার চেয়ে বেশি আমরা এগুতে পারছি না। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কনসেন্ট নিতে হয়। সেটা তাঁরা দিচ্ছে না, ফলে ওয়েস্ট বেঙ্গলে সকলকে স্বীকৃতি দেওয়া সম্ভব হয় নি। এটা খুব দুঃখের বিষয়। আর মাননীয় সদস্য প্রথমে যেটা জিজ্ঞাসা করলেন, সেটা আমাদের বিবেচনার মধ্যে আছে।

## 'সার্বিক সহায়তা কেন্দ্র' স্থাপন

***৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতার উপকণ্ঠে সমবায় ভিত্তিক মৎস্য রপ্তানির জন্য "সার্বিক সহায়তা কেন্দ্র" নির্মাণ করার পরিকল্পনা সরকারের আছে ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত পরিকল্পনাটি ২০০৩ ইং সালের মাঝামাঝি শেষ হবে বলে আশা করা যায়।

(গ) উক্ত পরিকল্পনায় অদ্যাবধি মোট বরাদ্দ কৃত অর্থের পরিমাণ ১৪৯৪.৯৩৫ লক্ষ টাকা।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার দপ্তর আমাদের রাজ্যে মৎস্য-চাষ এবং মৎস্য জীবীদের স্বার্থে একের পর এক গুরুত্বপূর্ণ কর্মসূচি

বা পদক্ষেপ নিচ্ছে এবং সাফল্যের সঙ্গে তা রূপায়িত হচ্ছে। এখন আপনি বললেন, 'মৎস্য রপ্তানির জন্য সার্বিক সহায়তা কেন্দ্রটি ২০০৩ সালে বাস্তবায়িত হবে'। এটা হলে ওখান থেকে রপ্তানির ক্ষেত্রে কি কি সুবিধা হবে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ভারতবর্ষে প্রথম এই ধরণের একটা প্রকল্প আমরা গ্রহণ করেছি। এই প্রকল্পের অধীনে ১০টি প্রোসেসিং প্ল্যান্ট তৈরি হবে। সেই ১০টি প্ল্যান্টকে বিদেশে রপ্তানি করা মাছের কোয়ালিটি কনট্রোল বা গুণগত মান বজায় রাখার কাজে ব্যবহার করা হবে। যারা প্রোসেসিং প্ল্যান্ট তৈরি করছেন তাঁরাই সমস্ত রকম পরিকাঠামো তৈরি করছেন। নিজেদের খরচে তাঁরা সমস্ত কিছু বসাবেন। প্রায় ২০/২৫ কোটি টাকার দায়িত্ব তাঁরা বহন করছেন। আমাদের রাজ্য থেকে গত বছর মৎস্য রপ্তানির পরিমাণ ছিল ৫০০ কোটি টাকা, এ বছর ৬০০ কোটি টাকার রপ্তানি হবে। আমাদের রাজ্য থেকে প্রতি বছরই মৎস্য রপ্তানির পরিমাণ বাড়ছে। ১০-ম পরিকল্পনার শেষে এটা ১১,০০০ কোটি টাকায় দাঁড়াবে। এই প্রোসেসিং প্ল্যান্টের ওপর আমরা বিশেষ গুরুত্ব দিচ্ছি যাতে আন্তর্জাতিক বাজারে আমরা আমাদের মাছের গুণগত মান বজায় রাখতে পারি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** আমাদের এগ্রিকালচারাল কমিটির স্টাডি ট্যুরের অভিজ্ঞতার ভিত্তিতে আমি বলছি যে, আমাদের রাজ্যের মৎস্য অবতরণ কেন্দ্রগুলিতে পরিবেশ সংক্রান্ত সমস্যা আছে। সেই সমস্যার সমাধানের জন্য কোনও পদক্ষেপ নিয়েছেন কিনা জানাবেন কি?

[11-20 — 11-30 a.m.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** ২৩টি মৎস্য অবতরণ ক্ষেত্রের জন্য পরিকল্পনা তৈরি করা হয়েছে এবং প্রাথমিক পর্যায়ে ১০ কোটি টাকা জাতীয় সমবায় কেন্দ্রের মাধ্যমে দেওয়া হয়েছে। এ বছর কাজ শুরু করছি। যতগুলি মৎস্য অবতরণ কেন্দ্র হবে তার যথাযথ পরিকাঠামো গড়ে তুলব যাতে মৎস্যজীবীরা সমস্ত রকমের সুযোগ-সুবিধা পায় তারই পরিকল্পনা ইতিমধ্যে গ্রহণ করেছি। সমস্ত অবতরণ কেন্দ্রগুলিতে এই সমস্ত কাজগুলি করা হবে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** এর আগে ৩টি পর্যায়ে সুসংহত সামুদ্রিক মৎস্য শিকারের উদ্যোগ নিয়েছিলেন এবং তার সুফল পেয়ে চতুর্থ পর্যায়ে অবতীর্ণ হয়েছে। সুসংহত সামুদ্রিক মৎস্য শিকারের জন্য চতুর্থ পর্যায়ের কাজ শুরু করবেন কিনা

এবং তার অগ্রগতি কিরূপ? বিশেষ করে গভীর সমুদ্রে যে সব মৎস্যজীবীরা মাছ ধরে থাকেন সেইসব মৎস্যজীবীদের যে নিরাপত্তার প্রশ্ন সামনে আসছে তাদের জন্য আপনি কি কার্যকর ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** চতুর্থ পর্যায় নয়, পঞ্চম পর্যায় মঞ্জুর হয়েছে। চতুর্থ পর্যায়ের কাজ চলছে। প্রথম পর্যায়ে শঙ্করপুরে, দ্বিতীয় পর্যায় ফ্রেজারগঞ্জে, তৃতীয় পর্যায় শঙ্করপুরে মৎস্য বন্দর তৈরি হয়। চতুর্থ মৎস্য বন্দরের কাজ শুরু করেছি ডায়মন্ডহারবারের সুলতানপুরে। আমি আশা করছি, ২০০২ সালের মার্চ মাসের মধ্যে বন্দরের কাজ শেষ হবে। আর পঞ্চম পর্যায় কাকদ্বীপে অনুমোদন লাভ করেছে। ২০০৩ সালের মধ্যে এর কাজ শেষ করব। আর যে সমস্ত মৎস্য চাষীরা সমুদ্রে মাছ ধরতে যান তাদের নিরাপত্তা বলুন কিম্বা যোগাযোগ রক্ষা বলুন, আমরা ওয়্যারলেসের মাধ্যমে সমুদ্রে যেসব মৎস্যজীবীরা মাছ ধরছে তারা যাতে যোগাযোগ রক্ষা করতে পারে তার জন্য রাজ্য সরকার এই পরিকল্পনার জন্য টাকা মঞ্জুর করেছেন। ঠিক সেই সময়ে কেন্দ্রীয় সরকার আমাকে জানান যে, কেন্দ্রীয় সরকার নিজেই এর খরচ বহন করে এই ধরণের পরিকাঠামো তৈরি করে দেবেন। ফলে আমরা কেন্দ্রীয় সরকারকে এই দায়িত্ব দিই। ওরা বললেন, ১ বছরের মধ্যে পরিকাঠামো তৈরি করা হবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, ৪ বছর হয়ে গেল সেই পরিকাঠামো এখনও তৈরি করতে পারেনি। সেই কারণে একটা উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আর একটা হচ্ছে, সুন্দরবনে সমুদ্রে যারা মাছ ধরতে যান তারা জলদস্যুদের দ্বারা আক্রান্ত হচ্ছেন এবং ঝড় ঝঞ্ঝায় পড়ছে। এমতাবস্থায় তারা আমাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে পারে না। আমি রাজ্য সরকারের পক্ষ থেকে ঠিক করেছি, ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার যদি কোন ব্যবস্থা গ্রহন না করেন তাহলে কেন্দ্রের অপেক্ষায় না থেকে রাজ্য সরকার তার নিজের টাকা খরচ করে এই ধরণের পরিকাঠামো তৈরি করে দেবেন।

**শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, দক্ষিন ২৪ পরগনা এবং উত্তর ২৪ পরগনার একটা বিরাট অংশে বাগদা চিংড়ি রপ্তানি হয় এবং পোনা তৈরি হয়। এখানে সার্বিক সহায়তাপ্রকল্প কেন্দ্র তৈরি হচ্ছে সেখানে চিংড়ি রপ্তানি করার জন্য ঐ সমস্ত চিংড়ি চাষীরা সেখানে কি ধরণের সুযোগ-সুবিধা পেতে পারে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** যারা উৎপাদন করছে তার উৎপাদনকৃত মাল এই প্রসেসিং প্ল্যান্টে পাঠালে সেখান থেকে প্রসেসিং হয়ে বাইরে চলে যাবে। আন্তর্জাতিক বাজারে

এর দাম এত বেশি যে যারা চিংড়ি চাষ করছে এবং যারা এর সঙ্গে যুক্ত আছে তারা ভালই মূল্য পাচ্ছেন। এই পরিকাঠামো তৈরির করার ক্ষেত্রে আমরা মেরিণ এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি সেন্ট্রাল গভর্নমেন্টের যেটা আছে তাদের দিয়েছি। তাদের মাধ্যমেই রপ্তানি হয়। এই রপ্তানির জন্য রাজ্য সরকার কোনও টাকা পায় না, কেন্দ্রীয় সরকার পান। কিন্তু কেন্দ্রীয় সরকার রপ্তানি থেকে যা আয় করেন তার কিয়দাংশ আমাদের এখানে পরিকাঠামো তৈরির জন্য ব্যয় করেন। আমি ইতিমধ্যে বলেছি, আমাদের এখানে পরিকাঠামো তৈরি করতে হবে। কারণ বিপুল পরিমাণ অর্থ রপ্তানি করে আয় করছে। সুতরাং তার একটা অংশ এখানে ব্যয় করুন। এখানে পরিকাঠামো করতে হবে। সেইসব পরিকল্পনা আমরা তৈরি করেছি।

**শ্রী জানে আলম মিঞা ঃ** ফারাক্কা ফিডার ক্যানেল দ্বারা প্রায় ২৮ বছর ধরে অনেক জলাভূমি সৃষ্টি হয়েছে মুর্শিদাবাদ জেলায়। মৎস্যচাষীদের স্বার্থে সেখানে মাছ চাষের কোনও পরিকল্পনা মন্ত্রিমহাশয় নিয়েছেন কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমি এই ব্যাপারে কয়েকবার ধরে জেলা পরিষদের সঙ্গে আলোচনা করেছি। যেসব জলাশয়গুলি তৈরি হয়েছে সেগুলি সব ব্যক্তিগত মালিকানাধীন, সরকারি খাস জায়গা নেই। খুবই অল্প জায়গা আছে যেটা সরকারি খাস জায়গা। আমি তাই জেলা প্রশাসন এবং পঞ্চায়েতকে বলেছিলাম ঐ জলাশয়ের মালিকদের বলুন যেহেতু ওখানে কোনও ফসল উৎপাদন হয় নি তাই তাদের নিয়ে একটা সমবায় সমিতি করে যাতে উৎপাদনমুখী পরিকল্পনা করা যায়। মাননীয় বিধায়ককে আমি বলব, আপনি উদ্যোগ নিয়ে এই ধরণের সমবায় সমিতি যদি করতে পারেন তাহলে আমরা সর্বোতঃভাবে তাকে সাহায্য করব।

প্রশ্ন নং *৯৬ স্থগিত

### রাজ্য নির্মীয়মাণ সেতুর সংখ্যা

***৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৩২৯) **শ্রী তপন হোড় ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে রাজ্যে মোট নির্মীয়মাণ সেতুর সংখ্যা কত;

(খ) উক্ত সেতুগুলি নির্মাণে মোট কত টাকা ব্যয় হতে পারে; এবং

(গ) উক্ত সেতুগুলির নির্মাণ কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী অমর চৌধুরী ঃ**

(ক) পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের অধীন নির্মীয়মান সেতুর সংখ্যা ৬৫ (পঁয়ষট্টি)।

(খ) সেতুগুলির প্রাককলন অনুযায়ী মোট ২৮৮০৫.৬৯ লক্ষ টাকা ব্যয় হওয়ার সম্ভাবনা আছে।

(গ) চলতি আর্থিক বছরে (২০০১-২০০২) ২০টি, ২০০২-২০০৩ আর্থিক বছরে ৩৭টি এবং ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৮টি সেতুর নির্মান কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ২০০১/২—২০টি, ২০০২/৩ আর্থিক বছরে ৩৭টি, ২০০৩/৪ আর্থিক বছরে ৮টি সেতু নির্মানের কাজ শেষ হবে বলে আশা করা যায়। মাননীয় মন্ত্রিমহাশয় নির্দিষ্ট করে বলতে পারেন কি কবে নাগাদ শেষ হবে?

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় সদস্য কোনও স্পেসিফিক সেতুর কথা যদি জানতে চান তাহলে সুবিধা হয়। তা না হলে ৬৫টা নিয়ে বলতে হবে।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, অজয় নদীর উপর ভেদি বোলপুর সংযোগকারী সেতু এবং অজয় নদীর উপর পান্ডবেশ্বর সেতু—এই দুটি নির্মীয়মান সেতুর কাজ কবে নাগাদ শেষ হবে?

**শ্রী অমর চৌধুরী ঃ** ৬৫টার ভেতরে খুঁজে বার করে বলতে হবে, তার জন্য সময়ের প্রয়োজন। আপনি যদি চান আমি সবটা বলে দিতে পারি।

**শ্রী তপন হোড় ঃ** দ্বিতীয় বিবেকানন্দ সেতু বর্তমানে কি অবস্থায় আছে এবং কবে নাগাদ এর কাজ শেষ হতে পারে এবং এর আর্থিক ব্যয় কি রকম হতে পারে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রী অমর চৌধুরী ঃ** দ্বিতীয় বিবেকানন্দ সেতুর ক্ষেত্রে এখনও আমরা ল্যান্ড অ্যাকুইজিশনের মধ্যে আছি। বালির দিকে অ্যাকুইজিশনের পেমেন্ট হয়ে গিয়েছে। কোলকাতার দিকে সেই অ্যাকুইজিশন শুরু হয়েছে তবে সমস্যার সমাধান হয়নি। এর পর এগ্রিমেন্ট হবে এবং তারপর বলা যাবে কবে নাগাদ শুরু হবে। আশা করা যায় দু হাজার দুই সালের মধ্যে কাজ শুরু হবে।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** কিছুদিন আগে রেলের একটা নড়বড়ে সেতুর জন্য রেল অ্যাক্সিডেন্ট হয়ে অনেক লোক মারা গেল। আমার প্রশ্ন, আমাদের রাজ্যের সেতুগুলির রক্ষনাবেক্ষনের জন্য একটি ইঞ্জিনিয়ারিং সেল এবং একটি টাস্ক ফোর্স তৈরি করে সেতুগুলি চেক করার জন্য কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী অমর চৌধুরী ঃ** রেলের সেতু দেখার দায়িত্ব আমার দপ্তরের আছে কিনা বলতে পারি না।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী গুরুপদ দত্ত ঃ** আপনার পূর্ত দপ্তরের সেতুগুলি দেখভাল করবেন কিনা যাতে ঐ ধরণের দুর্ঘটনা না হয়?

**শ্রী অমর চৌধুরী ঃ** নিশ্চয়ই দেখব।

**শ্রীমতি উমা বাউড়ি ঃ** দামোদর নদের উপর যে সেতুটি নির্মান করা হচ্ছে তার জন্য বরাদ্দকৃত টাকার পরিমান কত এবং সেটা কবে নাগাদ শেষ হবে?

**শ্রী অমর চৌধুরী ঃ** এ ব্যাপারে স্পেসিফিক নোটিশ দিলে সুবিধা হয়। তবে আশাকরি বাজেটের সময় এটা জানতে পারবেন।

**শ্রীমতি কনিকা গাঙ্গুলি ঃ** উনি যে দ্বিতীয় বালি সেতু সম্পর্কে বলছিলেন সেখানে বালির দিকে সমস্ত পেমেন্ট হয়ে গেছে। বালিতে একটা সিনেমা হল রয়েছে যেটা সেতু নির্মাণের জন্য ভাঙ্গা পড়ছে। ঐ সিনেমা হলে ২০ জন পার্মানেন্ট স্টাফ এবং ২ জন ক্যাজুয়াল স্টাফ রয়েছেন। ঐ শ্রমিকদের জন্য সরকারি তরফ থেকে কত টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে জানাবেন কি?

**শ্রী অমর চৌধুরী ঃ** আমার যতদূর জানা আছে, ঐ শ্রীকৃষ্ণ হলের মালিক শ্রমিকদের প্রাপ্য টাকা হিসাব করে দিয়ে দিয়েছেন কমপেনসেশন আকারে। যদি তার কোনওরকম ব্যতিক্রম হয় তাহলে আপনি সেটা দেখিয়ে দেবেন।

**শ্রী কিরীটি বাগদি ঃ** আমার বিধানসভা কেন্দ্র ইঁদপুরে খরপোযা নদী আছে এবং তাতে একটি কালভার্ট রয়েছে। গত সেপ্টেম্বর ২০০০ য়ে বন্যায় ঐ কালভার্টে একটি বাস উল্টে গিয়ে ২ জন মারা যায়। তার জন্য আমি এর আগে বিধানসভায় বলেছিলাম, সেখানে একটি সেতু করবার দরকার রয়েছে। সেখানে সেতু নির্মাণের কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

**শ্রী অমর চৌধুরী ঃ** প্রস্তাবটা বিবেচনা করা যেতে পারে।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** আপনার কাছে আমার একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন, আপনি যে দ্বিতীয় বালি সেতু নির্মাণের ক্ষেত্রে বালির দিকে কমপেনসেশন অনেককে দিয়েছেন আমার কাছে এসেছে, সেগুলো আমি সিগনেচার অথেনটিকেটেডও করে দিয়েছি কিন্তু কোটি কোটি টাকা যা নিল তারপর এখনো পর্যন্ত সেটা অধিগ্রহণ করলেন না কেন? এখনও সেখানে স্ট্রাকচার, পেট্রোল পাম্প, বাড়ি, সবকিছু তারা ভোগ করছেন। আমি আপনাকে এ সম্পর্কে জিজ্ঞাসা করায় বলেছিলেন, সেখানে ওরা নাকি মামলার পথে গেছেন। এত টাকা নিল, সেই টাকা ব্যাঙ্কে রেখে সুদ পাচ্ছে, অথচ আটকে রেখেছে। এই ব্যাপারটা হাউসকে জানালে খুশি হবো।

**শ্রী অমর চৌধুরী ঃ** বিষয়টা হল, যেগুলো অধিগৃহীত হয়েছে তাদের অনেকে চলে গেছেন। কিন্তু যে এজেন্সি সেখানে নিয়েছে তাদের সমস্ত কিছু ভেঙে দিতে হবে। এগ্রিমেন্ট হবার আগেই সেটা করতে হবে। টাকার ব্যাপারে বিশেষভাবে জানবার থাকলে আসুন, আমি বলতে পারব।

## প্রয়াত অজয়কুমার মুখোপাধ্যায়ের মূর্তি স্থাপন

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪০১) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত অজয়কুমার মুখোপাধ্যায়ের পূর্ণাবয়ব মূর্তি তাঁর জন্মশতবর্ষে প্রতিষ্ঠিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী অমর চৌধুরী ঃ**

হ্যাঁ আছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** বিয়াল্লিশের আন্দোলনের অগ্নি যুগের প্রবাদ পুরুষ অজয় মুখার্জির মূর্তি তাঁর এই জন্মশতবর্ষে বসাবেন বললেন। তাঁর জন্মশতবর্ষ ১৫ই এপ্রিল থেকে শুরু হয়েছে, ১ বছর ধরে চলবে। তাঁর মূর্তি প্রতিষ্ঠা করবার পরিকল্পনা দপ্তরের আছে বললেন। এই মূর্তি তৈরি করতে কত টাকা খরচ হয়েছে?

**শ্রী অমর চৌধুরী ঃ** এই মূর্তি তৈরি করতে মোট খরচ হয়েছে ৬ লক্ষ ২ হাজার টাকা। তার মধ্যে ৫ লক্ষ ৯২ হাজার টাকা শিল্পীকে দেওয়া হয়েছে। প্রথমে চুক্তি অনুযায়ী টাকার পরিমান ছিল ৪ লক্ষ ৩০ হাজার টাকা, অতিরিক্ত ১ লক্ষ

৭২ হাজার টাকা দিতে হয়। তবে আমরা এখনও ১০ হাজার টাকা দিই নি। মূর্তি যখন বসানো হবে তখন সেই ১০ হাজার টাকা দেওয়া হবে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** এই মূর্তি কোথায় বসাবেন বলে স্থির করেছেন জানাবেন কি?

**শ্রী অমর চৌধুরী ঃ** কমিটি কোনও স্থান নির্দ্দিষ্ট করে দেন নি। সেই কারণে মূর্তিটি শিল্পীর কাছে রয়ে গেছে। স্থান নির্দ্দিষ্ট করে দিলে স্থাপন করা যাবে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** আর এই রকম কোন জননেতা বা প্রবাদ পুরুষের মূর্তি তৈরি হয়ে প্রতিষ্ঠা করার অপেক্ষায় রয়ে গেছে জানাবেন কি?

(নট রিপ্লায়েড)

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ৬ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে। অগ্নি যুগের বিপ্লবী অজয় মুখার্জি যুক্তফ্রন্ট আমলে মুখ্যমন্ত্রী ছিলেন। মন্ত্রী মহাশয় বললেন যে, মূর্তি কোথায় বসানো হবে সেই জায়গা এখনও নির্ধারিত হয় নি। তাহলে টাকাটা কিভাবে স্যাংশন হলো? বসানো কোথায় হবে ঠিক হলো না, টাকা স্যাংশন হয়ে গেল? মাননীয় মন্ত্রিমহাশয় ব্যাপারটা জানাবেন কি?

**শ্রী অমর চৌধুরী ঃ** এই মূর্তি স্থাপনের যে নিয়ম আছে সেটা হলো, এর জন্য একটা কমিটি থাকে, তাদের উদ্যোগে এই মূর্তি করা হয় এবং তারা জমি ঠিক করে দেন, স্থান ঠিক করে দেন। নির্দ্দিষ্ট স্থান ঠিক না করা পর্যন্ত মূর্তি বসানো যাচ্ছে না।

## লিলুয়া ও মৌড়িগ্রামে ওভারব্রিজ নির্মাণ

***১০১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৮) **শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কটি সড়কে ওভারব্রিজের কাজ চলছে; এবং

(খ) হাওড়া জেলার লিলুয়া ও মৌড়ি গ্রামে ওভারব্রিজ নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী অমর চৌধুরী ঃ**

(ক) রাজ্যে বর্তমানে ৪ (চারটি) সড়কে ওভারব্রিজের কাজ চলছে।

(খ) লিলুয়া ওভারব্রিজ—লিলুয়া ওভারব্রিজের পূর্বদিকের অ্যাপ্রোচ রোড ও ডায়াডাক্ট অংশের কাজ প্রায় শেষের দিকে। কিন্তু প্রয়োজনীয় জমি না পাওয়ার জন্য পশ্চিমদিকের অ্যাপ্রোচ রোড ও ডায়াডাক্ট অংশের কাজ শুরু করা সম্ভব হয় নি। আজ পর্যন্ত মোটের ওপর শতকরা ৩৫ ভাগ কাজ সম্পন্ন হয়েছে।

মৌরিগ্রাম ওভারব্রিজ—মূল সেতুসহ মৌরিগ্রাম ওভারব্রিজের উভয় দিকের অ্যাপ্রোচ রোড ও ডায়াডাক্ট অংশের কাজ দ্রুতলয়ে চলছে। আজ পর্যন্ত মোটের ওপর ৬৫ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি :** আমার যতদূর জানা আছে এই মৌরিগ্রাম ওভারব্রিজ, লিলুয়া ওভারব্রিজের অনেক পরে শুরু হয়েছিল। অর্থাৎ ১৯৫৭ সালে মাননীয় প্রাক্তন পূর্তমন্ত্রী এটার শিলান্যাশ করেছিলেন। দীর্ঘ দিন আন্দোলনের ফলে এই লিলুয়া ওভারব্রিজের কাজ শুরু হচ্ছে। এখানে জমি অধিগ্রহণের একটা অসুবিধা রয়েছে জমি না পাওয়ার জন্য। জমি পাওয়ার জন্য পূর্ত দপ্তর থেকে কি কি ব্যবস্থা গ্রহন করা হয়েছে?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী অমর চৌধুরী :** আমরা জমি পাওয়ার জন্য এল. আর. ডিপার্টমেন্টকে বলি এবং সেই বিভাগ যখন আমাদের এস্টিমেট দেয়, আমাদের তারপর টাকা দিতে হয়। সেই এস্টিমেট না দেওয়া পর্যন্ত আমরা কোনও কাজ এগোতে পারি না। তারপর জমি অধিগ্রহণ করতে হবে।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি :** এস্টিমেট না পাওয়া পর্যন্ত কোনও কাজ করা যাবে না ঠিকই, কিন্তু আমি এস্টিমেট পাওয়ার ব্যাপারে প্রশ্ন করিনি। আমি প্রশ্ন করছিলাম জমি পাওয়ার জন্য কি করেছেন? এস্টিমেট পাওয়ার জন্য আপনার দপ্তর থেকে বলা হয়েছে কি?

**শ্রী অমর চৌধুরী :** বিষয়টি সম্পর্কে এল. আর. ডিপার্টমেন্টকে বারবার বলা হচ্ছে।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি :** ঐ কাজে তার একটা অংশ রেলের ওপরে করতে হয়—একদিকে কাজ শুরু হওয়ার পর রেলের একটা কাজ করা যায় নি। এখনও পর্যন্ত কোনও ব্রিজ বা পিলার কোনও কিছু দেখা যাচ্ছে না। এই ব্যাপারে রেল

দপ্তরের সঙ্গে কোনও আলোচনা হয়েছে কিনা? রেলের অংশের কোনও কাজ করার পরিকল্পনা বা প্রস্তাব আপনার আছে কিনা?

**শ্রী অমর চৌধুরী ঃ** রেলের কাজ করার জন্য তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হয়, বলা হয়। কাজটি সম্পূর্ণভাবে রেলকেই করতে হবে। আপনি বললেন যখন, আমরা নিশ্চয়ই রেল কর্তৃপক্ষের সঙ্গে এই ব্যাপারে বসব, দেখব।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** জমি, রেলের জমি বা পশ্চিম দিকে যে অংশ আছে, আপনি বললেন, এখনও পর্যন্ত এল. আর. ডিপার্টমেন্ট থেকে কোনও বিষয়েই কিছু আসেনি বলে করতে পারছেন না। এই কাজ করার জন্য লোকাল স্বায়ত্তশাসন, অর্থাৎ পৌরসভার কোনও রকম সহযোগিতা চেয়েছেন কিনা?

**শ্রী অমর চৌধুরী ঃ** সাধারণত পৌরসভাকে জানানো হয়। আমরা নিশ্চয়ই সহযোগিতা চাই। আমি এই বিষয়ে পৌরসভার সাথে আলোচনা করব।

**শ্রী মেহেবুব মণ্ডল ঃ** আমাদের গলসি থেকে আসানসোল, দুর্গাপুর যাওয়ার প্রধান রাস্তা জি. টি. রোডে পানাগড়ে ওভারব্রিজের কাজটি দীর্ঘদিন ধরে চলছে। কবে নাগাদ এটি শেষ হবে, মাননীয় মন্ত্রিমহাশয় সেটি যদি জানান তাহলে বাধিত হব।

**শ্রী অমর চৌধুরী ঃ** এটি এই প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়। আপনি নোটিশ দিলে জানাতে পারব।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় ৪টি ওভারব্রিজের ব্যাপারে বললেন। বর্ধমান জেলার শক্তিগড়ে জি. টি. রোডের ওপরে ক্রস করতে হয়, তাই জ্যামজট হয়ে যায়। লোকাল ট্রেন, এক্সপ্রেস ট্রেন আটকে যায়। উক্ত ৪টি ওভারব্রিজের মধ্যে শক্তিগড়ের ব্রিজ কি আছে?

**শ্রী অমর চৌধুরী ঃ** আপনাকে নির্দিষ্ট নোটিশ দিতে হবে—কারণ এই প্রশ্নের সঙ্গে এটি সম্পর্কিত নয়।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** ডানকুনিতে কোনও ওভারব্রিজ করার কোনও পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী অমর চৌধুরী ঃ** প্রস্তাবটি বিবেচনা করা যেতে পারে। কিন্তু এখনও কোনও পরিকল্পনা হয়নি।

**শ্রী সামসুল ইসলাম চৌধুরী ঃ** এন. এইচ. ৩৪য়ে বারাসাত এবং রানাঘাটে ওপরে কোন্ ওভারব্রিজ করার প্রস্তাব রাজ্য সরকারের কাছে আছে কি?

**শ্রী অমর চৌধুরী ঃ** না, এখনও নেই।

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### রাজ্যে সাক্ষরতার হার

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৪) **শ্রী কালীপদ মণ্ডল ঃ** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সাক্ষরতার শতকরা হার কত ;

(খ) তন্মধ্যে পুরুষ ও মহিলাদের শতকরা হার কত ; এবং

(গ) ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় সাক্ষরতার ক্ষেত্রে রাজ্যের স্থান কোথায়?

**জনশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৬৯.২২ শতাংশ।

(খ) পুরুষ—৭৭.৫৮ শতাংশ

মহিলা—৬০.২২ শতাংশ

(গ) ১১ তম স্থানে

### বিগত বন্যায় মৎস্যচাষীদের ক্ষয়ক্ষতির পরিমাণ

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯) **শ্রী দীপককুমার ঘোষ ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত বন্যায় রাজ্যের বিভিন্ন জেলায় জলাশয় ভেসে গিয়ে মৎস্যচাষীদের প্রচুর ক্ষয়ক্ষতি হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত মৎস্যচাষীদের ক্ষতিপূরণের জন্য সরকার কর্তৃক কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি।

(খ) বিগত বন্যায় রাজ্যের নয় (৯) টি জেলায়—যথা ঃ উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি, বীরভূম, বর্ধমান, নদীয়া, মালদা, মুর্শিদাবাদ ও মেদিনীপুরের (পশ্চিম), মৎস্যচাষীদের ক্ষতিপূরণের জন্য রাজ্য সরকার ৮০ লক্ষ টাকা মৎস্য দপ্তরের বরাদ্দকৃত সীমিত নিজ তহবিল থেকে মঞ্জুর করেছেন ও উক্ত টাকা সংশ্লিষ্ট জেলা পরিষদের অনুকূলে বণ্টন করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থে 'মিনিকিট' সরবরাহ করার জন্য জেলা পরিষদের অনুমোদিত তালিকা অনুযায়ী পঞ্চায়েতের মাধ্যমে ক্ষতিগ্রস্ত মৎস্যচাষীগণকে, অগ্রাধিকারে মৎস্যজীবী সমবায় সমিতি গুলিকে 'মিনিকিট' বিতরনের সুযোগ দেওয়া হবে।

এ ছাড়া, উক্ত নয়টি বন্যা কবলিত জেলার সংশ্লিষ্ট জেলা পরিষদগুলিকে গত বছরের জন্য যে প্রয়োজনীয় অর্থ অনুদান হিসাবে দেওয়া হয়েছিল, তা দিয়ে বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যচাষীদের ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল।

## বারুইপুরে ওভারব্রিজ নির্মাণ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বারুইপুরের কুলপী রোডে রেল লাইনের উপর ওভারব্রিজ নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) পরিকল্পনাটি একেবারেই প্রাথমিক পর্যায়ে আছে, তাই উক্ত পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে তা এখনই বলা যাচ্ছে না।

**খাদ্যশস্য সংগ্রহ ও বণ্টন**

***১০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৮) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কেন্দ্রীয় সরকার খাদ্যশস্য সংগ্রহ ও বণ্টনের প্রক্রিয়া রাজ্য সরকারের হাতে তুলে দিতে চান ; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে রাজ্য সরকারের প্রতিক্রিয়া কীরূপ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৯৭ সাল থেকে কেন্দ্রীয় সরকারের পক্ষে রাজ্য সরকার স্থানীয়ভাবে উৎপাদিত চাল সংগ্রহ করে যাচ্ছে। কিন্তু গম ভারতীয় খাদ্য নিগম থেকেই সংগ্রহ করা হয়ে থাকে। খাদ্য দপ্তর গণবন্টন ব্যবস্থার মাধ্যমে রেশন কার্ডধারীদের মধ্যে খাদ্যশস্য বণ্টন করে থাকে।

প্রশ্ন ওঠে না।

**Expressway from Kolkata to Siliguri**

***104.** (Admitted Question No. *57) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the PWD (Roads) Department be pleased to state—

(a) whether it is a fact that there is a proposal to construct an Expressway from Kolkata to Siliguri with aid from Asian Development Bank ;

(b) if so, the details thereof, and

(c) when the said Expressway is expected to be completed ?

**Minister-in-charge of the P.W.D. (Roads) Department :**

(a) Government of West Bengal and Government of India are interacting with Asian Development Bank for improvement

of N. H. 34 from North of Barasat to Raiganj as under West Bengal Corridor Development Project. Proposed project will not be an expressway.

(b) As mentioned in (a) above. There is no proposal of an expressway from Kolkata to Siliguri at this stage.

As initial step of West Bengal Corridor Development Project feasibility and project scopes have been identified with Technical Assistance from Asian Development Bank. Project appraisal is ongoing.

(c) Expected completion time cannot be predicted till finalisation of the proposed West Bengal Corridor Development Project.

প্রশ্ন নং *১০৫ — স্থগিত

### ডায়মণ্ডহারবার রোডকে জাতীয় সড়কের স্বীকৃতি

***১০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০১) **শ্রী মন্টুরাম পাখিরা ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডায়মণ্ডহারবার রোডকে জাতীয় সড়কের স্বীকৃতি দেওয়ার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) ১৯৯৩ সাল থেকেই একটি প্রস্তাব পাঠিয়ে রাস্তাটিকে জাতীয় সড়কের স্বীকৃতি দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করা হয়েছিল। বর্তমান কেন্দ্রীয় সরকারের পরিবহন ও রাজপথ মন্ত্রকের সুপারিশক্রমে নতুন তথ্য সংযোজন করে পুনরায় একটি প্রস্তাব পাঠানোর ব্যবস্থা নেওয়া হচ্ছে।

### বেনফিশের মাধ্যমে মাছ বিক্রয়

***১০৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮১) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেনফিশের মাধ্যমে কাচা মাছ খুচরো বিক্রি করা হয় কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কলকাতায় বেনফিশের কোন কোন স্টল থেকে ঐ মাছ বিক্রি করা হয়; এবং

(গ) বেনফিশের ভ্রাম্যমান বিক্রয় কেন্দ্র থেকে যে সব খাবার বিক্রি করা হয় তার মূল্য তালিকা সরকার কর্তৃক নির্ধারিত কি না ?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) খাবারগুলির মূল্য তালিকা 'বেনফিশ' নির্ধারণ করে।

**হাডকো'র সহায়তায় জি. টি. রোড সংস্কার**

***১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৩) ডাঃ রত্না দে (নাগ) ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাডকো'র আর্থিক সহায়তায় মগরা থেকে বালীখাল পর্যন্ত জি. টি. রোডটি সংস্কারের পরিকল্পনা সরকারের আছে;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) এর জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মগরা থেকে বালিখাল পর্যন্ত জি. টি. রোড সংস্কারের প্রকল্প চলতি (HUDCO) হাডকোর আর্থিক সহায়তার মধ্যে নেই। ভবিষ্যতে অনুরূপ উন্নতমানের কাজের পরিকল্পনা 'হাডকো'র আর্থিক সহায়তায় গৃহীত হলে উল্লিখিত রাস্তা সংস্কারের প্রকল্পটি সেখানে অন্তর্ভূক্তির কথা উপযুক্ত কর্তৃপক্ষ বিবেচনা করবেন।

(খ) ও (গ) এখনি কোনও মন্তব্য করা সম্ভব নয়।

**মৎস্য সঞ্চার প্রকল্প**

***১০৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১৫) **শ্রী কমল মুখার্জি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কবে থেকে নদীতে 'মৎস্য সঞ্চার প্রকল্প' চালু করা হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকল্পের সাফল্যের পরিমাণ কীরূপ ?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯২-৯৩ সাল থেকে।

(খ) উক্ত প্রকল্পের রূপায়নের মাধ্যমে রুই, কাতলা, মৃগেল মাছের ডিমপোনা ও ঐ জাতীয় মাছের উৎপাদন আশাপ্রদভাবে বৃদ্ধি পেয়েছে। গঙ্গাতীরবর্তী এলাকায় নদীঘাটে মাছের বাজারগুলিতে সমীক্ষা চালিয়ে তথ্য পাওয়া গেছে যে, যে সমস্ত ঘাটে/গঙ্গায় ও গঙ্গার উপনদী/শাখানদীতে যেখানে, একেবারে দেশি পোনা মাছ ও মরশুমি ডিমপোনা পাওয়া যেত না, সেখানে উক্ত প্রকল্প রূপায়িত হওয়ায় যুক্তিসঙ্গত সময়ের পরে দেশি পোনা বাজারে বিক্রয়ের উপযোগী আকারে ও দেশি পোনার ডিম এখন পাওয়া যাচ্ছে।

**নামখানায় মৎস্য জেটি নির্মাণ**

***১১০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৯) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগণা জেলার সাগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নামখানায় "মৎস্য জেটি" (বন্দর) নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) 'না'।

(খ) প্রশ্ন ওঠে না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Ajoy Dey. Shri Mahbubul Haque, Shri Humayan Reza, Shri Asit Mitra and Shri Kamal Mukherjee on the subject of apprehended flood situation in different districts of the State. The second one is from Shri Abdul Mannan on the subject of deterioration of the law and order situation in the State.

On the subject matter of the first motion a Calling Attention notice had been admitted and statement on the same is due on 11.7.2001. The first motion is thus out of order and I reject it.

The subject matter of the second motion relates day to day administration of the Government and does not call for adjournment of the business of the House. The members will also get ample scope to raise the matter during the discussion and voting on the demands for grants on the related Departments. I, therefore, withhold my consent to the second Motion.

The member may, however, read the text of the Motion as amended.

There is no one to read out the Motion.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :—

| Subjects | | Name |
|---|---|---|
| (i) Reported banning on video-film show at Contai. Midnapur by the supporters of major rulling party. | : | Shri Jyoti Priya Mallick |
| (ii) Alleged contradictory ıeport on banning of video-film show at Contai, Midnapore. | : | Shri Tapan Hore |
| (iii) Reported arrest of some anti-socials at Yuba Bharati Stadium on 27.6.2001. | : | Shri Abdul Mannan |
| (iv) Reported attack on a doctor by K.L.O. at Sahudanga, Jalpaiguri on 27.6.2001. | : | Shri Nirmal Das |

I want to select the notice of Shri Abdul Mannan, but as he is not Present, it cannot be done.

## POINT OF INFORMATION

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, সম্প্রতি যুব ভারতী ক্রীড়াঙ্গনে জনৈক মন্ত্রীর আশ্রিত সশস্ত্র সমাজ বিরোধীদের গ্রেপ্তারকে কেন্দ্র করে বিধানসভার অভ্যন্তরে এবং বিধানসভার বাইরে গোটা রাজ্য জুড়ে জনমনে একটা আলোড়ন চলছে এই ব্যাপারে এবং যেহেতু মন্ত্রীর নাম এর সঙ্গে জড়িত হয়ে গেছে এই ইস্যুতে এবং আজকে বামফ্রন্ট বা রাজ্য সরকারের প্রতিক্রিয়া কি সেই সম্পর্কে মুখ্যমন্ত্রীর কোনও বিবৃতি আজও এখনও পর্যন্ত না দেওয়ার ফলে সমস্যা আরো ঘোরতর, জটিল হয়ে পড়েছে। মানুষের মধ্যে আশংকা দেখা দিয়েছে। শুধু বিরোধীরা নয় বা সাধারণ মানুষ নয়, বামফ্রন্টের ভেতরে শরিক দল এইরকম একটা ঘটনা খুবই গুরুত্বপূর্ণ এবং উদ্বেগজনক বলে তাঁরা উদ্বেগ প্রকাশ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যতক্ষণ পর্যন্ত না এইভাবে রাশ টেনে ধরা হয়, সত্য ঘটনা উৎঘাটিত না হয় ততক্ষণ পর্যন্ত এই উদ্বেগ থাকবেই।

**Mr. Speaker :** Mr. Prabodh Chandra Sinha, you will request the Chief Minister to make a statement on the subject on Monday.

[11-50 — 12-00 noon]

## POINT OF INFORMATION

**Mrs. Gillian Rosemary D'Costa Hart :** Hon'ble Speaker Sir, this morning I rise to bring to the notice of the Government, the threat that is looming large over the South Park Street Cemetery. This cemetery is the second oldest Christian Cemetery in Kolkata, after the grave-yard in St. John's Church. This cemetery has great historical significance because many eminent personalities are buried there. This cemetery houses the grave and monument of one of the greatest leaders of the Anglo-Indian community, the intellectual and poet Henry Louis Vivian D'Rozario.

Recently the Calcutta Municipal Corporation has begun construction of a high car park on the western side of the cemetery along Rawdon Street which, when completed, will deprive us of the access to the cemetery from the its western entrance. The Christian Burial Board which is the custodian of the cemetery and responsible for its maintenance has, on many occasions, through statements and books, explained to the CMC about the religious sanctity of the graves, their historical and anthropological importance as well as the fact that tourists from all corners of the globe visit the cemetery to pay respects to their dead.

Besides the sacred aspect of the cemetery, the Christian Burial Board has also planned to construct a funeral parlour which is a dire necessity for the Christian community since there is only once such good funeral parlour existing within the city limits. The plan for the proposed funeral parlour has already been submitted to the CMC through it has not yet been approved of. News items regarding this have appeared in the Metro Section of the Telegraph on the 14th and 15th june 2001 and the Hindustan Times of India on

20th and 21st June 2001 and a public meeting was held on the 20th June, 2001 by the Bangiya Christiya Pariseba to highlight this problem and their General Secretary Mr. Hurod Mullick has met the Mayor regarding this matter.

From a practical view point it is essential that the entrance to the western gate be opened and free for ingress and egress due to the change in the direction of the flow of one way traffic in the morning and afternoon on Park Street.

Doubtless there is a need for a car park in the city. However, does it have to be built at the cost of cand as the obstruction to the sentiments and feelings of the small Christian minority, not to mention disturbing the peaceful dead who lie in the South Park Cemetery. This graveyard is the last resting place of our ancestors who should be left in peace. In fact tommorow, the 30th June 2001, an ecclesiastical meeting is to be held at 4 p.m. at the emetry premises to express our concern for the reservation and sanctity of the cemetry.

I reiterate that our Government should not over look the urgency of the situation and in conclusion, I sincerely appeal to our Government, who have always been concerned with the protection of the minorities to assist us with our appeal to the Hon'ble Mayor and the Calcutta Corporation not to ignore the sanctity of the grave-yard and the religious sentiments of our community and to leave a passage so that we can enter the cemetery from the western gate leaving aside the question of ownership of the burial ground, and to give the necessary approval for the construction of a funeral parlour that has already been applied for. Until this is done, there will be neither rest nor tranquility in the Cemetery or among the Christian minority and the whirlwind of revolt will continue to blow until the bright day of justice emerges and right is done.

I am sure the West Bengal Government will take steps to help preserve a place of historical significance, since this will also boost tourism in our city which is well known for communal harmony and peaceful co-existence.

I conclude with D'Rozario's own words in The Poet's Grave

"There all in silence, let him sleep his sleep

No dream shall flit into that slumber deep"

Thank you,

**Mr. Speaker :** Mr. Sinha, I do not know, Cemetery comes under which department-Minority Department or the Municipal Affairs Department. But you ask the concerned Minister to make a statement on this subject on her question day when she would be present in the House. I have also seen certain comments in the newspapers relating to the Cemetery over there.

## MENTION CASES

**শ্রী তপন হোড় :** মিঃ স্পিকার স্যার, আজকে আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার একটা কাগজের রিপোর্টের উপর ভিত্তি করে তিনি যে কথাগুলি বললেন সেটা একটা উদ্দেশ্যপ্রণোদিত বলে মনে হচ্ছে। কারণ আজকে কাগজে বেরিয়েছে যে, S.P., Howrah তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন তাতে এই কথা কখনই বলা হয়নি, ওই যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে গ্রেপ্তার করা হয়েছে - এটা কন্টাড্রিকটারি। কাজেই এই ঘটনাগুলিকে নিয়ে এই চক্রান্ত আমরা বহুদিন থেকেই দেখতে পাচ্ছি। এই ঘটনাকে কেন্দ্র করে বিরোধীপক্ষ দুষ্কৃতিদের মতো আচরন করেছে। কালকে হাউসে যে ঘটনা ওরা করেছে তাতে বিরোধীপক্ষের নেতাও জড়িত ছিলেন। বিধানসভার ইতিহাসে এটা একটা কলঙ্কজনক অধ্যায় ইতিমধ্যে রচনা করেছেন। যে ঘটনা ঘটেছে তার তীব্র প্রতিবাদ এবং সাধারণ মানুষকে যেভাবে বিভ্রান্ত করা হয়েছে তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। রাজ্য সরকারকে আমি বলছি, অবস্থাটা বুঝে আইন-শৃঙ্খলা ব্যবস্থাটা দমন করতে হবে।

**শ্রী তাপস পাল :** (নট প্রেজেন্ট)

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গে শিল্প পরিকাঠামো গড়ে তোলার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে এবং যোগাযোগ ব্যবস্থা উন্নীত করার জন্য নানা রকম ব্যবস্থা গৃহীত হয়েছে। বাগডোগরা আসলে মিলিটারি এয়ারপোর্ট। সিভিল অ্যাভিয়েশন দপ্তর প্যাসেঞ্জার নামানো ওঠানোর জন্য এয়ারপোর্ট ব্যবহার করার অনুমতি দিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রস্তাব, হাসিমারা এয়ারপোর্ট বা অ্যারোড্রোম, সেখানে সিভিল অ্যাভিয়েশন ডিপার্টমেন্ট যদি প্যাসেঞ্জার নামানো ওঠানোর জন্য অনুমতি দেন তাহলে ভালো হয়। সেখানে দু'শ চা-বাগান আছে, পাশেই ভূটান এবং বিভিন্ন রকম ইন্ডাস্ট্রি আছে। সেখানে যাতায়াতের প্রচণ্ড অসুবিধা আছে। আসাম, ভূটান, ডুয়ার্স, জলপাইগুড়ি, কুচবিহার, এই সমস্ত জায়গায় যাতায়াতের সুবিধা হতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় পরিবহণ মন্ত্রী যদি এই ব্যাপারে সিভিল অ্যাভিয়েশন ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলেন তাহলে ভালো হয়। মাননীয় রাজ্যপাল এই ব্যাপারে কমিশনারকে বলেছেন বিষয়টি পরীক্ষা-নিরীক্ষার জন্য।

**শ্রী তমোনাশ ঘোষ ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী জানে আলম মিঞা ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী রতন দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নাদনঘাট বিধানসভা কেন্দ্রের কালনা এবং পূর্বস্থলীর মধ্যে দোগাছিয়া সাবসিডিয়ারি হাসপাতালে কোনও ডাক্তার নেই প্রসূতি বিভাগে। শ্রীরামপুর গ্রামীণ হাসপাতালে অর্থোপেডিকেস্-এর ডাক্তার নেই, কোনও রেডিওলজিস্ট নেই। মানুষের হাত-পা ভাঙ্গলে তাদের রেফার করা হচ্ছে বর্ধমান হাসপাতাল বা কৃষ্ণনগর হাসপাতালে। এই গ্রামীণ হাসপাতালগুলিতে ডাক্তার না থাকার জন্য স্বাস্থ্য পরিষেবা ব্যাহত হচ্ছে। এই ব্যাপারে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দে ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চুঁচুড়া-ধনেখালি রোডে সেইয়ার মোড় থেকে ওঁচাই, গয়া-বাবনান মোড়, অনেকগুলি জনবহুল গ্রামের ভেতর দিয়ে রাস্তাটি গেছে। এই রাস্তাতেই মাধ্যমিক বিদ্যালয়, হেলথ্ সেন্টার আছে, এই রাস্তাগুলোর একেবারে

বেহাল অবস্থা গত বন্যায় রাস্তাটি যান চলাচলের অযোগ্য হয়ে গিয়েছিল। অবিলম্বে যাতে এই রাস্তাটির সংস্কার হয় তার জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** (নট প্রেজেন্ট)

[12-00 — 12-10 p.m.]

**শ্রী পেলব কবি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, অজয় নদী পশ্চিমবঙ্গে ঢোকার পর থেকে গতি পরিবর্তন করে উত্তর দিক থেকে দক্ষিণ দিকে সরে আসছে। ফলে ব্যাপক ভূমিক্ষয়ে হাজার-হাজার বিঘা চাষের জমি এবং বনভূমি ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। গত বন্যায় অজয় নদীর দক্ষিণ দিকের পাড় ভেঙে যাওয়ায় বেশ কয়েকটি গ্রামে বন্যা হয়েছে, এবারেও বন্যার আশংকা আছে। মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি, অবিলম্বে অজয় নদীর পাড় বেঁধে দেওয়ার ব্যবস্থা করা হোক, না হলে আগামী দিনে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

**শ্রী রতন পাখীরা ঃ** (অনুপস্থিত)

**শ্রীমতী মীনা সনাতনী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রামে একটা গুরুত্বপূর্ণ রেললাইন গেছে: সেখানে কোনও ওভারব্রিজ নেই, ফলে মানুষকে দুঃসহ যানজটের সম্মুখীন হতে হয় এবং অনেকগুলো দুর্ঘটনাও সেখানে ঘটে গেছে। এলাকার মানুষের দীর্ঘদিনের দাবি সেখানে একটা ওভারব্রিজ করার জন্য। মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করছি সেখানে অবিলম্বে একটা ওভারব্রিজ যাতে করা হয়।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার এম. এল. এ. দের ১৫ লক্ষ টাকা করে উন্নয়নমূলক কাজ করবার জন্য দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল, বিধানসভায় পাশও হয়েছিল। ২০০০ সালে উন্নয়নমূলক কাজ করবার জন্য জেলা শাসকের হাতে হাওড়া জেলার জন্য দ্বিতীয় লিস্ট হিসাবে আমার এলাকার উন্নয়নমূলক কাজ হিসাবে দু'টো টিউবওয়েল, বিদ্যুৎ এবং দুটো রাস্তার কথা ছিল। মাননীয় প্রদ্যুনিধি ধরের নেতৃত্বে আমরা সেটা দিয়েছি। আমরা বলেছিলাম বিধানসভা নির্বাচনের আগে ওয়ার্ক অর্ডার দিতে হবে, আমরা কোনও তদ্বির করব না। কিন্তু দুর্ভাগ্যের কথা

হাওড়া জেলার অন্যান্য এলাকায় কাজগুলো হয়ে গেলেও আমার এলাকায় দুটো টিউবওয়েল ছাড়া বিদ্যুৎ বা রাস্তার কোনও ওয়ার্কঅর্ডার হ'ল না। মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম এই উন্নয়নমূলক কাজ করবার জন্য। অর্থমন্ত্রীকে জানিয়েছি, দপ্তরের সচিবকেও জানিয়েছি। আমার প্রতি এই অনীহা কেন? আমার এলাকার মানুষের কাছে আমাকে অপ্রিয় করা হ'ল কেন? আমি বলছি এটা স্যাবোটেজ করেছে। জেলাশাসক এবং যাদের উপর দায়িত্ব আছে, তাদের বিরুদ্ধে আমার অভিযোগ। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে দাবি রাখছি এই বিষয়ে এনকোয়ারি করে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী শেখ জাহাঙ্গীর করিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ- বিষয়ে এই হাউসকে অবগত করতে চাই। গত ২৭ তারিখে মাননীয় সদস্য শ্রী তাপস পাল মহাশয় উল্লেখ পর্বে এখানে একটি বিষয় উত্থাপন করেছিলেন, যেখানে বলা হয়েছিল তার অভিনয় করা ছবি, সাথে সাথে মাননীয় সদস্যা শ্রীমতী নয়না বন্দ্যোপাধ্যায়ের ছবি মেদিনীপুর জেলায় ভাজাচাউলি এলাকায় ভি. ডি. ও. হলে দেখানো যাচ্ছে না এবং যদি কেউ দেখায়, তার ১০ হাজার পর্যন্ত জরিমানা করা হয়েছে। আমি বলছি এই বিষয়টা যে এখানে উত্থাপন করা হয়েছে, তা সর্বৈব অসত্য। গতকাল ওই এলাকায় প্রায় দেড় হাজার মানুষ এই ব্যাপার নিয়ে প্রতিবাদ জানিয়ে তারা ব্লকে বি ডি ও অফিসে ডেপুটেশন দিয়েছেন এবং সেখানকার মানুষ ক্ষুব্ধ এবং শুধু তাই নয় মাননীয় সদস্য শিশির অধিকারীর পুত্র, তিনি কাঁথি পুরসভার কাউন্সিলার তিনি বলেছেন যে, ওই ভাজাচাউলিতে কোনও ভি ডি ও হল বা সিনেমা হল নেই। স্বাভাবিক ভাবেই তাপস পাল যে বিষয় উত্থাপন করেছেন, তার কোনও ভিত্তি নেই এবং এই বিষয় আসতে পারে না।

**শ্রী সুনীল ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচন ক্ষেত্র গত বছর জলঙ্গীর বন্যায় দেবীপুর এবং পণ্ডিতপুর ইত্যাদি গ্রামগুলি ভয়াবহ বিপদের সম্মুখীন। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের ন্যায্য পাওনা ১৪৮৭ কোটি টাকা তারা দেন নি। বাংলার মানুষের প্রতি তাদের দায়বদ্ধতা তারা স্বীকার করেন নি। তৃণমূল এর পক্ষ থেকে বলা হল যে এটা মনুষ্য সৃষ্ট। স্যার আমরা মূল্যবোধের রাজনীতিতে বিশ্বাস করি। কিন্তু ওরা মূল্যবোধকে কোথায় নামিয়ে এনেছেন সেটা এই সভায়

**সবাই প্রত্যক্ষ করেছেন। তাই পশ্চিমবঙ্গের মানুষ ওদের বিশ্বাস করেন না।** আমাদের যে সীমাবদ্ধ ক্ষমতা, সেই ক্ষমতায় সঠিকভাবে কাজে লাগিয়ে অবিলম্বে উক্ত গ্রামগুলির নদীপাড় যাতে বাঁধানো হয়, তার জন্য আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কিরীটি বাগদী** ঃ স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের ভেদিয়াশোল গ্রামে একটা উচ্চ মাধ্যমিক স্কুল আছে। যেখান থেকে প্রশান্ত পাত্র ৬৭ পারসেন্ট নাম্বার পেয়ে সেকেন্ড ডিভিসনে পাশ করেছে। সেই স্কুলে ১৩০০/১৪০০ ছাত্রছাত্রী পড়াশোনা করে। ওখানে একটাও বালিকা বিদ্যালয় নেই। তাই ওখানে বালিকা বিদ্যালয় স্থাপনের জন্য অনুরোধ করছি।

**শ্রী মুজিবর রহমান** ঃ স্যার আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের তিনটি অঞ্চল ভাঙ্গনে ভেঙে গেছে। ওখানে কিছু প্রাথমিক স্কুল আছে। সেই এলাকাগুলিতে রাস্তাঘাট নষ্ট হয়েছে। ফলে শিক্ষকরা ওইখানে আসতে পারছে না। তাই ওখানে আঞ্চলিক ভিত্তিতে শিক্ষক নিয়োগের দাবি করছি। স্থানীয় টিচারদের যাতে নিয়োগ করা হয় তাহলে ওখানকার ছাত্রছাত্রীরা শিক্ষার আলোক দেখতে পাবে। আর ভগবানগোলা এলাকার দুটি স্কুল আছে এই দুটিকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হলে ওখানকার ছেলেরা শিক্ষার আলো দেখতে পাবে।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী গুরুপদ দত্ত** ঃ স্যার, আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে বামফ্রন্ট সরকার এর শিক্ষার সাফল্য অব্যাহত আছে। আমার বিধানসভা এলাকায় চন্দ্রকোণা মহাবিদ্যালয় সাধারণ কৃষকের অর্থে গড়ে উঠেছে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নামাঙ্কিত চন্দ্রকোণা বিদ্যাসাগর মহাবিদ্যালয় ৮৫ সালে স্থাপিত হয়েছে। স্যার, ২৫/৩০ কিলোমিটার ব্যাসার্ধ এলাকা থেকে ছাত্র ছাত্রীরা এই মহাবিদ্যালয়ে অধ্যয়ন করছে। আজ পর্যন্ত ওই মহাবিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ চালু হয় নি। ছাত্র ছাত্রীরা বঞ্চিত হচ্ছে। তাই আমি উচ্চশিক্ষামন্ত্রীর কাছে দাবি রাখছি ওই মহাবিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ চালু করা হোক। সাথে সাথে আমি

এই কথাও বলতে চাই যে ৮৫ সাল থেকে আজ পর্যন্ত কলেজটি সরকারের কোনও অর্থানুকূল্য পায় নি। এই কারণে আমি আবেদন জানাচ্ছি যে মহাবিদ্যালয়টির বাড়ি করার জন্য এবং ল্যাবরেটরি করার জন্য টাকা দেওয়া হোক।

**শ্রী ইলিয়াস মহম্মদ ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ চিত্র তুলে ধরতে চাই। আমার বিধান সভা কেন্দ্রের পূর্বস্থলে হলদী নদীর উপর হলদিয়া অবস্থিত। এখানে মিউনিসিপ্যালিটি রয়েছে, পঞ্চায়েত সমিতি রয়েছে, হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি রয়েছে। আমাদের হলদিয়া উন্নয়নের পার্শ্ববর্তী মহিষাদল বিধানসভা কেন্দ্রের উন্নয়নে কাজ করছে। আমাদের নন্দীগ্রামের মানুষের দাবি নন্দীগ্রামকে হলদিয়া ডেভেলপমেন্টের আওতায় নিয়ে আসা হোক। সেজন্য হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি একটা সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ করেছে। নন্দীগ্রামের সঙ্গে হলদিয়ার যোগাযোগের জন্য সেতু নির্মাণের পরিকল্পনা করা হয়েছে। হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি এবং মিউনিসিপ্যালিটি, রাজ্য সরকার যৌথভাবে উদ্যোগী হয়েছেন এই কাজ করতে। এই সেতুর কাজ যাতে দ্রুত হয় তার জন্য মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

## ZERO HOUR

**শ্রী তপন হোড় ঃ** স্যার, এই যে তমোনাশ ঘোষ, জ্যোতিপ্রিয় মল্লিক যে মেনশন দিয়েছেন, স্যার, ওরা নাটক করছেন দেখা যাচ্ছে যে মেদিনীপুরের কাঁথিতে, ভাজাচাউলিতে কোনও ভিডিও পার্লার নেই। অথচ ওরা বলছে যে দুজন বিশিষ্ট অভিনেতার ছবি নাকি চলতে দেওয়া হচ্ছে না। ছবি নাকি নিষিদ্ধ করে দেওয়া হয়েছে। এদের নিন্দা করার কোনও ভাষা নেই। মহাজাতি সদনে ৩০ তারিখে অজিত পাঁজা সভা ডেকেছেন। সেখানে দল ভেঙে যাচ্ছে তাকে কি করে রাখা যায় তার জন্যই তাঁরা পাগল হয়ে গেছেন। যত ঘটনাই ঘটছে সমস্ত হতাশা থেকে করছেন। আমি এর তীব্র প্রতিবাদ করছি।

[12-20 — 1-30 p.m. including adjournment]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সংবাদপত্রে কয়েক জন সমাজবিরোধী গ্রেফতারের যে ঘটনা উল্লেখ করা হয়েছে তার সম্পর্কে আপনি বললেন আগামী সোমবার মুখ্যমন্ত্রী বিবৃতি দেবেন। কিন্তু আমরা জানি সংবাদ

মাধ্যমগুলি গনতন্ত্রের প্রহরী, নিরপেক্ষ সংবাদ পরিবেশন করাই তাদের উচিত। ı একটি সংবাদপত্র তারা যে ভাবে পরিকল্পিত ভাবে নিরপেক্ষতা ভঙ্গ করে অত্য উচ্ছৃঙ্খল যে দল তার স্বপক্ষে যে প্রচার করে তা দেখে আমরা বিস্মিত। আম শুনেছি নির্বাচনের কিছু দিন আগে ৫৪ জন তৃণমূলের দুষ্কৃতকারী কেশপুর থে ধরা পড়ে, কিন্তু ওই সংবাদপত্রে একটা চিহ্ন মাত্র সাংবাদিকরা উল্লেখ করেন নি আজকে সংবাদপত্র 'প্রতিদিন' লিখছে এই সমাজ বিরোধী যারা ধরা পড়েছে তা আজকে হাওড়ায় পুলিশের কাছে তাড়া খেয়ে বিভিন্ন জায়গায় ধরা পড়েছে। এ সমাজ বিরোধীরা অনেক খুন-খারাপি করেছে। কংগ্রেস এবং তৃণমূল তাদের স যুক্ত এবং বেলুড়, শিবপুর, কাসুন্দিয়া এলাকায় এই সমস্ত সমাজ বিরোধীরা চিহ্নি সমাজ বিরোধী। আজকে ওঁরা অনুপস্থিত থাকা সত্বেও বলছি অম্বিকা ব্যানার্জি জ লাহিড়ী এঁরা এদের পরিচালনা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুন আশ্চর্য হয়ে যাবেন ২ জনকে গ্রেফতার করলো শিবপুর লঞ্চঘাট থেকে পুলি এবং তাদের কাছে শুনলো যে কাদাপাড়া দিয়ে সল্টলেকের পাশে এরা লুকি আছে। সেখানে হাওড়া জেলার এস. পি. সৌমেন মিত্র তিনি বাহিনী নিয়ে সেখা ঘিরলেন। ওরা সল্টলেকের স্টেডিয়ামের র‍্যাম্পাটের তলায় লুকিয়ে ছিলো। সেখা ৪ জনকে গ্রেফতার করেছে। সেখানে কোনও ডর্মেটারি নেই এ. সি. রুমও নেই সেখানকার চিফ এগজিকিউটিভ অফিসার কর্নেল সৌমিত্র রায় যিনি দায়িত্বে আছে তিনি বিবৃতি দিয়ে বলেছেন। আমরা দেখলাম কেশপুরে ওঁদের নেত্রীর কেশ ছি করে দিয়েছে। আমরা জটু লাহিড়ীর জট চিহ্নিত করতে চাই। এই সমস্ত সংবাদপ নিরপেক্ষ সংবাদ পরিবেশন যাতে করে তার কোনও ব্যবস্থা এই বিধানসভায় আ কি না---আপনি স্পিকার হিসাবে আমাদের সদস্যদের মন্ত্রীদের রক্ষা করার দায়ি আপনার আছে। মিথ্যা সংবাদ দিয়ে, ভেরিফিকেশন না করে নিরপেক্ষতা ভঙ্গ ক একটা দলকে---যে দলটা ভেঙে চুরমার হয়ে যাচ্ছে, যাদের নীতি নেই, নৈতিক নেই সেই দলের পক্ষে দাঁড়াচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে বাধ্য হচ্ছি যেখানে জোট হচ্ছে বাংলা ভাষায় সেখানে কমলনাথ আসছেন যিনি এ. আই. সি সি.-র অন্যতম সাধারণ সম্পাদক এবং পশ্চিমবঙ্গ থেকে মমতা ব্যানার্জি সেখা যাচ্ছে সেখানে আনন্দবাজারের সম্পাদক অভীক সরকার---যেখানে প্রনব মুখার্জি ঠাঁই পায় না---এঁরা কি দল, কি সংবাদপত্র আমি আশ্চর্য হয়ে যাই।

**শ্রী রবীন দেব ঃ** স্যার, বিরোধীরা এখানে যে আচরণ করেছেন এবং সকলে যা নিন্দা করেছেন---এখানকার সিকিউরিটি স্টাফ মহিলাদের উপর হামলা করেছেন

আমরা কাগজে দেখলাম অন্য কার ছবি আছে। গতকাল তৃণমূলের নেত্রী টি. ভি.-তে বিবৃতি দিয়ে বলছেন আজকে বিধানসভা বয়কট করতে। আজকে দেখলাম মাননীয় সদস্য আব্দুল মান্নান এবং জ্যোতিপ্রিয় মল্লিক একজন মূল এবং আরেক জন তৃণমূলের সদস্য তাঁরা মেনশনে নাম দিয়েছেন। এটাই হচ্ছে কংগ্রেস এবং তৃণমূলের নীতি। তাঁরা নীতিহীনতায় ভুগছে, দিশাহীনতায় ভুগছে, তাঁদের কোনও স্থায়িত্ব নেই। এক এক সময় এক-একটা কথা বলছেন। উচ্ছৃঙ্খলতার চরম পর্যায়ে নিয়ে গেছেন, বিধানসভার মান নামিয়ে এনেছেন, এই আগস্ট হাউসকে অসম্মানিত করেছেন। আমি বুঝতে পারলাম না ওনারা মেনশনে কি করে নাম দিলেন? মেনশনে নামও দিলেন আবার হাউস বয়কট করলেন। এটাতে প্রমানিত হয় যে, তাদের এই হাউসের প্রতি, সংসদীয় গণতন্ত্রের প্রতি আস্থা নেই। বাইরে তাঁরা সিস দিচ্ছেন, বাঁশী বাজাচ্ছেন হাউস চলার সময়। এটা করা যায় কিনা সেটা আমি ভাববার জন্য অনুরোধ করছি। এটা কোনও ব্যক্তি বিশেষের বা কোনও দলের ব্যাপার নয়, এটা সম্মানিত হাউসের প্রতি অবমাননা বলে আমি মনে করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার ১.৩০ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

(After recess)

[1-30 — 1-40 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 25 & 79.

**Mr. Speaker :** There are 12 Cut Motions on Demand No. 25 and there are 67 Cut Motions on demand No. 79. All the Cut Motions are in order but as the concerned members are not present in the House, the Cut Motions are not moved. Discussion on Demand No. 25 and 79 will be taken together.

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় ২০০১-২০০২ সালের যে ব্যয়বরাদ্দ হাউসে রেখেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি এবং বিরোধীদের সমস্ত কাট-মোশনের কঠোর বিরোধিতা করছি। মাননীয় স্পিকার স্যার, বরাদ্দের উপর আলোচনার আগে আমি একটা বিষয়ের উপর

আলোকপাত করতে চাই। স্যার, গতকাল বিরোধী পক্ষের সদস্য-সদস্যাগণ যেভাবে হাউসে আচরণ করলেন তাতে সরকার পক্ষের সদস্য-সদস্যাগণ যে ধৈর্য্যের সহ্যের পরিচয় দেখিয়েছেন তার জন্য আমি হাউসে তাঁদের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং বিরোধীদের একটু মনে করিয়ে দিচ্ছি—নিউটন একজন বিজ্ঞানী, তিনি আবিস্কার করেছেন, তাঁর থার্ড ল বলছি, that every action has its opposite and equal reaction.

আমি মাননীয় বিরোধী সদস্য-সদস্যাদের অনুরোধ করব, এই কথাটা তাঁরা যদি মনে রাখেন তাহলে ভবিষ্যতে সুবিধা হবে। কোন অবস্থার, কোন পরিস্থিতির বা কোন ব্যক্তির এই যে লবিতে এতগুলি ফটো টাঙানো আছে সেগুলির ইতিহাস না জানলে তাঁদের প্রতি কোনও ভক্তি শ্রদ্ধা ভালবাসা জন্মায় না। কোনও ব্যক্তি জেনে শুনেও যদি অস্বীকার বা অবজ্ঞা করেন, তাহলে মনুষ্য সমাজে তার কোনও স্থান হয় না। মাননীয় স্পিকার মহাশয়, আপনি জানেন আমরা এই পশ্চিমবাংলায় ১৯৭৭ সালে ক্ষমতায় এসেছি। তখন আমরা পশ্চিমবাংলার চিত্র দেখে প্রথমে ঘাবড়ে গিয়েছিলাম। এই প্রসঙ্গে আমি আমার একটা অভিজ্ঞতার কথা বলছি। সে সময়ে আমি মন্ত্রী ছিলাম। আপনিও মন্ত্রী ছিলেন। আমরা পায়ে হেঁটে পশ্চিম দিনাজপুর ঘুরেছিলাম। সে সময়ে আমি একটা প্রোগ্রামে নকশালবাড়ি গিয়েছিলাম। যেহেতু সেই এলাকা নকশাল অধ্যুষিত ছিল সেহেতু আমাদের সঙ্গে নর্থ বেঙ্গলের ডিভিশনাল কমিশনার, এস. পি. ডি. এম., এস. ডি. ও. প্রভৃতি অফিসাররা ছিলেন। একটা জায়গায় গিয়ে আমরা দেখলাম সেখানে কোনও ব্রিজ নেই, আমাদের খরস্রোতা খাল পেরোতে হবে। অফিসাররা তাড়াতাড়ি মিলিটারিদের দিয়ে ব্রিজ করাবার জন্য কাঠ তক্তা প্রভৃতি আনতে পাঠালো। আমাদের সঙ্গে ২০/২৫-টি গাড়ি ছিল, সেগুলির সাহায্যে অফিসাররা কাঠতক্তা দিয়ে ব্রিজ করতে শুরু করেছিল। সে সময় আমার বয়স কম ছিল। আমার পায়ে কেটস জুতো ছিল। আমি ২০/২৫-টা লাফ দিয়ে সেই খাল পার হয়ে গেলাম। অফিসাররা কেউ পার হতে পারলেন না। আমি জাম্প দিয়ে ঘুরে আসার পর শুনতে পেলাম অফিসাররা বলাবলি করছিলেন, 'বামফ্রন্টের মন্ত্রীরা রক্ত-মাংসের মানুষ, না পাথর লোহা দিয়ে তৈরি? ওঁরা সিকিউরিটির প্রশ্নে খুবই অস্বস্তিতে ভুগছিলেন। কিন্তু আমাদের সম্বন্ধে ওঁদের ধারনা,—এঁরা মানুষ, না ভগবান। ঐ সময়ে আমি দক্ষিণবঙ্গে গাড়ি নিয়ে নিজের বাড়ি যেতে পারতাম না। ঐ একইভাবে গাড়ি ছেড়ে দিয়ে সাঁতার কেটে নানা খাল পার হয়ে বাড়ি যেতাম। আমি মন্ত্রী ছিলাম, আমারই এই অবস্থা হত, তাহলে সে

সময়ে সাধারণের কি অবস্থা ছিল তা একটু ভাবুন। স্যার, এই ইতিহাস আমাদের মনে আছে। স্যার, বিরোধীরা ২৭ বছর ধরে আমাদের রাজ্যে ক্ষমতায় থাকা সত্ত্বেও রাস্তাঘাট তো দূরের কথা কোথাও এক ঝুড়ি মাটি পর্যন্ত ফেলেননি। ঐ পরিস্থিতিতে সে সময়ে গ্রামীণ অর্থনীতির উন্নয়নের আদৌ কোনও সম্ভাবনা ছিল না। এক গ্রাম থেকে আর এক গ্রামে গরুর গাড়ি তো দূরের কথা সাইকেলেও যাওয়া সম্ভব ছিল না। কোনও হাসপাতালে রোগীকে নিয়ে যাওয়া দুঃসাধ্য ছিল। বামফ্রন্ট সরকারে আসার পর পশ্চিমবাংলায় রাস্তাঘাট, শিক্ষা, স্বাস্থ্য, কৃষিতে রেভিলিউশনের মতো কাজ শুরু হয়ে যায়। ১৯৭৮ সালের ভয়াবহ বন্যা, ১৯৯৮, ১৯৯৯ সালের বন্যা, ২০০০ সালের বন্যা এবং বিরোধীদের বিভিন্ন চক্রান্ত, কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা ইত্যাদি সত্ত্বেও বামফ্রন্ট সরকারকে আটকানো যায় নি। স্যার, বামফ্রন্ট সরকার যেন প্রকৃতিকেও হার মানিয়ে দিয়েছে। স্যার, রাজ্য সরকারের টাকা ছাপাবার ক্ষমতা নেই। পশ্চিমবাংলার জনগণের সহযোগিতা নিয়ে আমরা '৭৭ সালে ফুড ফর ওয়ার্ক, কাজের বিনিময় খাদ্য দিয়ে কাজ শুরু করেছিলাম। আমাদের মনে রাখতে হবে আমরা সর্বক্ষেত্রেই আমাদের কাজ শুরু করেছি, অতি দ্রুত করতে না পারলেও গুটি গুটি করে—স্লো বাট স্টেডি উইনস দি রেস—এগিয়ে চলেছি। এই হাউসে নিয়মিত মেনশন, কলিং অ্যাটেনশন, কোশ্চেন অ্যানসার হয়। কিন্তু অতীতের মতো এখন আর কেউ এ সবের মধ্যে দিয়ে খাদ্যের দাবি করে না। খাদ্য নেই, খাদ্য নেই, খাদ্য দাও, খাদ্য দাও; কেউ বলে না। এখন শুনতে পাওয়া যায়—আমাদের এলাকায় বিদ্যুৎ নেই, বিদ্যুৎ দাও ইত্যাদি। এটাই আজকে বামফ্রন্টের সাফল্য। রাজ্যে যোগাযোগের ভাল ব্যবস্থা হওয়ার জন্য আমাদের প্রিয় চাষী বন্ধুরা তাদের ফসল যাতায়াত করতে পারছেন। রাস্তাঘাট তৈরী হওয়ার ফলে গঞ্জ এলাকা গড়ে উঠেছে। বেকার শিক্ষিত যুবক-যুবতীরা স্বনির্ভর অবলম্বনের মাধ্যমে জীবন-জীবিকা নির্বাহ করছে।

[1.40 — 1.50 p.m.]

আজকে বিভিন্ন যান-বাহন গ্রাম থেকে গ্রামান্তর যেতে পারছে। ভারতে মোট স্থলভাগের মধ্যে ২.৫ শতাংশ পশ্চিমবাংলায়। মাটি এবং জনসংখ্যার অনুপাতে ৮.৬ শতাংশ। পশ্চিমবঙ্গে রাস্তা হয়েছে যেটা সর্বভারতীয় ক্ষেত্রে ৫.৬ শতাংশ। স্টেট-হাইওয়ে প্রায় ৩ হাজার ৪১৮ কিলোমিটার। পি. ডব্লু. ডি. (রোডস) ১৭ হাজার ৪২২ কিলোমিটার। আনন্দের কথা, মন্ত্রিমহাশয় ঘোষণা করেছেন, ১৮ হাজার

কিলোমিটার রাস্তা তিনি মেইনটেনান্সের দায়িত্ব নিয়েছেন। মাননীয় স্পিকার মহাশয়, জেলা পরিষদের মাধ্যমে বিভিন্ন ছোট-খাট রাস্তা হয়েছে প্রায় ৩১ হাজার ৬৪ কিলোমিটার এবং তারাই এটা মেইনটেন্ড করেন। আরবানে ২ হাজার ৯১ কিলোমিটার। ব্রীজ রোড ৬ হাজার ৬৩৮ কিলোমিটারের মতন রাস্তা তারা মেইনটেন্ড করেন। লেন্থ রোড ইন কিলোমিটার—পার স্কোয়ার কিলোমিটার পার এরিয়া—স্ট্যাটিসটিক্স বলছে, উত্তরপ্রদেশে ০.৭৬ কিলোমিটার, বিহারে ০.৫১ কিলোমিটার, তামিলনাড়ুতে—০.৬০ কিলোমিটার, গুজরাটে—০.০১৪ কিলোমিটার আর ওয়েস্টবেঙ্গলে ০.৮৬ কিলোমিটার। আমাদের এই রাজ্যে ছোট বড় অসংখ্য সেতু নির্মাণের কাজ শেষ হয়েছে বা হচ্ছে। অনেক বিচ্ছিন্ন এলাকা ভৌগোলিক দিক থেকে দেখতে গেলে মূল ভূখণ্ডের সঙ্গে শুধু যে যুক্ত হয়েছে তা নয়, মানসিক দিক থেকেও একাত্ম হতে পেরেছে। আমাদের এই রাজ্যে যেসব সেতু হয়েছে তার মোট দৈর্ঘ্য ১১ হাজার মিটার। কয়েকটি সেতুর নাম আমি উল্লেখ করছি। সিধু-কানহ-বীরসা সেতু সুবর্ণ নদীর উপর হয়েছে। অনেকেই জানেন, ওখানে নয়াগ্রাম যে বিধানসভা কনস্টিটুয়েন্সি সেখানকার লোকের দাবি ছিল, আমরা পশ্চিমবাংলার সঙ্গে থাকব না যেহেতু আমাদের কোনও যোগাযোগ ব্যবস্থা নেই, আমরা উড়িষ্যার সাথে মিশে যাব। আমরা প্রথমে সেই সেতুর কাজ হাতে নিয়েছি এবং সেই ব্রিজ কমপ্লিট হয়েছে। এ ছাড়া আছে, মাতঙ্গিনী হাজরা সেতু, কৃষক সেতু, ঈশ্বর গুপ্ত সেতু, গৌরাঙ্গ সেতু, রেজাউল করিম সেতু, ননী ভট্টাচার্য্য সেতু, মহানন্দার উপর দ্বিতীয় সেতু প্রভৃতি এইরকম আরো অনেক সেতু আছে যেগুলি আমি উল্লেখ করছি না। ভবন নির্মান হয়েছে ঐতিহাসিকভাবে যেগুলি আমরা জানি, যেমন, নন্দন ভবন, বাংলা একাডেমি, উর্দু একাডেমি, কেন্দ্রীয় গ্রন্থাগার, গিরিশমঞ্চ, খাদ্য ভবন, যুবকেন্দ্র, কড়েয়া থানা ভবন, চর্ম শিল্প কমপ্লেক্স, বিদ্যাসাগর বিদ্যালয় ভবন, বালুরঘাট জেল, দীনবন্ধু মঞ্চ, কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম, ডিরোজিও ভবন, ছাত্রী নিবাস ইত্যাদি এইরকম আরো আছে। স্যার, যারা মনীষী, দেশপ্রেমিক, বিপ্লবী, শিক্ষাবিদ প্রভৃতি মহাপ্রাণ মানুষের প্রতি সম্মান জানানোর উদ্দেশ্যে তাঁদের মূর্তি স্থাপন হয়েছে বা স্থাপন করতে চলেছে। যেমন, নতুন দিল্লিতে সংসদ ভবন চত্বরে ১৮ ফুট দীর্ঘ ব্রোঞ্জ নির্মিত নেতাজী সুভাষ বসুর মূর্তি, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, ভানুভক্ত, রাজা রামমোহন রায়, হেনরি লুইস ডিভিয়ান ডিরোজিও প্রভৃতি তাঁদের মূর্তি স্থাপন হয়েছে। এ ছাড়া বাঘা যতীন, বিপ্লবী রাসবিহারী বোস, যতীন দাস, মাস্টারদা সূর্য সেন, বিনয় বাদল দীনেশ, প্রীতিলতা ওয়াদ্দেদার, ডঃ বি. আর. আম্বেদকর, গোষ্ঠ পাল,

ডাঃ বিধানচন্দ্র রায়, জয়প্রকাশ নারায়ন, ডঃ মেঘনাদ সাহা, বীরসা মুণ্ডা, ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর, এক্স প্রাইম মিনিস্টার ইন্দিরা গান্ধী ইত্যাদি মনীষীদের মূর্তি আমরা স্থাপন করতে চলেছি বা করেছি। মাননীয় স্পিকার মহাশয়, আপনি শুনে খুব খুশি হবেন—আজকে বিরোধীপক্ষরা নেই—আমরা যখন এম. এল. এ. হোস্টেল থেকে বাসে করে হাউসে আসি তখন আমাদের চোখে পড়েছে এবং আনন্দ লেগেছে, আমরা যে রাস্তা দিয়ে আসছি সেটা এত মোটা পিচের রাস্তা এবং চকচকে যেন বাদাম গুড় রাস্তার উপর দিয়ে আমাদের গাড়ি চলেছে। এইসব বিরোধীপক্ষরা ভাবতে পারেন? এইসব বিরোধীপক্ষরা যদি না জানে, না মনে রাখে তাহলে তাদের চলার পথ বন্ধ হয়ে যাবে এ বিষয়ে কোনও সন্দেহ নেই।

আমি সেইজন্য বিরোধীপক্ষকে অনুরোধ জানিয়ে বলব, পশ্চিমবাংলার স্বার্থে যদি আপনারা একটু সহযোগিতা করেন তাহলে মনে হয়, What Bengal thinks and does today India and Birodhi Pakohe will think and do day after tomorrow. তারা যদি এটা করেন। স্যার, আমি আর সময় বেশি নেব না। পরিশেষে বলি, এতো ঝড়ের মধ্যেও যেভাবে ধৈর্য নিয়ে আপনি হাউস চালিয়েছেন তার নজির ইতিহাসে খুঁজলে পাওয়া যাবে না। পরিশেষে আবার বিরোধী দলকে বলব, তারা যদি সহযোগিতা করেন তাহলে আমি মনে করি অদূর ভবিষ্যতে আরও উন্নত বাংলা আমরা তৈরি করতে পারব। এই বলে বাজেটকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাকে পূর্ন সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। স্যার, আজকে বিরোধীহীন সভা। বিরোধীপক্ষ আজকে উপস্থিত নেই কারণ ওরা চান না পশ্চিমবাংলা গঠনমূলক পরিকল্পনাগুলিকে কার্যকর করে এগিয়ে যাক। এটা শুধু আজকে নয়, কোনওদিনই বিরোধীদল যারা এখানে আছেন তারা চান নি পশ্চিমবাংলা এগিয়ে যাক। '৪৭ সালে দেশ স্বাধীন হওয়ার পর '৫২ সালে প্রথম বিধানসভার নির্বাচন হল। তখন থেকে '৬৬ সাল পর্য্যন্ত আজকে এখানে যারা বিরোধীদল তারা ক্ষমতায় ছিলেন। তারপর থেকে কংগ্রেস দল টুকরো টুকরো হতে আরম্ভ করলো। ডাঃ বিধানচন্দ্র রায়, প্রফুল্লচন্দ্র সেনরা যখন মুখ্যমন্ত্রী তখন পশ্চিমবাংলায় বামপন্থীদের নেতা ছিলেন বা বিরোধীদলের নেতা ছিলেন জ্যোতি বসু মহাশয়। ভিজিটার হিসাবে আমরা তখন বিধানসভার অধিবেশন দেখতে আসতাম। সেই সময় বিরোধীদল

হিসাবে বামপন্থীদের ভূমিকা আমরা দেখেছি এবং আজকে যারা বিরোধীদল তাদের ভূমিকাও আমরা দেখলাম। আমরা জানি, কংগ্রেস আমলে বামপন্থীদের উপর কি নিদারুন অত্যাচার, জুলুম চলতো। কংগ্রেস আমলে ২৭ বছর ধরে তারা চান নি পশ্চিমবাংলার কোনও উন্নয়ন হোক, কোনও উন্নয়নমূলক কাজ তারা এখানে করেন নি। কেন্দ্রেও সেই সময় কংগ্রেস দলের সরকার ছিল কাজেই তাদের অনেক সুযোগ সুবিধা ছিল কিন্তু তারা কোনও কাজ করেন নি। তারা চেয়েছিলেন কেবল জোতদার, জমিদার, বড়লোকদের উন্নতি হোক। পক্ষান্তরে ঐ শ্রমিক, কৃষক, ক্ষেতমজুর, তপশীল ও আদিবাসী সম্প্রদায়ের মানুষ অর্থাৎ যারা পিছিয়ে পড়া মানুষ তাদের কোনও উন্নতি করেন নি। তারা চাইতেন এই পিছিয়ে পড়া মানুষরা তাদের তাঁবেদারি করুক। এটাই ছিল তাদের কর্মসূচি। মানুষ তার যোগ্য জবাব দিয়েছে, অনেক লড়াই, সংগ্রামের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের মানুষ বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় এনেছেন। স্বাধীনতার আগে আমরা দেখেছি ভারত মাতাকে টুকরো টুকরো করা হয়েছে। হিন্দুস্থান, পাকিস্তান করা হয়েছে, তারপর পাকিস্তান থেকে বাংলাদেশ হয়েছে। ভারতবর্ষের মধ্যে একটি অঙ্গরাজ্য পশ্চিমবাংলায় জনগণের আশীর্বাদে আমরা ক্ষমতায় এসেছি।

[1-50 — 2-00 p.m.]

আমাদের কর্মসূচি হচ্ছে সমস্ত স্তরের মানুষের মুখে হাসি ফোটানো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবাক হয়ে যাবেন। আমার ৭০ বছর বয়স হল, ৫০ বছর বয়স থেকে আমি বামপন্থী রাজনীতির সঙ্গে যুক্ত। তখন আমার কেন্দ্র উলুবেড়িয়া শ্যামপুর থানায় সাইকেল চলতো না, রিক্সা চলতো না, কারণ কোনও রাস্তা ছিল না। হুগলি নদীর উপর নির্ভর করে ভাটায় যেতে হ'ত, জোয়ারে আসতে হ'ত। তখন বিপ্লবী নানু ঘোষ ছিলেন সেখানকার এম. এল. এ.। তখন একটিমাত্র রাস্তা ছিল ওড়িশা ট্রাঙ্ক রোড। সেখানে নদী বোটে পেরিয়ে মিলিটারি গাড়ি আসতো। আজকে বামফ্রন্ট আমলে সেখানে রাস্তা হয়েছে। আজকে আমার এলাকায় বাস চলে যাচ্ছে। ২০০০ সালে মাননীয় পূর্তমন্ত্রী, অর্থমন্ত্রী ৩.৫ কোটি টাকা খরচ করে দামোদরের উপর সেতু করেছেন, ফলে ডোমজুড় থেকে বাস বাগনান, গাদিয়াড়া যাচ্ছে। আজকে জাতীয় সড়ক ৪টা লেনে আরম্ভ হয়ে গেছে, ৬ লেনের রাস্তা হবে আপ-ডাউন। এখন গ্রামেও পিচের রাস্তা হয়েছে। আগে একটি রাস্তা হবার পর বর্ষাকালে আবার সেটা একই অবস্থায় উপস্থিত হ'ত। পিচের শত্রু হচ্ছে জল। এখন

যে কনট্রাকটর কাজ করবে তার তৈরি রাস্তা যদি ৬ মাসের মধ্যে খারাপ হয়ে যায় তাহলে সেটাতো তাকেই সারাই করে দিতে হবে। জাতীয় সড়ক একইভাবে সারিয়ে দিতে হবে। আজকে দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে হয়েছে। আগের তুলনায় এখন পরিবহনের সংখ্যা বেড়েছে। আগে দক্ষিণবঙ্গ বাস, সি. টি. সি. বাস এসব ছিল না। এখন জেলায় জেলায় বাস যাচ্ছে। আজকে এটা ওদের সহ্য হচ্ছে না। গতবারও ওরা পূর্ত বাজেটে উপস্থিত ছিলেন না, আজকেও তাঁরা হাজির নেই। নানারকম মিথ্যা প্রচার করে গতকাল থেকে তাঁরা যে ঘটনা ঘটিয়ে চলেছেন, তাঁরা নিজেরাই নিজেদের দোষে জড়িয়ে পড়েছেন। তাই সভায় ঢুকতে তাঁরা লজ্জা পাচ্ছেন। আজকে পূর্ত দপ্তর ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় উলবেড়িয়া হাসপাতালের উন্নতি ঘটিয়েছেন। সেখানে ১৬৯ থেকে ৩১০টি বেড হয়েছে। হাওড়া, হুগলি, ২৪-পরগনা, মেদিনীপুর—আমি গতকাল সমবায় কনভেনশনে মেদিনীপুর গিয়েছিলাম—ঐসব জেলায় আগে ঐ রাস্তা ছিল কি? ছিল না। সবই বামফ্রন্ট আমলে হয়েছে এবং তার জন্য জনগণ আশীর্বাদ করছেন। কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ ব্যবহারের কথা কিন্তু ওরা কখনো বলেননি। আজকে পশ্চিমবঙ্গে যাতায়াতের সুবিধা শুধু নয়, আজকে গরিব কৃষকরা পর্যন্ত বাসে করে উৎপাদিত ফসল গঞ্জে নিয়ে আসেন এবং বাজারে বিক্রি করছেন। গরিব ছেলেরা আজকে বাসে করে স্কুল-কলেজ যাচ্ছে, গরিব মানুষরা বাসে করে কলকাতায় আসছেন। হঠাৎ হঠাৎ ট্রেন বন্ধ হয়ে যাচ্ছে। দুদিন আগে বাগনানে ট্রেন অ্যাক্সিডেন্ট হল ফ্লাইওভারের নিচে। লিলুয়া ব্রিজ আছে। অনেক সেতু নির্মান হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলা সহ সারা পশ্চিমবাংলায় আপনাদের আশীর্বাদে মাঝে মাঝে জেলায় জেলায় ঘুরেছি। আমি কুচবিহারে গিয়েছি। সেখানে সেতু ছিল না, আমাদের পূর্তমন্ত্রী সেখানে বিরাট সেতু তৈরি করেছে। আমি মাথাভাঙ্গায় গিয়েছিলাম, সেখানে সেতু হয়েছে এবং ভাল রাস্তা হয়েছে। আজকে সেখানে মানুষ ভালভাবে যাতায়াত করতে পারছে। যে রাস্তাগুলির কাজ বাকি আছে, আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে বলব, বর্ষার সময় যাতে সেখানে কাজ না হয় সেটা দেখবেন। আমি কয়েকটি দাবি আপনার সামনে রাখছি। আমার এলাকায় একটা রাস্তা আছে, সেখানে হায়ার সেকেন্ডারি স্কুল আছে, অনেক ছাত্র সেখানে পড়ে, সেই রাস্তার অবস্থা খারাপ। রাস্তাটা হলো শ্যামপুর থানার অধীনে ১ নম্বর ব্লকে বালিয়া আমিরআলি স্কুল থেকে বালিচাতুরী দামোদর নদীর ধার, একটা রাস্তা হয়েছিল পিচের। কিন্তু সেটা মেরামত করা হয় নি। আমি আশা করব আপনার পরিকল্পনার মধ্যে এই রাস্তাটার কথা আপনি মাথায় রাখবেন। তারপর উলবেড়িয়া থেকে

গাদিয়াড়া, উলুবেড়িয়া থেকে মাথাপাড়া, উলুবেড়িয়া থেকে পানপুর বিরাট বিরাট রাস্তা হয়েছে, উদয়নারায়নপুর রাস্তা হয়েছে। তারপর বক্সী ব্রিজ হয়েছে এই রকম অনেক সেতু হয়েছে। আমি বলব কোলাঘাট যে ব্রিজ সেই ব্রিজ ভেঙে আছে অনেক দিন ধরে দেখছি। এই ব্রিজ যাতে তাড়াতাড়ি তৈরি হয় সেটা আপনি দেখবেন। আরো কিছু কিছু সেতু ভেঙে রয়েছে সেইগুলিকে দেখাশোনা করতে হবে, পূর্ত দপ্তর থেকে সংস্কার করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী এই সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দিয়ে কাজ চালিয়ে যাচ্ছেন। 'হাডকো'-র থেকে সাহায্য নিতে হচ্ছে ধার নিতে হচ্ছে। নানা প্রতিষ্ঠান থেকে ঋণ নিতে হচ্ছে উন্নয়ন মূলক কাজের জন্য। পশ্চিমবাংলায় আরো উন্নতি হোক আরো রাস্তা তৈরি হোক, শত্রুপক্ষ যাতে চিৎকার না করতে পারে সেটা দেখতে হবে। রেডিও টি. ভি. এবং কাগজের মাধ্যমে যতই তারা মিথ্যা প্রচার করুক না কেন পশ্চিমবাংলার মানুষকে তাঁরা বিপথে চালিত করতে পারবেন না। উন্নয়নমূলক যে সমস্ত পরিকল্পনা পশ্চিমবাংলায় আছে, রাস্তা সড়ক থেকে আরম্ভ করে আরো যে সমস্ত পরিকল্পনা আছে সেইগুলি যাতে পরিকল্পনা মাফিক হয় সেই ব্যবস্থা নিশ্চয়ই পূর্তমন্ত্রী করবেন। যে সমস্ত পরিকল্পনা গ্রহন করা হয়েছিল, যে সমস্ত ব্রিজ এখনও কর্মপ্লিট হয় নি, যে সমস্ত সেতু এখনও নির্মান হয় নি, জনসাধারণের স্বার্থে সেইগুলি যাতে নির্মান হয় এবং ভালভাবে দেখভাল করা হয় সেটা নিশ্চয়ই পূর্তমন্ত্রী দেখবেন। অনেক রাস্তায় ছোটখাট গর্ত হয়ে গিয়েছে মোটর সাইকেল, লরি ট্রাক যাতায়াত করে, সেখানে অ্যাকসিডেন্ট হচ্ছে। সেই রাস্তা গুলি সারানোর ব্যবস্থা যাতে তাড়াতাড়ি হয় সেইগুলি দেখবেন। রাস্তায় একটা গাড়ি অ্যাক্সিডেন্ট হলে রাস্তায় গাড়ি দাঁড়িয়ে যায়। এর জন্য কপিকলের ব্যবস্থা ভালভাবে করতে হবে। বম্বে রোড ৬ ভাগে ভাগ হচ্ছে, সেখানে কাজ যাতে তাড়াতাড়ি হয় সেই ব্যবস্থা করবেন। এই বাজেটকে সমর্থন করে আপনাকে অভিনন্দন জানিয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.00 — 2.10 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত এবং সড়ক নির্মানের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী অমর চৌধুরী মহাশয় ২৫ এবং ৭৯ নম্বর দাবির অধীনে যে বাজেট এখানে পেশ করেছেন আমি প্রথমে তাকে সমর্থন করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই যুগকে বলা হয় গতির যুগ, দ্রুত গতির যুগ, শম্বুক গতি নয়। যে দেশের রাস্তাঘাট যত বেশি, সেই দেশের উন্নতি,

সেই দেশের গতি যেমন থাকে, তেমনিভাবে যোগাযোগ ব্যবস্থারও উন্নতি হয়। পরিকাঠামো, অর্থনৈতিক নানা উন্নতি, শিল্পে, কৃষিতে, ব্যবসা বাণিজ্যে সেই দেশের উন্নতি সাধিত হয়। আমাদের ভারতবর্ষে আমরা লক্ষ্য করছি, সারা দেশে মোট যে পণ্য পরিবাহিত হয়, তার ষাটভাগ হয় রোড ওয়েতে, আর বাকী চল্লিশ ভাগ পরিবাহিত হয় রেল, জলপথ বা বিমানে। আর যাত্রী পরিষেবা যা পাওয়া যায় তার আশি ভাগ হয় সড়ক পথে এবং বাকী কুড়ি ভাগ হয় অন্য পরিবহনে। স্বাধীনতার আগে চার লক্ষ কিমি. পাকা রাস্তা ছিল। এরপর ৩৩ লক্ষ কিমি. রাস্তা যা বর্তমান ভারতবর্ষে আছে, এখানে বলা যায়, আমাদের পশ্চিমবাংলায় ন্যাশানাল হাইওয়ে যা আছে, তার পরিধি, তার বিস্তৃতি নিশ্চয়ই উল্লেখযোগ্য নয়। এটা রাজ্য সরকারের আওতায় পড়ে না। ৬,৪০০ কিমি. যে ন্যাশানাল হাইওয়ে এই রাজ্যে আছে, তার উন্নয়নের জন্য দরকার বহু হাজার কোটি টাকা। ওরা যে চার থেকে ছ'লেনের কথা বলছেন, এটা করতে ৫৮ হাজার কোটি টাকা দরকার। সাধ আছে, সাধ্য নাই। এখানে বিরোধী দল থাকলে ভাল হোত। পঞ্চম বিধানসভার সর্বশেষ অধিবেশনে ওরা খুব জোরালো বক্তব্য রেখেছেন, মানুষ যাতায়াত করতে পারছে না বলে উল্লেখ করেছেন। এখানে থাকলে ভাল হোত, কি বলতেন জানি না। মাননীয় মন্ত্রিমহাশয় আগে যে কথা বলেছিলেন যে, সড়ক পথ যা বন্যার ফলে বিপর্যস্ত হয়ে গিয়েছিল সেগুলো মার্চের মধ্যে করবেন, তার এই অবস্থা কেন তা আমরা জানি। বন্যা ও দুর্যোগের জন্য এই যে অবস্থা এর জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রেখেছিলাম। সংবিধানে তিনটি লিস্ট আছে। কংকারেন্ট লিস্ট, একটি ইউনিয়ন লিস্ট এবং আর একটি হচ্ছে স্টেট লিস্ট। দুর্ভাগ্যের কথা, ন্যাচারাল ক্যালামিটিজের জন্য যে ক্ষয়ক্ষতি হয় রাস্তাঘাট, বাঁধ ইত্যাদির যে ক্ষয়ক্ষতি হয়, তার দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকার নেয় না। আমাদের দুর্ভাগ্য, স্বাধীনতার পর ৫৪ বছর ধরে এখানে বারবার করে বন্যা হয়েছে, গত বছরে ৯টি জেলায় বন্যা হয়েছে, আমি যেখান থেকে প্রতিনিধিত্ব করছি, আলিপুরদুয়ার সেখানেও হয়েছে। এর ফলে রাস্তাঘাট বিপর্যস্ত হয়। যেগুলো স্ট্রেনদেন করা হয়েছিল সেগুলিও প্রাকৃতিক বিপর্যয়ের পর বিপর্যস্ত হয়েছিল। প্রাকৃতিক বিপর্যয়ে কেন্দ্র ওড়িশাকে টাকা দেয়, গুজরাটে টাকা দেয়। কিন্তু পশ্চিমবঙ্গ পাবে না। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট পরিচালিত গভর্নমেন্ট, সেজন্য টাইট দাও। সেজন্য এখানে বিরোধী দল থাকলে ভাল হোত। আমরা নাটক দেখছি। ওরা বাইরে যে নাটক করছেন, এখানে করলে পারতেন, ভাল হোত। আমরা দেখছি, আর্থিক সীমাবদ্ধতার জন্য রাজ্য সরকার ন্যাবার্ড, এশিয়ান উন্নয়ন ব্যাঙ্ক এবং হাডকোর কাছ থেকে ধার করে টাকা

নিচ্ছেন। ধার করে টাকা নিয়ে রাস্তাঘাট করতে হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, পূর্বাঞ্চলে যে পোর্ট আছে, তার সাথে যোগাযোগ রেখে যেটা আছে, হলদিয়া এবং ফরাক্কা। আমাদের মন্ত্রিসভার প্রবীন সদস্য এবং স্বাধীনতা সংগ্রামী, আমার মনে হয় তিনিই একমাত্র স্বাধীনতা সংগ্রামী—অমলেন্দ্র রায়, তিনি দশ বার বছর ধরে চেষ্টা করছিলেন হলদিয়া থেকে ফারাক্কায় সাত নম্বর যে হাইওয়ে আছে, তাকে ন্যাশানাল হাইওয়েতে সংযোজনের জন্য চেষ্টা করে আসছেন।

তারও আগে আরো প্রবীণ স্বাধীনতা সংগ্রামী যতীন চক্রবর্তী মহাশয়ের সময়ে ন্যাশানাল হাইওয়ে রাস্তা উন্নীত করার প্রস্তাব কেন্দ্রীয় সরকারকে দেওয়া হয়েছিল এবং তাতে হলদিয়া থেকে ফরাক্কা পর্যন্ত এন এইচ করার কথা ছিল। এই রাস্তা হলে হলদিয়া ফরাক্কা পর্যন্ত সরাসরি আসবে, ঘুরে আসতে হবে না এই প্রস্তাব দেওয়া হয়েছিল। তার সাথে এটাও বলা হয়েছিল ওই সড়কটি নকশাল বাড়ি হয়ে নেপাল সীমান্ত, ভূটান এবং বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত হবে। এর ফলে ভাল যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে এবং জাতীয় ক্ষেত্রে আসামের সঙ্গেও সম্পর্ক যুক্ত হবে। এই উদ্যোগ যদি রাজ্য সরকারের পক্ষ থেকে এবং পূর্ত দপ্তরের পক্ষ থেকে গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয় এবং আর্থিক সাহায্য চাওয়া হয় তাহলে এন এইচ রাস্তার নির্মাণের কাজ শুরু হতে পারে। মাননীয় স্পিকার মহাশয়, আমরা জানি সড়ক ব্যবস্থার উন্নতি হলে সবচেয়ে বড় উপকার হবে শিল্পের। শিল্পের উন্নতি হলে আমাদের নিয়োগের সম্ভব হবে। আমরা জানি শিল্পপতিরা বিভিন্ন জায়গায় যেতে চাইছেন না রাস্তার জন্য। সুতরাং রাস্তার উন্নতির জন্য ব্যাপক ব্যবস্থা নেওয়া দরকার। আমাদের রাজ্যের বাজেটের অর্দ্ধেক টাকা চলে যায় গ্রামোন্নয়ন ক্ষেত্রে। আজকে পূর্ত দপ্তর জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, এবং গ্রাম পঞ্চায়েতের সঙ্গে হাত মিলিয়ে পশ্চিমবঙ্গের এমন কোনও গ্রাম নেই যেখানে পাকা রাস্তা করে নি। আজকে এই পূর্ত দপ্তর কাঠের সেতু ভেঙ্গে পাকাপোক্তভাবে পাকা সেতু তৈরি করেছে। বড় বড় সেতু যেমন শীলতোর্ষা নদীর উপর সেতু নির্মাণের কাজে হাত দিয়েছেন। আমি যেটা বলছি যে, আপনারা সময়ের মধ্যে ওইসব সেতুর কাজটা শেষ করুন। যাতে সময়ের মধ্যে কাজটা সম্পন্ন হয়, কারণ ব্যাঙ্কের লোন নিয়ে করছেন ঠিক সময়ে না হলে নির্মাণ খরচ আরো বেড়ে যাবে। সুতরাং ওর লায়েবিলিটি অনেক বেড়ে যাবে। সেই কারণে জেলা পরিষদ, পূর্ত দপ্তর এবং জেনারেল প্রশাসনের সঙ্গে একটা কো-অর্ডিনেশন দরকার। এই প্রসঙ্গে আমার প্রশ্ন যে, পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়ারদের যেন সাইন বোর্ড সর্বস্ব ইঞ্জিনিয়ার হিসাবে পরিগণিত

-তে না হয়। পূর্ত দপ্তরের অধীনে বহু প্রযুক্তিবিদ আছেন তাদেরকে কাজে লাগিয়ে অনেক উন্নতি করতে পারেন রাজ্য সরকার। আজকে জেলা পরিষদ শতকরা ১০ ভাগ অর্থ পূর্ত দপ্তরকে নির্দিষ্ট কাজের জন্য ডিপোজিট ওয়ার্কের জন্য প্রদান করেন। এই প্রসঙ্গে দু একটি কথা বলব—আমি জলপাইগুড়ি জেলার জনপ্রতিনিধি। কুচবিহার থেকে মাত্র ৪ বর্গ কি.মি. কম হল আলিপুর মহকুমা। এখানে অনেক সড়কের অবস্থা খুবই খারাপ এবং দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে জলপাইগুড়ি জেলাতে পি. ডব্লিউ ডি রোডস্ ডিভিসন যেটা রয়েছে, যার মাধ্যমে সমস্ত এলাকার সড়ক নির্মাণ এবং রক্ষণাবেক্ষণের কাজ করা সম্ভব। সেইজন্য আলিপুর দুয়ারে একটা ডিভিসন গড়ে তোলার জন্য আবেদন জানাচ্ছি। ১৯৯৩ সালের বন্যার সময়ে বিশেষ প্রযুক্তিবিদ অমল ঘোষের নেতৃত্বে মাত্র ১২ দিনের মধ্যে উত্তর পূর্বাঞ্চলের ৭টি রাজ্যের সাথে আলিপুরদুয়ার মহকুমার, যার বিধ্বস্ত অবস্থা ছিল, সেই রাস্তাঘাটের দ্রুত মেরামতি করে যোগাযোগ ব্যবস্থা করে দিয়েছিলেন। সেই কারণে আমাদের আর এস পি দলের পক্ষ থেকে বলছি লেস দ্যান এ পার্টি মোর দ্যান এ ফ্রন্ট। এই দৃষ্টিভঙ্গিতে নিরপেক্ষ অবিচ্ছিন্ন প্রশাসন উপহার দিয়ে নির্ভেজাল কাজ শুরু হোক। সেখানে একটা সরকারকে সমস্ত রকম ব্যবস্থাকে উন্নত এবং কার্যকর করতে জন কল্যাণমুখী কর্মকে বাস্তবায়িত করতে পূর্ত দপ্তরের পরিকাঠামো উন্নত করতে হবে। পূর্ত দপ্তরের উন্নয়নের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা উন্নীত হবে। সেই ব্যাপারে আশা করি মাননীয় মন্ত্রী সজাগ দৃষ্টি রাখবেন এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের কথা ঘোষণা করেছেন আমি তার সম্পর্কে আমার সময় খুব অল্প, তারই মধ্যে সংক্ষেপে বলতে চাই। আমি তাঁকে একটা অনুরোধ করব এটা বিরোধীপক্ষের কোনও বক্তব্য নয়, মাননীয় মন্ত্রীর পক্ষে যদি সম্ভব হয় আমার কিছু জিজ্ঞাস্য আছে তার জবাব দেওয়ার চেষ্টা করবেন।

আমি সাপোর্ট করছি তাঁর মূল কারণ এই যে সারা পশ্চিমবাংলায় দৃশ্যমান—আপনার দপ্তরের কিছু গুণগত মানের উন্নতি হয়েছে। সঙ্গে সঙ্গে আমার মনে একটা প্রশ্ন আছে, অনেকের প্রশ্ন আছে, গত কয়েক বছরে যে টাকা খরচ হচ্ছে সেই তুলনায় মান উন্নত কিনা? দপ্তরের বরাদ্দকৃত অর্থ খুব বেশি বাড়ানো হয়েছে।

কাজের যে কোয়ালিটিটিভ ডেভেলপমেন্ট হচ্ছে তাঁর এগেনস্টে যে পরিমাণ অর্থ বিপুল অর্থ ব্যয় হচ্ছে সেই ব্যাপারে বলি, বিপুল অর্থ ও কাজের গুণগত মানের মধ্যে সঙ্গতি আছে কিনা—অনেক অর্থ ব্যয় করে উন্নতি হয়েছে—সেটা বিচার করবেন। পশ্চিমবাংলার বিভিন্ন জায়গার কাজ দেখে এবং বিপুল পরিমাণ অর্থ ব্যয় দেখে মনে হচ্ছে কাজটা ভাল হয়েছে। কিন্তু টাকাটা বেশি খরচ হয়ে যাচ্ছে, এটা একটু ভাবা দরকার। আমার দ্বিতীয় বিষয়, রাস্তা তৈরির ক্ষেত্রে পূর্ত, পঞ্চায়েত ও পুর দপ্তরের মাধ্যমে আলোচনা করে ঠিক করা হচ্ছে গুরুত্বপূর্ণ রাস্তাগুলিকে খুব ভাল ভাল নাম ডাকওয়ালা লোকদের দিয়ে কাজ করাবেন, তিন বছরের গ্যারান্টি পেতে হবে। রাস্তাগুলি ভালভাবে স্থায়ীভাবে উন্নয়ন করে করতে হবে নামী সংস্থাকে দিয়ে। আপনি বলেছেন, আপনার নজরদারীর জন্য পূর্ত দপ্তর, পঞ্চায়েত দপ্তর এবং বেনিফিসিয়ারি কমিটি করেছেন। এই তিন সংস্থা মিলে নজরদারীর কাজটা করবে। কিন্তু এই যে বেনিফিসিয়ারি কমিটি এটা বাস্তবে দেখা যায় না। বেনিফিসিয়ারি কমিটি একটা থাকে, কিন্তু কাদের নিয়ে তৈরি করেন সেটা কি বলতে পারবেন? আপনারা তো লোকালিটির লোকদের নিয়ে কমিটিটা করেন কিন্তু তারা বেশিরভাগই জানেন না কি পরিমাণ কাজ হবে, সেই ব্যাপারে তারা অন্ধকারে থাকে। কি কাজ হবে, কি ভাবে কাজ হবে, তার প্রজেক্ট কি, স্কিম কি, কিছু বলা হয় না। তাঁদেরকে সম্পূর্ণ অন্ধকারে রেখে কাজটা হয়। আপনি দয়া করে বলবেন তাঁদের এই রাইট টু নো আছে কিনা? যে কাজটা করছেন তাদের যদি জানার অধিকার থাকে তাহলে ভাল হয়। যে বেনিফিসিয়ারি কমিটি থাকবে তাদের সেই কাজের প্রজেক্ট সম্বন্ধে স্কিম সম্বন্ধে জানার অধিকার থাকবে কিনা এবং তাদের মতামত গ্রহণ করবেন কিনা কাজের উৎকর্ষতা বাড়ানোর জন্য এটা বলবেন। এছাড়া উত্তর দক্ষিণ করিডোর, পূর্ব পশ্চিম করিডোর ও ৩৪ নম্বর জাতীয় সড়ক হবে এই করিডোরের ধমনী, এই যে কাঠামোর সংক্ষেপে বর্ণনা দিয়েছেন তাতে ন্যাশানাল হাইওয়ে ২, স্টেট হাইওয়ে এর নানা অংশের উন্নয়ন, বাংলাদেশের সঙ্গে যোগাযোগকারী পথ, রায়গঞ্জ ইসলামপুরের মধ্যে নূতন রাজ্য সড়ক তৈরি করবেন। কলকাতা বারাসাত সহজে এড়িয়ে এক্সপ্রেস ওয়ে পথরেখা চিহ্নিত করণ শুরু করবেন। এই সমীক্ষার কাজ আপনার প্রায় শেষের দিকে বলেছেন। এক্ষেত্রে আমার প্রশ্ন এই যে রাস্তাঘাট শিল্পের ক্ষেত্রে, বাণিজ্য প্রসারের ক্ষেত্রে এই রাস্তার গুরুত্ব আছে সন্দেহ নেই, রাস্তা হলে ভালই হবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আপনি একটি বিষয়ে কি চিন্তা-ভাবনা করেছেন, বন্যার সময় যে মাটির ক্ষয় হয়, সর্বনাশা ক্ষতি হয়, সেই ব্যাপারটা

দেখা দরকার। ইংরেজ আমল থেকে যে সয়েল ইরোশান হচ্ছে তার জন্যও বন্যা হচ্ছে। এই যে উত্তর পূর্ব, পূর্ব পশ্চিম করিডোর নিয়ে পরিকল্পনা নিয়েছেন এটা ভাল বলা যাবে, যদি আমাদের উত্তর থেকে দক্ষিণ দিকের বিভিন্ন জল বিভাজিকার ক্ষতি হবে কিনা, ভূমিক্ষয় হবে কিনা ওয়াটার লগিং হবে কিনা সেটা সমীক্ষা করেছেন কি? আমি যতদূর জানি, আমাদের রাজ্যে আই অ্যান্ড ডবলিউ ডিপার্টমেন্ট এটার ব্যাপারে তারা কনসার্ন নয়। শিল্প বাণিজ্যের জন্য আপনি হাজার কি.মি. রাস্তা করে ফেলতে পারেন কিন্তু আল্টিমেটলি তার পরিণাম যদি হয় জল বিভাজন ধ্বংস হয়ে যাবে, সয়েল ইরোশন দুর্বল হবে তাহলে পশ্চিমবাংলার ভবিষ্যৎ কি হবে? আপনি ভাল করে জানেন এই শিল্প বাণিজ্যের জন্য কয়েক দশক অপেক্ষা করতে পারেন, কিন্তু এক ইঞ্চি সয়েলের জন্য আপনার হাজার বছর সময় লেগে যাবে।

আমি আপনার কাছে বলতে চাই, ২০০০ সালে, আমি আমার কমিটিতে একটি প্রশ্ন করে জানতে চেয়েছিলাম, কলকাতার হলদিয়া রাস্তার রিলেশনে, আই অ্যান্ড ডবলিউ ডিপার্টমেন্ট এর অফিসাররা বলেছিলেন, অ্যাট লিস্ট আই অ্যান্ড ডবলিউ ডিপার্টমেন্ট তারা কনসালটেড নয়। আপনি কি তাঁদের ওপিনিয়ন নেননি?

এটা আমাদের কাছে উদ্বেগের বিষয়, আরেকটা বিষয় আমি উল্লেখ করতে চাই, বিভিন্ন ক্ষয়-ক্ষতির কথা আপনি উল্লেখ করেছেন। নতুন নতুন করে বিভিন্ন জায়গায় বন্যা হচ্ছে। দশ বছর আগে যে রাস্তার উপরে কালভার্টের দরকার ছিল না, ব্রিজের দরকার ছিল না, নানা কারণে জমির ঢাল ক্ষয়ে গেছে। যে জায়গা দিয়ে আগে জল যেত না, সেই জায়গা দিয়ে এখন জল আসছে, আবার বিভিন্ন জায়গা দিয়ে জলপথ পাল্টে গেছে। যেখানে ব্রিজ, কালভার্ট দরকার ছিল না, সেখানে করতে হচ্ছে। এই এগজিস্টিং রোডের উপরে কোথাও কোথাও নতুন নতুন করে কালভার্ট করা দরকার। এই বিষয়টা আপনি সমীক্ষা করুন। তা না হলে মাইলের পর মাইল রাস্তাকে ভাসিয়ে নিয়ে যাবে, এই বিপদের হাত থেকে পশ্চিমবাংলাকে রক্ষা করা যাবে না। আপনার বাজেট বক্তৃতায় আপনি বলেছেন ১৮ হাজার কিলোমিটার রাস্তা আপনার ডিপার্টমেন্টকে মেইনটেইন করতে হয়। আবার আপনি ইকনমিক্স রিভিউতে বলেছেন ১৭,৪২২ কিলোমিটার রাস্তা আপনার ডিপার্টমেন্টের আন্ডারে। তাহলে বাকি প্রায় ৬০০ কিলোমিটারের মতো রাস্তাকে মেইনটেইন করছে এটা আমি বুঝতে পারলাম না। আপনার থার্ড প্ল্যানে—নন্দীগ্রাম—মালদা ভায়া

গোকুলনগর, গোবর্দ্ধনপুর-ইটবেড়িয়া, ললাট-গোবর্দ্ধনপুর, পটাশপুর-বাঙ্গুচক রোড, এই রাস্তাগুলোর উপরে কোনও অর্থ বরাদ্দ নেই। এগরা-বাজকুল রাস্তার কাজ ২০ শতাংশ হয়েছে বলেছেন। ভোটের কুড়ি দিন আগে এর সম্প্রসারণ এবং গুনগত মানের কাজ হয়েছে। কিন্তু সেখানে যদি আপনাকে এখন যেতে হয় তাহলে আপনাকে অ্যাম্বুলেন্সে চেপে যেতে হবে। আমি আশা করব আপনি এই বিষয়গুলো ভেবে দেখবেন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় পূর্ত ও সড়ক ও নির্মান বিভাগের যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করছি। বিরোধী পক্ষ আজকে থাকবে না আমরা জানতাম। রাত্রে ফোনে মমতা আর্জি জানিয়েছে দিলীপ দাসকে তুমি চলে এস, গোলমাল থেমে যাবে। ওদের নিজেদের মধ্যে গণ্ডগোল থামাতে ওরা হাউসে হৈ চৈ করছে। কালকে আমরা দেখেছি বিধানসভায় ওরা কিভাবে ভাঙচুর করে তাণ্ডব সৃষ্টি করেছে। পশ্চিমবাংলার উন্নয়ন নিয়ে ওরা চিন্তা করেন না, রাস্তার উন্নয়ন নিয়ে ওরা বিধানসভায় কথা বলেন না। ওদের নিজেদের মধ্যে আজকে গণ্ডগোল হচ্ছে। আমরা আশা করেছিলাম ষষ্ঠবার বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে ওরা বিধানসভায় গঠনমূলক সমালোচনা করবেন এবং আমরা তা শুনব। আমরা যে কাজটা করতে পারিনি, সেই কাজটা আমরা পরে করব। সতেরো দিন পার হয়নি ওরা এখনই বলতে আরম্ভ করেছে— এই সরকার আর নেই দরকার। আজকে তাদের কোনও বলার কথা নেই বলেই এই কথা বলছে। একটা রাজ্য সরকারের পক্ষে ১৮ হাজার কিলোমিটার রাস্তা কখনোই মেইনটেইন করা সম্ভব নয়। আমরা সকলেই জানি, বন্যার পরে রাজ্য সরকারকে ন্যাবার্ড, হাডকো, ডব্লু. বি. আই. ডি. সি, ডি. এফ. সি.-র থেকে ঋণ নিয়ে রাস্তাঘাটের পুনর্বিন্যাস এবং উন্নতির কাজ করতে হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় রাস্তাঘাট যা ছিল সেটাকেই রক্ষা করার জন্যই আমাদের অনেক টাকা খরচ হয়ে গেছে, নতুন করে করার কথা বাদ দিলাম। রাস্তার জন্য যেখানে দিল্লি দিয়েছে ২৫.২১ কোটি টাকা, সেখানে আমাদের হাডকো থেকে ঋণ নিতে হয়েছে ১০৫ কোটি টাকা।

আর এশিয়ান উন্নয়ন ব্যাঙ্ক থেকে ঋণ নিতে হয় ২০ কোটি ডলার, তাহলে টাকার পরিমাণ হবে ৯০০ কোটি টাকা। এত ঋণ। আবার দিল্লি কম সুদে টাকা

নিয়ে আমাদের বেশি সুদে ঋণ দেয়। এইভাবে তারা আয় করছে। এই নীতি নির্ধারণ কমিটির মেম্বাররা দিল্লির পক্ষে না আমাদের পক্ষে জানি না। বারবার বলেছি, পশ্চিমবঙ্গে আগে ৮ মেট্রিক টনের রাস্তা তৈরি হোত, তখন গাড়িঘোড়া কম চলত। এখন তাপ্পি দিয়ে চালাতে হচ্ছে। একটা ছেঁড়া জামাতে যদি তাপ্পি মারা হয়, তাহলে তার পাশ থেকে আবার ছিড়ে যায়। পাপের দায়িত্ব তো তাদের। সেই ৮ মেট্রিক টনের রাস্তাগুলো আমাদের খুঁড়ে ফেলে আবার বালি, পাথর, বিটুমিন দিয়ে নতুন করে তৈরি করতে হচ্ছে। সেই তাদের মুখে শোভা পায় না পশ্চিমবঙ্গের রাস্তাঘাট খারাপ। তবে আমরা স্বীকার করি, শুধু শহরেরই নয়, গ্রামের রাস্তাও নদীয়া থেকে উত্তরবঙ্গ সব জায়গাতেই ছোট ছোট রাস্তার উপর জোর দেওয়া উচিত। ৩৪ নং জাতীয় সড়ক, প্রায় ৩৭০ কিলোমিটার লম্বা, ৭ মিটার চওড়া হবে এবং এশিয়ান উন্নয়ন ব্যাঙ্কের থেকে টাকা নিয়ে কলকাতার সঙ্গে উত্তরবঙ্গ-রায়গঞ্জ থেকে বারাসাত এবং বারাসাত থেকে হিলি পর্যন্ত হবে। এটা অভিনন্দনযোগ্য। খাস খবর না কি একটা আছে, তারা খুঁজে খুঁজে খারাপ রাস্তাই দেখাবে, ভালোগুলোও দেখাক, যেগুলো রাজ্য সরকার করেছে। ভালো কাজ তো করেছে এই সরকার। নদীয়া জেলায় বিগত বন্যায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল। রাজ্য সরকারের বিশেষ করে পূর্ত দপ্তরের কর্মচারীরা ১০ দিনের মধ্যে যোগাযোগ স্থাপন করে দিয়েছিল। পাগলাচণ্ডীর সেতু ভেঙে গিয়েছিল। রেল দপ্তরের মন্ত্রী, যার মদতে ওরা কথা বলছে, সেই পাগলাচণ্ডীর সেতু করতে পারেনি, অথচ পূর্ত দপ্তর কয়েকদিনের চেষ্টায় উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ স্থাপন করে দিল। ভালোটাও তো দেখতে হবে।

আমার কতগুলো সমস্যা আছে। কয়েকদিন আগে মাননীয় মন্ত্রীকে লিখিত প্রস্তাবও দিয়েছি। ১৯৭৯ সালে মাননীয় রাজ্যপাল ত্রিভুবন নারায়ণ সিং চূর্ণী নদীর উপর একটা ব্রিজের শিলান্যাস করেছিল। ২১ বছর হয়ে গেল কিন্তু আজ পর্যন্ত সেই ব্রিজের কাজ হল না। মন্ত্রিমহাশয় বিষয়টা দেখবেন। সেই ব্রিজের সঙ্গে বাজিতপুর-শিবনিবাস একটা রাস্তার জন্য টেন্ডার গণশক্তি কাগজে বেরিয়েছিল, কিন্তু আজ পর্যন্ত কাজ হল না। পরে খোঁজ নিয়ে দেখলাম সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল পায়নি। সাধারণ মানুষ তো সেটা বুঝবে না, তারা কাগজে দেখেছে, এখন কাজ চায়। আগের মন্ত্রী ক্ষিতি গোস্বামীর কাছেও স্থানীয় ছেলে-মেয়েরা বলেছিল। নদীয়াতে চাকদহ-জয়ঘাটা রাস্তার উপর একটা ব্রিজ-এর কথা ছিল।

২০—২৫ লক্ষ টাকার জন্য সেই কাজটা আটকে আছে এবং এই রাস্তায় যান চলাচল করতে পারছে না। একটা ব্রিজ কালভার্টই বটে। একবার বর্ষার সময় একটু জল আসে। সারা বছরই শুকনো থাকে। এখনও শুকনো আছে। মাননীয় মন্ত্রীকে বলব যেন উনি বিষয়টি গুরুত্ব দিয়ে দেখেন। আমার যেটি বলার কথা, সেটা একটা নতুন রাস্তা। প্রায় ১ লক্ষের উপর মানুষ বাস করে। রানাবন্দ ঘাট থেকে পদ্মমালা হয়ে শিমুলিয়া হয়ে ট্যাংরা থেকে মহেশপুর হয়ে ঐ সাঁতগাঁ রাস্তায় যোগ হবে। ২৩ কিলোমিটার রাস্তার কোনও কাজ এগোয় নি। মাঝে দেখলাম যে, নদীয়া জেলার একজিকিউটিভ ইঞ্জিনিয়ার সার্ভে করতে গেলেন গত বছর। কিন্তু সার্ভে কোন পর্যায়ে আছে, পি ডব্লু ডি নিয়েছে কিনা এই সব কিছু জানে না মানুষ। মানুষের চোখে শুধুই ধোঁয়াশা। তাই আমি মন্ত্রীকে অনুরোধ করব এই রাণাবন্দ ঘাট হতে পদ্মমালা শিমুলিয়া হয়ে ট্যাংরা মহেশপুর এই সাতগাঁ রাস্তাটা যাতে পি ডব্লু ডি-র মধ্যে অন্তর্ভুক্ত হয়। স্যার, একটা জিনিস মাননীয় সদস্য কামাখ্যা নন্দন দাস মহাপাত্র মহাশয় বললেন যে, যোগাযোগ শুরু হয়েছে। আমরা বহির্বিশ্বের সঙ্গে যোগাযোগ শুরু করেছি। হিলি বর্ডার যেমন যোগাযোগ করছে। আমাদের নদীয়া কৃষ্ণগঞ্জের পাশে গেদে, ওপারে বাংলাদেশ—পণ্য চলাচল করছে রেল লাইন দিয়ে বাস রুট আছে। এই বাস রুট গেদে থেকে মাজদিয়া পর্যন্ত। ট্রেন লাইন তৈরি হয়েছে যুক্তফ্রন্টের আমলে। রামবিলাস পাশোয়ানের আমলে ওই ইলেকট্রিক লাইন উদ্বোধন হয়েছিল। সাম্প্রতিককালে চালু হয়েছে। কিন্তু কোনও সাধারণ মানুষ যদি ওই সমস্ত ট্রেন ফেল করে, মাজদিয়া থেকে রাণাঘাট আসবার আর কোনও বিকল্প উপায় নেই। মাজদিয়া থেকে রাণাঘাট আসতে গেলে তাকে কৃষ্ণনগর আসতে হবে। মাজদিয়া থেকে কৃষ্ণনগরের দূরত্ব ৪০ কিলোমিটার। আবার এখানের থেকে আরও ৪০ কিলোমিটার—মানে ৮০ কিলোমিটার ঘুরে তাকে আসতে হবে। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ এই মাজদিয়া থেকে নতুন করে কোনও রাস্তার চিন্তাভাবনা করে এই রাণাঘাটে পৌঁছানো যায় কিনা। আমাদের জেলা পরিষদ একটা রাস্তা হাতে নিয়েছে। যদি আপনি সেই রাস্তা নেন, আমার কাছে একটা প্রস্তাব আছে মাজদিয়া থেকে রাণাঘাট এই রাস্তাটা খাটুরা, খাজনা, জগুলা আড়ংঘাটা হয়ে রাণাঘাটে আসতে পারে। একটু আপনি সাহায্য করলেই ওই এলাকার প্রায় ৩—৪ লক্ষ মানুষের কাজটা হতে পারে। মাননীয় মন্ত্রীর কাছে বলছি—একটা রাস্তা ৪৭ সালে দেশ ভাগের আগে থেকে আপনার দপ্তর শুরু করেছিল। আজও পর্যন্ত সেই রাস্তার কাজ হয়নি। আজ পর্যন্ত একটা কাজও হয়নি। রাণাবন্দ ঘাট থেকে গোংড়া ও

কিলোমিটার রাস্তা বর্ষার সময় মানুষ হেঁটেও যেতে পারে না। তবে না করবার কারণ আছে। না করবার জন্য দায়ী ওরা। ৮৩ সালে প্রণব মুখার্জি—ওই যে দরিয়ার বিল বলে একটা জায়গা আছে, সেটার উদ্বোধন করেছিলেন। বলেছিলেন যে দিল্লি থেকে টাকা নিয়ে করে দেবে। এটা একটা বাধা এই কাজ না করবার জন্য। আপনার দপ্তরের অফিসাররা মালপত্র নিয়ে যেতে পারেন নি এবং ৬ কিলোমিটার রাস্তাও করতে পারেন নি। সাম্প্রতিককালে প্রাক্তন সাংসদ অজয় মুখার্জি তার ফান্ড থেকে ৩৮ লক্ষ টাকা দিয়েছেন। সেই ব্রিজের কাজ আমরা শুরু করেছি। আপনাদের সহযোগিতায় জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি সবাই মিলে সেই ব্রিজের কাজ শুরু করেছি। তাই আমি আবেদন করি মন্ত্রিমহাশয় আপনি এই রাণাবন্দ ঘাট থেকে গোংড়া পর্যন্ত ৭ কিলোমিটার রাস্তা, যেটা ৪৭ সাল থেকে হয়নি, সেটার কাজ যেন শেষ করে দিন। তাহলে সীমান্তবর্তী এলাকার মানুষ উপকৃত হবে।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী অমর চৌধুরী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পূর্ত দপ্তর থেকে ২০০১-২০০২ যে বাজেট পেশ করা হল, তাতে আমরা প্রথমেই মাননীয় সদস্যদের বলব একটু সংশোধন করে নিতে। প্রথমে যে দাবি আছে সেটা হল ৫১৪ কোটি ৫৫ লক্ষ ৪৩ হাজার আছে, সেটা হবে ৫৯১ কোটি ৩২ লক্ষ ৩০ হাজার।

৫৯৪ কোটি ৫৫ লক্ষ ৪০ হাজার টাকা হবে ৫৯১ কোটি ৩২ লক্ষ ৩০ হাজার টাকা। সংখ্যাটা একটু সংশোধন করে নেবেন। আরেকটা সংশোধন করে নেবেন ১৭ নম্বর প্যারা(খ)তে এখানে লেখা আছে ৮০ নম্বর জাতীয় সড়কের রাজমহল থেকে ফরাক্কা পর্যন্ত সম্প্রসারিত ১০ কিলোমিটার দায়িত্বভার এখনও হস্তান্তরিত হয় নি। এটা কার্যকারিতা সমীক্ষা স্তরে আছে, এটা সংশোধন করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রথমেই আমাদের বিরোধীবিহীন এই হাউসে আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্য যারা আছেন তাদের ধন্যবাদ দিই। ধন্যবাদ দিই এই জন্য যে বিগত আমাদের যে উন্নয়মুলক কাজ, রাস্তা গড়ার যে কাজ সেই উন্নতি তারা লক্ষ্য করেছেন। তারা বলেছেন বিভিন্ন রাস্তার কথা, তার জন্য তাদের ধন্যবাদ জানাই। প্রথমেই আমি একটা কথা বলতে চাই যে আমাদের দপ্তরের পি.ডব্লু.ডি, পি.ডব্লু.ডি রোডস অ্যান্ড কনস্ট্রাকশন, ইলেকট্রিকাল, আর্কিটেকচারাল বিভিন্ন

বিভাগ আছে। এরা বিভিন্ন কাজ করে। পি.ডব্লু.ডি রোডস মুলত রাস্তাঘাটের সঙ্গে যুক্ত। এই রাস্তা সংক্রান্ত বিষয়গুলো আমি আপনাদের কাছে দিয়েছি এবং তার সাথে সাথে রাস্তার উন্নয়নের সঙ্গে যোগাযোগের জন্য যে সেতুর প্রয়োজন সেই সেতুর বিবরনও আপনাদের কাছে দেওয়া হয়েছে। আমাদের হাডকো এবং আর. আই. ডি. এফ. (১), (২), (৩) এবং হাডকো (১). (২). (৩) তার লিস্টগুলো দিয়েছি এইগুলো যদি দেখেন তাহলে দেখবেন যে ১৪৪টা রাস্তা আমরা করেছি। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে এই যে রাস্তাগুলোর কথা আমি আপনাদের বলেছি সেগুলো কেবলমাত্র সাইন বোর্ড হয়েই থাকবে না, এর প্রমান আপনারা অতীতেও পেয়েছেন এবং ভবিষ্যতেও পাবেন। হাডকো এবং আর. আই. ডি. এফের ১৪৪টা রাস্তার মধ্যে ৭৯টা রাস্তা সম্পূর্ণ হয়ে গেছে, ৬৪টার কাজ চলছে আর একটা অনুমোদনের মধ্যে রয়েছে। আর.আই.ডি.এফ ওয়ানে ৯৮টা রাস্তার মধ্যে ৬৫টা রাস্তা সম্পূর্ণ হয়েছে। কাজ চলছে ৩০টা রাস্তার ১৯টা রাস্তা সম্পূর্ণ হবে ২০০১ সালে, ২০০২ সালে ১০টা রাস্তা আর ২০০৩ সালে ৪টে রাস্তা সম্পূর্ণ হবে। হাডকোর ক্ষেত্রে ৪৬টা রাস্তা আছে তার মধ্যে সম্পূর্ণ হয়েছে ১৪টা, কাজ চলছে ২৮টার অনুমোদিত হবে ১টা অসমাপ্ত কাজের মধ্যে ২০০২ সালে সম্পূর্ণ হবে ১৬টা, ০৩ সালে ১৩টা। সুতরাং এই কাজগুলো চলছে সেটাই আপনাদের বললাম। তার সঙ্গে সেতুর সম্পর্ক আছে। সেতুর সংখ্যাটা যদি আমরা দেখি তাহলে বলতে হয় মোট ৬৫টি সেতুর কাজ চলছে, তার মধ্যে ২০০২-২০০৩ সালের মধ্যে ২০টি সম্পন্ন হবে। ২০০২-২০০৩ সালের মধ্যে ৩৭টির কাজ সম্পন্ন হবে এবং ২০০৩-২০০৪ সালের মধ্যে ১৮টির কাজ সম্পন্ন হবে। মোট ৬৫টি সেতুর কাজ চলছে। এর সঙ্গে বলে দেওয়া ভালো যে বিবাটি উড়াল পুলের ওয়ার্ক অর্ডার শীঘ্রই দেওয়া হবে। এছাড়া আমরা আরেকটা সেতুর কাজ গ্রহন করতে চলেছি। প্রাথমিক কাজ হবে। মধ্যমগ্রাম উড়ালপুলের প্রাথমিক পর্যায়ের কাজ আরম্ভ হতে চলেছে বলা যায়। এই যে সেতুগুলি তার ব্যায় ধরা হয়েছে ২৮৮ কোটি ৫ লক্ষ ৬৯ হাজার টাকা। সুতরাং এর সঙ্গে আপনারা বুঝতেই পারছেন যে পি.ডব্লু. ডি. দপ্তর আপনাদের সব চাহিদা পূরন করতে পারবে না হয়তো। কিন্তু আপানারা জানেন পি.ডব্লু.ডি.র আছে ন্যাশানাল হাইওয়ের আছে, জিলাপরিষদের আছে. পৌরপিতার আছে, আর্বানের আছে। সব রাস্তাগুলিই পি.ডব্লু.ডি. নয়। একথা আমাদের মনে রাখতে হবে যে আর. আই. ডি. এফের ৫, ৬ টি কাজ চলছে। এগুলি সম্পূর্ণভাবে জিলাপরিষদ করবে পি.ডব্লু.ডি.র সাথে সম্পর্ক করতে পারে টেকনিক্যাল

দিক থেকে, কিন্তু তার কোনও দায়িত্ব থাকবে না। সে ক্ষেত্রে আমাদের নির্ভর করতে হয় বিভিন্ন লোনের, বিভিন্ন এজেন্সির। আমরা এটুকু বলতে পারি যে আজকে পশ্চিমবঙ্গের রাস্তাঘাট উন্নয়নের কাজে অনেক এন. আর. আই. এবং ব্যাক্তিগত ভাবে কোনও এজেন্সি এগিয়ে আসতে চাইছে। আমাদের এখনও পর্যন্ত যে নীতি আছে—স্বাভাবিক ভাবেই তারা যে ইনভেস্টমেন্ট করেছেন সেটা তারা রিটার্ন চাইবেন। ব্রীজ প্রাইভেট এজেন্সিকে দিয়ে করানো হচ্ছে, তবে রাস্তাঘাট সম্পর্কে আমরা সেই সিদ্ধান্ত এখনও নিই নি। এই বিষয়টা নিশ্চয়ই আমাদের বিবেচনা করতে হবে যে ভাবে উন্নয়নের দাবি আসছে প্রয়োজনীয়তা দেখা দিয়েছে এবং সাথে সাথে শিল্পোন্নয়নের জোয়ার আসছে ফলে রাস্তাঘাট আমাদের করতে হবে। আমাদের অর্থাভাব আছে সুতরাং আমাদের পুনর্বিবেচনা করতে হবে যে আমরা সেই পথে যাবো কিনা। আপনারা অনেকে ৩৪নং ন্যাশ্যানাল হাইওয়ে সম্বন্ধে জানতে চেয়েছেন অর্থাৎ উত্তর-পশ্চিম সড়ক নিয়ে জানতে চেয়েছেন। আমি আপনাদের কাছে এটুকু বলতে পারি উত্তর রায়গঞ্জ থেকে বারাসাতের আমডাঙ্গা পর্যন্ত যেটা আমাদের মাননীয় স্পিকারের কন্সিটিউয়েন্সি পর্যন্ত এটা প্রায় ৩৭০ কিঃ মিঃ হবে। সেখানে এটা প্রায় ৩৭০ কিঃ মিঃ এই রাস্তা করতে গিয়ে যে টাকা খরচ হবে সেই টাকার পরিমান হল ১ হাজার ৯৭ কোটি ৫৪ লক্ষ টাকা। যেটা ডলারের মুল্যে ২৮০ মার্কিন ডলার। এই টাকাটা দেবে কারা? এ.ডি.বি. ৬১৯ কোটি ৫২ লক্ষ টাকা দেবে, রাজ্য সরকার ২০২ কোটি ১৬ লক্ষ টাকা দেবে, কেন্দ্রীয় সরকার ২০৫ কোটি ৬ লক্ষ টাকা দেবে। রাস্তা তিন রকম। জাতীয় সড়ক, রাজ্য সড়ক এবং গ্রামীন রাস্তা। কোন খাতে কত টাকা ধার্য হয়েছে সেটা জানা যেতে পারে। জাতীয় সড়ক খাতে, যেটা ন্যাশনাল হাইওয়ে ৩৪, সেখানে ৬৭১.৬০৪ কোটি টাকা, রাজ্য সড়ক খাতে এবং গ্রামীন রাস্তা খাতে ২৮১.৫২ কোটি টাকা। এছাড়াও আমাদের প্রোজেক্ট ম্যানেজমেন্ট— নির্মানের কাজে প্রারম্ভিক খরচ ধরা হয়েছে ১০৪ কোটি ৪২ লক্ষ টাকা। সুতরাং এই কাজটা শুরু করার জন্য আমাদের গ্লোবাল টেন্ডার করতে হবে এবং আশাকরি ২০০২ সালে আরম্ভ করে ২০০৭ সালের মধ্যে এই রাস্তা সম্পুর্ণ করা যাবে। এখানে একটু বলে রাখি তা হল এই রাস্তার সঙ্গে আশেপাশের রাস্তার ব্যাপারে বাজেট বইতে আছে। লিংকরোডগুলোর কথা বলছি। কিন্তু এখানে দু-একজন মাননীয় সদস্য বললেন গ্রামের সঙ্গে যুক্ত লিংক যেগুলো আছে সেই লিংক রোডের দায়িত্ব আমাদের থাকবে না? সেগুলো নিয়ে জেলা পরিষদের সঙ্গে কথা বলতে হবে। রাস্তার ব্যাপারে আমাদের খুব সুস্পষ্ট ধারনা

থাকা দরকার। এক্ষেত্রে শুধু পি.ডব্লু.ডি.-ই সব নয় জেলা-পরিষদও যুক্ত আছে ক্ষমতা বিকেন্দ্রীকরনের নীতির মধ্যে দিয়ে। আপনারা জানেন ডি.পি.সি.-র মাধ্যমে এই প্রস্তাবগুলো আসতে হবে। আমরা সরাসরি আপনাদের প্রস্তাবগুলো গ্রহন করতে পারিনা। সেই জন্য আপনাদের অনুরোধ করব, আপনারা নতুন রাস্তার প্রস্তাব কিম্বা অন্যান্য রাস্তার ব্যাপারে ডি.পি.সি.-র সঙ্গে কথা বলবেন। আর পি.ডব্লু.ডি.-র যে রাস্তাগুলো আমাদের আছে সেগুলো করার চেষ্টা করছি। যে যে রাস্তাগুলো আমরা নিয়েছি সেগুলোর ব্যাপারে আমি বলেছি। সুতরাং সবচেয়ে বড় কথা হল আধুনিক যন্ত্রপাতি দিয়ে আধুনিক প্রকৌশলের মাধ্যমে কাজ করা। মাননীয় সদস্যরা জেনে খুশি হবেন সেই চেষ্টা চলছে বলে আজকে অনেক রাস্তার কথা বলছি, মান উন্নয়ন হয়েছে। সেটা নিশ্চয় করতে হবে। আমাদের সেই যে আধুনিক যন্ত্রপাতি দিয়ে রাস্তা করা প্রোজেক্ট সেটা চলছে এবং আশাকরি আপনারা ভবিষ্যতে আরো অনেক উন্নতমানের রাস্তা পাবেন।

হলদিয়া-ফারাক্কা, নেপাল-ভুটান - একটা রাস্তার প্রস্তাব মাননীয় সদস্য নির্মল দাস মহাশয়, অমল রায় মহাশয় অনেক আগে মাননীয় এম.আই.সি. সেচ - উল্লেখ করেছিলেন। আমাদের কাছে সেই প্রস্তাব এসেছে সেই প্রস্তাব খতিয়ে দেখা হচ্ছে। সেটা পরে জানা যাবে। মাননীয় বিধায়ক শ্রী নির্মল দাস মহাশয় জলপাইগুড়িতে একটা ডিভিসনের কথা বলেছেন, সেই ডিভিসনের কথাও বিবেচনাধীন আছে। মাননীয় বিধায়ক শ্রী কামাক্ষানন্দন দাসমহাপাত্র কয়েকটি কথা বলেছেন। তিনি বেনিফিসিয়ারি কমিটির কথা বলেছেন। বেনিফিসিয়ারি কমিটি তত্ত্বাবধান করবেন নিশ্চয়ই, কিন্তু বেনিফিসিয়ারী কমিটি করে তাকে নির্দেশ দেওয়া—সেটাও আমাদের পি. ডব্লু. ডি.-র আধিকারিকদের ক্ষমতার মধ্যে পড়ে না, সেটা স্থানীয় স্বায়ত্তশাসনের মধ্যে নির্ভর করবে, জনপ্রতিনিধিদের উপর নির্ভর করবে, সেটা আমাদের দেখতে হবে। সেচবিভাগের সাথে কো-অর্ডিনেশনের অভাবে রাস্তা যা করা হচ্ছে সে ক্ষেত্রে অনেক ত্রুটি থাকলেও—জলনিকাশি ব্যবস্থা সম্পর্কে আমার মনে হয় প্রস্তাবটি নিশ্চয়ই সঙ্গত—রাস্তা করতে গেলে যেখানে সেচবিভাগের সঙ্গে পরামর্শ দরকার নিশ্চয়ই সেটা করা হবে। মাননীয় বিধায়ক শ্রী সুশীল বিশ্বাস মহাশয় চূর্ণী নদীর উপর যে সেতুটির কথা বলেছেন সেটি ১৯৭৯ সালে পশ্চিমবঙ্গের তৎকালীন রাজ্যপাল মাননীয় টি. এন. সিং মহাশয় তার শিলান্যাস করেন। আপনি এ ব্যাপারে আমাকেও বলেছিলেন, আমি সেটা দেখার জন্য দিয়েছি। এ ব্যাপারে পুরোনো কাগজপত্র সব বার করতে হবে, আমি যথাসময়ে আপনাকে জানিয়ে দেব। আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, আমাদের অনেক বড় ব্রিজ হয়েছে, রাস্তা হচ্ছে। কিন্তু ন্যাশনাল

হাইওয়ে সম্পর্কে আপনাদের কিছু তথ্য জানার দরকার আছে। কেন্দ্রীয় সরকারের অধীন ন্যাশনাল হাইওয়ে সম্পর্কে আপনাদের কিছু তথ্য জানার দরকার আছে। কেন্দ্রীয় সরকারের অধীন ন্যাশনাল হাইওয়ে অথরিটি অব ইন্ডিয়া গড়ে উঠেছে। এখন এন. এইচ. এ. আই. তারা আস্তে আস্তে ন্যাশনাল হাইওয়েগুলোকে তাদের ক্ষেত্রে নিয়ে যাবে—ইতিমধ্যে অনেকগুলো নিয়েছে, আরও কিছু নেওয়ার প্রস্তাব আছে, আপনারা জেনে রাখুন, এখন আর নতুন করে কোনও ন্যাশনাল হাইওয়ের প্রস্তাব কার্যকর হবে না। তাদের কথা হল—তাদের কাছে এত হাইওয়ের প্রস্তাব এসেছে যে, সেগুলোকে সঠিক জায়গায় না আসা পর্যন্ত নতুন কোনও ন্যাশনাল হাইওয়ের প্রস্তাব তারা গ্রহণ করছে না। এখন প্রশ্ন হল, এন. এইচ. (২) এবং এন. এইচ. (৬) নিয়ে। এন. এইচ. (২) কে ন্যাশনাল হাইওয়ে অথরিটি অব ইন্ডিয়া নিয়ে নিয়েছে। আমাদের রাস্তাঘাটের উন্নয়নের জন্য অর্থ সংগ্রহের ব্যাপারটা নিয়ে ভাবতে হবে। আমাদের প্রাইভেট এজেন্সির কাছে যেতে হচ্ছে, এটা আমাদের কাছে খুবই সমস্যা। কিন্তু তাদের কাছে না গিয়েও উপায় নেই। আমাদের কাছে অনেক প্রস্তাব এসেছে। এই প্রস্তাবগুলো আমরা যথাযথ ভাবে বিচার-বিবেচনা করার চেষ্টা করব।

[2-50 — 3-00 p.m.]

মাননীয় সদস্যগণের কাছে আমার নিবেদন তাঁরা যে প্রস্তাবগুলি রাখলেন সেগুলি যাতে জেলা পরিষদের মাধ্যমে আমাদের কাছে আসে, সে ব্যবস্থা যদি তাঁরা করেন তাহলে সেগুলি আমাদের পক্ষে বিবেচনা করার ক্ষেত্রে সুবিধা হবে। আমার বাজেট প্রস্তাবের মধ্যে নিশ্চয়ই আপনারা দেখেছেন যে, বর্তমানে বিভিন্ন ক্ষেত্রে আমাদের ব্যাপক কাজকর্ম চলছে। এখন আমরা সে সমস্ত কাজের সবরকম তথ্য, ডাটা সংগ্রহ করে আধুনিক প্রযুক্তি, ইনফরমেশন টেক্‌নোলজির সাহায্যে কেন্দ্রীভূত করে রাইটার্স বিল্ডিংসে রাখার চেষ্টা করছি। এর ফলে যে কোন জায়গার যে কোনও জিনিস সঠিকভাবে মুহূর্তের মধ্যে জানার এবং সে অনুযায়ী নির্দেশ দেয়ার ক্ষেত্রে খুবই সুবিধা হবে। দ্রুত সিদ্ধান্ত গ্রহণের মধ্যে দিয়ে আমরা সবরকম কাজকে এগিয়ে নিয়ে যেতে পারব। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই বলেছেন, আমাদের উন্নয়ন কাজকে তরান্বিত করতে হবে। এই দিকে লক্ষ্য রেখেই সমস্ত জায়গার সমস্ত তথ্যগুলিকে কেন্দ্রীভূত করে আধুনিক প্রযুক্তি, ইন্‌ফরমেশন টেক্‌নোলজির সাহায্য নিয়ে রাইটার্স বিল্ডিংসে রাখার চেষ্টা করছি। এর ফলে প্রশাসনিক কাজে আমাদের খুবই সুবিধা হবে। আমি আমার বাজেট ভাষণের মধ্যে আর একটা প্রস্তাব রেখেছি—আমার ক্ষুদ্র অভিজ্ঞতার মধ্যেই আমার মনে হয়েছে আমাদের

*কিছু প্রশাসনিক রিফর্মস করার প্রয়োজন আছে। এখানে উল্লেখ করা হয়েছে, আমাদের অনেক ক্ষেত্রে কো-অর্ডিনেশনের অভাব আছে। সেটা নিশ্চয়ই আমাদের উন্নতি করতে হবে। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, আমাদের ডিপার্টমেন্টের সমস্ত কাজ আমাদের নিজস্ব প্রযুক্তিবিদদের দিয়েই শুধু কার্যকর করা হয় না।* আমরা অনেক ক্ষেত্রেই কনট্রাক্টরদের ওপর নির্ভরশীল। অনেক কাজেই কনট্রাক্টরদের মাধ্যমে হয়ে থাকে। সুতরাং তাদের সাফল্য ও ব্যর্থতা আমাদের ওপরে বর্তায়। এ বিষয়ে আমি আপনাদের আশ্বস্ত করতে চাই যে, কনট্রাকটরদের কাজকর্ম যাতে আরো কিছুটা ভাল হতে পারে সেদিকে আমরা যথাসাধ্য নজর দিচ্ছি। এর জন্য আমরা কিছু উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করছি। রাস্তার মানের প্রসঙ্গটা এখানে উত্থাপিত হয়েছে। এ প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, কেবলমাত্র আধুনিক প্রযুক্তির সাহায্য নিলেই রাস্তার মানের উন্নতি ঘটবে না। কাজের দায়িত্বে যাঁরা থাকবেন তাঁদের কাজের প্রতি দায়বদ্ধতা থাকতে হবে। সুতরাং সকলকে দায়বদ্ধ করার দিকে আমরা বিশেষভাবে জোর দিচ্ছি। 'হাডকো' স্কিমে তিন বছরের গ্যারান্টির বিনিময় কাজ করানো হচ্ছে। অন্যান্য ক্ষেত্রেও আমরা দায়বদ্ধতার ভিত্তিতে কাজ করাবার চেষ্টা করব। মাননীয় সদস্যরা যে সাজেশনগুলি দিয়েছেন সেগুলি আমরা খতিয়ে দেখব। এখানে বিরোধী পক্ষের সদস্যরা যে কাট্ মোশানগুলি দিয়েছিলেন সেগুলি আজকে আর মুভ করা হয় নি। সুতরাং সেগুলি সম্বন্ধে আর কোনও প্রশ্নই উঠছে না। আমি আশা করব আপনারা সকলে আমার বাজেট প্রস্তাব গ্রহণ করবেন। আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 25**

**Mr. Speaker :** There are 12 cut motions on Demand No. 25 but none of them have been moved.

The motion of **Dr. Asim Dasgupta** that a sum of Rs. 591,32,30,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2059—Public Works, 2205—Art and Culture (Buildings), 2216—Housing (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public

Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Diary Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Exclusing Public Undertakings) (Buildings), 4425—Capital Outlay on Co-operation (Buildings) and 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 197,09,09,000 already voted on account in February, 2001)

was then put and agreed to

**Demand No. 79**

**Mr. Speaker :** There are 67 cut motions on Demand No. 79, but none of them have been moved.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 1129,53,67,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 376,51,22,000 already voted on account in February, 2001)

was then put and agreed to

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 51

**Mr. Speaker :** There are 24 cut motions given by Shri Tammnash Ghosh, Shri Ajit Bhunia, Shri Mostaque Alam, Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, Shri Saumen Kumar Mahapatra, Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Tanmoy Mondal, Shri Kashinath Mishra, Shri Sital Kumar Sardar, Shri Jyotipriya Mallick and Shri Nirmal Ghosh. But they are not present in the House. So, the cut motions are not moved.

[3-00 — 3-10 p.m.]

**শ্রী যজ্ঞেশ্বর দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মৎস্যমন্ত্রী ২০০১-২০০২ সালের ১০৫ কোটি ৯৩ লক্ষ ৮৪ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং সেই সঙ্গে সঙ্গে এই মৎস্য বিভাগ পশ্চিমবাংলার মানুষের মাছের যে চাহিদা সেই চাহিদা পূরণের জন্য যে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

আমরা জানি যে, বামফ্রন্ট সরকার একটা নির্দিষ্ট নীতি নিয়ে এবং সেই নীতির সুষ্ঠু রূপায়নের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় মাছের উৎপাদন বৃদ্ধি করেছেন। এর ফলে আমরা দেখেছি, মৎস্য উৎপাদনে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে পর পর দশ বার প্রথম স্থান অধিকার করতে সক্ষম হয়েছে। পরিসংখ্যানে দেখা যাচ্ছে, '৮৪/৮৫ সালে যেখানে মাছের উৎপাদন পশ্চিমবঙ্গে ছিল ৪ লক্ষ টন ২০০০-২০০১ সালে তা বেড়ে হয়েছে ১০.৬০ লক্ষ টন, যদিও আমাদের চাহিদার পরিমান হচ্ছে ১১ লক্ষ টনেরও বেশি। আমরা এগিয়ে যাচ্ছি আমাদের লক্ষ্যমাত্রা পূরণ করার দিকে। এই লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য এফ. এফ. ডি. এ. এবং এন. সি. ডি. সি'র মাধ্যমে বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। বিভিন্ন খাল, বিল সংস্কার করে, নদী থেকে মাছ সংগ্রহের পরিমান বৃদ্ধি করে, চিংড়ি মাছের চাষের উৎপাদন বৃদ্ধি করে এবং আরো বিভিন্ন পন্থাকে কাজে লাগিয়ে আমরা মাছের উৎপাদনে একটা রেকর্ড স্থাপন করতে পেরেছি। বিশেষ বিশেষ পদ্ধতি অবলম্বন করে মাছের উৎপাদনকে আমরা একটা বিশেষ জায়গায় নিয়ে যেতে পেরেছি। মাছ চাষ আজকে গরিব মানুষদের আয়ের অন্যতম একটা উৎস হয়ে দাঁড়িয়েছে। নতুন নতুন জলাশয়কে

মাছ চাষের আওতায় আনা হয়েছে। উন্নত ধরণের মাছ চাষের জন্য প্রশিক্ষণ দেওয়া হয়েছে। গরিব মৎস্য চাষী এবং মৎস্য সমবায় সমিতিগুলিকে সহজ শর্তে ঋণ দেওয়ার ব্যবস্থা হয়েছে। সঙ্গে সঙ্গে মাছ চাষের পরিকাঠামো উন্নয়নের কর্মসূচি রূপায়ন করা হয়েছে। তার ফলে মাছের উৎপাদন বেড়েছে এবং গ্রামের মানুষের কাছে মাছ চাষ জনপ্রিয় এবং আকর্ষণীয় হয়ে উঠেছে। কারণ এটা তাদের আয়ের অন্যতম একটা উৎস। মাছ চাষের উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে তার রপ্তানিও বেড়েছে। ১৯৯৯-২০০০ সালে মাছ রপ্তানি করেছে এ রাজ্য ১৪,৬৯১ মেট্রিক টনস, যার অর্থমূল্য হচ্ছে ৪৯৮.১২ কোটি টাকা। আপনারা সকলেই জানেন যে রাজ্যের পুকুর, নদী, নালা থেকে মাছের উৎপাদন হয়েছে ৯৮-৯৯ সালে ৮.২৪ লক্ষ টন, ৯৯-২০০০ সালে ৮.৫৭ লক্ষ টন ২০০০-২০০১ সালে ৯.০৬ লক্ষ টন এটা পৌঁছাবে বলে আশা করা যায়। রাজ্যে সমুদ্র থেকে মাছ চাষ হয়েছে ৯৮-৯৯ সালে ১.৭১ লক্ষ টন, ৯৯-২০০০ সালে ১.৮৮ লক্ষ টন এবং ২০০০-২০০১ সালে সেটা ১.৯৪ লক্ষ টন হবে বলে আশা করা যায়। তারপর নোনা জলে চিংড়ি চাষের উৎপাদন—৯৮-৯৯ সালে ৪০ হাজার টন, ৯৯-২০০০ সালে ৪২ হাজার টন এবং ২০০০-২০০১ সালে সেটা ৪৪ হাজার টন হবে বলে আশা করা যায়। মাছ চাষের অগ্রগতির ক্ষেত্রে এফ. এফ. ডি. এ-এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা লক্ষ করেছি, চালু ও নতুন জলাতে মাছ চাষের জন্য বৈজ্ঞানিক প্রথায় নতুন ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ চালু ও নতুন জলাতে বৈজ্ঞানিক প্রথাতে মাছ চাষ ও পুকুর উন্নয়ন কর্মসূচি নেওয়া হয়েছে এফ. এফ. ডি. এ.-র কর্মসূচির মাধ্যমে। এতে ১ লক্ষ ৭ হাজার ৮১৪.২৮ হেক্টর জলাতে বৈজ্ঞানিক প্রথাতে মাছ চাষ করা হচ্ছে। শুধু সমতল এলাকা নয়, দার্জিলিং পার্বত্য এলাকায় আমরা দেখছি ঝোরার জল আটকে রেখে ঝোরা ফিশারিশের মাধ্যমে উন্নত ধরনের মৎস্য চাষ পদ্ধতি চালু করা হয়েছে। ৯৯-২০০০ সাল পর্য্যন্ত ১৪০ বর্গ কিলোমিটার মাপের ২৯৮৩ টি ঝোরা ফিশারিশ স্থাপিত হয়েছে। এর ফলে ৮০-৮১ সালে যেখানে মাছের উৎপাদন ছিল হেক্টর প্রতি ৬০০ কিলোগ্রাম, সেখানে ৯৯-২০০০ সালে সেটা বেড়ে হয়েছে ৩৫৮০ কিলোগ্রাম থেকে ৪০০০ কিলোগ্রাম। এফ. এফ. ডি. এ. বিশাল ভূমিকা পালন করছে মাছ উৎপাদনে। তারপর এন. সি. ডি. সি'র সহায়তায় বিলগুলি সংস্কার করা হয়েছে এবং মৎস্য সমবায় গঠন করা হয়েছে। ৫,৩৮৭ হেক্টর বিল সংস্কার করা হয়েছে অনুদানের মাধ্যমে। সামাজিক মৎস্য চাষ প্রকল্পের মাধ্যমে বিভিন্ন সংস্থার মালিকানাধীন পুকুর মাছ চাষীদের দেওয়া হয়েছে সমবায় প্রথায় মাছ চাষের জন্য। তার ফলে গরিব মানুষরা উপকৃত হয়েছেন। তারপর

**শহরাঞ্চলে পুরসভাগুলির নিকাশি জল পরিশোধন করে মাছ চাষ করা হয়েছে এবং এতে ৯৯-২০০০ সালে মাছ উৎপাদন হয়েছে ২১ হাজার মেট্রিক টনস। এর ফলে বাজারের চাহিদা পূরণ করতে অনেকটা সাহায্য হয়েছে।**

এছাড়া পশ্চিমবঙ্গে নোনা জলাশয় বিশাল। এই নোনাজলে মাছ চাষের কথা মাথায় রেখে বি. এফ. ডি. এ. গঠিত হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী কাজ চলছে। সামুদ্রিক মৎস্য সংগ্রহের ক্ষেত্রে বর্তমানে আধুনিক যন্ত্রচালিত নৌকা ব্যবহার করার ফলে সংগ্রহ বেড়েছে। তার জন্য এন. সি. ডি. সি. গঠিত হয়েছে। তার সহায়তায় ৩,৭৬২টি যন্ত্রচালিত নৌকা গভীর সমুদ্রে মাছ ধরতে যাচ্ছে। তার ফলে বহু মানুষের কর্মসংস্থান হয়েছে, বিশেষ করে সুন্দরবন ও মেদিনীপুরের বিশেষ অংশে। নদীবহুল এলাকাতে মীন ধরে সুন্দরবনের ১০ হাজর মানুষের কর্মসংস্থান হয়েছে। এছাড়া এই দপ্তর অনেকগুলো মৎস্য-বন্দর স্থাপন করেছেন সমুদ্রের মাছ সংগ্রহের জন্য। তার সঙ্গে ৭টি নৌকা তৈরির কারখান, ৭টি জাল তৈরি এবং সারাই কারখানা, বরফকল, হিমঘর, শেড, সেতু প্রভৃতি করা হয়েছে। এছাড়া আদর্শ গ্রাম প্রতিষ্ঠিত করা হয়েছে, মৎস্যজীবীদের জন্য বীমা প্রকল্প চালু করা হয়েছে। তার ফলে মানুষ মাছ চাষের প্রতি আগ্রহান্বিত হয়েছেন এবং ২০০০ সাল পর্যন্ত অসংখ্য মৎস্যচাষী নোনা জলে মৎস্যচাষের প্রশিক্ষণ পেয়েছেন, ২ লক্ষ ১০ হাজার জন এই প্রশিক্ষণ পেয়েছেন। এছাড়া ১০ হাজার ৮০০ জন মহিলাও এই প্রশিক্ষণ পেয়েছেন। তার ফলে মৎস্য চাষ পরিকল্পনা একেবারে নিচু স্তর পর্যন্ত পৌঁছেছে। তাছাড়া মাধ্যমিকে মৎস্য চাষ পড়ানো হচ্ছে এবং তার ফলে মানুষ উন্নত পথে মৎস্য চাষ শুরু করেছেন। কিন্তু উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি, কেন্দ্রের বিজেপি—তৃণমূল সরকারের উদার নীতির ফলে আমাদের চাষীরা গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে আক্রান্ত হচ্ছেন বিদেশী ট্রলারের হাতে। তাঁরা বিদেশীদের লিজ দিয়েছে এবং তারা গভীর সমুদ্রের সমস্ত মাছ তুলে নিয়ে যাচ্ছে, প্রায়ই তারা বেআইনিভাবে আমাদের সমুদ্র উপকূলে হানা দিচ্ছে এবং স্যাটেলাইটের সাহায্যে উপকূলের মাছ ধরে নিয়ে যাচ্ছে, জাল কেটে নষ্ট করছে, মাঝে মধ্যে আমাদের ট্রলার লুট করছে, সমুদ্র উপকূলের মা-চিংড়ি ধরে নিয়ে পালাচ্ছে। তার ফলে মীন কমে যাচ্ছে। তারা চিংড়ি মাছ নিয়ে বাদ বাকি অসংখ্য সামুদ্রিক মাছ মেনে জলে ফেলে দিচ্ছে। কেন্দ্রীয় সরকার অসংখ্য মৎস্যজীবীদের স্বার্থ না দেখে বিদেশি মালিকদের স্বার্থ দেখছে। তার জন্য আমরা দিল্লির সরকারের কাছে দাবি করছি, অবিলম্বে বিদেশীদের দেওয়া লিজ বাতিল করুন। আমরা দেখেছি, গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে আমাদের

মৎস্যচাষীরা জলদস্যুদের হাতে আক্রান্ত হয়। যদিও আমাদের মৎস্য দপ্তর এবং রাজ্য সরকার উদ্যোগ নিয়ে দস্যুতা প্রতিরোধের ব্যবস্থা করেছেন, তবুও আমরা দাবি করেছিলাম ওয়ারলেস সেটসহ ভাসমান থানা করবার জন্য। এছাড়া আমি আমার এলাকায় আরো মৎস্য বন্দর তৈরির দাবি করেছি। সেখানকার রামনগর, কিশোরীনগরে মৎস্য বন্দরের প্রয়োজন রয়েছে এবং সেই সুযোগও সেখানে রয়েছে। আমি লক্ষ্য করেছি, নদীতে মীন ধরতে গিয়ে অনেকে কুমীর দ্বারা আক্রান্ত হচ্ছে। কাজেই এদিকে নজর দেওয়া দরকার। তবে আমি মনে করি, এই দপ্তর গরিব মানুষের স্বার্থে, তাদের কর্মসংস্থানের উদ্দেশ্য নিয়ে যে কাজ করছেন তাতে অসংখ্য মানুষ উপকৃত হবেন। তার জন্য এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী জানে আলম মিঞা ঃ** মাননীয় মৎস্যমন্ত্রী ২০০১-২০০২ সালের আর্থিক বছরের জন্য যে দাবি সভায় পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে এই বাজেটের সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। সর্বপ্রথম আমি তাঁকে অভিনন্দন দিতে চাই এই জন্য, সকালে প্রশ্ন উত্তর পর্বে আমি একটা প্রশ্ন করেছিলাম এবং তিনি তার উত্তর দিয়েছিলেন। তাতে আমি খুব আনন্দিত যে তিনি সেই এলাকা সম্পর্কে সচেতন এবং এলাকার উন্নয়নের জন্য নজর রেখেছেন। আমাদের একটা প্রবাদ রয়েছে, মাছে ভাতে বাঙালি। ১৯৭৭ সালের পর থেকে এই প্রবাদ বাস্তবায়িত হয়েছে। আজকে এখানে কংগ্রেস উপস্থিত নেই। ১৯৭৭ সালের আগে আন্তঃরাজ্য কর্ডনিং ব্যবস্থা ছিল। যারা মানুষের ভাতের ব্যবস্থা করতে পারে না তারা মাছের ব্যবস্থা কি ভাবে করবে? সেটা আমাদের জানা ছিল। সেই জন্য আজকে তাঁরা এখানে উপস্থিত নেই। তাঁদের এটা জানা উচিত যে গতবারে যে প্রলয়ংকারী বন্যা হয়েছিল তাতে ৯টি জেলার বিস্তীর্ণ এলাকা ডুবে যায়। ডুবে যাওয়ার ফলে ঘর বাড়ি গবাদি পশু মানুষের প্রাণ থেকে শুরু করে হাজার হাজার একর জলাশয় ভেসে যায় এবং সেখানে যে মাছ ছিল সেই মাছ নষ্ট হয়ে যায়, বন্যার জলে পালিয়ে যায়। তার ফলে চাষীদের যে প্রভূত ক্ষতি হয় সেই ক্ষতিপূরণের ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করেন নি। আপনারা জানেন সেই কারণে গত বছরের যে মাছের উৎপাদন সেই উৎপাদন আমাদের রাজ্যে কম হয়েছে। রাজ্যের মৎস্যমন্ত্রী এবং পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টায় আবার সেই সব পুকুরগুলোতে মাছ ছাড়ার ব্যবস্থা করে মাছের ভাল উৎপাদনের ব্যবস্থা আনা হয়েছে। আমি বলতে চাই মৎস্য

উৎপাদনে পশ্চিমবাংলা সারা ভারতবর্ষের মধ্যে প্রথম এবং প্রধান জায়গায় রয়েছে। পশ্চিমবাংলার মানুষকে এই বামফ্রন্ট সরকার একটা সম্মান জনক অবস্থা এনে দিয়েছে। শুধু একবার নয়, দশবার এই সম্মান মাছের ক্ষেত্রে এনে দিয়েছে। শুধু মাছ উৎপাদনের ক্ষেত্রে নয় মাছের ডিম, চারা পোনার ক্ষেত্রে একটা সম্মান জনক জায়গায় নিয়ে গিয়েছে। আমাদের রাজ্যে প্রতিদিন যে মাছের প্রয়োজন সেই প্রয়োজনের জন্য আমি মনে করি এলাকা ভিত্তিক একটা উৎপাদনের প্রচেষ্টা করা প্রয়োজন। এলাকা ভিত্তিক যদি মাছের উৎপাদন হয় তাহলে মাছের দাম অনেক অংশে কমবে। আমি এর সঙ্গে দু-একটা প্রস্তাব রাখছি। আমাদের সারা পশ্চিমবাংলায় যে পুকুর আছে জলাশয় আছে ব্যক্তিগত মালিকানাধীন বেশির ভাগ পুকুরগুলিতে চাষ হয় না। সেই পুকুরগুলিকে অধিগ্রহন করে মৎস্যজীবী বেকার ছেলেদের লোন দিয়ে যদি তাদের মাছ চাষ করতে দেওয়ার সুযোগ করে দেওয়া যায় তাহলে বেকার ছেলেদের যে সমস্যা অনেকাংশে মিটবে। এই কথা বলে পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০০১-২০০২ সালের জন্য মৎস্য দপ্তরের জন্য ১০৫ কোটি ৯৩ লক্ষ ৮৪ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপিত হয়েছে, সেই দাবি মঞ্জুরির জন্য আজকের এই বাজেটে আমি সভায় কয়েকটি বক্তব্য রাখছি। দুর্ভাগ্যের বিষয়, বিরোধী দলের সদস্যরা যাঁরা ২১টি কাট মোশন দিয়েছিলেন, তাঁরা কেউই এই সভায় হাজির নেই। এক মাসের কিছু দিন আগে আমাদের বিধানসভার নির্বাচন হয়। পঞ্চমবারের জন্য যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছিল, আমাদের সরকারের যে সাফল্যগুলি ছিল, যে সাফল্যগুলিকে নিয়ে আমরা নির্বাচনে অংশগ্রহণ করেছিলাম, তার মধ্যে মৎস্য দপ্তরের সাফল্য ছিল অন্যতম। সেই সাফল্যের ভিত্তিতে আমরা ষষ্ঠবারের জন্য আবার বামফ্রন্ট সরকার তৈরি করেছি। মানুষ আমাদের সমর্থন করেছেন। আমরা একটা ইতিহাস তৈরি করেছি। আমরা এইকথা কখনও বলি না যে, যা কিছু করার আছে সবকিছু আমরা সমাপ্ত করতে পেরেছি। উন্নয়ন বা সাফল্য যাই বলুন, এর আরম্ভ আছে, কিন্তু তার শেষ কোথায় তা আমার জানা নেই। আমাদের উৎপাদনের লক্ষ্যমাত্রাকে কতদূর নিয়ে যেতে পারব, কতটা নিয়ে যাওয়া উচিত, তার কোনও বৈজ্ঞানিক সীমারেখা জানা নেই। যে দেশে উৎপাদনকে সাংঘাতিক জায়গায় নিয়ে যাওয়া হয়েছিল, তারা সেখানে চেষ্টা করছে কতটা নামিয়ে আনা যায়, যাতে পরিবেশের ভারসাম্য বজায় থাকে। আবার যাদের উৎপাদন কম আছে, তারা চিন্তা

করছে কিভাবে উৎপাদনকে বাড়াতে পারে। অনেকের ধারণা আছে—মাঝে মাঝে আমরা সংবাদপত্রে দেখছি পশ্চিমবাংলায় আমাদের নাকি প্রচুর জলাশয় আছে, সারা ভারতবর্ষে অন্যান্য রাজ্যের তুলনায়! মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় মৎস্যভুক মানুষের সংখ্যা সবচেয়ে বেশি, চাহিদা এবং যোগান সারা ভারতবর্ষের মধ্যে আর কোনও রাজ্যে এত নেই যা আমাদের পশ্চিমবাংলায় আছে। কিন্তু মাছ উৎপাদনের ক্ষেত্র হচ্ছে জলাশয়। উৎপাদনের ক্ষেত্রে বিজ্ঞান এমন কোনও পদ্ধতি আবিস্কার করতে পারেনি, জলাশয়কে বাদ দিয়ে কোনও যান্ত্রিক পদ্ধতিতে মাছ উৎপাদন করা যায়। সেই জলাশয়গুলি ভারতবর্ষের মধ্যে বড় বা মাঝারি রাজ্যে যে জলাশয়গুলি আছে, তাদের মধ্যে পশ্চিমবঙ্গে সবচেয়ে কম। এটা হয়তো অনেকে জানেন না। আমি কেন্দ্রীয় সরকারের একটি তথ্য দিয়ে বলছি, আমাদের দেশে অন্তর্দেশিয় জলাশয় ৫৬ লক্ষ ৮৯ হাজার হেক্টর। তার মধ্যে পশ্চিমবাংলায় আছে ৩ লক্ষ ২৫ হাজার হেক্টর। অর্থাৎ সারা ভারতবর্ষে অন্তর্দেশিয় যে জলাশয় আছে, তার মাত্র পাঁচভাগ আছে এই পশ্চিমবাংলায়। জলাশয়ের ক্ষেত্রে এমনকি আমাদের পার্শ্ববর্তী রাজ্য ওড়িশায় তাদের জলাশয় আমাদের চাইতে বেশি। উৎপাদনের ক্ষেত্রে গোটা ভারতবর্ষে যা উৎপাদন হয়, পশ্চিমবাংলায় যা উৎপাদন হয়, এটাতো কেন্দ্রীয় সরকারের তথ্য, তাতে বলা হয়েছে, কেবলমাত্র ৩৩ ভাগ হয় পশ্চিমবাংলা থেকে। আর সারা ভারতবর্ষে যা জলাশয় আছে, তার পাঁচভাগ মাত্র আমাদের আছে। আমাদের সাফল্য এখানেই। শুধুমাত্র তাই নয়, আমাদের বড় বড় বিল, বাওড়, জলাশয় আছে, যেখানে সারা ভারতবর্ষে উৎপাদন প্রতি হেক্টরে একশো কেজি. দুশো কেজি., সেখানে পশ্চিমবাংলায় উৎপাদন হচ্ছে এক হাজার কেজি. থেকে বারশ কেজি.। আমাদের যে রিজার্ভার আছে—কংসাবতী এবং ময়ূরাক্ষী আছে—কংসাবতীতে সেখানে সমবায় উন্নয়ন নিগম তৈরি করে তার মাধ্যমে আমরা মাছ চাষ করছি। অন্য জায়গায় যে রিজার্ভার আছে, যেখানে প্রতি হেক্টরে উৎপাদন হয় ৪০ কেজি. থেকে ৫০ কেজি.।

[3-20 — 3-30 p.m.]

এখানে আমাদের রাজ্যে এই রেকর্ড উৎপাদন—৫০০/৬০০ কে. জি পার প্রতি হেক্টরে। সেখানে আমাদের গোটা দেশের সমস্ত রাজ্য মিলিয়ে হচ্ছে ৫০০/৬০০ কে. জি. প্রতি হেক্টরে। সেখানে আমাদের রাজ্যে ৩ হাজার থেকে ৪ হাজার কে. জি. হয়। কেন্দ্রীয় সরকারের একটি সমীক্ষক দল আমাদের রাজ্যে পরিদর্শনে আসেন কারণ আমরা কিভাবে উৎপাদন করছি এবং কিভাবে উৎপাদকের লক্ষ্যমাত্রায় পৌঁছাচ্ছি

দেখার জন্যে। তাঁরা নিজের মতো করে কয়েকটি জেলা বেছে নিয়ে সেখানে পরিদর্শন চালায়। তাঁদের সেই পরিদর্শনের পরে যে মন্তব্য করেন যে, আমরা যে উৎপাদন দেখিয়েছি প্রতি হেক্টরে এফ এফ ডি এর মাধ্যমে এবং ব্যাংক ঋণকে যুক্ত করেছি এবং সেখানে যে উৎপাদন দেখিয়েছি তাঁদের বক্তব্য অনুসারে যে, আমাদের যে উৎপাদন হচ্ছে তার থেকে আমরা কম করে দেখিয়েছি। তাঁদের প্রশ্ন আমরা কম করে কেন দেখিয়েছি। আমরা তাদের বলেছিলাম যে, আমাদের অতো টাকা নেই কারণ রাজ্য সরকারের যে টাকার দরকার বাজেটের থেকে সেই টাকা উঠে আসতে পারে না। কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা সেগুলো কাজে লাগাতে গেলে আমাদের যে এফ এফ ডি এর লক্ষ্যমাত্রা, যা আমরা অতিক্রম করে যাই, সেটা যদি দেখাই তাহলে ওরা অর্থাৎ কেন্দ্রীয় সরকার আর অনুদান বা বরাদ্দ দেবে না। ওই টাকা না পেলে আমাদের মৎস্যচাষীদের অসুবিধায় পড়তে হবে। সুতরাং একটা প্রশ্ন থেকে গেছে—এতো উৎপাদন হওয়া সত্ত্বেও এবং সেখানে গড় উৎপাদন থেকে অনেক বেশি হওয়া সত্ত্বেও কেন ঘাটতি হচ্ছে—এক্ষেত্রে আগেও বলেছি, আবার বলছি আমাদের উৎপাদনের ক্ষেত্রে জলাশয় যেগুলো আছে সেগুলোর পরিমাণ দিনকে দিন কমে আসছে এটা আপনারা অবহিত আছেন। যতটা আমাদের চাহিদা তার থেকে কম, অনেক কম প্রায় ৮০ হাজার মেট্রিক টন ঘাটতি আছে। যার ফলে অন্য রাজ্যের থেকে মাছ আনতে হয়, বেশির ভাগ ক্ষেত্রে অন্ধ্রপ্রদেশ থেকে মাছ আনতে হয়। আমাদের কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা তাতে আমাদের রাজ্যে যেখানে ১০ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন মাছ উৎপাদিত হয় কিন্তু তা সত্ত্বে আমাদের অন্ধ্রপ্রদেশ থেকে মাছ আনতে হয়। অথচ অন্ধ্রপ্রদেশে মাত্র ২ লক্ষ মাছ উৎপাদিত হয়। আসলে ওখানে মিষ্টি জলের মাছ, ওই মাছ ওরা খায় না। ওই মিষ্টি জলের বড় মাছ পশ্চিমবঙ্গের মানুষ খেতে ভালবাসে। যেহেতু মাছ একটা পুষ্টিকর খাদ্য, সেই কারণে পশ্চিমবঙ্গের ওই মাছের চাহিদা আছে। আমাদের এখানে বড় মাছের চাষ হয় না। ফলে ওই ঘাটতিটা ওখান থেকে পূরণ হয়। বড় মাছ উৎপাদন করলে প্রোডাকটিভিটি বাড়ে না। অন্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে উৎপাদন এতো বেশি কারণ আমাদের এখানে বড় মাছের প্রোডাকটিভিটি বেশি নয়। পৃথিবীর সমস্ত উন্নয়নশীল দেশগুলোতে ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম মাছের চাষ হয়, বড় মাছের হয় না। আমি ভারতবর্ষের বাইরে অনেক দেশে ঘুরেছি। সেখানে মাছ ২০০-৩০০ গ্রামের হয়। সুতরাং মাছ ২০০-৩০০ গ্রামের না হলে প্রোডাকশন বাড়বে না। প্রোডাকশান বাড়াতে গেলে বড় মাছের উৎপাদন

বাড়ানোর দিকে জোর দেওয়া চলবে না। সেই জন্য আমরা ২০০-৩০০ গ্রামের মাছ চাষের দিকে জোর দিয়েছি। মাছ চাষের উৎপাদন বাড়াতে গেলে জলাশয়গুলিকে রক্ষা করতে হবে। এখন যেহেতু জলাশয়গুলো বন্ধ করার একটা প্রবণতা দেখা দিয়েছে সেটা বন্ধ করা দরকার। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে জলাশয়গুলো বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হচ্ছিল। তবে আমরা তার ব্যবস্থা নিয়েছি এবং সমস্ত মিউনিসিপ্যালিটি এবং সর্বত্র জলাশয় যাতে বন্ধ না হয় তার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি। আমরা স্পষ্টভাবে ঘোষণা করেছি এবং আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে জলাশয়গুলো বোজানো বন্ধ করতে হবে। এবং এর জন্য যদি কোনও প্রকল্প আসে তা যাতে অনুমোদন দেওয়া না হয় তারও নির্দেশ দেওয়া হয়েছে। ইতিমধ্যেই জলাশয় বোজানো বন্ধ করার জন্য যে সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে তাতে প্রত্যেকটি প্রকল্পের ক্ষেত্রে ওসব বন্ধ করার অনুমোদন বাতিল করে দেওয়া হয়েছে। আমরা দুটি কারণে জলাশয় রাখা দরকার মনে করি, পরিবেশ দূষণ বন্ধ রাখার জন্যে জলাশয় রাখার দরকার। আর দ্বিতীয়ত ইস্ট ক্যালকাটার জলাশয়ে দূষিত জলের মধ্যে মাছ চাষের মাধ্যমে প্রাকৃতিক নিয়মে সেই জল শোধিত হচ্ছে। এই ব্যাপারে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলোকে বলা হয়েছে জলাশয় যাতে বোজানো না হয় তার জন্য উদ্যোগ নেওয়ার। এই ব্যাপারে আমাদের কাছে খবর আসলেই শাস্তির ব্যবস্থা করছি যাতে কোনওভাবেই জলাশয় বন্ধ করতে না পারে।

ইতিমধ্যে আমরা জলাশয় বন্ধের জন্য যে সমস্ত অভিযোগ পেয়েছি তার মধ্যে কতকগুলিতে আমরা ব্যবস্থা নিচ্ছি। আমাদের দপ্তরে ১১৯টি অভিযোগ এসেছে, তার মধ্যে ১০৯টি অভিযোগের ব্যাপারে ব্যবস্থা নিয়েছি। ২৫টির ক্ষেত্রে এফ. আই. আর. হয়েছে, পুলিশ ব্যবস্থা নিয়েছে, ৪৭টি জায়গায় আমরা জলাশয় যারা বন্ধ করতে গিয়েছিল, সেখানে জলাশয় ভরাট বন্ধ করে দিয়েছি। এবং সেভাবে আমাদের আরো ১২টি জায়গায় এনকোয়ারি চলছে। ২১টি জায়গায় আমরা অফিসারদের পাঠিয়েছি সেই জায়গাগুলি তদন্ত করতে। বহু জায়গায় পুলিশ ইতিমধ্যে গ্রেপ্তারও করেছে। তাই আমি এই আইনটাকে আরো কঠোরভাবে প্রয়োগ করতে চাই। সেইজন্য মাননীয় বিধানসভার সদস্যদের অনুরোধ করব নিজের নিজের এলাকায় যদি কেউ জলাশয় বন্ধের ব্যাপারে উদ্যোগ নেন—তিনি প্রমোটার হন বা অন্য কোনও প্রকল্পের নামে হন, আমাদের সরকারের ঘোষিত নিয়ম যা ৫ কাঠার উপরে যদি কোনও জলাশয় থাকে যে জলাশয়ে ৬ মাস জল থাকে, সেই জলাশয় বন্ধের ব্যাপারে কোথাও কোনও রকম চেষ্টা হয়, আপনারা সর্বতোভাবে রুখে দাঁড়ান। যেখানে

জলাশয় বন্ধের উদ্যোগ যারা নেবেন তাদের বিরুদ্ধে পুলিশের কাছে এফ. আই. আর. করুন। আমাদের দপ্তরে জানান অথবা পরিবেশ দপ্তরে জানান, আমাদের সরকারের যে আইন আছে, সেই আইন অনুযায়ী ব্যবস্থা নেব। যাতে জলাশয় বন্ধ করার কোন প্রকল্প না হয় এবং জলাশয়কে রক্ষা করার জন্য আমাদের যে উদ্যোগ সেই উদ্যোগ সর্বতোভাবে যাতে আমরা কার্যকর করতে পারি তার জন্য আমাদের সমস্ত শ্রেণীর মানুষের সহায়তার প্রয়োজন আছে। বিধায়কদেরও সহায়তা ভীষণভাবে দরকার আছে। ইতিমধ্যে কলকাতা কর্পোরেশনকে আমি জানিয়েছিলাম আবারও জানাচ্ছি, কলকাতা কর্পোরেশন এলাকার মধ্যে যে সমস্ত জলাশয় আছে অথবা সংশ্লিষ্ট মিউনিসিপ্যালিটি এলাকায় যে সমস্ত জলাশয় আছে, সেই তালিকা তারা আমাদের কাছে পাঠিয়ে দিন, তার সঙ্গে সঙ্গে আমরা যেটা ঘোষণা করেছি যে আমরা এই সমস্ত ব্যবস্থার মধ্যে দিয়ে আরো বেশি করে কর্ম উদ্যোগ তৈরি করতে চাই। যে সমস্ত বেকার যুবক আছেন অথবা মৎস্যজীবি আছেন তাদের তালিকা আমাদের দিয়ে দিন, আমরা সেখানে ফিস প্রোডাকশন গ্রুপ অথবা সমবায় সমিতি তৈরি করে সেই জলাশয়ের অধিকার তাদেরকে দিয়ে দেব। এবং তাদেরকে প্রশিক্ষণ দেব। এবং মৎস্য চাষের জন্য যে মূলধন দরকার আছে সেই মূলধনও আমরা দেব। একদিকে যেমন জলাশয়কে আমরা রক্ষা করতে পারব, পাশাপাশি সেই জলাশয়কে আমরা উৎপাদনমুখী গড়ে তুলতে পারব। আর তার পাশাপাশি সেখানকার বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারব। আমরা এর আগেও কলকাতা কর্পোরেশনকে জানিয়েছি, আবার অনেক মিউনিসিপ্যালিটি এবং কলকাতা কর্পোরেশনের কাউন্সিলার আছেন তারা আমাদের সঙ্গে যোগাযোগ করেছিলেন তাদেরকে আমি বলেছি আপনারা যত সত্বর পারেন এই তালিকা পাঠিয়ে দিন। নতুবা কলকাতা কর্পোরেশন নতুবা মিউনিসিপ্যাল এলাকার মধ্যে এই জলাশয়গুলিকে রক্ষা করা যাবে না। আমি বিধায়কদের অবগতির জন্য জানাই বিশেষ করে যারা কলকাতা কর্পোরেশন বা মিউনিসিপ্যাল এলাকার মধ্যে থেকে নির্বাচিত হয়ে এসেছেন তারা যদি এই উদ্যোগ নেন তাহলে একদিকে আমরা জলাশয়কে বাঁচাতে পারব পাশাপাশি আমাদের সরকারের যে ঘোষিত নীতি সেখানকার বেকার যুবকদের মধ্যে সেখানকার সেলফ এমপ্লয়মেন্ট আজকে গড়ে তুলতে পারব। বিভিন্ন প্রকল্প আমরা গ্রহণ করেছি। একদিকে আমাদের মিষ্টি জলের মাছ চাষ, নোনা জলের মাছ চাষ, আমাদের ময়লা জলের মাছ চাষ, আমাদের পার্বত্য এলাকাতে সেখানে ঝোরা ফিশারিতে মাছ চাষ, যতগুলি মৎস্য চাষের ক্ষেত্র আছে, আমরা সেই সুযোগগুলি কাজে লাগাতে চাই। মাননীয় সদস্যরা জানেন, আমাদের যে সমস্ত বড় ব

জলাশয়গুলি আছে দীর্ঘদিন সংস্কারের অভাবে আজকে সেগুলি প্রায় নিমজ্জিত। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতাতে ঘোষণা করেছেন যে এই বছরে, ৫০ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে যাতে করে এই জলাশয়গুলিকে আমরা খনন করতে পারি। এটা শুধু মাছ চাষের জন্য নয়, আমরা মাল্টি পারপাস প্রজেক্ট হিসাবে এই সমস্ত ওয়াটার বডিজ্গুলি যেগুলিকে আমরা ওয়েট ল্যান্ড বলি সেগুলি কাজে লাগবে। একদিকে যেমন আমরা মাছ চাষ করব, পাশাপাশি আমরা জল সেচনের মাধ্যমে এক ফসল বা দুই ফসলের ব্যবস্থা করতে পারব। বন্যা নিয়ন্ত্রণের কাজে এই জলাশয়গুলি কাজে লাগবে। আমরা সেইজন্য আমাদের এই রাজ্যে যেখানে যেখানে এই ধরণের বড় বড় জলাশয় আছে, তা বিল হোক, বাউর হোক অথবা বড় বড় দীঘি হোক সেইগুলিকে যদি আমরা সংস্কার করতে পারি তাহলে আমাদের উৎপাদনটাকে আরো অনেক বাড়িয়ে নিয়ে যেতে পারব। সেইজন্য ৫০ কোটি টাকা মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বরাদ্দের মধ্যে যেটা ঘোষণা করেছেন আমরা চাইব গোটা পঃ বাংলায় সর্বতোভাবে সুষ্ঠ পরিকল্পনার মাধ্যমে পঞ্চয়েতের মাধ্যমে যাতে সেই টাকা সঠিকভাবে খরচ করে জলাশয়গুলিকে সংস্কার করে আমাদের এই জল সম্পদকে আরো বাড়িয়ে তুলতে পারি এবং তার সাথে সাথে এবারেও নীতি ঘোষিত হয়েছে যে আমাদের যেখানে এই সমস্ত জমিতে চাষ করে, সেই জমিতে চাযের জন্য, জমির একটা অংশ জলাশয়ে পরিণত করবে। ইতিমধ্যে মৎস্য দপ্তর থেকে আমরা পরিকল্পনা গ্রহণ করলাম যে কেউ যদি তার জমিতে নুতন করে পুকুর করতে চায় তাহলে পার হেক্টরে জলাশয়ে ২২ হাজার টাকা, আমাদের এফ. এফ. ডি. এ. থেকে অনুদান পাবেন সাবসিডি হিসাবে, আর বাকি টাকা ব্যাঙ্ক ঋণ হিসাবে পাবেন। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছিলাম আজ থেকে কয়েক বছর আগে সেটা অনুমোদিত হয়েছে। আজকে আমাদের সরকার যে নিয়ম নীতি গ্রহণ করেছে যে আমরা আরো জলাশয় তৈরি করব। তার পাশাপাশি আমাদের দাবি এই নূতন জলাশয় তৈরি করার জন্য আমাদের একটা অনুদানেরও ব্যবস্থা আছে। মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই, অর্থাৎ আমরা চাই আমাদের রাজ্যের এই সম্পদকে শুধুমাত্র তৈরি করা নয়, যথাযথ ভাবে ব্যবহারের মাধ্যমে আমাদের যে ঘাটতি আছে, সেই ঘাটতি পূরণ নয়, আরো বেশি উৎপাদন করে আমরা নিজেরা কিভাবে স্বয়ং সম্পূর্ণ হতে পারব সেই প্রচেষ্টাই আমরা চালাব। আপনারা তো দেখেছেন যে আমাদের কিছু এক্সপোর্ট হচ্ছে, অনেকে জানেন না যে একটা বিশাল সংখ্যক মাছ আমাদের রাজ্য থেকে বিদেশে বিভিন্ন জায়গায় রপ্তানি হয়।

[3-30 — 3-36 p.m.]

সেই রপ্তানিকৃত পরিমাণটা বেড়েছে, আমরা এই বছরে ৬৩০ কোটি টাকার মাছ পশ্চিমবাংলা থেকে বিদেশে রপ্তানি করেছি। গত বছরে যার পরিমাণ ছিল ৫০০ কোটি টাকার মতো। পাঁচ বছর আগে ১০০ কোটি টাকার রপ্তানি হত, সেই রপ্তানির ভ্যালু দাঁড়িয়েছে ৬৩০ কোটি টাকায়। আমরা এইভাবে বিভিন্ন রকম চেষ্টা করছি। যদি এই মৎস্য উৎপাদনের মাধ্যমে ব্যাপক সংখ্যক মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হয়, আজকে তো এটা ঠিকই এত অল্প মূলধনে এত মানুষের কর্মসংস্থান কোথাও হয় না। আমি এর আগেও বিধানসভায় বলেছিলাম আমরা ইতিমধ্যে চারটি মৎস্য বন্দর করেছি, পঞ্চম মৎস্য বন্দরের কাজ আমরা শুরু করেছি। প্রথম মৎস্য বন্দর ১৯৮৭ সালে ৩ কোটি টাকা খরচ করে শঙ্করপুরে করেছি, আজকে সেখানে দশ থেকে পনেরো হাজার মানুষের আট, নয় মাসের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। ছয় কোটি টাকা খরচ করে ফ্রেজারগঞ্জে মৎস্য বন্দর হয়েছে সেখানে দশ হাজার মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। আমরা পাঁচ কোটি টাকা খরচ করে ডায়মন্ডহারবারের সুলতানপুরে মৎস্য বন্দর গড়ে তুলেছি, সেখানে তিন হাজার মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। এত টাকা খরচ করে এত মানুষের কর্ম সংস্থান, যেখানে যেখানে পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে সুযোগ আছে, সেই সুযোগগুলো যদি আমরা কাজে লাগাতে পারি তাহলে আমাদের উৎপাদন আরও বাড়বে, আমাদের প্রোডাকশনের ভ্যালু বাড়বে। পাশাপাশি ব্যাপক কর্মসংস্থানের আমরা ব্যবস্থা করতে পারব। আমরা যাকে বলি জি. ডি. পি., আমাদের মৎস্য দপ্তরে আজকে চার বছরের মধ্যে সেটা ৩৭ পার্সেন্ট ইনক্রিজড্ হয়েছে। আমাদের প্রোডাকশন যেখানে নাইন পার্সেন্ট, সেখানে ভারতবর্ষের অ্যাভারেজ প্রোডাকশন হচ্ছে ফোর পারসেন্ট প্ল্যানিং কমিশন বলেছে কোনও রাজ্যের অ্যাভারেজ প্রোডাকশন যদি ফোর পারসেন্ট বাড়ে তাহলে সেটা সাংঘাতিক সাকসেস। নাইন পারসেন্ট প্রোডাকশন আমরা করতে পেরেছি। আমাদের রাজ্যে এখনো আমরা মনে করি না সাফল্যকে আমরা একটা জায়গায় পুরোপুরি আনতে পেরেছি। আমাদের আরও করতে হবে, আমাদের আরও প্রোডাকটিভিটি বাড়াতে হবে। যেখানে জলাশয়ের সুযোগ আছে সেখানে নতুন নতুন সম্পদ আমাদের তৈরি করতে হবে।

মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, সকলের সহযোগিতা নিয়ে, পঞ্চায়েতকে নিয়ে এই কাজটা আমাদের করতে হবে। তাহলে একদিকে ব্যাপক মানুষের কর্মসংস্থানের

সুযোগ আমরা গড়ে তুলতে পারব। মৎস্য চাষের মাধ্যমে এবং ন্যায়সঙ্গত কাজগুলির মাধ্যমে উৎপাদনটাকে আমরা বাড়িয়ে তুলতে পারব। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনা আগামী বছর থেকে শুরু হবে এবং নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার এটাই হচ্ছে শেষ বছর। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যদি আমরা পরিকল্পিতভাবে, সকলের সাহায্য নিয়ে এগোতে পারি এবং যে অর্থের প্রয়োজন আছে সেই অর্থ যদি যোগাড় করতে পারি তাহলে দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মাছের উৎপাদনের যে ঘাটতি আছে সেটা আমরা পূরণ করতে পারব, ব্যাপক মানুষের কর্মসংস্থান করতে পারব মাছ উৎপাদনের মধ্যে দিয়ে এবং এই পরিকাঠামোর মধ্যেই সেটা আমরা করতে পারব। শুধুমাত্র উৎপাদনই আমাদের লক্ষ্য নয়, কতগুলো কল্যাণমূলক প্রকল্পও রাজ্য সরকার হাতে নিয়েছে, যা ভারতবর্ষের কোনও রাজ্যে নেই। মৎস্যজীবি যারা সমুদ্রে মাছ ধরতে যান, যদি তিনি সমুদ্রে মাছ ধরতে গিয়ে মারা যান তাহলে তার পরিবারকে এককালীন পঞ্চাশ হাজার টাকা বীমা প্রকল্পের মাধ্যমে দেওয়া হবে, আর যদি সে আহত হয় তাহলে সে পঁচিশ হাজার টাকা পাবে। মৎস্যজীবিদের পুরো বীমার টাকাটা রাজ্য সরকার নিজে দিচ্ছে। যে মৎস্যজীবিরা সমুদ্রে মাছ ধরতে যান, যারা বছরে চার মাস কাজ পাননা তাদের সঞ্চয় বনাম ত্রাণ প্রকল্পের মাধ্যমে একটা টাকা দেওয়া হয় এবং ব্যাঙ্কে সেই টাকাটা থাকে এবং এককালীন তারা সেই টাকাটা পান। মৎস্যজীবি পরিবারগুলোর জন্য ষোলো হাজার বাড়ি আমরা তৈরি করেছি এবং মৎস্যজীবিদের গৃহনির্মাণের জন্য আমরা পরিকল্পনা গ্রহণ করেছি। তাদের জন্য আমরা কমিউনিটি হল তৈরি করে দিয়েছি, তাদের জন্য টিউবওয়েল-এর বন্দোবস্ত করে দিয়েছি। পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে আমরা জোর দিয়েছি এবং আমরা যে টাকা খরচ করি তার অধিকাংশ টাকাই আমরা জেলা পরিষদগুলোকে দিয়েছি যাতে দ্রুতগতিতে আমরা কাজটা করতে পারি। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, এ ছাড়াও আরও অনেক পরিকল্পনা আমার বাজেট বক্তৃতায় আমি উপস্থাপিত করেছি। আপনারা নিজ নিজ এলাকায়, আমাদের পরিকল্পনা মতো যে যে কাজ করা সম্ভব তা আমাদের কাছে রাখবেন, আপনাদের পরামর্শে সেই কাজগুলো করে তার সুফল মানুষের কাছে পৌঁছে দিতে চাই। এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে আপনারা সকলে সমর্থন করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 51

**Mr. Speaker :** There were twenty-four cut motions to Demand No. 51. However, non of these cut motions has been moved.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 105,93,84,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2405-Fisheries, 4405-Capital Outlay on Fisheries and 6405-Loans for Fisheries" during the year 2001-2002."

(This is inclusive of a total sum of Rs. 35,31,28,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 3-36 p.m. till 11-00 a.m. Monday, the 2nd July, 2001 at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 2nd July, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 05 Ministers of State and 140, Members.

[11-00 — 11.10 a.m.]

## HELD OVER STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### মদের লাইসেন্স

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২২১) **শ্রী আব্দুল মান্নান ঃ** আবগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন এলাকায় নতুন করে মদের লাইসেন্স দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কতগুলি স্থানে উক্ত লাইসেন্স দেওয়া হতে পারে?

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২৫৩ টি স্থানে।

**শ্রী আবদুল মান্নান ঃ** স্যার মাননীয় মন্ত্রী বলেছেন যে, ২৫৩ টারও বেশি নতুন মদের লাইসেন্স দেবেন। তার মধ্যে দেশি কতটা, বিদেশি কতটা, পদ্ধতি কি?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** ২৫৩টার মধ্যে ১৩২টা হচ্ছে দেশি এবং ১২১ টা হচ্ছে বিদেশি অফ। এর প্রক্রিয়া শুরু হয়েছে। পদ্ধতি হচ্ছে উভয় ক্ষেত্রে আমাদের জেলা শাসক ডিস্ট্রিকট্ কালেটার প্রাথমিকভাবে সব জেলার ডিস্ট্রিক্ট কালেক্টার কিছু স্থান নির্বাচন করেন মানুষের চাহিদা বা কিভাবে কোথায় ইলিসিট বিক্রি হচ্ছে এই

সমস্ত দেখে। প্রাথমিক স্থান সুনির্দিষ্ট করে জেলা একসাইজ দপ্তরে অফিস আছে সেখানে নোটিশ বোর্ড টাঙিয়ে দেওয়া হয় এবং সংশ্লিষ্ট এলাকার বিধায়ক, সভাধিপতি কিম্বা মিউনিসিপ্যালিটির, চেয়ারম্যান এদের কাছে জানতে চাওয়া হয় যে এই স্থানটা সম্পর্কে কোনও অভিযোগ তাদের আছে কিনা। সেটা পাওয়ার পর তখন প্রাথমিক তালিকাটা পাওয়ার পর আবার একটা সংশোধন ও পরিবর্তন করতে পারেন।

সংশোধন, পরিবর্তন করে প্রাথমিক তালিকা চূড়ান্ত করে সেটা পাঠাবেন একসাইজ কমিশনারের কাছে। একসাইজ কমিশনার সেটা পর্যালোচনা করে সেটা ডিপার্টমেন্টকে পাঠাবেন। এবার ডিপার্টমেন্ট সমস্ত কাগজ দেখে স্থানটাকে অনুমোদন করলে খবরের কাগজে সেই স্থানটিকে ভিজিনিটি এলাকা বলে দেওয়া হবে এবং সেটা সুনির্দিষ্ট করে খবরের কাগজে বিজ্ঞাপন দেওয়া হবে, বিজ্ঞাপন দেওয়া হলে যারা আবেদন করবে তার জন্য নির্দিষ্ট ফর্ম আছে। ডকুমেন্টস দিয়ে আবেদন করতে হয়। তারপর সেই আবেদন পত্র বাছাই করা হয়। যে সমস্ত কাগজপত্র অসম্পূর্ণ থাকে সেগুলোকে বাতিল করা হয়। বাকী যে গুলো থাকে সেই সমস্ত নামের তালিকা ডাইরেকটর অব স্টেট লটারিজের কাছে পাঠিয়ে দেওয়া হয়। ডাইরেকটর অব স্টেট লটারিজের মাধ্যমে ফাস্ট, সেকেন্ড, থার্ড এই তিনজনের একটা প্যানেল তৈরি করা হয়। প্যানেল তৈরি হলে সেটা ডিস্ট্রিক্ট কালেক্টরের কাছে পাঠিয়ে দেওয়া হয়। সুনির্দিষ্ট লোকেশন, ফিনানসিয়াল ভায়েবিলিটি, তারপর বাড়ির অন্য কোনও লোকজন এটা করে কিনা এটা পাওয়ার পর আবেদনকারীর বয়স ২১ বছরের কম হলে চলবে না। সেটা ঠিক কিনা তার অ্যানটিসিডেন্ট কি যাচাই করে চূড়ান্ত করা হয়।

**শ্রী আবদুল মান্নান ঃ** আমি জিজ্ঞাসা করতে চাই যে ইতিমধ্যে কিছু মদের লাইসেন্স দেওয়া হয়েছে বিদেশি মদ। আমাদের রাজ্যে লাইসেন্স প্রাপ্ত মদের দোকানের সংখ্যা অনেক বেশি সেখানে এই যে ঢালাওভাবে আড়াইশো মদের লাইসেন্স দিতে যাচ্ছেন কিসের ভিত্তিতে? ঢালাওভাবে মদের লাইসেন্স দিতে যাচ্ছেন, রাজ্যসরকার কি বিবেচনা করছেন? মদ্যপান নিষিদ্ধ করার জন্য রাজ্যসরকার কি কোনও পরিকল্পনা নিয়েছেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** ইতিমধ্যেই লাইসেন্স দেওয়া হয়েছে এটা ঘটনা নয়। বস্তুত গত ১৩ বছর ধরে রাজ্যসরকার কোনও লাইসেন্স দেয় নি এবং লাইসেন্স পলিসি কি হবে তাকে কেন্দ্র করে প্রফেসর পি.এল.রায় একটা কমিটি সরকার গঠন করেছিলেন। তিনি আমাদের রাজ্যসরকারের রাজ্য পরিকল্পনা কমিশনের সদস্য ছিলেন,

কলকাতা ইউনিভারসিটির প্রোভাইস চ্যান্সেলার ছিলেন। ৯০ সালে তিনি রিপোর্ট দাখিল করেন এবং কনজাম্পশন গ্রোথ হচ্ছে, পিপলস নিড কিভাবে ঘটছে সব কিছু দেখে সুপারিশ করেছেন প্রতি তিন বছর অন্তর একজিসটিং লাইসেন্স ১০ পারসেন্ট ইনক্রিজ করা যেতে পারে। এই সাজেসন, রেকমেন্ডেশন ৯০ সালে পাওয়া সত্ত্বেও আজ পর্যন্ত কোনও নতুন লাইসেন্স দেওয়া হয় নি। ২৫৩টা দেওয়ার ক্ষেত্রে প্রক্রিয়া শুরু হয়েছে। তার মধ্যে ৫০ শতাংশ বেকার ছেলেদের জন্য ব্যাবস্থা করা হচ্ছে।

(নয়েজ)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, আপনি নিশ্চয়ই অস্বীকার করবেন না যে আজকে আমাদের দেশে সংস্কৃতির অবক্ষয় ঘটছে। ড্রাগ অ্যাডিকশন, ব্লু ফিল্ম নানা দিক থেকে অপসংস্কৃতির জোয়ার বইছে এবং আমাদের যুবসমাজকে আকৃষ্ট করতে চাইছে। এইরকম অবস্থায় দেশে মাদক দ্রব্য বর্জনের আন্দোলন করেছিলেন চিত্তরঞ্জন দাশ। সেখানে সরকার প্রগতির কথা বলছেন আর এই যে মদের দোকানের লাইসেন্স বাড়িয়ে যাচ্ছেন এতে কি সংস্কৃতির অবনমন ঘটছে না?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় সদস্য যে কথা বললেন, অবক্ষয় ঘটছে ঠিকই তার পিছনে কিন্তু শুধু এটাই নয়, রাজ্যসরকার সেই ব্যাপারে সম্পূর্ণ অবহিত আছেন। যাতে আমাদের দেশের তরুন তরুনীরা এতে আকৃষ্ট না হন। এটাকে সর্বভারতীয় প্রেক্ষাপটে দেখতে হবে। শুধুমাত্র একটা রাজ্যে এটাকে নিষিদ্ধ করার চেস্টা করলে হবে না। কারন পাশাপাশি রাজ্য থেকে যে ভাবে এই মাদক প্রবেশ করছে সেই জিনিসগুলো বন্ধ করার ক্ষেত্রে যদি সর্বভারতীয় ক্ষেত্রে কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা নেওয়া না যায় তাহলে এটা বন্ধ করা যাবে না। প্রতিবেশী রাজ্য থেকে যে ভাবে, ঢালাওভাবে এগুলো আসছে তাতে এটার কোনও সুরাহা হবে না। তবে আপনি যেটা বলেছেন সেটা আমরা অবহিত আছি। তার জন্যই প্রতি বাজেটে এর উপর ডিউটি বাড়ানো হচ্ছে। জাস্ট টু ডিসকারেজ ইট। মানুষের ক্রয় ক্ষমতার বাইরে যাতে যায়। তাতে দেখা যাচ্ছে অতিরিক্ত ডিউটি সত্ত্বেও কনজামশনের পারসেন্টেজ খুব ভালো হারে বাড়তে শুরু করেছে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি এটা নিষিদ্ধ করার কথা চিন্তা করছেন না, কারন হচ্ছে আরও অনেক রাজ্য থেকে আসবে, কিন্তু তা নয়।

রাজ্য সরকার শুধু রেভিনিউ বাড়ানোর জন্যই বেকার সমস্যার সমাধান করতে ব্যর্থ হওয়ার জন্য বেকার যুবকদের মধ্যে এই প্রবণতা বাড়ানোর জন্য একটা উৎসাহ দিচ্ছেন মদের লাইসেন্স দিয়ে। রেভিনিউ যদি বাড়াতে পারতেন যদি রাজ্যে যে বেআইনি চোলাই মদের দোকানগুলি আছে সেগুলি বন্ধ করতে পারতেন। রাজ্যে লাইসেন্স প্রাপ্ত মদের দোকান বাড়াচ্ছেন এবং এর পাশাপাশি বেআইনি চোলাই মদের ঠেকগুলি বেড়ে যাচ্ছে। এই বেআইনি ঠেকগুলি বন্ধ করার জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিচ্ছেন। এগুলি কগনিজেবল অফেন্স। আইন সংশোধন করে কি কি ব্যবস্থা নিচ্ছেন এইগুলি বন্ধ করার জন্য?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** আপনি ঠিকই ধরেছেন, এটাকে বন্ধ করা জরুরী। বেআইনি মদ এটাকে বন্ধ করার জন্য আমাদে যে প্রিভেনটিভ উইং আছে, যে সমস্ত শাখা আছে, স্পেশাল সেকশন আছে সেগুলিকে জোরদার করে যতটা বেশি সম্ভব রেইড করা, এইগুলি করার উদ্যোগ গ্রহন করেছি। যেখানে যেখানে বেআইনি মদ তৈরি হয় তার বিরুদ্ধেও আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। আরেকটা কথা এটা কগনিজেবল অফেন্স আপনি বলেছেন। এটা নন্‌বেলেবেল অফেন্স হয়েছে। এটাকে কেউ কেউ মনে করছেন, বিভিন্ন স্তর থেকে মনে করা হচ্ছে। কিন্তু এখন সুপ্রীম কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে একজন মানুষকে নন-বেলেবেল অফেন্সে ধরলে তার অ্যারেস্ট মেমো দিতে হয় এবং সেই সব তথ্যগুলি তার আত্মীয় স্বজনকে দিতে হয় এবং সঙ্গে সঙ্গে তার আত্মীয়স্বজনকে পাওয়া ইত্যাদি ব্যাপারে জটিলতার সৃষ্টি হয়। আইন করা সত্ত্বেও তার প্রয়োগের ক্ষেত্রে কিছু পরিকাঠামোগত অসুবিধা দেখা দিচ্ছে। এটাকে চিন্তা-ভাবনা করে আর কি অন্যান্য ব্যবস্থা করা যায় বা এটাকে কি ভাবে আরও শক্তিশালী করা যায় তার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**শ্রী ইউনুস সরকার ঃ** মিঃ স্পিকার স্যার, মন্ত্রীর কাছে জানতে চাইছি এই রাজ্যে এখনও পর্যন্ত দেশি এবং বিদেশি কত মদের দোকান আছে? নতুন ভাবে যে লাইসেন্স দেওয়া হচ্ছে তার পদ্ধতি আপনি বললেন যে জেলার কালেক্টর স্থান নির্বাচন করবেন এবং তার পরে কাগজে বিজ্ঞাপন দেওয়া হবে যে এই নির্দিষ্ট জায়গাগুলিতে দোকান করা হবে। ১৩ বছরে কোনও লাইসেন্স দেওয়া হয় নি। তাহলে নতুন করে এই ব্যবস্থা হচ্ছে কেন? তার পাশাপাশি অন্য কি ব্যবস্থা আছে যা সরকার এটাকে বন্ধ করতে পারছেন না? আমরা শুনছি যে এটাকে আপনারা অপসংস্কৃতি বলছেন। এটাকে বন্ধ করা দরকার, কিন্তু কি কারণে বন্ধ করতে পারছেন না।

**মিঃ স্পিকার :** ইউনুস সরকার আপনি কতগুলো প্রশ্ন করবেন?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মোট লাইসেন্সের সংখ্যা এখনও পর্যন্ত আছে দেশি মদের লাইসেন্সপ্রাপ্ত ৮৫৮ জন, বিদেশি মদের যেটা অফ তার সংখ্যা ২৯২ এবং অন্ যেটা বার বা রেস্টুরেন্ট তার সংখ্যা ২১৮ টি। বাকি প্রশ্নের উত্তরগুলি আমি ইতিমধ্যেই দিয়ে দিয়েছি।

**শ্রীমতি শান্তা ছেত্রী :** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে মদের লাইসেন্সের ব্যাপারে লোকাল এম. এল. এ., মিউনিসিপ্যালিটি এবং জেলা-পরিষদের কাছে জানতে চান ডি. এম.। আমি জানতে চাই, মিউনিসিপ্যালিটি এবং লোক্যাল এম. এল. এ.-র যদি মদের দোকানের লাইসেন্সের ব্যাপারে অবজেকশন থাকে, উইলিংনেস না থাকে সেক্ষেত্রে রাজ্য সরকার কি পদক্ষেপ নেয়?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** নিয়ম হচ্ছে এ ব্যাপারে সরকারি ভাবে চিঠি পাওয়ার পর এম. এল. এ. দের যদি আপত্তি থাকে তাহলে সরকারকে জানাতে হবে। যদি ১৫ দিনের মধ্যে না জানানো হয় তাহলে ধরে নেওয়া হয় মদের দোকান খোলার ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধির কোনও আপত্তি নেই।

**শ্রী তপন হোড় :** মাননীয় মন্ত্রিমহাশয় মদের লাইসেন্সের ক্ষেত্রে কি ভাবে নিষেধাজ্ঞা জারী করবেন তাহলে তো ওদের অসুবিধা হয়ে যাবে। মদের লাইসেন্সের ব্যাপারে দেখা যাচ্ছে বিধায়কদের এবং আরো যারা জনপ্রতিনিধি আছেন তাদের সুপারিশের ব্যাপার থাকে। কিন্তু ইদানিং তাদের সুপারিশ নেওয়া হচ্ছে না। এবং দেখা যাচ্ছে এই প্রক্রিয়া চলছে। এ ব্যাপারে আপনার কাছে কোনও অভিযোগ আছে কিনা? এবং জনপ্রতিনিধিকে এড়িয়ে লাইসেন্স দেওয়ার ব্যবস্থা চালু আছে কিনা?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** না, আপনি যেটা বললেন তা নয়। বিধায়ক মাত্রই তাদের মতামত নিতে হবে। এটা হচ্ছে স্ট্যাট্যুটরি অবলিগেশন। আমরা চিঠি দিই। এটা বাধ্যতামূলক। জনপ্রতিনিধির যদি অবজেকশন থাকে সর্বক্ষেত্রেই তা গৃহীত হচ্ছে। তবে কিছু কিছু ক্ষেত্রে বিভাগের পক্ষে গ্রহণ করা সম্ভব হয়নি। এই রকম সামান্য দু-একটা ঘটনা আছে। কিন্তু সাধারণ ভাবে বিধায়ক, জেলা-পরিষদের মতামত, স্থানীয় মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের মতামত গ্রহণ করা হয়।

**শ্রী পরশ দত্ত ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আসানসোল শিল্পাঞ্চলে 'ডাবলপুল' বলে মদের একটা ব্রান্ড আছে পশ্চিমবঙ্গের শাসক দলের একজন বিশিষ্ট নেতার আত্মীয়ের। সেটাকে আরো ছড়িয়ে দেবার জন্য সরকার কোনও বন্দোবস্ত করেছেন কিনা?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** আপনি নোটিশ দিন আমি উত্তর দেব।

## STARTED QUESTIONS
### (to which oral answers were given)

### মহাবিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক পাঠক্রম

***১১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭১) **শ্রী সুব্রত বক্সী ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারি ২০০১ পর্যন্ত রাজ্যের কতগুলি মহাবিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পাঠক্রম তুলে দেওয়া হয়েছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

১লা জানুয়ারি ২০০১ পর্যন্ত রাজ্যের ৮৬টি মহাবিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম তুলে দেওয়া হয়েছে।

**শ্রী সুব্রত বক্সী ঃ** যতগুলো মহাবিদ্যালয় থেকে উচ্চ-মাধ্যমিক পাঠ্যক্রম তুলে দিয়েছেন তার অল্টারনেটিভ কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** বিভিন্ন কলেজে ছাত্র আসন সংখ্যা বিভিন্ন। তবে হায়ার সেকেন্ডারি কাউন্সিল একটা কলেজে তিনটে বিভাগ হলে ৩০০ পর্যন্ত আসন সংখ্যা নির্দিষ্ট করে দেয়।

সবসময় যে ৩০০ নেওয়া হয় তা নয়, অনেক সময় কমও হয়, আবার অনেক সময় একটু বেশিও হয়। বিদ্যালয় শিক্ষা বিভাগ গত বছর অক্টোবর পর্যন্ত ৭১১টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেছে। ফলে এই কলেজ গুলোতে যত ছাত্র উচ্চ মাধ্যমিক পড়ত তার চেয়ে অনেক বেশি আসন উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে স্কুলে সৃষ্টি করা হয়েছে।

[11-20 — 11.30 a.m.]

**শ্রী সুব্রত বক্সী :** আমার মনে হয় প্রশ্নটা আপনি এড়িয়ে গেলেন। যে ৮৬টি কলেজে উচ্চ মাধ্যমিক তুলে দেওয়া হয়েছে তার ছাত্র সংখ্যা কত?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** এটা যদি নির্দিষ্ট করে জানতে চান তাহলে আপনাকে আলাদা নোটিশ দিতে হবে। কারণ প্রত্যেকটি কলেজ থেকে তাঁরা ঐ বছরে কত ছাত্র ভর্তি করছেন, তাঁদের আসন সংখ্যা কত সেটা সংগ্রহ করতে হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** এটা রেলিভেন্ট কোশ্চেন। এটা তো আপনার আগে জেনে রাখা দরকার ছিল।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** পঙ্কজ বাবু আপনি অভিজ্ঞ লোক। তাছাড়া এই প্রশ্নটির উত্তর আজকে না দিয়ে সময় চাইতাম অন্তত পক্ষে ১৫ থেকে ২০ দিন। কারণ কলেজগুলো থেকে সেগুলো আমাকে সংগ্রহ করতে হবে।

**শ্রী সুব্রত বক্সী :** যত সংখ্যায় মহাবিদ্যালয় থেকে ইলেভেন ও টুয়েলভ তুলে দেওয়া হয়েছে, মাধ্যমিকে ঠিক তার সম অনুপাতে প্রতি বছর পাশ করা ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে। তার সঙ্গে সামঞ্জস্য রেখে মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করা হচ্ছে কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই, গতবার এই সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। আমরা বলেছি, আমরা একটা পরিকল্পনা মাফিক এই কাজটা করছি। কোন একটা কলেজ থেকে যে কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক তুলে দেওয়ার সিদ্ধান্ত আমরা নিয়েছি, তার সঙ্গে সঙ্গে বিদ্যালয় বিভাগের সঙ্গে যোগাযোগ করে সেই কলেজের কাছাকাছি অঞ্চলে আমরা ৪—৫টি করে স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করেছি যাতে ভর্তির কোনও অসুবিধা না হয়। দ্বিতীয়তঃ যে কলেজ থেকে উচ্চ মাধ্যমিক তুলে দেওয়ার জন্য চিঠি গিয়েছে তাদেরকে বলা হয়েছে যে, আপনারা এই বিদ্যালয়গুলোর সঙ্গে যোগাযোগ করুন, তাদের সুবিধা-অসুবিধাগুলো দেখুন। বিজ্ঞান পড়ানোর ক্ষেত্রে যদি কোনও অসুবিধা হয় তবে তাদেরকে সাহায্য করুন। যে সব কলেজে তুলে দেওয়া হয়েছে সেই সব কলেজের মাননীয় অধ্যক্ষ, মাননীয়া অধ্যক্ষাদের এই কথা বলেছি।

**শ্রী সুব্রত বক্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে, আমার নির্বাচন কেন্দ্র বিষ্ণুপুর (পশ্চিম) এ

বিদ্যানগর মাল্টিপারপাস স্কুল ফর বয়েজ এবং বিদ্যানগর মাল্টিপারপাস স্কুল ফর গার্লস-এর কোনওটিকেই মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিকে উন্নীত করা হয় নি। আপনি জানালেন সব কটা করা হয়েছে। আপনি খোঁজ নিয়ে দেখুন এ ব্যাপারে। এ ক্ষেত্রে আমরা কি ব্যবস্থা পেতে পারি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** আপনি জানেন যে, আমাদের বিদ্যালয় দপ্তর থেকে এই কথা পরিস্কারভাবে বলা হয়েছে যে, যেখানে প্রয়োজন হবে ছাত্র-ছাত্রীরা যাতে ভর্তি হতে পারে এটা আমাদের দেখতে হবে। যদি দেখা যায়, কোনও অঞ্চলে আর একটা-দুটো স্কুলকে উচ্চ মাধ্যমিকে উন্নীত করা প্রয়োজন তাহলে তাঁরা বিদ্যালয় শিক্ষা দপ্তরে আবেদন করবেন। এখানে মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস মহাশয় উপস্থিত আছেন। গতবারে তিনি বলেছেন সেগুলোকে তাঁরা বিবেচনা করবেন।

**শ্রী সুব্রত বক্সী :** আমি স্পেসিফিক ভাবে জানতে চাই যে, বিদ্যানগর মাল্টিপারপাস স্কুল ফর বয়েজ এবং বিদ্যানগর মাল্টিপারপাস স্কুল ফর গার্লস— তারা গত দেড় বছর ধরে কাউন্সিলের দরজায় দরজায় ঘুরছেন তাদের স্কুলকে উন্নীত করার জন্য। কিন্তু এখনও পর্যন্ত তাঁদের বিষয়ে কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। এ ব্যাপারে অতি শীঘ্র কোনও ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** এটা উচ্চশিক্ষার অন্তর্গত নয়। এটা বিদ্যালয় শিক্ষা বিভাগের অন্তর্গত। আপনি ওখানে প্রশ্ন করবেন। তবে আমরা দুটো দফতরে আলোচনা করে সিদ্ধান্ত করেছি। সে অনুযায়ী ছাত্র সংগঠনের নেতারা যখন আমার সঙ্গে দেখা করেছিলেন তখন আমি তাঁদের বলেছি যে, কোনও জায়গায় কারো ভর্তির অসুবিধা হলে আমাদের জানাবেন, আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেব। কোথাও যদি সে রকম অসুবিধা দেখা দেয়, তাহলে বিদ্যালয় শিক্ষা দপ্তরের কাছে আবেদন করলে তারা প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। অসুবিধার কোনও কারন নেই, প্রয়োজনে আপনারাও যোগাযোগ করুন।

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী জানালেন ৮৬ টি কলেজ থেকে উচ্চমাধ্যমিক তুলে দিয়ে ৭১১টি মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নতি করা হয়েছে। এ বছরে ৫ লক্ষ ৭৪ হাজার ৭৪১ জন ছাত্র ছাত্রী মাধ্যমিক পরীক্ষা দিয়েছিলেন এবং বিরাট সংখ্যার ছাত্র-ছাত্রী পাশ করেছেন। এখন

নতুন ৭১১টি উচ্চমাধ্যমিক স্কুল-সহ রাজ্যে যে উচ্চমাধ্যমিক স্কুল গুলি আছে সেগুলিতে মাধ্যমিক পাশ করা সমস্ত ছাত্র ছাত্রীদের স্থান সংকুলান হচ্ছে কি? দ্বিতীয়ত বিভিন্ন কমিটির রিপোর্টে প্রকাশ পেয়েছে উচ্চমাধ্যমিক স্তরে কলেজ অপেক্ষা স্কুলে পড়াটা ছাত্র-ছাত্রীদের পক্ষে বেশি সহায়ক। উচ্চমাধ্যমিক পরীক্ষার রেজাল্ট কি তাই বলছে। বিগত কয়েক বছরের উচ্চমাধ্যমিকের স্কুলের রেজাল্ট এবং কলেজের রেজাল্ট কি বলছে? এসম্পর্কে আপনি আমাদের কোনও তথ্য জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে আমি জানাই যে উচ্চমাধ্যমিক কলেজে থাকুক এ কথা কিন্তু এ হাউসে কেউ বলেননি। উচ্চমাধ্যমিক স্কুলে পড়ানোর প্রশ্নে আমরা সকলেই এক-মত। কিন্তু কোনও গুরুত্বপূর্ণ পরিবর্তনের সময় কোনও কোনও জায়গায় কিছু কিছু অসুবিধা হতেই পারে। আমি বার বার বলেছি যেসব স্থানীয় সমস্যাগুলির আমরা সমাধান করব। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে গত বছরও আমরা তিনটে কলেজকে উচ্চমাধ্যমিক বিজ্ঞান পড়াবার অনুমতি দিয়েছি। কারন যেসব অঞ্চলে বিজ্ঞান পড়ার সেক্ষেত্রে সমস্যা দেখা দিয়েছিল। সুতরাং আমরা বিচার বিবেচনা করেই কলেজ থেকে পর্যায়ক্রমে উচ্চমাধ্যমিক তুলে নিচ্ছি। কোথাও প্রয়োজন দেখা দিলে সেখানে আরো এক বছর উচ্চমাধ্যমিক চালু রাখার অনুমতি দিচ্ছি। ভর্তির ক্ষেত্রে সাধারণভাবে কোনও সমস্যা নেই। মাননীয় সদস্যরা নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন-সমস্যাটা হচ্ছে ছাত্র-ছাত্রী বা অভিভাবক যখন কোনও একটা বিশেষ কলেজে বা কোনও একটা বিশেষ বিষয় নিয়ে পড়ার জন্যে ভর্তি হতে চাইছে, তখন অনেক সময়ই তাদের অসুবিধা হচ্ছে। কারন সব জায়গায় সব রকম বন্দোবস্ত করা সম্ভব হয়ে ওঠে না। আর মাননীয় সদস্য রবীন দেব শেষ যে প্রশ্নটা করলেন, সেই পরিপ্রেক্ষিতে তাকে জানাই যে সাধারনভাবে উচ্চমাধ্যমিকের ক্ষেত্রে স্কুলগুলির রেজাল্ট ভাল।

তার কারণ হচ্ছে, কলেজে যে শিক্ষা ব্যবস্থা—আমি অনেকবার বলেছি—সেটা হচ্ছে লেকচার নির্ভর এবং সেখানে তুলনামূলকভাবে একটা স্কুল যতক্ষন খোলা থাকে একটা কলেজে ততক্ষন খোলা থাকে না। একটা স্কুলে লাগাতার যতক্ষন ধরে ক্লাস হয়, একটা কলেজে এক পিরিয়ড হল, দু পিরিওড অফ, তারপর আর একটা পিরিওড, এইসব সমস্যা আছে এবং স্কুলে ছাত্র-শিক্ষক ইন্টারক্শন প্রশ্ন জিজ্ঞাসা, উত্তর, তারপর পড়া ধরা, এটা কলেজে হয় না। স্বাভাবিকভাবেই একটা স্কুলে যে ছাত্র সংখ্যা, কলেজের একটা সেকশন থেকে অনেক কম। ফলে স্টুডেন্ট-টিচার

রেশিও যেটা সেটা স্কুলে অনেক ভাল। আপনি কলেজের কথা বলছেন, অনেক কলেজ আছে যেখানে ডিগ্রি পড়ছে ৬০০ আর উচ্চ মাধ্যমিক পড়ছে ৮০০ এবং যেটা বলছি, ছাত্র আন্দোলনের বিষয়ে দেখা যায়, হায়ার সেকেন্ডারি কাউন্সিল যে কোটা দিয়েছে তার তিন গুণ ছাত্র ভর্তি হচ্ছে। এর ফলে কি পড়াশুনা হয়? তাই আমাদের দপ্তর পড়াশুনা যাতে ভাল হয়, ছাত্র-ছাত্রীরা পড়াশুনায় যাতে ভাল ফল করতে পারে—এইসব চিন্তা করে—খানিকটা অসুবিধা আছে জেনেও ধীরে ধীরে উচ্চ মাধ্যমিক তুলে দিচ্ছি, ৮৬টা ১লা জানুয়ারি পর্যন্ত এবং আরো ৩৯টি কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক তুলে দিচ্ছি।

[11-30 — 11.40 a.m.]

**শ্রী অসিত মিত্র :** মাননীয় মন্ত্রিমহাশয় কিছুক্ষণ আগে বললেন ৭১১টি স্কুলকে এখনো পর্যন্ত মাধ্যমিক বিদ্যালয় থেকে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে রূপান্তরিত করা হয়েছে। উনি মাননীয় সদস্য শ্রী সুব্রত বক্সীর প্রশ্নের উত্তরে এখানে একটি কথা বললেন। যেখানে সায়েন্স পড়ানোর মতো ইনফ্রাস্ট্রাকচার নেই সেখানে নিয়ারেস্ট কলেজ থেকে সেখানকার শিক্ষক মহাশয় এসে সায়েন্স পড়াবেন, যে কথা আপনি বলেছেন তাতে আমি বলছি, আপনার স্বপ্ন স্বপ্নই রয়ে গেছে, বাস্তবের সঙ্গে আপনার কি যোগাযোগ আছে? একেই তারা কলেজ চালাতে পারে না শিক্ষকের অভাবে, তারপর স্কুলের ছাত্র দেখা তো দূরের কথা। আপনি ৭১১টি বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে যে রূপান্তরিত করেছেন তার মধ্যে কতগুলি বিদ্যালয় পূর্ণাঙ্গভাবে তৈরি করতে পেরেছেন অর্থাৎ সায়েন্স, আর্টস এবং কমার্স এই ৩টি স্ট্রিম চালু করতে পেরেছেন এবং দ্বিতীয় প্রশ্ন এর সঙ্গে অ্যালায়েড, কবে নাগাদ এইসব বিদ্যালয়গুলিতে ৩টি বিভাগ খোলা সম্ভব হবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যকে অনুরোধ করব, এই প্রশ্নটা বিদ্যালয় শিক্ষা বিভাগকে করতে। তিনি যথাযথ উত্তর দেবেন।

**শ্রী বিনয় দত্ত :** ডি. পি. আইয়ের নোটিশ যাবার আগে কিছু কিছু কলেজে তারা ছাত্র ভর্তি শুরু করেছিল এবং সেই কলেজগুলির আশে-পাশে নতুন করে কোনও হায়ার সেকেন্ডারি স্কুল হয়নি, অথচ এ বছর ভর্তি হয়ে গেছে। সেক্ষেত্রে এই নোটিশগুলি কি প্রত্যাহার করা হবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে জানাই, আমি বলেছি, কোনও একটি বিশেষ কলেজে যদি কোনও সমস্যা হয়, সেই কলেজ যদি আমার কাছে বলেন, আমি সব সময়ে সেটা সুবিবেচনা করি এবং করব।

**শ্রী পার্থ চ্যাটার্জি ঃ** যদিও আমি এই প্রশ্ন করছি না রিগিং শিক্ষার প্রশিক্ষণ কেন্দ্র খোলার ইচ্ছা আছে কিনা, আমি এই প্রশ্ন করবার চেষ্টা করছি, উচ্চ শিক্ষার নীতি কম্পিউটার সায়েন্স বা ব্যাচিলার অব কম্পিউটার অ্যাপলিকেশন পাঠক্রম কলেজগুলির মধ্যে আনার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে প্রথমেই জানাই যে '৭২ সালের রিগিং দেখার পর আবার তার প্রশিক্ষণ কেন্দ্র খোলার আর কোনও রুচি নেই।

(গোলমাল)

(ভয়েস ফ্রম অপোজিশন বেঞ্চ ঃ আপনার কেন্দ্রেই তো ব্যাপক রিগিং হয়েছে)

মাননীয় প্রশ্নকর্তা জানতে চেয়েছেন যে উচ্চ শিক্ষাতে কমপিউটার চালু করার ইচ্ছা আছে কিনা? মাননীয় সদস্যকে জানাই, উচ্চ শিক্ষাতে কমপিউটার, এটা ইতিমধ্যেই চালু করা হয়েছে। কলেজগুলিতে কমপিউটার সায়েন্স চালু করা হয়েছে এবং আরও ব্যাপকভাবে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে কমপিউটার সায়েন্স, ইনফরমেশন টেকনোলজি এবং ইলেকট্রনিক্স এগুলি চালু করেছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অবশ্য তার উত্তরে আংশিকভাবে স্বীকার করেছেন যে এই পরিবর্তনের ফলে একটা সমস্যা দেখা দিয়েছে। ৮৬টি কলেজ থেকে আপনারা এটা তুলে দিলেন এবং বলছেন আপনারা সমসংখ্যক স্কুলগুলিকে হায়ার সেকেন্ডারিতে উন্নীত করেছেন এবং তাতে ভর্তির সমস্যা দেখা দেবে না। কিন্তু বাস্তবে আমরা অন্য রকম দেখছি। এই যে আপনি বলছেন সমস্যা দেখা দেবে না—এটা কি আপনি তথ্য দিয়ে সাবসটেনসিয়েট করতে পারেন? অর্থাৎ আমি বলতে চাই, ৮৬টি মহাবিদ্যালয়ের যে ছাত্র সংখ্যা ছিল, পড়াশুনা করতো উচ্চ শিক্ষার স্ট্রিমগুলিতে সেই স্ট্রিম অনুযায়ী এই যে মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করা হল, কলেজগুলিতে বন্ধ করে দিয়ে তাতে তাদের সকলের অ্যাকোমোডেশন হবে কিনা? এখানে তো একটা সমন্বয়ের মধ্যে দিয়ে করতে হবে। ৮৬টা মহাবিদ্যালয় থেকে তুলে দিলেন, এখানে তো সরকারকে ভাবতে হবে যে সম পরিমাণ সিট এবং ইনফ্রাস্ট্রাকচার উন্নত উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে থাকবে

কিনা? এটা যদি ডাটা দিয়ে সাবস্টেনসিয়েট করতে না পারেন তাহলে বুঝব ভর্তির সমস্যা থেকে গিয়েছে এবং শিক্ষার মানও নেমে গিয়েছে। যেহেতু ইনফ্রাস্ট্রাকচার নেই, যেহেতু কলেজ থেকে তুলে দিয়েছেন ফলে ভর্তির সমস্যাও রয়েছে এবং শিক্ষার মানও নেমে গিয়েছে। ডাটা দিয়ে তো আপনাকে সাবস্টেনসিয়েট করতে হবে যে, না, সমস্যা হচ্ছে না। সেটা কি আপনি হাউসে করতে পারবেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যের প্রশ্নটা ঠিক বুঝলাম না। তবে তাকে বলি, অংকের নিরিখে বলতে পারি, কলেজ থেকে যত সিট কমছে তার থেকে অনেক বেশি সিট স্কুলে বেড়েছে। ফলে সমস্যা হবার কথা নয়। তা সত্ত্বেও আমি এটা বলেছি, কোনও জায়গায় যদি দেখা যায় যে ভর্তির সমস্যা আছে, তাঁরা যদি আমাদের কাছে সেটা নিয়ে আসেন, আমরা দুই দপ্তর মিলে—আমি গতবারও বলেছিলাম, এবারও বলছি—সেই সমস্যার সমাধান করব।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** একটা অদ্ভুত পরিস্থিতির ভেতর দিয়ে চলছে হাওড়া শহর। হাওড়ার হিন্দী এবং উর্দুভাষী লক্ষ লক্ষ মানুষ আছেন। হাওড়ায় মাত্র দুটি কলেজ একটি নরসিংহ দত্ত কলেজ এবং অপরটি দীনবন্ধু কলেজ। এক সময় সেখানে আমার প্রচেষ্টায় অনেক স্কুলে হিন্দী এবং উর্দু চালু হয়েছিল ২০ বছর আগে। কিন্তু সেখানকার হাজার হাজার ছাত্র হিন্দী এবং উর্দু ভাষা নিয়ে মাধ্যমিক পাশ করবার পর কলেজে ভর্তি হতে পারছে না। আমার প্রশ্ন ঐ ছাত্রছাত্রী তাহলে কোথায় যাবে? তারা কলকাতায় এসেও কোথায়ও ভর্তি হতে পারছে না। আজকে ওদের ভবিষ্যত নিয়ে আপনারা কি ভাবছেন? ওখানকার উচ্চ মাধ্যমিক স্কুলগুলো, স্পেশাল কলেজ দুটো এ ব্যাপারে কোনওরকম প্রচেষ্টা গ্রহণ করছে না। তাহলে হাজার হাজার ছাত্রছাত্রী কোথায় যাবে? তাদের জন্য আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন। হাওড়া থেকে ঐ সমস্যা নিয়ে দু'একজন অধ্যাপক আমার সঙ্গে দেখা করেছেন। আমি তাদের বলেছি, হিন্দী এবং উর্দু ছাত্রছাত্রীরা যদি ভর্তি হতে না পারে, স্কুলে যদি সমস্যা হয়, তাহলে তারা যাতে একটা নির্দিষ্ট কলেজে ভর্তি হতে পারে তার ব্যবস্থা করব। আমি তাদের এরকম কতজন ছাত্রছাত্রী আছে সেটা নিয়ে আমার সঙ্গে দেখা করতে বলেছি। তারা যাতে ভর্তি হতে পারে এই ব্যবস্থা অবশ্যই আমরা করব।

## বৃত্তিমূলক শিক্ষার প্রসার

***১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬) শ্রী তপন হোড় :** কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা পূরণের জন্য জেলাগুলিতে বৃত্তিমূলক শিক্ষার প্রসারের ব্যাপারে সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কোন পর্যায়ে আছে?

**শ্রী মহম্মদ সেলিম :**

(ক) হ্যাঁ;

(খ) স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণ (Short Term Vocational Trg.) প্রকল্পটি গত ১৯৯৮-৯৯ আর্থিক বছর থেকে চালু হয়েছে।

**শ্রী তপন হোড় :** মাননীয় মন্ত্রী বলেছেন, এটা ১৯৯৮-৯৯ থেকে চালু হয়েছে এই কোর্স যতদিন ধরে চলছে তাতে এটা কি এফেকটিভ হয়েছে? এবং কি কি কোর্স পড়ানো হচ্ছে এবং এতদিনের মধ্যে যে প্রক্রিয়াটা নিয়েছেন সেটা কি ফলপ্রসূ হয়েছে?

**শ্রী মহম্মদ সেলিম :** স্যার, ১৯৯৮-৯৯ সালে আমরা এই সর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্স চালু করি। এই জন্য যে ছাত্র-ছাত্রীরা যারা জেনারেল স্ট্রিমে পড়াশোনা করছে, তারপর তারা যাতে বিভিন্ন রকম পেশাগত সুযোগ সুবিধা পায়। গত ৩ বছরে আমরা দেখেছি এই সমস্ত কোর্সের চাহিদা বেড়েছে এবং সেই অনুযায়ী প্রসার করেছি। নানা সংস্থা আগে চালু করেছিল, কয়েকটি জেলায় প্রথমে ছিল। তারপর দেখা গেল চাহিদা বেড়েছে দাবি বেড়েছে, তারপর আমরা নূতন নূতন স্কিম ইনট্রোডিউস করেছি। সেই রকম নূতন নূতন সংস্থা, শুধুমাত্র সরকারি সংস্থা নয়, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, পৌরসভা, বেসরকারি সংস্থা যারা এগিয়ে এসেছে উৎসাহ নিয়ে তাদের আমরা এই সমস্ত কোর্স চালু করতে দিয়েছি। গত ৩ বছরে বেড়েছে, এই বছরও বাড়বে। ভবিষ্যতে আরো বাড়ানোর পরিকল্পনা রয়েছে।

**শ্রী তপন হোড় :** আপনি যেটা বলছেন, এই পর্যন্ত যে কোর্স চালু করেছেন সেইগুলি এফেকটিভ হয়েছে শুনছি। আমার মূল প্রশ্ন হচ্ছে কর্মসংস্থান। এই যে

প্রকল্প নেওয়া হয়েছে, পরিকল্পনা নেওয়া হয়েছে, কি কি কোর্স এই পর্যন্ত পড়াচ্ছেন? আর নূতন ভাবে বলছেন যে আপনি কোর্স বাড়াবেন। আরো কি কি কোর্স ইনট্রোডিউস করতে যাচ্ছে সেটা বলুন। এখন পর্যন্ত কি কি কোর্স পড়াচ্ছেন আর কি কি কোর্স ইনট্রোডিউস করতে যাচ্ছেন সেটা বলুন।

**শ্রী মহম্মদ সেলিম ঃ** মাননীয় সদস্য স্পেশিফিক জানতে চাইছেন যে কি কি কোর্স আমরা এখন পড়াচ্ছি। ইতিমধ্যে ৪৫টি ইনট্রোডিউস করা হয়েছে। এই ব্যাপারে স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন, এটাকে মনিটর করে, সুপারভিশন করে, পরীক্ষা নেয় এবং সার্টিফিকেট দেয়। এই ৪৫টি কোর্সের নাম যদি মাননীয় সদস্য চান তা আমি দিতে পারি, কিন্তু এটা একজসটিভ হবে। আরো ২০/২৫টি কোর্স চূড়ান্ত করা আছে, কোর্স ক্যারিকুলাম তৈরি হয়েছে। এই বছর কিছু চালু হয়েছে। ইন্ডাস্ট্রির সঙ্গে কথা বলে টুওয়ার্ডস সারভিস যে ভাবে বাড়ানো যায় সেই দিকে নজর রেখে নূতন নূতন পেশাগত কোর্স ইনট্রোডিউস করছি। ৪৫টি কোর্স চলছে, এইগুলি হলো Computer Fundamental, Desk Top Publishing, Computer Maintenance, Auto Cad, Laboratory Technician (Pathology), Radiography (X-ray) Technician, ECS (Cardeology) Technician, Laboratory Techanician (Blood Baking), Physiotherapy Technician, Colour TV and Audio (Repairing), Colour TV and Black & White TV Repairing, House Wiring and Armachure Wiring, House Wiring and Motor Winding, Agriculture (Science Practice), Commercial Art/Visual Communication, Interior Decoration & Beautification, Silk Screen Printing and Photo Lamination, Photography & Videography, Maintenance of Domestic Electric and Electronics Appliances, Auto Electrician, Automobile Electric Mechanic, Maintenance and Servicing of Two/Three Wheelers, Automobile Mechanic (Engine and Transmission System), Amin Surveyer, Construction Supervisor - Advanced lavel, Construction Supervisor - Oridinary level, Fitting & Plumbing, Welder (Gas & Electric), Furniture and cabinet making, Hair and Skin Care, Garment Design & Dress making, Secretarial Practice, A.C. & Refrigeration

Mechanic, Telephone Machanic, Hand injection Moulding (Plastic), Supervision Building, Construction, Commercial and Industrial Packaging, Repairing of Diesel Petrol Pump and Agricultural Implements, Horticulture and Agro-farming, Still Photography, Training in Artificial Limb and Riher-Aids for Community Workers (Repair/ Maintenance), Tractor Repairing , Surveying Construction Supervision, Food Processing, Footware making.

এই ৪৫টি ছাড়া চাহিদা অনুযায়ী আরো ২০/২৫টি কোর্স ভবিষ্যতে ইনট্রোডিউস করার পরিকল্পনা রয়েছে। স্টেট কাউন্সিলকে আবার বলেছি কন্সট্যান্টলি এটা অনগোয়িং প্রসেস, এটা মনিটরিং করতে কোনও কোনও পেশাগত ভিত্তিতে শিক্ষা নিয়ে চাকুরী পেতে পারে। পুরানো যেগুলি ঠিক নয় সেইগুলি পাল্টে নূতন কিছু যোগ করার পরিকল্পনা আছে।

[11-50 — 12.00 noon]

**শ্রী তপন হোড় ঃ** আপনি ৪৫টি কোর্সের কথা বললেন। আপনি আরও কিছু নতুন সাবজেক্ট চালু করতে চাইছেন। এই বিষয়টি আমাদের বিভিন্ন জেলাতে খুবই জনপ্রিয়তা লাভ করেছে। কর্মসংস্থানের ক্ষেত্রে এটি খুব ভাল পদক্ষেপ। আপনি এটি ১৯৯৮-৯৯ সাল থেকে যা হয়েছে তা বললেন। এই বছরে আপনার কি পরিকল্পনা আছে? কারণ এই কোর্সের চাহিদা যখন বেড়ে গেছে, সেজন্য মফস্বল বা বর্ধিষ্ণু গ্রামাঞ্চল যেগুলো আছে, সেইসব জায়গাতে এটা প্রসারের কোনও নির্দিষ্ট পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী মহম্মদ সেলিম ঃ** মাননীয় সদস্য যথার্থই বলেছেন—কলকাতা শহরে অনেক স্কুল আছে। আমরা মফস্বলে ছোট, মাঝারি শহরে এগুলো আরও প্রসারিত করতে চাই, এইজন্য ওপেন করতে চাই বলে দিয়েছি। এটা শুধু আমাদের সংস্থা নয়, বিভিন্ন পৌরসভা, স্বেচ্ছাসেবী সংস্থা, প্রাইভেট ইনস্টিটিউশন, এমনকি স্কুলে যদি দেখা যায় তাদের বাড়তি জায়গা আছে, এই ধরণের শর্ট টার্ম ভোকেশন্যাল ট্রেনিং কোর্স করতে পারে, তাহলে আমরা তাদের সুযোগ করে দেব। এইজন্য আমরা বাজেটে ক্রমাগত টাকা বাড়িয়ে যাচ্ছি।

## দূরায়ত শিক্ষা প্রকল্প

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে কম্পিউটারের মাধ্যমে দূরায়ত শিক্ষা প্রকল্প চালু করা হয়েছে; বা হচ্ছে;

(খ) সত্যি হলে, প্রকল্পটি কিরূপ; এবং

(গ) প্রকল্পটি রূপায়ণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ, ইহা সত্যি।

(খ) কলকাতার রিজিওনাল কম্পিউটার সেন্টারের কারিগরী সহায়তায় নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় 'স্কুল অব ডিজিটাল লার্নিং' নামে একটি কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেছে। এই প্রতিষ্ঠানের মাধ্যমে দূরায়ত শিক্ষা ব্যবস্থায় কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হবে।

(গ) স্কুল অব ডিজিটাল লার্নিংয়ের মাধ্যমে বর্তমানে তিনটি শিক্ষাক্রমে কম্পিউটার প্রশিক্ষণের জন্য ইতিমধ্যে দরখাস্ত আহ্বান করা হয়েছে। তার মধ্যে "Certificate course on Introduction to Information Tecnology (ITI)

৩০ জন ছাত্র নিয়ে এ মাসেই শুরু হয়েছে। বাকি দুটি শিক্ষাক্রম যথাক্রমে, Certificate Course in Multimedia Content Development এবং Certificate course in Web application Development

অদূর ভবিষ্যতে শুরু হবে। উক্ত পাঠক্রমগুলি প্রথম স্তরে ক্লাসরুম পদ্ধতিতে শুরু করে পরে দূরায়ত শিক্ষা পদ্ধতিতে শিক্ষণ শুরু হবে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহোদয় বিস্তারিত ভাবে বললেন কম্পিউটারের মাধ্যমে দূরায়ত শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে। আমাদের রাজ্যে আরও কতগুলো জায়গায় এগুলো সম্প্রসারিত করা হবে? আমাদের রাজ্যের যে বিশ্ববিদ্যালয়গুলোর

**কথা বললেন, পাঠ্যক্রমের কথা বললেন, সেগুলোর জন্য, নতুন কোর্স চালু করার ক্ষেত্রে সরকারকে কত টাকা বরাদ্দ করতে হয়েছে?**

(গোলমাল)

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যকে জানাই, আমাদের এই কোর্সগুলো আপনারা জানেন, যেটা বললাম, রিজিওন্যাল কম্পিউটার সেন্টার তারা সাহায্য করছে এবং নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় এটা পরিচালনা করছে। আমরা ইতিমধ্যেই আমাদের দপ্তর থেকে এই কোর্স চালু করার জন্য ২০ লক্ষ টাকা অনুদান দিয়েছি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, কলকাতা ছাড়া, আমাদের রাজ্যে যতগুলি বিশ্ববিদ্যালয় আছে, সেইগুলিতে এর সম্প্রসারণ ঘটানো হবে কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** এই যে দূরায়ত শিক্ষাব্যবস্থা, আপনারা জানেন, আমরা বলি ডিসটান্স এডুকেশন এটা আমরা এখানে শুরু করেছি এবং এই শিক্ষা ব্যবস্থা ইন্দিরা গান্ধী ওপেন ইউনিভার্সিটি তারাও চালু করেছেন এবং আমাদের ওয়েবেল পশ্চিমবাংলাতে তারাও চালু করেছেন, ভবিষ্যতে এই ধরণের শিক্ষা ব্যবস্থা আমাদের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় তারাও চালু করবেন, সেদিক থেকে এই ব্যবস্থা অনেক সম্ভাবনাময়।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয়, একটা অভিযোগ আসছে, দিল্লি, মোম্বাই এবং বাঙ্গালোরে ছাত্র-ছাত্রীরা নূতন নূতন শিক্ষা ব্যবস্থায় অংশ নিচ্ছেন। আমাদের রাজ্যের ব্যাপারে আপনার যে বক্তব্য ছিল, আপনি যে উত্তর দিয়েছিলেন তাতে ওদের তুলনায় আমাদের রাজ্য এগিয়ে যাচ্ছে, এটা কি সত্য বলে মনে করেন?

(তুমুল হট্টগোল)

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই যে পশ্চিমবাংলাতে ইদানীংকালে আমরা সর্বাধিক যে শিক্ষা ব্যবস্থার বন্দোবস্ত করেছি, একদিকে যেমন ইঞ্জিনিয়ারিং কলেজ, ইনফর্মেশন টেকনোলজি, বায়োটেকনোলজি, এম. সি., এইগুলি চালু করা হচ্ছে; আবার অন্যান্য কোর্সও চালু করা হচ্ছে। সঙ্গে

সঙ্গে বলি, ডিসটান্স এডুকেশনের মাধ্যমে আমরা নূতন নূতন কোর্স আমাদের দূরের অঞ্চলে ছড়িয়ে দিচ্ছি, কেন্দ্রগুলিতে ছড়িয়ে দিচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, ডিসটান্স এডুকেশনের আপনি যে ব্যবস্থাটা নিয়েছেন সেটা প্রশংসনীয়। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, মফঃস্বল শহরগুলিতে এই শিক্ষা কোর্সের মাধ্যমে এবং বর্দ্ধিষ্ণু গ্রামাঞ্চলগুলিতে এই শিক্ষাটাকে প্রসারের জন্য আপনি কি কি উদ্যোগ নিয়েছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই, এই যে ডিসটান্স এডুকেশন যেখানে আমরা কোর্স নূতন চালু করছি মাল্টি মিডিয়া অর্থাৎ দূরের কেন্দ্রগুলিতে যে ছাত্র-ছাত্রীরা তারা কিন্তু এই যে সার্ভিস সেন্টার যেখানে নাকি কমপিউটার থাকছে, সেই সার্ভিস সেন্টার থেকে যে শিক্ষাক্রম তারা ছড়িয়ে দিচ্ছেন মফঃস্বলে আমাদের ছেলে-মেয়েরা তারা কিন্তু তার মাধ্যমে সর্বাধিক শিক্ষায় শিক্ষিত হতে পারবেন তাদের নিকটবর্তী সেন্টারে গিয়ে। যার জন্য সেন্টারগুলি খোলা আছে। সেইদিক থেকে এই শিক্ষার উদ্দেশ্য হচ্ছে শুধুমাত্র কনভেনশনাল নয়, এমন কি যারা কাজকর্ম করেন ক্ষেতে খামারে কাজ করেন, অফিস আদালতে কাজকর্ম করেন তারাও অবসর সময়ে এই ধরণের শিক্ষা পেতে পারবেন এবং এটা গোটা রাজ্যের আওতার মধ্যে আসছে।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোন কোন স্কুলে আপনি এটা করার পরিকল্পনা নিয়েছেন? নাম বলবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে বলি, বিদ্যালয়গুলি সম্পর্কে আমি বলতে পারব না। বিদ্যালয় বিভাগ বলবে। আমি যতদূর জানি ইতিমধ্যে ১০০টি স্কুলে তারা কমপিউটার শিক্ষাদানের বন্দোবস্ত করেছেন এবং আগামী দিনে আরো করবেন। কিন্তু এই সম্পর্কে বিস্তারিত জানার জন্য আপনি বিদ্যালয় বিভাগে প্রশ্ন করবেন।

(গোলমাল)

## STARRED QUESTIONS
### (to which oral answers were laid on the Table)

### লাইসেন্সপ্রাপ্ত আবগারি ডিলার

***১১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৫) **শ্রী রামপদ সামন্ত ঃ** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মার্চ ২০০১ পর্যন্ত মেদিনীপুর জেলায় লাইসেন্সপ্রাপ্ত আবগারি ডিলারের সংখ্যা কত; এবং

(খ) ২০০০-২০০১ আর্থিক বছরে উক্ত ডিলারদের কাছ থেকে কী পরিমাণ আয় হয়েছে?

**আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সমগ্র মেদিনীপুর জেলায় লাইসেন্স প্রাপ্ত আবগারি ডিলারের সংখ্যা ৩৪৫। বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হল।

লাইসেন্স প্রাপ্ত ডিলারের সংখ্যা

| | মেদিনীপুর পূর্বাঞ্চল | মেদিনীপুর পশ্চিমাঞ্চল |
|---|---|---|
| দেশী মদ | ৩৩ | ৫৪ |
| বিদেশী মদ | ১১ | ১২ |
| বিদেশী মদ (অন্) | ২০ | ৬ |
| পচাই | ৬ | ১১০ |
| তাড়ি | ১৪ | ৯ |
| ভাঙ্ | ২৬ | ২৮ |
| আফিম্ | ৬ | ১০ |
| | ১১৬ | ২২৯ |

মেদিনীপুর জেলায় মোট আয় ১৩,৩৭,১১,৭৭৪ টাকা যার মধ্যে মেদিনীপুর পূর্বাঞ্চলের থেকে প্রাপ্ত ৫,২৪,২২,৬৩৩ টাকা এবং মেদিনীপুর পশ্চিমাঞ্চল থেকে ৮,১২,৮৯,১৪১ টাকা।

## ক্রীড়া বিদ্যালয়

***১১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৫) **শ্রী অজয় দে :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রতিটি জেলায় "সাই"-এর ধাঁচে ক্রীড়া (স্পোর্টস) বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ কার্যকর হতে পারে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এটা সত্য নয়। রাজ্য সরকার 'সাই'-এর সহযোগিতায় কয়েকটি স্কুল চালায়—এর প্রশাসনিক দিক সবটিই স্কুল শিক্ষা বিভাগ দেখেন। প্রতিটি জেলায় এ ধরনের স্কুল করার কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## বিবাহ নিবন্ধীকরণ

***১১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১৬) **শ্রী কমল মুখার্জি :** আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে 'বিবাহ নিবন্ধীকরণ' বাধ্যতামূলক কি না; এবং

(খ) হয়ে থাকলে, রাজ্যে বসবাসকারী সমস্ত সম্প্রদায়ের মানুষকেই কি উক্ত বাধ্যতামূলক নিবন্ধীকরণের আওতায় আনা হয়েছে?

**আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে রাজ্যে 'বিবাহ নিবন্ধীকরণ' বাধ্যতামূলক নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত শিক্ষক পদ

***১১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৪) **শ্রী গুরুপদ দত্ত :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগের জন্য অতিরিক্ত পদ সৃষ্টি করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) বিদ্যালয়গুলিতে চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগের প্রস্তাবিত পরিকল্পনার বাস্তবায়ন কবে নাগাদ হবে বলে আশা করা যায়?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) শিক্ষার্থী সংখ্যা ও আর্থিক বরাদ্দের বিষয় বিবেচনা করে অতিরিক্ত পদ সৃষ্টির চেষ্টা করা হবে।

(খ) আংশিক ভাবে উচ্চ মাধ্যমিক স্তরে চুক্তির ভিত্তিতে কোথাও কোথাও শিক্ষক নিযুক্ত হয়েছেন।

## পলিটেকনিক প্রশিক্ষণ কেন্দ্র

***১১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮২) **শ্রী অতীশচন্দ্র সিংহ :** কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মার্চ, ২০০১ পর্যন্ত সরকারের পরিচালনায় মোট কয়টি পলিটেকনিক প্রশিক্ষণ কেন্দ্র আছে; এবং

(খ) উক্ত প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে মোট শিক্ষার্থীর সংখ্যা কত?

**কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ২টি সরকার পোষিত (স্পনসর্ড) ও ২টি বেসরকারি পলিটেকনিক প্রতিষ্ঠান সহ মার্চ, ২০০১ পর্যন্ত রাজ্যে মোট ৩৯টি সরকার পরিচালনাধীন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং প্রদানকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান (পলিটেকনিক) রয়েছে।

(খ) চলমান শিক্ষাবর্ষ পর্যন্ত প্রতি বছরে ৫৫০০ জন শিক্ষার্থীর ভর্তির পরিপ্রেক্ষিতে, তিন বছরের শিক্ষাক্রমে আনুমানিক মোট ১৬,৫০০ জন

শিক্ষার্থী রয়েছে। এ ছাড়া ১২টি পলিটেকনিক প্রতিষ্ঠানে সান্ধ্যকালীন আংশিক সময়ের ৪ বছর মেয়াদী ডিপ্লোমা পাঠক্রম বছরে ৯৭০ জন ছাত্রের ভর্তির পরিপ্রেক্ষিতে আনুমানিক মোট ৩৫০০ জন ছাত্র বর্তমানে আছে।

**বিদ্যালয়ে বাধ্যতামূলক কম্পিউটার পাঠক্রম**

***১১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৬২) **শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার ষষ্ঠ শ্রেণী থেকে বিদ্যালয়গুলিতে বাধ্যতামূলক কম্পিউটার পাঠক্রম চালু করার পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) সত্যি হলে, বর্তমান আর্থিক বছরে (২০০১-২০০২) কতগুলি বিদ্যালয়ে উক্ত পাঠক্রম চালু করা হতে পারে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**মাধ্যমিক পাঠক্রমে সংস্কৃত**

***১২০।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০০) **শ্রী অজয় দে ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মাধ্যমিক পাঠক্রমে সংস্কৃত ভাষাকে আবশ্যিক করার কোনও পরিকল্পনা আছে কি না?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না; এরূপ কোনও পরিকল্পনা নেই।

**নতুন পলিটেকনিক কলেজ স্থাপন**

***১২১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯) **শ্রী রামপদ সামন্ত ঃ** কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০১-২০০২ শিক্ষাবর্ষে নতুন পলিটেকনিক কলেজ স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(খ) সত্যি হলে, (১) কতগুলি; এবং

(২) কোথায় কোথায় স্থাপিত হবে?

**কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

২। প্রশ্ন ওঠে না।

**খেলাধূলার মানোন্নয়নে ট্রেনিং স্কুল**

***১২২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪২৭) **শ্রী গুরুপদ দত্ত ঃ** ক্রিড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, খেলাধূলার মানোন্নয়নে প্রতি জেলায় ট্রেনিং স্কুল স্থাপনের পরিকল্পনা গৃহীত হয়েছে;

(খ) সত্যি হলে, (১) কোথায় কোথায় ও (২) কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এই ধরণের পরিকল্পনা ১৯৮৯ সাল থেকে চালু আছে।

(খ) এখনও পর্যন্ত জেলাস্তরে তেত্রিশটি অনাবাসিক ট্রেনিং স্কুল আছে—যার মধ্যে ২৪টিতে ফুটবল, ৫টিতে ভলিবল ও ৪টিতে সাঁতার প্রশিক্ষণ দেওয়া হয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received four notices of Adjournment Motion. The first one is from Shri Ambica Banerjee on

the subject of reported arrest of 16 criminals from Salt Lake Stadium Complex on 26.6.2001. The second one is from Shri Saugata Roy on the subject of reported arrest of Shri Karunanidhi, former Chief Minister of Chennai and two union Ministers on 30.6.2001. The third one is from Shri Kashinath Misra on the subject of reported refusal of the Union Government to take over M.A.N.C. of Durgapur. The last one is from Shri Abdul Mannan on the subject of alleged rigging and terrorism over municipal elections at Pujali, Garulia, Rajarhat, Gopalpur etc. on 1.7.2001.

The subject matter of the 2nd motion does not fall under the purview of the State Government. As such I reject the motion.

The first motion has already been raised in the House on 27.6.2001 and ruling has already been given on the issue.

The subject matters of the third and the fourth motions, the Members will have ample scope to raise the matter during the discussion on Budgets of the concern departments.

The Members may also invite attention of the Ministers concerned through calling attention, Motion, Question etc.

I, therefore, With hold my concent to both the motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি বিষয়ে আলোচনার জন্য এই সভার কাজ মুলতুবি রাখার জন্য আবেদন জানাচ্ছি। বিষয়টি হল—

"গতকাল পূজালী, গাড়ুলিয়া, রাজারহাট, গোপালপুর সহ কয়েকটি পৌরসভার সাধারণ ও উপ-নির্বাচনে শাসকদল, পুলিশ প্রশাসনকে নির্লজ্জভাবে ব্যবহার করে

নির্বাচনকে প্রহসনে পরিণত করেছে। ব্যাপক হারে রিগিং ও সন্ত্রাস সৃষ্টির ফলে সাধারণ মানুষের বিরাট এক অংশ ভোট দানের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে।"

[12-00 — 12-10 p.m]

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| Subjects | Name |
|---|---|
| (i) Alleged problem in supply of electricity at Palta | : Shri Tamonash Ghosh |
| (ii) Reported missing of one Arpita Ghosh, a Lawyer of Calcutta High Court since 28.6.2001 | : Shri Kashinath Misra |
| (iii) Introduction of enhanced fee in Colleges from July, 2001 | : Shri Dipak Kumar Ghosh |
| (iv) Reported attack on Shri Gyan Singh Sohanpal, M.L.A. are Nimpura in Midnapore on 30.6.2001 | : Shri Abdul Mannan |
| (v) Apprehended closure of Tyre Corporation of India Ltd., Tangra Unit. | : Shri Debesh Das |

I have selected the notices of Shri Debesh Das on the subject of apprehended closure of Tyre Corporation of India Limited, Tangra Unit.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha** : Sir, the statement will be made on 10th July, 2001.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker** : Now I call upon the Minister-in-Charge of Transport Department to make a statement on the subject of mis-appropriation of Rs. 18 Lakhs from Maniktala Depot. at Calcutta State Transport Corporation.

(Attention called by Shri Saugata Roy and Shri Sobhandeb Chattopadhyay separately on the 25th June, 2001.)

**Shri Subhas Chakraborty** : Mr. Speaker, Sir, With your kind permission I propose to inform the House in reply to the call attention motions raised by Shri Sougata Roy and Shri Sobhondeb Chattopadhyay that Calcutta State Transport Corporation has its own internal audit setup which is responsible for the preparation of provisional annual accounts and balance sheet. While preparing annual accounts for the year 1997-98. It came to the notice of the internal audit that all the deposits of Manicktala Depot supposed to be made in the bank were not traceable in the statements of deposits furnished by the bank. As this gave rise to the suspicios that there might have been defalcation, the internal audit started verifying deposits actually make to the bank with the remittance recorded in the Cash book of the depot. On verification of records, it transpired that during the period from August 1995 to 14th June, 2001, a total amount of Rs.17,93,226.26 was not actually deposited in the bank though the amount was shown in the Cash Book as deposited in the bank.

Since it appears that the amount of Rs. 17,93,226.26 have been misappropriated, FIR has been lodged against the 10 employees who are responsible for the remittance of the amount to the bank. On the basis of FIR, Police has started investigation and has already arrested five employees who are suspected to be involved in the misappropriation. Disciplinary proceedings have also been initiated against all of these employees for gross misconduct and for misappropriation of Corporation money. The concerned employees have also been placed under suspension.

.......(Noise and Interruption).........

.....(At this stage some Trinamul Congress members were seen assembled in the well and shouted slogans. They tried to disrupt the proceedings of House. Some of them prevented the Reporters from writing. It was also seen that a member from Trinamul Congress snatched the notebook of a Reporter and threw it away.)

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাই উনি সত্যিই যুবভারতী ক্রীড়াঙ্গনে ক্রিমিনালদের রেখেছিলেন কিনা?

**Mr. Speaker :** Not allowed. (গোলমাল)

## POINT OF INFORMATION

**মি. স্পিকার ঃ** মহম্মদ সেলিম, কবরস্থানের পাশে গাড়ি পার্কিং-এর বিষয়ে মাননীয় সদস্যা শ্রীমতী রোজমেরি ডিকস্টা হার্টের পয়েন্ট অফ্ ইনফরমেশনের পরিপ্রেক্ষিতে আপনার স্টেটমেন্ট পড়ুন। (Information placed on the floor of the House on 29.6.2001).

**শ্রী মহঃ সেলিম ঃ** পার্কস্ট্রিটের দক্ষিণপার্শ্বে অবস্থিত খৃষ্টানদের কবরস্থান সংলগ্ন রডন স্ট্রিটে কলকাতা পৌরসভা কর্তৃক উঁচুস্থানে গাড়ি পার্ক করার জন্য যে ব্যবস্থা করা হচ্ছে এবং সে কারণে কবরস্থানে যাতায়াতের যে অসুবিধা হতে পারে সে সম্পর্কে রাজ্য সরকার অবহিত। এই কবরস্থান অতি প্রাচীন এবং ঐতিহ্যবাহী। স্থানীয় মানুষজন ছাড়াও এদেশের, এমনকি বিদেশের কিছু দর্শনার্থীর আগমন এখানে ঘটে। কবরস্থানের পশ্চিমপার্শ্বে রডন স্ট্রিটে কোনওরকম গ্রহণযোগ্য বিকল্প যাতায়াতের

রাস্তার ব্যবস্থা না করে গাড়ি পার্কিং-এর জায়গা করলে নিঃসন্দেহে অসুবিধার সৃষ্টি হবে। বিশেষত পার্ক স্ট্রিট দিনের বেশিরভাগ সময় যানবাহনের জন্য একমুখী থাকায় অসুবিধা আরও বৃদ্ধির সম্ভাবনা আছে।

আমি মাননীয় সদস্যার মাধ্যমে বঙ্গীয় খৃষ্টীয় পরিষেবা ও Christian Burial Board কর্তৃপক্ষকে অনুরোধ করব যে, তারা যেন বিষয়টি নিয়ে কলকাতা পৌরসভা কর্তৃপক্ষের সাথে আলোচনায় বসেন। আমার বিশ্বাস এমন কোনও সমাধান সূত্র পাওয়া যাবে যার ফলে পৌর কর্তৃক গাড়ি পার্কিং-এর ব্যবস্থা করতে পারবেন এবং রডনস্ট্রিট দিয়ে কবরস্থানে যাতায়াতের বিকল্প রাস্তারও ব্যবস্থা হবে এবং Christian Burial Board কর্তৃপক্ষ যে Funeral Parlour তৈরি করার পরিকল্পনা নিয়েছেন তা বাস্তবায়িত করাও সম্ভব হবে।

**Shri Salim :** (At this stage some Trinamul Congress Members were seen rushing towards Hon'ble Speaker. Some Members were seen trying to snatch the Mace. A scuffle followed between the Members and the Securitymen.)...

**Mr. Speaker :** Mr. Sobhandeb Chattopadhyay, put your question to Subhas Chakraborty.

.....(noise and interruption)......

Mr. Sobhandeb Chattopadhyay, put your question.

....(noise and interruption).....

Mr. Sohandeb Chattopadhyay, for the last time I say, put your question to Subhas Chakraborty.

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** স্যার, আমি মাননীয় মন্ত্রী সুভাষ চক্রবর্তীর কাছে প্রশ্ন করতে চাই যে, উনি সল্টলেকে যে ক্রিমিনালদের রেখেছিলেন, সেই দায়িত্ব স্বীকার করে পদত্যাগ করবেন কি না?

**Mr. Speaker :** Not allowed.

Now the Chief Minister and Minister-in-Charge of Home (Police) Department will make a statement under Rule 346 on the subject of arrest of some criminals from the Salt Lake Stadium on 27.06.2001.

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** ২৯.৬.২০০১ তারিখে বিধায়ক শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়ের যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে কয়েকজন অপরাধীর গ্রেফতার সম্পর্কে উল্লেখের পরিপ্রেক্ষিতে আমি আমার বক্তব্য রাখছি ঃ—

পুলিশের প্রতিবেদন অনুযায়ী গত ২৬.৬.২০০১ তারিখে রাত ৯টা নাগাদ হাওড়া জেলার বাঁ্যাটরা থানার আই. সি. খবর পান যে এক কুখ্যাত অপরাধীর দল বাঁ্যাটরা থানার চ্যাটার্জিপাড়া মোড়ে পঞ্চাননতলা শিশু উদ্যানের কাছে পূর্ব-পশ্চিম বাইপাস রাস্তায় ডাকাতির উদ্দেশ্যে জড়ো হবে। বাঁ্যাটরা থানার আই. সি. খবরটি ২৬.৬.২০০১ তারিখের ১২৪২ নম্বরে জি. ডি. নথীভুক্ত করেন এবং কিছু পুলিশবাহিনী নিয়ে ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা হন। তারা খবরাখবর নিয়ে ঘটনাস্থলে পৌঁছান রাত ১টা ৪৫ মিনিট নাগাদ (২৭.৬.২০০১) এবং দেখতে পান যে একটা গাছ তলায় ১১/১২ জন লোক জড়ো হয়ে নিজেদের মধ্যে কথাবার্তা বলছে। ইতিমধ্যে ডি. এস. পি., টাউন (দক্ষিণ) হাওড়া ঘটনাস্থলে পৌঁছান। পুলিশবাহিনী ঐ সন্দেহভাজন লোকদের ঘিরে ফেলে এবং নিজেদের পরিচয় দিয়ে ঐ সন্দেহভাজন ব্যক্তিদের আত্মসমর্পণ করতে বলে। কিন্তু তারা পালিয়ে যাবার চেষ্টা করে। তাড়া করে পুলিশ এদের মধ্যে ৭ জনকে গ্রেপ্তার করে। বাকীরা পালিয়ে যায়। এদের কাছ থেকে দুটি ছ-ঘড়া রিভলবার, ৫টি সিঙ্গল স্টার (যার দুটিতে গুলি ভরা ছিল) বাজেয়াপ্ত করে। পুলিশের জেরায় ধৃত ব্যক্তিরা জানায় যে সম্ভবত বাকী লোকেরা সল্ট লেক স্টেডিয়ামে থাকতে পারে।

পুলিশ সঙ্গে সঙ্গেই সল্টলেক স্টেডিয়ামের উদ্দেশ্যে রওনা হয়। সল্টলেক স্টেডিয়ামে পৌঁছে পুলিশ সেখানকার ডর্মিটারিতে তল্লাশি চালিয়ে ১৬ জন ব্যক্তিকে সন্দেহ বশে জিজ্ঞাসাবাদের এবং পরিচিতি নির্ধারণের জন্য তুলে নিয়ে আসে। পূর্বে গ্রেপ্তার হওয়া ব্যক্তিরা এদের মধ্য থেকে ৪ জনকে চ্যাটার্জিপাড়া মোড়ে বাস ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া দলের সদস্য হিসাবে সনাক্ত করে। পুলিশ এই ৪ জনকে গ্রেপ্তার করে এবং বাকী ১২ জনকে কোনও অপরাধের সঙ্গে যুক্ত না থাকায় তাদের দেহ তল্লাশির পর ছেড়ে দেয়। পরবর্তীকালে ধৃত ৪ ব্যক্তির তল্লাশির

সময় তাদের কাছ থেকে মোট ১৯ রাউন্ড গুলি বাজেয়াপ্ত করা হয়। এ বিষয়ে ব্যাঁটরা থানায় ১২৭৪ নম্বর জি. ডি. এন্ট্রি করা হয় এবং আই. সি., ব্যাঁটরা থানার অভিযোগক্রমে ঘটনাটি ভারতীয় দণ্ড বিধির ৩৯৯।৪০২ ধারা এবং অস্ত্র আইনের ২৫।২৭।৩৫ ধারা অনুযায়ী ২৭.৬.২০০১ তারিখের ৫২ নম্বর কেস রুজু করা হয়।

তদন্তের সময় জানা যায় যে, ধৃত ঐ ১১ ব্যক্তি যারা হাওড়ার পূর্ব-পশ্চিম বাইপাস রাস্তায় বাস ডাকাতির উদ্দেশ্যে চ্যাটার্জিপাড়া মোড়ে জড়ো হয়েছিল তারা কুখ্যাত অপরাধী এবং হাওড়া ও তার পার্শ্ববর্তী জেলাগুলিতে জঘন্য অপরাধের সঙ্গে যুক্ত। ধৃত ১১ জন অপরাধীর নাম—(১) রবীন্দ্রনাথ মণ্ডল, (২) তরুণ চক্রবর্তী ওরফে টোটন (৩) অমিত সাহা, (৪) সুরজিৎ দাস, (৫) উত্তম সিং, (৬) মনোজ শর্মা, (৭) তারক থাপা, (৮) রাজা ছেত্রী, (৯) মহম্মদ শম্মি, (১০) দিগ্বিজয় মৈত্র এবং বিনয় সরকার।

(Noise)

**Mr. Speaker :** আপনি পড়ুন, You make your statement.

(Noise)

**(At this stage, Shri Buddhadeb** Bhattacharjee was still trying to make the statement.) (Noise)

**Mr. Speaker :** The statement cannot be read. It will be laid on the Table. Now, we will go to the next business.

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, the statement is taken as read.

পুলিশি তদন্তে আরও প্রকাশ পায় যে, জনৈক পলাশ দাস, যে হাওড়া জেলার অনেক মামলায় সে এই দলের নেতা। কিন্তু পলাশ দাসকে চ্যাটার্জিপাড়া মোড় বা সল্টলেক স্টেডিয়াম থেকে গ্রেপ্তার করা যায়নি। তদন্তের সময় যুবভারতী ক্রীড়াঙ্গনের যুব আবাস (ইউথ হস্টেল)-এর অ্যাকোমডেশন সংগ্রহ করা হয় এবং পরীক্ষাকালে জানা যায় যে এই অপরাধীদের কারোর নামই ঐ রেজিস্টারে নেই।

স্টেডিয়ামের সঙ্গে যুক্ত জনৈক তাপস ঘোষদস্তিদারকে গ্রেপ্তার করা হয়েছে এবং জিজ্ঞাসা চলছে। আর একজন গোবিন্দ দে কে পুলিশ খুঁজছে কিন্তু সে পলাতক।

স্টেডিয়ামের ভিতরে এই ঘটেছে বলে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে জানতে চেয়েছি— কিভাবে এই অপরাধীরা স্টেডিয়ামের মধ্যে জায়গা পেয়েছিল।

এখন পর্যন্ত যতদূর তদন্ত হয়েছে তাতে আমি সন্তুষ্ট নই এবং অপরাধের গুরুত্ব বিবেচনা করে তদন্তের ভার সি. আই. ডি.-র উপর ন্যস্ত করার সিদ্ধান্ত নিয়েছি।

## MENTION CASES

[12-10 — 12-20 p.m.]

**শ্রী মাণিক আচার্য্য ঃ** মিঃ স্পিকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে শিল্পমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে কেন্দ্রীয় সরকার কারখানাগুলি বন্ধ করার চক্রান্ত করছে। (প্রচণ্ড গোলমাল)

আপনি জানেন যে আমাদের কুলটি এবং বার্ণপুর কারখানাকে বন্ধ করে দেবার চক্রান্ত চলছে। ১৮৭০ সাল থেকে এটা চালু হয়েছে। কয়েকদিন আগে থেকে এটা বন্ধ হয়ে গেছে। ট্রেড ইউনিয়ন ঠিক করেছে এই কারণে আন্দোলন করবে। কেন্দ্রীয় সরকার এই কারখানাকে বি আই এফ আর এ পাঠিয়ে দিচ্ছে। তাই এই ব্যাপারে মাননীয় শিল্পমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(এই সময় কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস ওয়াক আউট করে।)

**শ্রী কাশিনাথ মিশ্র ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, দিনের পর দিন এদের অসভ্যতামো চলছে। স্যার, এদের বের করে দিন। এরা কোনও রীতি নীতি মানে না। এরা অসভ্যতামোর চূড়ান্ত ঘটনা ঘটাচ্ছে। এদের বের করে দিন।

**শ্রী আবদুল মান্নান ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উত্থাপন করতে চাই। স্যার, তামিলনাড়ুতে গত কয়েকদিন ধরে যে ঘটনা ঘটছে তা অভাবনীয়। এই সমস্ত যারা সাম্প্রদায়িক শক্তি, মৌলবাদী শক্তি,

যারা আমাদের দেশ পরিচালনা করছেন, তারা সংবিধানের নিয়ম কানুন লঙ্ঘন করছে। এমন কি দলীয় স্বার্থে তারা রাজ্যপালকে পর্যন্ত রেহাই দিচ্ছে না। যাদের নাকি মন্ত্রিসভা থেকে পদত্যাগ করতে হয়। তহলকাতে যাদের নাম রয়েছে সেই জর্জ ফার্ণাণ্ডেজ তিনি ওখানে গিয়ে ওই রাজ্যের গণতন্ত্রকে ধ্বংস করার জন্য একটার পর একটা ব্যবস্থা নিচ্ছে। আমরা জানি যে, যে ভাবে করুণানিধিকে গ্রেপ্তার করা হয়েছে, যে আচরণ করা হয়েছে তার সঙ্গে সেটাও আমরা সমর্থন করি না কিন্তু তার পাশাপাশি এই ভাবে সংসদীয় গণতন্ত্রের উপর হস্তক্ষেপ, রাজ্য সরকারের যে নিয়মকানুন আছে তাকে ধ্বংস করে যে ভাবে রাজ্যপালকে বরখাস্ত করা হল, সংসদীয় গণতন্ত্রের উপর একটা বিশেষ আঘাত বলে আমি মনে করি। আপনার মাধ্যমে এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি। এর বিরুদ্ধে আমাদের হাউসের কি অভিমত সেটা রাষ্ট্রপতির কাছে জানানো হোক।

**শ্রী সৌগত রায় ঃ** (অনুপস্থিত)

**শ্রী ইউনুস সরকার ঃ** স্যার, আমি একটা গভীর সমস্যার কথা এখানে তুলে ধরতে চাই। স্যার, এলাকায় অনেক সমস্যা রয়েছে সেই সমস্যার কথা আমরা এখানে তুলে ধরতে চাই। কিন্তু কংগ্রেস এবং তৃণমূল যেভাবে আচরণ করছে তাতে আমরা আমাদের সমস্যার কথা তুলে ধরতে পারছি না। হাউসের মধ্যে ওরা গুন্ডামি করছে, আমরা আমাদের সমস্যার কথা বলতে পারছি না। এগুলো অবিলম্বে বন্ধ হওয়া দরকার। আমাদের এলাকায় কিছু সমস্যা আছে যেমন মাইনরিটি কমিউনিটি লোন এর প্রশ্নে আমি কিছু কথা এখানে বলতে চাই। স্বনিযুক্তি প্রকল্পে যারা ঋণ পাচ্ছে তাদের ঋণ দেওয়ার ক্ষেত্রে ব্যাঙ্কগুলো বাধার সৃষ্টি করছে। তাদের নিয়ে বসা দরকার। আজকে যাতে সহজে তারা ঋণ পেতে পারে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী অশোক দেব ঃ** (অনুপস্থিত)

**শ্রীমতী অসীমা চৌধুরী ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র মাণিকচক থেকে মালদহ যাওয়ার পথে চণ্ডীপুর ব্রিজ ছিল। সেই ব্রিজ কয়েক বছর ধরে খারাপ হয়ে আছে মাণিকচক থেকে মালদা যাওয়ার একটা অস্থায়ী রাস্তা আছে। এই রাস্তা বর্ষার জল পড়লে নষ্ট হয়ে যায়। তখন নৌকো করে যাওয়া ছাড়া কোনও উপায় থাকে না। চণ্ডীপুর

ব্রিজটি করার ব্যাপারে হয়তো কোন পরীক্ষা নিরীক্ষার ব্যাপার আছে। কিন্তু অস্থায়ী রাস্তা যেটা আছে সেটাকে সারানো হলে সাধারণ মানুষ এই অবস্থার থেকে মুক্তি পেতে পারে। এই বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Subrata Mukherjee :** Not present.

**শেখ মাজেদ আলি ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত দ্বাদশ নির্বাচনের সময়ে আমাদের থানায় পি. এস. লেভেল কমিটি ঠিক করা হয়। পি. এস. কমিটি এটা বসছে না। সমস্ত ও. সি., পুলিশের একাংশ এবং তৃণমূলের মদতে পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা ব্যাহত হচ্ছে।

থানায় যে অফিসাররা আছেন তাদের সামাজিক দায়বদ্ধতার মধ্যে আনতে চাই। আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে আমি অনুরোধ করছি যাতে পি. এস. কমিটি নির্দিষ্ট সময় বসে সেই দিকে দৃষ্টি দেওয়ার জন্য।

**শ্রী মোহন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে সব জুট মিল, ইঞ্জিনিয়ারিং শিল্প এবং বস্ত্রশিল্পে যাদের সাড়ে ৩ হাজার টাকার উর্ধ্বে মাহিনা তারা সমস্ত বোনাস থেকে বঞ্চিত হয়েছে। আমরা বামপন্থীরা অনেক ট্রেড-ইউনিয়ন আন্দোলন সংগ্রামের মধ্যে দিয়েই বোনাসটা আদায় করেছিলাম। কিন্তু কেন্দ্রের বি. জে. পি. সরকার এবং তার দোসর তৃণমূল যৌথভাবে মালিকদের পক্ষ নিয়ে শ্রমিকদের বোনাস থেকে বঞ্চিত করছেন। আমি বলতে চাইছি সাড়ে ৩ হাজার টাকা মাহিনা যে সব কর্মচারিদের আছে বোনাসের জন্য তাদের উর্ধ্বসীমা বাড়িয়ে সর্বদলীয় একটা কমিটি গঠন করে ওই কেন্দ্রীয় সরকারের কাছে বোনাস আইন সংশোধন করে যাতে সিলিং তুলে দিয়ে শ্রমিকদের বোনাস থেকে বঞ্চিত না করা হয় তার জন্য ব্যবস্থা গ্রহন করবেন এই আবেদন রেখে বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুবভারতী ক্রীড়াঙ্গনে একটা ঘটনা ঘটেছে। পুলিশ আইনমতো তার ব্যবস্থা করছে, তদন্ত হচ্ছে। এই ঘটনাকে কেন্দ্র করে এখানে চোরের মায়ের বড় গলা করে বিরোধীরা এটাকে কেন্দ্র করে বিধানসভায়—অন্য অনেক মাননীয় সদস্যরা তাঁদের এলাকার বক্তব্য রাখার সুযোগ পাচ্ছেন না। দিনের পর দিন কর্মচারীদের উপর অত্যাচার, ভাঙচুর এবং নানা

রকম গণ্ডগোল সৃষ্টি করেই চলেছেন। আমি মনে করি আইন আইনের পথেই যাচ্ছে। ক্রিমিনাল কারা? আমার মনে হচ্ছে যাদের ধরা হয়েছে সেখানে একটা চক্রান্ত আছে, ষড়যন্ত্র আছে। এই তৃণমূল যাঁরা করছেন, বিরোধী পক্ষ এঁরা এই চক্রান্তের মধ্যে আছেন। এক শ্রেণীর পুলিশও এর সঙ্গে যুক্ত আছে, গত নির্বাচন থেকে এটা দেখে আসছি। এ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর বক্তব্য রাখবেন। এইভাবে দিনের পর দিন এই বিরোধী পক্ষরা চলছেন, এটা নির্বাচনের আগেও দেখেছি, আজকে বিধানসভার মধ্যে গণ্ডগোল বাঁধাবার চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে রিপোর্টাররা আছেন, জার্নালিস্টরা আছেন নির্বাচনের আগে এঁদের একটা অংশের ভূমিকাও আমরা দেখেছি। এঁদের সমাজবিরোধীরা চারিদিকে গুণ্ডামি, ছিনতাই, রাহাজানি করে চলেছে, সেটাকে চাপা দেওয়ার জন্য—তার প্রমান কেশপুরে, হীরাপুরে এরা গণ্ডগোল সৃষ্টি করেছে, খুন করেছেন, ছিনতাই করেছে সেই সব চাপা দেওয়ার জন্য এবং আজকে বামফ্রন্টকে অপমান করার জন্য চক্রান্ত করছে।..... (এই সময় মাইক অফ্ হয়ে যায়)

[12-20 — 1-30 p.m.]

(Including adjournment)

## ZERO HOUR

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** (হাউজে উপস্থিত নেই)।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় প্রাকৃতিক দুর্যোগে কয়েক দিন আগে গরিব মানুষদের মাটির বাড়ি পড়ে গেছে এবং তারা অসহায় অবস্থায় জীবন কাটাচ্ছে। হাওড়া জেলার উলুবেড়িয়া, শ্যামপুরে যে গরিব মানুষ থাকে তাদের ঘরবাড়ি সব পড়ে গেছে। এই গরিব মানুষদের ত্রিপল ও সরকারি সাহায্য দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধক্ষ্য মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর ও মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষন করছি। তফশিলি জাতী এবং উপ-জাতি অধ্যুষিত এলাকাগুলোতে শিশু শিক্ষা কেন্দ্র আছে। এবং বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে 'সকলের জন্য শিক্ষা'। তফশিলি এলাকাতে শিশু শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী

পর্যন্ত পড়ানো হয়। কিন্তু সেখান থেকে চতুর্থ শ্রেণী পাস করার পর অন্য স্কুলে পঞ্চম শেণীতে ভর্তি হতে সমস্যা হচ্ছে। গ্রামের হাইস্কুল, জুনিয়র হাইস্কুলে যারা ঐসব শিশু শিক্ষা কেন্দ্র থেকে পাশ করে ভর্তি হতে যাচ্ছে তারা সার্টিফিকেটের অভাবে সেখানে ভর্তি হতে পারছে না। শিশু শিক্ষা কেন্দ্র থেকে চতুর্থ শ্রেণীতে পাশ করার পর শিক্ষার্থীকে কোনও সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। শিশু শিক্ষা কেন্দ্র থেকে চতুর্থ শ্রেণীতে পাশ করার পর যাতে শিক্ষার্থীদের সার্টিফিকেট দেওয়া হয় এবং তার ভিত্তিতে ছাত্র-ছাত্রীরা অন্য স্কুলে পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে পারে তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে আছেন, যদি এ ব্যাপারে কিছু বলেন।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় রাজ্য সরকারের একটা গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। তামিলনাড়ুর মাননীয়া রাজ্যপালকে একটা নজিরবিহীন ঘটনার মধ্যে দিয়ে অপসারণ করা হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার ১.৩০ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1-30 — 1-40 p.m.]

(After adjournment)

## DISSCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANT

### Demand No. 30

**Mr. Speaker :** There are 118 cut motions on Demand No. 30. The cut motions are by Shri Kalipada Mondal, Shri Abdul Mannan, Shri Dipak Kumar Ghosh, Shri Choudhury Mohan Jatua, Shri Bankim Chandra Hazra, Shri Nirbed Roy, Shri Tarak Bandyopadhyay, Shri Deba Prasad Sarkar, Shri Sital Kumar Sardar, Shri Gyan Singh Sohanpal, Shri Abdul Mannan, Shri Ajit Bhunia, Shri Gobinda Chandra Naskar, Shri Tamonash Ghosh, Shri Jyoti Priya Mallick, Dr. Asish Banerjee, Shri Biman Chakraborty, Shri

Manturam Pakhira, Shri Moloy Ghatak, Shri Nirmal Ghosh, Shri Ajoy Dey, Shri Ardhendu Maity, Shri Kashinath Misra, Shrimati Manju Basu, Shri Pundarikakshya Saha, Shri Pankaj Banerjee, Shri Subrata Bakshi, Shri Arup Bhadra, Shri Tanmoy Mondal, Shri Rabindra Nath Chatterjee, Smt. Sonali Guha, Shri Sadhan Pande, Shri Mostaque Alam, Shri Mahabubul Haque, Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, Dr. Soumen Kumar Mahapatra, Shri Kallol Khan & Shri Saugata Roy. All the members except Shri Deba Prasad Sarkar are absent. As such they are not moved.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Re.1.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়গন যে শিক্ষা বাজেট পেশ করেছেন সেই বরাদ্দের উপর আলোচনা করতে গিয়ে আমি প্রথমে বলতে চাই যে, এই বাজেট ভাষণে বলেছেন যে, সার্ব্বজনীন প্রারম্ভিক শিক্ষার উপর সরকার সর্বাধিক গুরুত্ব দিচ্ছেন এবং গুরুত্ব দিতে গিয়ে, কিভাবে গুরুত্ব দিচ্ছেন সেটা আমি অনুধাবন করতে পারছি না। গুরুত্ব দিচ্ছেন— '৫ বছর থেকে ১৪ বছর বয়স পর্যন্ত সমস্ত শিশুদের অবৈতনিক ও আবশ্যিক শিক্ষা ব্যবস্থার আওতাভুক্ত করা আমাদের সাধ্যাতীত।' গুরুত্ব কি ভাবে হবে?

আবার কয়েক লাইন পরেই বলেছেন, 'গত কয়েক বছরে অনুমোদন দেওয়া ২,৫০০ নতুন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ, অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ এবং পুরানো প্রাথমিক বিদ্যালয়সমূহের মেরামতি ও পুনর্গঠনের জন্য যথেষ্ট অর্থ মঞ্জুর করা হয়েছে।' মাননীয় কান্তি বিশ্বাস মহাশয় এই আড়াই হাজার সংখ্যাটা কোথায় পেলেন আমি জানিনা! স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডেক্সে যে কথা বলা হয়েছে তার সঙ্গে ওঁর ভাষণের কোনও মিল নেই। পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষার আজকে যে কি করুন অবস্থা তাই আমি প্রথমে বলতে চাই। এটা আমার কথা নয়, এই বিধান সভার সাবজেক্ট কমিটির রিপোর্টে বলা হয়েছে—'সার্ব্বজনীন প্রাথমিক শিক্ষার প্রতিবন্ধকতা এবং সম্ভাবনা প্রসঙ্গে'— "এ রাজ্যে এখনো ২,৪৮৫টি বিদ্যালয়ে কোনও ঘর নেই। ১১,২০৪টি বিদ্যালয় এক কক্ষ বিশিষ্ট। অন্তত ২০ ভাগ ক্ষেত্রে পায়ে হাঁটা দূরত্বের মধ্যে কোনও বিদ্যালয় নেই।" এ ছাড়াও আরো অনেক করুন অবস্থার কথা উল্লিখিত

হয়েছে। আমি আর সেগুলি বলার জন্য সময় নিতে চাইছি না। প্রাইমারি স্কুলে শিক্ষকের অবস্থা কী? এখনো বহু বিদ্যালয়ে ছাত্র শিক্ষকের অনুপাত ৪০:১ নেই। যে সমস্ত শিক্ষকরা অবসর গ্রহণ করেছেন তাঁদের জায়গায় শিক্ষক নিয়োগ বিলম্বিত হচ্ছে। শতকরা প্রায় ৮ ভাগ বিদ্যালয় এক শিক্ষক বিশিষ্ট এবং শতকরা ২৯ ভাগ দুই শিক্ষক বিশিষ্ট। তারপর সাবজেক্ট কমিটির রিপোর্টে বলা হচ্ছে, 'কোঠারি কমিশনের সুপারিশ মতো ৪০ জন ছাত্র প্রতি একজন শিক্ষক রাখতে হলে এখনই এ রাজ্যে ৩৯,০০০ শিক্ষক নিয়োগ করতে হবে। 'আজকে পশ্চিম বাংলার বিদ্যালয়গুলি এই রকম একটা করুন অবস্থার মধ্যে কাজ করতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণটি লক্ষ্য করলে দেখা যাচ্ছে ১০ বছরের মধ্যে, ১৯৯০-৯১ সাল থেকে ১৯৯৮-৯৯ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি পায়নি। স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডেক্সের টেবিল ১৩.৪, সেখানে আছে ১৯৯১-৯২ সালে রাজ্যে মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ৫১,৫২১টি। আপ টু ১৯৯৭-৯৮ সে সংখ্যা সে জায়গায়ই দাঁড়িয়েছিল—৫১,৫২১। তারপর ১৯৯৮ সালে হল ৫২,১২৩। তারপর ১৯৯৯-২০০০ সালে সেই সংখ্যা একটু বেড়ে হল ৫৫,৪৩৩, কিন্তু এর মধ্যে শিশু শিক্ষা কেন্দ্র ৩,৪৮টি ধরা হয়েছে। অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা শিশু শিক্ষা কেন্দ্র বাদ দিয়ে অ্যাপেন্ডেক্সে ৫২,৩৮৫ গুলো দেখানো হয়েছে। স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডেক্সে আরো আছে, ২০০০-২০০১ সালের প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ৬০,৩১৬।

কিন্তু তার মধ্যেও শিশু শিক্ষা কেন্দ্র ৭,৯৩১। অর্থাৎ ওটা বাদ দিলে ফিগারটা হয়ে যায় ৫২,৩৮৫। আমরা দেখছি ১৯৯৮-৯৯ সালে আগের বছরের তুলনায় ৬০১টি প্রাথমিক বিদ্যালয় বেড়েছে। ১৯৯৯-২০০০ সালে ২৬২-টি বেড়েছে। আর ২০০০-২০০১ সালে আদৌ বাড়ে নি। তাহলে ৬০২ এবং ২৬২ যোগ করলে গত তিন বছরে ৮৬৪টি প্রাথমিক বিদ্যালয় বেড়েছে। কিন্তু তার আগের ১০ বছর স্ট্যাটিক্।

[1-40 — 1-50 p.m.]

অথচ আপনি এখানে যে ফিগার দিয়েছিলেন সেখানে বলছেন, গত কয়েক বছরে অনুমোদন দেওয়া ২,৫০০ হাজার প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অধিকাংশই চালু হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এইভাবে হাউসকে বিভ্রান্ত করা ঠিক নয়। যেখানে মাত্র ৮৬৪টি প্রাথমিক বিদ্যালয় চালু হয়েছে সেখানে আপনি আনুমানিক

বলে দিলেন ২,৫০০ হাজারের মধ্যে অধিকাংশই চালু হয়েছে। ফলে একটা করুণ চিত্র প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে দেখতে পাচ্ছি। সম্প্রতি—আপনি বোধহয় জানেন—রাজ্য মানবাধিকার কমিশনের কাছে একটা স্বেচ্ছাসেবী সংগঠন রাজ্যে ৫ থেকে ১৪ বছর পর্যন্ত বয়সের ছাত্র-ছাত্রীদের বুনিয়াদী শিক্ষার উপযুক্ত ব্যবস্থা না থাকার ফলে, তারা সকলে যাতে বুনিয়াদী অবৈতনিক শিক্ষা পায়—এইরকম আবেদন স্বেচ্ছাসেবী সংগঠন করে। সেই আবেদনের ভিত্তিতে রাজ্যের মানবাধিকার কমিশন এই ৫ থেকে ১৪ বছর বয়স্ক শিশুরা যাতে অবৈতনিক প্রাথমিক শিক্ষা পায় তার জন্য ব্যবস্থা যাতে করা যায় সেই মর্মে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে একটা চিঠি দিয়েছে এবং সেই চিঠির রেফারেন্স হিসাবে আরো দিয়েছে যে, সুপ্রীম কোর্টের সাম্প্রতিক যে রায়—৫ থেকে ১৪ বছর বয়স্ক শিশুদের অবৈতনিক শিক্ষা যে বাধ্যতামূলক, মৌলিক অধিকার সেই মৌলিক অধিকারের কথা সেই চিঠিতে স্মরণ করিয়ে দেয়। কিন্তু আপনার এই বাজেট ভাষণে, "৫ থেকে ১৪ বছর বয়স্ক সমস্ত শিশুদের অবৈতনিক ও আবশ্যিক শিক্ষার ব্যবস্থা আওতাভুক্ত করা আমাদের সাধ্যাতীত"—এই কথা বলে সংবিধানে যে দায়বদ্ধতা আছে সেই দায়বদ্ধতা থেকে সরে আসলেন। তারপর শিক্ষার অগ্রগতির কথা বলেছেন। সেখানে আমরা দেখতে পাচ্ছি, শিক্ষার অবস্থা কি রকম? বিদ্যালয় স্তরে শিক্ষার মান কি রকম নেমে গেছে তা ড্রপ-আউটের সংখ্যা দেখলেই বোঝা যায়। এক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, ২০০০ সাল শেষ হওয়ার আগে বিদ্যালয়গুলিতে শতকরা ৪২ ভাগ স্কুল ছুট হয়ে যাচ্ছে। এটা আপনার কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন দপ্তর ২০০০-২০০১ সালে যে তথ্য তারা পরিবেশন করেছেন তা থেকে দেখতে পাচ্ছি এই হচ্ছে চিত্র। তারা বলছে, প্রাথমিক বিদ্যালয় থেকে ছাড়ছে শতকরা ৫৪ জনের বেশি। অষ্টম শ্রেণীর আগে ৭১ শতাংশ এবং দশম শ্রেণীতে স্কুল ছুটের সংখ্যা দাঁড়াচ্ছে ৮২ শতাংশ। সারা ভারতবর্ষের ক্ষেত্রে বিদ্যালয়ে এই ড্রপ-আউটের সংখ্যা বিচার করলে পশ্চিমবাংলার স্থান খুবই করুণ, মানে তৃতীয়। এর আগে সিকিম, তারপর বিহার, তারপর হচ্ছে পশ্চিমবাংলা। এটা কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন দপ্তরের রিপোর্ট থেকে পাওয়া যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি আজকে আপনার বাজেট ভাষণে এবং এ ছাড়াও ইতিপূর্বে মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন, শিক্ষার যে ব্যয়-ভার সেটা রাজ্যে বাড়ছে, বাড়বে শিক্ষার খরচ। যেটা অত্যন্ত দূর্ভাগ্য, এই বামফ্রন্ট সরকার গত নির্বাচনের আগে পর্যন্ত জনগণের কাছে দাবি করতেন সাফল্যের অন্যতম দৃষ্টান্ত দেখিয়ে যে দ্বাদশ শ্রেণী পর্যন্ত তারা অবৈতনিক করেছেন, টিউশন ফি নেননি।

জনগণের কাছে তারা দাবি করতেন তাদের সাফল্যের একটা অন্যতম দৃষ্টান্ত হিসাবে যে তারা দ্বাদশ শ্রেণী পর্য্যন্ত শিক্ষাকে অবৈতনিক করেছেন, টিউশন ফিস নেন না। আজকে সেই অবস্থান থেকে সরে এসে তারা আবার টিউশন ফিস চালু করবেন বলছেন। তারা বলছেন বিদ্যালয় থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় স্তর পর্য্যন্ত ফিস, ডোনেশান এগুলি ভীষণভাবে বাড়ানো হবে। একথা ঠিক যে টিউশন ফিস না নিলেও আপনারা ডেভেলপমেন্ট ফিস এবং অন্যান্য নানান ফিসের নাম করে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কাছ থেকে ফিস নিতেন। অর্থাৎ টিউশন ফিস না নিলেও আপনারা উন্নয়ন এবং আদার চার্জেস—এই নামে ছাত্রছাত্রীদের কাছ থেকে টাকা নিতেন। ফলে নামে শিক্ষা অবৈতনিক থাকলেও অনেক দিন ধরে এইভাবে আপনারা ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকদের কাছ থেকে ফিস নিয়ে তাদের উপর চাপ বাড়িয়ে এসেছেন। সরকার এখন আবার সিদ্ধান্ত নিয়েছেন যে তারা কিছু কিছু ক্ষেত্রে প্রয়োজনে বেসরকারি সাহায্য নেবেন। অর্থাৎ বেসরকারি হাতে তারা শিক্ষাকে তুলে দেবেন। এতে যদি শিক্ষা ব্যয়বহুল হয় তাতেও সরকারের কোনও অসুবিধা নেই—এই রকম একটা ভাব নিয়ে চলেছেন। পরিষ্কারভাবে সরকার বলছেন যে, সব জিনিসের যেখানে দাম বাড়ছে সেখানে স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ে ফিস নেওয়া হবে না বা ফিস বাড়বে না—এ কি কখনও হয়? তারা বলছেন, ছাত্ররা এতো টাকা দিয়ে টিউশনি পড়তে পারে, মারুতি গাড়ি চাপতে পারে, একশো টাকা দামের আইসক্রিম খেতে পারে। ফলে ছাত্রদের অভিভাবকদের অনেক পয়সা হয়েছে, তারা স্বচ্ছল হয়েছেন কাজেই অন্যান্য জিনিষের দাম যেমন বাড়বে তেমনি শিক্ষার ক্ষেত্রেও বেতন বাড়াতে তাদের আপত্তি নেই। এই রকম একটা যুক্তি আজকাল তারা খাড়া করছেন। মারুতি গাড়ি চড়তে পারে দু/একজন, আইসক্রিম একশো টাকা দিয়ে কিনে খেতে পারে দু/একজন—এইসব ছাত্রছাত্রী, তারা সমাজের কতটুকু অংশ? কিন্তু তা চিন্তা না করে এইসব বলে তারা ফিস বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন। আজকে এই নিদারুন বেকার সমস্যার দিনে, কর বৃদ্ধির দিনে লে অফ, লক আউটের দিনে মানুষের জীবন যখন নানান দিক থেকে বিপর্যাস্ত তখন সরকার আরও একটা বোঝা ছাত্রছাত্রীদের উপর চাপাচ্ছেন। আজকে এই যে শতকরা ৮২ জন ড্রপ আউট তাদের বেশিরভাগ বিদ্যালয় ছেড়ে দিতে বাধ্য হয় পয়সার অভাবে। আর গরিব ছাত্র যারা পড়াশুনা চালিয়ে যাচ্ছে তারা কি রকম কষ্ট করে পড়াশুনা চালিয়ে যাচ্ছে তা ভুক্তভোগীরাই জানেন। নিজেরা টিউশনি করে, ভ্যান রিক্সা চালিয়ে গরিব ছাত্ররা লেখাপড়া চালিয়ে যাচ্ছে। অথচ সরকার থেকে যুক্তি দেওয়া হচ্ছে,

আয় বেড়েছে সুতরাং ফিস বৃদ্ধি হবে না কেন? স্যার, আমরা জানি, বামপন্থীদের সংগ্রামের মঞ্চ থেকে এই পশ্চিমবাংলায় দীর্ঘদিনের দাবি হচ্ছে শিক্ষাকে অবৈতনিক করতে হবে এবং সকলের কাছে শিক্ষাকে পৌঁছে দিতে হবে। আজকে এই সরকারের কাছে আমার প্রশ্ন, এইভাবে শিক্ষার ব্যয়ভার বৃদ্ধি করলে শিক্ষার দ্বার সকলের জন্য উন্মুক্ত হবে, প্রসারিত হবে, না কি বন্ধ হবে সেটা বলুন? আজকে ফিস বৃদ্ধির মতন একটা মারাত্মক সিদ্ধান্ত আমরা দেখছি এই সরকার নিয়েছেন। স্যার, দুর্ভাগ্যের বিষয়, শাসক দল যারা নিজেদের বামপন্থী বলেন তাদের পক্ষ থেকে বলা হচ্ছে, এই ফিস বৃদ্ধির জন্য জনমত গড়ে তুলতে হবে। আপনারা জানেন, শুধু আজকে নয়, এই পশ্চিমবাংলায় সকলের জন্য শিক্ষাকে পৌঁছে দেওয়ার যে দাবি এবং শিক্ষার ব্যয়ভার বহন করুক সরকার—এই যে দাবি এই দাবি স্বাধীনতা আন্দোলনের যুগ থেকে চলে আসছে। তখন থেকেই দাবি করা হচ্ছে যে রাজ্যের বাজেটের সিংহভাগ অর্থ শিক্ষার জন্য ব্যয় করতে হবে কারণ শিক্ষা হচ্ছে মানুষের জন্মগত অধিকার। আজকে কিন্তু ঐ কংগ্রেস এবং বিজেপির মতো আপনারাও শিক্ষাকে কার্যত যেভাবে ব্যয়বহুল করে তুলেছেন, বেসরকারি হাতে তুলে দিচ্ছেন, তার ফলে শিক্ষাকে পণ্যের মতো দেখা হচ্ছে, সেভাবেই শিক্ষায় ব্যয়ভার বৃদ্ধি করে তাকে সঙ্কুচিত করা হচ্ছে।

[1-50 — 2-00 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন যে, শিক্ষার উপর সরকার গুরুত্ব দিয়েছেন। কিভাবে গুরুত্ব দিয়েছেন? শিক্ষা বাজেটের আজকে কি অবস্থা? শিক্ষা বাজেট ১৯৯৯-২০০০ সালে ৪টি হেডে ব্যয়বরাদ্দ ছিল ৪৯৯৪ কোটি ৪২ লক্ষ ৪ হাজার টাকা, আজকে ২০০১-০২ সালে ইতিমধ্যে লোকসভাতে যা ঘটেছে তার তুলনায় আনুপাতিক বাজেট আনতে গেলে যেখানে আরো বেশি হওয়া উচিত ছিল সেখানে যে বাজেট পেশ করেছেন তাতে ৪২৪২ কোটি ৬৪ লক্ষ ৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। অর্থাৎ বরাদ্দটা ১৯৯৯-২০০০ সালের থেকে অনেক কমিয়ে দেওয়া হয়েছে। আজকে শিক্ষার দায়ভার থেকে সরে আসছেন এবং বেসরকারি হাতে শিক্ষাকে তুলে দিতে চাইছেন, এটা তারই দৃষ্টান্ত। বাজেটের মধ্যে দিয়েই এটা বোঝা যাচ্ছে। এছাড়া যতটুকু ব্যয়—বাজেটের ২৫ পারসেন্ট বলেন—সেটা ব্যয়বরাদ্দের কতটা? বাজেটের ৯৫ পারসেন্ট শিক্ষকদের বেতনের জন্য ব্যয় হয়, আর মাত্র ৫ পারসেন্ট অন্যান্য শিক্ষা ডেভেলপমেন্টের জন্য ব্যয় হয়। প্রাইমারি

শিক্ষার জন্য সরকারের ব্যয়-বরাদ্দ দিনের পর দিন কমে যাচ্ছে। শিক্ষা আজকে এভাবে নেগলেকটেড। আপনি বলেছেন, শিক্ষার উপর আপনি গুরুত্ব দেবেন, কিন্তু আজকে শিক্ষার কি অবস্থা! তারপর শিক্ষায় যে নীতি নিয়ে চলছেন সেই নীতির কথা আমি পরে বলব। এছাড়া আজকে মাধ্যমিক বলুন বা কলেজ, বিশ্ববিদ্যালয় স্তর বলুন, আজকে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের কি অবস্থা? আমি আপনার কাছে প্রশ্নের মাধ্যমে জানতে চেয়েছিলাম প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকের শূন্যপদের সংখ্যা কত, কিন্তু তার উত্তর আপনি এখনো পর্যন্ত দেননি, কেবল সময় নিচ্ছেন। অর্থাৎ দ্বিধায় বোধ হয় দেরি হচ্ছে, কারণ যে বিরাট সংখ্যক পদ শূন্য হয়ে পড়ে রয়েছে সেটা পশ্চিমবঙ্গের মানুষের কাছে উদ্ঘাটিত হলে পশ্চিমবঙ্গ শিক্ষার অবস্থা কোন পর্যায়ে গেছে সেটা উদ্ঘাটিত হয়ে পড়বে। তারই জন্য উত্তর দিতে দ্বিধা হচ্ছে। কিন্তু মহাবিদ্যালয়গুলোর শূন্যপদের সংখ্যা জানা গেছে। কয়েকদিন আগে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী জনৈক মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলেছেন, ১৪৮২টি অধ্যাপকের পদ শূন্য রয়েছে। আজকে শিক্ষক পদই বলুন, সেখানে নতুন করে যেসব পদ শূন্য হচ্ছে সেখানে আর নিয়োগ না করে এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়ে চলছেন, রাজ্য সরকারও সেই নীতির দিকে এগাচ্ছেন সনৈই সনৈই। এর আগে যতটুকু হয়েছে সেটা কন্ট্রাক্ট সিস্টেমে হয়েছে, চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগ হয়েছে। অর্থাৎ শিক্ষক, শ্রমিক, কর্মচারী, তাঁদের যে ন্যায়সঙ্গত অধিকার থেকে হায়ার অ্যান্ড ফায়ার মেথডে মালিক শ্রেণীর স্বার্থে যে নীতি চালু হয়েছে সেই নীতিই কিন্তু আপনারাও চালু করেছেন।

তাদের কম বেতনে কম পারিশ্রমিকে নিয়োগ করা হয়েছে। স্বাভাবিক ভাবে শিক্ষার মান নিম্নগামী হচ্ছে। এ ছাড়া এই সরকার যে শিক্ষা নীতি নিয়ে চলেছে সেই শিক্ষা নীতির ফলে যেখানে পশ্চিমবাংলা একদিন সারা ভারতবর্ষের ক্ষেত্রে শিক্ষায় এগিয়ে ছিল, দ্বিতীয় স্থান অধিকার করেছিল সেখানে আজকে একবারে নিচের দিকে নেমে গেছে, ক্রমাগত নিম্নগামী হচ্ছে। কারণ হচ্ছে সরকারের ভ্রান্ত শিক্ষা নীতি। এই সরকার ক্ষমতায় আসার পর ৮০ দশকে যে শিক্ষা নীতি গ্রহন করেছিল, প্রথম স্তরে ইংরাজি তুলে দেওয়া এবং পরীক্ষায় পাশ ফেল তুলে দেওয়া, এই দুই নীতির ফলে মারাত্মকভাবে পশ্চিমবাংলার ছাত্র সমাজ ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিয়ে, কতিপয় ছাত্র-ছাত্রীকে ইংরাজি পড়ার সুযোগ করে দিয়ে, আন্তর্জাতিক জ্ঞানভাণ্ডারের দরজা বলে চিহ্নিত যে সুযোগ সেই সুযোগ থেকে বেশির ভাগ ছেলেমেয়েদের বঞ্চিত করা হলো। ফলে শিক্ষার ক্ষেত্রে

সরকারের এই ভ্রান্ত নীতির ফলে, ভাষার ভ্রান্ত নীতির ফলে পশ্চিমবাংলার প্রজন্মকে মাসুল দিতে হলো। সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবাংলার ছেলেমেয়েরা পেছিয়ে পড়লো। দীর্ঘ দিন ধরে সেই নীতির কোনও পরিবর্তন করা হলো না। প্রাথমিক স্তরে পরীক্ষা ব্যবস্থায় পাশ ফেল তুলে দেওয়া হলো, ফলে ছেলেমেয়েদের পড়াশোনার যে পরিবেশ সেটা নষ্ট হয়ে গেল। পরীক্ষার যে ভীতি, পরীক্ষা ব্যবস্থা চালু থাকলে ছাত্র-ছাত্রীরা পড়তে বাধ্য হতো। কিন্তু পাশ ফেল তুলে দেওয়ার ফলে সেই ভীতি আর তাদের মধ্যে রইলো না। ফলে শিক্ষার পরিবেশ নষ্ট হলো। দীর্ঘ দিন ধরে গোটা পশ্চিমবাংলার মানুষ বুদ্ধিজীবী থেকে আরম্ভ করে সমস্ত স্তরের মানুষের প্রতিবাদ এবং ১৯ বছর ধরে দীর্ঘ আন্দোলনের ফলে প্রাথমিক স্তরে প্রথম শ্রেণী থেকে ইংরাজি চালু করতে রাজি হয়েছেন। এখন পর্যন্ত প্রথম শ্রেণী থেকে চালু হয় নি, দ্বিতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হচ্ছে। যদিও মুখ্যমন্ত্রী বলেছেন প্রথম শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হবে। কিন্তু এখনও পর্যন্ত প্রাথমিক স্তরে পরীক্ষা ব্যবস্থা চালু করা হয় নি। যার ফলে একচুয়াল পড়াশোনা হচ্ছে না। এই যে ড্রপ আউটের সংখ্যা বাড়ছে। এটা কি শুধু দারিদ্রতার জন্য ঘটছে? লেখাপড়া যদি না হয় তাহলে বিদ্যালয়ে গিয়ে কি হবে? বিদ্যালয়ে অটোমেটিক প্রমোশন, সেই জন্য বিদ্যালয়ে যাবার একটা অনীহা কাজ করছে। দারিদ্র রয়েছে, অভাব রয়েছে, তার সঙ্গে এই অনীহা, তার ফলে বিদ্যালয়ে ড্রপ আউটের সংখ্যা ভয়াবহ আকার ধারণ করেছে। এই অনীহা ড্রপ আউটের একটা কারণ। সরকারের এই ভ্রান্ত ভাষা নীতি এবং শিক্ষা নীতির ফলে পশ্চিমবাংলায় শিক্ষার মান নিম্নগামী হয়েছে, সাধারণ ছাত্র-ছাত্রীকে তার মাসুল দিতে হচ্ছে। ঘোষণা করা হলো প্রাথমিক স্তরে প্রথম শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হবে। আবার বলছেন জনমত সংগ্রহ করার জন্য বিশেষজ্ঞ কমিটি করা হবে এবং তাদের মতামত নিয়ে করা হবে। আমি বলছি যে এই অহেতুক ডিলে করে লাভ কি? সর্বনাশ তো হয়ে গেছে যা হবার, ভবিষ্যত প্রজন্মের আর ক্ষতি করবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরবর্তী পর্যায়ে যে কথা বলতে চাই তা হলো শিক্ষকদের নিয়ে। অত্যন্ত আশ্চর্য্য হয়ে গেলাম আপনার এই ভাষণের মধ্যে প্রবীন শিক্ষক, অবসর প্রাপ্ত শিক্ষক যারা দীর্ঘ দিন ধরে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা করে গেলেন তাঁদের সম্বন্ধে বলা নেই। তারা আজকে অবসর পাওয়ার পরে তাদের অবসরকালীন বেতন, অবসর কালীন পেনশন ভাতা সেইভাবে তারা পাচ্ছে না। অথচ এই শিক্ষকরা আজকে মানুষ গড়ার কারিগর হিসাবে চিহ্নিত। মানুষ গড়ার কারিগর হিসাবে তাঁদের যে মর্যাদা সেটা আপনারা দিচ্ছেন না।

[2-00 — 2-10 p.m.]

আজকে দশ হাজার শিক্ষক, প্রাথমিক, মাধ্যমিক শিক্ষকের মধ্যে শুধু প্রাথমিক শিক্ষকই দশ হাজারের মতো, যাঁরা পেনসন না পেয়ে মারা গেছেন। এই রকম মর্মান্তিক অবস্থা। আমি আপনার কাছে বলেছিলাম, আপনার কাছে কোনও রেকর্ড আছে কিনা? আপনি কোনও সংখ্যা দিতে পারেন নি। এই রকম একটা পরিস্থিতি। আপনি সাড়ে তিন লক্ষ যে ফিগার দিয়েছিলেন সেটা কারেক্ট নয়। ১৯৮১ সালে যখন পেনসন প্রকলন চালু হয়েছিল, সেই সাড়ে তিন লক্ষ শিক্ষকের মধ্যে যদি আড়াই তিন পার্সেন্ট রিটায়ার করে, তাহলে সংখ্যা দাঁড়ায় দু'লক্ষের মতো। আপনি সেখানে হিসাব দিয়েছেন সাতানব্বই হাজার, যাঁরা পেনসন পেয়েছেন। আর যাঁরা পেনসন পাননি, বাকী আছেন, তাঁদের সংখ্যা আশি হাজার। যাঁদের মধ্যে প্রাথমিক শিক্ষকের সংখ্যা পঁয়তাল্লিশ হাজার, যারা পেনসন পাননি। পেনসন না পেয়ে মারা গেছেন, আপনি চাইলে আমি তথ্য দিতে পারব, আপনি লিখে নিতে পারেন। সম্প্রতি মারা গেছেন, এইরকম একজন শিক্ষক, কলকাতার সেন্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা, 'লুইসা ললিতা মণ্ডল'। তিনি ১৯৯৬ সালে অবসর নিয়েছিলেন এবং তারপর পাঁচ বছর পেনসন না নিয়ে প্রায় অনাহারে, বিনা চিকিৎসায় মারা গেছেন। এই রকম পরিস্থিতি চলছে এই পশ্চিমবাংলায়। তারপর যে রকম দ্রুত বেসরকারিকরণের দিকে যাচ্ছে, সেটিও খুব উদ্বেগজনক। ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে শুরু করে সব বেসরকারি কলেজের সংখ্যা বাড়ছে। কিন্তু তার কি ধরণের ইনফ্রাস্ট্রাকচার, পরিকাঠামো কি, অত্যন্ত অপ্রতুল। সেখানে শিক্ষার মান প্রয়োজনের তুলনায় অনেক নিচে। অথচ সেই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে যেভাবে বেতন গ্রহণ করা হচ্ছে তা মারাত্মক। যেভাবে ফি বৃদ্ধি করা হচ্ছে তাও উদ্বেগজনক। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সেখানে দশগুণ ফি বৃদ্ধি করার প্রস্তাব এসেছে। কুড়ি টাকা যেখানে বেতন, সেখানে তাকে দু'শ টাকা করার প্রস্তাব এসেছে। ভর্তি ফি যেটা কুড়ি টাকা ছিল সেটিকে পঁচিশ গুণ বৃদ্ধি করে পাঁচশো টাকা করা হচ্ছে। সেমিস্টার পরীক্ষার ফি একশো টাকা করার প্রস্তাব এসেছে। সেখানে তারা আন্দোলন করছেন। এইভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ এবং স্কুলগুলিতে ব্যাপকভাবে যেভাবে ফি বৃদ্ধি করা হচ্ছে, আপনারা ফি বৃদ্ধির পক্ষে বলছেন, শাসকদলের পক্ষ থেকে এর স্বপক্ষে যেভাবে যুক্তি খাড়া করছেন তা অভাবনীয়। এই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে যেভাবে মুনাফা লুণ্ঠনের ক্ষেত্র হিসাবে প্রতিষ্ঠা করতে চাইছেন তার কেন্দ্রের বিজেপি সরকার, বুর্জোয়া সরকার যেভাবে শিক্ষাকে বেসরকারি হাতে তুলে দিচ্ছে এবং জনগণের কাছে শিক্ষার দরজা বন্ধ করে দিচ্ছে, আপনারাও সেই একইভাবে অনুসরণ করছেন তাই আমি এই বাজেটের বিরোধিতা করে, সরকারের শিক্ষানীতি, শিক্ষা সংকোচন নীতির বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আশুতোষ মুখোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে উত্থাপিত শিক্ষা সংক্রান্ত যে বাজেটের ব্যয় বরাদ্দ তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধিদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের তীব্র বিরোধিতা করছি। ভেবেছিলাম বিরোধী হীন এই সভায় আমার কথা সকলে শুনবেন না, তবে আশ্বাসের কারণ একটা আছে, একজন অন্তত আছেন শিবরাত্রির সলতের মতন, তিনি একা কুম্ভ রক্ষা করছেন। তাঁর কথা শুনে মনে হয়েছে, শিক্ষা জগতে কি নৈরাজ্য চলছে। দেবপ্রসাদ বাবু মাননীয় সদস্য দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন, আমি শুনেছি ওরা নিজেদের বামপন্থী বলে দাবি করে থাকেন, কিন্তু শিক্ষা বাজেটে তাঁর বক্তৃতায় এটা একবারও উল্লেখ করতে পারলেন না। আজকে আমাদের গোটা দেশের শিক্ষা ব্যবস্থার উপর যে চরম আক্রমণ হচ্ছে এবং তার বিপরীতে দাঁড়িয়ে আমাদের বামফ্রন্ট সরকার জনমুখী যে শিক্ষা ব্যবস্থা প্রদান করেছেন এবং তাঁকে আরো বাড়াতে চেয়েছেন তাঁর চোখে সেইগুলি ধরা পড়ল না। তাঁর চোখে ধরা পড়ল না এই বছরে কেন্দ্রীয় সরকার তাদের বাজেট বরাদ্দের মাত্র ১.১৮ শতাংশ টাকা বরাদ্দ করেছেন যা স্বাধীন ভারতের লজ্জা। কারণ স্বাধীন ভারতে এই পর্য্যন্ত যত বাজেট হয়েছে শিক্ষায়, এবারে হয়েছে সেটা ক্ষুদ্রতম বাজেট। এটা তাঁর নজরে পড়ল না। এই যে নজরে পড়ল না, কিভাবে কেন্দ্রীয় সরকার শিক্ষা বাজেটকে সঙ্কোচনের ব্যবস্থা করছেন এবং আমাদের দেশের সংস্কৃতি ঐতিহ্য তাকে ধ্বংস করার জন্য একের পর এক তারা ব্যবস্থা নিচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দু-একটি কথা উল্লেখ করি এবং আজকে শিক্ষা জগতের পরিবর্তন ও উন্নয়নে আগের অবস্থার সঙ্গে একটু তুলনা করতে হবে বৈ কি। দেবপ্রসাদ বাবু ৭০এর দশকের সেদিনের কথাগুলি আপনার মনে থাকার কথা, ভুলে যাওয়ার কথা নয়। কি ছিল তখন, শিক্ষার অবস্থা কি ছিল, পরীক্ষা ব্যবস্থা কি ছিল—এই ব্যাপারে বিধানসভার সদস্য বিধানসভায় দাঁড়িয়ে বলছেন, '৭৪ সালের ১৩ই মার্চ তারিখে, কংগ্রেস দলের নেতা বর্দ্ধমানের নেতা তুহীন সামন্ত মহাশয় যা বলেছিলেন সেটা উল্লেখ করি। স্যার ঘেন্না ধরে গিয়েছে এই শিক্ষা বিভাগের বাজেট সম্বন্ধে বলতে। আজকে শিক্ষা বিভাগের এত বড় নৈরাজ্য, এতবড় হতাশা বোধহয় কোনদিন আসেনি। পরীক্ষা হতো, কোথায় পরীক্ষা দিতো। আমি দেখেছি, আমাদের চুঁচুড়া শহরে ব্যানার্জি কেবিনে বসে এক সঙ্গে বসে পরীক্ষা দিচ্ছে, এক সঙ্গে উত্তীর্ণ হচ্ছে, ইউনিভার্সিটির পরীক্ষায়; এম. এ. পরীক্ষা দিচ্ছে, ল পরীক্ষা দিচ্ছে, বি. টি. পরীক্ষা দিচ্ছে, একই বছরে তিনটি ডিগ্রি নিয়ে বেরিয়ে যাচ্ছে। আমি জানি, কলকাতায় আইন পরীক্ষায় কোনও নেতাকে আলাদা

সুযোগ দেওয়া হয়েছিল। এই যে সব পরীক্ষার নামে প্রহসন, এ কি ভুলে যেতে পারি? সেইসব ঘটনা কি ভুলে যেতে পারি? প্রধান শিক্ষক সন্তোষ সেনকে চেয়ারে বেঁধে পুড়িয়ে মারা হয়েছিল, সন্তোষবাবুকে খুন করা হয়েছিল। এটা ভুলতে পারিনি আমরা। শ্রদ্ধেয় উপাচার্য্য গোপাল সেনকে খুন করা হয়েছিল, কারা করেছিল, এসব ভুলতে পারি না। সেই নৈরাজ্যজনক অবস্থা থেকে আজকে বামফ্রন্ট সরকার শিক্ষার অগ্রগতি ঘটিয়েছেন। কৃষ্টি ও সংস্কৃতির উন্নয়নে এবং জন চেতনার উন্মেষ ঘটার ফলে বামফ্রন্ট সরকার উন্নয়ন প্রক্রিয়ায় দরিদ্র মানুষদের পর্য্যন্ত যুক্ত করতে পেরেছেন। এবং তা করতে গেলে মেধা এবং সুস্বাস্থ্য, দুটোর উপরই গুরুত্ব দিতে হবে। আমাদের সরকার অত্যন্ত সঠিকভাবেই সার্ব্বজনীন শিক্ষার উপর সর্বাপেক্ষা গুরুত্ব আরোপ করেছে। গত তিন বছরে ১,৪৪৩ টি প্রাথমিক বিদ্যালয় নতুন করে চালু করেছে, ৮ হাজার শিশুশিক্ষা কেন্দ্র চলছে এবং এই বছরে প্রস্তাব আছে আরও ৫,০০০ টি শিশুশিক্ষা কেন্দ্র খোলার। এসব কাদের জন্য? যুগ যুগ ধরে যারা বঞ্চিত থেকেছে, যাদের ৭ পুরুষ কোনও দিন প্রাথমিক বিদ্যালয়ের চৌকাঠ পার হতে পারেনি, তাদের জন্য এই ব্যবস্থা। শুধু তাই নয়, কর্মসংস্থানের যে-কথা বলা হয়েছে, তার সঙ্গে সামঞ্জস্য বিধান করে বৃত্তিমূলক প্রশিক্ষণে কেন্দ্র খোলার চেষ্টা হচ্ছে। পলিটেকনিক, আই. টি. আই., ভোকেশনাল ট্রেনিং-এ ছাত্রসংখ্যা ১৫১০০ থেকে বেড়ে হয়েছে ৩৫,০০০। শিক্ষার্থীর সংখ্যা যাতে ইঞ্জিনিয়ারিং এবং মেডিক্যালে বাড়ানো যায় তার জন্য প্রস্তাব দেওয়া হয়েছে। একটা কথা মাঝে মাঝেই উঠছে—এখানে নাকি মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ নেই, তাই সবাই নাকি বাইরে চলে যাচ্ছে, অনেকে বাঙ্গালোরে চলে যাচ্ছে। কিন্তু কারা যাচ্ছে? যাদের মেধা কম, আর টাকা বেশি, তারা বাইরে যাচ্ছে, আর যাদের মেধা আছে, তারা এই রাজ্যেই পড়ার সুযোগ পাচ্ছে। অস্বীকার করবেন একথা?

[2-10 — 2-20 p.m.]

১৯৭৬-৭৭ সালের সঙ্গে তুলনা করা যাক। ১৯৭৩-১৯৭৮, সারা ভারতবর্ষে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা বেড়েছিল ১৫.২ শতাংশ, সেখানে পশ্চিমবাংলায় দেবপ্রসাদ বাবুদের মনে রাখা দরকার আপনারাই ছিলেন সেইসময়—বেড়েছিল মাত্র ৫.৭ শতাংশ। এখন যখন সারা ভারতবর্ষে শিক্ষার্থীর সংখ্যা বাড়ছে ৩৯.৫ শতাংশ, তখন আমাদের পশ্চিমবাংলায় বাড়ছে ৬০.৫ শতাংশ। অনেক উদাহরণই দেওয়া যেতে পারে, আমি একটাই দেব। মাধ্যমিক স্তরে পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে—সারা

ভারতবর্ষের ক্ষেত্রে যেখানে ৬৪ শতাংশ, পশ্চিমবাংলায় ১২১ শতাংশ। ১৯৭৭ সালে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২ লক্ষ ৫ হাজার, ১৯৮৮ সালে ৪ লক্ষ ৩১ হাজার আর এই বছর সাড়ে ৫ লক্ষ ছাড়িয়ে গেছে। বিদ্যালয়ের অঙ্গনে কারা এসেছে, কারা এই সংখ্যা বাড়িয়েছে? পরীক্ষার ৬০ দিন, ৪৫ দিনের মধ্যে ফল বেরোচ্ছে, মার্কসিট পাচ্ছে ছাত্ররা, এবং সঙ্গে সঙ্গে পাশ করার সার্টিফিকেটও পেয়ে যাচ্ছে। জানিনা ভারতবর্ষের আর কোনও রাজ্যে এটা করা গেছে কিনা। এখানে বামফ্রন্ট সরকার আছে বলেই এটা সম্ভব হয়েছে। উচ্চ মাধ্যমিক ক্ষেত্রে ১৯৭৭ সালে পরীক্ষার্থী ছিল ১ লক্ষ ১৯ হাজার, এবারে সেটা সাড়ে ৪ লক্ষ ছাড়িয়ে গেছে। এই ক্ষেত্রে ছাত্র সংখ্যা বেড়েছে সারা ভারতবর্ষের ক্ষেত্রে ৮৬ শতাংশ, আমাদের রাজ্যে ২৫৬ শতাংশ। কোনও সাফল্য নেই, না? সারা ভারতবর্ষে যে ভাবে শিক্ষা আক্রান্ত হচ্ছে, আমাদের ঐক্যবদ্ধ ভাবে এর প্রতিরোধ করতে হবে। ইন্ডিয়ান কাউন্সিল অব হিস্টরিক্যাল রিসার্চ, প্রখ্যাত ঐতিহাসিকদের নিয়ে এই সংগঠন।

সেখানে কেন্দ্রীয় সরকার পাণিত কর এবং সুমিত সরকারকে সরিয়ে দিয়েছে, সেখানে সভাপতি করা হয়েছে রাম মন্দিরের অন্যতম প্রবক্তা জি. আর. গ্রোভারকে। বি. জে. পি.-র প্রাক্তন সাংসদ এস. সন্ধিকে ইন্ডিয়ান কাউন্সিল অফ্ সোসাল রিসার্চের সভাপতি করা হয়েছে। এন. সি. আর. টি.-র সিলেকশন কমিটিতে কাকে বসানো হয়েছে? কে. জি. রাস্তোগীরকে। যদিও দেবপ্রসাদ বাবুর এসব জানার কথা নয়। কে. জি. রাস্তোগীর তার আত্মজীবনীতে লিখেছেন, ১৯৪৭ সালে দাঙ্গার সময় তিনি দেখলেন তার দলের ছেলেরা একটি সুন্দরী মেয়েকে নিয়ে টানাটানি করছে। তারা তাদের কর্তব্য ভুলে এই কাজ করছে। সেই মেয়েটিকে তার দলের ছেলেদের হাত থেকে বাঁচাতে না পেরে তিনি তখন মেয়েটিকে গুলি করে হত্যা করে। সেই লোককে যাবজ্জীবন জেল দেওয়া হয়নি, তাকে আজকে পুরস্কার দিয়েছে কেন্দ্রের বিজেপি নেতৃত্বাধীন এন. ডি. এ. সরকার। এন. সি. আর. টি.-র মতো শিক্ষা প্রতিষ্ঠানের তাকে সভাপতি করা হয়েছে। শুধু তাই নয়, পাঠ্যসূচিতেও পরিবর্তন করা হয়েছে। বুজরুকি বিদ্যা প্রবর্তন করা হচ্ছে। এসব বিষয়ে দেবপ্রসাদ বাবু একটি কথাও উচ্চারন করলেন না। জ্যোতিষ বিদ্যা পাঠ্যসূচির মধ্যে নিয়ে আসা হচ্ছে। কর্মফল, জন্মান্তরবাদ এইসব ব্যাপার টেনে আনার চেষ্টা করা হচ্ছে। এইসব ব্যাপার আমাদের প্রতিরোধ করতে হবে। আজকে এইসব নিয়ে আধুনিক যুগের ইতিহাস লেখা হবে। আমাদের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, আমাদের জাতীয় আন্দোলনের ইতিহাসের স্থান হচ্ছে মাত্র কুড়ি পৃষ্ঠা। এখানে কংগ্রেসের বন্ধুরা যদি

থাকতেন তারা খুব খুশি হতেন কিনা জানিনা—বিয়াল্লিশের ভারত ছাড়ো আন্দোলনের ইতিহাস লেখা হয়েছে মাত্র আধ পৃষ্ঠা। যারা স্বাধীনতা সংগ্রামের বিরোধিতা করেছিলেন, যারা ব্রিটিশদের পদলেহন করেছিলেন, সেই আর. এস. এসের প্রতিষ্ঠাতা হেডগেবারের জন্য ব্যয় করা হয়েছে তিন পৃষ্ঠা। উত্তরপ্রদেশের প্রাথমিক সিলেবাসে এইসব চালু হয়ে গেছে। শুধু তাই নয়, ওরা বলছে আরব সাগর নাকি আগে ছিল না, এর নাম ছিল হিন্দু সাগর। কুতুব মিনার নাকি তৈরি করেছিলেন সমুদ্র গুপ্ত এবং এর নাম হচ্ছে বিষ্ণু স্তম্ভ। আজকে উত্তরপ্রদেশে বাচ্চা ছেলেমেয়েদের এই সব শেখানো হচ্ছে। মূলায়ম সিং যাদবকে কলির রাবণ বলা হয়। কারণ তিনি রাম মন্দিরের বিরোধিতা করছেন এবং বাবরি মসজিদের পক্ষে তিনি আছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেতন বৃদ্ধি সংক্রান্ত কয়েকটি কথা আমি বলতে চাই। বর্তমান যুগের সঙ্গে সামঞ্জস্য রেখে বেতন বৃদ্ধি করা দরকার। কিন্তু বামফ্রন্ট সরকার কখনোই বলেনি এই বেতন বৃদ্ধি সকলের জন্য। যারা অর্থনৈতিকভাবে দুর্বল, যারা সামাজিকভাবে পিছিয়ে আছে, তাদের উপর এই বেতন বৃদ্ধির বোঝা আসবে না, এই কথা বাজেট বিবৃতিতে বলা হয়েছে। শিক্ষার্থীদের পেনসন সংক্রান্ত বিষয়ে দেবপ্রসাদ বাবু বলেছেন। আজকে এটা বোঝা দরকার এই মাস্টারমশাইরা এক সময় বুনো আমড়া, আর তেঁতুল পাতা খেয়ে বাঁচতো। আজকে এই সরকার তাদের সম্মানের সঙ্গে বাঁচার অধিকার দিয়েছে। কংগ্রেসি রাজত্বে মাস্টারমশাইরা কোনও দিনই সম্মান পেতেন না। তারা কোনওদিনই ভাবতে পারেনেনি তারা সরকারি কর্মচারীদের মতোন পেনশন, গ্র্যাচুইটি পাবেন। সরকারি কর্মচারীদের মতোন ফোরটি পারসেন্ট কমিউট করতে পারবেন, তাদের সার্ভিস পাকা হবে।

তারাও সরকারী কর্মচারীর মতো পেনসন ৪০ পারসেন্ট কমিউট করতে পারবেন। এইসব ভাবুন। তাদের সার্ভিস বুক সেইভাবে রাখার ব্যবস্থা ছিল না। পেনসন পাওয়ার ক্ষেত্রে বলছি যে সমস্ত স্কুলে সঠিকভাবে কাগজপত্র দিতে পেরেছেন তাদের পেনসন আটকায় নি। আমি তাই বিরোধী বন্ধুদের বলি আপনারা ওই রকম করে চিৎকার করবেন না। আপনাদের ওই নেত্রী রেলমন্ত্রী হয়েও রেলমন্ত্রীর দায়িত্ব ছেড়ে দিয়ে হতাশায় ভুগছেন। এখানে হতাশার কোনও স্থান নেই। আমি বলছি আপনারা বারবার চেষ্টা করুন। এখনও অনেকবার হাতে আছে। কিন্তু মানুষ ভুল করবেন না। আমি এইকথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে, বিরোধীদলের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী গোবিন্দ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে মাননীয় শিক্ষামন্ত্রী তার যে বাজেট পেশ করেছেন তার সমর্থনে কিছু কথা তুলে ধরতে চাই। আমাদের দেশের যে সংবিধান, সেই সংবিধানে নাগরিকদের মৌলিক অধিকার তৃতীয় অধ্যায়ে পরিবর্তিত হয়েছে ১৪ থেকে ৩২ নম্বর ধারায়। অধিকারগুলির মধ্যে শিক্ষার অধিকার স্থান পায় নি। আজ বিরোধীরা সভার বাইরে। বোধ করি তাদের এই সভায় দাঁড়িয়ে কিছু বলতে পারার ক্ষমতা ছিল না। বলবার কিছু যুক্তিও তাদের ছিল না। তাই তারা বাইরে চলে গেছে। স্বাধীনতার ৫৩ বছর পরে একটা স্বাধীন রাষ্ট্র— শিক্ষার অধিকার আমাদের মৌলিক অধিকার নয়। চতুর্থ অধ্যায়ে রাষ্ট্র পরিচালনায় নির্দেশমূলক নীতিতে ৫—১৪ বছরের বালক বালিকাদের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার কথা বলা আছে। আবার সেই সংবিধানের নির্দেশ অনুসারে কেন্দ্রীয় সরকার এই নির্দেশ না মানলে তাদের বিরুদ্ধে আদালতে যাওয়া যাবে না। কারণ এটা মৌলিক অধিকার নয়। শিক্ষাকে এই বাধ্যতামূলক পদক্ষেপ, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভারতের কেন্দ্রীয় সরকার না করবার ফলে আমাদের দেশের শিক্ষা ব্যবস্থাতে প্রথম থেকেই একটা ঘাটতি দেখা গেছে। ভারতে কেন্দ্রীয় সরকারে যারা ক্ষমতায় আছে, যারা অতীতে ছিল, কংগ্রেস ছিল, আজকে এন ডি এ আছে। এরা শিক্ষা ব্যবস্থার যে সর্বনাশ সাধন করেছেন এবং আজকে এই এন ডি এ সরকার তারা শিক্ষাক্ষেত্রে সবচেয়ে কম বাজেট রেখে শিক্ষাকে সঙ্কুচিত করবার প্রয়াস গ্রহণ করেছেন। আজকে যারা এই সভায় অনুপস্থিত তারা বাইরে তাদের সমর্থন করে কোনওভাবে ঘরে ঢোকবার চেষ্টা করছে। তাই এই সভায় দাঁড়িয়ে কিছু বলবার তাদের নেই। তাই তারা বাইরে চলে গেছে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি বলতে চাই যে আজকে আমাদের দেশের এই শিক্ষাব্যবস্থার ভয়াবহ পরিণতির জন্য দেশের কংগ্রেস দল, বিজেপি এবং তাদের নেতৃত্বাধীন এন. ডি. এ. যে দলগুলো যেভাবে নির্লজ্জ সাম্প্রদায়িক অনুপ্রবেশ দেখানোর চেষ্টা করছে, শিক্ষাব্যবস্থায় শিশুদের মধ্যে যে ভাবে সাম্প্রদায়িকতার বীজ ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করছে তার বিরুদ্ধে তীব্র ধিক্কার ধ্বনিত করা উচিত। মাননীয় মন্ত্রীদের এই বাজেটে সেই ভূমিকাই পরিস্ফুট হয়েছে কেন্দ্রীয় সরকারের শিক্ষা সংকোচন নীতি এবং আমাদের রাজ্যসরকারের শিক্ষা সম্প্রসারণের যে কর্মসূচিকে পাশাপাশি রাখলে দেখা যাবে যে

এই শিক্ষা সম্প্রসারণের নীতি নিশ্চিতভাবে আমাদের রাজ্যে একটা জোয়ার এনেছে। যেখানে গ্রামে মাইলের পর মাইল হেঁটে কাঁচা রাস্তা, নর্দমা, ডোবা, পুকুর পেরিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে যেতে হত সেখানে আজকে প্রত্যেকটি গ্রাম সভায় প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে। সেই প্রাথমিক বিদ্যালয়ে যারা বিভিন্ন কারণে পড়ার সুযোগ পাচ্ছে না তাদের প্রথাবহির্ভূত শিক্ষার মাধ্যমে শিক্ষাদানের ব্যবস্থা হয়েছে। এই সমস্ত উদ্যোগের পাশাপাশি রাজ্য সরকার মাধ্যমিক স্তরেও ছাত্রছাত্রীদের শিক্ষাদানের জন্য যথেষ্ট পরিকাঠামো নিয়ে প্রচুর বিদ্যালয় স্থাপনের ব্যবস্থা করেছেন। পরিসংখ্যান না দিয়েও বাস্তব অভিজ্ঞতা থেকে বলা যায় যে উচ্চশিক্ষা প্রসারের ক্ষেত্রে আমাদের রাজ্য সরকার যথেষ্ট গুরুত্ব দিয়েছেন। এই বাজেট বরাদ্দে দিয়েছেন। এর পাশাপাশি দু চারটে কথা আমি নিবেদন করতে চাই। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে রাজ্য সরকার একটা নজির সৃষ্টি করেছেন। প্রাথমিক শিক্ষা সংসদ জেলায় জেলায়, যেটা আগে মনোনীত প্রতিনিধিদের দ্বারা পরিচালিত হত, সেখানে আজকে নির্বাচিত সাংসদ হয়েছে। নির্বাচিত সাংসদ-এর মাধ্যমে আরও সুষ্ঠভাবে পরিকল্পনা হয়। প্রাথমিক শিক্ষা বিস্তারে আরও মনোযোগ দেওয়া প্রয়োজন আছে বলে আমি মনে করি বিশেষ করে আমি দেখেছি জলপাইগুড়িতে প্রত্যন্ত ডুয়ার্সে যেখানে হিন্দী ভাষাভাষী মানুষ বসবাস করে সেখানে প্রাথমিক বিদ্যালয়গুলোতে বাংলাতে শিক্ষক নিয়োগ হয়েছে। বাংলা ভাষাভাষী শিক্ষক যারা সেই সব স্কুলে কেউ হিন্দী পড়তে পারছে না। এর ফলে ছাত্রচাত্রীরা, অভিভাবকরা উষ্মা প্রকাশ করছে, ক্ষোভ প্রকাশ করছে। এতে বামফ্রন্ট সরকারের শিক্ষা কর্মসূচির যে উদ্দেশ্য সেটা ব্যাহত হচ্ছে। এই ব্যাপারে সরকারকে আরও যত্নবান হওয়ার জন্য অনুরোধ করছি। প্রাথমিক বিদ্যালয়গুলোর অনেক জায়গায় দেখা যাচ্ছে যে প্রচুর ছাত্রছাত্রী রয়েছে অথচ একজন, দুজন করে শিক্ষক রয়েছেন, তাছাড়া যোগাযোগের অপ্রতুলতার কারণেও তারা সময়মতো পৌঁছে যেতে পারছেন না, নিয়মিতভাবে পাঠ্যদান করতে পারছে না, তার ফলেও ক্ষোভ সৃষ্টি হচ্ছে। এইগুলোও দেখার প্রয়োজন আছে। আমরা লক্ষ্য করলে দেখি যে শহর, শহরতলী এলাকায় প্রাথমিক শিক্ষক নিয়োগের যে নর্মস তৈরি হয়েছে নম্বরের ভিত্তিতে বেশি নম্বর যে পাবে, যে স্টার মার্কস পাবে তারাই অগ্রাধিকার পাবে। স্বাভাবিক কারণে তাদের কাজ সঠিকভাবে পরিদর্শন করে তারা যাতে কাজ করেন তার জন্য নিয়মিতভাবে তাদের উপর চাপসৃষ্টি করা প্রয়োজন। এটা না করা গেলে সরকারের যে উদ্দেশ্য সেটা ব্যাহত হবে।

[2-20 — 2-40 p.m.]

মাধ্যমিক স্তরে শিক্ষার উন্নয়ন একটা দিগন্ত এসেছে এ কথা অনস্বীকার্য। গ্রামে গঞ্জের প্রায় প্রত্যেক অঞ্চলেই মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে, কিন্তু এত বিদ্যালয় স্থাপিত হওয়া সত্ত্বেও ছাত্র ভর্তির সমস্যার পুরোপুরি সমাধান করা যায় নি, তাই এ কথা আমাদের আরও গুরুত্ব দিয়ে ভাবা দরকার। বিশেষ করে ৫ম শ্রেণী থেকে ৮ম শ্রেণীর ছাত্র ভর্তির যে সমস্যা এবং দশম শ্রেণী পাশের পর একাদশ শ্রেণীতে ভর্তির যে সমস্যা সেটা অনেক জায়গাতেই আছে। সেই সমস্যার সমাধান করার জন্য আরও যত্নবান হওয়ার প্রয়োজন আছে। আমি নিজের বিদ্যালয়ের অভিজ্ঞতা দিয়ে বলতে পারি আমাদের ওখানে ২৭৫ জন ছাত্র ভর্তির সীমারেখা বেঁধে দেওয়া আছে। কিন্তু অঞ্চলের প্রশাসনের চাপে এবং অভিভাবকদের চাপে আমাদের তার থেকেও বেশি ছাত্র ভর্তি করতে হয় এবং পরে কাউন্সিলের অনুমোদন নিতে হয়। সে ক্ষেত্রে বাড়তি ছাত্র পড়ানোর পরিকাঠামো বিদ্যালয় গৃহ, আসবাবপত্র না থাকার জন্য সমস্যা সৃষ্টি হয়। এই সমস্যাগুলি নানা ভাবে আমাদের এলাকার অভিভাবকদের এবং ছাত্রছাত্রীদের মনে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে, যেখানে সরকারের উদ্দেশ্য হলো মানুষকে উন্নতির দিকে প্রতিভাত করা। এই বিষয়ে গুরুত্ব দিয়ে দেখা দরকার বলে আমি মনে করি। আরেকটা হলো পেনসনের সমস্যা আছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই জেলায় জেলায় যারা পেনসনের কাজ করেন যাতে নিখুঁত ভাবে ফাইল চালু থাকে এবং রাজ্য পেনসন দপ্তরে আসে এবং পেনসন দপ্তর থেকে মানুষকে যাতে ফিরে যেতে না হয় তার জন্য পরিকাঠামো নিয়ে আমাদের ভাবা দরকার। আমাদেরই ভাবতে হবে রাজ্যের শিক্ষা ব্যবস্থায় যে সব ছোট-খাটো ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলিকে নিয়ে। কারর আমাদের দায়িত্বশীল বিরোধীরা এক সময় সরকারের থেকে এই শিক্ষার সর্বনাশ করেছেন, তাঁরা কোনও দিন শিক্ষার স্বার্থে, শিক্ষকের স্বার্থে কোনও কর্মসূচি নেয় নি। তাই এটাকে এগিয়ে নিয়ে যাবার জন্য আরও গুরুত্ব দিতে হবে। বর্তমানে স্কুল সার্ভিস কমিশন গঠন সরকারের একটা বলিষ্ঠ পদক্ষেপ। উত্তরবঙ্গের ৬টি জেলার সঙ্গে মুর্শিদাবাদকে যুক্ত করে এই কমিশন তৈরি করা হয়েছে। সেই নিয়ে মানুষের মনে একটা প্রতিক্রিয়া আছে, সেটাকে পুনর্বিবেচনা করা যায় কিনা সেটা দেখার জন্য ভেবে দেখা দরকার মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বলি বর্তমানে মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। কয়েক দিন আগে জলপাইগুড়িতে আনন্দচন্দ্র কলেজে নেতাজী সুভাষচন্দ্র বসু মুক্ত বিশ্ববিদ্যালয়ের একটা আলোচনা সভায় আমন্ত্রিত হয়ে গিয়েছিলাম, সেখানে

পরিচালকমণ্ডলিতে যাঁরা আছেন তাঁরা বললেন আজকে বি. এ. অনার্স পাশ করে এম. এ.-তে ভর্তি হতে পারছে না নির্দিষ্ট একটা নম্বর না থাকার জন্য। শত শত ছাত্রছাত্রী এর থেকে বঞ্চিত হচ্ছে। তাদের মুক্ত বিশ্ববিদ্যালয়ের আওতায় আনা যেতে পারে। নেতাজী সুভাষচন্দ্র বসু মুক্ত বিশ্ববিদ্যালয় যেটা জলপাইগুড়ি জেলাতে আনন্দচন্দ্র কলেজে প্রতিষ্ঠিত হয়েছে সেখানে স্নাতকোত্তর পাঠক্রম চালু করলে এই অভাগা যারা এম. এ. পড়তে পারে তাদের একটা সুযোগ পাইয়ে দেওয়া যাবে। জনশিক্ষা দপ্তর তারা স্বাভাবিকভাবেই জনশিক্ষা প্রসারে যে গতির সৃষ্টি করেছে তাকে আরও প্রসারিত করার সুযোগ আছে। জলপাইগুড়িতে একটা ওয়েলফেয়ার অর্গানাইজেশন চার ধরনের প্রতিবন্ধীদের একটা শিক্ষাপ্রতিষ্ঠান চালায়। সেই প্রতিষ্ঠানকে যদি একটু মদত দেওয়া যায় যদি আরেকটু সম্প্রসারিত করা যায় তাহলে সেখানে বহু প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী সুযোগ পেতে পারে। গ্রন্থাগার আমাদের রাজ্যে একটা বিশেষ আন্দোলন এবং সেই আন্দোলনে রাজ্য সরকার নিশ্চিতভাবেই সাফল্য লাভ করেছে। কিন্তু মূল্যায়ন দরকার। গ্রন্থাগারগুলি বন্ধ এবং অচল হয়ে থাকে।

পাশাপাশি স্কুলের সঙ্গে অ্যাটাচ করার পর গ্রন্থাগার তৈরি করা দরকার। হলদিবাড়ি পি. ভি. এন. এন. লাইব্রেরিকে কিছুটা আর্থিক সহায়তা দিলে ঐ এলাকার মানুষজনের মধ্যে বামফ্রন্ট সরকারের প্রতি উৎসাহ সৃষ্টি হবে। মাননীয় মন্ত্রিমহাশয় বিজ্ঞান গবেষণা, সাংস্কৃতিক ক্রিয়াকলাপ, ভাষা উন্নয়নের বিভিন্ন প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দানের কর্মসূচি তাঁর বাজেটে ঘোষণা করেছেন। উত্তরবঙ্গে এই ধরনের প্রতিষ্ঠান গড়ে যদি শিক্ষা দপ্তর ভাষা সংস্কৃতির বিকাশের একটা উদ্যোগ গ্রহণ করেন তাহলে এই মুহূর্তে উত্তরবঙ্গের আকাশে-বাতাসে ভাষা নিয়ে যে বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে তাদের মুখে ঝামা ঘসে দেওয়া যেতে পারে এবং এইভাবে বামফ্রন্ট সরকারের শিক্ষা সম্পর্কে দৃষ্টিভঙ্গিকে কোটি কোটি মানুষের কাছে পৌঁছে দিতে পারা যায়। এই কটা অনুরোধ জানিয়ে এবং এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে উচ্চশিক্ষা, বিদ্যালয় শিক্ষা, গ্রন্থাগার পরিষেবা, কারিগরী শিক্ষা, প্রভৃতির উপর বাজেট বিতর্ক চলছে অথচ এমন একটা গুরুতর আলোচনায় দুই বিরোধী দলের কেউই অংশ গ্রহণ করলেন না, তারা সভাতেই থাকলেন না। এতেই বোঝা যায় শিক্ষার ক্ষেত্রে তাদের

আগ্রহ কতটা। তাদের যে এ বিষয়ে বলার কোনও মুখ নেই, এটা প্রমাণিত। কারণ আমরা দেখেছি এই রাজ্যে বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর তারা যখন রাজ্য পরিচালনা করতেন তখন শিক্ষা ক্ষেত্রে চরম উদাসিন্য, চরম উপেক্ষা আমরা রেখেছি। শিক্ষা বিস্তারের জন্য তাদের কোনও ঔদ্যোগ ছিল না। শিক্ষার মান উন্নয়নের জন্য তাদের কোনও ভূমিকা ছিল না। শিক্ষার পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে তাদের কোনও উদ্যোগ ছিল না। এবং শিক্ষকদের দুরাবস্থা মোচনের জন্য তাদের ভূমিকা অত্যন্ত নিন্দনীয় ছিল। তাই তাদের এখানে কথা বলার এক্তিয়ার নেই। স্যার, দু-মাস আগেও ওদের কারো কারো মনে আশা ছিল, ভালোবাসা ছিল। কিন্তু আজ বুঝে গেছেন, আর কোনও আশা নেই, ভালোবাসা নেই, ঐ মহাকরণ যাওয়া হচ্ছে না, আপনার ডানদিকের চেয়ারগুলোতেও বসা হচ্ছে না। এবং এটা বুঝতে পেরে তাঁরা প্রায় উন্মাদের মতো হয়ে গেছেন। আজ এই কয়েক দিনে দেখলাম, তাদের যে আচরণ, সমস্ত শালীনতা, ভব্যতার সীমা ছাড়িয়ে একটা সস্তা চটকদারি রাস্তায় চলেছেন। কিন্তু এতে সংসদীয় ব্যবস্থায় কোনও লাভ হবে না এবং তাদের ক্ষেত্রেও কোনও ভালো কিছু ঘটবে না। মানুষ বিচার করে দেখবেন। স্যার, আজকে আমরা এখানে দাঁড়িয়ে গর্বের সঙ্গে বলতে পারি ওঁরা শিক্ষা ক্ষেত্রে যতটা অবহেলা, উপেক্ষা দেখিয়েছেন, ওঁদের সময় শিক্ষা যতটা পিছিয়ে পড়েছে আমাদের বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এলিমেন্টারি এডুকেশন বা প্রাথমিক শিক্ষাক্ষেত্রের বিস্তারে যে সাঁড়াশী অভিযান চালানো হয়েছে তার সুফল আমরা পেয়েছি। একটা বিশাল সংখ্যক প্রাথমিক বিদ্যালয়ের পাশাপাশি প্রায় হাজার হাজার আই. সি. সি. এস. সেন্টার হয়েছে। প্রতি ৭০০ থেকে ১০০০ পপুলেশনের জন্য একটা করে সেন্টার আছে যেখানে একজন অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকা থাকবেন।

[2-40 — 2-50 p.m.]

তাঁরা সেখানে ৬ বছর পর্যন্ত শিশুদের প্রাথমিক পর্যায়ে শিক্ষা দেবেন। এছাড়া যারা প্রাথমিক স্কুলে আসার সুযোগ পায় নি তাদের জন্য বেশ কিছু নন-ফর্মাল শিক্ষা প্রতিষ্ঠান—কিছু বয়স্ক শিক্ষা প্রতিষ্ঠান, বেশ কিছু শিশু শিক্ষা কেন্দ্র, ওয়েলফেয়ার হোম সরকারি বা সরকারি সাহায্য পুষ্ট বেশ কিছু সংখ্যক আছে। সেখানে লক্ষ লক্ষ ছেলে-মেয়ে এই পর্যায়ে শিক্ষার সুযোগ পাচ্ছেন। এর ফলে যারা শিক্ষার আঙিনা থেকে দূরে ছিল, বাইরে ছিল, যারা কোনওদিন স্কুলে যেতে পারে নি তারা এখন স্কুলে আসছে এবং স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা উপচে পড়ছে। কোথাও

কোথাও স্থানাভাব দেখা যাচ্ছে—প্রয়োজনীয় ঘর তৈরি হয় নি, আসবাবপত্র নেই। কিন্তু তা সত্ত্বেও ওদেরকে স্কুলে আনতে পেরেছি, যারা পড়াশোনার সুযোগ পায় নি তাদেরকে পড়াশোনার সুযোগ করে দিতে পেরেছি, আমাদের উদ্দেশ্য সফল হয়েছে। স্বাভাবিক ভাবে এই চাপ পড়ছে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে। আজকে মাধ্যমিকে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে। আজকে প্রতিটি স্কুলে মাধ্যমিকে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে কোথাও দুগুণ, কোথাও তিন গুণ হয়েছে। মেয়েরা শিক্ষার ক্ষেত্রে যতটা পিছিয়ে পড়েছিল, আজকে মেয়েরা শিক্ষার ক্ষেত্রে ঠিক ততটাই সামনে আসতে পেরেছে। আজকে তাই নতুন নতুন স্কুল খুলতে হচ্ছে। সেজন্য জুনিয়র স্কুলগুলোকে হাইস্কুলে এবং হাইস্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে পরিণত করতে হয়েছে। প্রত্যেকটি জেলায় নতুন নতুন কলেজ গড়ে উঠেছে। যদিও কোথাও কোথাও এখনও ঘাটতি থেকে যাচ্ছে। কোনও ব্লকে দেখা যাচ্ছে যে নিকটবর্তী জায়গায় উচ্চমাধ্যমিক বিদ্যালয় বা কলেজ নেই। আজকে প্রতিটি ব্লকে একটা করে কলেজ করার প্রয়োজনীয়তা দেখা যাচ্ছে। পাশাপাশি ৩-৪টে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় নিয়ে একটা করে কলেজ এবং বড় ব্লকে দুটো করে কলেজ দরকার। তার জন্য আমাদের আগাম পরিকল্পনা করতে হবে। গতানুগতিক শিক্ষা ব্যবস্থায় আমাদের একটা পরিবর্তন আনতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, আজকে গ্রামে গঞ্জে বেকারদের অবস্থা একটা ভয়াবহ রূপ নিয়েছে, একটা বিস্ফোরক অবস্থা চলছে। আজকে গ্রামে রাস্তা তৈরি করা হয়েছে, সেতু তৈরি করা হয়েছে, হাসপাতাল করা হয়েছে, অনেক গ্রামে বিদ্যুৎ দেওয়া হয়েছে। কিন্তু সেখানে একজন বেকার যুবক যাদের বয়স ৩৫ বছর পার হয়ে গেছে তারা একটা দীর্ঘশ্বাসের সঙ্গে বলছে, 'আমার কি হল'? সেইসব বেকার যুবকরা কেউ ১৪ বছর, কেউ ১৬ বছর, কেউ ২০ বছর আগে গ্র্যাজুয়েট হয়ে বসে আছে, তাদের কোনও কর্মসংস্থান হয় নি। প্রতি বছর ৩ লক্ষের বেশি ছেলে-মেয়ে মাধ্যমিক পাশ করে বেরোচ্ছে, তাদের মধ্যে ৭৫ থেকে ৭৬ হাজার প্রথম বিভাগে পাশ করে বেরোচ্ছে। ভাবতে হবে এরা কোথায় যাবে? শিক্ষাকে বাস্তবানুগ করে গড়ে তুলতে পারব কিনা, মানুষের জীবন-জীবিকার সঙ্গে সঙ্গতিপূর্ণ করে গড়ে তুলতে পারব কিনা এ ব্যাপারে আজকে গভীরভাবে ভাবার সময় হয়েছে। ইতিমধ্যে বেশ কিছু গ্রামে এরকম শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে, কয়েকটি জেলায় গড়ে উঠেছে। সেই সমস্ত জায়গায় নতুন নতুন কলেজ খোলা হয়েছে। আজকে এই সংখ্যাটা বাড়িয়ে দেওয়া হবে। স্কুলস্তরে ভোকেশনাল বা বৃত্তিমূলক শিক্ষা চালু করার জন্য এখন আবার চিন্তা-ভাবনা চলছে। এটা খুবই যুগপোযোগী, বাস্তব সম্মত হবে। এই শিক্ষা আগেও ইনট্রোডিউস করার চেষ্টা

হয়েছিল। কিন্তু সফল হয় নি। এ ব্যাপারে চিন্তা-ভাবনা চলছে। অষ্টম শ্রেণী উত্তীর্ণ যে সব ছেলে-মেয়েরা পড়া ছেড়ে দিয়েছে তাদের জন্য বৃত্তিমূলক শিক্ষা দেওয়ার জন্য স্কুলে পরিকাঠামো আছে কিনা, এ ব্যাপারে উপযুক্ত শিক্ষক আছেন কিনা, উপযুক্ত সরঞ্জাম আছে কিনা সেটা আমি ভেবে দেখতে অনুরোধ করব এবং পাশাপাশি কয়েকটা স্কুলকে নিয়ে ঐ আই. টি. আই. র মতো প্রতিষ্ঠান গড়ে তোলা যায় কিনা সেটাও ভেবে দেখতে অনুরোধ করব। যেখানে ৬ মাস থেকে ১ বছর পর্য্যন্ত বিভিন্ন কারিগরী বিষয়ে প্রশিক্ষণ দেবার ব্যবস্থা থাকবে। এটা যদি আমরা করতে পারি তাহলে কিছু কাজের কাজ হবে। বাস্তবিকভাবে শিক্ষার পরে ছাত্র-ছাত্রীরা সেই শিক্ষাকে ব্যবহারিক জগতে কাজে লাগাতে পারবে। তা না হলে দায়সারাভাবে নাম-কা-ওয়াস্তে এইভাবে বৃত্তিমূলক শিক্ষা দিয়ে কোনও লাভ হবে না। আমরা দেখছি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিতে প্রচণ্ড কাজের চাপ বাড়ছে, কিন্তু সে গুলিতে একজন করে মাত্র করণিক আছেন। তাঁরা হিমশিম খেয়ে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব অবিলম্বে প্রতিটি স্কুলে আর একজন করে করণিক দেওয়ার ব্যবস্থা করুন। প্রতিটি বিদ্যালয়ে লক্ষ লক্ষ টাকার জিনিসপত্র আছে, অথচ কোথাও নাইট গার্ডের কোনও পোস্ট নেই। অনেক জায়গায় বিভিন্ন সরঞ্জাম, দরজা জানালা পর্যন্ত চুরি হয়ে যাচ্ছে। সুতরাং অবিলম্বে প্রতিটি বিদ্যালয়ে নৈশ প্রহরীর ব্যবস্থা করা হোক। কোনও বিদ্যালয়েই গ্রন্থাগারিকের পদ নেই। ফলে অনেক জায়গায় গ্রন্থাগারের বই-পত্র সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে না। সুতরাং স্কুলগুলিতে গ্রন্থাগারিকের পদ সৃষ্টির দরকার আছে। রাজ্যে নতুন নতুন বিশ্ববিদ্যালয়, কলেজ খোলা হচ্ছে। এ বিষয়ে ব্রড বেসড আলোচনার প্রয়োজন আছে। বিশেষ করে স্থান নির্বাচনের ক্ষেত্রে আলোচনার সুযোগ থাকা উচিত। অনেক ক্ষেত্রেই আমরা দেখছি যেখানে বেশি দরকার সে জায়গা প্রায়োরিটি পাচ্ছে না। সে কারণে এ বিষয়ে ব্রড বেসড আলোচনা করে তার ভিত্তিতে প্রস্তাব গ্রহণ করা উচিত। সেই ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি এবং শিক্ষা ক্ষেত্রের বিভিন্ন খাতের যে বরাদ্দ এখানে রাখা হয়েছে সেই বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রীগণ যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। সমর্থন জানাচ্ছি এই কারণে নয় যে, রাজ্যের

শিক্ষা ক্ষেত্রের ক্রম-বর্ধমান চাহিদাগুলো সব রাজ্য সরকার পূরণ করে ফেলেছেন, সমস্ত শিশুকে শিক্ষার আওতায় আনতে পেরেছেন বা প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয় স্তরের সব রকম পরিকাঠামোর সম্পূর্ণ উন্নতি ঘটাতে পেরেছেন বা আমাদের যে পরিমান টেকনিক্যাল স্কুল—কারিগরী বিদ্যালয়—প্রয়োজন সব করে ফেলেছেন বা আমাদের রাজ্যে যত ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিকেল কলেজ প্রয়োজন তা করতে পেরেছেন। না তা পারেন নি। একটা যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর দেশে, যেখানে শিক্ষা যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত সেখানে কেন্দ্রীয় সরকার শিক্ষা খাতে ক্রমাগত তাঁদের বাজেট বরাদ্দ কমাবেন, আর রাজ্য সরকার স্বল্প আর্থিক সামর্থ্যের মধ্যে দিয়ে আমাদের সব চাহিদা পূরণ করে দেবে, এটা কি কখনো হতে পারে? সমর্থন জানাচ্ছি এই কারণে, অল্প টাকা নিয়ে, সীমিত ক্ষমতা নিয়ে আন্তরিকতাকে মূলধন করে, জনগণের সহযোগিতাকে মূলধন করে ধারাবাহিকভাবে শিক্ষার বিকাশের একটা প্রয়াস চালিয়ে যাচ্ছেন বলে। তাহলে কেউ বলতে পারেন,—আপনারা শিক্ষা ক্ষেত্রে বেসরকারি উদ্যোগকে ব্যাপকভাবে আহ্বান করছেন না কেন? আমরা বামপন্থীরা মনে করি শিক্ষাকে পণ্য করা যায় না। কাউকে শিক্ষা নিয়ে ব্যবসা করার অধিকার দেওয়া যায় না। তা যদি করা হয় তাহলে দুঃস্থ, মেধাবী-গরিব ছাত্র-ছাত্রীরা শিক্ষার সুযোগ পাবে কি করে? সে জন্য আমরা ঢালাওভাবে শিক্ষা ক্ষেত্রে বেসরকারি উদ্যোগকে আমন্ত্রন জানাতে পারি না। স্যার, প্রশ্ন উঠেছে শিক্ষা ক্ষেত্রে বামফ্রন্ট সরকার কতটা উচ্চ শিক্ষার সুযোগ সম্প্রসারিত করতে পেরেছেন? আজকে আমাদের সরকার বলছেন, আমাদের ভারতবর্ষে আজকের সামাজিক অবস্থায় যে নব্য মধ্যবিত্ত সম্প্রদায়ের উদ্ভব হয়েছে তাদের ছেলেমেয়েদের কাছ থেকে কিছু পয়সা-কড়ি টিউশন-ফি হিসাবে নেয়া হবে। আমি আনন্দিত যে, আমাদের সরকার এই দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন। অতীতে এই বিধানসভায় আমি বার বার এই কথা বলেছিলাম। আমার মনে হয় আরো আগে যদি এই প্রস্তাব গ্রহণ করা হত তাহলে ইতিমধ্যে আমরা এই বাবদ যে অর্থ সংগ্রহ করতে পারতাম তা শিক্ষা সম্প্রসারণের কাজে ব্যয় করতে পারতাম। সঙ্গে সঙ্গে একটা উদ্বেগও আমাদের মনে দেখা দিচ্ছে। সেটা হচ্ছে আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া মানুষদের কি হবে? আমি এ বিষয়ে নিশ্চিত, তাদের ওপর নিশ্চয়ই টিউশন ফি-র দায় চাপিয়ে দেয়া হবে না। কিন্তু কলেজের ক্ষেত্রে? কলেজের ক্ষেত্রে সেই দৃষ্টান্ত অনুসরণ করবো না। উচ্চ শিক্ষার ক্ষেত্রে সেই দৃষ্টান্ত অনুসরণ করব না। আজকে উচ্চবিত্ত, মধ্যবিত্ত এই দুটো ভাগ করব না। তা যদি না করি তাহলে মাধ্যমিক শিক্ষা থেকে যারা পেরিয়ে গেছেন তাদের ছেড়ে

দিলাম আর উচ্চ শিক্ষার ক্ষেত্রে ব্যাপকভাবে টিউশন ফি চাপালাম—এটা যদি করা হয় তাহলে শিক্ষাক্ষেত্রে বৈষম্য সৃষ্টি করা হবে বলে আমি মনে করি। টিউশন ফি মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রেও গ্রহন করুন আবার উচ্চ শিক্ষার ক্ষেত্রেও গ্রহন করুন— এই আবেদন আমি জানাব। আজকে শিক্ষাক্ষেত্রে বড় প্রশ্ন দেখা দিয়েছে মাস্টারমশাইদের টিউশন করা সম্পর্কে। একথা ঠিকই, মাস্টারমশাইরা সব বিবেকবান, সাধারণত তাঁরা টিউশন করেন না। কিন্তু টিউশনের ক্ষেত্রে প্রধান বিষয় হল আমাদের সিলেবাস। যে পরিমান ছাত্ররা আমাদের বিদ্যালয়ে আসে, সেই পরিমান ছাত্রদের পড়ানোর জন্য যে পরিমান শিক্ষক আছেন তাতে সিলেবাসের বোঝা যে ধরণের তাতে অল্প সময়ের মধ্যে এত সিলেবাস সম্পূর্ণ করা তাদের পক্ষে সম্ভব নয়। আপনার বোধহয় খেয়াল আছে, রাধাকৃষ্ণাণ কমিশন ৫৩।৫৪ বছর আগে যেটা প্রধানত উচ্চ শিক্ষার জন্য গঠিত হয়েছিল—তারা কিন্তু একটি কথা বারবার বলেছিলেন, আমাদের দেশের শিক্ষা ব্যবস্থার সবচেয়ে বড় ত্রুটি পরীক্ষা ব্যবস্থা। এই পরীক্ষা ব্যবস্থার যদি সংস্কার না হয়, এই বিশাল সিলেবাস একে সংক্ষিপ্ত করে যেটা আয়াসসাধ্য হবে শিশুদের কাছে সেই রকম সিলেবাস পৌঁছে দিতে হবে। যদি শিক্ষা ব্যবস্থাটাকে সংক্ষিপ্ত, বাস্তবমুখী করতে পারি, অল্প সময়ের মধ্যে আয়াসসাধ্য ভাবে সমস্ত বিষয়টা সংক্ষিপ্তভাবে যদি পৌঁছে দেওয়া যেতে পারে তাহলে টিউশন চাওয়া এবং পাওয়ার যে প্রবণতা সেটা হ্রাস পাবে। তাই আমি অনুরোধ জানাব, আমাদের সিলেবাস আরো সংক্ষিপ্ত, আরো বস্তুনিষ্ঠভাবে কিভাবে শিক্ষার্থীদের কাছে উপস্থিত করা যায় সেই বিষয়ে গুরুত্ব দেবেন। আর একটি বিষয়ে বলব, যেটা মাননীয় মন্ত্রী মহাশয়গণরা বিবেচনা করার চেষ্টা করছেন, কিন্তু মন্ত্রীরা চেষ্টা করলেও তার সুফল সব মানুষ পাবে একথা বিশ্বাস করা উচিৎ নয়, বিশ্বাস করা বোধ হয় ঠিকও হবে না। কারণ, আমরা জানি, আমাদের রাজ্যে প্রাথমিক স্তরে বিনামূল্যে বই পাওয়ার কথা। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, মে, জুন মাস চলে গেল, জুলাই মাস এসে গেল—এখনো পর্যন্ত প্রাথমিক স্তরে দ্বিতীয় শ্রেণীর কোনও বই যায়নি। অথচ প্রথম পর্বের মূল্যায়ন হয়ে গেল। সরকার বই দিল, কিন্তু স্কুলগুলিতে বইগুলি পৌঁছালো না। এদিকে কলেজ ষ্ট্রিটে কালোবাজারে সেইসব বইগুলি পাওয়া যাচ্ছে। বিত্তশালী অভিভাবকেরা সেইসব বই কিনে নিয়ে যায়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব,—আপনার সিদ্ধান্ত সঠিক—কিন্তু আপনার যে প্রশাসন সেই প্রশাসনকে যদি গতিশীল এবং দুর্নীতি মুক্ত প্রশাসন না করতে পারেন তাহলে আপনার সমস্ত উদ্দেশ্যই অনেকখানি ব্যাহত হবে। প্রাথমিক স্কুল বোর্ডে বিধায়করা

সদস্য ছিলেন, কিন্তু বর্তমানে নেই। কিন্তু স্কুল বোর্ড কাজ শুরু করে দিয়েছে। সেক্ষেত্রে বিধায়করা সদস্য না থাকার ফলে তাদের যে বলার সুযোগ বা অধিকার ছিল, সেই সুযোগ বা অধিকার থেকে বঞ্চিত বর্তমানে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, এই বিধানসভায় যাতে সেই পদগুলি পূরণ করা যায় সেইদিকে গুরুত্ব দেবেন। আমি এই প্রসঙ্গে সবিনয়ে বলি, আমরা যতই চেষ্টা করি না কেন, ডি. আই. অফিসগুলি এক-একটি দুর্নীতির আখড়া হয়ে গেছে। আমি নিজে জানি, এস. এস. সি. থেকে পাঠানো হয়। আগে যে জয়েন করেছে তাকে অ্যাপ্রুভাল এস. এস. সি. থেকে পাঠানো হল না, কিন্তু পরে যে জয়েন করলো ১ বছর কিম্বা দেড় বছর বাদে, তাকে অ্যাপ্রুভাল পাঠিয়ে দেওয়া হল। আগে যে জয়েন করলো তার অ্যাপ্রুভাল হল না। মাঝখানে একটা অশুভ ঘটনা ঘটছে ডি. আই. অফিসে। সুতরাং আমরা যতই চেষ্টা করি, মাস্টারমশাইরা সব সময়মতো পেনসন পাক, মাস্টারমশাইরা সময়মতো প্রাপ্য উপকরণ পাক, আমাদের সদিচ্ছা আছে ছেলে-মেয়েরা মিড-ডে মিল পাক, কিন্তু সেই ইচ্ছা আপনি যে প্রশাসনের মাধ্যমে বাস্তবায়িত করবেন, সেই প্রশাসনকে যদি পরিস্কার, পরিচ্ছন্ন এবং গতিশীল, দুর্নীতিমুক্ত করতে না পারেন তাহলে আপনার সেই আশা পূরণ হবে না এবং মানুষের আশা-আকাঙ্খাও পূরণ হবে না। সুতরাং এই দিকটি আপনি গুরুত্ব দেবেন। এই আশা রেখে বাজেটকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে, বিরোধীপক্ষের আনীত সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়গণ এবং মাননীয় গ্রন্থাগার মন্ত্রিমহাশয় শিক্ষা দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, বিরোধীদলের মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু বিদ্যালয় গৃহের বিষয়টি নিয়ে কয়েকটি কথা বললেন। এই বিষয়টি নিয়ে মন্ত্রী মহাশয়গণ বলবেন, আমি শুধু এই প্রসঙ্গে একটি তথ্য দিতে চাই। কংগ্রেস আমলে ২৮ বছরের রাজত্বে সর্বোচ্চ প্রাথমিক বিদ্যালয়ে অনুদান দেওয়া হয়েছিল ৫ হাজার টাকা। তার বেশি নয়। ২৮ বছরে মোট অনুদান দেওয়া হয়েছিল ১৪ কোটি ৮ লক্ষ টাকা। আর বামফ্রন্টের আমলে এমন বহু প্রাথমিক স্কুল আছে যা বানে পড়ে গিয়েছে সেই স্কুলকে গৃহনির্মাণের জন্য ৪ লক্ষ টাকা পর্য্যন্ত অনুদান দেওয়া হয়েছে। তারপর উনি অভিযোগ করলেন যে ১০ বছর ধরে এখানে কোনও সুফল হয়নি। স্যার, আপনি জানেন, বিরোধীপক্ষের বন্ধুরাই মামলা করেছিলেন

যাতে নতুন স্কুল করা না যায়। তারাই মামলা করে এটাকে আটকে রেখেছিলেন। তার আগে আইন করেছিলেন যে অর্গানাইজড স্কুল করা চলবে না, যাতে না মাস্টারমশাইদের নেবার বিষয়টি আসে। '৭৩ সালে সেই আইনের কথা বোধহয় ভুলে গিয়েছেন। তারপর উনি স্কুলে শিক্ষার মানের কথা বললেন। স্যার, আপনাকে বলি, '৭৬ সালে মাধ্যমিক পরীক্ষাতে পাশের রেট ছিল ৪৮ পারসেন্ট, এখন প্রতি বছর ৭০ পারসেন্টের কাছাকাছি ছাত্র পাশ করছে। তারপর শিক্ষক নিয়োগের বিষয়টি নিয়ে উনি বললেন। আগে কি ভাবে শিক্ষক নিয়োগ হত সেটা এই প্রসঙ্গে একটু জেনে রাখা ভাল। যারা স্কুলের সম্পাদক ছিলেন বা এ বিষয়ে দায়িত্ব প্রাপ্ত ছিলেন বিশেষ করে ঐ জোতদার, জমিদার, মহাজন শ্রেণীর লোকরা, তাদের যারা বশংবদ ছিলেন তাদেরই শিক্ষক হিসাবে নিয়োগ করা হত। অর্থাৎ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতাটা মাপকাঠি ছিল না, যারা বশংবদ তারাই শিক্ষক পদে নিয়োজিত হতে পারতেন। তারপর সেই সময় শিক্ষকদের মাহিনা দেওয়ার ক্ষেত্রে আমরা দেখেছি, খাতায় এক রকম মাহিনা লেখা হত আর হাতে দেওয়া হত তার চেয়ে অনেক কম টাকা। তার উপর সেই মাহিনাটুকুও পাওয়ার জন্য শিক্ষকদের আকাশের দিকে চেয়ে বসে থাকতে হত, কবে তারা সেই সামান্য মাহিনাটুকুও পাওয়ার জন্য শিক্ষকদের আকাশের দিকে চেয়ে বসে থাকতে হত, কবে তারা সেই সামান্য মাহিনাটুকু পাবেন বসে বসে ভাবতেন। কিন্তু আজকে অবস্থার অনেক পরিবর্তন হয়ে গিয়েছে। এখন এস. এস. সি. থেকেই বলুন বা প্রাথমিক শিক্ষার ক্ষেত্রেই বলুন, ভাল ভাল স্কলারশিপ পাওয়া ছাত্ররা স্কুলে শিক্ষকতা করতে আসছে মর্যাদা নিয়ে ফলে বিদ্যালয়গুলিও উপযুক্ত মানের শিক্ষক পাচ্ছে। কাজেই এ ক্ষেত্রে তিনি যে যুক্তি দিয়েছেন তা যে অসারতা তা প্রমাণ হয়ে যায়। উনি ইংরাজি শিক্ষার কথা বললেন। এই প্রসঙ্গে আমি স্কুল-ছুটদের বিষয়টি নিয়ে একটু বলি। এটা আমার রিপোর্ট নয়, বিশ্বব্যাঙ্ক তার রিপোর্টে বলছে, এখানে ৭৬/৭৭ সালে দারিদ্রসীমার নিচে বাস করতো ৫২ পারসেন্ট লোক, এখন সেটা নেমে হয়েছে ২৬ পারসেন্ট। এখন মানুষের অর্থনৈতিক অবস্থার উন্নতি হয়েছে। সেইসব ঘরের ছেলে যারা স্কুলে আসছে তাদের প্রথম প্রজন্ম যারা শিক্ষার্থী, তারা বাড়ির লোকদের কাছে ইংরাজি পড়তে পারবে না। ইংরাজি পড়ার ক্ষেত্রে অসুবিধা হবে। তারা যদি পড়াশুনা করতে না পারে তাহলে স্কুল-ছুট হয়ে যাবে। এই সম্ভাবনা এখানে রয়েছে। এই বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রীদের চিন্তাভাবনা করতে বলব। তারপর স্কুলে মাহিনার বিষয়টি নিয়ে যেটা উনি বললেন সে বিষয়ে বলব, যাদের সঙ্গতি আছে তাদের

বিষয়ে চিন্তাভাবনার কথা বলা হয়েছে। দেবপ্রসাদবাবু এখানে কাদের স্বার্থে কথা বলছেন সেটা চিন্তা করা দরকার। তারপর তিনি ভাষা নীতি নিয়ে বললেন। তার জানা দরকার যে বামফ্রন্ট সরকারের ভাষা নীতি বিষয়ে স্বচ্ছতা আছে। এ নিয়ে বেশি কিছু বলব না, মন্ত্রীমহাশয়রা বলবেন। দেবপ্রসাদবাবুকে বলব, বামফ্রন্ট সরকার আসার পর এ রাজ্যে এই সরকার যে কাজ করেছেন তিনি সেটা জানেন। ভূমি সংস্কারের ক্ষেত্রে, ভূমি বণ্টনের ক্ষেত্রে বিরাট সাফল্য আমরা অর্জন করেছি। এক/দু জনকে নয়, ২৫ লক্ষ ভূমিহীনকে জমি দেওয়া হয়েছে ফলে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি হয়েছে। চাষের ক্ষেত্রে নিশ্চয়তা আসায় ১৫ লক্ষ বর্গাদার নিশ্চিতভাবে চাষ করতে পারছেন।

[3-00 — 3-10 p.m.]

তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটেছে। শুধু তাই নয়, ক্ষেতমজুর, আগে যারা কাজ পেতো না, কাজ পেলেও মজুরি যা পেতো তা দিয়ে এক কেজি চাল কিনতে পেতো না এবং এটাই তখন বাস্তব চিত্র ছিল। আজকে বামফ্রন্ট সরকার ক্ষেতমজুরদের মজুরি বৃদ্ধি করায় তারা খোরাকি হিসাবে ২ কেজি চাল এবং ৩০-৪০ টাকা মজুরি পান। আজকে পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরন এবং জনমুখী প্রকল্প গ্রহনের মাধ্যমে মানুষের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটেছে বলেই ২৬ ভাগ বাদে বাকি মানুষ দারিদ্রসীমার উর্দ্ধে উঠেছেন। আগে বাবুদের বাড়িতে যেসব ছেলেমেয়েরা ঝি -চাকরের কাজ করতো, মাঠে গরু চড়াতো আজকে সেসব ছেলেমেয়েরা স্কুলে যেতে পারছে এবং তারজন্যই আজকে বিদ্যালয়ে জায়গা সঙ্কুলানের যে প্রশ্ন সেটা দেখা দিয়েছে। শুধু তাই নয়, একটি জিনিস ভাবতে হবে যে, স্বাধীনতার পূর্বে ব্রিটিশ আমলের আগে যে শিক্ষা ব্যবস্থা ছিল সেটা ছিল সুষ্ঠু শিক্ষা-ব্যবস্থা, সে মাধ্যমিক হোক, পাঠশালা শিক্ষা হোক, টোল হোক বা মাদ্রাসা শিক্ষাই হোক। কিন্তু ওরা এসে মুষ্টিমেয় মানুষের জন্য শিক্ষা চালু করলেন এবং তার ফলে শিক্ষার সঙ্কোচন ঘটলো। স্বাধীনতার পর এক্ষেত্রে কিছুই করা হল না। খের কমিটি গঠিত হল। তাঁরা বললেন, বাজেটের ১০ ভাগ টাকা শিক্ষায় ব্যয় করতে হবে। পরবর্তীকালে যেসব কমিশন হল—ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন গঠিত হল, সর্বপল্লী রাধাকৃষ্ণন কমিশন হল, মুদালিয়া কমিশন হল, কোঠারি কমিশন হল। তাঁরা সকলেই প্রাথমিক শিক্ষা, ১৪ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়ের সকলের জন্য প্রাথমিক শিক্ষার কথা বলেছিলেন। আমাদের সংবিধানের ফান্ডামেন্টাল রাইটের দ্বিতীয় ভাগে ৪৫ পাতায় উল্লেখ করা হল, ১৪ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের

প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করতে হবে ১০ বছরের মধ্যে। ওরা সেটা উপেক্ষা করলেন শুধু উপেক্ষাই করলেন না, তখনকার শিক্ষায় ব্যয়বরাদ্দ যদি লক্ষ্য করি তাহলে দেখবো, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তারা শিক্ষাখাতে ৭.৮৬ পারসেন্ট টাকা ব্যয় করেছিলেন। সেটা তারপর ধাপে ধাপে কমিয়ে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দাঁড়াল ৩.৫ পারসেন্ট, অষ্টম পরিকল্পনায় শিক্ষায় বরাদ্দ দাঁড়াল বাজেটের ২.৪৬ পারসেন্ট। এবারে সেটা কমিয়ে এনে ১.১৮ পারসেন্টে দাঁড় করিয়েছে দিল্লির সরকার। অর্থাৎ তাদের এক্ষেত্রে কোনও সদিচ্ছা নেই এবং সেই সদিচ্ছা না থাকবার জন্যই এটা হয়েছে। ১৯৭৫ সালে জরুরি অবস্থার সময় শিক্ষাকে যৌথ তালিকাভুক্ত করা হল। সেটা করে তারা কি করলেন—দিনের পর দিন নিজেদের শিক্ষাক্ষেত্রের ব্যয়বরাদ্দ কমিয়ে গেলেন এবং রাজ্যগুলির উপর ফোপড়দালালী করবার জন্য নানা শর্ত চাপিয়ে দেবার চেষ্টা করলেন। এরকম অবস্থায় পশ্চিমবঙ্গে ১৯৭৬ সালের আগে পর্যন্ত আজকে যারা বিরোধী পড়ে রয়েছেন তারা যে নৈরাজ্য সৃষ্টি করলেন সেটার কথা চিন্তা করতে হবে। অবশ্য আমি বিস্তারিতভাবে তার মধ্যে যাচ্ছি না। শুধু গণ-টোকাটুকি নয়, শিক্ষার পরিবেশকেই তারা নষ্ট করে দিয়েছিলেন এবং তার ফলে শিক্ষার মান নেমে গিয়েছিল। ১৯৭০ থেকে ১৯৭৬-এর মধ্যে ৩১ জন শিক্ষক এবং ১৫০ জন ছাত্রকে তারা খুন করেছিলেন। সেই সময় পরীক্ষার্থীদের শুধু এম. এস. সি.-র মাধ্যমে শিক্ষক নিয়োগ করার ব্যবস্থাই নয়, যোগ্যতর থেকে যোগ্যতম শিক্ষকদের নিয়োগ করার ব্যবস্থা করেছেন। ছাত্র-ছাত্রীদের আকৃষ্ট করার জন্য নানা রকম পরিকল্পনা গ্রহন করেছে। যেমন খেলাধূলার প্রতিযোগিতা, মিড-ডে-মিল, ছাত্র-ছাত্রীদের পুস্তক দেওয়া, মাইনে ফ্রি করে দেওয়া পঞ্চম শ্রেণী পর্যন্ত বুক গ্রান্ট দেওয়ার ব্যবস্থা করেছে। নোবেল পুরস্কার জয়ী অমর্ত্য সেন বলেছেন সার্বিক পরিস্থিতির উন্নতি করতে গেলে মানব সম্পদের উন্নতি ঘটাতে হবে। সেই জন্য শিক্ষার মান এবং স্বাস্থ্যের উন্নতি ঘটানো হয়েছে। শিক্ষার ব্যাপারে সচেতনতা বৃদ্ধি ঘটানো হয়েছে। পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার শিক্ষা সচেতনতা বৃদ্ধি ঘটানো হয়েছে। পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার শিক্ষা সচেতনতা বৃদ্ধি ঘটানোর জন্য. স্বাক্ষরতায় এগিয়েছে। এগিয়েছে বলেই ১৯৭৬ সালে পশ্চিমবাংলায় যেখানে স্বাক্ষরতার হার ছিল ৪০ শতাংশ সেখানে আজকে সেই হার ৭২ শতাংশ হয়েছে। এটা কি ইতিবাচক দিক নয়? ওনারা যে নীতিতে বিশ্বাসী তার ফলশ্রুতি হিসাবে তাঁরা এই বাজেটের বিরোধিতা করছেন। আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। আজকে এই যে প্রাইভেট টিউশন বন্ধ করার বিষয়ে বামফ্রন্ট সরকার ঘোষণা করেছে তাকে শিক্ষকরা এবং অভিভাবকদের একটা বড় অংশ স্বাগত জানাচ্ছে। কিন্তু এটা করতে গেলে একটা বিষয় চিন্তা-ভাবনা করা দরকার।

তা হলো শিক্ষক এবং ছাত্র অনুপাত বাড়াতে হবে। শিক্ষক যদি বেশি না নেওয়া যায়, পরিকাঠামো যদি ঠিক না করা যায় এবং অন্যান্য উপকরণ যদি না দেওয়া যায় তাহলে প্রাইভেট টিউশন বন্ধ করার যে আইন সেই আইন আইনই থেকে যাবে সেটা বাস্তবে রূপায়িত হবে না। মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব ৪০ জন ছাত্র পিছু একজন শিক্ষক দেওয়ার ব্যবস্থা করতে হবে। যেখানে এই অনুপাতে শিক্ষক নেই সেখানে যাতে সেই অনুপাতে শিক্ষক দেওয়া হয়, বিদ্যালয় গৃহ এবং অন্যান্য উপকরণ যথাযথভাবে দেওয়া যায় তার ব্যবস্থা তিনি যেন করেন। আর একটা বিষয় ভেবে দেখার জন্য অনুরোধ করব। অধিকাংশ ছাত্র-ছাত্রীরা আসছে গরিব ঘর থেকে প্রাথমিক স্তরে প্রথম শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর ব্যাপারে চিন্তা-ভাবনা করে পুনর্বিবেচনা করা যায় কিনা ভেবে দেখতে অনুরোধ করব। এই কথা বলে আবার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা বিভাগের যে বাজেট এখানে উত্থাপিত হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং বিরোধিদের আনা কাট মোশানগুলিকে ছাঁটাই করলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত কংগ্রেস সরকার আমাদের পশ্চিমবাংলা শাসন করেছিল। তাঁদের যে শাসনকাল সেই শাসনকালে তাঁরা শিক্ষার যে অবস্থা সেটা অত্যন্ত শোচনীয় করে তুলেছিল। সেই অবস্থা কাটিয়ে তুলেছিল ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর। বামফ্রন্ট সরকার এসে গুরুত্ব সহকারে এবং সহানুভূতি সহকারে শিক্ষাকে সকলের জন্য শিক্ষার আয়োজন করেছে। শিক্ষাকে একটা গণমুখী শিক্ষা ব্যবস্থার মধ্যে আনয়ন করতে পেরেছে। এই রকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে যেখানে আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের কেন্দ্রের জোট সরকার, বি. জে. পি. জোট সরকার শিক্ষার মধ্যে আবার গৈরিকীকরণ করার ব্যবস্থা করার জন্য উঠে পড়ে লেগেছে। সমস্ত প্রতিবন্ধকতা দূর করে আমাদের বামফ্রন্ট সরকার নিজের আদর্শে অবিচল থেকে স্বীয়কর্তব্য পালন করতে অঙ্গীকারবদ্ধ। তার প্রতিফলন এই বাজেটের মধ্যে দিয়ে লক্ষ্য করা যাচ্ছে। স্যার, এই যে বাজেট তৈরি করা হয়েছে তাতে সার্বজনীন প্রারম্ভিক শিক্ষার উপর সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। পশ্চিমবাংলায় অনুমোদিত ৫৩ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে এবং ২২ হাজার মাধ্যমিক বিদ্যালয় আছে। প্রথম থেকে পঞ্চম শ্রেণীতে প্রায় ১ কোটি ছাত্র-ছাত্রীকে বিনা পয়সায় হিন্দি, উড়িষ্যা, নেপালী, উর্দুতে ৮৬টি শীর্ষক পাঠ্য পুস্তক সরবরাহ করা হচ্ছে।

*এখানে এই রকম যে ব্যবস্থা, এটা একমাত্র পশ্চিমবঙ্গ ছাড়া অন্য কোনও* রাজ্যে করা হয়নি। বর্তমানে আমরা প্রায় ৪ কোটি ১০ লক্ষ পাঠ্যপুস্তক সমস্ত জেলায় সরবরাহ করি। মে মাসে নির্বাচন থাকার জন্য সরকারি পাঠ্যপুস্তক যেখানে তৈরি করা হয়, সেখানে একটু বিলম্ব হওয়ার ফলে যদিও বিভিন্ন জায়গায় বইগুলো এখনও সরবরাহ করা যায় নি, তবে দু'এক সপ্তাহের মধ্যে জরুরি ভিত্তিতে আমরা অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে পাঠ্যপুস্তক দেবার জন্য ব্যবস্থা করছি। এই প্রসঙ্গে আমি বলতে পারি, প্রথম শ্রেণীতে যে পাঠ্যপুস্তকগুলো ছিল সেগুলোকে গত বছর পরিবর্তন করে মধ্যশিক্ষা পর্ষদের অনুমোদনক্রমে প্রথম শ্রেণীর বইগুলোকে পরিমার্জিত করে প্রায় ছাপা হয়েছে। এবারে দ্বিতীয় শ্রেণীতে যে পাঠ্যপুস্তকগুলো রয়েছে, সেগুলোকে শিক্ষকমণ্ডলি, শিক্ষাবিদ, অভিভাবক-অভিভাবিকা তাঁদের সুপরামর্শ নিয়ে আবার নতুন করে সংস্করণ করা হয়েছে। দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণীতে বিশেষ করে ইংরাজি ভাষার যখন প্রচলন হচ্ছে, তার জন্য ৪৫ লক্ষ পাঠ্যপুস্তক তৈরি করা হয়েছে। সেগুলোকে সরবরাহ করার ব্যবস্থা হয়েছে। তাছাড়া, পশ্চিমবাংলা ছাড়া বাইরে আরও বাংলা ভাষাভাষী ছাত্রছাত্রী যে সমস্ত জায়গায় আছে, যেমন, আন্দামান, ওড়িশা এবং মধ্যপ্রদেশে বাংলা ভাষার বইগুলো সরবরাহ করা হয়ে থাকে। বর্তমানে পঞ্চায়েতস্তরে গ্রামোন্নয়ন যেখানে রয়েছে, সেখানে শিশুশিক্ষা কেন্দ্রে এই বইগুলোকে পাঠিয়ে দেবার ব্যবস্থা হয়েছে। এর জন্য আমরা প্রায় ১৮ কোটি টাকা খরচ করেছি। পোষাকের জন্য বলি, এস. সি., এস. টি. দের জন্য প্রায় একশো ভাগ এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর জন্য ২৫ লাখ পোষাক আমরা দিচ্ছি। প্রাইমারি লেভেলে ক্রীড়া, খেলাধূলার জন্য ভাল উদ্যোগ নেওয়া হয়েছে। আপনারা শুনে আনন্দিত হবেন, এবারে প্রথম বানীপুরে ড. বি. আর আম্বেদকার ক্রীড়া বিদ্যালয় স্থাপন করা হয়েছে। এখানে ১৫ জন ছেলে এবং ১৫ জন মেয়ে, মোট ৩০ জনকে শিক্ষা দেওয়া হবে এবং এটার সম্পূর্ণ খরচ সরকারের। মিড-ডে-মিলকে যাতে খুব ভাল জায়গায় নিয়ে যাওয়া যায়, সেজন্য ৪৬৫টি ব্লককে এর আওতায় আনা হয়েছে। ৯৫ লক্ষ ৮১ হাজার ৪১৯ জনকে এই প্রকল্পের মধ্যে আনা হয়েছে। এটি একটি সুখের বিষয়, ভারত সরকার পশ্চিমবঙ্গ সরকারের এই যে আয়োজন, একে তাঁরা প্রশংসা করেছেন। তবে এতে আমাদের আত্মতুষ্টির কোনও কিছু নেই। আমরা চেষ্টা করছি যাতে আরও যারা এখনও বিদ্যালয়ে আসেনি, তাদের যাতে বিদ্যালয়ে আনা যায়, আমাদের সেই প্রচেষ্টা রয়েছে। চালের কোয়ালিটি যাতে আরও উন্নত করা হয়, তার জন্য আমরা ভারত সরকার এবং এফ সি আই

কে জানিয়েছি, যাতে কোয়ালিটি আরও উন্নত করা হয় তার জন্য তাদের জানিয়েছি। পরিশেষে এই বাজেটকে আবার সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনকে সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী নন্দরানী দল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩০ নম্বর অভিযানের অন্তর্গত শিক্ষাখাতে যে ব্যয় বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীদলের সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষ এখানে নেই, অনুপস্থিত। তাঁরা যে ছাঁটাই প্রস্তাব দিয়েছেন তার প্রধান বিষয়বস্তু ছিল, সাক্ষরতার ক্ষেত্রে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

আমি শুধু এটুকু বলতে চাই, যখন কংগ্রেস পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে রাজত্ব করেছিলেন, সেই সালগুলিতে যদি দেখা যায়, '৬১ সাল ধরে, সেখানে লোক গণনা হয়েছিল, স্বাক্ষরতার হার যা ছিল, জাতীয় গড়ের যে স্বাক্ষরতা তার অনেক নিচে পশ্চিমবাংলা ছিল। '৭১ সালে সেখানেও ছিল নিচে। '৮১ সালেও নিচে। জাতীয় স্বাক্ষরতার গড়ের নিচে ছিল পশ্চিমবাংলা। '৯১ সালে পশ্চিমবাংলা স্বাক্ষরতার ক্ষেত্রে একটা জায়গা করেছে এবং জাতীয় যে গড় তার উপরে পৌঁছাতে পেরেছে। আপনারা জানেন যে, আমার যে দপ্তর স্বাক্ষরতা জনশিক্ষার প্রসারের দপ্তর, এর প্রধান কাজ হচ্ছে স্বাক্ষরতাকে জনগণের কাছে পৌঁছে দেওয়া। এই সাক্ষরতা প্রকল্পের বিভিন্ন পর্য্যায় আছে। তিনটি পর্য্যায় আছে। প্রথম হচ্ছে— সার্বিক সাক্ষরতা পর্যায়, দ্বিতীয় হচ্ছে—সাক্ষরোত্তর পর্যায়, তৃতীয় হচ্ছে—ধারাবাহিক শিক্ষা প্রকল্প। এই সকল পর্যায় এর মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় সরকারের যে প্রকল্পগুলি আমরা গ্রহণ করেছিলাম '৯০ সালে তার যে মূল্যায়ন হয়েছিল সেই মূল্যায়ন কেন্দ্রীয় সরকার করেছিলেন, তার এজেন্সি মারফৎ। সেখান থেকে যা বেরিয়ে এসেছে আমরা ৯২ লক্ষ ৩৬ হাজার মানুষকে স্বাক্ষর জ্ঞানসম্পন্ন করতে পেরেছি নবস্বাক্ষর করতে পেরেছি। এবারে ২০০১ সালে যে লোক গণনা হল, সেখানে তার প্রভাব পড়েছে সাক্ষরতার হারের ক্ষেত্রে পশ্চিমবাংলার যে রিপোর্ট বেরিয়ে এসেছে তা হচ্ছে, ৬৯.২২ শতাংশ। স্বাভাবিকভাবে বিরোধী পক্ষ থেকে যে বক্তব্য উপস্থিত করা হয়েছে, যে কাটমোশন দেওয়া হয়েছে তা সঠিক নয় এক্ষেত্রে আমরা এটা বলতে পারি। আমাদের দপ্তর যে কাজ করেছে এই পর্য্যন্ত সেটা হচ্ছে ৭টি জেলায় তারা ধারাবাহিক শিক্ষা প্রকল্পের আওতায় এসেছে এবং ৫টি জেলা তারা ইতিমধ্যে আসার চেষ্টা করেছে। আমাদের লক্ষ্য আছে আরো ৯টি জেলাকে

*ধারাবাহিক শিক্ষা প্রকল্পের মধ্যে আনার।* আর আমরা কিছু জেলাকে সাক্ষরোত্তর প্রকল্পে আনব বলে চিহ্নিত করেছি। '৯১ সালে যে টার্গেট ছিল ১ কোটি ৮১ লক্ষ নিরক্ষর মানুষকে আমরা সাক্ষর করব, তা আমরা পারিনি। আগামী দিনে সেই টার্গেট পূরণ করার চেষ্টা করছি এবং তার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এছাড়া আছে, এই দপ্তরের অধীন প্রথা বহির্ভূত শিক্ষা সেখানেও আমরা কাজ করছি। এই দপ্তরের মাধ্যমে আমরা ৬২,৫০০ জন ছাত্র-ছাত্রীকে পড়াবার সুযোগ করে দিয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেস যখন ক্ষমতায় ছিলেন, আজকে কংগ্রেস ক্ষমতায় নেই, কিন্তু এটার মূল্যায়ণ করতে হবে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ২৪ বছর ধরে যে কর্মসূচিগুলি গ্রহণ করেছে, সেই কর্মসূচিগুলি বাস্তবায়িত করার ক্ষেত্রে এই নব সাক্ষররা বিরাট ভূমিকা পালন করছে। আজকে আমাদের চেষ্টা আছে, আমরা আরো কিছু নন ফর্মাল প্রজেক্ট খুলব। এর মধ্যে আমাদের দপ্তরের অধীনে কিছু সেন্টার আছে। নন ফর্মাল প্রজেক্ট আমরা ইতিমধ্যে ৩২টি এন. জি. ও. কে দিয়ে শুরু করেছি, যেগুলি এন. জি. ও. রা পরিচালনা করে, তার সংখ্যা হচ্ছে ১৪৯৭টি, এখানেও পড়াশুনা হচ্ছে। আর রাজ্য সরকার যা পরিচালনা করে প্রথা বহির্ভূত শিক্ষা কেন্দ্র, তার সংখ্যা, ইউনিট হচ্ছে ৬৮টি এবং ৫০টি এন জি ও র মাধ্যমে পরিচালনা করা হয়, সেখানে কেন্দ্র আছে ৩৪০০; এখানে ৮৫ হাজার শিক্ষার্থী পড়াশুনা করেন। এছাড়া আমার দপ্তর যে কাজগুলি করে তার একটা প্রচার করা দরকার। শ্রাব্য দৃশ্য শাখা আছে—সরকারি ইউনিট ১টি, বেসরকারি ইউনিট ১১টি। আমরা চাইছি আগামী দিনে আরো তিনটি ইউনিট খুলব, বিশেষ করে নর্থ বেঙ্গলে যে এলাকাগুলি পিছিয়ে আছে, সেখানে কাজ করব। সারা পশ্চিমবাংলায় প্রতিবন্ধী শিশুদের জন্য শিক্ষার ব্যবস্থা আছে। ৯০টি স্বীকৃত বিদ্যালয়ে প্রতিবন্ধীদের পড়াশুনার সুযোগ আমরা করে দিয়েছি সরকারি ও বেসরকারি মিলিয়ে। স্বাভাবিকভাবে আমাদের দপ্তরের যে পরিকল্পনা আমরা করেছি তা বাজেটের মধ্যে রেখেছি।

মাননীয় সদস্যদের কাছে আবেদন করব, সারা পশ্চিমবাংলায় শিক্ষার আলো যাতে ছড়িয়ে পড়ে তার জন্য এলাকা উন্নয়নের পাশাপাশি, মানব সম্পদ উন্নয়নের পাশাপাশি, যারা নিরক্ষর মানুষ তারা যাতে স্বাক্ষর হয় তার জন্যও আপনারা সকলে এগিয়ে আসুন। কেরালা ও মিজোরাম যে জায়গায় পৌঁছাতে পেরেছে সেই জায়গায় যাতে আমরা পৌঁছাতে পারি তার জন্য আমাদের সকলকে এগিয়ে আসতে হবে। তাহলেই আমরা কেরালা, মিজোরামের পরে স্থান করে নিতে পারব। সরকারের

একার পক্ষে এই কাজ করা সম্ভব নয়, জনপ্রতিনিধিদেরও এই ব্যাপারে এগিয়ে আসতে হবে। আমার বক্তব্য শেষ করার আগে আমি বিনীতভাবে আবেদন করতে চাই—শুধু বিরোধী পক্ষ নয়, পশ্চিমবাংলার সকল মানুষ যদি এগিয়ে আসেন তাহলে আমরা নিরক্ষর মানুষকে স্বাক্ষর করতে পারব। তাদের নিজ নিজ এলাকায় আমাদের যে প্রকল্পগুলো আছে প্রথা বর্হিভূত স্বাক্ষরতা কেন্দ্র, সহায়ক স্বাক্ষরতা কেন্দ্র আছে, সেখানে যদি আপনারা এগিয়ে আসেন তাহলে আমরা এগিয়ে যেতে পারব। সবাইকে আবার ধন্যবাদ জানিয়ে এবং বিরোধী পক্ষের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-20 p.m.]

**শ্রী নিমাই মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমার দপ্তরের যে বাজেট বরাদ্দ রাখা হয়েছে তাকে সমর্থন করে এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি কয়েকটি কথা রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই গ্রন্থাগার আন্দোলনের পীঠস্থান হচ্ছে বাংলা। গ্রন্থাগার আন্দোলনকে আরও শক্তিশালী করার জন্য এবং প্রসারিত করার জন্য এই বাজেট বরাদ্দে সংস্থান করা হয়েছে। মাননীয় সদস্যগণ জানেন, গত বছর বাজেট বরাদ্দের সময় আমি বলেছিলাম পশ্চিমবঙ্গে এখনো ১৫০০ গ্রাম পঞ্চায়েত এলাকা রয়েছে, যেখানে সরকার পোষিত গ্রন্থাগার নেই। সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলোকে গ্রন্থাগার পরিষেবা আওতায় আনার জন্য গত বছর থেকেই আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। ১৫০ টির মতো স্থাপন করা হয়েছে এবং বর্তমান বছরে আমরা ৬৮২টি জন গ্রন্থাগার ও তথ্য কেন্দ্র স্থাপন করার লক্ষ্য নিয়েছি। মাননীয় সদস্যগণ যদি এই ব্যাপারে সহায়তা করেন তাহলে এই ৬৮২টি কেন্দ্র আমরা স্থাপন করতে পারব। গত বছর আমরা আরও বলেছিলাম এক বিংশ শতাব্দীকে সামনে রেখে যুবসমাজকে আমরা আরও আরও বেশি করে গ্রন্থাগারমুখী করার প্রকল্প নিয়েছি। ১৯টি জেলা গ্রন্থাগার এবং ৬৪টি মহকুমা গ্রন্থাগার আমরা স্থাপন করেছি। বৃত্তিমূলক সহায়তা কেন্দ্র, যুবক-যুবতীরা যার্তে জীবিকার সন্ধান পেতে পারে তার জন্য আমরা চেষ্টা করেছি। এই সমস্ত জায়গাতে আমরা নাজেহাল হয়ে যাচ্ছি, কারণ ভিড়ের চাপ এখানে ক্রমশ বাড়ছে। এখানে আমরা জায়গা দিতে পারছি না। এখানে একজন মাননীয় সদস্য হলদিবাড়ি গ্রন্থাগার সম্পর্কে বলেছেন। আমরা জানি এটা খুব প্রাচীন গ্রন্থাগার। ওখানকার গ্রন্থাগার কর্তৃপক্ষ যা যা সহযোগিতা চেয়েছিলেন—আর্থিক সহযোগিতা, পুস্তক সহযোগিতা সব আমরা

করেছি। এটাকে শহর গ্রন্থাগার রূপে রূপায়িত করার জন্য আমরা নিশ্চয় চেষ্টা করব। মাননীয় সদস্য যে প্রস্তাব রেখেছেন সেটা বিবেচনা করার জন্য আমরা নিশ্চয় চেষ্টা করব। স্যার, গত বছরের আগের বছর পশ্চিমবাংলায় একটা নক্কারজনক ঘটনা ঘটেছিল। তৃণমূল কংগ্রেস এবং বিজেপি থানাকূল-এর বলপাই দৌলতচকে যে গ্রন্থাগারটি রয়েছে সেখানে তারা রাত্রির অন্ধকারে বোমা মেরে আগুন লাগিয়ে দিয়েছিল।

একটা কথা তারা বলেছিল—এখানে নাকি মার্কসবাদের শিক্ষা দেওয়া হয়, এই মার্কসবাদ যাতে শিক্ষা দিতে না পারে সেইজন্য এটা ধ্বংস করে দিলাম। ওরা মূর্খ, জানে না যে সেখানে গান্ধিজী, নেতাজী সুভাষ, রবীন্দ্রনাথ, রামমোহন, তারাশংকর, আরও অনেকের বইও ছিল। গ্রন্থাগার ধ্বংস করা শুধু এখনই নয়, প্রাচীনকাল থেকেই লাইব্রেরি ধ্বংস হয়েছে। আলেকজান্দ্রিয়া লাইব্রেরি ধ্বংস করেছিল। হিটলারও করেছিল, খলিফারাও করেছিল, ইংরেজরাও করেছিল। তারা বলত এখান থেকে নাকি জ্ঞানের আলো ছড়িয়ে পড়বে, একে ধ্বংস করতে হবে। আমরা সরকারের তরফ থেকে বলেছিলাম নতুন করে ওটা তৈরি করব। যে একতলা গ্রন্থাগারটি তারা ধ্বংস করেছিল, জনগণের সহায়তায় সেটি দোতলা সুসজ্জিত লাইব্রেরিতে পরিণত হয়েছে এবং গত মার্চ মাসে আমাদের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী লক্ষাধিক মানুষকে সাক্ষী রেখে ঐ গ্রন্থাগার জনগণের উদ্দেশ্যে উৎসর্গ করলেন। মূর্খরা যতই ভাবুক জ্ঞানকে আটকে দেওয়া যায়, তা কিন্তু হয় না। হিটলার পারেনি, খলিফারাও পারেনি, ইংরেজরাও পারেনি আর ওরাও পারবে না। জ্ঞানের আলো পশ্চিমবাংলায় যেভাবে জ্বলছে, সেই ভাবেই জ্বলবে। ওরা বাংলার ঐতিহ্য, সংস্কৃতিকে ধ্বংস করতে পারবে না। গ্রন্থাগারের ক্ষেত্রে কবিগুরু রবীন্দ্রনাথেরও বিরাট অবদান ছিল বাংলায়। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, ১৯২৫ রবীন্দ্রনাথ কর্তৃক স্থাপিত হয়, তিনি ছিলেন তার প্রতিষ্ঠাতা সভাপতি। গ্রন্থাগার আন্দোলনকে বাংলার ঘরে ঘরে পৌঁছে দিতে চাই, এক্ষেত্রে তাঁরও বিরাট ভূমিকা আছে। আমরা ব্যবস্থা করছি—নব সাক্ষর যারা গ্রন্থাগারে আসবে, তাদের কোনও ফি লাগবে না, বই বাড়িতে নিয়ে গিয়ে পড়তে পারবেন। জনগণের বিশ্ববিদ্যালয় এই গ্রন্থাগার, একে সবার কাছে পৌঁছে দেওয়ার আশা রাখি। আগামী দিনেও শিক্ষা-সংস্কৃতিতে ভারতবর্ষে এক নম্বর স্থানে যাতে আমরা থাকতে পারি তার জন্য সকলের সহযোগিতা চাই। সর্বশেষে, এই বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী মহঃ সেলিম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটের দাবি সংখ্যা ৩০-এর শিক্ষা বিষয়ক যে প্রস্তাব রাখা হয়েছে, তাকে যারা সমর্থন করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি, যারা বিতর্কে অংশগ্রহণ করেছেন, তাদেরও ধন্যবাদ জানাচ্ছি এবং আবেদন করছি যেসব বিষয় উপস্থিত হয়েছে বাজেটে, সেইগুলোকে যাতে সমর্থন করা হয়—আমিও করছি।

আমাদের কারিগরি শিক্ষা দপ্তর এই প্রয়াস চালাচ্ছে যে, আমাদের রাজ্যে শিল্পে এবং কৃষিতে যে উন্নয়ন শুরু হয়েছে এবং উন্নয়নের যে লক্ষমাত্রা নির্ধারিত হয়েছে, যেদিকে আমরা এগোচ্ছি, সেই উপযুক্ত কারিগরি শিক্ষার পরিকাঠামো যাতে আমাদের রাজ্যে গড়ে ওঠে। এক্ষেত্রে আমাদের সরকারি প্রয়াস ফলপ্রসূ হয়েছে। পলিটেকনিক, আই. টি. আই., জুনিয়র পলিটেকনিক, সর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্স চালু আছে। সরকারি প্রতিষ্ঠান ছাড়াও স্বেচ্ছাসেবি সংস্থা, বেসরকারি সংস্থা, পৌরসভা, পঞ্চায়েতকেও ইনভলভ করার চেষ্টা করেছি এবং দ্রুত প্রসার ঘটিয়েছি। একে আরও প্রসারিত করার প্রয়োজন আছে। আমাদের যে ফর্মাল শিক্ষা প্রতিষ্ঠানগুলো আছে, সেখানে ডিগ্রি, সার্টিফিকেট দেওয়া হয়। আমাদের একটা মানসিকতা আছে, সেই আনুষ্ঠানিক শিক্ষা থেকে জীবনে যাতে প্রতিষ্ঠিত হতে পারে।

কিন্তু সেটার ক্ষেত্রে সে সুযোগ ঘটেনি। স্কুলের বিভিন্ন পর্যায়ে পরবর্তীকালে পরবর্তীসময়ে বিভিন্ন পর্যায়ে সবাই শিক্ষার সর্বোচ্চ পর্যায়ে পৌঁছাতে পারে না। কিন্তু তাদেরও জীবনে আধুনিকতার প্রয়োজন আছে সমাজ দেশের রাষ্ট্রের উন্নয়নের জন্য তাদেরও উন্নততর করে তোলার প্রয়োজন আছে। তার জন্য উপযুক্ত দক্ষ লোক করা এবং তাদেরকে আধুনিক পেশায় উপযুক্ত করে যাতে তাদেরকে আরও দক্ষ করে তোলা যায়, বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে, সেই লক্ষ্য নিয়ে আমরা আমাদের যে এসট্যাবলিশমেন্ট পলিটেকনিক আছে, আই টি আই আছে, সেখানে আমরা নতুন নতুন বস্তুভিত্তিক নূন্যতম বিদ্যায় শিক্ষিত করে গড়ে তোলার সুযোগ দিয়েছি। তার জন্য আমাদের যে স্টেট কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন আছে, সেখানে তারা প্রয়াস রত। কিভাবে আরও আধুনিক, আরও যে শিল্প গড়ে উঠেছে, বিভিন্ন ধরণের যে পেশার চাহিদা, দক্ষতার চাহিদা গড়ে উঠছে, তার দিকে নজর রেখে আমরা নতুন বৃত্তিমূলক শিক্ষার কোর্স এবং কারিকুলাম শুরু করেছি। আপনারা জানেন যে, ৪৫টা বিশেষ শর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্স গত কয়েক বছর ধরে

চালু করা গেছে। বিভিন্ন ধরণের প্রস্তাব এগিয়ে এসেছে। এবারেও আমাদের প্রস্তাব আছে। স্কুলগুলিতে ছেলেরা ক্লাস টেন পাশ করার পরে কিছু অংশ নিশ্চয় হায়ার সেকেন্ডারি পড়বে, কলেজে যাবে, আস্তে আস্তে উচ্চ শিক্ষার পর্যায়ে পৌঁছাবে। কিন্তু বাকী অংশ কোথায় যাবে? তাদেরও কিছু দায়িত্ব আছে। তারাও কিছু দিতে চায়। তাদেরও কাছ থেকে কিছু গ্রহণ করার আছে। সেইজন্য তাদেরও দরকার এবং আমাদের রাজ্যের কৃষির এবং শিল্পের উন্নয়নের কথা মাথায় রেখে আমরা এটাকে আরও প্রসারিত করতে চাইছি। সেই উদ্দেশ্যে আমাদের বাজেট প্রস্তাব আপনাদের সামনে রাখা হয়েছে এবং আমি মনে করি এটা আমাদের কাছে একটা বড় চ্যালেঞ্জ। যেভাবে বেকার সমস্যা আছে, এটা যেভাবে বাড়ছে, সেখানে দাঁড়িয়ে কিছু যুবক বা যুবতী বলুন, তাদের বিভিন্ন পর্যায়ে তাদের ডাইভারসিফাই করে নতুন দিশায় নিয়ে যাওয়ার দরকার আছে এবং তাদেরকে নতুন শিক্ষায় শিক্ষিত করে, তাদের কর্মক্ষম করে তাদের যে ক্ষমতা আছে, তাকে কাজে লাগিয়ে পেশার জন্য উপযুক্ত করে এই চ্যালেঞ্জ আমরা গ্রহণ করেছি এবং আমরা প্রত্যেকটা হাই স্কুল, হায়ার সেকেন্ডারি স্কুল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে যেতে চাই। যদি তারা এগিয়ে আসে তাহলে আমরা সর্ট টার্ম বিভিন্ন কোর্স করছি। ওখানে ৬ মাস পর্যন্ত কারিকুলাম আছে। সেখানে পেশা নির্ভর, বৃত্তি নির্ভর কাজ শেখানো হয় এবং সেখানে যাতে তারা কাজ শিখে বেরিয়ে আসতে পারে সেই চেষ্টা করছি। ইঞ্জিনিয়ার হওয়া, প্রযুক্তিবিদ হওয়া, চিকিৎসাবিদ হওয়ার পাশাপাশি আজকাল বিভিন্ন ধরণের পেশার চাহিদা আছে, তাতে উপযুক্ত দক্ষ লোক যদি আমরা তৈরি করতে পারি, তাহলে শুধুমাত্র এই রাজ্যেই নয়, বাইরেও আমাদের এই সমস্ত মানুষের দক্ষতা ব্যবহার করতে পারবে এবং স্বনির্ভর প্রকল্পে আমাদের গুরুত্ব বাড়ানো উচিত এবং আপনাদের সকলের সহযোগিতা নিয়ে আমরা চ্যালেঞ্জের মোকাবিলা করতে পারব। আমাদের যে শিক্ষা সংক্রান্ত বাজেট আছে, তাকে আপনারা সমর্থন করুন এবং এই বাজেটকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই যে শিক্ষা বাজেটের আলোচনা তাতে ৬ জন মাননীয় সদস্য অংশ গ্রহণ করেছেন। আমি তাদেরকে আন্তরিক অভিনন্দন জানাই। আমাদের রাজ্য বাজেটের একটা অংশ হচ্ছে শিক্ষা বাজেট। ৪ হাজার কোটি টাকার বেশি বরাদ্দ হয়েছে শিক্ষা বাজেটে।

এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে, গুরুত্বপূর্ণ আলোচনায় এটা ভাবা যায় যে বিরোধীপক্ষের সদস্য তারা উপস্থিত নেই, তারা অংশগ্রহণ করছেন না। জনসাধারণের

ভোটে তারা নির্বাচিত বিরোধিতা তারা বিধানসভাতে করতেই পারেন কিন্তু আমি ভাবতে পারি না যে জনসাধারণ তাদের উপর যে দায়িত্ব দিয়েছেন—বিরোধীদেরও একটা দায়িত্ব আছে। সেই দায়িত্বপালনে তারা অপারগ হয়ে তাচ্ছিল্যপূর্ণভাবে আজকে তারা এই হাউসে উপস্থিত নেই। তাঁরা হাউসে উপস্থিত না থাকলেও তাঁরা কিছু কিছু কথা বলেন, এখানেও বললেন, বাইরেও বলেন। তাঁরা বলেই চলেছেন যে পশ্চিমবাংলায় শিক্ষার মান ভাল নয়, খুবই খারাপ। সব কিছু গেল গেল। একশ্রেণীর সংবাদপত্র, সংবাদ মাধ্যম তো আমাদের সরকারের বিরুদ্ধে বলতে কোনও ক্লান্তি বোধ করেন না। আজকে কিন্তু দেখব যে কথা বারবার তুলেছেন, আমিও বলছি যে আমাদেরও সর্বভারতীয় আন্দোলনের অভিজ্ঞতা আছে। ভারতবর্ষের বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষামূলক খবর আমিও রাখি। আমি দৃঢ়তার সঙ্গে বারবার বলতাম আমাদের রাজ্যের শিক্ষার মান যথেষ্ট উন্নত, গর্ব করার মতো। আজকে আমরা দেখব আমাদের সেই বাস্তব স্বীকৃতি মিলেছে। এটা আমাদের সকলের গর্ব যে কলকাতা বিশ্ববিদ্যালয় সবচেয়ে প্রাচীন ৫ তারার বেশি সম্মান পেয়েছে। এটা এইরকম নয় যে পাঁচ তারার সম্মান পাওয়ার জন্য এই বিশ্ববিদ্যালয় খুব পরিচিত হয়ে গেল। উন্নত হয়ে গেল। পশ্চিমবাংলার এই বিশ্ববিদ্যালয় কোথাও স্বীকৃতি পাক না পাক বাস্তবে এটা অন্যতম শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়, এর মান উন্নত আজকে সেই স্বীকৃতি বাস্তবকে স্বীকৃতি দিয়েছে। আমাদের যাদবপুর বিশ্ববিদ্যালয় আমাদের স্বাধীনতা আন্দোলনের সময়ে নতুন চিন্তাধারার ফসল হিসেবে যারা ভিত্তি স্থাপিত হয়ে ছিল। আজকে সেই বিশ্ববিদ্যালয় কারিগরি শিক্ষা এবং অন্যান্য ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে ইউ. জি. সি ভারতবর্ষের ৫টা বিশ্ববিদ্যালয়কে বেছে নিয়েছে, সেন্টার অব একসেলেন্স এবং স্পেশাল ডেভেলপমেন্ট এর জন্য তারা সমস্ত বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে তথ্য চেয়েছে। সেই তথ্যগুলো যদি আমরা ভাল করে অনুধাবন করে দেখি তাহলে দেখব যে যাদবপুর বিশ্ববিদ্যালয় ভারতবর্ষের সবচেয়ে ৫টা ভাল বিশ্ববিদ্যালয়ের একটা। আপনাদের মনে আছে যে এই হাউসে আমি তথ্য দিয়ে আপনাদের বলেছিলাম যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কি ধরণের গবেষণা হয়, কত উন্নত গবেষণা হয়। আজকে শুধু ৫ কোটি টাকা ইউ. জি. সি.'র কাছ থেকে পেল বা ভবিষ্যতে টাকা পাবে তাই নয়, আজকে সার্বিক উন্নয়নের ক্ষেত্রে এটা নিশ্চিতভাবে একটা গর্ব করার মতো বিষয়। আমরা গর্ব করব না? আমরা গর্ব করব। বার বার বলা হয়ে থাকে যে বাংলার ছেলেমেয়েরা নাকি সর্বভারতীয় স্তরে সাফল্য অর্জন করতে পারছে না।

*[3-40 — 3-50 p.m.]*

*আমি বারে বারেই বলেছি কিসের উপর ভিত্তি করে বলছেন? শুধু আই. এ. এস., আই. পি. এস.। কিসের উপর ভিত্তি করে* আত্মসমালোচনার নামে আপনারা আত্মহননের পথ বেছে নিচ্ছেন। আমাদের ছেলেমেয়েরা পড়াশোনায় ভালো, সর্বভারতীয় পরীক্ষায় এবং ভারতের বাইরে তারা যে সুনাম পাচ্ছে তাকে বাহবা না দিয়ে আমাদের ছেলেমেয়েদের আমরা অন্যায় সমালোচনা করে সর্বনাশ করছি। আজকে সর্বভারতীয় পরীক্ষায়, কলেজ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কঠিন পরীক্ষায় কলকাতা বিশ্ববিদ্যালয় সবচেয়ে ভালো করেছে। সর্বভারতীয় পরীক্ষায় বিজ্ঞানের ক্ষেত্রে যে সব পরীক্ষা যেখানে মেধা যার দাম সবচেয়ে বেশি সেখানে আমাদের বাংলার ছেলেমেয়েরা ভাল ফল করেছে। তারা যোগ্যতা প্রমান করেছে; ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে। আরেকটা কথা তাঁরা বারে বারেই খুব জোরের সঙ্গে বলেন যে আমাদের রাজ্য থেকে ছেলেমেয়েরা অন্য রাজ্যে চলে যাচ্ছে। আমি বলব আমাদের রাজ্য থেকে শুধু অন্য রাজ্যেই নয় তারা পৃথিবীর সর্বক্ষেত্রেই যাচ্ছে। এটাই আমাদের গর্ব। তারা অন্য রাজ্যে যাচ্ছে কিন্তু সেই রাজ্য সরকারের কোনও ইনস্টিটিউশনে নয়, তারা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের ইনস্টিটিউশনে। অন্য রাজ্য থেকে যেমন খড়্গপুর আই. আই. টিতে পড়তে আসে, তেমনি আমাদের রাজ্য থেকে কানপুরে পড়তে যাচ্ছে। অন্য রাজ্য থেকে আমাদের এখানে আই. আই. এম. পড়তে আসে। আমাদের রাজ্য থেকেও অনুরূপ ভাবে পড়তে যায় বাইরে। যারা পুনে যায় তারা মহারাষ্ট্র সরকারের কোনও প্রতিষ্ঠানে পড়তে যায় না, তারা যায় কেন্দ্রীয় সরকারের পরিচালিত সরকারি প্রতিষ্ঠানে পড়তে। অধিকাংশই যা হলো সেন্টার অব একসিলেন্স, এই সেন্টার অব একসিলেন্স যেটা কেন্দ্রীয় সরকার স্বাধীনতার পরে যা করেছেন, সবই বাংলার বাইরে করেছেন। আমাদের পশ্চিমবাংলায় করেন নি। সেখানে তারা কোটি কোটি টাকা বিনিয়োগ করেছেন। এই ধরনের প্রতিষ্ঠানে সর্বত্রই আমাদের রাজ্য থেকে ভালো ছেলেমেয়েরা যাবে। অন্য রাজ্য থেকে আমাদের এখানে আসে। আমাদের রাজ্যের ভালো ছেলেমেয়েরা যাবে। অন্য রাজ্য থেকে আমাদের এখানে আসে। আমাদের রাজ্যের ভালো ছেলেমেয়েরা আমাদের রাজ্যে পড়াশোনার সুযোগ পেলে অন্য রাজ্যে যায় না। আমাদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কি আছে? ৯৫ পারসেন্ট ছেলেমেয়ে যারা পোস্টগ্র্যাজুয়েট পড়ে তারা আমাদের বিশ্ববিদ্যালয়েরই ছাত্র। কেন না আমাদের এখানে যারা ভালো ফল করে তারা সকলে আমাদের এখানেই পড়তে চায়। ৫ ভাগ মাত্র বাইরে থেকে নেওয়া

হয়, তাও আমাদের রাজ্যেরই অন্য বিশ্ববিদ্যালয় থেকে। ভারতবর্ষের যে কোনও রাজ্যে সেই রাজ্যের ছেলেমেয়েরা তারা তাদের নিজেদের বিশ্ববিদ্যালয়তেই পড়ার চেষ্টা করে তার অনেকগুলি কারণ আছে। একমাত্র কিছু কিছু বিশ্ববিদ্যালয় আছে যেমন জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ে আমাদের এখান থেকে যেমন যায় তেমনি অন্য রাজ্য থেকেও আসে। কোনও তথ্যের উপর নির্ভর না করে শুধু কি বললে এই সরকারকে হেয় করা যাবে, শিক্ষা ব্যবস্থাকে হেয় করা যাবে তাই দিনের পর দিন বছরের পর বছর তারা এই রাজ্যগুলি করে আসছেন। আপনারা আবার শুনবেন আমাদের এখান থেকে ট্রেন ভর্তি করে বাঙ্গালোরে যায়। তারা যায় বটে, কিন্তু আমাদের এখানে যখন সুযোগ পায় তখন এখানেই ভর্তি হয়। জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় পাশ করলে তারা এখানেই ভর্তি হয়। এটা ঠিক একটা সময় আমাদের এখানে বিশেষ করে ইঞ্জিনিয়ারিং মেডিকেল শিক্ষায় সুযোগের অভাব ছিল।

ভারতবর্ষের অনেক রাজ্যেই ছিল। আপনারা যদি এর খতিয়ান দেখেন তাহলে দেখবেন বিপুল পরিমান এই ইনস্টিটিউটগুলি বাড়তে শুরু করে নব্বই দশকের গোড়ার দিকে। আমরা বারেবারেই বলেছি সুপ্রীম কোর্টের ক্যাপিটেশন ফি নিয়ে জাজ্‌মেন্ট যেই আমরা জেনে গেছি তখন থেকেই অর্থাৎ ১৯৯৪-৯৫ সাল থেকে ইঞ্জিনিয়ারিং কলেজ আমরা করতে শুরু করি। আজকে আমরা বলতে পারি যে আমরা অনেকগুলি কলেজ করেছি তার মধ্যে গত বছরে ১৭টা প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে। এবারে আপনাদের শুনতে ভালো লাগবে এ. আই. সি. টি. ই. এই বছর থেকে আরও ৮টি নতুন ইঞ্জিনিয়ারিং কলেজের অনুমোদন দিয়েছে।

ফলে আমাদের প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা দাঁড়াবে ২৫। এবং আমাদের রাজ্যে সর্বসাকুল্যে ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের কলেজের সংখ্যা দাড়াবে ৩৮। আজকে আমরা দ্রুত এগিয়ে চলেছি। আমরা টেকনোলোজিক্যাল ইউনিভার্সিটি স্থাপনের কাজ শুরু করেছি। কেন্দ্রের সঙ্গে কথা চলছে এবং ওরা সাহায্য দেবেন আমরা আশা করছি। আমরা বায়োটেকনোলজি তাতে পোস্ট গ্রাজুয়েট খুলব। আমাদের বিশ্ব-বিদ্যালয় গুলোতে নতুন নতুন বিষয় খোলা হচ্ছে। কলকাতা বিশ্ব-বিদ্যালয়ে মাইক্রোবায়োলজিতে পোস্ট গ্রাজুয়েট, আই. টি. তে তারা গ্রাজুয়েশন কোর্স চালু করেছেন আমাদের যাদবপুর বিশ্ব-বিদ্যালয়ে, কলকাতা বিশ্ব-বিদ্যালয়ে বায়োটেকনোলজি পড়ার ব্যাবস্থা আছে। কল্যানী বিশ্ব-বিদ্যালয় আই. টি. চালু করেছে। বিদ্যাসাগর বিশ্ব-বিদ্যালয় মাস্টার অব কমপিউটার অ্যাপ্লিকেশন, মাইক্রো-বায়োলজি চালু করেছে।

যাদবপুর বিশ্ব-বিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ব-বিদ্যালয়, বর্ধমান, কল্যানি—প্রত্যেকটা বিশ্ব-বিদ্যালয়, প্রতি বছর একটা-দুটো করে আধুনিক বিষয়, যেগুলো ব্যয়-সাপেক্ষ, আমাদের রাজ্যে খোলা হচ্ছে। অথচ আমাদের বিরোধীরা মেহের আলির মতো চিৎকার করে চলেছেন—'সব ঝুট হ্যাঁয়।' আমাদের রাজ্যে উচ্চ-শিক্ষার ক্ষেত্রে বড় পরিবর্তন সাধিত করতে পেরেছি। শুধু আমার দপ্তর নয়, আমাদের যতগুলো বিশ্ব বিদ্যালয় হয়েছে তার অধিকাংশগুলো কনভেনশনাল নয়। অ্যানিম্যাল, ফিসারিজ, ল-ইউনিভার্সিটি-এগ্রিকালচার ইউনিভার্সিটি-এগ্রিকালচার ইউনির্ভাসিটি নর্থ বেঙ্গলে, টেকনিক্যাল ইউনিভার্সিটি এগুলো সব হচ্ছে আধুনিক বিষয়ে। সেগুলো নিয়ে বিজ্ঞান নির্ভর বড় পরিবর্তন হচ্ছে, শিক্ষা ক্ষেত্রে আমরা এটা সাধিত করতে পেরেছি। এবং আমাদের বাজেট বরাদ্দের পরিমাণ বেড়ে চলেছে। আমরা আরো সেন্টার অব এক্সিলেন্স খুলতে চাই। উচ্চ-শিক্ষা ক্ষেত্রে এটা দরকার। উচ্চ শিক্ষার মান যদি উচ্চ না হয় তাহলে তার দাম থাকে না এবং প্রতিযোগিতার বাজারে তার মানকে আরো উচ্চ করতে হবে। আমাদের দপ্তরের যে অ্যানুয়াল রিপোর্ট বেরিয়েছে তাতে দেখবেন বিস্তারিতভাবে সব বলা হয়েছে—আমরা আগামী দিনে শিক্ষার মানকে কিভাবে উন্নত করতে চাই এবং তার জন্য কি ব্যবস্থা নিয়েছে। একদিকে শিক্ষার বিস্তার, মান উন্নয়ন এবং অন্য দিকে শিক্ষাকে সর্বত্র ছড়িয়ে দিতে চাই এবং জেলাগুলো যাতে এক্ষেত্রে বঞ্চিত না হয় তার জন্য পরিশ্রম করে চলেছি। এ বছর ১৯০টা কলেজে ৫০০ উপর নতুন বিষয় পড়াবার সুযোগ করে দিয়েছি। অনার্স, নতুন বিষয়গুলো তার ভেতরে আছে। প্রত্যেক বছর জেলার কলেজগুলোতে আরো অনার্স পড়ার, বিজ্ঞান পড়ার, কম্পিউটার, ইলেকট্রনিক্স ইত্যাদি বিষয়গুলো চালু করছি। আমরা ধাপে ধাপে অনেকগুলো কলেজ বেছে নিয়েছি এবং প্রাইভেট কনসার্নের সঙ্গে যোগাযোগ করেছি যাতে ছাত্র-ছাত্রীদের উন্নত মানের কম্পিউটার শিক্ষায় শিক্ষিত করা যায়। একবিংশ শতাব্দী হচ্ছে এখনও পর্যন্ত ইনফর্মেশন টেকনোলজির শতাব্দী, বায়োটেকনোলজির শতাব্দী। তার সাথে কনভেনশনাল সাব্জেক্ট তো থাকবেই। এবং তার জন্য বিশেষ করে পশ্চিমবাংলাকে, চিরকাল যে শিক্ষায় অগ্রগামী, উন্নতিতে নেতৃত্ব দিয়েছে, সেই পশ্চিমবাংলাকে, আমাদের, একবিংশ শতাব্দীর মতো শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে হবে। কাজটা কঠিন কিন্তু এই কাজটা আমাদের করতে হবে ধৈর্য্য, নিষ্ঠা ও দৃঢ়তার সঙ্গে।

একটা প্রশ্ন হচ্ছে, কেন আমরা উচ্চ-মাধ্যমিক কলেজগুলো থেকে তুলে দিচ্ছি? কলেজগুলোর উন্নতির জন্য এটা করছি। কলেজগুলোতে বিজ্ঞান, অনার্স খুলছি,

লাইব্রেরি, ল্যাবরেটরি দরকার। তাই আমরা চাই কলেজগুলোকে উন্নত করতে এবং সেইজন্য উচ্চ-মাধ্যমিক, যেটা স্কুলের অংশ সেটা স্কুলে নিয়ে যেতে চাইছি এবং এ ব্যাপারে কান্তিবাবু উদ্যোগ নিয়েছেন। এবং এ ব্যাপারে সকালে একটা প্রশ্নের উত্তরে বলেছি, গত বছর অক্টোবর পর্যন্ত ৭১১-টা মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিকে উন্নত করেছি।

[3-50 — 4-00 p.m.]

পশ্চিমবাংলাতে এটা তো হতে পারে না যে, আমরা যেটাকে বলি বেস্, বেস্‌টা সেটা এক্সপ্যান্ড করব আর উপরটা এক্সপ্যান্ড করব না—এটা তো হতে পারে না। উপরটাকেও এক্সপ্যান্ড করতে হয়। সেজন্য আমরা বিশ্ববিদ্যালয়ে নতুন নতুন বিষয় দিচ্ছি, কলেজগুলোতে অনার্স দিচ্ছি, এমনকি আপনাদের শুনে ভাল লাগবে যে, আন্ডার গ্র্যাজুয়েট কলেজে আমরা পোস্ট গ্র্যাজুয়েট চালু করছি। এ বছর আমরা হুগলির মহসীন কলেজে কমার্সে পোস্ট গ্র্যাজুয়েট চালু করেছি, মৌলানা আজাদের জুলজিতে পোস্ট গ্র্যাজুয়েট চালু করেছি। আমরা পোস্ট গ্র্যাজুয়েট চালু করেছি দীনবন্ধু অ্যানড্রুজ কলেজে। আগামী দিনে আমরা মানের উপর নির্ভর করে আরও কিছু পরিমাণে পোস্ট গ্র্যাজুয়েট চালু করব। এভাবে একদিকে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, সাইন্স ইত্যাদি, আরেকদিকে আমাদের যে কনভেনশনাল শিক্ষা যারও গুরুত্ব অপরিসীম সেগুলো আমরা বাড়িয়ে চলেছি, যেটা একমাত্র ব্যাঙ্গালোরে আছে, আর আমরা পশ্চিমবাংলাতে এ বছর থেকে চালু করছি আমাদের টেকনোলজি ইউনিভারসিটির আওতায়—ইনটিগ্রেটেড পি. এইচ. ডি. কোর্স। বোস ইনস্টিটিউট, সাহা ইন্সটিটিউট—এরা মিলে, মিলিত ভাবে এই ইনটিগ্রেটেড পি. এইচ. ডি. কোর্স তারা এ বছর থেকে চালু করছে, যেখানে একটি ছেলে একেবারে সর্বাধুনিক পাঠক্রমের সুযোগ নিয়ে এম. এস. সি. তে ভর্তি হবে এবং পি. এইচ. ডি. করে ৫ বছরে বেরিয়ে আসবে। এই ইনটিগ্রেটেড কোর্স ব্যাঙ্গালোরে আছে, একটা প্রতিষ্ঠান করে। কিন্তু এখানে আমরা চারটে প্রতিষ্ঠানকে আমাদের যা আছে, বোস ইন্সটিটিউট, সাহা ইনস্টিটিউট, কাল্টিভেশন অব সাইন্স—এদের সব নিয়ে আমরা এটা করেছি, যেটা আমাদের রাজ্যের ক্ষেত্রে একেবারে অভিনব এবং গুরুত্বপূর্ণ। আমরা শিবপুরে ডিম্‌ড্ ইউনিভারসিটিতে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স চালু করেছি—ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথামেটিক্সে। সমস্ত দিক থেকে আমরা সব ধরনের এই পরিবর্তন ঘটাচ্ছি। পরিশেষে একটা কথা বলব, আধুনিক শিক্ষার জন্য দরকার হচ্ছে প্রচুর টাকা। আপনারা

*দেখছেন আমাদের বাজেটে কি পরিমাণ টাকা আমরা ব্যয় করছি। এখন আমাদের* সামনে একটা বড় প্রশ্ন, আমি মাননীয় দেবপ্রসাদ বাবুকে বলব, রাজ্য সরকার তার সাধ্যাতিরিক্ত টাকা শিক্ষার জন্য ব্যয় করছে, কেন্দ্রীয় সরকার কমিয়ে দিচ্ছে। আমি কি সিদ্ধান্ত নেব?

আমরা রাজ্যকে এগিয়ে নিয়ে যাব? না কি এক জায়গায় দাঁড়িয়ে লেফ্ট-রাইট্ করব? আমরা আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যাব, এগিয়ে নিয়ে যেতে যদি চাই তাহলে সমাজে যারা সক্ষম, যাঁরা কিছু পরিমাণ টাকা দিতে পারবেন, তাঁদের কাছ থেকে আমরা নেব না কেন? কোন যুক্তিতে নেব না? সেই টাকা নিয়ে আমি আমার ছাত্র-ছাত্রীদের আরও আধুনিক, অর্থবহ শিক্ষার সুযোগ দিয়ে তাকে কর্মজগতের উপযুক্ত করে গড়ে তুলতে পারব। আমি যদি আজকে সেটা না করি তাহলে আমি ছাত্র-ছাত্রীদের প্রতি, পশ্চিমবাংলার প্রতি অবিচার করব, আমার অগ্রগতিকে রুদ্ধ করে দেব—এটা আমরা করতে পারি না। আমরা যাই করি, আমি বার বার বলেছি একটা জিনিস, আমাদের সামনে আমাদের ছাত্র-ছাত্রীদের, তাদের ভবিষ্যৎ, আধুনিক যে সমাজ এবং শিল্প, কৃষি ইত্যাদি—তার মতো তাকে উপযুক্ত করে গড়ে তোলা এবং যাতে সে নিজেকে শুধু পশ্চিমবাংলা নয়, পশ্চিমবাংলার বাইরে এবং পৃথিবীর অন্যত্র প্রতিষ্ঠিত করতে পারে, তার জন্য যা প্রয়োজন দৃঢ়তার সঙ্গে আমাদের সেটা করতে হবে। আপনাদের আমি আগেও বলেছি, আবারও বলছি সেই কাজগুলো আপনাদের সমর্থন নিয়ে আমরা করব, এগিয়ে যাব। আমি আশা করব আমাদের এই বাজেট ব্যয়বরাদ্দ আপনারা সকলে সমর্থন করবেন এবং পশ্চিমবাংলার শিক্ষার ক্ষেত্রে যা আমাদের প্রচণ্ড অগ্রগতি, সার্বিক অগ্রগতি এটা অনুধাবন করবেন এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবগুলোকে আপনারা বরবাদ করবেন। আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Forth Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the Fourth Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today i.e. 2nd July, 2001, and recommended the programme of business from 3rd July to 9th July, 2001, following :

| | | | | |
|---|---|---|---|---|
| 3.7.2001, Tuesday | : | (i) Demand No. 67 | Water Investigation & Development Department | 2 hours |
| | | (ii) Demand No. 42 | Social Welfare Deptt. | 1 hour |
| | | (iii) Demand No. 22 | Jails Department | 1 hour |
| 4.7.2001, Wednesday | : | (i) Demand No. 69<br>(ii) Demand No. 72 | Power Department | 4 hours |
| 5.7.2001, Thursday | : | (i) Demand No. 52 | Forest Department | 1 hour |
| | | (ii) Demand No. 18<br>(iii) Demand No. 19 | Personnel & Administrative Reforms Department | 3 hours |
| 6.7.2001, Friday | : | (i) Demand No. 24<br>(ii) Demand No. 53<br>(iii) Demand No. 75<br>(iv) Demand No. 76<br>(v) Demand No. 87<br>(vi) Demand No. 88<br>(vii) Demand No. 93<br>(viii) Demand No. 94<br>(ix) Demand No. 95<br>(x) Demand No. 96<br>(xi) Demand No. 97 | Commerce & Industries Department | 4 hours |
| | | (xii) Demand No. 74 | Industrial Reconstruction Deptt. | |
| | | (xiii) Demand No. 92 | Public Enterprises Deptt. | |
| 9.7.2001, Monday | : | Demand No. 39 | Labour (including Employment Exchange, Employees' State Insurance, Technical Education & Training) Deptt. | 4 hours |

Now I call upon the Minister-in-charge of Parliamentary Affairs Department to move the Motion for acceptance, of the House.

**Shri Probodh Chandra Singha :** Mr. Speaker, Sir, I beg to move that the 4th Report of the B.A. Committee presented in the House, be agreed to.

The Motion was then put and agreed to.

### Resume of Discussion on Demand No. 30

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের পক্ষ থেকে শিক্ষা খাতের ব্যয়-বরাদ্দের যে দাবি উত্থাপন করা হয়েছে সে দাবির সমর্থনে কয়েকটা কথা আমি এই সভায় নিবেদন করছি।

স্যার, আমি ১৯৭৭ সাল থেকে এই সভায় আছি। এই সভার তারও আগেকার কার্যবিবরণী আমি পড়েছি। অতীতে কখনো শিক্ষার ব্যয়-বরাদ্দের দাবি নিয়ে যখন আলোচনা হত, বিতর্ক হত তখন বিরোধী পক্ষ আলোচনায় অংশগ্রহণ না করে বেরিয়ে গেছে, এই ঘটনা ঘটেনি। আমি যত দূর খবর রাখি, অন্য কোনও রাজ্যের বিধানসভায় বা কেন্দ্রীয় সংসদে শিক্ষার মতো গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যয়-বরাদ্দের দাবি নিয়ে আলোচনার সময় বিরোধী পক্ষ আলোচনায় অংশগ্রহণ না করে বেরিয়ে গেছে, এই জাতীয় ঘটনা ঘটেনি। ভারতবর্ষের সংসদীয় ইতিহাসে কখনো এই জিনিস ঘটেছে বলে আমার জানা নেই।

যে দেশটা শিক্ষা ক্ষেত্রে বিশ্বের অন্যতম পশ্চাতপদ দেশ, যেখানে নতুন শতাব্দীতে বিশ্বের সর্বত্র সাক্ষরতা বহুল পরিমানে বৃদ্ধি পেয়েছে সেখানে আজকে বাংলার প্রধান দুটি বিরোধী পক্ষ—সব বিরোধী পক্ষ নয়—তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস এই গুরুত্বপূর্ণ আলোচনা থেকে নিজেদের সরিয়ে নিয়ে নিজেদের প্রতিই শুধু অবিচার করলেন, তাই নয় বাংলার প্রতি অবিচার করলেন, ভারতবর্ষের শিক্ষার মানসিকতার প্রতি অবিচার করলেন, বাংলা তথা ভারতবর্ষের শিক্ষা পিপাসু মানুষের প্রতি অবিচার করলেন। বিশ্বে পশ্চাতপদ্ দেশ হিসাবে আমাদের পরিচিতি। এই কলঙ্কের তিলক আমরা গত ৫৩ বছর বহন করছি।

নালন্দা, বিক্রমশীলা, তক্ষশীলা যখন ভারতবর্ষের মাটিতে প্রতিষ্ঠিত হয়েছিল তখন বিশ্বের আর কোথাও কোনও বিশ্ববিদ্যালয় ছিল না। বিশ্ববাসী জানেন বিশ্বের প্রাচীনতম বিশ্ব বিদ্যালয় ভারতবর্ষের মাটিতে প্রতিষ্ঠিত হয়েছিল। দীর্ঘদিন তা মাথা উঁচু করেছিল। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে জ্ঞান-পিপাসু মানুষ ভারতবর্ষে আসতেন, শিক্ষায় শিক্ষিত হতেন। যে দেশের ইতিহাস অতীত গৌরবে গৌরবমণ্ডিত সেই দেশের এখনকার পরিচয় হচ্ছে, বিশ্বের অন্যতম নিরক্ষরের দেশ। গোটা বিশ্বে সাক্ষরতার গড় হার যেখানে ৭০ শতাংশ সেখানে ভারতবর্ষে তা ৬০ শতাংশ। বিশ্বের নিরক্ষর মানুষের সংখ্যার হিসাবের ব্যতিক্রম ভারতবর্ষ—বিশ্বে যেখানে নিরক্ষর মানুষের সংখ্যা কমছে সেখানে ভারতবর্ষে শস্য-কলার মতো নিরক্ষরতার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

রাষ্ট্রসংঘ থেকে প্রকাশিত তথ্য অনুযায়ী সারা বিশ্বের অনুন্নত, উন্নয়নশীল এবং উন্নত সমস্ত দেশের থেকে জাতীয় আয়ের ৪.৫ শতাংশ ব্যয় করা হয় শিক্ষার জন্য। আর ভারতবর্ষ থেকে জাতীয় আয়ের ৩ শতাংশেরও কম ব্যয় করা হয় শিক্ষার জন্য। যার ফলে ভারতবর্ষ শিক্ষায় সবচেয়ে পশ্চাত্পদ। এখানে শিক্ষা অবহেলিত, উপেক্ষিত। এই হচ্ছে আমাদের ইতিহাস।

এই ইতিহাসের মধ্যে দাঁড়িয়ে পশ্চিম বাংলার মতো একটা অঙ্গরাজ্যে দাঁড়িয়ে আমরা রাজ্যের শিক্ষা ক্ষেত্রের বিভিন্ন অগ্রগতি সাধনের জন্য সকলের সহযোগিতা নিয়ে, সরকার পক্ষের এবং সরকারের বিপক্ষের প্রতিটি শিক্ষা-প্রিয় মানুষের সহযোগিতা নিয়ে অগ্রসরের চেষ্টা করছি।

আজকে এখানে বিরোধী পক্ষের একজন মাত্র বিধায়ক এস ইউ সি দলের দেবপ্রসাদবাবু আলোচনায় অংশগ্রহণ করেছেন। তিনি তিনটি ছাঁটাই প্রস্তাব এনেছেন। আমি সেগুলির বিরোধিতা করছি। তার মধ্যে দ্বিতীয়, ১৪ নং ছাঁটাই প্রস্তাবটি সম্পর্কে আমি একটু বিস্তারিতভাবে বলব যেহেতু সেটা খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু সেটা এই বিধানসভায় একাধিকবার আলোচিত হয়েছে। ছাঁটাই প্রস্তাবটিতে বলা হচ্ছে, "রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কলেজে ভর্তির সমস্যা নিরসনে সরকারের ব্যর্থতা।" সমস্যা নিরসনে আমরা কি উদ্যোগ গ্রহণ করেছি, সে হিসাবটা আমি দিচ্ছি। ১৯৯৮ সালের মাধ্যমিক পরীক্ষায় ৩ লক্ষ ৬ হাজার ৫৩৩ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছিল। আর ২০০১ সালে, অর্থাৎ এবারে ৩ লক্ষ ৫৫ হাজার ১৯৯ জন উত্তীর্ণ হয়েছে।

[4-10 — 4-17 p.m.]

১৯৯৮ সাল থেকে ২০০১ সাল ৪৮ হাজার ৬৬৬ জন অতিরিক্ত পাশ করেছে ১৯৯৮ সালের তুলনায়। ১৯৯৮ সালে কোন কলেজ থেকে উচ্চ মাধ্যমিক প্রত্যাহার করা হয়নি। ১৯৯৯ সালে ৩১টি কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক প্রত্যাহার করা হয়েছে। ২০০০ সালে ৫২টি কলেজ থেকে প্রত্যাহার করা হয়েছে আর ২০০১ সালে ৩৯টি কলেজ থেকে প্রত্যাহার করা হয়েছে। অর্থাৎ সর্বসাকুল্যে ১২২টি কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক প্রত্যাহৃত হয়েছে। যদি কলেজে গড়ে ৩০০ জন করে ছাত্রকে ভর্তি করা হতো এক এক শ্রেণীতে তাহলে এই যে ১২২টি কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক প্রত্যাহার করা হয়েছে এইসব কলেজগুলিতে ছাত্র সংখ্যা হতে পারতো ৩৬ হাজার ৬০০ জন ছাত্র কলেজ থেকে তারা পড়বার সুযোগ পেত। আর অতিরিক্ত যারা পাশ. করেছে ১৯৯৮ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত, ৪৮ হাজার ৬৬৬ জন। তাহলে এই ৩৬ হাজার ৬০০ জন আর ৪৮ হাজার ৬৬৬ জন, মোট ৮৫ হাজার ২৬৬ জনকে সর্বসাকুল্যে কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক স্তরে প্রত্যাহার করার ফলে যে আসন সংখ্যা হল আর অতিরিক্ত যে ছাত্ররা পাশ করেছে তাদের সবাইকে ধরে উচ্চ-মাধ্যমিকে আসন সৃষ্টি করতে হবে ৮৫ হাজার ২৬৬টি। এই যদি হয়, এ পর্যন্ত যেসব বিদ্যালয়ে আমরা উচ্চ-মাধ্যমিক খুলেছি তার মধ্যে ১৯৯৯ সালে খুলেছি, ২৪৩টি উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়, ২০০০ সালে খুলেছি ৪৬৮টি আর ২০০১ সালে খুলেছি ৯১টি উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়। যদি ১৭৫ জন করে ছাত্র—এত বেশি সংখ্যক ছাত্র—এক-একটি উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয় তাহলে আমরা অতিরিক্ত আসন তৈরি করেছি নবউন্নত উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে ১ লক্ষ ৪৩ হাজার ৩০০। যদিও আমাদের আসন সৃষ্টি করা দরকার ছিল ৮৫ হাজার ২৬৬টি। সেখানে আমরা প্রয়োজনের তুলনায় ৫৮ হাজার আসন অতিরিক্ত সৃষ্টি করেছি। সেখানে বিজ্ঞানাগার, গ্রন্থাগার এবং গৃহ নির্মানের জন্য এবং অতিরিক্ত শিক্ষক নিয়োগ প্রয়োজনের তুলনায় যথেষ্ট পরিমান না হলেও বরাদ্দ করেছি। সুতরাং এটা বোধ হয় ঠিক নয়, উচ্চ-মাধ্যমিকে ভর্তির ক্ষেত্রে পশ্চিমবাংলায় কোনও অসুবিধা আছে। এই কারণের জন্য আপনার ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি এবং এই বিধানসভায় এই প্রশ্ন একাধিকবার উত্থাপিত হয়েছে। সেইজন্য বিস্তারিতভাবে বলবার চেষ্টা করলাম। আপনি কোঠারি কমিশনের কথা বলেছেন। প্রাথমিক বিদ্যালয়ে ১ জন শিক্ষক পিছু ৪০ জন ছাত্র থাকা দরকার। আমি একথা এক বাক্যে স্বীকার করব। কিন্তু বামফ্রন্ট সরকার গত ২৪ বছর ধরে যে পরিমান শিক্ষক প্রাথমিক বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয়

পর্যন্ত নিয়োগ করেছে তা কোঠারি কমিশনের আদর্শ সংখ্যা তত্ত্ব অনুযায়ী ওয়ান ইসটু ৪০টি দিতে পারিনি। তার কারণ, ঐ বিশাল পরিমান শিক্ষক নিয়োগ করতে যে পরিমান টাকা আমাদের খরচ করতে হতো তা আমাদের নেই। আপ্রাণ চেষ্টা করা সত্বেও রাজ্য সরকারের তহবিল থেকে বিশাল সংখ্যক শিক্ষক নিয়োগের জন্য আর্থিক অনুদান পাব না, পাওয়া সম্ভবপর নয়। সুতরাং ছাত্র শিক্ষকের যে আদর্শ সংখ্যা হওয়া উচিৎ সেই সংখ্যায় থাকতে পারছি না এটা অকপটে স্বীকার করছি। তারপর আপনি ৫ থেকে ১৪ বছর পর্যন্ত বয়স্কদের যে প্রাথমিক শিক্ষার কথা বলেছেন সেই প্রসঙ্গে বলি, ভারতবর্ষে যা লোকসংখ্যা তার ৮ শতাংশ পশ্চিমবাংলায় বাস করে। প্রাথমিক স্তরে ভারতের যা ছাত্র সংখ্যা তার ১১.৬ শতাংশ আছে পশ্চিমবাংলায়। এটা আমার দেওয়া তথ্য নয়, কেন্দ্রীয় সরকারের পরিবেশিত তথ্য থেকে বলছি, ভারতের লোকসংখ্যার ৮ শতাংশ পশ্চিমবাংলায় আর ভারতের যা ছাত্রসংখ্যা তার ১১.৬ শতাংশ পশ্চিমবাংলায়। কিন্তু শিক্ষক সেই পরিমানে নিয়োগ করতে পারিনি, কারণ, অর্থ নেই, টাকা নেই। শ্যামাপ্রসাদবাবু একটু আগে যে কথা বলছিলেন, কেন্দ্রীয় সরকার শিক্ষা বাজেটে ১.১৮ শতাংশ মাত্র বরাদ্দ করে। শিক্ষার উপর কেন্দ্রীয় সরকারের নিকৃষ্টতম বরাদ্দের এটাই উদাহরণ। স্বাধীনতা লাভের পর কেন্দ্রীয় ব্যয়-বরাদ্দ শিক্ষার জন্য যে পরিমানে হওয়া উচিৎ সেই পরিমানে বরাদ্দ করেনি। সেখানে দাঁড়িয়ে একটা রাজ্যসরকারের পক্ষে শিক্ষার মতো দায়িত্ব পালন করা—ইচ্ছা থাকা সত্ত্বেও, সদস্যরা বুঝবেন—কত কঠিন। সুতরাং এই কঠিন থাকার জন্য যতই ইচ্ছা করি তা করতে পারি না। এটা নিশ্চয়ই দুঃখের বিষয় আছে। তারপর দেবপ্রসাদবাবু বিদ্যালয় ছুটের কথা বললেন। উনি ইংরাজিতে ড্রপ-আউট বললেন। আমি বাংলাতেই বলি। আমাদের পশ্চিমবাংলায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট নামে যে প্রতিষ্ঠানটি আছে তাদের সহযোগিতা নিয়ে আমরা একটা সমীক্ষা করেছি। তাতে পশ্চিমবাংলায় বিদ্যালয় ছাড়ের হার ৩.৭, যেটা ভারতবর্ষের মধ্যে সর্বনিম্ন।

আপনি বলেছেন, '৯৮/৯৯ সালের বাজেট-এর পরিমান বেশি ছিল, এবারে তা কম আছে। ঠিকই বলেছেন, এটা তো অস্বীকার করছি না। ৯৮/৯৯ সালে পশ্চিমবঙ্গে শিক্ষার ব্যয়বরাদ্দ যেটা ছিল এবারে তার থেকে কম। যেহেতু '৯৮ সালে পশ্চিমবাংলার সব শিক্ষকদের বেতন হার সংশোধিত হয়, সেই সংশোধিত বেতন হার যেটা আমাদের দিতে হয়েছিল তার ফলে ঐ বছরে বাজেটের পরিমান

*বৃদ্ধি করতে হয়। সেই টাকাটা দেবার পরে এখন যখন স্বাভাবিক বেতন দিতে হচ্ছে, এখন একটু কম হচ্ছে। এটা আপনি জানেন, আমি এটা অস্বীকার করছি না। আমাদের যে ব্যয়বরাদ্দ মঞ্জুর হয় তার একটা বিরাট অঙ্ক-এর টাকা শিক্ষক এবং* শিক্ষাকর্মিদের বেতন দিতে ব্যয় হয়। '৯৮ সালে সংশোধিত বেতন হারে বকেয়া টাকা দেবার জন্য ঐ বছর যে বিশাল পরিমানের টাকা আমাদের বাজেটে রাখতে হয়েছিল তার পরবর্তী বছর তার প্রয়োজনীয়তা নেই দেখে সেখানে টাকার পরিমাণটা কম দেখানো আছে। আপনি বলেছেন, শূন্য পদ পূরণ হয় না। শূন্য পদ পূরণ হয়। বিদ্যালয় কৃর্তৃক আয়োগ যাকে আপনারা স্কুল সার্ভিস কমিশন বলেন, তার মাধ্যমে গত ২ বছরে ১৬ হাজারের উপর শিক্ষক আমরা নিয়োগ করেছি। যোগ্যতার ভিত্তিতে। এই শিক্ষকরা নির্বাচিত হয়েছেন, তাদের আমরা নিয়োগ করেছি। প্রাথমিক বিদ্যালয়—প্রাথমিক বিদ্যালয়ে গত ৫ বছরে প্রায় ৩২ হাজারের মতোন শিক্ষক নিযুক্ত হয়েছেন। যোগ্যতার ভিত্তিতে তারা নির্বাচিত হয়েছেন এবং বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে তারা চাকরি পেয়েছেন। হাওড়া জেলাতে আমরা পারি নি মামলা থাকার জন্য। একাধিকবার এই বিধানসভায় দাঁড়িয়ে আমি কবুল করেছি যে উচ্চ আদালতে মামলা থাকার জন্য—গোটা পশ্চিমবাংলা ব্যাপি আদালতের নিষেধাজ্ঞা ছিল তার ফলে গত ৮/৯ বছর ধরে একটা জায়গাতেও আমরা প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারি নি। সেই মামলায় সর্বোচ্চ আদালতে আমরা জয়যুক্ত হই এবং তারপর কয়েক বছর ধরে আমরা হাওড়া জেলা বাদে সব জেলাতে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছি। সেখানে শিক্ষক নিয়োগ করেছি। হাওড়া জেলার মামলা উচ্চ আদালতে আছে, তার থেকে এখনও আমরা নিষ্কৃতি পাই নি কাজেই সেখানে সেই কাজ আমরা করতে পারি নি। আপনি বলেছেন, এখানে কেন একই ক্লাসে ছাত্র রাখা হবে না। পশ্চিমবঙ্গ সরকার একটা সিদ্ধান্ত নিয়েছেন যে ৫ম শ্রেণী পর্য্যন্ত—দেবপ্রসাদবাবু সবিনয়ে আপনার কাছে নিবেদন করব যে সারা পৃথিবীতে উন্নয়নশীল, উন্নত এবং অনুন্নত যে কোনও দেশের একটা দৃষ্টান্ত দেখান যেখানে প্রাথমিক স্তরে ছাত্রদের আটকে রাখা হয়। তা যদি দেখাতে পারেন তাহলে আপনার সব অভিযোগ মাথা পেতে নেব। তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের সব অভিযোগ মাথা পেতে নেব। সারা পৃথিবীতে প্রাথমিক স্তরে একই শ্রেণীতে কোনও শিক্ষার্থীকে দু বছর আটকে রাখা হয় না। পৃথিবীর কোথাও এ জিনিস নেই। সেই একই জিনিস আমরা করছি পশ্চিমবাংলায়। তাই আমি বলব, শিক্ষা তত্ত্ব সম্পর্কে, শিশু মনস্তত্ত্ব সম্পর্কে

যদি কোনও ধারণা থাকে তাহলে নিশ্চয় এই প্রস্তাবের আপনারা বিরোধিতা করতে পারেন না। আমরা এবারে যথার্থভাবেই সিদ্ধান্ত করেছি—আগেও সিদ্ধান্ত ছিল কিন্তু ততখানি কার্যকর করতে পারে নি—বৃত্তিগত শিক্ষা সম্পর্কে। যে বিশাল সংখ্যক ছাত্রছাত্রী বা শিক্ষার্থী মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পাশ করে স্নাতক হবে বা স্নাতোকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হবে তারপর তারা যাবে কোথায়? গোটা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়েছেন তাতে কর্মসংস্থানের সুযোগ সংকুচিত হচ্ছে দিনের পর দিন। তাহলে এই বিশাল সংখ্যক শিক্ষার্থী বা ছেলেমেয়ে যাবে কোথায়? তাই বৃত্তি শিক্ষার উপর আমরা সরকার থেকে বিশেষ গুরুত্ব দিয়েছি এবং তার জন্য কিছু নতুন পদক্ষেপ গ্রহণ করার কথা আমরা ভাবছি। শিক্ষক মহাশয়দের দায়বদ্ধতার কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট বক্তব্যে উপস্থিত করেছেন। আমরা সরকার থেকে এ ব্যাপারে গভীরভাবে ভাবছি। শিক্ষক সমাজের প্রতি আমরা শ্রদ্ধাশীল। পশ্চিমবাংলার শিক্ষক সমাজ, তারা দায়িত্বশীল একথা আমরা মনে করি। যদি দায়িত্বশীল না থাকতেন তাহলে পশ্চিমবাংলায় ছাত্রের তুলনায় শিক্ষকদের হার কম, তা সত্ত্বেও বিশ্বব্যাংকের প্রতিবেদনে আছে পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষার মান—ভারতবর্ষে তিন/চারটি রাজ্যের পরেই তার স্থান, বাকি সমস্ত রাজ্যের থেকে পশ্চিমবাংলায় শিক্ষার মান উন্নত। জাতীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রিত সংস্থা, জাতীয় শিক্ষা ও গবেষণা পরিষদ গোটা ভারতবর্ষ ব্যাপি দশম এবং দ্বাদশ শ্রেণীতে পরীক্ষা নিয়েছিল অভিন্ন প্রশ্নে এবং একই সঙ্গে পরীক্ষা নিয়েছিল। সেই পরীক্ষার প্রতিবেদন তারা প্রকাশ করেছে। সেখানে ভারতবর্ষের গোয়া, মিজোরাম, নাগাল্যান্ডের পরেই পশ্চিমবঙ্গের স্থান। মানের দিক থেকে পশ্চিমবঙ্গ সমস্ত বড় রাজ্যের মধ্যে শীর্ষ স্থান দখল করেছে। এই হচ্ছে পশ্চিমবঙ্গ। এখানে এতো ছাত্র সংখ্যা, সেই তুলনায় শিক্ষক নিয়োগ করতে পারি নি, এতো নতুন নতুন বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে কিন্তু সব গৃহনির্মান করতে পারি নি, মেরামত করতে পারি নি, বীক্ষনাগার তৈরি করতে পারি নি কিন্তু তবুও আমরা এগিয়ে চলেছি। গতবার এর জন্য আমরা ২৯ কোটি টাকা ব্যয় করেছি। এই টাকাটা কিন্তু এর যে প্রয়োজন তার তুলনায় যথেষ্ট নয় কিন্তু তা সত্ত্বেও মানটা আমরা ধরে রেখেছি। আমার প্রিয় সহকর্মী সত্যসাধন চক্রবর্তী বলেছেন যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে বারবার এটা প্রমাণিত হয়েছে যে গবেষণামূলক সর্বভারতীয় যে প্রতিষ্ঠান তাতে

*বাংলার ছেলেমেয়েরা বারে বারে যোগ্যতার পরিচয় দিয়েছে। এই যে শিক্ষার মান আমরা ধরে রাখতে পেরেছি তাতে শিক্ষকদের অবদান নেই প্রাথমিক থেকে* বিশ্ববিদ্যালয় পর্যন্ত? শিক্ষকদের যদি অবদান না থাকবে তাহলে এই মান আমরা ধরে রাখতে পারতাম না। তার জন্য শিক্ষক সমাজের প্রতি দায়িত্ব পালনের জন্য বামফ্রন্ট সরকার তার জন্ম লগ্ন থেকে চেষ্টা করছে যাতে শিক্ষকদের ক্ষেত্রে আর্থিক দায়-দায়িত্ব যথাযথভাবে পালন করা হয় এবং যাতে তাঁরা মান-সম্মান নিয়ে মাথা উঁচু করে বাংলার আচার্যশক্তি, মানুষ গড়ার কারিগররা চলাফেরা করতে পারেন। সেটা আমরা সুনিশ্চিত করেছি। কিন্তু শিক্ষকরা আকাশ থেকে আসেননি, এই সমাজ থেকেই শিক্ষকদের সৃষ্টি। সমাজ যদি দোষে দুষ্ট হয়, সমাজের রন্ধ্রে রন্ধ্রে যদি দুর্নীতি ঢোকে, যদি ভোগসর্বস্বতার প্রভাব পড়ে সেখানে, তাহলে শিক্ষকরা সম্পূর্ণভাবে তা থেকে মুক্ত থাকবেন সেটা কখনো আশা করা যায় না। তার জন্য শিক্ষকদের দায়বদ্ধতা বিদ্যালয়ের ক্ষেত্রে, শিক্ষালয়ের ক্ষেত্রে যাতে তাঁরা যথাযথভাবে পালন করেন, সমাজের প্রতি কর্তব্য পালনে শিক্ষক সমাজ যাতে আরো ভাল যোগ্যতার পরিচয় দিতে পারেন, তার জন্য কিছু নতুন পদক্ষেপ গ্রহণ করবার আমরা চিন্তা করছি। সিদ্ধান্ত এখনো হয়নি, সেটা ভাবনা-চিন্তার পর্যায়ে রয়েছে। শিক্ষক সমাজ যাতে শ্রেণীকক্ষে দাঁড়িয়ে আরো যোগ্যতার সাথে স্বীয় কর্তব্য পালন করে নতুন নজির স্থাপন করতে পারেন ভারতবর্ষের মধ্যে সে বিষয়ে আমরা চিন্তা-ভাবনা করছি।

এখানে মাননীয় সদস্য চিত্তরঞ্জন দাসঠাকুর কয়েকটি কথা বলেছেন। তিনি বলেছেন যে, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদে বিধানসভা সদস্যদের প্রতিনিধিত্ব। দ্বাদশ বিধানসভার মেয়াদ শেষ হয়েছে, ত্রয়োদশ বিধানসভা গঠিত হয়েছে। বিদ্যালয় শিক্ষা বিভাগ পক্ষ থেকে অনেক আগে আমরা এই বিধানসভার সচিবের কাছে চিঠি পাঠিয়েছি যে, ত্রয়োদশ বিধানসভার যেসব প্রতিনিধি জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের সদস্য হবেন অনুগ্রহ করে তাঁদের নির্বাচনের ব্যবস্থা করে আমাদের কাছে তাদের নাম পাঠান। আমি খোঁজ নিয়েছি। আবার দরকার হলে আগামীকাল আমি আর একটা চিঠি এখানে পাঠাব যাতে এই বিষয়টা তাড়াতাড়ি করা হয়, বিধানসভার প্রতিনিধিরা যাতে প্রাথমিক বিদ্যালয় সংসদে আসতে পারে সেই ব্যবস্থা আমরা সুনিশ্চিত করব।

এখানে একটি কথা কেউ কেউ বলেছেন এবং সেটা ঠিকই। ভারতবর্ষে এবং আমাদের পশ্চিমবঙ্গও তা থেকে মুক্ত নয়। অনেক আছে—শৈশবহীন শিশু; শৈশবকালে তার যে আনন্দ, খেলাধূলা, বই পড়া, নাচ-গান করা, আস্তে আস্তে শিশুদের কাছ থেকে সেসব আমরা কেড়ে নিচ্ছি। আমাদের অভিভাবক সমাজ তার জন্য দায়ী কম নয়। শিশুদের যে আনন্দ, যে আনন্দঘন পরিবেশে তাদের থাকার কথা সেখানে আমরা ভয়াবহ পাঠ্যসূচি, পাঠ্যপুস্তকের ভীতি তাদের সামনে হাজির করছি। বিখ্যাত বিজ্ঞানী অধ্যাপক যশপাল, তাঁর নেতৃত্বে একটি কমিটি হয়েছিল গোটা ভারতবর্ষে বিদ্যালয় স্তরে পাঠ্যসূচি, পাঠ্যক্রম তৈরি করবার জন্য। তিনি বারেবারে বলেছেন যে, শিশুদের উপর পাঠ্যসূচির চাপ কমাও, কোনও প্রাথমিক বিদ্যালয়ে শিশুর সামনে যেন কোনও বই না থাকে, পাঠ্যসূচি যেন না থাকে। আমরা সেটা পারিনি, ব্যর্থতা আমাদের আছে, এই ব্যর্থতা গোটা ভারতবর্ষে আছে। এই জন্য আমরা বলছি, শৈশবহীন শিশুদের প্রতি আমরা বড়রা অন্যায় করছি, অবিচার করছি। মায়া-মমতা, খেলাধূলা, এসব যদি না পায় শিশুরা, যদি পাঠ্যপুস্তকের সীমাহীন আক্রমনের মুখে দাঁড়িয়ে যদি শিশু বড় হয়, তাহলে তার হৃদয়ের মধ্যে যেসব সুকোমলবৃত্তিগুলি বিকশিত হয় না। তার ফলে পরবর্তী সময়ে সমাজের প্রতি দায়িত্ব পালনে বরাবর তারা ব্যর্থ হয়। এই বিষয়টা অত্যন্ত গুরুত্ব সহকারে আমাদের চিন্তা করতে হবে।

তারপর বলছি, সি. বি. এস. ই., আই. এস. সি. এবং আই. সি. এস. ই. এই ত্রিবিধ সিলেবাস, এটা বাংলার সিলেবাস থেকে মান উন্নত নয়। জাতীয় শিক্ষা গবেষণা প্রশিক্ষণ পরিষদ, শিক্ষামন্ত্রী সম্মেলন, কেন্দ্রীয় শিক্ষা উপদেষ্টা পর্ষদ, তাঁরা বারে বারে বলেছেন যে, সি. বি.এস. ই., আই. এস. সি. এবং আই. সি. এস. ই., এই ত্রিবিধ সিলেবাসের তুলনায় পশ্চিমবঙ্গের পাঠ্যক্রম এবং পাঠ্যসূচি তার মান উন্নত। কিন্তু তৎসত্ত্বেও আমরা বলব যে সর্বভারতীয় ক্ষেত্রে আমাদের যে পাঠ্যক্রম এবং পাঠ্যসূচি, তার মধ্যে সমতাবিধান করবার জন্য আমাদের সরকারের পক্ষ থেকে উদ্যোগ নিতে হবে যাতে সমতাবিধান করা যায়, বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে, শিক্ষাগত মনোভাব থেকে যাতে পাঠ্যক্রম এবং পাঠ্যসূচির সংশোধন হয়, তার জন্য চেষ্টা আমরা করব।

*সর্বশেষে বলি, আজকে যাঁরা আলোচনায় অংশ নিয়েছেন, যে সমস্ত উপদেশ, পরামর্শ দিয়েছেন, সমালোচনা করেছেন,* আমরা তা থেকে শিক্ষা গ্রহণ করে আগামী দিনে বাংলার মানুষ নতুন করে এই সরকারের উপর যে দায়িত্ব অর্পন করেছেন সেই দায়িত্ব নিষ্ঠার সঙ্গে, আন্তরিকতা এবং সততার সঙ্গে পালন করতে আমরা কৃতসংকল্প, আমরা অঙ্গিকারবদ্ধ। বাজেট প্রস্তাবে, বাজেট ব্যয়-বরাদ্দ প্রস্তাবে সকলের সার্বিক সমর্থন কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

## POINT OF INFORMATION

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব ইনফরমেশন আছে। স্যার, আজকে শিক্ষা বাজেটের দিন, এই রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানের শ্রীবৃদ্ধির যে সিদ্ধান্ত নিয়েছেন তার প্রতি উদ্বেগ প্রকাশ করে, উচ্চ মাধ্যমিকে ভর্তির সমস্যা, শিক্ষকদের পেনশন না পাওয়ার সমস্যা, এই সমস্ত সমস্যা নিয়ে মাধ্যমিক শিক্ষক এবং শিক্ষার্থীরা রাজ্য সরকারের উদ্দেশ্যে কিছু বক্তব্য রাখতে চাইছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যাতে এই মাধ্যমিক শিক্ষক এবং শিক্ষাকর্মীরা যে সমস্ত সমস্যাগুলি নিয়ে এসেছেন তাঁদের সমস্ত বক্তব্য শুনে প্রতিবিধানকল্পে ডেপুটেশন গ্রহন করেন এবং তাঁদের ওখানে যান। এই কথা বলে হাউসের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The motion of Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.4242,64,04,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202-General Education, 2203-Technical Education, 2205-Art and Culture, 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture and 6202-Loans for Education, Sports, Art and Culture" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1414,21,34,000 already voted on account in February, 2001.

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 4.17 p.m. till 11.00 a.m. on Tuesday, the 3rd July, 2001 at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 3rd July, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 06 Ministers of State and 155, Members.

[11-00 — 11-10 a.m.]

## OBITUARY

**Mr. Speaker :** Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Niren Ghosh, former Member of parliament and a Communist leader who breathed his last on the 1st July, 2001 at his residence in Kolkata following a massive heart attack. He was 87.

Shri Ghosh was born in April, 1915 at Barishal of undivided Bengal (now in Bangladesh). He had his schooling at Barishal Banipith School and B.N. College in Barishal. Thereafter he came to Kolkata for higher studies and took his higher studies from Ripon College (now known as Surendra Nath College) and University of Calcutta. He had a brilliant academic career. He was associated with the revolutionary movements since his student life. He concentrated his rebellious activities in the freedom movement against the British imperialism. He joined the 'Jugantar', a revolutionary organisation in 1927. In the very next year he became a member of the volunteers of the Conference of the Indian National Congress under the leadership of Netaji Subhas Chandra Bose. Very soon he was attracted to the Marxism. For his active partici-

*pation in the revolutionary movements he was detained in jail* without trial in the year 1933. In 1934 he joined 'Ganabani', a Marxist organisation and in 1936 he became a member of it's Central Committee. In 1943 he started trade union activities initially in jute mills at Budge Budge and thereafter in the industrial area at Barrackpore in undivided 24-Parganas district. In 1948, when the Communist Party was banned, he was again arrested. In 1951 when the ban on that Party was lifted he played a key role in the organisation of the Party and the Trade Union movement in the area. During the Indo-China conflict in 1962-63, he was arrested along with others. In the year 1968 he was chosen a member of the West Bengal State Secretariat of the Communist Party of India (Marxist). In the year 1970, when the CITU was formed, he played an active role as the Secretary of that organisation and held that position till his death. In 1985 he became the Secretary of the Party's North 24-Parganas District Committee. In 1995 he became a member of the Party's Central Committee.

A distinguished Communist leader of high esteem Shri Ghosh was elected to the Rajya Sabha first in 1962 and again in the year 1969 from this State. In 1980 he was elected to the Lok Sabha from the Dum Dum Parliament constituency as a C.P.I. (M) candidate. As an outstanding Parliamentarian he advocated for the interest of the toiling mass in parliament. As a devoted political works and Trade Unionist, ........ he held many partfolies like Vice-President of Bengal Chatkal Majdoor Union, etc.

At his death the country has lost an outstanding Parliamentarian, veteran freedom fighter and devoted Communist leader.

Now, I would request the Hon'ble Members to rise in their Seat for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members rose to their seats for 2 minutes as a mark of respect to the deceased.)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolance to the members of the bereaved family of the deceased.

## HELD OVER STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### বন্যা বিধ্বস্ত জেলাগুলিতে ত্রাণ

***১২৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৪) **শ্রী অশোক দেব :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় (২০০০ সালের) বিধ্বস্ত জেলাগুলিতে ত্রাণ বাবদ সরকারি স্তরে মোট কী পরিমাণ অর্থ কোন কোন খাতে ব্যয়িত হয়েছে; (জেলা ও খাতওয়ারি) এবং

(খ) এ ব্যাপারে কেন্দ্রীয় বা অন্যান্য সংস্থা থেকে কী পরিমাণ সাহায্য পাওয়া গেছে?

**শ্রী হাফিজ আলম সৈরানী :**

(ক) সাম্প্রতিক বন্যায় (২০০০ সালের) বিধ্বস্ত জেলাগুলিতে ত্রাণ বাবদ সরকারি স্তরে মোট ৪৫১,৮৬.৫৩ লক্ষ টাকা নিম্নলিখিত খাতে ব্যয়িত হয়েছে :—

জাপুরের বন্যায় (২০০০ সালের) বিধ্বস্ত জেলাগুলিতে ত্রাণ বাবদ সরকারী স্তরে মোট ৪০১,৮৬.৫০ লক্ষ টাকা নিম্নলিখিত খাতে বাড়িত হয়েছে :-

| জেলা | গম মে.টন | গম মূল্য(লক্ষ) | ধান মে.টন | ধান মূল্য(লক্ষ) | বনজ সম্পদ(লক্ষ) | গরু সংখ্যা | গরু মূল্য(লক্ষ) | হাঁস সংখ্যা | হাঁস মূল্য(লক্ষ) | মুরগি সংখ্যা | মুরগি মূল্য(লক্ষ) | ফুলকপি সংখ্যা | ফুলকপি মূল্য(লক্ষ) | চিংড়ি/পারশে মাছ সংখ্যা | চিংড়ি/পারশে মাছ মূল্য(লক্ষ) | টিউবওয়েল সংখ্যা | টিউবওয়েল মূল্য(লক্ষ) | এইচ.বি. পাম্প (লক্ষ টাকা) | মোট (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বীরভূম | ৩০০ | ২৬.০০ | ৫০০ | ২২.০০ | ১০০.০০ | ৫০,০০০ | ২২০.০০ | ১০,০০০ | ১২.৫০ | ২০,০০০ | ১৯.০০ | ১৫,০০০ | ৩.৩৬ | ১৫,০০০ | ৩.৮০ | - | - | ২০০০.০০ | ২৫৫৩.০১ |
| বর্ধমান | ২০০ | ১২.০০ | ৫০০০ | ৫৩৭.২০ | ৩১১.০০ | ৭০,০০০ | ২৬৪.২০ | ৫,০০০ | ৩৫.১৫ | ৫,০০০ | ৩.৫০ | - | - | ৫,০০০ | ১.২৬ | - | - | ৩০০০.০০ | ৪২৬২.৪৩ |
| হুগলী | - | - | ৬০০০ | ৪০৪.০০ | ১৩০.০০ | ৪০,০০০ | ১৫২.৪০ | ৫,০০০ | ৩.১৫ | ৫,০০০ | ৩.৫০ | - | - | ৫,০০০ | ১.২৬ | - | - | ১০০০.৩০ | ২২০৭.৩৬ |
| হাওড়া | - | - | ৩০০ | ৩১.২৩ | ৭২.০০ | ৬,০০০ | ৩২.৪৬ | ৫,০০০ | ৩.১৫ | ৫,০০০ | ৩.৫০ | - | - | ৫,০০০ | ১.২৬ | - | - | ২০০.০০ | ১১৩১.১৫ |
| মালদা | ২০০ | ২৩.৭৫ | ২০০ | ৩৪.০০ | ৩০.০০ | - | - | ৫,০০০ | ৩.১৫ | ৫,০০০ | ৩.৫৫ | - | - | ৫,০০০ | ১.২৬ | - | - | - | ৯২.৭৮ |
| মেদিনীপুর | - | - | ৪০০ | ৪২.৫০ | ৮.২৩ | ২০,০০০ | ৬১.২৩ | ৫,০০০ | ৩.১৫ | ৫,০০০ | ৩.৫০ | ২,০০০ | ০.৮০ | ৫,০০০ | ১.২৬ | - | - | ১০০.০০ | ২৪৮.০১ |
| মুর্শিদাবাদ | ১২০ | ১১.৬৭ | ২০২০ | ১১২৪.০০ | ৪০০.০০ | ১,২১,০০০ | ৭৭৫.৪৪ | ১১,২০০ | ৭.০৩ | ১১,২০০ | ৮.৫০ | ১,০০০ | ০.৪০ | ৫,২০০ | ১.৪৪ | ৫০ | ১.০৩ | ৫,০০০.০০ | ৭৩৩২.২২ |
| নদীয়া | - | - | ১৬৪৭০ | ২২৩০.২৬ | ৩৪২.০০ | ১,৪৬,৮০০ | ৫০৪.১০ | ৫,০০০ | ৩.১৫ | ৫,০০০ | ৩.৫০ | - | - | ৫,০০০ | ১.২৬ | ২০০ | ৪.০৩ | ৪,৮০০.০০ | ৮০৪৮.৪১ |
| উত্তর ২৪-পরগনা | ১০০ | ১৪.২৫ | ২২৫০০ | ২৩০২.৪০ | ৩৫৩.২০ | ২,৫৭,৪৭০ | ১০৬৭.০০ | ৫,০০০ | ৩.১৫ | ৫,০০০ | ৩.৫০ | - | - | ৫,০০০ | ১.২৫ | ৪২৫ | ৩.১৬ | ৪,৪০০.০০ | ৫৫৮১.৫১ |
| দক্ষিণ দিনাজপুর | - | - | - | - | ২৬৩.০০ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ২৬৩.০০ |
| ডাইরেক্টর অব পুলিশ, কলকাতা | - | - | - | - | ২২৫.০০ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ২২৫.০০ |

| | | |
|---|---|---|
| | মোট | ৬৬,৫৯৩.৫৪ |
| জেলাভিত্তিক এবং অন্যান্য জেলাগুলিতে বন্যার সঙ্কটের বাবদে সরবরাহের জন্য বরাদ্দকৃত অর্থ | | ৪,২৬৩.২২ |
| | মোট | ৫৩,৩২২.২৬ লক্ষ টাকা |

এছাড়া নিম্নলিখিত দপ্তরগুলিকে দেওয়া অর্থ :

| দপ্তর | অর্থ |
|---|---|
| কৃষি বিভাগ | ৩০,০০.০০ |
| প্রাণী সম্পদ বিভাগ | ৩,২২.০০ |
| বন বিভাগ | ২,৫০.০০ |
| স্বরাষ্ট্র (অসা.রিক প্রতিরক্ষা) | ৫০.০০ |
| সেচ ও জলপথ | ৩৩,৪৭.০০ |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | ৭ ৬৭.০০ |
| পৌর বিষয়ক | ২,০০.০০ |
| বিদ্যুৎ | ৬,০০.০০ |
| পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং | ৫,০০.০০ |
| পি.ডব্লু.ডি. ও পি.ডব্লু.ডি.(রোডস্) | ২,০০.০০ |
| মৎস্য বিভাগ | ৪.০০ |
| সর্বমোট | ৪৬৪,৮৬.০০ লক্ষ টাকা |

বিশ্ব ব্যাঙ্ক হতে প্রাপ্ত — ৫৩১,৮৩.০০ লক্ষ টাকা

এবং

(খ) বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) ভয়াবহ বন্যায় বিধ্বস্ত রাজ্যের বানভাসীদের জন্য ত্রাণ ও পুনর্বাসন বাবদ ত্রাণ দপ্তর "বিপর্যয় জনিত ত্রাণ তহবিল" থেকে ১০১.১০ কোটি টাকা পেয়েছে। এই অর্থের মধ্যে শতকরা ৭৫ ভাগ অর্থাৎ ৭৫.৮৩ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছে। বাকি শতকরা ২৫ ভাগ অর্থাৎ ২৫.২৮ কোটি টাকা রাজ্য সরকার দিয়েছে।

এই প্রসঙ্গে আরও উল্লেখ করা যেতে পারে যে বিগত বন্যায় রাজ্যে মোট ক্ষতির পরিমান ছিল ১৫৮৭.৮০ কোটি টাকা। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে এই তথ্য জানিয়ে অতিরিক্ত সাহায্য হিসাবে (১৫৮৭.৮০ কোটি টাকা - ১০১.১০ কোটি টাকা) - ১৪৮৬.৭০ কোটি টাকার জন্য আবেদন করেছিলেন। কেন্দ্রীয় সরকার সেই আবেদনের ভিত্তিতে "জাতীয় বিপর্যয় জনিত ত্রাণ তহবিল" থেকে ১০৩.২৫ কোটি টাকা সাহায্য দিয়েছে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী অশোক দেব ঃ** মিঃ স্পিকার স্যার, হাউসকে কি ভাবে মন্ত্রীরা মিস গাইড করেন দেখুন। সবাই মিলে আমরা চীৎকার করলাম সেন্ট্রাল গভর্নমেন্ট বোধ হয় কোনও টাকা দেননি। আজকে মন্ত্রী লিখিত দিয়েছেন যে সেন্ট্রাল গভর্নমেন্ট ৭০ শতাংশ টাকা দিয়েছেন, তাহলে এইভাবে মিস গাইড করলেন কেন? আমি জানতে চাইছি মন্ত্রীর কাছ থেকে হাউসকে মিস গাইড করলেন কেন?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** যতটা ক্ষয়ক্ষতি হয়েছিল তার ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাওয়া হয়েছিল। ১০১ কোটি টাকা যেটা জানতে পারলেন তার মধ্যে ৭৫ শতাংশ টাকা কেন্দ্রীয় সরকারের ২৫ শতাংশ টাকা রাজ্য সরকারের। এখানে ক্ষয়ক্ষতির পরিমাণ করে দাবি-দাওয়া জানানো হয়েছিল, তার মাত্র ১০ শতাংশের কম টাকা কেন্দ্রীয় সরকার আমাদের দিয়েছে।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমি জানতে চাইছি, যারা কমপ্লিট ক্ষতিগ্রস্থ হয়েছে বা পারসিয়ালি ক্ষতিগ্রস্থ হয়েছেন বা বাড়িঘর ধ্বংস হয়েছে তাঁদেরকে কিভাবে টাকা দিচ্ছেন?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** যাদের ঘর-বাড়ি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্থ হয় তাদেরকে ২ হাজার টাকা, এবং যাদের আংশিক ক্ষতিগ্রস্থ হয়েছে তাদেরকে ১ হাজার টাকা ঘর-বাড়ি তৈরি করার জন্য দিই।

**শ্রী অশোক দেব ঃ** এই বন্যায অনেককে সাপে কেটেছে, কলেরা হয়েছে, সেই ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** আমরা বিভিন্ন দপ্তরকে যখন বন্যা হয়, তখন বিভিন্ন দপ্তরের মাধ্যমে আমরা সাহায্য দিই। সেই রকম হেলথ ডিপার্টমেন্ট-এর মাধ্যমে আমরা ত্রাণ কার্য্য চালাই। ঐ হেলথ ডিপার্টমেন্টের মাধ্যমেই কলেরা হলে, আন্ত্রিক হলে ত্রাণ দপ্তরের মাধ্যমে টাকা দিই হেলথ ডিপার্টমেন্ট কাজটা করে।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, মুর্শিদাবাদ জেলার ব্যাপারে আপনি জানেন যারা মারা গিয়েছেন তাদের ব্যাপারে থানায় গিয়ে এফ. আই. আর. লজ করা যায়নি। যারা মারা গিয়েছে তারা যাতে টাকা পায় তার জন্য এফ. আই. আর. লজ করা দরকার, কিন্তু তা করা যায়নি, এই ব্যাপারে কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা জানাবেন কি?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় সদস্য যে প্রশ্নটা এখানে করেছেন, এই প্রশ্নটা এর সঙ্গে যুক্ত নয়।

**মিঃ স্পিকার ঃ** প্রশ্নর সঙ্গে প্রসঙ্গ না মিললে এই প্রশ্নটার উত্তর দিতে হবে না।

**শ্রী অশোক দেব ঃ** এই যে বন্যার সময় আমরা দেখতে পাচ্ছি, অনেকে যারা ক্ষতিগ্রস্থ হয়েছেন তাদেরকে কিছু দেওয়া হয়নি। এই ব্যাপারে আপনারা গোষ্ঠীদ্বন্দ্ব করেছেন, দলবাজী করেছেন, এই ব্যাপারে আমাদের কিছু নথিপত্র আছে, তা হাউসকে দিতে পারি। এই ব্যাপারে আপনার যদি কিছু জানা থাকে তাহলে ব্যবস্থা নিয়েছেন কিনা?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** এই রকম সুনির্দিষ্টভাবে কোনও অভিযোগ আমার দপ্তরে নেই, আপনার কাছে যদি কোনও অভিযোগ থাকে জানাবেন, সেই ব্যাপারে আমি [illegible] ব্যবস্থা নেব।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** সাপ্লিমেন্টারি, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাদের ঘরবাড়ি একেবারে নষ্ট হয়ে গেছে এবং যাদের একেবারে নষ্ট হয়নি, আংশিক নষ্ট হয়েছে, তাদের নতুন ঘরবাড়ি করবার জন্য আপনি কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** আমি আগেই বলেছি, ত্রাণ দপ্তরের পক্ষ থেকে পঞ্চায়েতের মাধ্যমে যে সমস্ত লোকের ঘরবাড়ি বন্যাজনিত কারণে বা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ে নষ্ট হয়ে যায়, সেই ব্যাপারে তদন্ত করা হয়। যাদের ঘরবাড়ি সম্পূর্ণরূপে নষ্ট হয় তাদের দুই হাজার টাকা, আর যাদের আংশিক নষ্ট হয় তাদের এক হাজার টাকা আমার দপ্তর থেকে দেওয়া হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনি বললেন গৃহনির্মান অনুদান সরকার থেকে দেওয়া হয়, টাকার পরিমাণ যাই হোক না কেন। কিন্তু আপনার কাছে জানতে চাইছি, সরকারের কোনও গভর্নমেন্ট অর্ডার নেই, বাণভাসি মানুষদের ভোটার তালিকায় নাম না থাকলে তারা রিলিফ পাবে না। তা সত্ত্বেও গাইঘাটা ব্লকের বিডিও বানভাসি মানুষদের গৃহনির্মাণ অনুদান থেকে বঞ্চিত করেছেন! যেহেতু তাদের ভোটার লিস্টে নাম নেই, কিন্তু তাদের রেশন কার্ড আছে। এই রকম ৬,২৫১ জনকে ভোটার লিস্টে নাম নেই বলে তাদের রিলিফ দেওয়া হয়নি। অগত্যা তারা বাধ্য হয়ে হাইকোর্টের শরণাপন্ন হন। আপনার প্রিডিসেশার দেখবেন বলেছিলেন, কিন্তু তারা এখনো পাইনি। ১৯.৪.২০০১ তারিখে হাইকোর্ট একটা ইন্টারিম অর্ডার দিয়েছে, সেখানে বলেছে—ভোটার লিস্টে নাম থাকতে হবে এই রকম কোনও নির্দেশ নেই। সুতরাং গাইঘাটা ব্লকের বাণভাসি মানুষদের রিলিফ দেওয়া হোক। আমার প্রশ্ন হচ্ছে, ১৯.৪.২০০১ তারিখে হাইকোর্ট বিডিও-কে অর্ডার দেওয়া সত্ত্বেও এখনো পর্য্যন্ত তার কোনও মর্যাদা দেওয়া হচ্ছে না। এই ব্যাপারে আপনি কি পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** আপনি যে ব্যাপারটা এখানে উত্থাপন করলেন, আমি এখনই গিয়ে সেই ব্যাপারে খোঁজ-খবর নেব। তারা যদি ভারতের সিটিজেন হয় এবং তাদের বাড়িঘর যদি সত্যিকারের ক্ষতিগ্রস্থ হয় তাহলে নিশ্চয় আমরা যথাযথ ব্যবস্থা নেব।

**শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন ১৪৮৭ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করা হয়েছিল রাজ্য সরকারের

পক্ষ থেকে। কিন্তু কেন্দ্রীয় সরকার ১০৩ কোটি টাকার বেশি দেয়নি, অর্থাৎ যা টাকা চাওয়া হয়েছিল তার দশ শতাংশ টাকা দেওয়া হয়েছে। আমার প্রশ্ন, মোট কতজনকে সম্পূর্ণ ক্ষতির জন্য বা আংশিক ক্ষতির জন্য ঘরবাড়ি তৈরি করার জন্য টাকা দেওয়া হয়েছে?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** আমি মোটটা বলতে পারছি না। এইচ. বি গ্র্যান্ট কোন জেলায় কত দেওয়া হয়েছে সেটা আমি বলে দিতে পারি।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী মুস্তাক আলম ঃ** বানভাসি মানুষদের রিলিফে আপনাদের দপ্তর থেকে যেসব লুঙ্গি, শাড়ি, ধুতি দেওয়া হয়, সেইগুলো ব্যবহারের অযোগ্য। এই ব্যাপারে আপনার উত্তর চাইছি।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** রিলিফ ম্যাটেরিয়ালস্ কেনার ব্যাপারে একটি চেকিং কমিটি আছে, টেন্ডার অনুযায়ী মাল দিচ্ছে কিনা তারা সেটা চেক করে দেখে তারপর গ্রহণ করে। যেটা মাননীয় সদস্য বললেন—জিনিসপত্রের মান অত্যন্ত খারাপ, এরকম অভিযোগ এখন পর্যন্ত আমার দপ্তরে এসে পৌঁছায়নি।

**শ্রী তপন হোড় ঃ** ন্যাচারাল ক্যালামিটি ফান্ড তৈরির ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছেন কিনা এবং কেন্দ্রীয় সরকার কিছু বলেছেন কিনা জানাবেন কি?

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** ন্যাচারাল ক্যালামিটি ফান্ড ন্যাশানাল লেভেলে গঠন হওয়ার কথা। সেই ব্যাপার এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকার আমাদের কিছু জানায়নি। আমরা আমাদের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে যাতে অবিলম্বে এই ফান্ড গঠন করা হয় তার জন্য চেষ্টা করছি।

## প্রাথমিক কৃষি বিপণন সমিতি

***১২৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫০) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে প্রাথমিক কৃষি বিপণন সমিতির সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে কতগুলি সমিতি রাজ্যের কৃষকদের আপৎকালীন বিক্রিরোধে সাহায্য করে থাকে? (জেলাওয়ারি হিসাবসহ)

**শ্রীমতি ছায়া ঘোষ ঃ**

(ক) এই রাজ্যে প্রাথমিক কৃষি বিপনন সমিতি নামে কোনও সংস্থা নেই। নিয়ন্ত্রিত বাজার নামে একটি প্রকল্প চালু আছে। বর্তমানে এই রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা ৪৮।

(খ) আপৎকালীন বিক্রিরোধে পশ্চিমবঙ্গ সরকার কতিপয় নিয়ন্ত্রিত বাজারে 'বন্ধকী লগ্নি' পরিকল্পনার কাজ মোটামুটিভাবে চালিয়ে যাচ্ছে। প্রকল্প অনুমোদন করেছেন। এর মধ্যে সামসি নিয়ন্ত্রিত বাজার সমিতি উল্লেখযোগ্যভাবে কাজ করছে।

**পরিপূরক তথ্য**

এ রাজ্যে নির্বাচিত আরও কিছু বাজার সমিতিকে 'বন্ধকী লগ্নি' পরিকল্পনা চালু করতে বলা হয়েছে। এদের মধ্যে রয়েছে উত্তর দিনাজপুরের ইসলামপুর, জলপাইগুড়ির ধূপগুড়ি, নদীয়ার করিমপুর ও বেথুয়াডহরী, বর্ধমানের কালনা নিয়ন্ত্রিত বাজার সমিতি। ১৯৯৭-৯৮ সালেও কিছু নিয়ন্ত্রিত বাজারে এই পরিকল্পনা নেওয়া হয়েছে। তবে কৃষকদের মধ্যে সেরকম সাড়া না পেয়ে এবং প্রকল্পটিকে বহুল প্রচারের ব্যবস্থা করতে হ্যান্ডবিল বিলি, সভা-সমিতি, বিভিন্ন অনুষ্ঠান ও রেডিও মাধ্যমে প্রচারের চেষ্টা চালানো হচ্ছে।

আলু উৎপাদনকারী জেলাগুলিতে আলু চাষীদের আলুর ন্যায্য মূল্য পাওয়ার লক্ষ্যে বাজার সমিতির সহায়তায় 'বন্ধকী লগ্নি' চালু করার সিদ্ধান্ত গ্রহণ করে অর্থের সংস্থান বিভাগীয় বাজেট বরাদ্দে রাখা হয়েছে। যদিও যৎসামান্য নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির 'তহবিল' থেকেও 'বন্ধকী লগ্নি' চালু করার পরামর্শ দেওয়া হয়েছে।

এ প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, যে সমস্ত চাষীভাইরা হিমঘরে আলু রাখেন তাহারা তাহাদের পাকা রসিদ (নিদর্শ নং ৬) রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক অথবা সমবায় ব্যাঙ্কে জমা রেখে ঋন গ্রহণ করতে পারেন।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** 'বন্ধকী লগ্নি' পরিকল্পনার ব্যাপারে, আপনার দপ্তরের অধীনে যেসব নিয়ন্ত্রিত বাজার আছে, তার মধ্যে কতগুলোতে এটা চালু হয়েছে মন্ত্রিমহোদয়া বলবেন কি?

**শ্রীমতী ছায়া ঘোষ :** আমাদের যতগুলো আর. এম. সি. আছে, যারা আপৎকালীন বিক্রি রোধে সাহায্য করে তাদের জেলা ভিত্তিক একটা উত্তর দিতে পারি। কৃষি কল্যান সমিতি সম্বন্ধে গতবারের বাজেটে এটা হয়েছে আমি শুনেছি, কিন্তু আমার কাছে এখনও পর্যন্ত সেটা আসেনি। কিন্তু বন্ধকী লগ্নির পরিকল্পনার কাজ মোটামুটি ভাবে চলছে। প্রকল্পটি অনুমোদিত হয়েছে। এর মধ্যে সামসি নিয়ন্ত্রিত বাজার সমিতিতে উল্লেখযোগ্যভাবে কাজ করছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আপনি বললেন যে, একটা মাত্র নিয়ন্ত্রিত বাজার সমিতিতে আছে, সেখানে এই প্রকল্প চালু করার কোনও ভূমিকা আছে কি?

**শ্রীমতি ছায়া ঘোষ :** আরও কিছু বাজার সমিতিতে বন্ধকি লগ্নি পরিকল্পনা চালু করতে বলা হয়েছে। উত্তর দিনাজপুরের ইসলামপুর, জলপাইগুড়ির ধূপগুড়ি, নদীয়ার করিমপুর, বেথুয়াডহরী, বর্ধমানের কালনা। ১৯৯৭ - ৯৮ সালে কিছু নিয়ন্ত্রিত বাজারে এই পরিকল্পনা নেওয়া হয়েছে। তবে কৃষকদের মধ্যে সেই রকম কোনও সাড়া পাওয়া যায় নি। প্রকল্পটিকে বহুল প্রচলিত করতে হ্যান্ডবিল বিলি করা হচ্ছে, সভা সমিতি করা হচ্ছে, বিভিন্ন অনুষ্ঠান করা হচ্ছে এবং রেডিও মারফত প্রচারের চেষ্টা করা হচ্ছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আপনি বললেন যে, কৃষকদের মধ্যে কোনও সাড়া পাওয়া যাচ্ছে না । কৃষকদের ফসল বন্ধকের কত অংশ টাকা দেওয়া হয়।

**শ্রীমতি ছায়া ঘোষ :** মোটামুটি জিনিসের দাম একটা আনুমানিক ঠিক করা হয়। তার থেকে ৩ ভাগ মাত্র টাকা দেওয়া হয়। কিন্তু এই টাকা দেওয়ার পরে দেখা গেছে সেই কৃষকরা পুনরায় সেই জিনিসটা অবার নিয়ে যাবে, বাজারে বিক্রি করবার চেষ্টা করবে। সেটা কিন্তু তখন করে না। ফলে দপ্তরের অসুবিধা হয়ে যায় সেই জিনিসগুলি বিক্রি করবার জন্য।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রিমহাশয়, কৃষকরা যে ফসল উৎপাদন করে আপনি জানেন যে, চিনে আছে কৃষকদের উৎপাদিত ফসল তাদের মার্কেটে তারা বিক্রি করে টাকা নিয়ে চলে যায়, এই রকম কোনও সিস্টেম জেলায় চালু করবেন কি?

**শ্রীমতি ছায়া ঘোষ :** আমাদেরও এই ধরনের কৃষকদের কাছ থেকে জিনিস কিনে নিয়ে তারপর তাদের মুল্য দেবার বিষয়টা এখনও আমরা চালু করতে পারিনি।

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্নটা অপ্রাসঙ্গিক । এই রকম প্রশ্ন করবেন না। আর এইসব অপ্রাসঙ্গিক প্রশ্নের মন্ত্রীই বা উত্তর দেন কেন?

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি - এই কৃষকদের ফসল আনতে গেলে ভালো রাস্তাঘাট দরকার হয়। আপনার দপ্তর থেকে কোন কোন জায়গায় রাস্তাঘাট করেছেন?

**শ্রীমতি ছায়া ঘোষ ঃ** সারা পশ্চিমবঙ্গে যেখানে যেখানে আর এম সির টাকা আছে, সেই টাকা নিয়ে রাস্তাঘাট তৈরি করা হয়েছে। কিন্তু সারা পশ্চিমবঙ্গের হিসাব দেওয়া এখনই সম্ভব নয়। আপনি নোটিশ দেবেন, আমি দিয়ে দেব।

**শ্রী মুস্তাক আলম ঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি - তুলসীহাটায় একটা নিয়ন্ত্রিত বাজার চালু করার জন্য জমি অধিগ্রহন করা হয়েছে এবং সেটা রেলিং দিয়ে ঘেরাও আছে। সেখানে বাজার আদৌ হবে কি হবে না সেটা জানান।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** কোন এলাকার কথা বললেন আরেকবার যদি অনুগ্রহ করে বলেন।

**শ্রী মুস্তাক আলম ঃ** হরিশ্চন্দ্রপুরের তুলসীহাটা।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় মন্ত্রীকে বলছি একটা প্রশ্নের একটাই উত্তর দেবেন।

**শ্রী আবদুল মান্নান ঃ** মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন হচ্ছে যে কৃষকরা নিয়ন্ত্রিত বাজার সমিতি এলাকায় তাদের উৎপাদিত ফসল বিক্রি করতে যায়, তাদের কাছ থেকে মার্কেট ফী নেন। মার্কেট ফী গুলো দিতে গিয়ে দেখা যাচ্ছে পারটিকুলার এরিয়ার মধ্যে ঢুকে পড়ছে তারা । তার ১০ গজ দূরে হলেও সেই মার্কেটে কোনও ফি দিতে হচ্ছে না। এর ফলে একটা বৈষম্যের সৃষ্টি হচ্ছে। এই বৈষম্য দুর করার জন্য আপনি কি কোনও ব্যবস্থা নেবেন?

**শ্রীমতি ছায়া ঘোষ ঃ** সেদিন আপনি আমার কাছে গেলেন। ডিটেল আলোচনা তো সেদিনই আপনার সঙ্গে হয়েছে। এই ব্যাপারে আমি কি করব না করব। সেই অবধি থাকলেই তো ভাল হত। এটা অ্যাসেম্বলিতে না আনলেই তো হত।

**শ্রী ইদ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ার কাছে আমি জানতে চাইছি যে, আমাদের চাষীদের উৎপাদন রেগুলেটেড মার্কেট কিনলে ভাল কথা, যখন কেনেন

না তখন যে মার্কেটের বাইরে বিক্রি করতে যায়, রাস্তা যেটা রেগুলেটেড মার্কেট করেছে, সেই রাস্তা অবোরধ করে চাষীদের কাছে থেকে অতিরিক্ত টাকা আদায় করা হয়। হয় রেগুলেটেড মার্কেট কৃষকদের পণ্য কিনুক নাহলে এই টাকা আদায়ের পদ্ধতি বিলোপ করা হোক।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আপনি একটা ভাল প্রশ্ন তুলেছেন। মাননীয় স্পিকারের কাছে আমি একটু সময় চেয়ে নিচ্ছি। উত্তরটা দিতে সময় লাগবে। যত চেকপোস্ট আছে টোটাল পশ্চিমবংলায় সেখানে ১৫শো ছেলে কাজ করে। কমিশনের ভিত্তিতে। যারা গ্রোয়ার তাদের কাছে কিন্তু এরা কোনও কিছু নেয় না। বড়বড় ব্যবসায়ী যারা এইগুলো অন্য কোথাও নিয়ে যায় লরি করে তাদের কাছ থেকে নেওয়া হয়। এর একটা পারটিকুলার মিনিমাম রেট আছে সেই রেট অ্যাক্ট অনুযায়ী তারা কিছু কমিশন নেয়। যে টাকা তারা নেয় তা দিয়ে কি হয় সেটাও আপনাদের ভাল করে জেনে রাখা দরকার। এলাকায় যে মার্কেটগুলো হচ্ছে ওখানে রাস্তা করে দিতে হবে, ব্রিজ করে দিতে হবে, এই যে কাজগুলো করা হয় তাদের এই সংগৃহিত অর্থ দিয়ে। এই টাকা কৃষকদের কাছ থেকে নেওয়া হয় না। বড়বড় ব্যবসায়ীদের কাছ থেকে নেওয়া হয়। আমার মনে হয় এটা উঠিয়ে দিলে কিছু বেকার ছেলে?

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রিমহোদয়ার কাছে জানতে চাইছি যে উৎপাদিত ফসলকে রক্ষার জন্য কতগুলো হিমঘরের প্রস্তাব আপনার আছে?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** টোটাল হিমঘর হচ্ছে ৩৪০টা। তার মধ্যে ভালভাবে চলছে কয়েকটা, কয়েকটা একটু ডিফেক্টিভ হয়ে আছে সেটা মেরামত করার চেষ্টা হচ্ছে। নতুন কোনও হিমঘরের প্রস্তাব নেই। উত্তর ২৪ পরগনাতে মালটি কোল্ডস্টোরেজের একটা প্রস্তাব এসেছে। এখন সেটা প্রসেসিং এর মধ্যে আছে।

## আই সি ডি এস প্রকল্প

***১২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৩১০) **শ্রী তপন হোড় ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিককালে কেন্দ্রীয় সরকারের অনুমোদন না পাওয়ায় রাজ্যে কোনও আই সি ডি এস প্রকল্প চালু হতে পারছে না;

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন; এবং

(গ) উক্ত অনুমোদন না পাওয়া প্রকল্পের সংখ্যা (জেলাওয়ারি হিসাবসহ) কত?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন আই. সি. ডি. এস. প্রকল্পটি সাধারনত রুরাল বেসড্ এবং আপনি জানেন যে বহু আর্বান এলাকাতে আই. সি. ডি. এস. প্রকল্পটি চালু করা যাচ্ছে না। এই আর্বান এলাকা মফস্বল এবং কলকাতার শহরাঞ্চলে এখন বহু গরিব মানুষ এই শহরগুলিতে কনসেনট্রেট করছে, এখন এর ক্যারেক্টার চেঞ্জ হয়েছে যে, শহরে শুধু উচ্চবিত্তরাই থাকেন তা নয়। আর্বান আই. সি. ডি. এস. প্রোজেক্ট যেখানে করতে পারি নি এ ক্ষেত্রে রাজ্য সরকার কি পদক্ষেপ নিচ্ছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** বেশ কিছু শহরে এটা চালু আছে, বাকি শহরগুলিতে চালু করবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছি। কেন্দ্রীয় সরকার অনুমোদন দিলেই বাকিগুলিতে চালু হবে।

**শ্রী তপন হোড় ঃ** এই পর্যন্ত শহর এবং গ্রামে চালু আই. সি. ডি. এস. প্রকল্পে কত জন মা এবং শিশু এর দ্বারা উপকৃত হচ্ছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এর দ্বারা উপকৃতের সংখ্যা হলো মা—৪ লক্ষ ৪০ হাজার, আর মা ও শিশু ৩৫ লক্ষ ৫৩ হাজার।

**শ্রী তপন হোড় ঃ** আমরা দেখছি মা এবং শিশুদের একটা বিরাট অংশ এই প্রকল্পে উপকৃত হচ্ছেন। এটা যারা করছেন অর্থাৎ অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকা এদের যে সাম্মানিক ভাতা দেওয়া হয় আমার মনে হয় সেই ভাতা এবং তাদের কাজের সঙ্গে সাজুয্য থাকছে না। এদের এই ভাতা বৃদ্ধির ব্যাপারে রাজ্য সরকার কি ভাবছেন, বা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছেন কিনা, বা কেন্দ্রীয় সরকার কোনও নির্দেশ দিয়েছেন কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** যেহেতু দ্রব্যমূল্যের বৃদ্ধি ঘটেছে কাজেই স্বাভাবিক ভাবেই যারা অঙ্গনওয়াড়ি কর্মী আছেন বা সহায়িকা আছেন তাদের আরও সাম্মানিক ভাতা বৃদ্ধি হওয়া দরকার বলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়ে ছিলাম। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ৪ জনকে নিয়ে একটা কমিটি তৈরি করা হয়েছিল, অবশ্যই সেই কমিটিতে পশ্চিমবঙ্গের কেউ ছিল না। তারা বলেছিলেন ২ মাসের মধ্যে রিপোর্ট দেবেন তাদের এটা বৃদ্ধি করবার জন্য। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে, তাদের এটা হয় নি। তা সত্ত্বেও আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে ২০০ টাকা করে এটা বৃদ্ধি করেছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আমরা অতীতে শুনেছিলাম যে কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্যই আমাদের রাজ্যের সব কটা ব্লকে এই প্রকল্প গ্রহন করা যাচ্ছে না। অবশ্য এখন এটা কাটিয়ে ওঠা গেছে। এটা কি সত্যি যে এই সময় কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের পৃথক কোনও চুক্তি হয়েছে যে আই. সি. ডি. এস. প্রকল্পে সি. ডি. পি. ও. পদটি তুলে দেওয়া হচ্ছে এবং সুপারভাইজারের সংখ্যা বাড়িয়ে ২০ জায়গায় ৩০ জন করা হবে?

[11.40 — 11.50 a.m.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমাদের ৬৪টি প্রোজেক্টের অনুমোদন দেওয়া হয়েছিল। পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সেই প্রোজেক্টগুলোকে বাতিল করে চিঠি দেওয়া হয়েছিল যে, অর্থাভাবে সেটা করা সম্ভব হয়ে উঠছে না। পরবর্তীকালে আমরা এখান থেকে কেন্দ্রীয় সরকারের কাছে যোগাযোগ করি—প্রাক্তন মুখ্যমন্ত্রী মাননীয় শ্রী জ্যোতি বসু মহাশয় সেটা নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বেশ কিছুদিন পরে আবার সেগুলোকে অনুমোদন দেওয়া হয়। কিন্তু অনুমোদন দেওয়া হলেও বিভিন্ন বছরে তার একটা সীমা বেঁধে দেওয়া হয়। সাথে সাথে যে পোস্টের জন্য সাংশন দেওয়া হয়েছিল সেগুলোকে কমিয়ে দেওয়া হয়। আমাদের এস. ডি. পি. ও. র পোস্ট তুলে দেওয়া হয়, এ. এস. ডি. পি. ও., এস. ডি. পি. ও. দেওয়া যাবে না। আমাদের সুপারভাইজার—২০ জনে একজন সুপারভাইজার কাজ করতেন, পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার থেকে জানানো হয় যে ২৫ জনে একজন সুপারভাইজার [illegible] হবে। স্বাভাবিকভাবে এতে কর্মী সংকোচন হয়ে যাচ্ছে। আপনাদের জ্ঞাতার্থে [illegible] জানাচ্ছি।

**শ্রী অসিত মিত্র ঃ** ১৯৯১ সালে যে সেন্‌সাস্‌ হয়েছিল এবং সেই সেনসাস্‌ রিপোর্ট অনুযায়ী প্রত্যেকটি ব্লকে যতগুলো আই. সি. ডি. এস. প্রকল্প হওয়ার কথা, সারা বাংলায় তার থেকে অনেক কম আই. সি. ডি. এস. প্রকল্প হয়েছিল। এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের সঙ্গে নিজেও আলোচনা করেছিলাম। তার উত্তর এসেছিল যে, কেন্দ্রীয় সরকার এই ধরনের প্রকল্পগুলোতে মঞ্জুরি দিচ্ছেন না। তার ফলে বিভিন্ন জায়গায় আই. সি. ডি. এস. প্রকল্প চালু করা যাচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে পারস্‌ করা হচ্ছে কিনা, যার ফলে ১৯৯১ সালের সেন্‌সাস্‌ রিপোর্ট অনুযায়ী আমাদের দেশের বিভিন্ন জায়গায় প্রয়োজন অনুযায়ী অঙ্গনওয়াড়ি প্রকল্পগুলো কার্যকর হতে পারে।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** সমস্ত মাননীয় সদস্য যাঁরা এখানে আছেন তাঁরা প্রত্যেকে চাইবেন মা ও শিশুদের ক্ষেত্রে যত আমাদের সেন্টার বৃদ্ধি করা যাবে তত বেশি এই কাজের অগ্রগতি ঘটানো যাবে এবং শিশু ও মায়েরা বেশি পরিমাণে উপকৃত হবেন। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বার বার এ ব্যাপারে প্রস্তাব পাঠিয়েছি। দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন অঞ্চল যেখানে দুর্গম জায়গা পার হয়ে যেতে হয়, ফলে সেখানে সংখ্যাটা সাড়ে সাতশো বা হাজার না রেখে সংখ্যাটা যদি আরও কমিয়ে দেওয়া হয় তাহলে সেন্টারের সংখ্যা বৃদ্ধি পেতে পারে। দার্জিলিং-এর ক্ষেত্রে শিশুদের যাতায়াত করার ক্ষেত্রে অসুবিধা হয়, সেখানে সংখ্যাটা কমিয়ে দেওয়ার জন্য বলেছি যাতে আরও সেন্টার বৃদ্ধি করা যায়। কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এ ব্যাপারে অনুমোদন দেওয়া হয় নি। সেন্‌সাস্‌ রিপোর্টের ভিত্তিতে এখানে নিশ্চয়ই আরও সেন্টার বৃদ্ধি হওয়া দরকার। এ ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি দিয়েছি, কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করছি এবং আরও যোগাযোগ করার চেষ্টা করব। কেন্দ্রীয় সরকার অনুমোদন দিলে নিশ্চয়ই সেগুলো বাস্তবায়িত করা সম্ভব হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন—এই রাজ্যে কতগুলো বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে এই আই. সি. ডি. এস. প্রকল্প চালাচ্ছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এটা একটা নোটিশ দিতে হবে। না, সব বে-সরকারি নয়, সৌগতবাবু। ১৫টা আছে। কিন্তু নোটিশ দিতে হবে।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** আমাদের রাজ্যে যে সমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলো চলছে তার বেশির ভাগ ক্ষেত্রেই দেখা যাচ্ছে তাদের ঘর-বাড়ি তৈরি হয়নি। বেশির

ভাগ জায়গাতেই পোড়ো বাড়িতে চলছে। আপনার দপ্তর এ ব্যাপারে কি চিন্তা-ভাবনা করছে? ঐ সব অঙ্গনওয়াড়ি কেন্দ্রের বাড়ি তৈরি করে দেওয়ার কোনও ব্যবস্থা সরকারিভাবে নেওয়া হয়েছে কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** কেন্দ্রে যিনি এই বিভাগের মন্ত্রী আছেন তাঁর সাথে আমরা এ ব্যাপারে যোগাযোগ করেছি এবং আমাদের সরকারের পক্ষ থেকে বলবার চেষ্টা করেছি যে, আই. সি. ডি. এস. প্রকল্পে ঘর তৈরি করার জন্য যে টাকা রাখেন সেটা ২ পারসেন্ট করুন। এটা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি। যদি টু পারসেন্ট সেইভাবে দেওয়া হয় তাহলে আই. সি. ডি. এস. করা সম্ভব হবে। কিন্তু এখনও পর্যন্ত সেই অনুমোদন আমরা পাইনি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রীর কাছে জেলায় যে আই. সি. ডি. এস. প্রকল্প আছে সে সম্বন্ধে জিজ্ঞাসা করছি। এলাকা ভিত্তিক দেওয়া হয়। বুথ বা গ্রাম পঞ্চায়েতের মধ্যে যারা থাকে তাদের অঙ্গনওয়াড়ি কর্মী হিসাবে নিযুক্ত করা হয়। কিন্তু দেখা যাচ্ছে ব্যক্তিগত কারণে বিয়ে বা স্বামীর ট্রান্সফারের জন্য সেই অঙ্গনওয়াড়ি কর্মী যে কেন্দ্রে ছিলেন সেখানে শূন্য পদের সৃষ্টি হয়। আবার অনেকে দূরে থেকেও ভাতা নিয়ে যাচ্ছে। এগুলো বন্ধ করার জন্য এবং শূন্য পদ পূরনের কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এক্ষেত্রে একটা মানবিক কারণ আছে। মহিলা যারা কাজ করেন তারা পরবর্তীকালে স্বাভাবিকভাবেই বিয়ে হয়ে গেলে দূরে চলে যান। আমরা চেষ্টা করি যেখানে তারা চলে যাচ্ছেন সেখানে যারা সি. ডি. পি. ও. আছেন তার কাছে দরখাস্ত করে সি. ডি. পি. ও. যদি বলেন সেখানে আসন ফাঁকা আছে তাহলে তাকে জায়গা দিয়ে রাখা সম্ভব হবে। অনেকগুলো কেস সেভাবে করছি। আমরা চেষ্টা করছি যাতে আলাদা একটা সাম্মানিক ভাতা, কাজ করতে করতে কাজ চলে গেলে নানা অসুবিধার মধ্যে পড়েন, আমরা যতটা সম্ভব এডজাস্ট করার চেষ্টা করছি।

## গভীর ও অগভীর নলকূপ

***১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৮) শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) **বর্তমান আর্থিক বছরে বিশ্বব্যাঙ্কের** আর্থিক সহায়তায় গভীর ও অগভীর (**গুচ্ছ প্রকল্প) নলকূপ** বসানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কোন কোন জেলায় তা রূপায়িত হবে?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য ঃ**

(ক) না, নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী বঙ্কিম হাজরা ঃ** আমাদের রাজ্যের গ্রামে যে অগভীর এবং গভীর নলকূপের কাজ চলছে রাজ্য সরকারের তরফ থেকে তা কি রকম চলছে?

[11.50 — 12.00 noon]

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যর প্রশ্নটা ছিল, বিশ্বব্যাঙ্কের টাকার কোনও প্রকল্প এ বছর আছে কিনা? আমি বলেছি—নেই। অতিরিক্ত প্রশ্ন অবশ্যই মূল প্রশ্নের সঙ্গে সম্পর্ক যুক্ত হতে হবে। যেহেতু বিশ্বব্যাঙ্কের টাকার কোনও প্রকল্প এই আর্থিক বছরের জন্য নেই সেহেতু অন্য কোনও প্রশ্ন না করে মূল প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট কোনও প্রশ্ন থাকলে করুন, আমি নিশ্চয়ই উত্তর দেব।

**শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** ১৯৯৯ সালে বিশ্বব্যাঙ্কের টাকায় রাজ্যে কোনও গভীর বা অগভীর নলকূপ বসানো হয়েছে কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য ঃ** আমি মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি ১৯৯৯-২০০০ সালেও আমাদের বিশ্বব্যাঙ্কের কোনও প্রজেক্ট ছিল না। আমার দপ্তরে লাস্ট বিশ্বব্যাঙ্ক প্রজেক্টের কাজ হয়েছে ১৯৮৫ সালে।

**শ্রী চৌধুরী মোহন জটুয়া ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বিশ্বব্যাঙ্কের টাকায় কোনও নলকূপ বসানো হচ্ছে না। অতএব বিশ্বব্যাঙ্ক বাদ দিয়ে রাজ্য সরকারের দক্ষিণ ২৪-পরগনা জেলার মন্দিরবাজার কন্সটিটিউয়েন্সিতে গভীর বা অগভীর নলকূপ বসাবার কোনও প্রোগ্রাম আছে কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য ঃ** এ ব্যাপারে আলাদা নোটিশ দেবেন, জবাব দেব। তার কারণ বিশ্বব্যাঙ্ক প্রজেক্টের সঙ্গে আপনার প্রশ্নের কোনও সম্পর্ক নেই। এখানে

হঠাৎ করে কেউ যদি নির্দিষ্ট করে শান্তিপুরে কি হয়েছে জানতে চান তাহলে তার জবাব দেওয়া সম্ভব নয়। আলাদাভাবে কোশ্চেন করতে হবে, জবাব দেব।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বিশ্বব্যাঙ্কের টাকায় সর্বশেষ প্রকল্পটি রূপায়িত হয়েছে ১৯৮৫ সালে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি, ঐ বছর ঐ প্রজেক্টের অধীনে কি কি উল্লেখযোগ্য কাজ হয়েছিল?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য :** এই প্রশ্নটা নিশ্চয়ই মূল প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট। ১৯৮৫ সালে যে প্রজেক্ট ছিল সে অনুযায়ী এইচ. ডি. টি. ডব্লু, ১০১৯টি হয়েছিল; এন, ডি, টি, ডব্লু, ৪২৭টি হয়েছিল; এল, ডি, টি, ডব্লু ২২৭০ টি হয়েছিল; এস. ডি. টি. ডব্লু, ৩৯১৮টি হয়েছিল; ও. টি. ডাব্লু, ৬৬৮১টি হয়েছিল এবং ১২৫টি আর, এল, আই, এনার্জাইসড হয়েছিল। মোট খরচ হয়েছিল ২০৯ কোটি ৬২ লক্ষ টাকা।

**শ্রী কাশীনাথ মিশ্র :** ১৯৮৫ সালে ২০৯ কোটি টাকার উপর খরচা করে এত গুরুত্বপূর্ণ কাজ করেছেন সেটা কি কারণে বন্ধ হল তা দয়া করে জানাবেন কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য :** দেখুন, বিশ্বব্যাঙ্কের প্রোজেক্ট আমাদের কাছে আসে না। বিশ্বব্যাঙ্কের যে প্রোজেক্ট আমাদের দপ্তরে এসেছিল সেই কাজগুলি আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যকর করেছি। আর বাকি কোনও প্রোজেক্ট আসেনি, তাই বিশ্বব্যাঙ্কের প্রোজেক্ট কার্যকর করার কোনও প্রশ্ন আসে না।

**শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল :** ১৯৮৫ সালে বিশ্বব্যাঙ্কের কাজগুলি শেষ হয়ে গেছে, তারপর আর কোনও পরিকল্পনা নেই। কিন্তু তারপরও দেখছি, বিভিন্ন জায়গায় এই সমস্ত ডিপ টিউবওয়েল ইত্যাদি কার্যকর হচ্ছে। তাহলে সেগুলি কিভাবে কার্যকর হচ্ছে সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য :** আর. আই. ডি. এফ (২) হয়েছে। আর. আই. ডি. এফ. (৫) হচ্ছে। তারপর নর্থবেঙ্গল তরাই ডেভেলপমেন্ট এই প্রোজেক্ট আমরা ইমপ্লিমেন্ট করেছি। এ ছাড়াও এখন আমরা বিভিন্ন স্কিম কোর সেক্টর থেকে আনিয়ে সেই কোর সেক্টরের কাজগুলি ইমপ্লিমেন্ট করছি।

**শ্রী সুভাষ নস্কর :** ১৯৮৫ সাল পর্যন্ত বিশ্বব্যাঙ্কের সহায়তায় প্রোজেক্ট হয়েছে, তারপর আর আসেনি। আমার প্রশ্ন, ১৯৮৫ সালের পর থেকে এ পর্যন্ত

রাজ্যসরকারের পক্ষ থেকে বা আপনার দপ্তরের পক্ষ থেকে বিশ্বব্যাঙ্কের কাছে কোনও আর্থিক সাহায্য চেয়েছেন কিনা বা চেয়ে পেয়েছেন কিনা?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য ঃ** আমরা বিশ্বব্যাঙ্কের কাছে সরাসরি প্রোজেক্ট দিতে পারি না।

West Bengal Tubewell Irrigation Project, Project for Completion of CATA Project, Development of Minor Irrigation in Coastal Areas of West Bengal, Drip and Sprinkler Irrigation Project, Project for Removal of Arsanic and Fluoride Contamination in West Bengal.

এই ৫টি প্রোজেক্ট আমরা পাঠিয়েছিলাম কেন্দ্রীয় সরকারের কাছে। কেন্দ্রীয় সরকার তার অর্থ থেকে সাহায্য করবেন অথবা ফরেন অ্যাসিসটান্সের জন্য ব্যবস্থা করবেন। কিন্তু কোনওটাই এখনো পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাড়া পাইনি।

## নিয়ন্ত্রিত বাজার

***১৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩২) **শ্রী কমল মুখার্জি ঃ** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কটি নিয়ন্ত্রিত বাজার আছে;

(খ) তন্মধ্যে কয়টি বর্তমানে চালু আছে; এবং

(গ) উক্ত বাজারগুলি পরিচালনা করার জন্য কোন নির্বাচিত কমিটি আছে কি?

**শ্রীমতি ছায়া ঘোষ ঃ**

(ক) ৪৮টি।

(খ) ৪০টি।

**'খ' প্রশ্নে পরিপূরক তথ্য ঃ**

বাকি ৮টি নিয়ন্ত্রিত বাজার সমিতি চালু করার জন্য প্রয়াস গ্রহন করা হয়েছে।

*(গ) কোনও নির্বাচিত কমিটি এ রাজ্যে নাই।*

**'গ' প্রশ্নের পরিপূরক তথ্য ঃ**

বাজার সমিতিগুলি পরিচালনার জন্য 'দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রডিউস্ মার্কেটিং (রেগুলেশন্) অ্যাক্ট, ১৯৭২ আইনের ৫ (৩) ধারা অনুযায়ী সরকার মনোনীত বিভিন্ন স্তরের ১৫ জন সদস্য দ্বারা কমিটি গঠন করা হয়। এই কমিটিই পরিচালনা করে থাকেন তবে এক্ষনে ৪০টির মধ্যে ১৬টি মনোনীত কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে এবং বাকী ২৪টি প্রশাসক দ্বারা পরিচালিত।

[12.00 — 12.10 a.m.]

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহোদয়া বললেন যে, ৪০টি নিয়ন্ত্রিত বাজার চলছে, ৮টি অচল হয়ে আছে। আমার প্রশ্ন, নতুন নিয়ন্ত্রিত বাজার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** যে ৮টি খারাপ আছে সেই ৮টিকে পুনরায় ভালোভাবে চালানোর একটা প্রচেষ্টা করছি। নতুন করে কোনও রেগুলেটেড মার্কেট করার জন্য প্রস্তাব নিয়ে এখনও আমাদের কাছে কেউ আসেন নি।

**শ্রী কমল মুখার্জি ঃ** এই হাউসে গত ৮. ৩. ২০০০ সালে আমি প্রশ্ন করেছিলাম যে, নতুন নিয়ন্ত্রিত বাজার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা? তাতে মন্ত্রিমহাশয় বলেছিলেন, হ্যাঁ, আছে।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** দুটি পক্ষের মতামত এক না হলে নতুন করে রেগুলেটেড মার্কেট বা নিয়ন্ত্রিত বাজার খোলার অসুবিধা আছে। আলোচনা চলছে, আলোচনা যদি ফ্রুটফুল হয় তাহলে সেখানে উৎসাহ নিয়ে করবার চেষ্টা করব। কিন্তু লিখিত আকারে কোনও প্রস্তাব এখনও আসে নি। কথাবার্তা চলছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয়া মন্ত্রিমহোদয়া বললেন যে ৪০টি নিয়ন্ত্রিত বাজার ভালোভাবে চলছে। নির্বাচিত কমিটি না থাকলে মনোনীত কমিটি যেটা আইন অনুযায়ী করা উচিত, এই ৪০টির মধ্যে কতগুলি নিয়ন্ত্রিত বাজার এই মনোনীত কমিটির দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আমি পুরোটা আবার পড়ে দিচ্ছি। বাজার সমিতিগুলি পরিচালনার জন্য দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচার প্রডিউস মার্কেটিং (রেগুলেশন)

অ্যাক্ট, ১৯৭২ আইনের ৫(৩) ধারা অনুযায়ী সরকার মনোনীত বিভিন্ন স্তরের ১৫ জন সদস্য দ্বারা কমিটি গঠন করা হয়। এই কমিটিই পরিচালনা করে থাকলে তবে এক্ষনে ৪০ টির মধ্যে ১৬ টি মনোনীত কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে এবং ২৪টি প্রশাসক দ্বারা পরিচালিত যেগুলিতে মনোনীত কমিটি নেই সেগুলিতে চেষ্টা করছি যাতে মনোনীত কমিটি হয় আর যেখানে যেখানে প্রশাসক আছেন - সাধারনত ডি.এম. এবং এস.ডি.ও রা প্রশাসক হন, তাদের দ্বারা পরিচালিত হচ্ছে।

## STARTED QUESTIONS
## (to which answers laid on the Table)

### বন্দী মৃত্যুর সংখ্যা

***১২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৩) **শ্রী চিত্তরঞ্জন রায় ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫ থেকে ২০০১ পর্যন্ত সময়কালে রাজ্যের কারাগারগুলিতে কতজন বন্দীর মৃত্যু ঘটেছে;

(খ) এদের মধ্যে কতজনের মৃত্যুর তদন্ত হয়েছে; এবং

(গ) তদন্তে কতজন দোষী সাব্যস্ত হয়েছে?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৫ হইতে ২০০১-এর ১২ই জুন পর্যন্ত। এই সাড়ে ছয় বৎসরে ২৭৮ জন বন্দীর মৃত্যু ঘটেছে।

(খ) সব কয়টি ক্ষেত্রেই তদন্ত হয়েছে।

(গ) তদন্তে ৬ জন কর্মচারী দোষী সাব্যস্ত হয়েছেন। (৩ জন সাব-জেলার, ১ জন মুখ্য কারারক্ষী এবং ২ জন কারারক্ষী)

Question No. 127, Held over.

Question No. 129, Held over.

## DEATHS IN FLOOD

*131. (Admitted Question No. *777) **Shri Atish Chandra Sinha** : Will the Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) what was the total number of human deaths in last year's (2000) flood;

(b) how many such cases have been compensated and to what extent; and

(c) if all have not yet been covered, what are the reasons for such delay ?

**M.I.C. of the Relief Department :**

(a) No. of persons who died in the State (Districtwise break-up follows) :

| Sl. No. | Name of the District | No. of persons who died |
|---|---|---|
| 1. | Burdwan | 70 |
| 2. | Birbhum | 228 |
| 3. | Murshidabad | 663 |
| 4. | Nadia | 312 |
| 5. | Hooghly | 23 |
| 6. | Midnapore | 12 |
| 7. | Howrah | 01 |
| 8. | North 24-parganas | 47 |
| | **Total :** | **1356** |

(b) In all 1,356 cases of death, the next-of kins of such victims have been sanctioned ex-gratia grant/financial assistance @ Rs.20,000/- each out of State Exchequer and @ Rs.50,000/- each out of Prime Minister's National Relief Fund, and

(c) Does not arise.

**অঙ্গনওয়াড়ি কর্মীর সংখ্যা**

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৯) **শ্রী শীতলকুমার সর্দার** ঃ সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে অঙ্গনওয়াড়ি কর্মীর সংখ্যা কত;

(খ) এদের বেতনক্রম কী ধরনের; এবং

(গ) উক্ত কর্মীদের বেতন বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

**সমাজ কল্যান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে বর্তমানে অঙ্গনওয়াড়ি কর্মীর সংখ্যা ৪৪,৪২১

(খ) উচ্চ মাধ্যমিক অনুত্তীর্ণা অঙ্গনওয়াড়ি কর্মীরা মাসিক (৪৩৮ + ২০০) = ৬৩৮ টাকা ভাতা পান।

মাধ্যমিক উত্তীর্ণা অঙ্গনওয়াড়ি কর্মীরা মাসিক (৫০০ + ২০০) = ৭০০ টাকা ভাতা পান।

(গ) অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন বৃদ্ধি করেন কেন্দ্রীয় সরকার। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ পাঠানো হয়েছে।

Question No. 133, Held over.

**মহিলা কমিশন**

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১) **শ্রী তপন হোড়** ঃ সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

*(ক) রাজ্যের মহিলা কমিশন গঠনের পর থেকে ৩১শে মার্চ ২০০১ পর্যন্ত কমিশন কতগুলি প্রতিবেদন সরকারের নিকট পাঠিয়েছেন; এবং*

(খ) উক্ত প্রতিবেদনগুলির ভিত্তিতে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ৮ (আট)টি।

(খ) উক্ত প্রতিবেদনগুলির ভিত্তিতে সরকার নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করেছেন—

(১) মহিলাদের প্রতি নির্যাতন ও অপরাধ দমনের উদ্দেশ্যে রাজ্যস্তরে ও জেলাস্তরে নারী অধিকার সুরক্ষা কমিটি গঠন করা হয়েছে।

(২) নারী অধিকার, পারিবারিক আইন, পণপ্রথার কুফল, সামাজিক সুরক্ষা ও সমাজ কল্যাণের লক্ষ্যে জেলাস্তরে সচেতনতা শিবির, কর্মশালা, আলোচনা সভা ও পদযাত্রার নিয়মিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

(৩) পারিবারিক আদালত স্থাপন করা হয়েছে।

(৪) দুর্দশাগ্রস্থ মহিলাদের সম্পর্কে সর্বস্তরের পুলিশ কর্মী ও আধিকারিকদের মধ্যে সমব্যথীমূলক চেতনা সঞ্চারের উদ্দেশ্যে সংবেদনশীলতা সৃষ্টির কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

(৫) মহিলা সংক্রান্ত গবেষণামূলক নানা পুস্তক পত্র-পত্রিকা ইত্যাদি নিয়ে মহিলা কমিশনের অফিসে একটি গ্রন্থাগার স্থাপন করা হয়েছে।

(৬) নারী নিগ্রহ সংক্রান্ত দাখিলীকৃত অভিযোগগুলি নিষ্পত্তির জন্য মহিলা কমিশনের অফিসে একটি কম্‌প্লেইন্ট-কাম-প্রি-লিটিগেশন-কাম-কাউনসেলিং সেল স্থাপন করা হয়েছে।

**কৃষকদের বার্ধক্য ভাতা**

***১৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭০) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) রাজ্যে কৃষকদের বার্ধক্য ভাতা দেওয়ার কোনও লক্ষ্যমাত্রা ধার্য ছিল কি না; এবং

(খ) ৩১শে মার্চ ২০০১ পর্যন্ত ভাতাপ্রাপ্ত কৃষকদের সংখ্যা কত (জেলাওয়ারি হিসাব)?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) লক্ষ্যমাত্রা ছিল মোট ২৭,৭৭৫ জন কৃষককে বার্ধক্য ভাতা দেওয়ার—তন্মধ্যে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের আওতাভুক্ত ১,১১৪ জন।

(খ) ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত ভাতাপ্রাপ্ত কৃষকদের সংখ্যা ২৪,১৯০ (দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের ৭৫৬ জন সহ—

জেলা-ওয়ারি হিসাব ঃ

| | | |
|---|---|---|
| ১। | বাঁকুড়া | ১৩৩০ |
| ২। | বীরভূম | ৯৭৬ |
| ৩। | বর্ধমান | ১৫৫০ |
| ৪। | কুচবিহার | ১৬৭৫ |
| ৫। | দার্জিলিং (কেবলমাত্র শিলিগুড়ি মহকুমা) | ২৯৩ |
| ৬। | উত্তর ও দক্ষিণ দিনাজপুর | ১৫৩৬ |
| ৭। | জলপাইগুড়ি | ১৯২০ |
| ৮। | হুগলি | ১২৪৩ |
| ৯। | হাওড়া | ৭১৪ |
| ১০। | মালদহ | ৭১৯ |
| ১১। | মেদিনীপুর (পূর্ব) | ১২২১ |

| | |
|---|---|
| ১২। মেদিনীপুর (পশ্চিম) | ৩২৬৪ |
| ১৩। মুর্শিদাবাদ | ১৩০৮ |
| ১৪। নদীয়া | ৬৭০ |
| ১৫। পুরুলিয়া | ১৫৬৭ |
| ১৬। দক্ষিণ ২৪-পরগনা | ২০৩৩ |
| ১৭। উত্তর ২৪-পরগনা | ১৪১৫ |
| ১৮। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ | ৭৫৬ |
| মোট— | ২৪,১৯০ |

## আলুর মূল্যবৃদ্ধি

***১৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৪) **শ্রী চিত্তরঞ্জন রায় ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে রেকর্ড পরিমান আলুর ফলন সত্ত্বেও আলুর দাম বাড়ছে; এবং

(খ) সত্যি হলে এর প্রতিবিধানকল্পে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছেন/করছেন?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ বছর এ রাজ্যে রেকর্ড পরিমান আলুর ফলন হয়নি। তবে এ কথা সত্যি যে গত বছরের তুলনায় এ বছর আলুর দাম বেশি।

(খ) সরকার আলুর দামের গতিবিধির উপর তীক্ষ্ণ নজর রেখেছেন। যেহেতু 'অত্যাবশ্যক পণ্য' আওতাভুক্ত নয় তাই সরাসরি কোনও আইনানুগ ব্যবস্থা গ্রহন করা সম্ভব নয়। তবে আলুর যোগানের দিকটা ঠিক রাখবার জন্য হিমঘর থেকে যাতে নিয়মিত আলু বার হয় সে বিষয়ে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

**পরিপূরক তথ্য**

এ বছর আলুর উৎপাদন মোটেই রেকর্ড পরিমান হয়নি।

**আলুর উৎপাদন ঃ**

| **১৯৯৯—২০০০** | **২০০০—২০০১** | **সূত্র** |
|---|---|---|
| ৭৪.৫৮ লক্ষ মে. টন | ৬৯.৮০ লক্ষ মে.টন | কৃষি দপ্তর |

**হিমঘরে আলু সংরক্ষণের পরিমান ঃ**

| **১৯৯৯—২০০০** | **২০০০—২০০১** |
|---|---|
| ৩৩ লক্ষ মে. টন | ২৯.২০ লক্ষ মে. টন বা আনুমানিক ৩০ লক্ষ মে. টন |

**হিমঘরে লোডিংয়ের সময় আলুর দাম ঃ**

| **তারিখ** | **হুগলী** | **বর্ধমান** |
|---|---|---|
| ২৫.২.২০০১ | ২৯০.০০ টাকা | — |
| ০১.৩.২০০১ | ৩০০.০০ টাকা | ২৮০.০০ টাকা |
| ১৩.৩.২০০১ | ৩২৫.০০ টাকা | ৩৪৫.০০ টাকা (২য় সপ্তাহ). |
| ২০.৩.২০০১ | ৩৩০.০০ টাকা | ৩৫০.০০ টাকা (৩য় সপ্তাহ) |
| ২৭.৩.২০০১ | ৩৩০.০০ টাকা | ৩৬০.০০ টাকা (৪র্থ সপ্তাহ) |

**হিমঘর ভাড়া ঃ**

দক্ষিনবঙ্গের হিমঘর সমূহের ঃ ৬৫.০০ টাকা প্রতি কুইন্টাল।

উত্তরবঙ্গের হিমঘর সমূহের ঃ ৭৩.০০ টাকা প্রতি কুইন্টাল।

হিমঘর ভাড়া এবং অন্যান্য খরচ বাবদ ব্যয় প্রতি কুইন্টাল ১০০.০০ টাকা।

অন্যান্য রাজ্যের বাজার দর সংগ্রহ ও পর্যালোচনা করে দেখা যায় এই রাজ্যে আলুর দাম সবচেয়ে কম।

অন্যান্য রাজ্যের খুচরা বাজার দর ৮.০০—১০.০০ টাকা প্রতি কিলো., এই রাজ্যে ঐ আলুর দর ৬.৫০—৭.০০ টাকা প্রতি কিলো.।

জুন মাসের ৪র্থ সপ্তাহ পর্য্যন্ত আলু নির্গমনের পরিমান ১২ থেকে ১৪ শতাংশ।

**বর্তমানে হিমঘরের সংখ্যা ও ধারন ক্ষমতা ঃ**

| **সংখ্যা** | **ধারন ক্ষমতা** |
|---|---|
| ৩৪৯ | ৩৮.৫০ লক্ষ মে.টন |

প্রতি মাসে এই রাজ্যে আলুর চাহিদা ঃ ৩.০০—৩.৫০ লক্ষ মে. টন।

প্রতিটি হিমঘর থেকে আলু বার ঃ ১০,০০০—১১,৫০০ মে. টন।

বার হবার পরিমান

**বর্তমানে সংগৃহীত রাজ্যের বিভিন্ন বাজারের বাজার দর (আলুর) নিম্নে দেওয়া হল ঃ**

**মাস, জুন ২০০১**

| **বাজার** | **সপ্তাহ** | **পাইকারি (কুইন্টাল প্রতি)** | **খুচরা (কে.জি. প্রতি)** |
|---|---|---|---|
| শেওড়াফুলি | ১ম | ৫০০.০০ টাকা | ৬.০০ টাকা |
| | ২য় | ৫৫০.০০ টাকা | ঐ |
| | ৩য় | ৫৪০.০০ টাকা | ঐ |
| | ৪র্থ | ৫২০.০০ টাকা | ঐ |
| তারকেশ্বর | ১ম | — | — |
| | ২য় | ৫২০.০০ টাকা | ৬.০০ টাকা |
| | ৩য় | ৫২০.০০ টাকা | ঐ |
| | ৪র্থ | ৫২০.০০ টাকা | ঐ |

| | | | |
|---|---|---|---|
| চাঁপাডাঙ্গা | ১ম | ৫৪০.০০ টাকা | ৬.০০ টাকা—৫.২৫ টাকা |
| | ২য় | ৫২৫.০০ টাকা | ঐ |
| | ৩য় | ৫৪৫.০০ টাকা | ঐ |
| | ৪র্থ | — | — |
| বর্ধমান | ১ম | — | — |
| | ২য় | — | — |
| | ৩য় | ৫৩০.০০ টাকা—৫৪০.০০ টাকা | ৬.০০ টাকা |
| | ৪র্থ | ৫২০.০০ টাকা—৫৩০.০০ টাকা | ঐ |
| কালনা | ১ম | — | — |
| | ২য় | ৫০০.০০ টাকা—৫১০.০০ টাকা | ৫.৮০—৬.০০ টাকা |
| | ৩য় | ৫১০.০০ টাকা | ৬.০০ টাকা |
| | ৪র্থ | ৫২০.০০ টাকা | ঐ |
| গড়বেতা | ৪র্থ | ৪৮০.০০—৪৯০.০০ টাকা | ৬.০০ টাকা |
| তারকেশ্বর | ২৮.৬.২০০১ | ৫২০.০০ টাকা | ৬.০০ টাকা |
| শেওড়াফুলি | ঐ | ৫৩০.০০ টাকা | ঐ |
| কোলকাতা | ঐ | ৫৩৫.০০—৫৪৫.০০ টাকা | ৬.০০—৭.০০ টাকা |

## UNSTARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### LOCK-OUT JUTE MILLS

1. (Admitted Question No. 38) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge Labour Department be pleased to state——

*(a) no.of Jute Mills under lock-out suspension of work in the State and No. of workers affected.*

(b) name of the Jute Mills which have been closed down since March 31st, 2001 and

(c) steps taken by the Government to reopen the Jute Mills ?

**The Minister-in-charge of labour Department :** (a) (i) No. of Jute Mills under lock-out/suspension of work—16 (sixteen)

(ii) No.of workers affected—57000 approx.

(b) (1) Kankinara Jute Mill (12-5-01)

(2) Kelvin " " (21-5-01)

(3) Naihati " " (18-5-01)

(4) Premchand " " (8-5-01)

(5) Nuddia " " (14-5-01)

(6) North Bruk " " (2-5-01)

(7) Ganges " " (20-6-01)

(8) Reliance " " (21-6-01)

(9) Auckland " " (21-6-01)

(10) Khardaha " " (21-6-01)

(NJMC) " " (25-6-01)

(c) Number of Tripartite and Bipartite conciliation meetings had been convened by the Labour Commission's office for re-opening the aforesaid Jute Mills. Attempts are still on for the purpose of getting the mills reopened early.

## FOREIGN TRIPS UNDERTAKEN BY THE CHAIRMAN, WBIDC

2. (Admitted Question No.71) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) number of foreign trips undertaken by the Chairman, WBIDC, in the last five years.

(b) the total expenditure incurred therefore, and

(c) the total investment received from such foreign trips ?

**The Minister-in-charge of Commerce and Industries Department :**

(a) 6 (six)

(b) Rs. 22,28,824.27 (Rupees twenty-two lakh twenty-eight thousand eight hundred twenty-four and paise twenty-seven only.

(c) the purpose of these trips were to promote the state among foreign investors and to build a positive image of West Bengal for attracting foreign collaborations.

## রাজ্যে নথিভুক্ত বেকার

*৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮) **শ্রী অশোক দেব ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১ সালের ৩১শে মার্চ পর্যন্ত রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা কত; এবং

(খ) এপ্রিল, ১৯৯৬ থেকে মার্চ ২০০১ পর্যন্ত রাজ্যে কতজনকে কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে চাকরি দেওয়া হয়েছে? (জেলাভিত্তিক তথ্যসহ)

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১-৩-২০০১ পর্যন্ত রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা ঃ

| পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|
| ৪৪,২৭,৯৭৬ | ১৪,৬৫,৪২৫ | ৫৮,৯৩,৪০১ |

(খ) জেলাভিত্তিক কর্মসংস্থান এপ্রিল ১৯৯৬ থেকে মার্চ ২০০১ সাল পর্যন্ত নিম্নরূপ ঃ

| জেলা | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| কোলকাতা | ৯৫২৩ | ২৫০৪ | ১২০২৭ |
| ২৪-পরগণা (উঃ) | ২৪২৭ | ৭৫২ | ৩১৭৯ |
| ২৪-পরগণা (দঃ) | ১৯৬৭ | ৬১১ | ২৫৭৮ |
| নদীয়া | ২২২৪ | ৬০৭ | ২৮৩১ |
| মুর্শিদাবাদ | ২২০২ | ৩১৭ | ২৫১৯ |
| হাওড়া | ১৪১৯ | ৩৫৮ | ১৭৭৭ |
| হুগলি | ২৩৫৯ | ৫৫৯ | ২৯১৮ |
| বর্ধমান | ৫২৮৯ | ৯৫৪ | ৬২৪৩ |
| বীরভূম | ২৯৮৮ | ৬০৯ | ৩৫৯৩ |
| বাঁকুড়া | ৪৩২৫ | ৩৬৫ | ৪৬৯০ |
| মেদিনীপুর | ৫৩৬৬ | ১২৮৮ | ৬৬৫৪ |
| পুরুলিয়া | ১৬৫৭ | ৯৬ | ১৭৫৩ |
| দার্জিলিং | ১৪১৩ | ২৭১ | ১৬৮৪ |
| জলপাইগুড়ি | ১২৪৫ | ৩২৫ | ১৫৭০ |

| জেলা | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| কোচবিহার | ১৫১১ | ২৩৪ | ১৭৪৫ |
| মালদা | ৭০৭ | ৭২ | ৭৭৯ |
| উঃ দিনাজপুর | ১২৩৮ | ২২৪ | ১৪৬২ |
| দঃ দিনাজপুর | ১৬৫৭ | ২৩৩ | ১৮৯০ |

**রাজ্যে সংস্কারযোগ্য পতিত জলাশয়**

*৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে অনেক সংস্কারযোগ্য পতিত জলাশয় আছে;

(খ) সত্যি হলে, সংস্কারের যোগ্য পতিত জলাশয়ের সংখ্যা কত;

(গ) এই সমস্ত পতিত জলাশয়গুলি সংস্কারের জন্য কোনও পরিকল্পনা সরকার কর্তৃক গ্রহণ করা হয়েছে কি না?

(ঘ) হয়ে থাকলে, এ পর্যন্ত তার অগ্রগতি কিরূপ?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি।

(খ) আনুমানিক ১,০৪,৮৮৭ টি।

(গ) হয়েছে।

(ঘ) মৎস্যচাষী উন্নয়ন সংস্থার মাধ্যমে ১৯৮১-৮২ থেকে ১৯৯৯-২০০০ আর্থিক বছর পর্যন্ত মোট ৪২১০.২৮ হেক্টর পতিত জলাশয়ের সংস্কার সাধন করে মৎস্যচাষযোগ্য করা হয়েছে। পরবর্তী পদক্ষেপে ঐ জলাশয়গুলিতে বৈজ্ঞানিক প্রথায় ইতিমধ্যে মাছ চাষ শুরু করা হয়েছে।

**ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বণ্টন**

***৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬০) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১-৪-১৯৯৬ থেকে ৩১-৩-২০০১ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের হাতে ন্যস্ত জমির পরিমাণ কত; এবং

(খ) তন্মধ্যে ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরিত জমির পরিমাণ কত?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১-৪-১৯৯৬ থেকে ৩১-৩-২০০১ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারে মোট ন্যস্ত জমির পরিমাণ ৫৮,৪১৬ একর।

(খ) এই সময়কালে ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরিত জমির পরিমাণ ৪৯,৯৭৮ একর।

**প্রশাসন বা মনোনীত বোর্ড দ্বারা পরিচালিত সমবায় সংস্থা**

***৬।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কতগুলি সমবায় সংস্থা প্রশাসক বা মনোনীত বোর্ড দ্বারা পরিচালিত হচ্ছে;

(খ) (১) বৈদ্যবাটী শেওড়াফুলি সমবায় ব্যাঙ্ক-এর পরিচালন বোর্ড মনোনীত না নির্বাচিত;

(২) মনোনীত হলে তা কতদিন যাবৎ;

(৩) উক্ত ব্যাঙ্কের শেষ নির্বাচন কবে হয়েছিল এবং সেই নির্বাচিত বোর্ড কতদিন কাজ করতে পেরেছিল; এবং

(গ) রাজ্যের সমবায় সংস্থাগুলির মনোনীত বোর্ড বাতিল করে নির্বাচনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১২৬টি।

(খ) (১) সরকার দ্বারা নিযুক্ত।

(২) প্রশ্ন আসে না যেহেতু পরিচালন বোর্ড বর্তমানে সরকার কর্তৃক নিযুক্ত।

(৩) ২৪-৯-১৯৮৯ তারিখে। মামলা হেতু বোর্ড কাজ করতে পারে নি।

(গ) মনোনীত বোর্ড নিয়োগের সময়েই নির্বাচনের নির্দেশ দেওয়া থাকে সরকারি আদেশনামায়।

**'সংখ্যালঘু অর্থ নিগম' কর্তৃক কর্মসংস্থানের জন্য প্রদত্ত ঋণের পরিমাণ**

*৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫) **শ্রী আব্দুল মান্নান ঃ** সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বিগত আর্থিক বছর দুটিতে (১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১) "সংখ্যালঘু অর্থ উন্নয়ন নিগম" কর্তৃক মোট কতজনকে কর্মসংস্থানের জন্য কী পরিমাণ ঋণ দেওয়া হয়েছে; এবং

(খ) এন্টালি বিধানসভা কেন্দ্রে উক্ত সময়ে ঋণ প্রাপকদের সংখ্যা কত?

**সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক)

| বছর | ঋণ প্রাপকের সংখ্যা | ঋণের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১৯৯৯-২০০০ | ২১৩৬ | ৯৭০.১৫ |
| ২০০০-২০০১ | ৩৮০৮ | ১৩৮৫.৮৬ |

(খ) বিধানসভা ভিত্তিক পরিসংখ্যান রাখা হয় না, তবে জেলা ভিত্তিক রাখা হয়।

**উলুবেড়িয়ায় দমকল বিভাগের শাখা খোলার পরিকল্পনা**

*৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭) **শ্রী কালীপদ মণ্ডল ঃ** অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উলুবেড়িয়ায় দমকল বিভাগের কোনও শাখা খোলার পরিকল্পনা গৃহীত হয়েছে এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হতে পারে বলে আশা করা যায়?

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এটা সত্যি যে, উলুবেড়িয়ায় দমকল বিভাগের একটি শাখা খোলার পরিকল্পনা গৃহীত হয়েছে।

(খ) উপযুক্ত জমি পাওয়া গেলে এই পরিকল্পনা বাস্তবায়িত হতে পারে। জমির সন্ধান চলছে।

**রাজ্যে মুক্ত কারগারের সংখ্যা**

*৯। (অনুমোদিত প্রশ্ন নং৩৮৫) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানের মুক্ত কারাগারের সংখ্যা কত ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে বর্তমানে মুক্ত কারাগারের সংখ্যা ১ (এক)

**রাজ্যে আমের চাষ**

*১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৬) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** খাদ্য-প্রক্রিয়াকরন ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে বছরে রাজ্যের কোন কোন জেলায় কত হেক্টর জমিতে আমের আবাদ হয়েছে, এবং

(খ) চাহিদা মিটিয়েও কোন কোন দেশে আম রপ্তানির করার পরিকল্পনা গ্রহন করেছেন?

**খাদ্য প্রক্রিয়াকরন ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

গত বছরে জেলা ভিত্তিক আমের জমির পরিমান নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| (১) শিলিগুড়ি | ২৫ | হেক্টর |
| (২) জলপাইগুড়ি | ১২৯০ | ” |
| (৩) কুচবিহার | ৬৪০ | ” |
| (৪) দিনাজপুর | ২১০০ | ” |
| (৫) মালদা | ২৩৩১০ | ” |
| (৬) মুর্শিদাবাদ | ১২০৯০ | |
| (৭) নদীয়া | ২৩৫০ | ” |
| (৮) উঃ ২৪ পরগনা | ৫৫৪০ | ” |
| (৯) দঃ ২৪ পরগনা | ৬৩৫ | ” |
| (১০) হাওড়া | ৫৩০ | ” |
| (১১) হুগলি | ৫০৩৫ | ” |
| (১২) বর্ধমান | ২৯৩০ | ” |
| (১৩) বীরভুম | ৫৪০ | ” |
| (১৪) বাঁকুড়া | ৪৭০ | ” |
| (১৫) পুরুলিয়া | ৩৯৫ | ” |
| (১৬) মেদিনীপুর (পশ্চিম) | ৪৭০ | ” |
| (১৭) মেদিনীপুর (পূর্ব) | ১৬৫০ | ” |

সরাসরি এই দপ্তর কোনও রপ্তানি করে না। ব্যক্তিগত উদ্যোগে রপ্তানি হয়। এ সম্পর্কে তথ্য আমাদের কাছে এই মুহূর্তে নেই।

**রামপুরহাটে ক্ষুদ্রসেচের পরিকল্পনা**

***১১।** (অনুমোদিত প্রশ্ন নং ৪০৫) **ডঃ আশীষ ব্যানার্জি ঃ** ক্ষুদ্রসেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত আর্থিক বছরে রামপুরহাট বিধানসভা এলাকায় সরকার ক্ষুদ্রসেচের পরিকল্পনা গ্রহণ করেছেন, এবং

(খ) করে থাকলে, উক্ত প্রকল্পটির রূপরেখা কী?

**ক্ষুদ্রসেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আংশিক সত্য, সরকারে নয়। বীরভূম জেলা পরিষদ—ঐসব পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) খবর নিয়ে জানলাম বীরভূম জেলা পরিষদ গ্রান্টস্-ইন-এইড্ ও আর-আই-ডি-এফ-৫ প্রকল্পে গত আর্থিক বছরে ১৬টি মধ্যমক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ ও ৬টি ক্ষুদ্রনদী সেচ প্রকল্প রূপায়ণ করার ব্যবস্থা নিয়েছে।

**পলাশচাবড়ী থেকে শ্রীনগর পর্যন্ত রাস্তা নির্মাণের পরিকল্পনা**

**১২।** (অনুমোদিত প্রশ্ন নং ৪২৮) **শ্রী গুরুপদ দত্ত ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলায় চন্দ্রকোনার অন্তর্গত পলাশচাবড়ী থেকে শ্রীনগর পর্যন্ত রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত রাস্তা নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি।

(খ) প্রকল্পটি রাজ্য পরিকল্পনা পর্ষদের অনুমোদন পেয়েছে। প্রশাসনিক অনুমোদনের জন্য অর্থদপ্তরে প্রস্তাব পাঠানো হয়েছে। প্রশাসনিক অনুমোদন দেওয়ার পরে প্রকল্পের প্রাথমিক কাজ শুরু করা হবে।

## ১৯৯৯-২০০১ বছরে সরকারের বিভিন্ন পদে চাকুরি

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৪) **শ্রী বিপ্লব রায়চৌধুরী ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৯-২০০০, ২০০০-২০০১ আর্থিক বছরগুলিতে কতজন যুবক-যুবতী সরকারের বিভিন্ন পদের চাকুরিতে যোগদান করেছেন; এবং

(খ) তন্মধ্যে অনুন্নত শ্রেণীভুক্ত যুবক-যুবতীর সংখ্যা কত?

**কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৯-২০০০, ২০০০-২০০১ আর্থিক বছরগুলিতে সরকারের বিভিন্ন পদে চাকুরিতে যোগদান করা যুবক-যুবতীর সংখ্যা নিম্নরূপ ঃ

| ১৯৯৯-২০০০ | | | ২০০০-২০০১ | | |
|---|---|---|---|---|---|
| মহিলা | পুরুষ | মোট | মহিলা | পুরুষ | মোট |
| ২৭২৪ | ১১২১১ | ১৩৯৩৫ | ২৯০৮ | ১৩৪৬১ | ১৬৩৬৯ |

| ১৯৯৯-২০০০ | | ২০০০-২০০১ | |
|---|---|---|---|
| তপসিলী জাতি ঃ | ৩১৬৮ | তপসিলী জাতি ঃ | ২৪৭৬ |
| তপসিলী উপজাতি ঃ | ৮৯৭ | তপসিলী উপজাতি ঃ | ৬৭২ |
| অন্যান্য অনগ্রসর শ্রেণী ঃ | ৮৭৪ | অন্যান্য অনগ্রসর শ্রেণী ঃ | ৬৯১ |
| শারীরিক প্রতিবন্ধী ঃ | ২১২ | শারীরিক প্রতিবন্ধী ঃ | ১৯২ |

## চন্দননগর বিধাসভা এলাকার উদ্বাস্তু কলোনীগুলির উন্নয়ন

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৮) **শ্রী কমল মুখার্জি ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত চারটি আর্থিক বছরে (১৯৯৬ থেকে ২০০০) চন্দননগর বিধানসভা এলাকার উদ্বাস্তু কলোনির উন্নয়ন বাবদ সরকারি অনুদানের পরিমাণ কত; এবং

(খ) কোন সংস্থাকে উক্ত উন্নয়নের দায়িত্ব দেওয়া হয়েছে?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐ সময়কালে উক্ত এলাকায় সাতটি বিভিন্ন উদ্বাস্তু কলোনিতে কেন্দ্রীয় সরকারের তৃতীয় পর্যায়ের পরিকাঠামো উন্নয়ন প্রকল্পে সর্বমোট প্রায় এক কোটি দুই লক্ষ ছাপ্পান্ন হাজার টাকার ব্যয়বরাদ্দ মঞ্জুর করা হয়েছিল।

(খ) নির্বাহী সংস্থা হিসাবে সি. এম. ডি. এ.-কে ঐ উন্নয়ন প্রকল্পের দায়িত্ব দেওয়া হয়েছে।

### চন্দননগরে কাফেটেরিয়া

**১৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৫০৯) **শ্রী কমল মুখার্জি ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার চন্দননগরে কাফেটেরিয়াসহ অতিথিশালা নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, কবে নাগাদ ঐ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত প্রকল্পটি রূপায়ণের জন্য মোট কত পরিমাণ অর্থ ইতিমধ্যে মঞ্জুর করা হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। তবে ভ্রমণার্থীদের জন্যে চন্দননগরে শুধু একটি কাফেটেরিয়া নির্মাণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) উপযুক্ত জায়গার অভাবে পরিকল্পনাটি বাস্তবায়িত করা সম্ভব হচ্ছে না। এর জন্যে সরকার উপযুক্ত জায়গার অনুসন্ধান করছেন।

(গ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে সাক্ষরতার হার**

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫২১) **শ্রী কমল মুখার্জি ঃ** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে সাক্ষরতার হার কত; এবং

(খ) তন্মধ্যে তপসিলী জাতি ও তপসিলী উপজাতি পুরুষ ও মহিলাদের মধ্যে সাক্ষরতার হার কিরূপ (পৃথকভাবে)?

**জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২০০১ সালের আদমসুমারীর প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী ৬৯.২২ শতাংশ।

(খ) এই বিষয়ে ২০০১ সালে জনগণনার প্রাথমিক প্রতিবেদনে এ তথ্যের উল্লেখ নেই। এটি পরে পাওয়া যাবে বলে ভারত সরকারের সংশ্লিষ্ট বিভাগ থেকে জানা গিয়েছে। (সূত্রঃ—ডিরেক্টর, সেনসাস, ভারত সরকার।

**রাজ্যে চায়ের উৎপাদন ও চাহিদা**

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৯) **শ্রী তারক বন্দোপাধ্যায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রতি বছর 'চা' উৎপাদনের মোট পরিমান কত,

(খ) রাজ্যে প্রতি বছর 'চা' এর চাহিদা কত,

(গ) উত্তরবঙ্গে মোট কতগুলি 'চা' বাগান আছে,

(ঘ) পশ্চিমবঙ্গ চা-উন্নয়ন নিগমের অধীনে কয়টি 'চা' বাগান আছে এবং

(ঙ) উক্ত বাগানগুলিতে বার্ষিক উৎপাদনের পরিমান কত?

**শিল্প ও বানিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে ২০০০ সালে 'চা' উৎপাদনের মোট পরিমান ছিল ১,৮০,৭২৪ হাজার কিলোগ্রাম।

(খ) রাজ্যে ২০০০ সালে 'চা'-এর চাহিদার পরিমান ছিল অনুমানিক ৪০ মিলিয়ান কিলোগ্রাম।

(গ) ২০০০ সালের হিসাব অনুযায়ী উত্তরবঙ্গে ৩৪৩টি বড় সহ মোট ১১১৪টি 'চা' বাগান আছে।

(ঘ) পশ্চিমবঙ্গ 'চা'-উন্নয়ন নিগমের অধীনে ছয়টি চা বাগান আছে।

(ঙ) উক্ত বাগানগুলিতে বার্ষিক উৎপাদনের পরিমান ৫,৬০,০০০ কে.জি.।

**শান্তিপুর থানার অধীন হিমঘর**

**১৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৯০) **শ্রী অজয় দে :** কৃষি ও বিপনন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর থানার অধীনে ফুলিয়া হিমঘরটি চালু করার কোনও পরিকল্পনা গ্রহন করা হয়েছে কি না, এবং

(খ) থাকলে, উক্ত হিমঘরটি কবে নাগাদ পুনরায় চালু হবে বলে আশা করা যায়?

**কৃষি ও বিপনন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হিমঘরটি সমবায় দপ্তরে পড়ে, আমাদের জানাবার কথা নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীরামপুর ও রিষড়া থানা এলাকার উদ্বাস্তু কলোনিগুলির উন্নয়ন পরিকল্পনা**

**১৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৭০১) **ডাঃ রত্না দে (নাগ) :** ত্রান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্রীরামপুর এবং রিষড়া থানা এলাকার উদ্বাস্তু কলোনিগুলির উন্নয়ন বিভাগের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহন করেছেন কি না, এবং

(খ) করে থাকলে পরিকল্পনাটির রূপরেখা কীরূপ?

**ত্রান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় পরিকাঠামো উন্নয়ন কর্মসূচী (তৃতীয় পর্যায়)-এ উক্ত এলাকায় তারাপুকুর, পদ্মাবতী, শেওড়াফুলি-২ এবং লাহানগর উদ্বাস্তু কলোনিতে সর্বমোট প্রায় আটানব্বই লক্ষ সাতষট্টি হাজার টাকা ব্যয়ে চারটি প্রকল্প গ্রহন করা হয়েছে।

(খ) নিবার্হী সংস্থা সি.এম.ডি.এ-র পরিকল্পনার ভিত্তিতে কলোনিগুলিতে পানীয় জলসরবরাহ, রাস্তা নির্মান ও পয়ঃপ্রনালী ব্যবস্থার সম্প্রসারন/উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। শেওড়াফুলি-২ কলোনিতে কাজ সম্পূর্ন হয়েছে। অন্যত্র কাজ চলছে।

**মেমারি পৌর এলাকায় দমকল বাহিনী স্থাপনের পরিকল্পনা**

**২০।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৭০) **শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেমারি পৌর এলাকায় দমকল বাহিনী স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এক্ষেত্রে বলা যায় যে, সরকার বাহাদুর কর্তৃক অনুমোদিত লিস্টে মেমারি পৌর এলাকায় দমকল বাহিনী স্থাপন করার নাম নেই।

**নদীর গতিপথ ও আর. এল. আই. প্রকল্প**

**২১।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৯) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** জলসম্পদ উন্নয়ন ও অনুসন্ধান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, নদীপথের গতি পরিবর্তনের সঙ্গে সঙ্গতি রেখে আর. এল. আই. প্রকল্পগুলি বিন্যস্ত করা হয়?

**জলসম্পদ উন্নয়ন ও অনুসন্ধান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না। সব সময় নদীপথের গতি পরিবর্তনের সঙ্গে সঙ্গতি রেখে আর. এল. আই. প্রকল্পগুলি বিন্যস্ত

করা হয় না। যেখানে প্রযুক্তিগতভাবে তা করা সম্ভব, সেখানেই করা হয়। আর্থিক বরাদ্দ থাকলে, ওইরকম বিন্যস্ত করার প্রকল্প গ্রহণ করা হয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Kashi Nath Mishra on the subject of non-repayment of loan granted by the Union Government for rural electrification and the second one is from Shri Ashoke Kumar Deb on the subject of arsenic pollution twenty (20) members of a family of Deganga, North 24-Parganas.

The subject matters of the motions are not such that may call for adjournment of the business of the House. Moreover, the member will get ample scope to raise the matters during the discussion and voting on the demands for grants of the concerned Departments which is now going on. The members also invite attention of the Minister concerned through Calling Attention. question, mention etc. I, therefore, withhold my consent to both the Motions.

One member of the party, may however, read the text of the Motion as amended.

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এইসভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল, আর্সেনিকের বিষে আক্রান্ত হয়ে মৃত্যুর সঙ্গে লড়াই করছে দেগঙ্গার কোলসুর গ্রামের একই পরিবারের পাঁচ শিশু সহ কুড়ি জন সদস্য। এইভাবে রাজ্যের সমস্ত জেলায় আর্সেনিকে আক্রান্ত অসংখ্য মানুষ। সরকারের কাছে আবেদন, এই আর্সেনিক মুক্ত করতে সরকারের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :

1. Introduction of fees for patients at Gobardanga Rural Hospital—Shri Jyoti Priya Mallick.

2. Apprehension of Shifting the Head quarter of Damodar Valley Corporation from Kolkata to Ranchi—Shri Kashinath Misra.

3. Reported murder of a Parsee Lady near Lalbazar on 29.6.2001—Shri Saugata Roy.

4. Non-retirement of a Government employee in Land & Land Reforms Department even after 63 years of age—Shri Ashok Kumar Deb.

I have told Hon'ble Members that individual cases should not be brought to the House. It is lobbying. It is a bad parlimentary practice. It should not be done.

আমি আগে বলেছি, কোনও ব্যক্তিগত মামলা হাউসে আনতে নেই। এটা লবিং হয়ে যায়। আমি রিপিটেডলি বলেছি, ইনডিভিজুয়াল কেস নিয়ে আসবেন না। এটা অসংদীয়, এটা ঠিক নয়।

I have selected the notice of Shri Kashinath Misra on the subject of Apprehension of shifting the Head-quarter of Damodar Valley Corporation from Kolkata to Ranchi. The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** On 11th July, Sir.

## MENTION CASES

**শ্রী মানিকলাল আচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের স্বাধীনতার ৫৪ বছর পরেও আমার বিধানসভা কেন্দ্র কুল্টির বিভিন্ন গ্রামে বিদ্যুত পৌঁছায়নি। গ্রামগুলি হল—

বেজড়ি, সোদপুর, মাউখাড়ি, বেলচা, কবারগড়িয়া, বাথানগড়িয়া, বিদায়গড়, সালকানালি ইত্যাদি। অর্থাৎ সেখানকার অনেক গ্রাম এবং মৌজায় বিদ্যুত পৌঁছায়নি। এ ব্যাপারে আমরা বিধাসভায় বারবার বলেছি, কিন্তু কোনও উত্তর পাইনি। আজকে দীর্ঘদিন ধরে রূপনারায়নপুরে লোডশেডিং চলছে। এ ব্যাপারটি নিয়েও চিন্তা-ভাবনা করা দরকার। আমরা যখন বিধানসভায় আসি তখন মানুষ ভাবেন যে কিছু কাজ নিশ্চয়ই হবে, কিন্তু কোনও কাজই হচ্ছে না। তার জন্য যেসব গ্রামে বিদ্যুত পৌঁছায়নি সেসব গ্রামে যাতে অবিলম্বে বিদ্যুত পৌঁছায় তার জন্য আবেদন জানিয়ে শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দৃষ্টি আকর্ষণের কারণ হল, গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলি সেটা প্রাইমারি হোক, সাবসিডিয়ারি হেলথ্ সেন্টার হোক বা সাব সেন্টার হোক, সবগুলিরই অচল অবস্থা। বিশেষ করে আমার বাঁকুড়া এক এবং দুই নং ব্লকের দুটি হাসপাতাল যার একটি হল কেন্ডেকুড়া সাবসিডিয়ারি হেলথ সেন্টার। ঐ হাসপাতালের পাঁচিল ভেঙে গেছে, ঘরগুলি ভুতুড়ে হয়ে রয়েছে। আর একটি হল নররা সাবসিডিয়ারি হেলথ সেন্টার। তারও একই দুরবস্থা চলছে। সেখানে রোগী আছে, অন্যান্য স্টাফ রয়েছে, কিন্তু ডাক্তার নেই এবং তার ফলে সেখানে স্বাস্থ্য পরিষেবার কাজ ব্যাহত হচ্ছে ক্রমাগতভাবে। আজকে একটা অবর্ণনীয় দুরবস্থা সৃষ্টি হয়েছে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যার জন্য শহরের, মহানগরীর হাসপাতালগুলির উপর চাপ বাড়ছে। যাতে বাঁকুড়া এক এবং দুই নং ব্লক সাবসিডিয়ারি হেলথ সেন্টার দুটিতে মানুষ চিকিৎসা পরিষেবার সুযোগ পায় তার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নৃপেন্দ্রনাথ রায় :** মাননীয় স্পিকার স্যার, আমার নির্বাচন কেন্দ্র সিতাই-এর আদাবাড়িতে একটি স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। সেখানকার লোকসংখ্যা ১৪,০০০। ঐ স্বাস্থ্যকেন্দ্রে গত দুই বছর ধরে কোনও ডাক্তার নেই, ফার্মাসিস্ট নেই। কেবল দুইজন নার্স এবং চারজন গ্রুপ-ডি স্টাফ রয়েছে। তার জন্য ঐ হাসপাতালে মানুষ চিকিৎসার কোনও সুযোগ পাচ্ছে না। তার জন্য আমার আবেদন, অবিলম্বে ঐ হাসপাতালে ডাক্তার এবং ফার্মাসিস্ট দেওয়া হোক যাতে মানুষ চিকিৎসার সুযোগ পায়।

[12-10 — 12-30 p.m.]

**শ্রী দীপককুমার ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আমার এলাকা মহিষদলে প্রচুর পুরানো গাছ আছে। ইংরেজ আমলের, রাজাদের আমলে প্রচুর পুরানো গাছ আছে এবং রেলের জমিতে প্রচুর গাছ আছে। গতবারের পঞ্চায়েত সমিতিও প্রচুর গাছ লাগিয়েছিল। এই গাছগুলিকে পরিকল্পিতভাবে চুরি করে নিয়ে চলে যাচ্ছে। পুলিশ প্রশাসন এই ব্যাপারে কিছু করছে না। ৩-৪ দিন আগে যেখানে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং-এর যে জল উত্তোলন প্রকল্প আছে সেখানে বেশ কিছু গাছ চুরি করে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিল। সেখানকার জনগন বাধা দেওয়ার ফলে তুলে নিয়ে যেতে পারেনি। পুলিশের কাছে জানানো হয়েছে কিন্তু পুলিশ সেই গাছগুলিকে সিজ করছে না। পুলিশ বলছে যে তারা জানেনা এই গাছগুলি কার। পুলিশের কাছে এফ. আই. আর. করা হলে তারা নিচ্ছে না। পঞ্চায়েতের লোক এফ. আই. আর. করতে যাচ্ছে তাও নিতে চাইছে না। আমি পুলিশ দপ্তর এবং বন দপ্তরের মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি, এই ব্যাপারে উপযুক্ত নির্দেশ দেওয়া হোক যাতে গাছগুলিকে চুরির হাত থেকে বাঁচানো যায়।

**শ্রী মলয় ঘটক :** স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই হিরাপুরে একটা ওয়াগান কারখানা আছে বার্ন স্ট্যান্ডার্ড কোম্পানি নামে। এই বার্ন স্টান্ডার্ড কোম্পানিতে গত ৪ মাস ধরে কোন ওয়াগানের অর্ডার না থাকার ফলে কর্মীরা বসে আছে, আর্থিক দিক থেকে এই কোম্পানি দুর্বল হয়ে যাচ্ছে। প্রাক্তন রেলমন্ত্রী শ্রীমতী মমতা বন্দোপাধ্যায় এই কারখানার জন্য ২৩ হাজার ওয়াগানের অর্ডার দিয়েছিলেন। তারপর খবরের কাগজে পড়েছি পরবর্তীকালে ৫ হাজার ওয়াগানের অর্ডার দেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত কোনও অর্ডার পৌঁছায় নি। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই কারখানার জন্য ওয়াগানের অর্ডার পৌঁছায়, এই শিল্প যাতে আর্থিক দিক থেকে দুর্বল না হয়ে পড়ে সেটা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের মহাপ্রয়ানে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, "এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ, মরণে তাহাই তুমি করে

গেলে দান''। এই কথা প্রবীন স্বাধীনতা সংগ্রামী প্রাক্তন মন্ত্রী, ভূমি সংস্কারের স্থপতি আদর্শ মানুষ সাচ্চা কমিউনিস্ট প্রয়াত বিনয় চৌধুরীর ক্ষেত্রে ১০০ ভাগ সত্য। আমার পূর্তমন্ত্রীর কাছে আবেদন, গত বছর বিনয় চৌধুরীর মহাপ্রয়ান ঘটেছে, তাঁর একটা পূর্ণাবয়ব মূর্তি কলিকাতায় স্থাপন করা হোক। ধন্যবাদ।

**শ্রী কমলাক্ষি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অনেকবার বিনীতভাবে আবেদন করেছি এই বিধানসভায়, মন্ত্রিমহাশয়ের কাছে চিঠি দিয়েছি। বাগদা বিধানসভা কেন্দ্রে বাগদা ৩টি থানা এলাকায় যেখানে কোনও কলেজ নেই। প্রত্যন্ত গ্রাম থেকে ছেলেদের কলেজে আসতে হয়, ১০-১৫ কিলোমিটার হেঁটে এবং ৩০-৩৫ কিলোমিটার বাসে ঝুলতে ঝুলতে কলেজে আসতে হয়। এই সমস্যা নিরসনের জন্য অতি সত্তর বাগদায় একটি কলেজ স্থাপন করার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** মাননীয় অধ্য মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিপনন মন্ত্রী, পর্যটন মন্ত্রী এবং মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেবগ্রাম থেকে ঘোড়াইক্ষেত্র এলাকার মোহরাপুর অঞ্চলে একমাত্র রাস্তা যে রাস্তার জন্য এই এলাকার চাষীরা দেবগ্রাম বাজারে আসতে পারে না। এখানে মৎস্য চাষের যথেষ্ট সুযোগ আছে এখানকার গঙ্গা ছাড়ি গঙ্গা হয়ে গেছে। সেই জন্য এখানে মৎস্য চাষের যথেষ্ট সুযোগ রয়েছে। এখানে খোসালপুর মৎস্য সমবায় সমিতি আছে হাজরাপোতা মৎস্য সমবায় সমিতি আছে। এখানে মৎস্য চাষীরা উপকৃত হবে। মৎস্য চাষীদের জন্য এবং কৃষি চাষীদের জন্য একটা কানেকটিং রাস্তা করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং ভূমিসংস্কার দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগণা জেলার গোসাবা, বাসন্তী এবং ভাঙড়ে সন্ত্রাসের রাজত্ব চলেছে। আজকে সেখানে বিভিন্ন জায়গায় প্রতিটি গ্রামে এই সন্ত্রাস চলছে। রঘুনাথ পুরে দুষ্কৃতিরা ১৪টি বাড়ি ভেঙেছে, একশো জন লোক ঘরছাড়া হয়েছে। সাঁকসর অঞ্চলে ১২টি বাড়ি ভেঙেছে, ৪৫ জন ঘরছাড়া হয়েছে। আঠারোবাকিতে ১৬টি বাড়ি ভেঙেছে, একশো জন ঘরছাড়া হয়েছে। নফরগঞ্জে ১৩টি ঘর ভেঙেছে, ৭৫ জন ঘরছাড়া হয়েছে। এইভাবে প্রতিটি জায়গা থেকে গরু, বাছুর, হাঁস, ছাগল সবকিছু দুষ্কৃতিরা চুরি করে নিয়ে যাচ্ছে। আর. এস. পি. এবং সি. পি. এম'এর লোকেদের এই অত্যাচারে আজকে গোসাবা, বাসন্তিতে মানুষের নাভিশ্বাস উঠেছে। ঐ সমস্ত অঞ্চলে

যারা গরিব চাষী তারা তাদের জমিতে চাষ করতে পারছে না। জোর করে তাদের জমিতে ফ্লাগ পুঁতে দিয়ে আসছে। বিশেষ করে তৃণমূল কংগ্রেসের লোকেদের জমির তারা ইল্লিগ্যাল পজেসন নিচ্ছে। এখন বর্ষাকাল, চাষের সময়। এই সময়ে তারা জামিতে চাষাবাদ করতে পারছে না। ঐ সমস্ত অঞ্চলে গরিব চাষীদের কয়েক হাজার বিঘা জমিতে জোর করে ফ্লাগ পুঁতে দিয়ে এসেছে। চাষীদের এই অবস্থা সম্বন্ধে আমরা এস ডি ও, এস ডি পিও-কে জানিয়েছিলাম যে, ঐ সমস্ত এলাকায় যারা প্রকৃত চাষী, যারা চাষ করবে, তারা চাষ করতে পারছে না। গত দু'দিন যাবত দেখা যাচ্ছে, আর. এস. পি. এবং সি. পি. এম'এর গুন্ডা বাহিনী তারা ঐ সমস্ত জমিতে জোর করে চাষ করছে। মগরাহাট এলাকার বিখ্যাত এক ডাকাত সেলিম, সে ঐ অঞ্চল দাপিয়ে বেড়াচ্ছে। এই সেলিমের বিরুদ্ধে ৭-৮টি মার্ডার কেস আছে। সে পার্টি অফিস কন্ট্রোল করে এবং এমনকি থানার ও সি কেও কন্ট্রোল করছে। এইভাবে ওখানে দ্বৈত প্রশাসন ব্যবস্থা পরিচালিত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই সমস্ত সমাজবিরোধীদের অবিলম্বে অ্যারেস্ট করা হোক।

**শ্রী পরেশচন্দ্র অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেখলিগঞ্জে জামালদহ পুকুরি হয়ে রানিহাট পর্যন্ত যোগাযোগের একটিমাত্র সড়ক। সেটির বেহাল অবস্থার জন্য—যেটি পি ডব্লু ডি-র অধীনস্থ—উত্তরবঙ্গের উক্ত এলাকার মানুষের যোগাযোগ বিচ্ছিন্নপ্রায় এবং বিপর্যস্ত। এর ফলে উত্তর বাংলায় একটিমাত্র যে বাস চালু ছিল, সেটি বিভাগীয় কর্তৃপক্ষ তুলে নিয়েছেন। এর ফলে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে যাওয়ার রাস্তা, যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত। এন. বি. এস. টি. সি. সড়কটির বেহাল অবস্থার জন্য তাঁরা বাস তুলে নিয়েছেন। যার ফলে সংশ্লিষ্ট এলাকার যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত। আমি আপনার মাধ্যমে উক্ত এলাকার ঐ একটিমাত্র সড়কটি অবিলম্বে মেরামত করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি হিন্দুস্থান স্টিল ওয়ার্কস্ কনস্ট্রাকশন লিমিটেডের সদর দপ্তর যেটি কলকাতায় অবস্থিত, সেটি ব্যাঙ্গালোরে স্থানান্তরিত করা হয়েছে। এই ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের অর্ডারও এসে গেছে। তারা এই ব্যাপারে হস্তক্ষেপ করেছেন। এই সংস্থাটিতে যাঁরা এমপ্লয়ী আছেন, তাঁরা গত মার্চ মাস থেকে বেতন পাচ্ছেন না।

শুধু তাই নয়, তাঁরা বেতন চাইতে গেলে তাঁদের বলা হচ্ছে ১০ই জুলাইয়ের মধ্যে ভলান্টারি রিটায়ারমেন্ট নিতে হবে। এই রকম একটা অবস্থা চলছে। এইচ. এস. সি. এলে সত্তরের দশকে প্রায় তেইশ হাজার কর্মচারী যেখানে কাজ করতেন, সেন্ট্রাল গভর্নমেন্টের আস্তে আস্তে বঞ্চনার কারণে সেই সংখ্যা তের হাজারে এসে দাঁড়িয়েছে। লাভজনক এই সংস্থাটিকে ম্যানেজমেন্ট অলাভজনক সংস্থায় পরিণত করছে। এর সাথে সাথে এইচ. এস. সি. এল-এর সদর দপ্তরকে আজকে ব্যাঙ্গালোরে নিয়ে যাওয়া হচ্ছে। এন ডি এ সরকার আমাদের পূর্বাঞ্চলের ক্ষেত্রে, বিশেষ করে কলকাতার ক্ষেত্রে যে বঞ্চনা করছে, এই বঞ্চনা আমরা দেখছি, এই রাজ্যে কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রিত যে জুটমিলগুলো আছে, সেগুলোকে তারা বন্ধ করে দেবার চেষ্টা করছে। এইভাবে তারা শ্রমিক কর্মচারীদের বিরুদ্ধে ক্রমাগত আক্রমণ নামিয়ে আসছে। এই ব্যাপারে তৃনমূল কংগ্রেস বা কংগ্রেসের কোনও মাথা ব্যথা নেই। অর্থাৎ এই যে বারে বারে শ্রমিকদের উপরে আক্রমণ, শ্রমিক কর্মচারিদের উপরে আক্রমণ এন ডি এ এবং বি জে পি সরকারের, তার বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছি এবং আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি প্রায়ই বলি, এবারও দ্বিতীয়বার বলছি যে, দুর্নীতির কথা বললে ওঁনারা তো বলেন যে দুর্নীতি নেই, আমি এই প্রসঙ্গে হাওড়া কর্পোরেশনের একটি দুর্নীতির কথা বলছি। এর কাগজপত্রও আমি বিধানসভাতে দিয়েছিলাম—সেখানে হাওড়ার অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্টের সেক্রেটারি মেয়র ইন কাউন্সিলকে চিঠি দিয়েছেন, লিখিত চিঠি দিয়েছেন। হাওড়াতে মাল্টি স্টোরেড বিল্ডিং প্রায় ১৫০০ র মতো বেড়েছে, তার অ্যাসেসমেন্ট মাত্র ২০০টির মতো হয়েছে। অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্টের সেক্রেটারি মেয়র ইন কাউন্সিলকে চিঠি দিয়েছেন। তাতে মেয়র ইন কাউন্সিল ওই সেক্রেটারিকে লিখিত নোট দিয়েছেন, সেখানে তিনি লিখেছেন—Not to disturb the nulti-storeyed building owners—Because they contribute regularly to our funds.

ওই নোটের তলায় তাঁর সইও আছে এবং ওই চিঠির জেরক্স কপিও আমি অ্যাসেম্বলিতে দিয়েছিলাম। যেখানে হাওড়া কর্পোরেশনে ২০০ কোটি টাকার মতো লোকসান হচ্ছে, কিন্তু আরো বেশি করে মাল্টি স্টোরেড বিল্ডিং হচ্ছে, সুতরাং হাওড়া কর্পোরেশন ক্যান নট অ্যাফোর্ড টু লুজ।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত বন্যায় ভরতপুর বিধানসভা কেন্দ্রের বহু বাঁধ ভেঙ্গে যায়। সেই ভাঙ্গা বাঁধের কিছু মেরামতি হয় আর বহু বাঁধের মেরামতি হয় নি। ওই ভাঙ্গা বাঁধের ফলে গ্রামের ভেতরে জল ঢুকে পড়ছে। ইতিমধ্যেই ফসলের জমি এবং ফসল নষ্ট হয়েছে। এর ফলে ওই এলাকার মানুষ ক্ষুব্ধ এবং ঠিক সেই কারণে আপনার মাধ্যমে সেচমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে ওই বাঁধগুলোর মেরামতি করা হোক। ওই ব্যাপারে সেচ দপ্তরকে বললে তারা বলেন জেলা পরিষদ অনুমতি না দিলে কাজ করতে পারবে না। জেলা পরিষদ আবার বলছে সেচ দপ্তর প্ল্যান এস্টিমেট সাবমিট করছে না সেইজন্য টাকার অনুমোদন করা যাচ্ছে না। সুতরাং মাননীয় মন্ত্রী বিষয়টা গুরুত্ব সহকারে দেখে অবিলম্বে বাঁধগুলো মেরামতির ব্যবস্থা করুন।

**শ্রী জানে আলম মিঞা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফারাক্কা ব্যারেজ প্রজেক্ট কেন্দ্রীয় সরকারের প্রজেক্ট। তাদের উদ্দেশ্য কলকাতা বন্দরে জলপ্রবাহ বৃদ্ধি করা। এর ফলে ১৯৭৫ সাল থেকে জঙ্গীপুর সাব ডিভিসনে ৩৫ লক্ষ একর জমিতে সারা বছর ধরে জলে ডুবে থাকার ফলে চাষীদের চাষ করার সুযোগ নেই, ফলে তাদের কষ্ট পেতে হয়। সেই কারণে আমি শুধু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ক্ষতিপূরণ আদায়ের জন্য পশ্চিমবঙ্গ সরকারকে উদ্যোগ নিতে অনুরোধ করছি, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে অনেকগুলো কৃষি ফার্ম রয়েছে। সেই কৃষি ফার্মগুলোতে কর্মচারী আছে, তার জমিও আছে এবং চাষও হচ্ছে। কিন্তু সেখানে ট্রাক্টর নেই। অনেক ধান হয় কিন্তু গো ডাউন ভেঙ্গে যাওয়ার ফলে ধানগুলো নষ্ট হয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানাই যে, ফার্মগুলো যাতে সচল করা যায় অতীতের মতো এবং ফার্মগুলোর সময়মতো তদন্ত যাতে হয় এবং ফার্মগুলো সঠিকভাবে চলছে কি চলছে না এই সম্পর্কে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি নিশ্চয় এই সম্পর্কে বলবেন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমার কাছে হাইকোর্টের একটা জাজমেন্ট রয়েছে ২৪শে আগস্ট, '৯৯ সালে; হাইকোর্টের অ্যাক্টিং চিফ

জাস্টিস সত্যব্রত সিন্‌হা নির্দেশ দিয়েছিলেন বাটার ফ্লাই ভাল্ড এর কেসের ব্যাপারে সি আই ডিকে দিয়ে তদন্ত করে রিপোর্ট দেওয়ার জন্য। এই হাউস থেকে সল্টলেক স্টেডিয়ামের ব্যাপারে সি আই ডিকে দিয়ে তদন্ত করার নির্দেশ দিয়েছেন। যে সি আই ডি ২৪শে আগস্ট, '৯৯ থেকে আজ পর্যন্ত তাদের সেই তদন্তে কোনও হদিশ নেই, রায় নেই, তার ফলাফল আমরা জানতে পারলাম না। সেই সি আই ডি-র হাতে অতি গুরুত্বপূর্ণ বিষয় সামাজিক ক্রিমিনালাইজেশনের বিষয়, সেই বিষয়ের ব্যাপারে বুদ্ধদেব বাবু দায়িত্ব দিলেন সি আই ডি-র উপর। দায়িত্ব দেওয়া হল সল্ট লেক স্টেডিয়ামের ব্যাপারে যেখানে ক্রিমিনালাইজেশনের ব্যাপার রয়েছে। এটাও ২।৩ বছর লেগে যাবে যদি নির্দিষ্ট সময় সীমার মধ্যে দায়িত্ব না দেওয়া হয়। তাই বলছি, সি বি আই ছাড়া এখানে সত্য উদ্‌ঘাটনের কোনও সম্ভাবনা নেই।

**শ্রী মুজিবর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অতীত দিন থেকে ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের আখেরীগঞ্জ অঞ্চল থেকে হনুমন্ত নগর অঞ্চলের চরবীনপাড়া, চর নতুন পাড়া, টিকলীর চর এই সব গ্রামগুলি পদ্মার গর্ভে চলে গেছে পদ্মার ভাঙনে। বর্তমানে পদ্মার অববাহিকার যে সমস্ত গ্রামগুলি আছে বর্তমান সরকার সেগুলিকে বাঁচানোর যথেষ্ট চেষ্টা চালিয়ে যাচ্ছে। পদ্মার বাঁধ দিতে বোল্ডারের কাজ যে সময়ে করা উচিত কন্ট্রাক্টররা সেই খরার মরশুমে না করার জন্য পদ্মার ভাঙন রোধ হচ্ছে না। বর্তমান খড়িবোনা অঞ্চলে যে বাঁধের কাজ হচ্ছে সেটা যদি আগামী ১৫ দিনের মধ্যে শেষ না করা যায়, তাহলে মনে হয় বর্ষার জলে বোল্ডার পদ্মার তলায় চলে যাবে। বর্তমানে আখেরিগঞ্জ অঞ্চলের কাজে লোক নেই। ভগবানগোলার সুন্দরপুর অঞ্চল হতে কুঠিরামপুর অঞ্চল পর্যান্ত ভাঙছে। খরা মরশুমে কাজ শেষ না করায় বর্ষা নেমে গিয়েছে, যদি ২।৩ সপ্তাহের মধ্যে কাজ শেষ না হয় তাহলে আগামী দিনে ব্লক অফিস ও হাসপাতাল মানুষের আশঙ্কা থাকবে কি থাকবে না, জনগণের নিরাপত্তা থাকবে কি থাকবে না সেই ব্যাপারে ভাবা দরকার। তাই মাননীয় সেচমন্ত্রীর কাছে অনুরোধ করছি, এই কাজটা যেন কন্ট্রাক্টারদের দিয়ে অবিলম্বে শেষ করেন।

**শ্রী মহঃ ঈয়াকুব ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার কেন্দ্র দেগঙ্গার অন্তর্গত কদম্বগাছিতে একটি প্রাথমিক চিকিৎসালয় আছে। সেখানে গত কয়েক বছর যাবৎ কোনও চিকিৎসক নেই, কোনও ঔষধ নেই, কোনও চিকিৎসা ব্যবস্থা নেই। সেই জন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি অনুরোধ করতে চাই অবিলম্বে

সেখানে চিকিৎসা ব্যবস্থা করে এবং ডাক্তার নিয়োগ করার ব্যবস্থা যেন তিনি করেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, কলকাতা শহরে আইনশৃঙ্খলা ক্রমশ খারাপ হচ্ছে। এবং আমরা দেখছি যে শুধু সল্টলেক স্টেডিয়ামে মন্ত্রী দুষ্কৃতকারীদের রাখছেন তা নয়। কলকাতা শহরে লালবাজারের পাশে গত শুক্রবার একজন মিস ওয়াদিয়া বলে মধ্যবয়স্কা মহিলা তিনি আই সি আই এর চেয়ারম্যানের সেক্রেটারি ছিলেন তাঁকে খোলা রাস্তায় সোয়া ৯টার সময়, সকালে; পয়েন্ট ব্লাঙ্ক রেঞ্জ থেকে তিনজন দুষ্কৃতকারী গুলি করে মারে। এখন পর্য্যন্ত কোনও অপরাধী ধরা পড়েনি। ওরা পাশের বাড়ির লোককে ধরে নিয়ে গেছে ইত্যাদি ইত্যাদি হয়েছে। কিন্তু পুলিশ এর এমনই এফিসিয়েন্সি এখন পর্য্যন্ত অপরাধী ধরা পড়েনি। আবার গতকাল বৌবাজার থানার পিছনে রবার্ট লেনে চন্দ্রকান্ত ওঝা ৭০ বছর বয়স্ক তাঁকে মৃত অবস্থায় পাওয়া গিয়েছে। সন্দেহ করা হচ্ছে, বালিশ চাপা দিয়ে তাঁকে মারা হয়েছে। তিনি একা থাকতেন। আমরা বোম্বেতে শুনেছি এই ধরণের ঘটনাগুলি মাফিয়া রিলেটেড কিলিং।

এইভাবে ওরা ফ্ল্যাটটা খালি করতে চাইছে। যারা প্রোমোটারি করে তারা এই ধরনের কাজ করে। এইভাবে যারা ফ্ল্যাটে একা থাকে পুরোনো ভাড়ায়, তাদের ফ্ল্যাটটা ওরা দখল করে নিতে চাইছে। এইজন্যই মানুষগুলোকে খুন করা হচ্ছে। দিল্লিতে আগে যেটা হত, বোম্বেতে হত, এখানে প্রতিবেশিসুলভ মনোভাবের জন্য সেটা হত না। এখন এখানেও সেটা আরম্ভ হয়েছে। পুলিশ এই ব্যাপারে কিছু করছে না। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

[12-30 — 12-40 p.m.]

**ডঃ অসীম বালা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের সেচমন্ত্রী, জল সম্পদ মন্ত্রী এবং কেন্দ্রীয় জল সম্পদ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ইছামতী সংস্কারের বিষয়ে অনেক মাননীয় সদস্য এখানে বলেছেন, মেনশন করেছেন। ২৪ পরগনা নর্থের মধ্যে যে অংশটা পড়েছে সেই অংশে পলি তোলা হচ্ছে এবং সরকারের কাজ হচ্ছে। কিন্তু নদীয়া জেলার মধ্যে যে অংশটা আছে, দত্তফুলিয়ায় সেই অংশটাতে সংস্কারের কোনও ব্যবস্থা হচ্ছে না। স্বাভাবিকভাবেই বৃষ্টি আরম্ভ হয়ে গেছে এবং গতবার লাগাতর চার দিন বৃষ্টির ফলে বন্যা হয়েছিল।

মাটি স্যাচুরেটেড হয়ে যাচ্ছে, মাটি আর জল টানতে পারছে না। আমার মনে হয় আমরা আগে থাকতে যদি ব্যবস্থা নিই তাহলে বন্যাকে আমরা ঠেকাতে পারব। গতবার চারদিন কন্টিনিউ বৃষ্টি হওয়ার ফলে বন্যা দেখা দিয়েছিল, কিন্তু এবারে দুই দিন কন্টিনিউ বৃষ্টি হলেই বন্যা হবে। সব চাইতে বড় ব্যাপার যেটা, গঙ্গায় সিলট্রেশন হওয়ার ফলে গঙ্গা প্রায় বুজে যাওয়ার মতো অবস্থা। গঙ্গা আমাদের জাতীয় নদী, তিনটি রাজ্যের মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে। বিরোধী দলের সদস্য যারা আছেন, তারা একবারও বলছেন না গঙ্গায় সিলট্রেশন হওয়ার ফলে প্রতি বছর বন্যা হচ্ছে এবং মানুষের দুঃখ কষ্ট বাড়ছে। আমরা গুজরাটে গিয়ে গুজরাটের মানুষের জন্য কাজ করব, পশ্চিমবঙ্গের মানুষের জন্য কোনও কাজ করব না, এটা তো হয় না। বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ যদি একতাবদ্ধ হয়ে দিল্লির কাছে গিয়ে এই নদী সংস্কারের জন্য চাপ দিই, তাহলে বন্যার হাত থেকে আমরা রক্ষা পাব। মানুষের মধ্যে একটা আশঙ্কা দেখা দিয়েছে এই বছরেও বন্যা হবে। তাই আপনার মাধ্যমে এই অবস্থার সুরাহা করার জন্য দাবি করছি।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তথ্যমন্ত্রী এবং জনস্বাস্থ্য কারিগরী মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়াতে একটি সাপ্তাহিক পত্রিকা আছে যার নাম পুরুলিয়া দর্পন। সেই পত্রিকায় গতকাল আমার নামে একটি অভিযোগ লিখেছে, আমি নাকি পঞ্চায়েত সমিতির থেকে টাকা নিয়ে আমার নিজের বাড়িতে নলকূপ করেছি। আপনার মাধ্যমে জানাতে চাই, আমার বাড়িতে নলকূপ করেছি আমার ব্যক্তিগত টাকা দিয়ে। যেভাবে করাবাজার পঞ্চায়েত সমিতি ও বিডিও-র পক্ষ থেকে আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে এবং যে সংবাদপত্র আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে তার বিরুদ্ধে আমি ধিক্কার জানাচ্ছি এবং উচ্চ পর্যায়ের তদন্তর দাবি জানাচ্ছি। অবিলম্বে ঐ বিডিও-র বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক এবং সংবাদপত্রের বিরুদ্ধে মামলা করার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পুষ্পচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, তুফানগঞ্জ মহকুমা হাসপাতালটি যখন প্রতিষ্ঠিত হয় তখন তার শয্যাসংখ্যা ছিল ৬৮। বর্তমানে ঐ শয্যা সংখ্যায় আর চলছে না। আমি দাবি করছি কমপক্ষে ১৮০টি শয্যা করা হোক।

**শ্রী মদন বাউড়ি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উধরা বিধানসভা এলাকা

কয়লাখনি অঞ্চলে। যে পদ্ধতিতে কয়লা তোলা হচ্ছে, তাতে সেখানে পানীয় জলের অসুবিধা দেখা দিচ্ছে। অন্ডাল, মদনপুর, শ্রীরামপুর, রামপ্রসাদপুর—দামোদর এলাকায় একটি জল প্রকল্প করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি। কালাঝরিয়া জল-প্রকল্পের কাজ চলছে।

**শ্রী অর্ধেন্দু মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ভগবানপুর বিধানসভা কেন্দ্র থেকে আমি নির্বাচিত হয়েছি। সেখানে জল নিষ্কাশনের ব্যবস্থা খুবই খারাপ। ভগবানপুর-নন্দীগ্রাম ড্রেনেজ সিস্টেম যদি রূপায়িত না হয়, তাহলে এই সমস্যার সমাধান সম্ভব নয়। রাজ্য সরকার এখনও এই প্রকল্পটি রূপায়ণে ব্যবস্থা নিচ্ছে না। ফলে চাষের ক্ষতি হচ্ছে, কৃষকরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। অবিলম্বে এই প্রকল্পটির কাজ সম্পূর্ণ করার জন্য আবেদন করছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী গোবিন্দ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম উত্তরবঙ্গ মানুষের কাছে একটা অত্যন্ত আকর্ষণীয় এবং সরকারি সম্পত্তি হিসাবে তার সব সময়ই কল্যাণ কামনা করে। কিন্তু উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের জলপাইগুড়ি ডিপো অচল অবস্থায় আছে। নতুন জমি অধিগ্রহণ করেও ডিপো করা হচ্ছে না। জলপাইগুড়ি জেলা শহরের সঙ্গে বিভিন্ন গ্রামাঞ্চলের যে সংযোগকারী রাস্তা সেখানে পরিবহন নিগমের গাড়ি চলছে না। এই ব্যাপারে পরিবহণমন্ত্রীকে জানাচ্ছি যাতে তিনি যত তাড়াতাড়ি সম্ভব এই ব্যাপারে ব্যবস্থা নেন।

**শ্রীমতি শ্যামাপেয়ারী মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া জেলার পুঞ্চ থানার ছিরুডি অঞ্চলের দেবগ্রামে ইংরাজির ১৬.৬.০১ তারিখে শনিবার রাত্রে আনুমানিক ১২.৩০ মিনিট সময়ে বিবি বালা গোপের, স্বামী কেষ্ট গোপ আততায়ীর হাতে নিহত হয়। ওই গ্রামেরই বারু গোপ গুরুতরভাবে আহত হয়। সেই বারু গোপ বাঁকুড়ার মেডিক্যাল কলেজে চিকিৎসাধীন আছে। পুঞ্চ থানার ওসি এবং এস পিও গেছিলেন। আজ পর্যন্ত আততায়ীদের গ্রেপ্তার করা যায় নি। বারু গোপ পুঞ্চ থানার ওসির কাছে আততায়ীদের নামও বলেছে। তাই আমার স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ তিনি যেন অবিলম্বে আসামীদের গ্রেপ্তার করার জন্য ব্যবস্থা নেন এবং দৃষ্টান্তমূলক শাস্তিদানের ব্যবস্থা করেন।

**ডাঃ রত্না দে নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হুগলি জেলার শ্রীরামপুর একটা বর্ধিষ্ণু শহর। এখানে প্রায় ৪ লক্ষ লোকের বাস এবং এছাড়াও ওখানে বহু লোক যাতায়াত করেন। ওখানে ৭-৮টি প্রাইভেট বাস, ৪-৫টি মিনিবাস এবং একটা সরকারি বাস রোজ যাতায়াত করে। এই বাসে যারা ওঠেন বা নামেন, তাদের জন্য কোনও প্রতীক্ষালয় নেই। তাই এই সমস্ত বাসগুলিকে একটা কেন্দ্রীয় বাস টার্মিনাস থেকে ছাড়া গেলে ভালো হয় এবং প্রতীক্ষালয়ে টয়লেট এবং পানীয় জলের ব্যবস্থা যদি করা হয়, তাহলে শ্রীরামপুর বাস এবং শ্রীরামপুর সংলগ্ন হুগলি জেলার অন্যান্য লোকদেরও সুবিধা হবে।

**শ্রী দেবেশ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, পশ্চিমবঙ্গের ওয়াগান শিল্পটিকে ধ্বংস করে দেবার চেষ্টা চলছে। রাজ্যের ৫টি রাষ্ট্রায়ত্ত ওয়াগান নির্মিত সংস্থা আছে। সারা দেশে ৬টি। কিন্তু এই রাজ্যে ওয়াগান নির্মাণ সংস্থাগুলির কাছে কোনও অর্ডার আসেনি। ৪ মাস আগে রেল বাজেটে বলা হয়েছিল যে, ২৩ হাজার ওয়াগানের অর্ডার দেওয়া হবে। কিন্তু এখন বলা হচ্ছে ওইসব মুখের কথা। অত টাকার বরাদ্দ নেই। আপাতত ১০ হাজার অর্ডার দেওয়া যাবে। দুঃখের বিষয় সেই অর্ডার আসেনি। ফলে পশ্চিমবঙ্গের প্রতি একটা প্রতারণা দেখতে পাচ্ছি। কেন্দ্রীয় সরকারের এই ওয়াগান শিল্পটাকে ধ্বংস করে দেবার চক্রান্ত এটা নতুন নয়। গত বছরও বলা হয়েছিল ১ হাজার ২০ কোটি টাকার অর্ডার দেওয়া হবে পশ্চিমবঙ্গের ওয়াগান শিল্পকে। মিলেনিয়াম উপহার দেওয়া হচ্ছে। দেখা গেল যে ২৯৩ কোটি টাকা দেওয়া হচ্ছে। আমি অবিলম্বে রাজ্য সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করছি যে কেন্দ্রীয় সরকারকে চিঠি লেখা হোক যাতে ওয়াগান শিল্পকে বাঁচানোর জন্য অর্ডার আসে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কোনও নোটিশ না থাকা সত্ত্বেও মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনি বিবৃতি দিতে বলেছেন এবং মুখ্যমন্ত্রী সল্টলেক স্টেডিয়াম-এর ঘটনায় বিবৃতি দিয়েছেন। সেখানে কতগুলো প্রশ্ন দেখা দিয়েছে, মুখ্যমন্ত্রী নিজেও বলেছেন যে, পুলিশের কাজে তিনি সন্তুষ্ট নন। সংশ্লিষ্ট মন্ত্রীকে তিনি কৈফিয়তও চেয়েছেন কি করে অপরাধীরা যুব আবাসে ছিল। অবস্থার গুরুত্ব বিবেচনা করে আমরা হাউস থেকে আপনার মাধ্যমে দাবি রাখছি যে অবিলম্বে এই ঘটনার সি. বি. আই.

এনকোয়ারি হোক। সংশ্লিষ্ট মন্ত্রীকে বরখাস্ত করা হোক এবং হাউসে সমস্ত রিপোর্ট প্লেস করা হোক। ডি. আই. জি. ডি. জি যে রিপোর্ট দিয়েছে, মন্ত্রী মুখ্যমন্ত্রীকে যে রিপোর্ট দিয়েছে। আজকে সমস্ত রিপোর্ট এই হাউসে প্লেস করা হোক। আজকে অবস্থাটা এমন জায়গায় এসে দাঁড়িয়েছে যেখানে রাজ্যের মানুষের নিরাপত্তা জড়িত রয়েছে। (মাইক অফ)

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি :** স্যার, আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি শ্রম দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যখন পশ্চিমবাংলার বাজেট এর মধ্যে দিয়ে আমাদের অর্থমন্ত্রী কর্মসংস্থানের কথা বলছেন তখন আমরা লক্ষ্য করছি যে কেন্দ্রীয় সরকার একের পর এক কেন্দ্রীয় সংস্থার উপর আঘাত হানছে, একটার পর একটা কারখানা তুলে দেওয়া হচ্ছে। যদিও সেল ফোন চালু করার কথা বলা হচ্ছে কিন্তু আদপেই তা হচ্ছে না, এটা ছিল শুধুমাত্র একটা নির্বাচনী চমক। শুধু তাই নয়, আমরা দেখেছি যে কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থা তাদের যে সদর দপ্তর লেনিন সরনিতে ছিল সেটাকে তুলে নিয়ে যাওয়া হয়েছে বাঙ্গালোরে। বর্তমানে ৩২৪ জন ওখানে কাজ করে। এক সময় ওখানে ২৭ হাজার কর্মচারী অফিসার, ওয়ার্কার ছিল কিন্তু ক্রমশ স্বেচ্ছা অবসরের মাধ্যমে এটাকে রুগ্ন করে দেওয়ার একটা চক্রান্ত চলছে। এইভাবে আমাদের এখানকার কর্মসংস্থানের সুযোগগুলোকেও বন্ধ করে দেওয়া হচ্ছে। আমার অনুরোধ বিষয়টা শ্রমদপ্তরের মন্ত্রিমহাশয়ের গুরুত্ব দিয়ে দেখা উচিত। এই সংস্থাগুলোর সদর দপ্তরগুলো যাতে অন্য কোথাও তুলে না নিয়ে যাওয়া হয় সেটাও দেখার জন্য অনুরোধ করছি।

[12-50 — 1-30 pm. (Including adjournment)]

**শ্রী কাশীনাথ মিশ্র :** স্যার, বাঁকুড়া জেলাতে ব্যাপকভাবে হস্তীর উপদ্রব বেড়েছে। যেভাবে বিষ্ণুপুর, খাতরা এলাকাতে উপদ্রব শুরু হয়েছে তাতে সাধারণ গরিব মানুষের ভীষণ ক্ষতি হচ্ছে। বাড়িঘর ভাঙছে, জমির ফসল নষ্ট করছে। সেখানে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে। আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী তপন হোড় :** স্যার, আমাদের রাজ্যের আইনশৃঙ্খলার প্রশ্ন বারবার উঠেছে। আজকে প্রমাণিত যে আমাদের বিরোধীপক্ষের একশ্রেণীর আশ্রয়ে যে সমাজবিরোধীরা রয়েছে তাদের কারণেই কোনও কোনও জায়গায় আইনশৃঙ্খলা বিপন্ন হতে যাচ্ছে।

বিধানসভার চত্বরে আমরা দেখছি কি ভাবে দুষ্কৃতকারীদের সঙ্গে থেকে থেকে কি ভাবে ওঁরাও দুষ্কৃতকারী হয়ে গেছেন। এখন এঁরাই দুষ্কৃতকারীদের ভূমিকা নিচ্ছেন, অ্যাসেম্বলির যারা স্টাফ আছেন তাদের মারধোর করা হচ্ছে, বিধানসভার যারা রিপোর্টার আছেন তাদের কাগজ ছুঁড়ে ফেলে দেওয়া হচ্ছে, আপনার উপরেও হামলা হচ্ছে। এই যে দুষ্কৃতকারীদের যে কাজ সেই কাজ যদি এঁরাই করতে থাকেন তাহলে পশ্চিমবঙ্গে যে দুষ্কৃতকারীরা আছে তারা আজকে এ ব্যাপারে উল্লসিত হবে। আজকে জনপ্রতিনিধি হয়ে বিরোধীরা এই সব কাজ করছেন। কাজেই আমি বলছি এই সমাজ বিরোধীদের বিরুদ্ধে রাজ্য সরকার কঠোর ভূমিকা নেবেন।

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় আইনমন্ত্রীর এবং সর্বোপরি আপনার দৃষ্টি আকর্ষন করতে চাইছি। সম্প্রতি মহাকরণের ল' ডিপার্টমেন্টের ঘরে খুব গুরুত্বপূর্ণ কিছু তথ্য ছিল এবং সেখানে কিছু পুরনো গেজেট এবং প্রসিডিংসের এমন কিছু ফাইল ছিল, যে ফাইলে গুরুদাস বন্দ্যোপাধ্যায়, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়-এর চিঠি ছিল এবং লর্ড কার্জন থেকে শুরু করে অনেক গভর্নরদের এবং উচ্চপদস্থ ব্যক্তিদের নির্দেশাবলী, মতামত স্বলিত কাগজপত্র ছিল। সেই ঘরে কিছু অফিসার বসবে বলে সেই ফাইলগুলিকে কিছু দিন আগে বাইরের বারান্দায় ফেলে দেওয়া হয়েছে। হঠাৎ কি কারণে দেখতে পাচ্ছি সেই ফাইল সেখানে নেই, যেটা গভর্নমেন্টের আর্কাইডে যাওয়ার কথা ছিল। আমি জানি না এত বড় সামাজিক অপরাধ কারা করলেন। একটা গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে, মুখ্যমন্ত্রীর ঠিক উপরের ৪ তলার ঘরে একটা ক্ষমাহীন অপরাধ ঘটলো। আমি চাইছি আপনার মাধ্যমে পূর্ণ তদন্ত করা হোক এবং বিষয়টা কোন জায়গায় আছে এবং এর কাগজপত্র কোথায় গেল। অত্যন্ত গুরুত্বপূর্ণ নথিপত্র কোথায় গেল, আপনি নির্দেশ দেবেন.... (এই সময় মাইক অফ্ হয়ে যায়)

**শ্রী গোবিন্দ নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক দিন আগে বারুইপুর থানা সি. পি. এমের কতগুলি লোকের চাপে পড়ে আটক খুনের সাক্ষীকে ছেড়ে দিতে বাধ্য হলো। বারুইপুরের হিমচীগ্রামে গত ১৭ তারিখে নূর বক্স গাজী নামে সি. পি. এমের একজন কর্মী খুন হন এবং যিনি প্রত্যক্ষদর্শী সেই আর্শাদ শেখকে পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য বারুইপুর থানায় ডেকে নিয়ে আসে। কিন্তু সি. পি. এমের উভয় পক্ষের মধ্যে মত বিরোধ হয়েছে এই নিয়ে। আজকে সেখানে সি. পি. এমের

এবং অন্য কিছু পুলিশ অফিসার হিমচী গ্রামে গিয়ে তৃণমূল কংগ্রেস কর্মীদের বাড়িঘর লুঠ করেছে, আক্রমন করেছে, অত্যাচার করেছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার ১.৩০ মিনিট সময়ে মিলিত হব।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1-30 — 1-40 p.m.]

(After Recess)

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

## DEMAND NO. 67

**Mr. Deputy Speaker :** There are 20 cut motions to Demand No. 67. All the cut motions are in order and taken as moved.

| | |
|---|---|
| Dr. Asish Banerjee<br>Shri Biman Chakraborty<br>Shri Kalipada Mondal<br>Shri Kallol Khan<br>Shri Tamonash Ghosh<br>Shri Ajit Bhunia<br>Shri Manturam Pakhira<br>Shri Sadhan Pande<br>Shri Abu Taher Khan<br>Shri Bankim Chandra Hazra<br>Shri Abdul Mannan<br>Shri Kashinath Misra | Sir I beg to move that the amount of the demand be reduced by Rs.100/- |

Shri Tarak Bandyopadhyay

**শ্রী সৌগত রায় :** স্যার মাননীয় মন্ত্রীমহাশয় যে, ৩৯৪ কোটি ৯৬ লক্ষ টাকার বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যে কাট-মোশন আনা হয়েছে তাকে সমর্থন করে বক্তব্য রাখছি। এই দপ্তরের আগে নাম ছিল ক্ষুদ্র সেচ দপ্তর এবং যখন ১৯৭২ থেকে ১৯৭৭ সালে কংগ্রেসের সরকার ছিল তখন এই ক্ষুদ্রসেচ দপ্তর এগ্রিকালচার ডিপার্টমেন্টের অন্তর্ভুক্ত ছিল। সাত্তার সাহেব কৃষি এবং ক্ষুদ্রসেচ দুটো দপ্তরেরই মন্ত্রী ছিলেন। সেই সময় ক্ষুদ্র সেচে কাজ শুরু হয়েছে। বিশেষ করে মুর্শিদাবাদ, মালদা, নদীয়া, উত্তর ২৪ পরগনায় ডিপ-টিউবওয়েল, আর. এল. আই.-র মাধ্যমে এবং ইলেকট্রিফিকেশনের মাধ্যমে সেই সময় ক্ষুদ্রসেচের কাজ শুরু হয়েছিল। পরবর্তীকালে বামফ্রন্ট সরকার আসার পর প্রথম থেকেই এই দপ্তর সি. পি. আই.-র হাতে আছে এবং এই দপ্তর আগেও সি. পি. আই.-র বিভিন্ন মন্ত্রী, ওমর আলি, কামাক্ষ্যাবাবু এবং নন্দবাবুর হাতে আছে। নন্দবাবু মাইনর ইরিগেশন থেকে মেজর ইরিগেশন-ওয়াটার ইনভেস্টিগেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট করলেন। এখন আমাদের বিচার করা দরকার ডিপার্টমেন্ট কি রকম কাজ করছে। স্যার, আমি অন্য কোনও প্রশ্ন তোলার আগে রেকর্ডে যে একটা গোলমাল, ইনকংগ্রুইটি আছে সেটা সম্বন্ধে আপনার এবং মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ইকোনমিক রিভিউ, স্ট্যাটিস্টিক্যাল এ্যাপেনডিক্স, পাতা নম্বর ৯৮-তে এটা আছে যে, পশ্চিমবাংলায় টোট্যাল ইরিগেশন প্রোটেনসিয়াল ক্রিয়েটেড কত? না, মেজরে ১,৪২৯ লক্ষ হেক্টর আর মাইনরে ৩,৩৬৪ লক্ষ হেক্টর অর্থাৎ টোট্যাল ৪,৭৯৩ লক্ষ হেক্টর। তার মানে ৪৭৯৩ লক্ষ হেক্টর ইরিগেশন প্রোটেনসিয়াল ক্রিয়েটেড। মাননীয় মন্ত্রী বাজেট বক্তৃতায় বললেন, পশ্চিমবঙ্গে ৫৫ লক্ষ হেক্টরের মধ্যে ৩৪ লক্ষ হেক্টর, অর্থাৎ ৬২ শতাংশে সেচের ব্যবস্থা পৌঁচেছে।

আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই যে, কোনটা ঠিক? ৩৪ লক্ষ হেক্টর জমি না কি ৪৭ লক্ষ ৯৩ হাজার হেক্টর জমি? কোনটা ঠিক সেটা আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন। গত ২৫ বছর ধরে বামফ্রন্ট সরকার রিগিং ইত্যাদি করে পশ্চিমবঙ্গে ক্ষমতায় আছেন। তার ফলে গত ২৫ বছরে ধরে বামফ্রন্ট সরকারের নেতৃত্বে পশ্চিমবঙ্গে জলের ক্ষেত্রে যে ভাবে দায়িত্বজ্ঞানহীন ভাবে জলসম্পদকে নষ্ট, অবহেলিত করা হয়েছে তার কোনও তুলনা নেই। এটা

ঠিক গত ২০-২৫ বছর আগে চালের ক্ষেত্রে উন্নত প্রযুক্তি এসেছে। হাইব্রিড বীজ ধান চাষের ক্ষেত্রে কৃষক গ্রহন করতে শুরু করেছে। তার ফলে যত্র-তত্র যেরকম সেরকম কোনও পরিকল্পনা না করে ডিপ্ টিউবওয়েল খোঁড়া হয়েছে। এর মধ্যে হাই ক্যাপাসিটির ডিপ টিউবওয়েল, মিডিয়াম ক্যাপাসিটির ডিপ টিউবওয়েল আছে। এবং জেলা পরিষদ স্তরে, রাজ্য স্তরে কোনও জায়গায় কোনও নিয়ন্ত্রণের ব্যবস্থা হয় নি। তার ফলে পশ্চিমবঙ্গে বাইরে থেকে যখন কেউ আসে তখন তিঁনি বলেন, 'তোমাদের এখানে এক সারফেস ওয়াটার রয়েছে, এত জল জমে থাকে, এত খাল, বিল, নদী, পুকুর আছে, অথচ তোমরা এই জলকে ব্যবহার করতে পারছো না?' মহারাষ্ট্রের পশ্চিমে বৃষ্টি প্রায় হয় না। সেখানে পাহাড় আছে, সেখানে খাল, বিল, পুকুর নেই, ওরা সেখানে রেইন ওয়াটার হারভেস্টিং করে সেটা দিয়ে পারকুলেশন ট্যাংক তৈরি করেছে এবং মাটির মধ্যে কুয়ো খুঁড়ে ড্রপ বাই ড্রপ সেখান থেকে জল বের করে চাষ করছে—এ ভাবে তারা আখ চাষ করছে, ভুট্টা চাষ করছে। এই জল দিয়ে হর্টিকালচার হচ্ছে। এসবই রেইন ওয়াটার হারভেস্ট করে হচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গে গত ২৫ বছর ধরে কোনও রকম রেইন ওয়াটার হারভেস্টিং হয় নি। বাঁকুড়া, পুরুলিয়ায় লাল মাটির অঞ্চলে, মেদিনীপুর, ঝাড়গ্রাম সাবডিভিসনে সেখানকার কৃষকরা এখনও মাটির থেকে জল তুলে কিভাবে সেটাকে ঠিকমতো ইউটিলাইজ করা যায় তার কোনও ব্যাপক প্রচেষ্টা এখনও হয় নি। তার ফলে বোরো চাষ বাড়ছে। জমিতে ১০০ পারসেন্ট হাইব্রিড ভ্যারাইটির বোরো চাষ করা হচ্ছে। ফেব্রুয়ারি-মার্চ মাসে উইন্টার প্যাডির সময় জল লাগে। সেই সময় দুটো ডিমান্ড আসে। প্রথমত বিদ্যুৎ দিতে হবে। গ্রামে অনেক সময় সরকার ফেল করে, অনেক সময় ট্রান্সফর্মার পুড়ে যায়, গ্রামে তখন ডিজেল দিয়ে পাম্প চালানো হয়। গ্রামে শুধু সরকারি ডিপটিউবওয়েল নয়, আজকে বড় কৃষক যাঁরা তাঁরা ডিপটিউবওয়েল করছেন। গ্রামের তরুণ বেকাররা নিজেদের পয়সা খরচ করে এইসব মিডিয়াম ডিপ টিউবওয়েল করছে এবং পরে তারা সেই জল বিক্রি করে দিচ্ছে। তার ফলে আমাদের এখানে অ্যাকুইফার অর্থাৎ জলের স্তর ব্যাপকভাবে নেমে যাচ্ছে। এটা ভবিষ্যতে আমাদের বিরাট বিপদ নিয়ে আসবে।

মাননীয় মন্ত্রিমহাশয় নিজে স্বীকার করেছেন যে, পশ্চিমবঙ্গে এজন্য ৩৩টি ব্লক গ্রে হয়ে গেছে এবং ৬৭টি ব্লক ডার্ক হয়ে গেছে। গ্রে মানে সেখানে জল সাবধানে

তোলা উচিত, আর ৬৭টি ব্লক ডার্ক হয়ে গেছে অর্থাৎ সেখানে ফারদার জল তোলা উচিত নয়। প্রথম যখন আর্সেনিক ধরা পড়ল তখন মনে করা হয়েছিল যে মূলত যে কীটনাশক দেওয়া হচ্ছে সেটাই চুঁইয়ে চুঁইয়ে ফার্স্ট অ্যাকুইফারে চলে যাচ্ছে। কিন্তু এখন দেখা যাচ্ছে আর্সেনিকের জন্য কতকগুলো জিওলজিকাল কারণ আছে। আর্সেনিক এফেকটেড ব্লক আছে ৭৬টি, তার মধ্যে ৩৩টি গ্রে ব্লক, ৬৭টি ডার্ক ব্লক। পশ্চিমবঙ্গে সারফেস ওয়াটার যথেষ্ট থাকা সত্ত্বেও আপনারা তার প্রপার ইউটিলাইজ করতে পারেন নি। আপনারা এখানে খাল, বিলের জলে ইরিগেশন করতে পারেন নি, নদীর জলে যথেষ্ট রিভার লিফট্ ইরিগেশন করতে পারেন নি, বাঁধগুলো শিল্ট পড়ে গেছে। আপনারা মাটির তলার জলসম্পদ যথেচ্ছ ব্যবহার করেছেন। যে কোনও জিনিস যথেচ্ছ ব্যবহার করলে যা হওয়ার তাই হয়েছে। বিপদ হচ্ছে। আর্সেনিকের সমস্যা মেটানোর জন্য ২২০ কোটি টাকা খরচা করে বজবজে প্ল্যান্ট বসানো হয়েছে। দক্ষিণ ২৪-পরগনায় আর্সেনিক এফেকটেড এরিয়ায় প্ল্যান্ট বসানো হলেও উত্তর ২৪-পরগনায় আর্সেনিক এফেকটেড এরিয়ায় প্ল্যান্ট বসানো যায় নি। সেখানে গোবরডাঙ্গা ও অন্যান্য এলাকায় অনেক টিউবওয়েলকে কনডেম করে দিতে হয়েছে। নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার ব্যাপক অঞ্চলে আর্সেনিক আছে। সেখানে এখন পর্যন্ত কোনও বড় প্রকল্প হয় নি। দুটো প্রকল্প হয়েছে, একটা মালদায় আর একটা দক্ষিণ ২৪-পরগণায়। আজকে মাননীয় মন্ত্রী নিশ্চয়ই বলবেন যে, আর্সেনিক দূর করার জন্য এত দিন তাঁরা কি ব্যবস্থা নিয়েছেন। বামফ্রন্টের ২৩ বছর পার হয়ে যাবার পরে গত বছর এই হাউসে একটা আইন আনা হয়েছিল—ওয়েস্ট বেঙ্গল। Resources Conservation, Protection and Development (Management, control and Regulation Act of 2000, আমরা সেই আইনের ওপর একটা অ্যামেন্ডমেন্ট পর্যন্ত দিই নি। আমরা বলেছিলাম,—হ্যাঁ, এটা এখনই করা দরকার। তাড়াতাড়ি আইন পাশ করুন। ২১-০৭-২০০০ তারিখে আমরা এখান থেকে আইন পাশ করে দিয়েছি। কিন্তু যে কোনও কারণেই হোক এক বছর হতে চললো এখন পর্যন্ত প্রেসিডেন্সিয়াল অ্যাসেট আসেনি। ফলে এখন পর্যন্ত রাজ্য সরকার জল ব্যবহার নিয়ন্ত্রনের জন্য কোনও ব্যবস্থাই করতে পারেন নি। আমাদের দাবি অবিলম্বে নিয়ন্ত্রন করা হোক। ভারতবর্ষের বিভিন্ন জায়গা-সহ পৃথিবীর বিভিন্ন জায়গায় ওয়াটার ফুটিং এবং ওয়াটার হার্ভেস্টিং টেকনিক চালু হয়েছে। কিন্তু আমাদের রাজ্যে এখনো তা হয়নি। আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু ইজরায়েলে গিয়েছিলেন। সেখানে তিনি দেখে এসেছেন মরুভূমিতে, ডেজার্টে ওয়াটার হার্ভেস্টিং-

এর সাহায্যে জল রক্ষা করছে। আর আমরা মাটির ওপরের এবং মাটির তলার জল নষ্ট করছি। আমাদের কোনও রকম পরিকল্পনা নেই। এর চেয়ে দুঃখের আর কি হতে পারে! আমি আশা করব মাননীয় মন্ত্রী এই ব্যাপারে দৃষ্টি দেবেন। এই সঙ্গে আমি মাননীয় মন্ত্রীর কলকাতার দিকে দৃষ্টি আর্কষন করছি। আমি কলকাতার যে এলাকায় থাকি সেই এলাকায় আমরা যখন প্রথম গিয়েছিলাম তখন কর্পোরেশনের জল ছিল না। বাড়িতে টিউবওয়েল করতে হয়েছিল। কলকাতায় ৬০ ফুট তলায় জল পাওয়া যায়। এখন জলের স্তর ক্রমশ নেমে যাচ্ছে। কলকাতা শহরের প্রিন্স আনোয়ার শা রোড, বেহালা, আলিপুর প্রভৃতি বিভিন্ন জায়গার জলে আর্সেনিক ধরা পড়ছে। কলকাতার ওভার-অল ম্যাপিং তৈরি করা নেই। অথচ আজকে টেক্‌নোলজি অনেক উন্নত হয়ে গেছে। কিন্তু আমাদের রাজ্য সরকারের কোনও মেকানিজম্ নেই। কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড আছে। নাগপুরে তাদের হেড কোয়ার্টার। তারা সারা দেশের হাইড্রোলিক্যাল ম্যাপিং করে। হাইড্রোলিক্যাল ম্যাপিং-এর আজকে মডার্ন টেকনিক বেরিয়েছে—প্লেন থেকে এবং তার চেয়েও বেশি স্যাটেলাইট থেকে আপনি মাটির তলার পুরো অ্যাকুইফারের ছবি তুলতে পারবেন—মডার্ন রেডিও অ্যাকটিভ টেকনিক্। এর সাহায্যে আপনি যে কোনও জায়গায় সেচের জল পাওয়ার জন্য উদ্যোগ গ্রহণ করতে পারেন। অ্যারিড এরিয়ায় সেচের জল বের করার জন্য চেষ্টা করতে পারেন। যখন রাজীব গান্ধী প্রথম ড্রিংকিং ওয়াটার মিশন চালু করেছিলেন তখন বাঁকুড়া পুরুলিয়া জেলার ড্রট-পর্ণ এরিয়ায় রিগ পাঠানো হয়েছিল। মাননীয় মন্ত্রী বলবেন হাইড্রোলিক্যাল ম্যাপিং তৈরি হয়েছে কিনা। সে জাতীয় কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা তা হাউসে জানাবার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। স্যার, আপনি জানেন বোরো মরশুমে চাষীদের টিউবওয়েল ব্যবহার করতে হয়। কারণ সে সময়ে ডি. ভি. সি.-র যা জল ছাড়া উচিত তা তারা ছাড়ে না। চাষীরা সময়মতো সে জল পায় না। বোরো চাষে অনেক বেশি জলের প্রয়োজন হয়। সে সময় প্রতিদিন বিদ্যুত মন্ত্রীকে বিবৃতি দিতে হয়—'আপনারা রাত্রে পাম্প চালান, দিনে চালাবেন না, সন্ধ্যেবেলা চালাবেন না' ইত্যাদি। বিদ্যুত দপ্তর, সেচ দপ্তর এবং কৃষি দপ্তর এক সাথে বসে এই সমস্যার কি ভাবে মোকাবিলা করা যায়, সে বিষয়ে এ রাজ্যে এখনো পর্যন্ত কোনও নির্দিষ্ট নীতি নির্ধারণ করা হল না। আমি জানি এ বিষয়ে মাননীয় নন্দবাবুর খুব বেশি কিছু করার নেই। কারণ, নতুন ডিপ টিউবওয়েল খনন করার কাজ পুরোপুরি জেলা পরিষদের হাতে চলে গেছে। আমি জানিনা ডিসেন্ট্রালাইজেশনের

নামে পশ্চিমবাংলায় যেটা হচ্ছে, প্রকৃতপক্ষে সেটা কি হচ্ছে! জেলা পরিষদের সভাধিপতির হাতে সমস্ত পাওয়ার কনসেনট্রেটেড হয়েছে। একটা জেলা পরিষদের একজন সভাধিপতি ৫৬টি কমিটির চেয়ারম্যান। তিনি সুপারম্যান নন। তাঁর পক্ষে সর্বক্ষেত্রে অ্যাটেনশন দেওয়া, সব প্রবলেম দেখা সম্ভব নয়। নিরক্ষরতা দূরীকরণ থেকে জল, সব কিছু জেলা পরিষদের মাধ্যমে হবে, সব কাজের কমিটির চেয়ারম্যান সভাধিপতি। তিনি কি করে অ্যাটেনশন দেবেন? তার ফলে গত বছর জেলা পরিষদকে যে টাকা দেওয়া হয়েছে—টোটাল গ্রান্ট-ইন এইড, ৮২ কোটি ২১ লক্ষ টাকা জেলা পরিষদ পেয়ে গেছে। আপনি যদি দেখেন তাহলে দেখবেন, ২০০০-২০০১ সালে এখানেও প্রায় ১৪২ কোটি টাকা জেলা পরিষদের হাতে চলে যাবে। টাকা আসছে আর. আই. ডি. এফ. ফান্ড থেকে যেটা কেন্দ্রীয় সরকারের কেন্দ্রীয় বাজেটের ফলে ইনট্রোডিউস করেছেন। তাই আমি যে কথা বলতে চাই, আপনার দপ্তরের যে মূল বাজেট—সুইড অর্থাৎ সুইড ওয়াটার ইনভেসটিগেশন ডিপার্টমেন্ট, তার জন্য সবচেয়ে কম টাকা, ১ কোটি ৬৫ লক্ষ টাকা। ১ কোটি ৬৫ লক্ষ টাকা মাত্র সুইডকে দিচ্ছেন। আপনার যে মেইন বাজেট তার মধ্যে ৮৯ কোটি টাকা দিয়ে দিতে হচ্ছে জেলা পরিষদকে। কিন্তু রাজ্যের ওভারঅল প্ল্যানিং, ওভারঅল ম্যাপিং এবং জলের যে ফেয়ার ডিসট্রিবিউশন সেটা করা হচ্ছে না। অথচ এটা মাইনর ইরিগেশনের উপর নির্ভর করে। এখানে দেখছি, মোটামুটি ওয়ান-থার্ড মেজর ইরিগেশন আর মাইনর ইরিগেশন টু-থার্ড পাচ্ছে। আমাদের ড্যাম সিল্ট করে গেছে। নতুন কোনও প্রোজেক্ট হচ্ছে না। তিস্তা এখনো কমপ্লিট হয়নি। নতুন কোনও বড় প্রোজেক্ট আসছে না। অথচ এই ডিপার্টমেন্টের যে ওভারঅল দৃষ্টি দেওয়া উচিত ছিল জলের প্রতি, জল কনজারভেশনের প্রতি যে দৃষ্টি দেওয়া উচিত ছিল এখনো পর্যন্ত সেই দৃষ্টি দেওয়া হয়নি সারা পশ্চিমবংলায়, এমন কি কলকাতায়। গ্রামের পানীয় জল সরবরাহের দায়িত্ব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এর কিন্তু চাষের জল সরবরাহের দায়িত্ব পুরোপুরি এই ডিপার্টমেন্টের। এখানে অবশ্য ফিগার নেই রাজ্যসরকারের। আপনারা নিজেরা কিছু টিউবওয়েল করেছেন। যেমন, সারা রাজ্যে টিউবওয়েল করেছেন ৩ হাজার ৬৯৫টি হাই-ক্যাপাসিটির, মিডিয়াম ক্যাপাসিটির করেছেন ৪৮৩ আর ২ হাজার ৯৬৫টি করেছেন স্মল ক্যাপাসিটির। এ ছাড়া আছে শ্যালো টিউবওয়েল। কিন্তু রাজ্যের অধিকাংশ টিউবওয়েলই চলে না, মেকানিক থাকে না, পার্টস খারাপ হয়ে যাচ্ছে। এ ব্যাপারে মাইনর ইরিগেশনের কোনও উদ্যোগ নেই। কৃষকেরা নিজেদের উদ্যোগ নিয়ে টিউবওয়েল বসাচ্ছে চাষে জল

দেবার জন্য তাই এই দপ্তরের বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০১-২০০২ সালের জন্য ৬৭ নম্বর দাবির অধীন মাননীয় মন্ত্রী জল সম্পদ, অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের যে দাবি পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধীরা যে কাটমোশন এনেছেন তার বিরোধিতা করে বাজেটের সপক্ষে দু-একটি কথা বলতে চাই। আমি প্রথমেই উল্লেখ করব, পশ্চিমবাংলায় কৃষিক্ষেত্রে যে উন্নতি ঘটেছে চাষযোগ্য জমি করার ফলে এবং খাদ্যে যে স্বয়ম্ভরতা এসেছে তার মূলে আছে ক্ষুদ্রসেচ প্রকল্প। এই ক্ষুদ্রসেচ প্রকল্পের জন্যই পশ্চিমবাংলা খাদ্যে স্বয়ম্ভরতা নির্ভর করছে। আমাদের রাজ্যে মোট যে জমি আছে তার কৃষি জমির পরিমান ৫৫ লক্ষ হেক্টর। সেই জমির ৬২ শতাংশ আজকে সেচ পাচ্ছে। বিগত প্রায় আড়াই দশকে ক্ষুদ্র সেচের ক্ষেত্রে অভাবনীয় অগ্রগতি ঘটেছে। প্রায় ৩৪ লক্ষ হেক্টর জমিতে চাষীভাইরা নিশ্চিতভাবেই সেচের সুযোগ পাচ্ছেন। এর ফলে শুধু মধ্যবিত্ত, গরিব মানুষদেরই উপকার হচ্ছে না, ঐসব এলাকার যারা ক্ষেত-মজুর, ভূমিহীন চাষী তারা সারা বছর ধরে কাজ পাচ্ছে। একদা লক্ষ্য করেছিলাম, গ্রাম বাংলায় গ্রামের জমিগুলিতে এক ফসল হতো। এখন সেইসব এক ফসলি জমিতে দুই ফসল হচ্ছে। আবার দুই ফসলি জমিতে ৩ ফসল হচ্ছে আর এলাকার ক্ষেত-মজুররা সারা বছর ধরে কাজ পাচ্ছে। এই কাজ পাবার ফলে তাদের পরিবারের সদস্যদের মুখে দুইবেলা দুমুঠো ভাত দিতে পারছে। এই যে বিরাট সাফল্য বিরোধীরা দেখতে পাচ্ছেন না এবং এটা সম্ভব হয়েছে বামফ্রন্ট সরকারের আমলেই। শুধু তাই নয়, সেচসেবিত এলাকায় ভূমিহীনরা আজকে কাজ পাবার ফলে গ্রাম বাংলার অর্থনীতি বদলে গেছে।

[1-50 — 2-00 p.m.]

সেখানে বাজার সৃষ্টি হয়েছে, নতুন নতুন দোকান তৈরি হয়েছে ফলে অর্থনৈতিক অবস্থার একটা বড় পরিবর্তন ঘটে গিয়েছে। ২৫/৩০ বছর আগে সেখানে মাত্র একটি ফসল হত সেটা হচ্ছে ধান। ধান কাটা হয়ে গেলে ক্ষেতমজুর বা ভূমিহীন চাষীদের আর কোনও কাজ থাকতো না। কাজ না থাকার অর্থ তাদের পেটে ভাতও জুটতো না। সেই কারণে গ্রামের মানুষেরা শহরে আসতেন খাদ্যের সন্ধানে। আপনাদের অনেকেরই মনে আছে খাদ্য আন্দোলনের কথা। '৫৯ সালে কংগ্রেস আমলে গ্রামের মানুষ যখন খাদ্যের দাবিতে কোলকাতা শহরে এসেছিল আন্দোলন করতে তখন

কংগ্রেস দলের খাদ্যমন্ত্রী তাদের খাদ্যের বদলে দিয়েছিলেন গুলি এবং লাঠি। আজকে কিন্তু গ্রামের ক্ষেতমজুর ও ভূমিহীন চাষীরা খাদ্যের সন্ধানে কোলকাতা বা শহরে আসে না। শুধু তাই নয়, গ্রামের কোন গরিব মানুষ আর গ্রামের সম্পন্ন গৃহস্থের ঘরে বিনা নিমন্ত্রণে কোনও অনুষ্ঠানে খেতে যায় না। এর থেকেই বোঝা যায় পশ্চিমবঙ্গে অনেক উন্নতি হয়েছে তার কারণ পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার একটা সুনির্দিষ্ট নীতি এবং পরিকল্পনা নিয়ে কাজ করছেন এবং পরিকল্পনাগুলিকে সার্থক রূপ দিচ্ছেন। পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের এক অংশে আগে কোনও ফসলই হত না। আমাদের পুরুলিয়া জেলা সম্বন্ধে তো বলাই হত যে পুরুলিয়া হচ্ছে লাল কাঁকুরে, রুক্ষ মাটির জায়গা, এখানে কোনও ফসল হবে না। বামফ্রন্টের আমলে কিন্তু অবস্থার পরিবর্তন ঘটে গিয়েছে। আজ সেখানে বিভিন্ন এলাকায় বিভিন্ন ফসল ফলছে। এক ফসলি জমিকে দুই/তিন ফসলিতে পরিণত করা গিয়েছে। বাঁকুড়া জেলাতে আর খাদ্য ঘাটতি নেই। পুরুলিয়া জেলাতে গভীর নলকূপ, অগভীর নলকূপ, গুচ্ছ শ্যালো টিউবওয়েল, আর. এল. আই চালু হয়ে গিয়েছে। বিশেষ করে ইন্দাস, পাত্রসায়ের, সোনামুখী, বড়জোড়া এইসব ব্লকগুলিতে গভীর নলকূপ, গুচ্ছ টিউবওয়েল দিয়ে সারা বছরই ফসল ফলানো হচ্ছে। শুধু ফসল ফলানো হচ্ছে তাই নয়, এগুলিকে পরিচালনা ও রক্ষনাবেক্ষন, মেরামতির জন্য পঞ্চায়েতকে যুক্ত করে উপকৃত ব্যক্তিদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে এবং এই কমিটিগুলি সফলভাবে কাজ করার ফলে এ ক্ষেত্রে সাফল্য পাওয়া গিয়েছে। স্যার, সারা রাজ্যের সাথে সাথে আমাদের পুরুলিয়া, বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে ভূগর্ভস্থ জল ও জলের স্তর ঠিক রাখতে ভূ-পৃষ্ঠের উপরে বৃষ্টির জলকে ধরে রাখতে বাঁধ ও পুকুর খনন করা দরকার। তা না হলে বৃষ্টির জল নালা বেয়ে চলে যাবে। ভূগর্ভস্থ জলের স্তর যাতে ঠিক থাকে তার জন্য ভূপৃষ্ঠের উপরের জলকে ধরে রাখার কাজটা ঠিক মতোন করা দরকার। সরকার এ ক্ষেত্রে চিন্তা ভাবনা করছেন, আমার অনুরোধ, এ ব্যাপারে আরও বেশি চিন্তা ভাবনা মন্ত্রিমহাশয় করুন। স্যার, আমরা জানি, ক্ষুদ্র সেচকে জোরদার করতে সরকার ন্যাবার্ডের আর. আই. ডি. এফ. প্রকল্পের মাধ্যমে কতকগুলি সেচ প্রকল্প রূপায়ণ করছে। এর মধ্যে আছে—একটি উচ্চ ক্ষমতার নলকূপ, একটি মাঝারি ক্ষমতার নলকূপ, একটি স্বল্প ক্ষমতার নলকূপ, দুটি অগভীর নলকূপ, একটি বড় নদী জল প্রকল্প, একটি ছোট নদী জল প্রকল্প। এই কাজ হাতে নেওয়া হয়েছে এবং এর যথেষ্ট অগ্রগতি হয়েছে। ২০০০ সালের সেপ্টেম্বর মাস পর্য্যন্ত এর জন্য ৫৬.৮৬ কোটি টাকা খরচ হয়েছে। ২০০১/২০০২ সালের জন্য পঞ্চম পর্যায়ে প্রকল্পটি জেলা পরিষদের মাধ্যমে করার প্রস্তাব আছে।

ঐ প্রকল্প হল ৭৫টি গভীর নলকূপ, ৪৬টি মধ্যম ক্ষমতাসম্পন্ন নলকূপ, ১৬২টি নিম্ন ক্ষমতাসম্পন্ন নলকূপ, ২৮০টি ডিজেল ইঞ্জিন চালিত অগভীর নলকূপ, ৫৩টি বৃহৎ, ২০টি মধ্যম এবং ২৪৩টি নিম্ন ক্ষমতাসম্পন্ন নদী জলোত্তলন প্রকল্প। তাছাড়া স্বর্ণজয়ন্তী গ্রাম সমৃদ্ধি যোজনা, জওহর গ্রাম সমৃদ্ধি যোজনার মাধ্যমে বিভিন্ন ক্ষুদ্র সেচ-ব্যবস্থা তৈরি হচ্ছে। এর মাধ্যমে প্রতি বছর ৮ থেকে ১০ হাজার হেক্টর নতুন জমিতে ক্ষুদ্র সেচের সম্ভাবনা সৃষ্টি হচ্ছে। রাজ্যে বড় ও মাঝারি সেচ প্রকল্পের মাধ্যমে ১৯৯৯-২০০০ সালে ৩৫.১০ হাজার হেক্টর জমিতে সেচের সম্ভাবনার সুযোগ তৈরি হচ্ছে। ১৯৯৯-২০০০ সালে রাজ্যে বড় ও মাঝারি সেচ প্রকল্পের মাধ্যমে সর্বমোট ১৪২৯.৭০ হাজার হেক্টর জমিতে সেচের সুযোগ সৃষ্টি করা হচ্ছে। ২০০০-২০০১ সালে আরো ৬২ হাজার হেক্টর জমিতে সেচের সুযোগ সৃষ্টি করা হবে বলে আশা করা যায়। ভূগর্ভস্থ জলস্তরের দীর্ঘকালীন গতিপ্রকৃতি এবং জলের গুণগত প্রকৃতি পর্যবেক্ষণের জন্য রাজ্য জল অনুসন্ধান অধিকার রাজ্যের বিভিন্ন স্থানে প্রায় ২৯টি হাইড্রোগ্রাফ তৈরি করছে। আজকে রাজ্যের কিছু জায়গায় জলস্তরের ক্রমাবনতি লক্ষ্য করে রাজ্য সরকার উদ্বিগ্ন। তার জন্য বর্ষার উদ্বৃত্ত জল ভূগর্ভে পাঠাবার জন্য নানাপ্রকার প্রকল্প পরীক্ষামূলকভাবে নেওয়া হয়েছে। সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড-এর সহযোগিতায় এই রকম কয়েকটি প্রকল্প কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন। পুরুলিয়া, বাঁকুড়া এবং উত্তর ২৪-পরগনার কয়েকটি প্রকল্পে ১৩২.৬৯৫ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে।

যা হোক, আমি একটি কথা বলি প্রস্তাব আকারে। আমাদের রাজ্যে ক্ষুদ্র সেচ এবং মিনি ডিপটিউবওয়েল করার ক্ষেত্রে উচ্চ ক্ষমতাসম্পন্ন বোরিং মেশিন রাজ্যে নেই। সেটা আগামী দিনে ব্যবস্থা করবেন এই প্রস্তাব রাখছি। আপনাদের সময় ক্ষেতমজুর, চাষী, পাটাদার, তারা আকাশের দিকে তাকিয়ে বলতো—আল্লা মেঘ দে, পানী দে। কিন্তু আজকে তারা জোরের সঙ্গে সরকারের কাছে পানী চাইতে পারছেন। তার জন্য ৬৭ নং দাবির সপক্ষে যে ব্যয়মঞ্জুরি চেয়েছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে, সঙ্গে সঙ্গে বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে শেষ করছি।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী নেপাল মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এবং উপস্থিত সদস্যবৃন্দ আজকে ২০০১-২০০২ সালের জন্য সম্পদ উন্নয়নের যে ব্যায় বরাদ্দ এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে মাইনর ইরিগেশনের উপর দু-চারটি কথা বলতে চাই।

মাননীয় মন্ত্রিমহাশয় পশ্চিমবাংলাতে মাইনর ইরিগেশনের উপর যে গুরুত্ব দিয়েছেন সেই গুরুত্ব যতটা দেওয়া দরকার তা দেওয়া হয় নি। আজকে সারা পশ্চিমবাংলায় যদি মাইনর ইরিগেশনের উপর কয়েকটি পরিসংখ্যান পরীক্ষা করে দেখি তা হলে দেখতে পাব যে পশ্চিমবাংলাতে বেশির ভাগ জমি চাষের জন্য যে সেচ সেটা মাইনর ইরিগেশনের উপর নির্ভরশীল। এটা কি ভাবে ব্যাহত হচ্ছে সরকারি অপচেষ্টার জন্য সরকারের গাফিলতির জন্য সেটা পরিসংখ্যান দিলেই বোঝা যাবে। পরিসংখ্যান হলো, ডিপ-টিউবওয়েল ৩৬১৪টি, মিডিল ডিপ টিউবওয়েল হচ্ছে ৪২৩টি, লো ক্যাপাসিটি টিউবওয়েল হচ্ছে ২৭১৪টি, অগভীর নলকূপের সংখ্যা ৪৯৩৮টি, আর. এল. আই ৩৩৫৮ টি এবং ওপেন ড্রাগ ওয়েল হচ্ছে ৭২৮৮টি। কিন্তু বাস্তবে আমরা দেখতে পাচ্ছি সারা পশ্চিমবাংলায় অগভীর নলকূপের সংখ্যা প্রায় ৫ লক্ষের মতো। যেখানে সরকারের দ্বারা হয়েছে ৪৯০০ টি। আজকে সারা পশ্চিমবাংলায় মাইনর ইরিগেশনের উপর নজর না দেওয়ার জন্য চাষী ভাইরা টাকা যোগাড় করে ব্যক্তিগত প্রচেষ্টাতে প্রায় সাড়ে চার লক্ষের মতো অগভীর নলকূপ করেছে। এই সাড়ে চার লক্ষ অগভীর নলকূপ তৈরি করে চাষীরা ব্যাপকভাবে চাষ করেছে। এখানে সরকারি কোনও অবদান দেখতে পাচ্ছি না। আর একটা দুঃখের বিষয় স্যার বলি। আমরা জানি পশ্চিমবাংলাতে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ নেই। এই যে ৫ লক্ষ অগভীর নলকূপ করা হয়েছে তার মধ্যে ১ লক্ষের মতো অগভীর নলকূপে বিদ্যুতের ব্যবস্থা আছে, ৪ লক্ষের বিদ্যুতের ব্যবস্থা করতে পারেনি এই সরকার। তার ফলে ডিজেলের বেশি দাম দিয়ে চাষী ভাইদের চাষ করতে হচ্ছে। উনি বলেছেন পশ্চিমবাংলাতে মাইনর ইরিগেশনের অনেক উন্নতি হয়েছে। আমি একটা পরিসংখ্যান দিচ্ছি। পশ্চিমবাংলাতে যে উচ্চ ফলনশীল ধান হয় সেই ধান শতকরা ৫০ ভাগ মাইনর ইরিগেশনের উপর নির্ভরশীল। উচ্চ ফলনশীল ধানের ক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার অবস্থান কোথায় সেটা পরিসংখ্যান দিয়ে দেখিয়ে দিচ্ছি। পশ্চিমবাংলাতে ৪৮.৯ লক্ষ হেক্টর জমিতে উচ্চ ফলনশীল ধান হয়, সেখানে উত্তরপ্রদেশে হয় ১৪৯.৭ লক্ষ হেক্টর, পাঞ্জাবে হয় ৫৪.২ লক্ষ হেক্টর, মধ্যপ্রদেশে হয় ৭৮ লক্ষ হেক্টর এবং বিহারে হয় ৬৭.৫ লক্ষ হেক্টর। সারা পশ্চিমবাংলাতে হয় মাত্র ৪৮.১ লক্ষ হেক্টর, বিহার থেকে পেছনে পড়ে আছে। এই যে উচ্চ ফলনশীল ধান এই ধানের উৎপাদন, এটা ৫০ ভাগ মাইনর ইরিগেশনের উপর নির্ভরশীল। ফলে মাইনর ইরিগেশনের উপর কতটা গুরুত্ব দিয়েছেন এই সরকার সারা পশ্চিমবাংলার জন্য সেটা এই পরিসংখ্যান থেকেই বোঝা যায়। আজকে আর. এল.

আই.-এর কথা বলেছেন উনি। এই আর. এল. আই শতকরা ৫০ ভাগ অকেজো। তিনি কি একটা পরিসংখ্যান দিতে পারবেন যে সারা পশ্চিমবাংলায় কত আর. এল. আই চালু আছে? এই হাউসে আমি পরিসংখ্যান দিয়ে বলতে পারি শতকরা ৫০ ভাগ আর. এল. আই বন্ধ।

সেখানে যাঁরা স্টাফ আছেন, তাঁরা মাসে মাসে বেতন তুলে নিয়ে যান। কিন্তু আর. এল. আই. এর জল কোনওদিন ওঠে না। আজকে আর এল আই-এর এই পরিস্থিতি। এর পাশাপাশি অগভীর নলকূপ, ডিপ টিউবওয়েলগুলোর ৪৫ ভাগ অকেজো বিদ্যুতের অভাবে এবং যন্ত্রপাতি বিকলের জন্য এবং বিভিন্ন ম্যানেজমেন্টের ফেলিওরের জন্য এগুলো বন্ধ হয়ে পড়ে আছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের ইচ্ছা থাকলেও, মাইনর ইরিগেশনের ওপরে তিনি যে গুরুত্ব দিতে চাইছেন, তিনি এখানে ব্যয় বরাদ্দের যে হিসাব দিয়েছেন, বিভিন্ন জায়গায় যে স্ট্রাকচার আছে, পঞ্চায়েতের মাধ্যমে যেভাবে দেখভাল করার ব্যবস্থা হয়েছে, তাতে সমস্ত জিনিসটি বিপর্যস্ত হয়ে গেছে। তাই আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরোধ করব, পশ্চিমবাংলার পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের মধ্যে পুরুলিয়া সম্বন্ধে জানেন, পুরুলিয়ার একটা কোয়ালিফিকেশন হচ্ছে 'খরা'। অন্য জায়গায় যখন বন্যা হয়, তখন পুরুলিয়াতে জলের অভাব দেখা দেয়। দুঃখের বিষয়, সারা পশ্চিমবাংলায় মাটির যে আকার, পুরুলিয়া জেলায় মাটির আকার সেটা নয়। অন্যান্য জেলার জন্য সেচের যে পরিকল্পনা করা হয়, সেটা যদি পুরুলিয়ার জন্যও করা হয়, তাহলে সারা পশ্চিমবাংলাতে আমরা যে ইচ্ছা করছি, সেটা সম্পূর্ণ ব্যর্থ হবে। আমরা দেখেছি, ১৯৬৮—'৬৯ সালে পুরুলিয়ার বিভিন্ন জায়গাতে বিগ ডায়ামিটারের কূপ তৈরি করা হয়েছিল। দীর্ঘদিন পরে এখনও বিগ ডায়ামিটারের কুয়োগুলো সাকসেসফুল হয়েছে। এর মাধ্যমে চাষীরা এখনও উপকার পাচ্ছে, যে ক'টা এখনও চালু আছে, সেখান থেকে তারা উপকার পাচ্ছে। সেদিন পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মিটিং হয়েছিল, সেখানে আমরা বলেছি। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদে নাকি ৭০ ভাগ টাকা খরচ করা হবে। বিভিন্ন এলাকাতে বিশেষজ্ঞদের মাধ্যমে, যাঁরা ভূমি সম্বন্ধে জানেন, যাঁরা জিও ফিজিক্স জানেন, তাঁরা বিভিন্ন এলাকার মাটি পরীক্ষা করে, পশ্চিমবাংলার বিভিন্ন জায়গার মাটির আকার, সেচের যে সিস্টেম, সেই সিস্টেমকে সব জায়গাতে এক করা যাবে না। সেইসব জায়গাতে যাঁরা বিশেষজ্ঞ আছেন, তাঁদের দিয়ে পরীক্ষা করিয়ে একটা মাস্টার প্ল্যান তৈরি করতে হবে। আমরা সারা জীবন ধরে দেখে আসছি, ২৫ বছর আগে কংগ্রেস আমলে কয়েকটি যে ড্যাম্প হয়েছিল, কয়েকটি

যে আর. এল. আই. হয়েছিল, তারপর সেই ড্যাম্প, আর. এল. আই. গুলোর কোনও সংস্কার হয়নি। তাই আমি বিশেষ করে পুরুলিয়া এবং বাঁকুড়ার যে মাটি তাকে বিজ্ঞান ভিত্তিক পরীক্ষা করে কিভাবে দু'ফসলি করা যায়, তার জন্য একটু গুরুত্ব দেওয়া উচিত। আজকে বলতে খুব কষ্ট হয়, যখন সারা পশ্চিমবাংলার মানুষ চাষাবাদে মত্ত থাকে, তখন পুরুলিয়া থেকে চাষের কাজ করতে মানুষ পুরুলিয়ার বাইরে চলে যায়। এটা কিসের প্রমাণ? এটা প্রমাণ করে যে চাষের সময়ে পুরুলিয়াতে চাষ হয় না। চাষের জন্য পুরুলিয়াতে যে পরিকল্পনা হওয়া উচিত ছিল তা এই সরকার করতে পারেনি। তাই, স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরোধ করতে চাই, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের টাকা, আপনার টাকা, যাই থাকুক না কেন, বিভিন্ন জায়গাতে চাষের জন্য যে মাইনর ইরিগেশন দরকার, তার জন্য সংশ্লিষ্ট এলাকায় যিনি বিধায়ক আছেন, তাঁদের কাছে পরিকল্পনা নেওয়া উচিত।

[2-10 — 2-20 p.m.]

এবং সেই পরিকল্পনার মাধ্যমে ইরিগেশনের উপরে গুরুত্ব দেওয়া উচিত। আমি পুরুলিয়ার খরা এলাকার কয়েকটি ড্যামের কথা উল্লেখ করছি। আমার গ্রামে কুকি বলে একটি ড্যাম ২৫ বছর তৈরি হয়েছিল। গত বছর পুরুলিয়ায় খরার সময়ে ওর একটি গেট শুধু রিপেয়ারের অভাবে ওই গেটকে সময়মতো সারানো যায় নি। ফলে ড্যামটিকে কাজে লাগাতে না পারার জন্যে ইরিগেশনের অভাবে চাষ করতে পারে নি চাষীরা। ওদের প্রচণ্ড ক্ষতি হয়েছে। তারপরে আরো একটি ড্যাম মুরগুমা ড্যাম—এর সংস্কারের অভাবে সেখানে আশেপাশের যে গ্রামগুলো আছে, সেই গ্রামগুলোতেও জলের কোনও ব্যবস্থা নেই। পুরুলিয়া শুধুমাত্র বৃষ্টির জলের উপর নির্ভরশীল। বৃষ্টির জল যখন পড়বে তখন ড্যামে জল পড়বে এবং সেই জল বিভিন্ন জেলাতে পাঠানো যাবে। তাই ড্যাম সংস্কার অত্যন্ত জরুরি। এর যে ইঞ্জিনিয়ার এবং অফিসাররা আছেন তাদের সকলকে নির্দেশ দিন যাতে সম্ভব হলে তারা যেন পরিদর্শন করেন এবং কি রিপেয়ার দরকার এবং কি সংস্কারের দরকার সেটা পরিকল্পনা করে একটা নিয়ম করে করুন। আরেকটা জিনিস লক্ষ্য করে যাচ্ছি সেটা হচ্ছে যে, জেলার বিভিন্ন রকম নলকূপ, ডিপ টিউবওয়েল এবং কুয়ো খননের ফলে জলের যে লেবেল সেই লেভেলের নিচে চলে যাচ্ছে, এটা অত্যন্ত মারাত্মক। এইজন্য এই ব্যাপারে সমন্বয় থাকার দরকার। পি এইচ ই, ক্ষুদ্র

সেচ এবং ইরিগেশনের সঙ্গে যদি সমন্বয় না থাকে তাহলে কাজের অসুবিধা হবে। ড্রিংকিং ওয়াটার নিয়ে পি এইচ ই কাজ করছেন তারা জানেন জলের লেভেল কি হবে। কিন্তু চাষীরা নিজেরা খরচ করে কুয়ো তৈরি করছে, তারা জানে না জলের লেভেল কি, কোন জায়গায় কতটা জল আছে এবং কোন জায়গা জল পাওয়ার জন্যে খুঁড়তে হবে। আমার কাছে খবর আছে আপনি একটা ম্যাপ তৈরি করেছেন জলের বোতল কম হওয়ার জন্যে। জলের লেভেলের এই যে অবস্থান, গভীর সংকট এই সংকট দূর করার জন্যে একটা ম্যাপ তৈরি করেছেন। কিন্তু দুঃখের বিষয় যে, জনগণের মধ্যে তা বিতরণ করা হয় নি। জনগণের মধ্যে অ্যাওয়ারনেস সৃষ্টি করা হয় নি। তার ফলে সাধারণ চাষীদের যে যে জায়গায় চাষের প্রয়োজন, যে যে জায়গায় গভীর নলকূপ বা বড় কুয়ো তৈরি করছে সেখানে জলের অবস্থান না দেখেই করছে। এই জলের লেভেলের ব্যাপারটা প্রকৃতির বিরুদ্ধে একটা জিনিস ঘটতে চলেছে। এই জিনিসটা সাধারণ চাষী এবং সাধারণ লোকেদের মধ্যে জানানো উচিত যাতে ভাল করে তারা বোঝে। ওয়াটার ইরিগেশান নতুন দপ্তর হয়েছে, তার সঙ্গে পি এইচ ই এবং বড় যে ইরিগেশন দপ্তর—তাদের মধ্যে একটা সমন্বয়ের অভাব আছে। বড় ইরিগেশনের অধীনে বিভিন্ন জায়গায় যে রিভার লিফট্গুলো আছে সেগুলো অকেজো হয়ে পড়ে আছে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তা সমর্থন করে বলছি যে, আমাদের দেশ ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। আমাদের রাজ্যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকার প্রধান অন্যতম কারণ হচ্ছে কৃষি উৎপাদন বৃদ্ধির উন্নতিকরণ। বিশেষ করে সেখানে কৃষি উৎপাদন বৃদ্ধির যে অবস্থান তাতে আমাদের ক্ষমতায় থাকার প্রধান সহায়ক শক্তি।

স্বাভাবিকভাবে কৃষি উৎপাদনের ক্ষেত্রে সেচের বড় ভূমিকা থাকে এবং সেই সেচের ভূমিকাকে সামনে নিয়ে আমরা আমাদের রাজ্যের কৃষি উৎপাদন বৃদ্ধি করতে পেরেছি। কারণ আমরা জানি, আমাদের রাজ্যের মোট চাষযোগ্য জমির পরিমাণ ৫৫ লক্ষ হেক্টর তার মধ্যে আমরা এখন পর্য্যন্ত অন্যান্য সেচ প্রকল্পের মধ্যে দিয়ে প্রায় ৩৪ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতায় আনতে পেরেছি। এবং সেইগুলির অনুপাত যার পরিমাণ ৬২ শতাংশ এবং এই ৬২ শতাংশ জমিতে সেচকে নিয়ে যাওয়ার ফলে আমাদের রাজ্যের মানুষের কৃষি উৎপাদন বেড়েছে।

এবং অন্যান্য ক্ষেত্রে উন্নয়নের যে অবস্থাটা আছে এবং সেচ ব্যবস্থার উন্নয়নের জন্য মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তব্যের মধ্যে এই মুহূর্তে কি করতে চেয়েছেন, আমাদের কি সমস্যা আছে, তা অত্যন্ত পরিস্কারভাবে উল্লেখ করেছেন। তাকে সামনে রেখে দু-একটি বিষয়ে মাননীয় মন্ত্রীকে গুরুত্ব দেওয়ার জন্য আবেদন করব। বিষয়টা আমরা জানি, আমাদের রাজ্যে যে সেচ প্রকল্পগুলি আছে বিশেষ করে বৃহৎ সেচ প্রকল্প এবং মাটির নিচ থেকে জল তুলে সেচের কাজে ব্যবহার করার ফলে প্রতিনিয়ত যে জলের লেয়ার কমছে এবং নানা সমস্যা দেখা দিচ্ছে তার ফলে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এই সমস্যার ফলে আমরা দেখছি বিশেষ করে কৃষি উৎপাদনের ক্ষেত্রে সেচের জল যেমন কৃষকের কাছে পৌঁছে দেওয়ার দায়িত্ব আছে তেমনি পাশাপাশি পানীয় জলের যে সংকট দেখা দিয়েছে বিশেষ করে আর্সেনিক এমন একটা মারাত্মক রূপ নিয়েছে আগামী দিনে আমাদের রাজ্যের মানুষের পানীয় জলের ক্ষেত্রে একটা বিরাট সমস্যা দেখা দেবে। পাশাপাশিভাবে আমরা এমন বিভিন্ন ব্লক দেখেছি যেখানকার জল লবণাক্ত থাকছে এবং জল আর্সেনিক দূষিত। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী বলেছেন একটা বিল আমাদের হাউস থেকে পাস হয়েছে, রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়েছে, এখনও আসেনি, না এলেও আমরা তাকে সামনে রেখে কিছুটা কাজ করার উদ্যোগ নিয়েছি। আমি মাননীয় মন্ত্রীকে বলছি, সেই ব্যাপারে যাতে দ্রুত কাজ করতে পারে সেই ব্যাপারে উদ্যোগ নেওয়া দরকার। তা না হলে একটা পরিবর্তিত নূতন বিপদের সমস্যা সেখানে হবে। এই ব্যাপারে তিনি উল্লেখ করেছেন আমরা বিশেষভাবে কাজটা শুরু করতে পারি। পাশাপাশিভাবে আমাদের রাজ্যে যে বিভিন্ন ধরনের সেচ প্রকল্পগুলি আছে, আমাদের সবচেয়ে বড় একটা অভাব আছে সেটা হচ্ছে, এক্ষেত্রে লক্ষ্য করছি সমন্বয়ের অভাব। অনেক প্রকল্প তৈরি হয়ে আছে, সেখানে বিদ্যুৎ প্রকল্পের জন্য কাজ শুরু করতে দেরি হচ্ছে। দ্বিতীয় কথা, বিদ্যুৎ সংকটের ফলে সমস্যা দেখা দিচ্ছে, রিপেয়ারিং এবং মেইনটেনান্স এর সমস্যার ফলে যে সুযোগ সম্ভাবনা তা ব্যাহত হচ্ছে। সুতরাং সেক্ষেত্রে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব তাঁর পরিবর্তিত যে পরিকাঠামো আছে, সেই পরিকাঠামোর মধ্যে দিয়ে যে নদী সেচ প্রকল্প আছে ও অন্যান্য যে প্রকল্প আছে, সেই ব্যাপারে অন্তত দ্রুততার সঙ্গে সমস্যার সমাধান করা দরকার। যদি চাষের কাজে সময়মতো জল না পাওয়া যায় তাহলে চাষ ঠিকমতো হবে না, এতে সামগ্রিকভাবে রাজ্যের ক্ষতি হবে। সুতরাং এই বিষয়টা উল্লেখ করার সঙ্গে সঙ্গে এই দপ্তরের যে কর্মচারিরা আছেন তাঁদের যে দায়িত্বটা

থাকার দরকার ছিল সেটার ক্ষেত্রে ঘাটতি থাকছে। স্বাভাবিকভাবে কৃষকের পরিষেবা দেওয়ার ক্ষেত্রে জল দেওয়ার ক্ষেত্রে যে সুযোগ ও সম্ভাবনা আছে, সেই ব্যাপারে যে ভূমিকা নেওয়া দরকার, আমাদের বামফ্রন্টের পক্ষ থেকে এই ব্যাপারে যে সুযোগ আছে, সম্ভাবনা আছে, পরিষেবার দিক থেকে তা যাতে মানুষ পেতে পারে সেই ব্যাপারে আমরা সচেষ্ট হব।

[2-20 — 2-30 p.m.]

স্বাভাবিকভাবেই এই পরিকাঠামো করার ক্ষেত্রে আমাদের আরও বেশি সচেষ্ট হওয়া দরকার, আরও বেশি ভূমিকা নেওয়া দরকার এবং প্রায়ই যদি এই ধরনের ঘটনা থাকে তাহলে প্রশাসনিক স্তরে আমাদের ব্যবস্থা গ্রহণ করা দরকার। যে ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা অন্তত তাদের সতর্ক করতে পারি, তাদের সাবধান করতে পারি। আমাদের চালু প্রকল্পগুলোকে চালু রেখে যাতে মানুষের জন্য কাজে লাগাতে পারি এই বিষয়টা আমাদের দেখা দরকার, যে সমস্যার সম্মুখীন হচ্ছে পানীয় জলের সঙ্কটের জন্য। এই বিষয়টা আমাদের অতি গুরুত্ব দিয়ে দেখা দরকার। আমরা দেখছি যে আমাদের মাটির উপরে যে জল আছে, নদীনালা, খালবিল, তাকে ব্যবহার করার ক্ষেত্রে আমাদের যে ব্যবস্থা আছে সেখানে আমাদের আরও উদ্যোগী হওয়া দরকার। সবচেয়ে বেশি যে বিষয়টা আমরা লক্ষ্য করছি, যে নদীনালা খালবিলগুলো মজে যাচ্ছে সেখানে একটা অংশের মানুষ এইগুলো জবর-দখল করছে। স্বাভাবিকভাবেই জবরদখলকারী সেচ প্রকল্পগুলোর মধ্যে দিয়ে মানুষের প্রতিনিয়ত সঙ্কট হচ্ছে। এই ব্যাপারটা আমাদের অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা দরকার। হাওড়া জেলার ক্ষেত্রে আমরা জানি, অধিকাংশ নদীনালা যেগুলো নিকাশি হিসাবে ব্যবহৃত হয়, সেগুলো ব্যবহার না হওয়ার ফলে মানুষের চাষের ক্ষতি হচ্ছে এবং বন্যার সৃষ্টি হচ্ছে। এই বিষয়গুলোর ব্যাপারে এই দপ্তরের যে জায়গায় সুযোগ আছে এবং আমাদের যে পরিকাঠামো আছে তাকে কাজে লাগানো দরকার ও যে সম্পদ আছে তাকে যাতে সঠিকভাবে ব্যবহার করতে পারি এই ব্যাপারে আমাদের উদ্যোগ নেওয়ার আবেদন করছি। আমাদের কিছু চালু প্রকল্প আছে, কিছু প্রকল্প চলছে এবং কিছু প্রকল্প নিয়মিত আছে, এটা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে আমরা কাজটা শেষ করতে পারি, আমাদের যে টাইম শিডিউল আছে, কাজটা যাতে সময়ে শেষ করা যায়, এই বিষয়ে প্রথম থেকেই আমাদের ভূমিকা থাকা দরকার। বিশেষ করে আমরা জানি,

ক্ষমতা বিকেন্দ্রীকরনের ক্ষেত্রে, পঞ্চায়েত ব্যবস্থাকে উন্নত করে, পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা যেভাবে গ্রামীণ এলাকার উন্নয়ন ঘটাতে চাই, এই ব্যাপারে একটা সমন্বয় হওয়া দরকার। কারণ আমরা দেখছি, জেলা পরিষদকে যেভাবে বিভিন্ন দপ্তরের টাকা দেওয়া হচ্ছে, জেলা পরিষদের উপরে যেভাবে কাজের বোঝা চাপানো হচ্ছে, তাতে জেলা পরিষদগুলোর পরিকাঠামো সেইমতো না থাকার ফলে অনেক ক্ষেত্রেই মাননীয় মন্ত্রিমহাশয়ের আশা-আকাঙ্খা এবং তার বাজেট বরাদ্দকৃত টাকা সময়মতো খরচ করা যাচ্ছে না। তাই জেলা পরিষদের সঙ্গে সঙ্গে দপ্তরের যে পরিকাঠামো আছে তাকে যুক্ত করে, জেলা পরিষদের সঙ্গে সমন্বয় করে এই বাজেট পরিকল্পনার মধ্যে যে বিষয়গুলো উল্লেখ করেছেন তা যাতে যথেষ্টভাবে কার্যকর করা যায় এবং সঠিক সময়ে শেষ করা যায় এবং আমাদের যে বিষয়গুলো আছে সেগুলো যাতে সুরক্ষিত হয় তার মাননীয় মন্ত্রিমহাশয়কে উদ্যোগ রাখার অবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী মলয় ঘটক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীপক্ষের আনা কাটমোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আসানসোল শিল্পাঞ্চল থেকে নির্বাচিত হয়েছি। আসানসোল মহকুমার প্রায় ৩০০ গ্রামের অধিকাংশ মানুষ চাষবাসের উপর নির্ভরশীল। সেখানে মাইনর ইরিগেশনের কাজ এখন পর্যন্ত হয়নি। অথচ আসানসোল মহকুমার বিস্তীর্ন জমির প্রায় ৭০ শতাংশ জমির তলায় জল থাকে না। বর্ষার এক মাস পরেই জল শেষ হয়ে যায় পুকুর এবং পাতকুয়োয়। জলের স্তর অনেক নেমে যায়। ফলে চাষের জন্য সেখানকার মানুষদের সম্পূর্ণভাবে বৃষ্টির জলের উপর নির্ভর করতে হয়—তখনই যা সামান্য চাষ করা সম্ভব। যখন আসানসোল শিল্পাঞ্চলে একের পর এক শিল্প বন্ধ হয়ে যাচ্ছে, তখন গ্রামের মানুষদের আরও বেশি কৃষি নির্ভরশীল করার জন্য সেখানে যাতে মাইনর ইরিগেশনের কাজ শুরু করা যায় তার ব্যবস্থা করা দরকার। সেখানে এটা করার পক্ষে অনেক সুযোগও আছে। পরিত্যক্ত কয়লাখনি, যেখান থেকে কয়লা তোলা হয়ে গেছে, সেখানে প্রচুর জল জমে থাকে, সেই জল পাম্পের মাধ্যমে দিতে পারলে চাষবাসও সম্ভব, চাষীরাও উপকৃত হয়। মাননীয় মন্ত্রী তাঁর বাজেটে ৩৯৪ কোটি টাকা ধার্য করেছেন। তিনি

বলেছেন পশ্চিমবঙ্গে ৫৫ হেক্টর জমি চাষযোগ্য রয়েছে। তার মধ্যে ৬২ শতাংশ মাইনর ইরিগেশন দ্বারা কভার্ড—অর্থাৎ ৩৪ হেক্টর। আর বলেছেন আগামী ৫ বছরে এটা অনেকটা এগিয়ে নিয়ে যাবেন। প্রতি বছর ১ হেক্টর মাইনর ইরিগেশনের আওতায় আনা হবে। কিসের ভিত্তিতে এই হিসেব মাননীয় মন্ত্রী করেছেন জানি না, এতে আমার সন্দেহ আছে হিসেবটা আদৌ সঠিক কিনা। মাইনর ইরিগেশনের কাজ শুরু করা যায় তার ব্যবস্থা করা দরকার। সেখানে এটা করার পক্ষে অনেক সুযোগও আছে। পরিত্যক্ত কয়লাখনি, যেখান থেকে কয়লা তোলা হয়ে গেছে, সেখানে প্রচুর জল জমে থাকে, সেই জল পাম্পের মাধ্যমে দিতে পারলে চাষবাসও সম্ভব, চাষীরাও উপকৃত হয়। মাননীয় মন্ত্রী তাঁর বাজেটে ৩৯৪ কোটি টাকা ধার্য করেছেন। তিনি বলেছেন পশ্চিমবঙ্গে ৫৫ হেক্টর জমি চাষযোগ্য রয়েছে। তার ৬২ শতাংশ মাইনর ইরিগেশন দ্বারা কভার্ড—অর্থাৎ ৩৪ হেক্টর। আর বলেছেন আগামী ৫ বছরে এটা অনেকটা এগিয়ে নিয়ে যাবেন। প্রতি বছর ১ হেক্টর মাইনর ইরিগেশনের আওতায় আনা হবে। কিসের ভিত্তিতে এই হিসেব মাননীয় মন্ত্রী করেছেন জানি না, এতে আমার সন্দেহ আছে হিসেবটা আদৌ সঠিক কিনা। মাইনর ইরিগেশনের গত দু বছরের অডিট রিপোর্ট মাননীয় মন্ত্রী পড়েছেন কিনা জানি না, আমি তার দৃষ্টি আকর্ষণ করে এটা দেখাচ্ছি। অডিটর যে রিপোর্ট পেশ করেছেন, তাতে এটাকে গ্রহণযোগ্য বলা যায় না। ১৯৯৮-১৯৯৯ সালের অডিট রিপোর্ট প্রথমে পড়ে শোনাচ্ছি। আপনার যত ডিপার্টমেন্ট আছে, তার মধ্যে একটাতে কি ধরণের কাজ হয়েছে সেটা তুলে ধরছি আপনার সামনে। রিপোর্টে বলছে,

"Liability for Revenue Expenditure on Electricity charges amounting to Rs. 73,69,646/- during the year could not be verified as no evidence in support of that made available to us."

৭৩ লক্ষ টাকা ইলেকট্রিক বিল দেখানো হয়েছে অডিট রিপোর্টে, অথচ তার সাপোর্টে কোনও কাগজপত্র দেখাতে পারেননি। তাহলে কি ধরণের টাকা এই ডিপার্টমেন্ট থেকে চুরি হচ্ছে। আমি একের পর এক দেখাচ্ছি। ৫ নং দেখুন—ক্লোজিং ক্যাশ ইন হ্যান্ড

"Closing Cash in hand at Midnapore Division as per certificate Rs. 1,20,672.03 but the account is showing the closing cash balance as Rs. 1,08,672.03."

"Closing cash balance at Berhampore, Murshidabad Division showing cash balance of Rs.63,494,13 in accounts where as per certificate of the division is excess to the extent of Rs.80,234.55". "Closing bank balance of United Bank of India Berhampore Branch as per Bank certificate amounts to Rs.4,86,008,61 where as per account the balance is Rs.6,92,864." Clause—8, "Midnapore Division Bank Balance as per cash book showing Rs. 11,50,000/- in excess in their reconciliation statement which is actually term deposit with United Bank of India and shown correctly in account. Reference to Schedule 16, clause 5 (b) Rs. 1,47,01,043.78 being interest on Term Loan with State Bank of India has been written back due to non performing assets. No evidence in respect of the waiver of the said claim by the State Bank of India. Clause 14 and 15, "Statements which are submitted by the division to Head Office are not supported with any documentary evidence. For want of details, liabilities provided during the year could not be verified.

প্রথম বছরের যেটা ৯৮ এর রিপোর্টে পেয়েছিলেন, সেই রিপোর্টের ভিত্তিতে কোন অ্যাকশন নিলেন না। কোনও অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নিলেন না। টাকা যে নয়ছয় করা হয়েছে তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হল না। তার পরের বছর আবার অডিট রিপোর্ট, সেই রিপোর্ট পড়ে শোনাচ্ছি—

Auditors' Report to the members of West Bengal State Minor Irrigation Corporation Limited-Clause-2, "The accounts have been prepared by compiling the returns/statements of accounts, stock statement, liability statement etc of the Divisional Offices which are not backed by any supporting paper and as such we are unable to comment on the correctness of such statements which have been incorporated."

তারপর দেখুন ক্লজ থ্রিতে—Clause-3, "In absence of details with proper supporting documents, the liabilities provided under various

head could not be varified." Clause-4. 2, "The payment of Rs. 282 lakhs against the settlement of old dues of United Bank of India as agreed by the Bank at Rs. 332 lakhs. Falls short by Rs. 50 lakhs for which the Bank has made a further claim."

আপনি যে অ্যানেক্সচার দিয়েছেন সেটা পড়ে দেখুন নো ডকুমেন্টারি

"No documentary evidence was made available to us confirming physical verification of stocks of stores, spares and other being carried out at any time during the year."

কোনও কাগজপত্র দেখাতে পারেন নি। কি কি জিনিস কিনেছেন তার কাগজ দেখাতে পারেননি। কি কি জিনিস কিনেছেন তার কাগজ দেখাতে পারেন নি। সবই কাগজে কলমে সই করে টাকা লুঠ করে দেওয়া হয়েছে। অথচ মিনিস্টার দাবি করছেন যে মাইনর ইরিগেশন অনেক উন্নত হয়েছে। সেই টাকায় পার্টি ফান্ড করছেন এবং নানাভাবে সরকারি টাকা নয়ছয় হয়েছে। আমি মন্ত্রীকে বলছি উনি ৯৯ এর অডিট রিপোর্ট অনুযায়ী ব্যবস্থা নিন এবং এই বাজেটের বিরোধিতা করে এবং যে কাটমোশন আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জানে আলম মিঞা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলি। আমরা জানি যে স্বাধীনতার পর, ব্রিটিশ সরকার যখন ছিল তখন একটা সেচ ব্যবস্থা ছিল। স্বাধীনতার পরবর্তী সময়ে যখন কংগ্রেস সরকার ছিল ২৮ বছর ধরে এবং ২৮ বছর ধরে থাকার কালে সেই ব্রিটিশ আমল থেকে শুরু করে যে সেচ ব্যবস্থা ছিল সেই সেচ ব্যবস্থার সঙ্গে কংগ্রেস আমলে পশ্চিমবাংলার যে সেচ জমি ছিল তার সংখ্যা মাত্র ১৫ শতাংশ এবং আপনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেট যদি দেখেন তাহলে দেখবেন যে আজকে ৬২ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। আমরা দেখেছি কংগ্রেস আমলে আমাদের চাষীরা, আমাদের ক্ষেতমজুররা কাজ পাওয়ার জন্য ঈশ্বর আল্লার উপর নির্ভর করত এবং আমরা দেখেছি যে ছোটবেলায় কংগ্রেস আমলে জলের সাথে ব্যাঙের বিয়ে দেওয়া হত। কিন্তু পশ্চিমবাংলায় ২৪ বছর এমন একটা সরকার আছে যেখানে আজকে ব্যাঙের বিয়ে

দিতে হয় না। এই সরকার আরও পাঁচ বছর থাকবে, ভবিষ্যতেও থাকবে এবং এই সরকার ক্ষেতমজুরদের স্বার্থে, গরিব মানুষ-এর স্বার্থে সেচ ব্যবস্থাকে সম্প্রসারন করে সেচ ব্যবস্থাকে অব্যাহত রাখবে। আজকে এই সরকার সেচ ব্যবস্থাকে সম্প্রসারন করে ৬২ শতাংশ জমিতে সেচ ব্যবস্থা গ্যারান্টেড করেছে। এখন জলের জন্য ঈশ্বরকে ডাকতে হয় না, ব্যাঙের বিয়ে দিতে হয় না। এখন আমাদের উৎপাদন বেড়েছে। আপনারা চেঁচামেচি করছেন কিন্তু আপনারা গরিব মানুষের স্বার্থে, ক্ষেতমজুরের স্বার্থে, মেহনতী মানুষের স্বার্থে কোনও কাজ করেন নি। আপনারা পুঁজিপতিদের স্বার্থে কাজ করেছেন, আপনারা ব্যক্তিগত মালিকানার স্বার্থে কাজ করেন। স্বাধীনতার পরবর্তী সময়ে আপনারা ২৮ বছর ধরে রাজ্যে থেকেছেন, ৪৫ বছর ধরে কেন্দ্রে থেকেছেন। কৃষকদের স্বার্থে আপনারা কোনও পরিকল্পনা করেছেন। আপনাদের পরিকল্পনা টাটা বিড়লাদের জন্য পরিকল্পনা। গরিব ক্ষেতমজুরদের আপনারা ভালবাসেন না। তাই বামফ্রন্ট সরকারের ২৪ বছরে একে একে ক্ষুদ্র সেচের পরিসর বেড়েছে। আপনারা কি চান গরিব মানুষ ভাত খাক? আপনারা এখানে বিহার করতে চান। আপনারা মনে রাখবেন বামফ্রন্ট সরকার গরিব মানুষের জন্য কাজ করবে। আগামী পাঁচ বছরে ৭৫ ভাগ জমিতে সেচের ব্যবস্থা হবে। সেচের গ্যারান্টি হবে, ক্ষেতমজুরদের কাজের গ্যারান্টি হবে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা অনুরোধ আছে যে এই দপ্তরের নামটা যাতে পরিবর্তন করেন আমি এই প্রস্তাব আপনার কাছে রাখছি। এখন নাম আছে ওয়াটার ইনভেস্টিগেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, আমি প্রস্তাব রাখছি যে এটা পরিবর্তন করে ওয়াটার ইনভেস্টিগেশন অ্যান্ড ম্যানেজমেন্ট রাখা হোক। যেহেতু আমরা জলের সদব্যবহার করছি।

আমরা গ্রাম থেকে এসেছি, আর তাপসবাবু আপনারা শহরে থাকেন বলে আপনারা শুধু শহরের লোকেদের কথাই ভাবেন, গ্রামের লোকের কথা ভাবেন না। আমরা ভাবি গ্রামের লোকের কথা। যেখানে শতকরা ৯০ ভাগ লোক গ্রামে থাকে। তাই বলছি আমাকে বলতে দিন গ্রামের কথা, বেদনার কথা। আপনারা যখন ছিলেন তখন যে বেদনা দিয়েছেন সেই বেদনার কথা আমাদের এই সরকারের মাধ্যমে এখানে বলতে দিন। আপনারা প্রতিনিধি বাধা দেওয়ার চেষ্টা করেন। আমি বলতে চাই ক্ষুদ্র সেচের পরিসর আরও বাড়ানোর সম্ভাবনা আছে। আমার এলাকার সাবডিভিসনে সেচ ক্যানেল আছে কিন্তু সেখানে জল যাচ্ছে না। বক্রেশ্বর প্রকল্প হয়েছে তাই ময়ূরাক্ষীর জলে টান পড়েছে। তাই বলছি সেখানে কম্যান্ড এরিয়াতে

ক্ষুদ্র সেচের ব্যবস্থা করে যাতে সেচ ব্যবস্থা সম্প্রসারন করা যায় তার জন্য বলছি। তাপসবাবু, আপনারা মানুষের কাজ করেন না তাই আপনারা নেগেটিভ বলেন, আমরা কিন্তু পজিটিভ কথা বলি— নালার মাধ্যমে যদি সেচের একটা পরিবর্তন করা যায় রবি চাষের ক্ষেত্রে তাহলে ভালো হয়। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে এবং বিরোধীরা যে কাটমোশন এনেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

**শ্রী কল্লোল খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্রসেচ ও জল সম্পদ অনুষ্ঠান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ রেখেছেন তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনের সমর্থনে কিছু বলছি। আমরা দেখেছি ১৯৭২-৭৭ সাল পর্যন্ত কংগ্রেস রাজত্বে আমাদের ভারতবর্ষের প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ভারতবর্ষে যখন খাদ্যাভাব তখন তিনি অনুভব করে ছিলেন পশ্চিমবঙ্গ সহ সারা দেশে কৃষি বিপ্লব সবুজ বিপ্লব আনতে হবে। সেই সময় থেকে পশ্চিমবাংলায় জলসম্পদ উন্নয়ন শুরু হয়েছিল। গত ২৩,২৪ বছর ধরে পশ্চিমবাংলায় বামফ্রন্ট এই দপ্তরের উন্নয়নের নামে প্রতি বছর যে বাজেট তৈরি করে - আমি নদীয়া জেলায় নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি - নদীয়া জেলা সহ সারা পশ্চিমবঙ্গে ১৯৭৭ সাল থেকে বাজেট বরাদ্দে জলসম্পদ দপ্তরের টিউবওয়েল, মিনি-টিউবওয়েল, আর.এল.আই. ইত্যাদির জন্য বাজেটের পরিপ্রেক্ষিতে জিলাপরিষদের টাকা দেওয়া হয়। আমরা যেটা লক্ষ্য করেছি এই জিলাপরিষদ পঞ্চায়েত সমিতি যেখানে তাদের কমিউনিস্ট পার্টি পরিচালিত গ্রামপঞ্চায়েত আছে তাদেরকে সেই অর্থ দিয়ে দেয় এবং তারা সঠিক ভাবে কৃষকদের স্বার্থে কাজ করে না। তাদের যে অর্থ দেওয়া হয় গ্র্যান্ট-ইন-এইড, সেটা জিলাপরিষদের মাধ্যমে পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয়। আজ ২৪ বছর ধরে নাকাশীপাড়া ব্লকের পঞ্চায়েত সমিতিতে কোনও অডিট রিপোর্ট দেয় না জল সম্পদ দপ্তরের কাছে। সেখানে এক নায়ক-তন্ত্র চলছে, আমরা সেখানে বৈষম্য দেখতে পাচ্ছি দীর্ঘ দিন ধরে। আমরা জানি আপনি বলেছেন ৬২ পারসেন্ট জমিকে সেচের আওতায় এনেছেন এবং আগামী ৫ বছরের মধ্যে আরও ১৩ পারসেন্ট জমিকে সেচের আওতায় আনবেন।

আমার প্রশ্ন আজকে ৫ লক্ষ ১৩ শতাংশ জমিকে উন্নয়ন করবেন আপনি এই বাজেটের মাধ্যমে। আপনার খোঁজ রাখা উচিৎ ছিল মফস্বল এলাকায় যে জমিগুলো

আছে, যেখানে গ্রামের সঙ্গে রাস্তার যোগাযোগ নেই যেখানে কৃষক ব্যাঙ্কে ঋন নিয়ে নিজস্ব ডিজেল পাম্প সেট করে অত্যন্ত কষ্টের ভেতর দিয়ে সেচের ব্যবস্থা করে, চাষের ব্যবস্থা করে। বিগত দিনের যে ডিপ টিউবওয়েল, মিনি-ডিপটিউবওয়েল এবং ক্লাস্টার স্কিমগুলো ছিল সেগুলো বিগত ভয়াবহ বন্যার ফলে ৯টা জেলাতে এই বন্যা হয়েছিল এবং তার মধ্যে নদীয়া জেলাতে যে ডিপ টিউবওয়েল, মিনি ডিপ টিউবওয়েল এবং ক্লাস্টার স্কিমগুলো ছিল সেগুলো অকেজো হয়ে পড়েছে। আমরা দেখছি নদীয়া জেলা সহ সারা পশ্চিমবঙ্গে লো-ভোল্টেজের জন্য ডিপ টিউবওয়েল, মিনি ডিপটিউবওয়েল দারুনভাবে মার খাচ্ছে এবং চাষী ভায়েরা সেচের সুবিধা পাচ্ছে না। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা, বিশেষত নদীয়ার বিভিন্ন ব্লকে জলে আর্সেনিকের সমস্যা রয়েছে। এই আর্সেনিক দূষণ কৃষি উৎপাদনের মধ্যে দিয়েও ছড়িয়ে পড়ছে এবং মানুষ তাতে আক্রান্ত হচ্ছে। কিন্তু কি ভাবে পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে আর্সেনিক মুক্ত জল কৃষক, দরিদ্র শ্রেণীর মানুষ, প্রান্তিক চাষীদের সরবরাহ করা যায় তার কোনও পরিকল্পনা মন্ত্রিমহাশয়ের বাজেটে নেই। আমরা দেখছি অনেক চাষী কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে ব্যক্তিগত ঋন নিয়ে সেচের জন্য শ্যালো মেশিন, ক্লাস্টার স্কিম করছে। কিন্তু বিভিন্ন রাজনৈতিক কারণ এবং যথা সময়ে বিদ্যুৎ না পাওয়ার জন্য তারা তার সুবিধা নিতে পারছে না। এবং সেই জন্য নদীয়ার, বিশেষত নাকাশীপাড়া ব্লকের কৃষকরা বঞ্চিত হচ্ছে, ক্ষতিগ্রস্ত হচ্ছে। সারা পশ্চিমবঙ্গ সহ নদীয়া জেলাতে যে ভয়াবহ বন্যা হয়ে গেল তাতে সমস্ত খাল-বিল মজে গেছে। কংগ্রেস আমলে অত্যন্ত সুন্দরভাবে, পরিকল্পনা মাফিক এগুলো কাটিয়ে প্রান্তিক চাষীদের স্বার্থে, চাষীদের স্বার্থে কাজে লাগানো হয়েছিল। কিন্তু দীর্ঘ ২৩-২৪ বছর ধরে নজর না দেওয়ার জন্য সেগুলো মজে বন্ধ হয়ে গেছে। সামনে আবার ভয়াবহ বন্যা আসছে। বিগত ভয়াবহ বন্যার ফলে ডিপ টিউবওয়েল, মিনি ডিপটিউবওয়েল, শ্যালো অ্যান্ড ক্লাস্টার স্কিম, যেগুলো থেকে কৃষক সেচ পেত সেগুলো বন্ধ হয়ে আছে। নদীয়া জেলার, বিশেষ করে নাকাশীপাড়া ব্লকে বিদ্যুতের অভাবে কৃষকরা কৃষিকাজে বঞ্চিত হচ্ছে। আপনি হয়তো উদ্যোগ নিচ্ছেন কিন্তু মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গ সরকার আপনাকে কতটা কাজ করতে দেবে আমরা জানি না। আপনার এই জল সম্পদ অনুসন্ধান দপ্তর খুব গুরুত্বপূর্ণ দপ্তর। আপনার দপ্তরকে সামান্য টাকা দিয়ে কৃষক সমাজ তথা বাংলার মানুষের কিভাবে উন্নতি বিধান করা সম্ভব হবে, আর্সেনিক মুক্ত জল দিয়ে তাঁদের বাঁচানো যাবে, তা আমি বুঝতে পারছি না। আমার মনে হয়, সেই ক্ষমতা আপনার

নেই। আমি মনে করি আমরা যারা এখানে নির্বাচিত হয়ে এসেছি, ও পক্ষ বা এ পক্ষের, সকলেই যেন একটা ক্লাবে রয়েছি, এবং আমি আশা করেছিলাম যে মানুষ আমাদের মর্যাদা দিয়ে, শুভেচ্ছা দিয়ে পাঠিয়েছে তাদের কথা এখানে গুরুত্ব দিয়ে শোনা হবে। কিন্তু আমি আশাহত হয়েছি। আমি দেখছি, একদলীয় ভাবে, এক নায়কতান্ত্রিকভাবে বিভিন্ন দপ্তরের মন্ত্রীরা তাদের বাজেট পাশ করিয়ে নিয়ে যাচ্ছে না। পশ্চিমবঙ্গের দূরদূরান্তে যে কৃষকরা আছেন তাদের কথা না ভেবে আজকে এই জল সম্পদ অনুসন্ধান দপ্তরের বাজেটও হয়তো পাশ হয়ে যাবে। এই বাজেট একটা উন্নয়ন বিরোধী বাজেট তাই আমি আমাদের আনা কাট মোশনের সমর্থন করে এবং মাননীয় মন্ত্রীর ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[2-50 — 3.00 p.m.]

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য মহাশয় ৬৭ নম্বর অভিযাচন বিধানসভায় পেশ করেছেন আমি তাকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের কাট-মোশনগুলোর সম্পূর্ণ বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলতে চাই। আমাদের সেচ ব্যবস্থার প্রধান উৎস হচ্ছে ক্ষুদ্র সেচ। সেই ক্ষুদ্র সেচের উপর দাঁড়িয়ে আছে আমাদের পশ্চিমবঙ্গের সমস্ত কৃষক। এটা ঠিক যে আজ থেকে প্রায় ২৫ বছর পূর্বে আমাদের রাজ্যে ক্ষুদ্র সেচের অবস্থা ছিল খুবই খারাপ। আমাদের রাজ্যে ৫৫ লক্ষ হেক্টর পরিমিত জায়গার মধ্যে আমরা ৩৪ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতাধীনের মধ্যে আনতে সক্ষম হয়েছি। ৬২ পারসেন্ট জমিতে সেচ মাধ্যমে চাষ হচ্ছে। একটা সময় ছিল যখন গ্রামবাংলার কৃষককে বৃষ্টির উপর নির্ভর করে থাকতে দেখা যেত। তখন গ্রামবাংলায় অতিরিক্ত বৃষ্টিতে বন্যা হলে, খরা হলে খাদ্যের অভাব ঘটত, দুর্ভিক্ষ হতো, মহামারী হতো। কিন্তু আমরা এখন খাদ্যশস্য উৎপাদনে সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অর্জন করতে সক্ষম হয়েছি। এটা ঠিক যে, আগামী ৫ বছরে এই দপ্তর কি করতে চায় তার একটা রূপরেখা মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেটের মাধ্যমে নির্ণয় করেছেন। সেই আগামী ৫ বছরের মধ্যে প্রায় ৭ লক্ষ হেক্টর পরিমিত জায়গাকে আবার সেচের আওতার মধ্যে নিয়ে আসতে সক্ষম হব। প্রতি বছর প্রায় দেড় লক্ষ হেক্টর পরিমিত জায়গা আবার নতুন করে সেচ-সেবিত এলাকা হিসেবে পরিগণিত করতে চাইছেন। একাজ করতে গেলে

আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে, একটা কমিশনের মাধ্যমে ঠিক করে কিভাবে কি হবে তা তিনি ঠিক করবেন। এই ২৫ বছরে আমাদের রাজ্যে ক্ষুদ্র সেচের মাধ্যমে অভাবনীয় উন্নতি ঘটেছে এবং এই ক্ষুদ্র সেচকে কেন্দ্রীভূত না রেখে বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে তা জেলাপরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতের হাতে কিছু কিছু স্কিমকে ন্যাস্ত করা হয়েছে। ২০০০ সালের সেপ্টেম্বরে ভয়াবহ বন্যায় সারা পশ্চিমবঙ্গের ৯টি জেলা প্লাবিত হয়েছিল, তাতে মানুষের অনেক সম্পত্তি নষ্ট হয়েছে, অনেক শস্যহানি ঘটেছে ৫ হাজার ৬৮০ কোটি টাকার। ক্ষতিগ্রস্থ হয়েছে আমাদের রাজ্যের ৯টি জেলার মানুষ। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা চেয়েছিলাম ১৪৮৩ কোটি টাকা। প্লাবিত হয়েছে এর জন্য এই দপ্তরের গুরুত্বপূর্ণ ৭ হাজার ৪৪৮টি ক্ষুদ্র সেচ প্রকল্প নষ্ট হয়েছিল। কেন্দ্রীয় সরকার কোনও অর্থ দেয় নি তার জন্য। সেখানকার মানুষ যাতে রবি, বোরো চাষের সুযোগ পায় তার জন্য আমাদের মন্ত্রীমহাশয়, আমাদের সরকার দৃঢ়তার সঙ্গে এই প্রকল্পকে হাতে নিয়ে মেরামতের কাজ করছে এবং সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, এই বাজেটের ব্যয়বরাদ্দের অর্থ থেকে ৯টি জেলার ক্ষতিগ্রস্থ প্রকল্পগুলো দ্রুত মেরামত করা হবে। আমি সর্বশেষে বলছি যে, আমাদের গ্রাম বাংলার অর্থনৈতিক যে বনিয়াদ গড়ে উঠেছে তার প্রধান চাবিকাঠি হচ্ছে ক্ষুদ্রসেচ। গ্রামের অগণিত ক্ষেতমজুর, কৃষক যারা সবরকম প্রতিবন্ধকতার সঙ্গে লড়াই করে নিজেদেরকে সংগঠিত করে এই জায়গায় নিয়ে আসতে পেরেছে, তারা যদি বারো মাস সেচের সবরকম সুযোগ পেত তাহলে দুর্ভিক্ষ আসতো না, দারিদ্রতা আসতো না, অভাব-অনটন আসতো না। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট-মোশনগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে ৬৭ নং অভিযানের অধীন মাননীয় জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য ২০০১-২০০২ সালের যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাতে তিনি মোট ৩৯৪,৯৬,১৯,০০০ টাকার মঞ্জুরি চেয়েছেন। ভোট অন অ্যাকাউন্টে পাওয়া ১৩১,৬৫,৪০,০০০ টাকা এর মধ্যে ধরা আছে। আমি এই ব্যয়-বরাদ্দের দাবির বিরোধিতা করে, আমাদের পক্ষ থেকে উত্থাপিত ছাঁটাই প্রস্তাবগুলিকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। ভূমি সংস্কারের পরে মূলত সেচ ব্যবস্থার সম্প্রসারণের মধ্যে দিয়েই কৃষি উৎপাদন বৃদ্ধি করা সম্ভব। আমরা জানি ক্ষুদ্র সেচ ব্যবস্থা গ্রাম বাংলার একদম ভেতরে প্রবেশ করার ক্ষমতা রাখে।

বৃহৎ সেচ ব্যবস্থার দ্বারা, ড্যাম ইত্যাদির দ্বারা সব সময় গ্রামের মানুষের একেবারে ঘরে গিয়ে পৌঁছানো যায় না। ক্ষুদ্র সেচের দ্বারা মানুষের অন্তরের অন্তঃস্থলে গিয়ে পৌঁছানো সম্ভব। তার দ্বারা গ্রামের প্রতিটি মানুষ চাষবাস করার সুযোগ পায়। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর আর্থিক সমীক্ষার মধ্যে একটা হিসাব দিয়েছেন, তাতে আমরা দেখছি গোটা পশ্চিমবঙ্গে ১৯৯৮-৯৯ সালে ২,৭০০টি ক্ষুদ্র সেচ প্রকল্প ব্যবহৃত হয়েছে। ১৯৯৯-২০০০ সালে ব্যবহৃত হয়েছে ২,৭৮০ টি আর ২০০০-২০০১ সালে আশা করা হচ্ছে ২৮৬৮টি ব্যবহৃত হবে। অথচ আমাদের রাজ্যে ক্ষুদ্র সেচ প্রকল্পের আরো বেশি সম্প্রসারণ হওয়া উচিত ছিল। অতীতে আমরা দেখেছি সেচ ব্যবস্থার পরিপ্রেক্ষিতে রাজ্যের ব্লকগুলোকে প্রবলেম ব্লক এবং নো প্রবলেম ব্লকে ভাগ করা হত। এখন সেটা পরিবর্তন করে ডার্ক এবং গ্রেতে ভাগ করা হয়েছে। এর সাথে আবার বর্তমানে আর্সেনিক এবং ফলোরাইডের সমস্যা দেখা দিয়েছে। যে সমস্ত ব্লকগুলিতে আর্সেনিক যুক্ত জল পাওয়া যাচ্ছে সে সমস্ত ব্লকগুলিকে চিহ্নিত করা হয়েছে। কিন্তু সমস্যা মোকাবিলায় যে উদ্যোগের প্রয়োজন তা এখন পর্যন্ত যথাযথভাবে নেওয়া হচ্ছে না। আমরা আরো লক্ষ্য করছি খাল, বিল, নদী ইত্যাদির সংস্কারের দিকে এবং পুরোনো সেচ ব্যবস্থাগুলির দিকে বিশেষ নজর দেওয়া হচ্ছে না। যে সমস্ত আর. এল. আই ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে প্রতিষ্ঠিত হয়েছিল সে সমস্তগুলির প্রতি নজর না দেওয়ার ফলে সেগুলি একের পর এক চুরি হয়ে যাচ্ছে। আমাদের বাঁকুড়া জেলার কুলমুড়া গ্রামে দীর্ঘদিন ধরে একটা খাল খননের কাজ চলছে, কিছুতেই সে কাজ শেষ হচ্ছে না। অথচ যে সাবধানতা অবলম্বন করে কাজ করা উচিত তাও হচ্ছে না। ফলে মাকুড় গ্রামের শরত্ মাকুড় গত ৩০শে জুন ওখান দিয়ে যাবার সময় গর্তের মধ্যে পড়ে মারা যান। সবচেয়ে দুঃখের কথা ঐ প্রকল্পের জন্য ১২ লক্ষ ৭০ হাজার ৮০৩ টাকা সরকারের পক্ষ থেকে মঞ্জুর করা হয়েছে। কিন্তু ওখানে যেভাবে কাজ হচ্ছে তাতে পুরো টাকাটাই জলে যাচ্ছে বলে আমার ধারণা। কুলমুড়া জল প্রকল্পের পুরো টাকাটাই জলে গেছে। কারণ বেশির ভাগ টাকাই নাকি ইতিমধ্যে খরচ হয়ে গেছে। এই প্রবলেম সারা পশ্চিমবাংলায়, সর্বত্র এই ভাবে কাজ হচ্ছে। আপনারা ন্যাবার্ডের কাছ থেকে টাকা ধার করে বিভিন্ন প্রকল্পের কাজ করছেন। সেই টাকার কতটা ইউটিলাইজ হচ্ছে তা অবশ্যই দেখা দরকার। আপনারা ন্যাবার্ডের কাছ থেকে টাকা ধার করে বিভিন্ন প্রকল্পের কাজ করছেন। সেই টাকার কতটা ইউটিলাইজ হচ্ছে তা অবশ্যই দেখা দরকার। আপনারা সেচের সাহায্যে গ্রিন রেভ্যুলেশন ঘটাবার

কথা বলছেন, ক্ষুদ্র সেচের সাহায্যে কৃষি উৎপাদন বাড়াবার কথা বলছেন। ক্ষুদ্র সেচের সাহায্যে কৃষি উৎপাদন বাড়াবার কথা বলছেন, পানীয় জল সরবরাহ করার কথা বলছেন। পানীয় জলের সমস্যার সমাধান করার ক্ষেত্রে গ্রামাঞ্চলে এখন পর্যন্ত কতটা পাইপ লাইন ওয়াটার সাপ্লাই-এর ব্যবস্থা করতে পেরেছেন? কেন আপনারা পুরোনো আর. এল. আই. প্রকল্পগুলির সংস্কার করলেন না? আপনারা মুখে অনেক কথাই বলেন, কিন্তু বাস্তবে কিছুই আমরা দেখতে পাই না। পুরোনো প্রকল্পগুলির রেনোভেশনের ব্যবস্থা পর্যন্ত আপনারা করতে পারেন নি, নুতন প্রকল্প করা তো দূরের কথা। বাঁকুড়া জেলায় যে প্রকল্পগুলি আছে—আচুরিতে, বরুটে, আলঠ্য—প্রতাপপুরে—সেগুলি আজ অকেজো হয়ে পড়ে আছে। গোঁষাইডি প্রকল্পের অবস্থাও একই। যে বিভিন্ন পাম্পসেটগুলি ডিজেলের দ্বারা পরিচালিত হচ্ছে সেগুলিকে ইলেকট্রিসিটির সাহায্যে চালাবার ব্যবস্থা করতে পারেন নি। আমি মাননীয় মন্ত্রীকে সেই ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগী হতে অনুরোধ করছি। তাহলে এই বাবদ চাষীদের খরচ কমবে।

[3-00 — 3-10 p.m.]

এইরকমভাবে সমস্যাপীড়িত এলাকাগুলিতে—মাননীয় সদস্যরা যে কথাগুলি বললেন—ইরিগেশনের ব্যবস্থা করুন। আমরা সবাই একমত যে কৃষির উন্নতি দরকার। নিচের স্তরকে বাঁচাতে গেলে সার্বিক উন্নয়নের জন্য ক্ষুদ্রসেচ প্রকল্পকে আরো বাস্তবায়িত করতে হবে। মাইনর ইরিগেশন কর্পোরেশন যেটা সেটা না হলেও আপনার দপ্তরের যে গাফিলতির কথা মাননীয় সদস্যরা বললেন তা অস্বীকার করলে চলবে না। আপনার দপ্তরের সঙ্গে আংশিকভাবে যুক্ত হয়ে আছে ব্যাঙ্কারস—ইউনাইটেড ব্যাঙ্ক এবং স্টেট ব্যাঙ্ক। এই ইউনাইটেড ব্যাঙ্ক এবং স্টেট ব্যাঙ্ক সেখানে টাকা দিচ্ছে। কিন্তু সেই টাকা তছরূপ হচ্ছে। আপনি এটা দেখতে পারছেন না? বহু টাকা তছরূপ হয়ে গেছে, তার কোনও কাগজপত্র নেই। ১৯৯৮-৯৯ এবং ১৯৯৯-২০০০ সাল পর্যন্ত হিসাব করলে দেখা যাবে মোটা টাকা তছরূপ হয়েছে, তার কোনও হিসাব-নিকাশ দেয়নি। আজকে বড়জোরা প্রকল্পের জন্য নলকূপের টাকা, আর. এল. আই. প্রকল্পের টাকা দিতে হবে এবং বাস্তবায়িত করতে হবে। আজকে আপনি যে ড্রাক, ড্রাই প্রভৃতি প্রবলেম এরিয়া ভাগ করেছেন তার সঙ্গে যুক্ত হয়ে আছে আর্সেনিক। আজকে প্রকৃতি এবং মানুষের ব্যবহারের মাধ্যমে জল দূষিত হয়ে আর্সেনিক যুক্ত হয়ে যাচ্ছে। কিন্তু আজকে সায়েন্সের পরিবর্তন হচ্ছে। আজকে

এইসব দূষিত বর্জ্য পদার্থ জল থেকে বের করে কি ভাবে মিষ্টি জল বেরিয়ে আসতে পারে, কিভাবে সেই জলের পরিবর্তন করা যেতে পারে তার দিকে আরো বেশি করে নজর দিতে হবে। তারপর আপনি পৌরসভাগুলিকে চিহ্নিত করেছেন। পৌরসভাগুলি এই সুযোগ পেত না। এখন সেগুলিকে যুক্ত করার জন্য যে পরিকল্পনা নিয়েছেন সেটা খুবই ভাল জিনিস। পৌরসভা এলাকার মধ্যে বহু জমি আছে যেখানে চাষবাস হয়। সেগুলি যদি কভার-আপ করতে পারেন তাহলে ভাল হয়। বড়জোড়া বাঁধ, দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী পরিকল্পনা নিন না? এর ফলে বাঁকুড়া, পুরুলিয়ার খরা বাঁচবে। কত মানুষ উপকৃত হবে, কৃষিভিত্তিক শিল্প করতে পারবেন, খরা থেকে মানুষ বাঁচবে। কারণ, ইরিগেশনের উপর ওখানে পুরোপুরি নির্ভর করতে হয়। এগুলি করলে কৃষিভিত্তিক শিল্প ক্রমশ বাড়বে। আমাদের অ্যাসিওর ক্রপস— জ্যোতিবাবু যখন বাঁকুড়ায় গিয়েছিলেন তখন তাঁর সঙ্গে আমি মিট করেছিলাম এবং বলেছিলাম, ঠিক সময়ে টোটাল যে রেইনফল হয় সেই জল আমরা আটকে রাখতে পারি না, বেরিয়ে যাচ্ছে। সেই জলকে আটকে রেকে বিভিন্নভাবে তাকে কাজে লাগাবার চেষ্টা করি না। সেই জলকে আটকে রাখবার জন্য পুরুলিয়া, বাঁকুড়ার কয়েকটি জায়গায় প্ল্যান-প্রোগ্রাম করতে হবে। অনুরূপভাবে শালীনদীর ক্যাচমেন্ট এরিয়ায় ইরিগেশনের জন্য বড়জোড়া এবং বেলিয়াতোড়ে কোনও ডেভেলপমেন্ট না হওয়ার ফলে জল গ্রাজুয়ালি কমে যাচ্ছে। বড় নদীগুলি বৃহৎ সেচের ক্ষেত্রে টোটাল কোলাপসের দিকে যাচ্ছে। আপনার কংসাবতী থেকে আরম্ভ করে, দামোদর, ডি. ভি. সি. পর্যন্ত আপনি অগতির গতি। আপনিই রক্ষা করতে পারবেন. ব্লকগুলি, পৌর এলাকাগুলি আপনি রক্ষা করতে পারবেন। পানীয় জল থেকে আরম্ভ করে. চাষের জল পর্যন্ত বিভিন্নভাবে সহযোগিতার পথ আপনিই দেখাতে পারবেন। আপনি যেসব পরিকল্পনাগুলি করছেন, দেখা যাচ্ছে, টাকাগুলির অযথা অপব্যয় ঘটে যাচ্ছে। সেগুলি বন্ধ করলে অনেক উন্নতি হবে এবং মানুষের অনেক সুরাহা হবে। আপনি দেখুন, আজকে পঞ্চায়েতগুলি কিভাবে শোষণ করছে। আজকে পঞ্চায়েতের শোষনের হাত থেকে যদি রক্ষা করতে না পারি তাহলে কোটি-কোটি টাকা বিভিন্নভাবে যে অপচয় ঘটে যাচ্ছে তা পরিকল্পনার কাজে লাগাতে পারব না। আপনি বাঁকুড়ার ১ নম্বর এবং ২ নম্বর ব্লক দেখে আসুন। পশ্চিমবাংলার প্রত্যেকটি ব্লক রক্ষা করুন। এর ফলে পশ্চিমবাংলার দিন-মজুর, ক্ষেতমজুরদের মোটামুটি সুরাহা করে দিতে পারবেন। কারণ, কৃষির উন্নতি আপনার উপরই নির্ভর করছে।

এই কাজগুলি যদি আপনি বাস্তবায়িত করতে পারতেন তাহলে সেটাকে আমরা ওয়েলকাম করতাম। কিন্তু আপনার দপ্তর ব্যর্থ, তাই এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় বিরোধী দলের পক্ষ থেকে এবং সরকারি দলের পক্ষ থেকে মাননীয় সদস্যরা আমার বাজেটের উপর যে আলোচনা করেছেন তাদের প্রত্যেককে তাদের সেই গঠনমূলক সমালোচনার জন্য এবং আলোচনার জন্য আন্তরিকভাবে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। সমালোচনা তো নিশ্চয় করা দরকার। তার কারণ, সমালোচনা না করলে কাজের অগ্রগতি ঘটে না। তার জন্য আমি সমালোচনাকে স্বাগতই জানাচ্ছি। আমার বাজেটের উপর মোট ২০টি কাটমোশন আমি পেয়েছি। এই বাজেটের উপর আগে এতো বেশি কাটমোশন আসতো না, এখন এই কাটমোশন পেয়ে আমি বুঝেছি ক্ষুদ্র সেচ সম্পর্কে কৃষকদের আগ্রহ অনেক বেড়েছে। কেন? তার কারণ, পশ্চিমবাংলায় ক্ষুদ্র সেচের মাধ্যমে কৃষকরা শতকরা ৮০ ভাগ জলসেচের জল, তারা আজকে পাচ্ছেন এবং এর মধ্যে দিয়ে আজকে সেচের অগ্রগতি ঘটেছে, কৃষির অগ্রগতি ঘটেছে। আর উন্নত মানের যে উৎপাদন ব্যবস্থা তার ফলে আজকে গ্রামীন অর্থনৈতিক চালচিত্রের একটা আমূল পরিবর্তন ঘটেছে, সেটা সম্ভবপর হয়েছে। যেসব কাটমোশন এসেছে তাকে তিনটি ভাগে ভাগ করা যায়। একটি ভাগ হচ্ছে, সরকারের ব্যর্থতা সেচের সম্প্রসারনের ব্যাপারে। ১, ৪, ৫, ১১, ১২, ১৫, ২০ নং কাটমোশনে সেচের ব্যর্থতার কথা বলা হয়েছে। এ ক্ষেত্রে বলতে গিয়ে আমি প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থশংকর রায়, তিনি '৭৫ সালে এই বিধানসভায় একটি বক্তৃতা করেছিলেন, সেখানে তিনি যে ফিগার দিয়েছিলেন সেটা একটু উল্লেখ করতে চাই। সেই বক্তৃতাতে তিনি বলেছিলেন, ৩১.৩.৬৬ পর্য্যন্ত ৫.৭৪ লক্ষ হেক্টর জমি সেচের আওতাভুক্ত হয়েছে। ৩১.৩.৭১ পর্য্যন্ত ৫.৭৪ লক্ষ হেক্টর জমি সেচের আওতাভুক্ত হয়েছে। ৩১.৩.৭৫ এই তারিখ পর্য্যন্ত ১৪.৯১ লক্ষ হেক্টর জমি সেচের আওতাভুক্ত হয়েছে। এটা সিদ্ধার্থবাবুর বক্তৃতা থেকে বললাম। আর আজকে সেটা হয়েছে ৩৪.৬৪ লক্ষ হেক্টর। এই পরিসংখ্যান থেকেই বোঝা যায় যে অগ্রগতি হয়েছে, কি হয়নি।

[3-10 — 3-20 p.m.]

এটা আমি সৌগতবাবুর বক্তৃতা কোট্ করে আপনাদের সামনে এটা বলবার চেষ্টা করলাম। সৌগতবাবু বলেছেন, দুটি ফিগার কোট্ করে, কোন ফিগারটা ঠিক—

অসীমবাবু যেটা বলেছেন সেটা, না আমি যেটা বলেছি সেটা? আমি বলছি, দুটোই ঠিক; একটি গ্রস্ ইরিগেটেড পোটেনশিয়াল, আর একটি নেট ক্রপড্ এরিয়া। একটি হচ্ছে ৪৭.৯৪ লক্ষ হেক্টর। এটা হচ্ছে গ্রস্ ইরিগেটেড পোটেনশিয়াল। আর নেট ক্রপড্ এরিয়া, যেটা আমি আমার বাজেট ভাষণের মধ্যে উল্লেখ করেছি। এই দুটো ফিগারই ঠিক। দুটি ফিগারের মধ্যে বৈপরীত্য নেই।

এবারে আসছি কাটমোশনের ব্যাপারে। ৩, ৭, ৮, ১০, ১৩, ১৪, ১৬, ১৭, ১৮ এবং ১৯ নং কাটমোশন, এতে যা বলেছেন তার মধ্যে কিছু আছে এলাকাভিত্তিক এবং প্রকল্পভিত্তিক প্রশ্ন এবং তাতে 'অকেজো', 'ব্যর্থ', 'হয়নি' এরকম বলেছেন। এ ব্যাপারে বলতে গেলে অনেক সময় লাগবে। ন্যায় বিচার হবে, আপনারা সব জানতে পারবেন, যদি বিধানসভায় প্রকল্পভিত্তিক প্রশ্ন করেন লিখিত বা মৌখিক, তাহলে আমি তার উত্তর দিয়ে দেব। এর মধ্যে অর্ধ সত্য কথা আছে, সত্য নয় এরকম কথা রয়েছে। আর ২, ৬, ৯, কাটমোশনগুলিতে ব্যর্থতার কথা বলা হয়েছে সমবায়, সেচ, বন্যা নিয়ন্ত্রণ, খাল সংস্কারের ব্যাপারে। যেহেতু এসব আমার দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট নয়, কাজেই এগুলো সম্পর্কে আমার বলাটা উচিত নয়। যেমন এখানে বলেছেন, সার্ফেস ফ্লো ইরিগেশন সম্পর্কে। সার্ফেস ফ্লো ইরিগেশন তো আমাদের সরকারের পক্ষ থেকে হয়। এ সম্পর্কে আমি জানি, উত্তরও দিতে পারি, কিন্তু আমার দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট নয়, তাই আমি উত্তরের মধ্যে যাব না। সৌগতবাবু আর একটি কথা বলেছেন, তার জন্য আমি তাঁকে সত্যিই ধন্যবাদ জানাব। উনি যে বক্তৃতা করলেন তাতে কেন বাজেটের বিরোধিতা করলেন বুঝলাম না। তাঁর বক্তৃতা তো রাজ্যে সেচের সমস্যা এবং জলের সঙ্কটের উপর এবং সেটা তো উনি বেশ ভালভাবেই বলেছেন। উনি তা বলতেই পারেন, কারণ এ বিষয়ে তাঁর দীর্ঘদিনের অভিজ্ঞতা রয়েছে। উনি ইরিগেশন সংশ্লিষ্ট এগ্রিকালচার সাবজেক্ট কমিটির চেয়ারম্যান ছিলেন, কাজেই এ ব্যাপারে বলতেই পারেন। কাজেই কেন যে বিরোধিতা করলেন জানি না। উনি খুবই গুরুত্বপূর্ণ কথা বলেছেন কতগুলো এবং ধন্যবাদ জানাই তার জন্য। আমরা বলছি, আগামী পাঁচ বছরের মধ্যে পশ্চিমবঙ্গে মোট যে চাষযোগ্য জমি, তার ৭৫ শতাংশ জমি আমরা সেচের আওতার মধ্যে আনব। যার অর্থ, বছরে ১.৫ লক্ষ হেক্টর জমি আমাদের সেচের আওতার মধ্যে আনতে হবে এবং তা আনতে গেলে কমপক্ষে ১ লক্ষ হেক্টর জমি ক্ষুদ্র সেচের মারফৎ ব্যবস্থা করতে হবে।

এই কাজ করা যদি যায় আমরা করব, করতে বদ্ধপরিকর—এই কাজ করতে পারলে আমরা অতিরিক্ত শ্রম দিবস তৈরি করতে পারব। পশ্চিমবাংলায় ৩ কোটি শ্রম দিবস তৈরি করা যাবে। আর ৫ লক্ষ কৃষক পরিবার উপকৃত হবে। জেলা পরিষদগুলিকে সহায়ক অনুদান দিয়ে নূতন নূতন প্রকল্প নির্মান করে, খারাপ হয়ে যাওয়া যে সমস্ত প্রকল্প আছে সেগুলি সারাই করে চালু করা, পুষ্করিনী খনন এবং সেচ সম্প্রসারণের জন্য বোরো বাঁধ নির্মান করে সেচ সম্প্রসারণের কাজ চলছে এবং ধারাবাহিক ভাবে এই কাজ চলবে। এ ছাড়া আমাদের ডাইরেক্টরিয়েট থেকে কতকগুলি কোর সেক্টারে প্রকল্প আছে সেই প্রকল্পগুলির কাজ হবে। আমাদের দপ্তর আরো একটা বড় কাজ হাতে নিয়েছে, তা হলো তথ্য প্রযুক্তির ব্যবহারকে সম্প্রসারিত করার এবং উন্নত মানে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা। যদি পরিকল্পিত কাজ করতে হয়, এটা খুব গুরুত্বপূর্ণ বলে আমাদের কাছে মনে হয়েছে। সেচ সেবিত এলাকায় জমি জরিপ করে জমি সমতলিকরণ করে কৃষি জমিতে সুষ্ঠুভাবে জল বণ্টন করে এবং পাকা নালা তৈরি করে সেচের উন্নয়নের কাজ আমাদের দপ্তর থেকে চলছে। আগামী দিনে এই কাজ আরো গুরুত্ব দিয়ে করতে হবে। দামোদর, ময়ূরাক্ষি, কংসাবতী এই কাজ চলছে চলবে। এবারে বিশেষভাবে তিস্তার উপর জোর দিয়ে এই কাজকে আরো অনেক বেশি গুরুত্ব দিয়ে করার কথা বলা হয়েছে। উপকৃত ভাইদের যুক্ত করে সরকার থেকে টাকা দিয়ে প্রকল্পগুলি তৈরি করে সেই প্রকল্পগুলি আমরা উপকৃত কৃষকদের মধ্যে থেকে কমিটি তৈরি করে পঞ্চায়েতের মাধ্যমে সেই প্রকল্পগুলি তাদের পরিচালনার জন্য রক্ষনাবেক্ষণের জন্য জলকর ধার্য্য করার জন্য জলকর আদায় করার জন্য তাদের হাতে তুলে দিচ্ছি। এটা একটা পার্টিসিপেটরি ইরিগেশন ম্যানেজমেন্ট। এটা চালু করে সরকার থেকে একটা নূতন দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছি। এই পর্যন্ত ১৮৬৫৭ টি প্রকল্প এইভাবে উপকৃত চাষী ভাইদের হাতে তুলে দিয়েছি। পশ্চিমবাংলায় আগামী দিনের জন্য যে টারগেট আমরা নিয়েছি, যে লক্ষ্যমাত্রা ধার্য্য করেছি সেই লক্ষ্যমাত্রা পূরণ করতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ। এই কাজ আমরা করব। এই কাজ করার পথে সমস্যা অনেক, সংকট অনেক। এখানে অনেকে আলোচনা করেছেন যেটা সেটা আমার ভাল লেগেছে যে অন্তত সাধারণ মানুষ সচেতন হয়েছে এবং বিধানসভার সদস্য নিশ্চয়ই সচেতন হয়েছে যেটা আলোচনায় ব্যক্ত হয়েছে। সেটা হলো আমাদের এখানে যে পরিমান বৃষ্টিপাত হয়—যথেষ্ট পরিমানে হয়—সেই বৃষ্টির জলকে আমরা ধরে রাখতে পারি না। নদী-নালা, খাল-বিল জলাশয়গুলির গর্ত ভরাট হয়ে গিয়েছে, ফলে তারা পর্যাপ্ত পরিমান জল

ধারণের ক্ষমতা হারিয়ে ফেলেছে এবং সর্বক্ষেত্রে বিশেষ করে শহরাঞ্চলে এই যে জলাধারগুলি আছে সেই জলাধারগুলির ভরাট করার একটা প্রবণতা দেখা দিয়েছে।

আবার সংকটটি কেমন—ভূগর্ভের জল যথেচ্ছ তোলা হচ্ছে। এর ফলে মাটির জলের নিচের লেভেল নিচে নেমে যাচ্ছে এবং তা পূর্বস্থানে ফিরে আসছে। ফিরে না আসার জন্য, মাটির তলে যতটা অনুপ্রবেশ করা দরকার, সেটা রি-চার্জ করা যাচ্ছে না। ইতিমধ্যেই ৩৩টি ব্লক গ্রে হয়ে গেছে। ৬১টি ব্লক ডার্ক হিসাবে চিহ্নিত হয়েছে, ৬০টি ব্লক লবণাক্ত হয়ে গেছে, ৬৯টি ব্লকে আর্সেনিক পাওয়া গেছে, দুটি ব্লকে ফ্লোরাইড পাওয়া গেছে এবং আরও অনেকগুলি ব্লক আছে যেগুলি লৌহ দূষণে দূষিত। এক কথায় বলতে গেলে, ভূ গর্ভস্থ জলের পরিমাণ এবং গুণের দিক থেকে এক সংকটজনক অবস্থায় এসে দাঁড়িয়েছে। এর প্রতিকার করতে না পারলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। এর জন্য আমাদের যে লক্ষ্যমাত্রা, সেখানে পৌঁছুতে হবে। তার জন্য পরিকল্পিত ভাবে, সুষ্ঠু পরিকল্পনার ভিত্তিতে আমাদের এগোতে হবে। আমরা যদি পরিকল্পনা নিয়ে এগোতে না পারি তাহলে আমরা আমাদের লক্ষ্যে পৌঁছুতে পারব না। সেজন্য সকলের সহযোগিতা চাই। আপনাদের সহযোগিতা চাই। তা না হলে এই কাজ কঠিন হবে। সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড এবং আমরা আর্সেনিক এবং লৌহ দূষণের মাত্রা কমাতে আমরা কিছু কাজ করেছি। উত্তর ২৪ পরগণা, পুরুলিয়া এবং বাঁকুড়া এই সমস্ত জায়গায় আমরা পরীক্ষামূলক ভাবে আর্টিফিশিয়াল চার্জ করে কৃত্রিমভাবে অনুপ্রবেশ করে—মাটির তলায় জলে—এই কাজ আমরা করছি। ২৪ পরগণায় আমাদের কাজ খুবই চিত্তাকর্ষক। সেখানে আর্সেনিকের মাত্রা খুবই কম দেখা যাচ্ছে, যেখানে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে একগুচ্ছ প্রকল্প অনুমোদনের জন্য পাঠিয়েছি। তার মধ্যে কলকাতার জন্য একটা পাইলট স্কিম আছে। কলকাতার জন্য পাইলট স্কিম কেন? তার কারণ, কলকাতার জলতল লেভেলটা সমুদ্রের জলের লেভেলের ছ'মিটার নিচে নেমে গেছে। বিশেষ করে পার্ক সার্কাস, ভবানীপুর, বালিগঞ্জ, ক্যামাকস্ট্রিট, যোধপুর পার্ক এবং পার্কস্ট্রিটে জলের লেভেল তাৎপর্যপূর্ণভাবে নেমে গেছে। এছাড়া, আলিপুর, বাঁশদ্রোণী, গল্ফ অঞ্চল, কুঁদঘাট, যতীশ রায় রোড, নাকতলা, গড়িয়া স্টেশন অঞ্চল এবং পূর্বালী এই সমস্ত জায়গায় অনুমিত সীমার ওপরে আর্সেনিকের সন্ধান পাওয়া গেছে। কলকাতার জলতল পর্যবেক্ষণ করার জন্য আমাদের দপ্তর থেকে এখানে আমরা ৫২টি হাইড্রো পাম্প স্টেশন করেছি। এটাকে ৯০টি করার জন্য আমরা সিদ্ধান্ত নিয়েছি। আমার অধীনে যে কৃষি শিল্প নিগম আছে, সেখান থেকে মুর্শিদাবাদ জেলায়

আর্সেনিক মুক্ত জল সরবরাহ করার জন্য আমরা প্রকল্প হাতে নিয়েছি এবং প্রথম পর্যায়ে ৫০০টি নলকূপের মধ্যে ৪১১টিতে আর্সেনিক দূরীকরণের যন্ত্র বসানো হয়েছে এবং যা হয়েছে তা সত্যিই খুব ভাল। এই সমস্ত সংকটকে মোকাবিলা করে আমাদের এগোতে হবে এবং আগামী পাঁচ বছরে আমাদের যে চাষযোগ্য জমি আছে তার ৭৫ পার্সেন্ট এলাকাকে সেচের আওতাভুক্ত করতে হবে। এই সমস্ত সংকট মোকাবিলা করার জন্য, যেকথা সৌগতবাবু উল্লেখ করেছেন, গত বছর আমরা যে বিল এনেছিলাম এবং যা আপনারা বিধানসভায় পাস করেছেন, সেই বিল যদি রাষ্ট্রপতির স্বাক্ষর হয়ে আসে— তাহলে দ্রুত সংরক্ষণ করে, ম্যানেজমেন্ট করে এবং পরিকল্পিতভাবে সেচের ব্যবস্থা করে এবং এই যে সংকট এবং দূষণ মোকাবিলা এই সমস্ত কাজে আমরা অনেক বেশি অগ্রসর হতে পারব। জানিনা কি অদৃশ্য কারণে এতদিন লাগছে এই সংকট কেন্দ্রীয় সরকারের হাত থেকে মুক্তি পেতে। সবাই প্রশংসা করেছেন, ঐতিহাসিক বিল বলেছেন এবং ঐক্যমতে পাশ করেছেন। সুতরাং দেরী যখন হচ্ছে আসুন না সব দল মিলে, সবাই যখন সংকট এবং সমস্যা উপলব্ধি করতে পারছি তখন একটা ডেলিগেশন নিয়ে দিল্লিতে গিয়ে সবাই মিলে ওকে মুক্ত করে নিয়ে আসার চেষ্টা করি। এই ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করছি। পরিশেষে এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি যে, আমার ৬৭ নং দাবির অধীনে ৩৯৪ কোটি ৯৬ লক্ষ ১৯ হাজার টাকার মঞ্জুরি, ফর্মালি বরাদ্দের মঞ্জুরির প্রস্তাব করেছি। এর মধ্যে ২০০১ সালের ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরি করা হয়, ১৩১.৬৫ লক্ষ ৪০ হাজার টাকা এর মধ্যে ধরা আছে। আশা করি এটা সবাই সমর্থন করবেন এইকথা বলে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 67

**Mr. Speaker :** Now there are 20 cut motions to Demand No.67. All the motions are in order and taken as moved. I now put all the motions to vote.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100 - were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 394,96,19,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "2702-Minor Irrigation, 2705-Command Area De-

velopment, 4702-Capital Outlay on Minor Irrigation and 4705-Capital Outlay on Command Area Development"during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 131,65,40,000 (already voted on account in February, 2001)

was then put and agreed to.

## DEMAND FOR GRANTS

### Demand No. 42 & Demand No.43

**Mr. Deputy Speaker :** Now Demand Nos.42 & 43 are taken up. There are 21 cut motions to Demand No. 42. All the motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra (cut motion no. 1)<br>Shri Ardhendu Maity (cut motion no. 2)<br>Shri Biman Chakraborty (cut motion nos.3-4)<br>Shri Kallol Khan (cut motion no.5)<br>Shri Kamal Mukherjee (cut motion no.6)<br>Shri Manturam Pakhira (cut motion no.7)<br>Shri Asish Banerjee (cut motion no.8)<br>Shri Abdul Mannan (cut motion nos. 9-10)<br>Shri Ashoke Kumar Deb (cut motion nos.11-13)<br>Shri Sadhan Pande (cut motion nos. 14-16)<br>Shri Tamanash Ghosh (cut motion no. 17)<br>Shri Tarak Bandyopadhyay (cut motion nos.18-20)<br>Shri Jyotipriya Mallick (cut motion no. 21) | Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs.1/- |

**Mr. Deputy Speaker :** There are 7 cut motions to Demand Nos. 43. However, cut motion nos. 2 & 4 to 7 are out of order. The cut motion nos. 1 & 3 are in order and may be taken as moved.

**Shri Ashoke Kumar Deb :**
**Shri Kallol Khan :** Sir, I beg tomove that the amount of the Demand be reduced by Rs.100/-

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের নারী, শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তরের ভারপ্রাপ্তমন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় ৪২ নং এবং ৪৩ নং দাবি উত্থাপিত করেছেন আমি তা সম্পূর্ণ বিরোধিতা করে, বিরোধীপক্ষের আনা কাটমোশনকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। আজকে এখানে যে দপ্তরটির আলোচনা চলছে এই দপ্তরটি ছোট হলেও এর গুরুত্ব অপরিসীম। সমাজের এমন কিছু পিছিয়ে পড়া মানুষ যেমন অনাথ, প্রতিবন্ধী, নারী, শিশু এদের সামাজিক স্বীকৃতি দেওয়ার জন্য এই দপ্তরকে দায়িত্ব দেওয়া হয়েছে।

স্বাভাবিকভাবে আমরা দেখি বাজেটের যে অর্থ এর জন্য বরাদ্দ হয় আমি মনে করি এটা অত্যন্ত অল্প এবং এই সরকার এই দপ্তরকে বেশি গুরুত্ব দিচ্ছেন না অর্থের পরিমাণ দেখলে সেটা বোঝা যায়। বিশেষ করে সবচেয়ে বড় যে প্রকল্প এই দপ্তরের অধীনে আছে, যার মধ্যে সুসংহত শিশু বিকাশ প্রকল্প, যেটা প্রায়শই আমাদের প্রশ্নোত্তরকালে আমাদের সদস্যদের আলোচনার মধ্যে এখানে আসে ও উত্থাপিত হয়, আজকেও উঠেছে। আমি তার পুনরাবৃত্তি করছি না। এটুকু জোরের সঙ্গে বলতে হচ্ছে, '৯১ সালের সেনসাস থেকে যে জনগণনা চলছিল তার ভিত্তিতে ১ হাজার পপুলেশন পিছু একটি সেন্টার, জনসংখ্যা বাড়ছে, কিন্তু সেন্টার বাড়ছে না। ২০০১ সালের জনগণনা আমরা কিছুদিন আগেই শেষ করলাম। নারী শিশুর কল্যাণের উদ্দেশ্যে যে প্রকল্প এটা সকলের কাছে পৌঁছে দেওয়ার যে সুযোগ তা সম্ভবপর হচ্ছে না। মাননীয় মন্ত্রী বলেছেন এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে জানানো সত্ত্বেও তারা অনীহা প্রকাশ করেছেন। তার জন্যও সমস্যা বাড়ছে। এই যে সমস্যা বাড়ছে এটা আমরা উপলব্ধি করছি, শুধু যে সংখ্যা বাড়ছে তা নয়, আমরা মনে করি আজকে যারা অঙ্গনওয়াড়ি ওয়ার্কার আছেন তারা নির্দিষ্ট কাজ ছাড়াও একটা

ব্যাপক পরিমাণ কাজ তাদের করতে হচ্ছে। যেমন হেলথ, এডুকেশন, সেনসাস বিভিন্ন ডিউটি তারা করছেন। সেই অনুযায়ী সামাজিক দায়িত্ব তাদের পালন করতে হচ্ছে। সামাজিক দায়িত্ব পালনের সাথে সাথে যে পরিমাণ কাজের জন্য রেমুনারেশন তাদের পাওয়া দরকার তারা তা পাচ্ছেন না। এটা নিয়ে যে ভাবা দরকার, সরকার তা ভাবছেন না। উনি হয়ত বলবেন ২০০ টাকা বেড়েছে কেন্দ্রীয় সরকারকে বলেছি, কিন্তু যে সামান্য পরিমাণ অর্থ দেওয়া হয়েছে সেটার ব্যাপারে আমি মনে করি তা অত্যন্ত কম। কিন্তু যে ব্যাপক কাজ চাপছে সেই কাজ অনুযায়ী তাদের অর্থ বাড়ানো দরকার। এটা নিয়ে ভাবা উচিত বলে আমি মনে করি। যারা অঙ্গনওয়াড়ি কর্মী আছেন, যারা সিডিউল কাস্ট তাদের ক্ষেত্রে এইট পাস করলে তারা অ্যাপ্লাই করতে পারেন। খুব ভাল কথা। সরকার সুযোগ দিয়েছেন। কিন্তু অঙ্গনওয়াড়ি কর্মী, যারা এইট পাস এবং যারা মাধ্যমিক পাস করা কর্মী আছেন তাদের মধ্যে বেতনের বৈষম্য কেন থাকছে? একজন মাধ্যমিক পাস করা সে পাচ্ছে ৭০০ টাকা বেতন, আর যে অষ্টম শ্রেণী পাস, অনগ্রসর শ্রেণীর সে পাচ্ছে ৬৩৮ টাকা; এই যে ৬২ টাকা কম এটা কেন? এই বৈষম্যটা কেন? এটা নিয়ে দেখা উচিত। এই ব্যাপারে দৃষ্টি দেওয়া দরকার যাতে সঠিক বিচার হয়। এছাড়া ছোটখাটো সমস্যা আছে, প্রধানমন্ত্রীর গ্রামোদ্যোগ যোজনা যেটা মার্চ মাস থেকে শুরু হয়েছে। ২৫ দিনের মধ্যে তাদের চার্ট তৈরি করতে হবে। খুব স্বাভাবিকভাবে দেখা যাচ্ছে, সেই কাজটা করার জন্য কোনও বিন্দুমাত্র রেমুনারেশন দেওয়া হচ্ছে না, সরকার কি এটা ভাবতে পারেন না, মাননীয় মন্ত্রী কি ভাবতে পারেন না? নিউট্রিশনের জন্য তাদের যে জ্বালানী দেওয়া হচ্ছে, যা বাচ্ছাদের খাওয়ানো হচ্ছে, সেই জ্বালানী বাবদ খরচ এখনকার দিনে মাসে ৫ টাকা করে দেওয়া হচ্ছে, সারা মাসের খাবারের জ্বালানীর জন্য, সমাজে পিছিয়ে পড়া মহিলা যারা এই কাজে নিযুক্ত হয়েছেন তাদের কাজের ক্ষেত্রে সবটা না হলেও এটা নিয়ে অন্তত ভাবা দরকার। আজকে কেরোসিন এর চাহিদা আছে, সেখানে তাদেরকে ৫ টাকা দেওয়া হচ্ছে। এই ব্যাপারে আমি নির্দিষ্টভাবে বলব, ব্লক ভিত্তিক, জেলা ভিত্তিক, কেরোসিনের কোটার যে ব্যবস্থা আছে, সেটা এক্ষেত্রে ৫শ, ৮শ, ১ লিটার যেটা দেওয়া সম্ভব সেই হিসাবে কেরোসিনের ব্যবস্থা করা হোক। এছাড়া যে সমস্যাগুলি দেখা দিয়েছে সেটা আমি উল্লেখ করছি।

আজকে শুধু তাই নয়, আপনারা বলেছেন এন. জি. ও.-দের দিয়ে জেলা পরিষদের সমস্ত জায়গায় কাজ ভালো হচ্ছে। আমি বলব, এন. জি. ও.-দের জন্য কোনও নির্দিষ্ট সীমারেখা নয়, সব জায়গায় যাতে তারা কাজ করতে পারে তাহলে ভালোভাবে কাজ হবে। শিশুদের ক্ষেত্রে আরও কিছু ব্যবস্থা করা যেতে পারে। শিশুদের জন্য আপনি খাদ্যের ব্যবস্থা করেছেন, হেলথ চেক আপের ব্যবস্থা করেছেন। কিন্তু খেলাধূলার জন্য স্পোর্টস ইক্যুইপমেন্ট যদি দিতে পারেন তাহলে ভালো হয়। এই ব্যাপারে সাবজেক্ট কমিটিও বার বার রিকোয়েস্ট করেছে, আপনাকে রেকমেন্ড করেছে। আমি মনে করি এই বিষয়গুলো আপনি ভাববেন, আই. সি. ডি. এসের ক্ষেত্রে এগুলো দেখা দরকার।

আমি অন্য জায়গায় যাচ্ছি, আপনি বিধবা এবং বার্ধক্য ব্যক্তিদের একটা ভাতা দেন। আপনি বলুন তো কটা মানুষ এই ভাতা পান? এটা কি প্রয়োজনের ভিত্তিতে পান, না এর নির্দিষ্ট সংখ্যা করা আছে তার ভিত্তিতে পান। হাজার হাজার দরখাস্ত পড়ে আছে, একটা মানুষের মৃত্যু না হলে পরের মানুষ পাননা। তাহলে কেন আপনি দরখাস্ত চাইছেন? সেই দরখাস্ত নিয়ে একটা বৃদ্ধ মানুষকে পঞ্চায়েতে যেতে হচ্ছে, তারপরে ব্লকে, তারপরে পৌরসভায়, তারপরে কৃষ্ণনগরে সোসাল ওয়েলফেয়ার দপ্তরে যেতে হচ্ছে। তারপরে সেখানে গিয়ে শুনতে পাচ্ছে অনেক দরখাস্ত জমা পড়ে আছে। আমাদের কিছু করার নেই, আপনাদের ব্লকে দুশ জনের দেওয়ার কথা, কোটা ফিল আপ হয়ে গেছে। একজনের মৃত্যু হলে আপনি পাবেন। এই অবস্থার আপনাকে সরলীকরণ করতে হবে, আপনাকে দরখাস্ত নেওয়া বন্ধ করে দিতে হবে। এদের নিয়ে ছিনিমিনি খেলা আপনি বন্ধ করুন। আপনি বলেছেন সাত লক্ষ প্রতিবন্ধীকে কার্ড দিয়েছেন, তার মধ্যে ৬,৮৮৭ জনকে যারা দরিদ্র তাদের আপনি চারশ টাকা করে ভাতা দিয়েছেন, অর্থাৎ যারা পুওরেস্ট পারসন। এই জায়গাটা আপনার দেখা দরকার। স্বাস্থ্য দপ্তর সার্টিফিকেট দিচ্ছে এবং কার্ড ইস্যু করে আপনার দপ্তর। এখানে একটা সমন্বয় থাকা দরকার। স্বাস্থ্য দপ্তর এবং সোসাল ওয়েলফেয়ার দপ্তর একসঙ্গে পৌরসভা এবং ব্লকের মধ্যবর্তী একটি স্থানে বছরে একটি দিন ক্যাম্প করে প্রতিবন্ধীদের সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা করুন। নারী কল্যাণের ক্ষেত্রে আপনার দপ্তরের কাছে কমিটির রেকমেন্ডেশন আছে। নারী কল্যাণের ক্ষেত্রে আপনি কমিটি করেছেন, উপদেষ্টা পর্ষদ করেছেন, দেরিতে হলেও খুব সামান্য এটা। কমিটির পক্ষ থেকে যে বিষয়টি রেকমেন্ডেশন করা হয়েছিল—দক্ষিণ ভারতে একটি প্রকল্প চালু আছে, যাদের আয় বারো হাজার টাকার কম, তাদের কন্যার বিয়ের জন্য সাত

হাজার টাকা অনুদান দেওয়া যায় কিনা এটা আপনি ভাববেন। শরিকদলের লোক বলে আপনাকে হ্যান্ডিক্যাপ করে রাখা হয়েছে, আপনাকে অর্থ দেওয়া হয় না। আপনি বার বার একই কথা শোনান, কাশী, মথুরা, বৃন্দাবনে হাজার হাজার মহিলা বিধবা আছেন। তাদের জন্য কোনও সমীক্ষা করেছেন কি, তাদের ব্যাপারে কোন রিপোর্ট পাঠিয়েছেন কি? শুধু কেন্দ্রের দোষ দিয়ে, বাহানা করে ব্যাপারটা এড়িয়ে যাবেন এটা ঠিক নয়। আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রীমতী নিরুপমা চট্টোপাধ্যায় :** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে সমাজকল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই।

আমরা মনে করি এই সমাজ কল্যাণ দপ্তর একটি গুরুত্বপূর্ণ দপ্তর। এই প্রকল্পের সঙ্গে যুক্ত আছে আমাদের অসহায় মায়েরা, শিশুরা, প্রতিবন্ধী, বৃদ্ধ-বৃদ্ধা, অনাথরা। এই দপ্তরকে আরও গুরুত্ব দেওয়া উচিত এবং এই দপ্তরে যে টাকা বরাদ্দ আছে তা যথেষ্ঠ নয়। গ্রামাঞ্চলের পরিস্থিতি আজকে জটিল। একদিকে অর্থনৈতিক অবস্থা ভেঙে পড়ছে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে, তার ফলে বিভিন্ন জায়গায় কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, কর্মসংস্থানের সুযোগ সংকুচিত হয়ে যাচ্ছে। কোটি কোটি বেকার ছেলে চাকরি চাকরি করে দ্বারে দ্বারে মাথা খুঁড়ছে। আজকে ইয়াঙ্কি কালচার দেশের গরিব মাকে পর্যন্ত কলুষিত করে তুলছে। এর ফলে আজকে সমস্ত যৌথ পরিবার ভেঙে টুকরো-টুকরো হয়ে যাচ্ছে। আজকে বিবাহ বিচ্ছেদ বেশি হচ্ছে, ইয়ং জেনারেশন আজকে ড্রাগে আসক্ত হচ্ছে। গ্রাম বাংলায় আজকে বিধবার সংখ্যা বাড়ছে, পুরুষের সংখ্যা কমছে। যৌথ পরিবার ভাঙার পরিণতিতে দেখতে পাচ্ছি বাবা-মাকে কেউ রাখতে চাইছে না। আমার কাছে অনেকে এসে বলে—আমাদের বাঁচাও নারী, বার্ধক্য ভাতা দিয়ে আমাদের বাঁচতে দাও। অপরদিকে দেখতে পাচ্ছি যানবাহন বাড়ছে, পরিবেশ দূষণ হচ্ছে, অনেক ছেলেমেয়ে প্রতিবন্ধী, অনাথ ভাতা বাড়ানো প্রয়োজন। আমি বলব—বিভিন্ন সাব ডিভিসনে বৃদ্ধ-বৃদ্ধাদের জন্য হোম করা প্রয়োজন। অনেকে আমাদের কাছে এসে যখন বলে—আমরা কোথায় যাব? তখন আমরা দিশাহারা হয়ে যাই। আজকে—পশ্চিমবাংলায় বলুন, সারা ভারতবর্ষে বলুন—যে ১৪ লক্ষ মেয়ে আই. সি. ডি. এস.-এ কাজ করে,

তাদের মধ্যে বেশিরভাগ বিধবা বা স্বামী পরিত্যক্তা বা অবিবাহিত। বিয়ে না করলেও মাকে, সমাজকে, শিশুকে গড়ে তোল এর মধ্যে দিয়ে নিজেদের তৈরি কর, হতাশায় ডুবে যেও না, হতাশায় ডুবে গেলে তো বাঁচতে পারবে না। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে অনেক মেয়েরা বলছে—ওয়ার্কিং গার্লস হোস্টেল দরকার, তা না হলে আমরা কোথায় যাব? মেয়েরা বড় হয়ে গেলে অনেক জায়গায় বাড়িতে থাকার অসুবিধা আছে, নিরাপত্তার অভাব দেখা যায়। এই জায়গায় বাড়িতে থাকার অসুবিধা আছে, নিরাপত্তার অভাব দেখা যায়। এই জায়গায় দাঁড়িয়ে আমরা মনে করি, শুধু কলকাতা শহরে কয়েকটি ওয়ার্কিং গার্লস হোস্টেল করে মেয়েদের সন্তুষ্ট করা যায় না।

সেইজন্য সাব ডিভিশন লেভেলে আমাদের সরকার থেকে ওয়ার্কিং গার্লস হোস্টেল করা উচিত। সাব ডিভিশন লেভেলে শিশুদের জন্য হোস্টেল করা উচিত। সাব ডিভিশন লেভেলে শিশুদের জন্য হোস্টেল করা উচিত। সাব ডিভিশন লেভেলে প্রতিবন্ধীদের জন্য হোস্টেল করা উচিত। কারণ আমরা জানি যে, অনেক পিতা মাতা আছেন, তাদের প্রতিবন্ধীদের জন্য হোস্টেল করা উচিত। কারণ আমরা জানি যে, অনেক পিতা মাতা আছেন, তাদের প্রতিবন্ধী শিশু আছে, তাকে কোথায় রাখবে, কার কাছে রাখবে এবং সেই কারণে তারা বলে—প্রতিবন্ধীদের জন্য হোস্টেল করে দিন, আমরা টাকা দেব এবং আমাদের বাচ্চাকে দিয়ে যাব। আমাদের স্যাটিসফ্যাকশন থাকবে যে সরকার আমার ছেলেকে দেখবে। সেইজন্য স্যার, আমি বলছি যে, এই ব্যাপারটা একটু বিবেচনা করা দরকার। স্যার আমরা মনে করি এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে দেশকে বাঁচানো দরকার। কংগ্রেস যখন এখানে রাজত্ব চালিয়েছে, তখন দেখেছি যে সেই সময় সমাজকল্যান দপ্তর দুঃস্থ মানুষদের কিছুই করেনি, শুধুই বড়লোকদের জন্য করেছে। সারা ভারতে কংগ্রেস এবং বি জে পি যারা কয়েকবছর চালিয়েছে, সেখানে মূল্যায়ন করে দেখুন তাহলে দেখবেন আমাদের সমাজকল্যান দপ্তরকে ছোট করে দেখানো হয়েছে এবং এর প্রতি যে গুরুত্ব দেওয়া দরকার সেটা করেনি। স্যার, এখানে ১ ঘণ্টা দেওয়া হয়েছে এবং এর প্রতি যে গুরুত্ব দেওয়া দরকার সেটা করেনি। স্যার, এখানে ১ ঘণ্টা দেওয়া হয়েছে সমাজকল্যাণের জন্য। এক ঘণ্টায় আলোচনা করা যায় না। আমি ৪ ঘণ্টা ধরে আলোচনা করে বুঝিয়ে দেব সমস্ত সেকশনকে যে কিভাবে কাজ করা দরকার। আজকে স্যার, টাকার বরাদ্দ না হওয়ার ফলে অনেক কিছুই সমাজকল্যাণের জন্য করা যাচ্ছে না। স্যার আমি বলতে চাই এই ব্যাপারে গুরুত্ব দেওয়া দরকার আছে।

আমাদের দুঃস্থ অসহায় মানুষকে বাঁচাতে হবে। এবার আই সি ডি এস প্রকল্পে আসি। এই প্রকল্পে যে সমস্ত মেয়েরা কাজ করে তাদের দাবি তাদের যে ফুয়েল কস্ট দেওয়া হয় সেটা অনেক দেরিতে এবং এই সমস্ত মেয়েরা কি করে ৩-৪ মাস চালাবে। তাই তারা ধার করতে বাধ্য হয়। আর তাদের যে অনারারিয়াম দেওয়া হয়, তাতে কি করে তাদের চলবে—এটাই তাদের দাবি। আমরা দিল্লিতে গিয়ে বা রবার ডেমোনেস্ট্রেশন করেছি। আমরা দিল্লিতে প্রথম যখন ৪০০ মেয়েকে নিয়ে ডেমোনেস্ট্রেশন করেছিলাম, তখন দেখেছি যে, এই মেয়েরা কি করবে না করবে, তাই ৪০০ পুলিশ পাঠিয়ে দিয়েছিল। তারপর আমরা আরও ৪-৫ বার গেছি এবং দাবি করেছি যে, আই সি ডি এস একটা গুরুত্বপূর্ণ প্রজেক্ট। এই প্রজেক্টের জন্য টাকা বরাদ্দ বাড়ানো হোক এবং যারা কাজ করছে তাদের বাঁচার মতো অনারারিয়াম দেওয়া হোক। এই প্রকল্পে ১৪.১ লক্ষ মেয়ে কাজ করে এই ব্যাপারে মুখ্যমন্ত্রীও চেষ্টা করেছেন এবং আমাদের সমাজকল্যান দপ্তরের মন্ত্রীও চেষ্টা করেছেন। কিন্তু কিছুই হয়নি। সেইজন্য আমি আবার আবেদন জানাব এই দপ্তর সম্পর্কে চিন্তা ভাবনা করার দরকার আছে। এই দপ্তরকে ঢেলে সাজানোর দরকার আছে। এই কথা বলে এই বাজেট বরাদ্দের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী আবদুল করিম চৌধুরী ঃ** মাননীয় স্পিকার স্যার, ডিমান্ড নাম্বার ৪২ এবং ৪৩ উইমেন, চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড সোসাল ওয়েলফেয়ারের উপর মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্য রেখেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের থেকে যে কাট মোশন আছে তার সমর্থনে কয়েকটি কথা বলছি। আমরা মাত্র ১০ মিনিট করে বলার সময় পেয়েছি কিন্তু অনেক কিছু বলার ছিল। এই ডিপার্টমেন্ট হচ্ছে অনেক অসহায় মানুষের ডিপার্টমেন্ট। অনেক দুঃস্থ মানুষের দপ্তর। হাজার হাজার লোক, হাজার মা বোন পড়ে আছেন যেখানে সেখানে, তাদের জন্যই এই ডিপার্টমেন্ট। দেখবেন স্যার, আজকের এই বাজেট স্পিচ পড়লে আপনার মনে হবে এই দপ্তরের কাজে অনেক কিছু হচ্ছে, অনেক লোকের উপকার হচ্ছে কিন্তু ইন প্র্যাকটিকাল আপনি যদি দেখেন যদি ঘুরে দেখেন তাহলে আপনার মনে হবে কত লোক আজকে অসহায় পড়ে আছে। আমি তো এবারে যখন ঘুরছিলাম তখন দেখলাম অনেক জায়গায় ৮০,৯০ বৎসর বয়সের মানুষ আমাকে বলেছেন যে 'বাবু আমরা কি আর ভাতাটা পাব না তাহলে ভাতাটা কে পাচ্ছে। এখানে ভাতাটা

আপনারা কাকে দিয়েছেন? নিজের লোকদের কিছু দিয়েছেন। আজকে হাজার হাজার লোক পড়ে আছে। আমাদের মন্ত্রী আছেন বিশ্বনাথ বাবু, উনি আজকে অসহায়, দুঃস্থ মানুষের দেবতা হতে পারতেন, আজকে উনি অসহায় মানুষের দেবতা হতে পারতেন তারা ওকে দেবতা বলত কিন্তু এই দপ্তর উনি ছেড়ে দিয়েছেন দপ্তরের লোকদের হাতে। নিজে উনি কোনও ইনিশিয়েটিভ নেন না, গ্রামে ঢুকে কোনও ব্যবস্থা নেন না। আজকে আমরা দেখেছি স্যার, আই. সি. ডি. এস প্রজেক্টে যে স্কিমগুলো আছে সেই স্কিমগুলো যদি ঠিকমতো রূপায়িত হত তাহলে আমাদের গরিব মানুষ, এই দুঃস্থ মানুষগুলোর এই অবস্থা হত না। এখানে তো মাত্র ৫শো কোটি টাকা রেখেছেন। আরও টাকা বাড়াতে হবে। আট, দশ হাজার লোককে দিয়ে কিছু হবে না তাদের আপনারা শান্ত করতে পারবেন না। হাজার লোক আজকে অসহায় পড়ে আছে। আমদের যে আই. সি. ডি. এস. প্রকল্পগুলো আছে, প্রত্যেক ব্লক এর যে প্রোজেক্টগুলো আছে সেই প্রোজেক্টগুলোর মাধ্যমে আমরা অনেক কিছু ভেবেছিলাম কিন্তু শুধু সিলেকশন কমিটির দিন কাকে ওয়ার্কার করতে হবে, কাকে হেল্পার করতে হবে সেই মিটিংগুলোতে আমাদের হাজিরা কিন্তু বাকী এম. এল.রা দেখবেন না কোথায় স্কিমগুলো হল, কাজ চলছে কি চলছে না। ঠিকমতো চাল ডাল পৌঁছেছে কি না। ব্যাস, সি. ডি. পি. ওর হাতে সব কিছু। সিলেকশন কমিটির যিনি চেয়ারম্যান এম. এল. এ. বা আর মেম্বাররা যা আছে তারা কি আর দু তিন মাস, ৬ মাস এর পর ঘুরে দেখবেন না যে কাজগুলো হচ্ছে কিনা, ঠিক মানের চাল আছে কিনা, ডাল আছে কিনা। যে চাল, ডাল আছে সেটা সেন্ট্রাল কমিটি পাশ করছে একটা আর চাল পাঠাচ্ছে অন্য মানের, এই সমস্ত আমরা অভিযোগ পেয়েছি। আই. সি. ডি. এস প্রোজেক্ট এর সঙ্গে যদি একটা কমিটি করা যেত তাহলে কাজগুলো চেক করা যেত, অনেক জায়গায় চুরি বন্ধ করা যেত। ঠিকমতো কাজগুলো হত। এম. এল. এ যারা আছেন তাঁরা দেখেছেন ৪ বছর হয়ে গেল কোথায় ফুড সেন্টার হচ্ছে বা হয়ে গেল কোনও খবর আমরা পাই নি। সি. ডি. পি. ও. আমাদের বলে নি যে চলুন দেখে আসবেন। হোম কোটার মাধ্যমে চাকরি হল সেখানে চেয়ারম্যান যারা আছে বা ওই প্রোজেক্ট এর মেম্বার যারা আছে তাদের তো একটা সুযোগ দেওয়া উচিত ছিল যে কিছু লোকের নাম আপনারা পাঠাবেন।

আমাদের মন্ত্রী এটা দেখলেন না, শুধুই পার্টি দেখলেন। আপনি যে টাকা খরচ করছেন ৭০ হাজার, ৩০ হাজার টাকা এটা ১০ হাজার লোক পাবেন। অনেকে বলছেন এই দপ্তরটা কি আর. এস. পি. পার্টির জন্যই আছে, এটা কি আর কেউ

পাবেন না, আর. এস. পি. ছাড়া আর কেউ কোন সুযোগ পাবে না। এখানে দলবাজি চলছে।

আমার বক্তব্য হচ্ছে মন্ত্রী ঠিকমতো বিধবা ভাতা দিচ্ছেন না, এটা দেওয়া হচ্ছে বেছে বেছে। একজন মরবে তার পরে অন্য একজন বয়স্ক বিধবা লোককে দেওয়া হবে এবং সেখানেও পার্টির ব্যাপার আছে। সেই জন্য আমি বলছি ঠিকমতো সার্ভে করুন যে কত লোক দুঃস্থ অবস্থায় আছে। আপনি ১৯৮২ সাল থেকে মন্ত্রী আছেন, আজ ২০ বছর হয়ে গেল এই সময়ের মধ্যে আপনি জেলায় জেলায় অনেক কিছু করতে পারতেন, কিন্তু আপনি কিছু করেন নি। আপনি কি করতে চান আমি সেটাও বুঝতে পারি না। আপনি যদি ঠিকমতো কাজ করতে পারতেন তাহলে লোকে আপনাকে দেবতা বলে মনে করতো।

আরেকটা কথা আপনি এখানে স্ট্রিট চিলড্রেন বলছেন। এদের স্ট্রিট চিলড্রেন কেন বলবেন? স্ট্রিট চিলড্রেন শুনলে মনে হয় এরা যেন স্ট্রিট ডগ। এতে ছেলেদের মনে ব্যথা লাগে। আপনি এদের গার্জেন লেস অথবা শেল্টার লেস চিলড্রেন বলতে পারতেন। আপনি স্ট্রিট চিলড্রেন বললে এটা স্ট্রিট ডগ শুনতে লাগে। তাই আমি বলব ইউ সুড চেঞ্জ দা ল্যাঙ্গুয়েজ অলসো।

মাননীয় মন্ত্রী তো বালুরঘাটে থাকেন, আপনি যদি ঘুরতেন তাহলে হ্যান্ডিক্যাপ লোকদের কথা বুঝতে পারতেন। যারা বোবা তারা পড়তে পারে না। তারা ১০, ১২ বছর ধরে অসহায় অবস্থায় পড়ে আছে, তাদের কোনও সাহায্য নেই। এই ব্যাপারে ব্লকে যদি জিজ্ঞাসা করি তাহলে তারা বলবে আমাদের হাতে কিছুই নাই। আমি জানতে চাইছি তাহলে আপনি কোথায় এই সাহায্য দিচ্ছেন। সিলেক্টেড জায়গায় দিচ্ছেন কি? তাহলে বাকি জেলাগুলির হ্যান্ডিক্যাপরা কোনও সাহায্য পাবে না। আপনার বি. ডি. ও. জানেন না যে কোন ব্যাপারে কি টাকা দেওয়া হয়। আমি মাননীয় মন্ত্রীকে বলি যে আপনি ২০ বছর মন্ত্রী থেকে অস্থায়ী লোকদের জন্য কিছুই করতে পারেন নি। সেই জন্য আমি এই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলাক্ষি বিশ্বাস :** মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের সমাজ কল্যান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি আমার মনের দিক থেকে সম্পূর্ণভাবে সমর্থন করে জীবনের তিক্ত

অভিজ্ঞতার কথা বলছি। ১৯৭৫ সালে প্রথম আই. সি. ডি. এস. ভারতে প্রবর্তন হয়। পশ্চিমবঙ্গের জেলাগুলির মধ্যে পুরুলিয়া একটা। যেখানে একটু একটু করে একটা সুন্দর পরিবেশের সৃষ্টি হয়েছে। ১৯৭৫ সালে অনুমোদিত সেন্টারের সংখ্যা ছিল ৩৫৬টি।

[4-00 — 4-10 p.m.]

১৯৯৯ সাল পর্যন্ত সংখ্যা বৃদ্ধি পেতে পেতে ২৯৪টা হয়েছে, এখনও অনেক বাকি আছে। কিন্তু ২০০১ সাল পর্যন্ত ৩০৬-টা অনুমোদন পেয়েছে এবং চালু হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যেগুলো বাকি আছে আস্তে আস্তে সেগুলো যেন সমস্ত বাধা-বিপত্তি সরিয়ে চালু করা যায়। কারণ, অনাথ শিশু, গর্ভবতী মা, যারা পুষ্টিকর খাদ্য খেতে পারে না তাদের জন্য এই প্রকল্প। পশ্চিমবাংলার বহু মানুষ, বিশেষত মহিলারা এতে উপকৃত হচ্ছে। সেই বাকিগুলো যত তাড়াতাড়ি সম্ভব চালু করতে বলছি। সাড়ে ৩৫ হাজার মা ও শিশু এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হচ্ছে। এই সংখ্যাটা যাতে ১ কোটিতে নিয়ে যাওয়া যায় সেই অনুরোধ করছি। বিভিন্ন এন. জি. ও. সংস্থা, যারা এই কাজে যুক্ত আছে তাদের যাতে বিভিন্ন সুযোগ সুবিধা এক্সগ্রাসিয়া, পূজো বোনাস ইত্যাদি পাওয়ার ক্ষেত্রে যে বাধাগুলো আছে সেগুলো যাতে অপসারণ করা হয় তার আবেদন জানাচ্ছি। পূজো বোনাস, পূজো এডভান্স এক্সগ্রাসিয়া অন্যান্য লোকেরা যখন যাচ্ছে তখন তাদেরও পেতে কোনও অসুবিধা নেই। আমাদের এখানে মেয়ে সন্তান প্রসবের ক্ষেত্রে একটা ঘৃনার প্রবণতা রয়েছে। কেন্দ্রীয় সরকার যে সমস্ত মায়ের দুটি পর্যন্ত কন্যা সন্তান জন্ম গ্রহণ করবে তাদের জন্য ৫০০ টাকা করে অনুদান দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন। কিন্তু অভাবি সংসারে টাকার এই পরিমাণ-টা যথেষ্ট নয়। এটা আরো বাড়ানো দরকার। আরেকটা বিষয় হচ্ছে। প্রতিবন্ধীদের জন্য নানা রকমের সুযোগ-সুবিধা আছে আমি জানি। কিন্তু তাদের যাতে বিভিন্ন রকম হাতের কাজের ট্রেনিং দেওয়া যায়, এবং তারা সেটা শিখে আরো মানুষকে শেখাতে পারে এবং এর মধ্যে দিয়ে নিজেরা স্বনির্ভর হতে পারে তার ব্যবস্থা করার অনুরোধ করছি। প্রতিবন্ধী ট্রেনিং মেয়েরা নিয়ে সোয়েটার বোনা, সুতোর জিনিসপত্র বোনা, ইত্যাদি কাজ করতে পারে এবং অন্যদের শিখিয়ে আর্থিক উন্নতি ঘটাতে পারবে।

অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত দুঃস্থ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাসিক ৬০ টাকা হারে বৃত্তি ও মাসিক ২০ টাকা হারে পরিবহন ভাতা দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু

২০ টাকার পরিবহন ভাতা যেটা আছে সেটা বাড়াবার জন্য অনুরোধ করছি। হয়তো দেখা যাচ্ছে ভ্যানে করে যেতে আসতে হচ্ছে। সেক্ষেত্রে এটা কম হয়ে যায়। দরিদ্র প্রতিবন্ধীদের জন্য কিছু করার যে মানসিকতা তৈরি হয়েছে এটা ভালো কথা, এটা আরো বাড়াতে হবে।

গ্রামের অনেক দরিদ্র প্রতিবন্ধীকে মাসিক ৪০০ টাকা করে ভাতা দেওয়া হয়। এবং অনেক সংখ্যক লোক এটা পাচ্ছে। এই সংখ্যাটা আরো বাড়াতে অনুরোধ করছি। এক্ষেত্রে টাকার পরিমাণটা বাড়ানোরও অনুরোধ করছি। এবং এর মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকারকে জনপ্রিয় করে তোলার জন্য আরো বেশি বেশি করে প্রতিবন্ধীদের জন্য কাজ করার জন্য অবরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তারক ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে নারী ও শিশু বিকাশ ও সমাজকল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তারা বিরোধিতা করছি। কারণ এই সরকার অসহায়, দুর্বল, দুঃস্থ, গরিব মানুষের স্বার্থ রক্ষা করে না। যার ফলে এই যে বাজেট বরাদ্দ এখানে হয়েছে এই টাকাও ঠিক ঠিক ভাবে মানুষের প্রয়োজনে কাজে লাগছে না। একে তো অল্প টাকা, সেটা আমাদের প্রাক্তন মন্ত্রী শ্রদ্ধেয়া শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি বললেন, এই দপ্তরের যে কতটা গুরুত্ব সেই গুরুত্ব উপলব্ধি সরকার করে না। বামফ্রন্ট সরকার বলেন যে, তাঁরা গরিব মানুষের সরকার, গরিব, দুর্বল, পিছিয়ে পড়া, অবহেলিত মানুষের তাঁরা স্বার্থ রক্ষা করেন। কিন্তু দেখা গেল এই সরকার সবচেয়ে বেশি নেগলেক্ট করছেন উইকার সেকশনদের। তাদের দিকে দেখছেন না। বাজেটের মধ্যে দিয়ে এটা প্রমাণিত। সুসংহত শিশু বিকাশ প্রকল্প, আই. সি. ডি. এস. প্রকল্পের একটা হিসাব দেওয়া হয়েছে—৪৪ হাজার ৭৩টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মাধ্যমে প্রায় ৩৫.২৫ লক্ষ মা ও শিশু এই প্রকল্পের আওতায় উপকৃত হয়েছে—বাজেট বক্তৃতায় একথা বলা হয়েছে। এদিকে আর্থিক সমীক্ষায় দেখা যাচ্ছে যে, তার উল্টো চিত্র। আর্থিক সমীক্ষায় তিনি বলেছেন যে, মোট ৩৬ লক্ষ শিশু ও মা উপকৃত হচ্ছে এবং সেন্টারের সংখ্যা ৪৮ হাজার ৫০০ টি। এখানে বলছেন ৪৮ হাজার ৫০০ টি আবার আরেক জায়গায় বলছেন ৪৪ হাজার ৭৩টি সেন্টার করেছেন। একটার সঙ্গে আরেকটার মিল নেই। সবচেয়ে গুরুত্বপূর্ণ হল, মা ও শিশু জাতির ভবিষ্যৎ। পৃথিবীর যে কোনও দেশ অগ্রগতিশীল দেশ, উন্নয়নশীল দেশে যদি মা ও শিশুর উন্নতি না হয় তাহলে সেই দেশের

উন্নয়ন সম্ভব ন..। এই যে আই. সি. ডি. এস. প্রকল্প—এতে স্কুলে মা ও শিশুদের স্বাস্থ্য পরীক্ষা হওয়ার কথা। কিন্তু আমি বলছি, মাননীয় মন্ত্রিমহাশয় আপনি দেখে আসবেন আমার এলাকায় বাগবাজারে আই. সি. ডি. এস. কেন্দ্র আছে, মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন যে, এই প্রকল্পের অধীন যে মেডিকেল অফিসার আছেন তিনি মা ও শিশুদের স্বাস্থ্য পরীক্ষা করেন কি করেন না? তিনি সেখানে যান না, পরীক্ষা করেন না। এ বিষয়টি দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, পশ্চিমবঙ্গে যতগুলো আই. সি. ডি. এস. সেন্টার চালু আছে প্রত্যেকটি সেন্টারের ভিতর কতগুলো স্কুল আছে, তার ঠিকানা কি, কতজন শিক্ষক সেখানে চাকরি করেন তার একটি তালিকা যেন সরকার প্রকাশ করেন। এই আই. সি. ডি. এস. প্রকল্পে যাদের নিয়োগ করা হয়েছে তাঁরা সবাই সি. পি. এম. পার্টির অফিস থেকে নিযুক্ত হয়েছেন। আবার অনেক জায়গায় সি. পি. এম. পার্টির অফিসের ভিতর স্কুল রয়েছে, কিন্তু কোনও স্কুল চলছে না, কোনও লেখাপড়ার ব্যবস্থা নেই। এটা গুরুত্ব সহকারে দেখা দরকার। বাগবাজার আই. সি. ডি. এস. প্রকল্পের অধীনে কত কর্মী কর্মরত, স্কুলটা কোন ঠিকানায় আছে এগুলো মাননীয় মন্ত্রিমহাশয় যদি দয়া করে জানান তাহলে আমি আপনার কাছে বাধিত থাকব। এখানে ৭ লক্ষ প্রতিবন্ধীকে পরিচয় পত্র দেওয়া হয়েছে। কিন্তু প্রতিবন্ধী ভাতা দেওয়া হয়েছে ৬ হাজার ৮৮৭ জনকে। এখানে প্রতিবন্ধীরা সবচেয়ে বেশি অবহেলিত হচ্ছে। আমরা এস. সি., এস. টি. এবং ও . বি. সি. দের কথা বার বার বলি। এদিকে জাতপাতের কথা ভুলে যেতে চায় বামফ্রন্ট সরকার—এরকম বাণী তাঁরা দিয়ে থাকেন। প্রতিবন্ধীদের জন্য কোনও রিজারভেশনের ব্যবস্থা ছিল না। পরবর্তীকালে অনেক বলায় প্রতিবন্ধীদের জন্য ৩ পারসেন্ট রিজারভেশনের ব্যবস্থা হয়েছে। কিন্তু কোনও জায়গায় প্রতিবন্ধীদের ৩ পারসেন্ট নিয়োগের কোনও ব্যবস্থা নেই।

[4-10 — 4-20 p.m.]

স্যার, সাধারণভাবে মেন্টালি ডিজেবলড বা ব্লাইন্ড ছাত্র-ছাত্রীদের পরীক্ষার সময় একটু বেশি সময় দেয়ার কথা। কিন্তু যাঁরা মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক প্রভৃতি বিভিন্ন পরীক্ষা পরিচালনার দায়িত্বে থাকেন তাঁরা তাদের বাড়তি সময় দেন না। সেজন্য আমার মনে হয় প্রতিবন্ধীদের জন্য আলাদাভাবে পরীক্ষার ব্যবস্থা করা দরকার। তাদের প্রতি যথাযথ গুরুত্ব দিয়ে পরীক্ষা পদ্ধতি বদল করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আজকে একজন কমিশনার নিযুক্ত হয়েছেন। আর.

এস. জামিরকে কমিশনার নিযুক্ত করা হয়েছে। কিন্তু আমার মনে হয় কমিশনার না থাকলেই ভাল হত। হাইকোর্ট থেকে নির্দেশ দেয়ার পরে জামির সাহেবকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে যে, তাঁর দপ্তরের কোনও কাজই নেই। সেখানে কোনও কাজ হয় না। প্রতিবন্ধীদের সারা বছর ধরে যে সমস্ত সাজ সরঞ্জাম দেয়া হয় বর্তমান আর্থিক বছরে অন্যান্য বারের তুলনায় সে সংখ্যা অনেক কমে গেছে। তাহলে কি আমাদের রাজ্যে প্রতিবন্ধীর সংখ্যা কমে গেছে? মোটেই নয়, পশ্চিমবাংলায় মোট জনসংখ্যার ১০% প্রতিবন্ধী। প্রতি ১০০ জনের ১০ জনই প্রতিবন্ধী। কাজেই বামফ্রন্ট সরকার শুধু রিগিং-এর সরকারই নয়, এটা একটা প্রতিবন্ধী সৃষ্টির সরকার। গভর্নমেন্ট নিজেই ডিজেবল গভর্নমেন্ট। ১০% প্রতিবন্ধী সৃষ্টির মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় রেকর্ড সৃষ্টি হয়েছে। প্রতিবন্ধী হওয়ার অনেকগুলি কারণ রয়েছে। তার মধ্যে প্রধান অপুষ্টি। অপুষ্টিজনিত কারণে সবচেয়ে বেশি সংখ্যায় প্রতিবন্ধী সৃষ্টি হয়। আমরা লক্ষ্য করছি রাজ্যের মায়েরা স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন। যে সব মায়েরা সন্তান প্রসব করেন সেসব মায়েদের মিনিমাম হেলথ চেক্ আপ-এর কোনও ব্যবস্থা নেই। তাঁদের যে খাদ্য দরকার তাঁরা তা পান না। গোটা রাজ্যে আজকে দারিদ্র এমন একটা চরম জায়গায় এসে দাঁড়িয়েছে যে, বেশির ভাগ মায়েদের যে মিনিমাম ফুড দরকার তা তাঁরা পাচ্ছেন না, তা থেকে তাঁরা সম্পূর্ণভাবে বঞ্চিত হচ্ছেন। যার ফলে আমরা দেখছি অধিক সংখ্যায় প্রতিবন্ধী শিশু জন্ম গ্রহণ করছে। বিভিন্ন কারণে প্রতিবন্ধী হয়, এটা তার একটা অন্যতম কারণ। বামফ্রন্ট সরকার পশ্চিম বাংলার সর্বনাশ করে দিয়েছে এবং তার নজির হচ্ছে মোট জনসংখ্যার ১০% প্রতিবন্ধী। তাদের দিকে সরকারের কোনও নজর নেই, তাদের উপেক্ষা করা হচ্ছে, বঞ্চিত করা হচ্ছে। ডিজেবল্ডদের উইডোদের যে ৪০০ টাকা করে ওল্ড এজ্ পেনসন দেয়ার ব্যবস্থা আছে, এটা খুবই কম। তাদের মিনিমাম মাসিক ৫০০ টাকা করে পেনসন দেওয়া দরকার। এখানে পথ-শিশুদের কথা বলা হয়েছে। আমরা কলকাতায় দেখছি থানায় নবদিশা নামে রোটারি ক্লাবের মাধ্যমে পথ শিশুদের মাসে এক দিন স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। আমি আমার লোকাল পুলিশ স্টেশনে এই রকম একটা অনুষ্ঠানে উপস্থিত থেকে বলেছিলাম—যে শিশুরা শীতকালে রাস্তার ফুটপাথে পড়ে থাকে, বর্ষায় রোদে ফুটপাথে শুয়ে থাকে তাদের মাসে এক দিন হেলথ চেক্ আপ করাটা প্রহসন ছাড়া আর কিছু নয়। এদের জন্য কি একটু নাইট সেন্টারের ব্যবস্থা করা যায় না। নাইট সেন্টারের ব্যবস্থা করার পরে তাদের স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করা হলে তার একটা

যুক্তি থাকত। এই সব অদ্ভুত ব্যাপার চলছে। এটা লোক দেখানো ব্যাপার ছাড়া আর কিছু নয়। বামফ্রন্ট সরকারে প্রচুর লোক-দেখানো ব্যাপার আছে। মানুষের কাছে তাঁরা এটাই দেখাবার চেষ্টা করেন যে, তাঁরা কত না কাজ করছেন! বৃন্দাবনে বসবাসকারী দুঃস্থ মহিলাদের নিয়ে খবরের কাগজে প্রচুর খবর বেরিয়েছিল। আমরা সেখানে গিয়ে তাঁদের অবস্থা দেখে এসেছিলাম। আমরা রাজ্য সরকারকে বলেছিলাম— আমাদের বিভিন্ন পরিবারের যে সব বিধবা মায়েরা বৃন্দাবনে অসহায় জীবনযাপন করছেন তাঁদের জন্য সরকারের পক্ষ থেকে কিছু ভাতার ব্যবস্থা করা হোক। কিন্তু রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের ওপর সমস্ত দায়িত্ব চাপিয়ে দিয়ে নিজেরা দায়মুক্ত হতে চাইলেন। সেখানেই নিজেদের দায়িত্ব শেষ করে দিলেন। এই পরিস্থিতিতে আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। সুতরাং আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের উত্থাপন করা ব্যয়-বরাদ্দের দাবির বিরোধিতা করে, আমাদের পক্ষ থেকে পেশ করা ছাঁটাই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের নারী শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী তাঁর বাজেটের জন্য যে দাবী পেশ করেছেন আমি সেই দাবীর পক্ষের সমর্থনে আমার বক্তব্য রাখছি এবং সেই সঙ্গে সঙ্গে বিরোধী দলের আনা কাট-মোশনের বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ থেকে ২৫ বছর আগে যখন কংগ্রেস পশ্চিমবাংলায় রাজত্ব করতো তখন পশ্চিমবাংলায় এই শিশু কল্যাণ যে বিভাগ আছে সেটা কেউ জানতো না। তার কারণ, কংগ্রেসের দৃষ্টি-ভঙ্গী আলাদা ছিল আর বামফ্রন্ট সরকারের দৃষ্টি-ভঙ্গী আলাদা। কংগ্রেস কোনদিন নারী, শিশু, গরীব মানুষ, আঁতুর, অনাথ, প্রতিবন্ধীদের জন্য কোনও ভাবনা-চিন্তা করেনি। কিন্তু বামফ্রন্ট বিপরীত দৃষ্টি-ভঙ্গী নিয়ে, নতুন দিশা নিয়ে, সংবেদনশীলতা নিয়ে এইসব গরীব মানুষ আঁতুর এবং দুঃস্থ মানুষদের জন্য কর্মসূচী গ্রহণ করেছেন। আমার আগের বক্তা তৃণমূলের সদস্য যে কথা বললেন তাতে আমার মনে হয়, ওনাকে মানসিক প্রতিবন্ধী হিসাবে ভর্তি করা দরকার এবং ভাতা দেওয়া দরকার, কারণ তিনি কোনও তথ্য জানেন না। ১৯৭৫ সালে স্কীম চালু হওয়ার পর ৩০৬টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র চলছে যার মধ্য দিয়ে সাড়ে ৩৫ লক্ষ মা, শিশু উপকৃত হচ্ছে এবং প্রায় ৪৪ হাজার ৭৩টি সেন্টার চলছে। এইসব অঙ্গনওয়াড়ি কর্মীরা আজকে সমস্ত রকমের কাজকর্ম করছেন। তারা হেলথ ডিপার্টমেন্টের সহায়তা নিয়ে লেপ্রোসি ক্যাম্প করেছেন। এড্‌স ডিটেকশন ক্যাম্পে কাজ করছে, সাক্ষরতা ক্যাম্প করেছে। সেই

কারণে আমিমনেকরি তাদের কাজের চাপ বেড়েছে। এই সমস্ত অঙ্গনওয়াড়ি কর্মীদের অ্যাডিশনাল ২০০ টাকা করে যে স্টাইপেন্ড দিচ্ছেন সেই স্টাইপেন্ড প্রতি মাসে দেওয়া দরকার, এককালীন করা দরকার এবং তার সঙ্গ সঙ্গে অনারারিয়াম বাড়ানো দরকার। ফুয়েল চার্জের জন্য যে টাকা দেওয়া হচ্ছে সেটা ৩।৪ মাস অন্তর পাচ্ছে। এটা প্রতি মাসে দেওয়া দরকার আজ ফুয়েল চার্জের টাকা বাড়ানো দরকার। অঙ্গনওয়াড়ি সেন্টারে শিশুদের জন্য যে রান্না করা খাবার দেওয়া হয় সেই খাবারের পরিমান কিছুটা বাড়ানো দরকার অর্থাৎ ভ্যালুয়েশন বাড়ানো দরকার। প্রতিবন্ধীদের ব্যাপারে ২৫ বছর ধরে বামফ্রন্ট সরকার একটা নীতি নেওয়ার ফলে তার ডিটেকশন হয়েছে এবং প্রতিবন্ধীদের পরিচয়পত্র দেওয়া হচ্ছে। এ পর্যন্ত ৭ লক্ষ প্রতিবন্ধীদের পরিচয়পত্র দেওয়া হয়েছে। বর্তমান বছরে আরও সাড়ে ৩ লক্ষ প্রতিবন্ধীদের পরিচয়পত্র দেওয়ার কর্মসূচী গ্রহণ করা হয়েছে এবং তাদের জন্য ক্যাম্প করে পরিচয়পত্র দেওয়া হচ্ছে যেটা কংগ্রেস আমলে এই ক্যাম্প করে পরিচয়পত্র দেওয়ার কোনও ব্যবস্থা ছিল না। এইসব প্রতিবন্ধীরা তাদের পরিচয়পত্র না পেলে কোনও সুযোগ-সুবিধা পেত না। সেই জায়গায় দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার প্রতিবন্ধীদের জন্য ক্যাম্প করে স্বীকৃতি দিচ্ছে। আজকে বিরোধী সদস্যরা যা বলছেন তাঁরা তাঁদের পুরানো দিনের ইতিহাস ভুলে যাচ্ছেন। এইসব প্রতিবন্ধীদের সুযোগ-সুবিধা দেওয়ার জন্য তাদের পরিচয়পত্র প্রতি ব্লকে ক্যাম্প করে দেওয়া দরকার। কারণ এইসব অনাথ প্রতিবন্ধীদের পয়সা নেই, তারা জেলার ক্যাম্পে যেতে পারে না। সেইজন্য প্রতি ব্লকে তাদের জন্য ক্যাম্প করা দরকার। প্রতিবন্ধী যারা ছাত্র আছে তাদের অষ্টম শ্রেণী পর্যন্ত যে স্কীম আছে সেটা দশম শ্রেণী পর্যন্ত স্কীম হওয়া দরকার এবং তাদের মাসিক স্টাইপেন্ড দশম শ্রেণী পর্যন্ত দেওয়া দরকার। আজকে অবহেলিত শিশুদের জন্য যে দত্তক দেবার ব্যবস্থা আছে আমাদের সমাজ কল্যাণ দপ্তর বিভিন্ন যে কর্মসূচী নিয়েছেন তাকে আরও হাই-লাইট করার জন্য টি.ভি., রেডিও এবং কাগজপত্রে রেগুলার প্রচার করা দরকার। আজকে সমাজ কল্যাণ দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ সমাজের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ - মা ও শিশুদের জন্য বিশেষ করে এই দপ্তর কাজ করে। শিশুরাই হচ্ছে ভবিষ্যতের নাগরিক। তাদের জন্য এই দপ্তর যাতে সঠিকভাবে কাজ করতে পারে তারজন্য এই দপ্তরের অধিক বরাদ্দের প্রয়োজন। সেই বরাদ্দ করা হবে এই আশা করে, বাজেটকে সমর্থন করে ও কাটমোশানগুলির বিরোধিতা করে শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই সরকারপক্ষ এবং বিরোধীপক্ষের যেসব মাননীয় সদস্য আমার বাজেট বিতর্কে অংশগ্রহণ করেছেন তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি এই কারণে যে, তারা কিছু গঠনমূলক সাজেসান দিয়েছেন। আর্থিক সুবিধা থাকলে সম্ভবত সেগুলি অবশ্যই আমি বাস্তবায়িত করার চেষ্টা করবো। এই বাজেটের উপর যে সমস্ত কাটমোশন এসেছে সেগুলির আমি বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে, সমাজকল্যাণ দপ্তরের একটা বৃহৎ পরিধি আছে। সমাজের মানুষ - শিশু হোক, বৃদ্ধ বা বৃদ্ধা হোক একদিনে বা এক বছরে মানুষের এই অবস্থা তৈরি হয়নি। দীর্ঘ বছরের যে যন্ত্রনা এবং জ্বালা, যে অর্থনৈতিক অসুবিধা তার ফলেই আজকে পাহাড় প্রমাণ সমস্যা দেখা দিয়েছে। কাজেই সেই সমস্যার মধ্যেই আমাদের কাজ করতে হচ্ছে, সেই সমস্যার মধ্যে দাঁড়িয়েই আমাদের চলতে হচ্ছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়েও আমরা চেষ্টা করছি আমাদের দপ্তরের মাধ্যমে মানুষের জন্য কিছু কাজ করার। বিরোধীদলের একজন মাননীয় সদস্য বললেন যে কোনও কাজ হয়নি। আমি বলব, বিরোধিতা করা নিশ্চয় বিরোধীদের কাজ কিন্তু বিরোধিতা যে বিরোধিতা করবেন সেখানে তা করার সময় যে কাজটুকু হয়েছে তা বললে সেই বিরোধিতাটা বা সমালোচনাটা গঠনমূলক হয়, সেটা সার্থক হয়। আমি একটা হিসাব দিচ্ছি। আমাদের সরকারি এবং বেসরকারি যেসব হোম আছে সেখানে অনাথ শিশু যারা পড়াশুনা করে এবারে তাদের মধ্যে যারা মাধ্যমিক দিয়েছিল তাদের ফল কি রকম হয়েছে সেটা বলি। তাদের মধ্যে এবারে মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল ১২০ জন। তারমধ্যে প্রথম বিভাগে পাশ করেছে ৪৩ জন, দ্বিতীয় বিভাগে ৩৮ জন, তৃতীয় বিভাগে ১২ জন। মোট ৯৩ জন পাশ করেছে। এরমধ্যে ৪ জন স্টার পেয়েছে। মাননীয় সদস্যদের এই প্রসঙ্গে আরও জানাই, আমাদের এই দপ্তরের যে চুলা প্রকল্প আছে, আমাদের মায়েদের যে পাতা ব্যবহার করে রান্না করতে হয়, সেখানে তার উন্নতি সাধনের জন্য আমরা '৮৪ সাল থেকে এই প্রকল্পের কাজ শুরু করেছি। এ যাবত আমরা ১৭ লক্ষ ৩৩ হাজার ১৭২টি চুলা স্থাপন করেছি। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ৯৪/৯৫ সালে এই চুলা প্রকল্পের জন্য আমাদের প্রথম পুরস্কার দেওয়া হয়েছে। ১৯৯৭-৯৮ সালে আমাদের তৃতীয় পুরস্কার দেওয়া হয়েছে, ১৯৯৮-৯৯ সাল প্রথম পুরস্কার দেওয়া হয়েছে, ১৯৯৯-২০০০ সালে প্রথম পুরস্কার দেওয়া হয়েছে। নিশ্চয়ই মাননীয় সদস্যরা কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ রেখে থাকেন।

এখন এই পুরস্কার কেন তাঁরা দিলেন সেটা ওঁদেরকেই জিজ্ঞাসা করবেন। গরিব অধ্যুষিত যেসব এলাকা রয়েছে সেসব এলাকার কথা আপনারা কি কেউ ভাবেন? সেটা চিন্তাও করেন না। আমরা সেটা চিন্তা করেছি এবং ঐসব অঞ্চলে আই.সি.ডি.এস. প্রকল্প চালু করেছি শিশুদের জন্য। বালিকা সমৃদ্ধি যোজনা সেখানে চালু করেছি। কন্যা-সন্তান সচেতনতা সম্পর্কে শিবির চালু করেছি। যৌনকর্মিদের জন্য আমরা স্কীম চালু করেছি এবং যৌনকর্মিদের ১৮ জন সন্তানকে যাদবপুর ইউনির্ভাসিটিতে কমপিউটার প্রশিক্ষণ লাভের জন্য পাঠিয়েছি। কলকাতা জেলার রেডলাইট এলাকায় আই.সি.ডি.এস. প্রকল্পে ৬১টি অঙ্গনওয়ারী কেন্দ্রের মাধ্যমে প্রায় ২৬০০ শিশু এবং ৭০০ মহিলা উপকৃত হয়েছেন এবং যৌনকর্মিদের মধ্যে থেকে বেশ কিছু যৌনকর্মি আই.সি.ডি.এস. প্রকল্পের সঙ্গে যুক্ত করা হয়েছে। এমন অনেক পরিবার আছে যাদের কোনও সন্তান-সন্ততি নেই। সেক্ষেত্রে দত্তক নেবার যে নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী ২০০০ সালে প্রায় ৫৫১ জনকে ছেলে বা মেয়ে দত্তক হিসাবে প্রদান করা হয়েছে। আমাদের চক্রধর কল্যাণ প্রকল্প, যা ভবঘুরে আবাস নামে পরিচিত, এরকম ১০টি আবাসে ২৩৭ জনের থাকবার সুযোগ রয়েছে এবং এরকম ৫৬০ জনকে প্রশিক্ষণ শেষে পুনর্বাসনের ব্যবস্থা করেছি। এসব ভবঘুরেরা বিভিন্ন জায়গা থেকে আসেন। অনেকে কথাবার্তা বলতে পারেন না। তাদের পুনর্বাসনের ব্যবস্থা আমরা করেছি। তাদের ৬৭১ জনকে আমরা তাদের তাদের পরিবারের মধ্যে ফিরিয়ে দিয়েছি। প্রশিক্ষণ শেষে এরকম আরও ৯ জন স্বনির্ভর হয়েছেন বিভিন্ন কাজে। একজন ইঞ্জিনিয়ার, কোথা থেকে এসেছিলেন জানি না, তিনি ভাল হয়ে সেই কাজের সঙ্গে যুক্ত হতে পেরেছেন। ঐ আবাসে যারা থাকেন তাদের বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত করে দেওয়া হয় এবং তারা বিভিন্ন ধরনের কাজ করেন। তারা যেসব জিনিস তৈরি করেন সেসব বাজারে বিক্রি হয়। তা থেকে আমাদের সরকারের যে আয় হয়েছে তার পরিমাণ ১৫ লক্ষ ৩৯ হাজার ৩০২ টাকা। এখানে আ্যাঁ.সি.ডি.এস. প্রকল্পের কথা বলতে গিয়ে অজয়বাবু স্পোর্টস করবার কতা বলেছেন। আমি নিশ্চয়ই এটা দেখবো। তবে এ ব্যাপারে কোনও অর্থ বরাদ্দ নেই। আই.সি.ডি.এস. প্রকল্পে এই খাতে কেন্দ্রীয় সরকার কোনওরকম অর্থ বরাদ্দ করেন না। তবে আমাদের যতটুকু সাধ্য তার মধ্যে কিছু করবার চেষ্টা করবো। কিছু কিছু জায়গায় এটা শুরুও করেছি। তবে সব জায়গায় পেরে উঠবো বলে মনে হচ্ছে না। তিনি আরও যেটা বলেছেন, এখানে প্রতিবন্ধীদের জন্য অন্ততঃ ক্যাম্প করা যায় কিনা। আপনার এই মূল্যবান সাজেশনের কথা মনে রেখে কিছু জায়গাতে

এই ক্যাম্প করবার জন্য আমরা চেষ্টা করবো, অন্ততঃপক্ষে জেলাতে। এখানে আই.সি.ডি.এস. প্রকল্পে অঙ্গনওয়ারি কর্মী যারা রয়েছেন, ওঁরা নিজেরাই স্বীকার করেছেন যে তারা অক্লান্ত পরিশ্রম করেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছে বার বার অর্থ চেয়েও তাদের জন্য অর্থ বৃদ্ধি আমরা করতে পারিনি। তাই আমরা আমাদের সরকারের পক্ষ থেকে তাদের জন্য ২০০ টাকা বৃদ্ধি করেছি। আমরা কিছু জায়গায় প্রধানমন্ত্রী কর্মদ্যোগ যোজনা শুরু করেছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই ডিমান্ডের জন্য টাইম শেষ হয়ে গিয়েছে, আমি আরও ১৫ মিঃ টাইম বাড়িয়ে নিলাম, আশাকরি কারো আপত্তি নেই।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এই প্রধানমন্ত্রী গ্রামোদ্যোগ যোজনা যেখানে যেখানে শুরু হচ্ছে, ৬ মাস পর থেকে যে সমস্ত অঙ্গনওয়াড়ি কর্মী আছেন তাঁরা সেখানে ৫০ টাকা করে বাড়তি পাবেন। এটা ৬ মাস পর থেকে পাবেন যেখানে যেখানে এটা শুরু হবে। আপনারা জানেন উদিশা প্রকল্প বলে একটা প্রকল্প আছে। এই প্রকল্পের মধ্যে দিয়ে আমরা ৫৫৪২ জন কর্মীকে প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করেছি। প্রতিবন্ধীদের ব্যাপার নিয়ে মাননীয় বিরোধী দলের সদস্যরা বলেছেন। ব্যাপারটা এতো ছোট করে দেখবেন না। ৭ লক্ষ প্রতিবন্ধীকে পরিচয়পত্র প্রদান করা হয়েছে। ব্যাপারটা খুব সোজা নয়। আমরা ইতিমধ্যে ১৭৮০ জনকে আর্থিক পুনর্বাসন প্রকল্পের মাধ্যমে উপকৃত করতে পেরেছি। এছাড়া মেদিনীপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি এবং মুর্শিদাবাদ জেলায় যন্ত্রপাতি ইত্যাদি তৈরি করার সংগঠন স্থাপন করা হচ্ছে। এই প্রতিবন্ধীদের জন্য আমরা চেষ্টা করছি লোন প্রকল্পের মধ্যে দিয়ে তাদের আরও যাতে স্বনির্ভর করতে পারি। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, ইতিমধ্যে বিভিন্ন জেলাতে এর মধ্যে আমরা লোনের ফর্ম দিয়েছিলাম। সেই ব্যাপারে মাননীয় সদস্যরা যদি মনে করেন তাহলে নিশ্চয়ই আমাদের দপ্তরের যিনি এই ব্যাপারে কমিশনার আছেন তাঁর সঙ্গে যোগাযোগ করে ফর্ম নিয়ে প্রতিবন্ধীদের জন্য পরিকল্পনা রচনা করুন এবং সেটা নিশ্চয়ই দেখবার জন্য সচেষ্টা থাকবো। এ ছাড়া আপনারা জানেন যে পথশিশু সম্পর্কে আমরা কি বলেছি। আজকে শুধু পশ্চিমবাংলায় নয়, বিভিন্ন জায়গায় পথশিশুরা পথে থাকে। আমরা অন্তত সরকারের পক্ষ থেকে একটা প্রচেষ্টা গ্রহণ করেছি, সরকারের পক্ষ থেকে অন্তত একটা কর্মসূচী নিয়ে এগোবার চেষ্টা করেছি। আজকে পথশিশুরা উপকৃত হচ্ছে প্রায় ১০,৪৪৫ জনের মতো। তাদের ব্যাপারে যে সমস্ত সমাজ সেবামূলক প্রতিষ্ঠান আছে তারা এগিয়ে

এসেছে। তাদের সাহায্যে আমরা তাদের খাদ্য শিক্ষা বৃত্তিমূলক শিক্ষা দেবার চেষ্টা করছি। নাইট সেলটারের কথা বলেছেন। আজকে এই ব্যাপারটা আমরা কেন্দ্রীয় পরিকল্পনা বা আমাদের কেন্দ্রের যে দপ্তর আছে তাদের বার বার বলবার চেষ্টা করেছি যে নাইট সেলটার ২-৪ জায়গায় আমরা করতে পেরেছি কিন্তু আমাদের সমস্তটা করার সাধ্য নেই, তার জন্য কেন্দ্রীয় সরকারকে অর্থ দিতে হবে।

(এ ভয়েস ঃ- সবই কি কেন্দ্র করে দেবে?)

কেন্দ্রীয় সরকার দয়া করে দিচ্ছে না। মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের জানা দরকার কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে যেটা দেয় সেটা দয়া করে দেয় না, এটা কেন্দ্রীয় সরকারের নৈতিক দায়িত্ব। প্রতিটি রাজ্যকে কেন্দ্রীয় সরকারের স্বয়ংসম্পূর্ণ করবার দায়িত্ব, এটা দয়া নয় দান নয়, এটা মনে রাখতে হবে মাননীয় সদস্যদের। আজকে ট্যাক্সের যে অংশ সেই অংশ আজকে পাওনা রাজ্যের। আজকে দিনের পর দিন রাজ্যগুলিকে বঞ্চিত করতে করতে কেন্দ্রীয় সরকার এই অবস্থায় দাঁড় করিয়েছে।

কাজেই আমি খুশি হতাম, বিরোধী সদস্য যারা আছেন, আজকে বলছেন বাজেট বরাদ্দ বাড়ানো দরকার, কেন্দ্রীয় সরকারকে অর্থ সাহায্য করতে বলুন না? কেন্দ্রীয় সরকারকে টাকা দিতে বলুন না? মহিলাদের রাখবার জন্য আমরা স্বল্পকালীন আবাস, আমরা ৩২টি স্বল্পকালীন আবাস তৈরি করেছি। মহিলারা সেখানে থাকতে পারেন। বৃন্দাবনের দুস্থ মহিলাদের ব্যাপারে মাননীয় সদস্য অজয়বাবু বলেছেন। আমি বলবো যে, এটা জানেন যে পদ্ধতিগত অসুবিধা আছে। কারণ আমরা সরাসরি কোন রাজ্য সরকার যেখানে আছে, সেখানে সরাসরি একটা রাজ্য সরকার আমরা কিছু করতে পারিনা। সেই কারণে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে ৯ই মে, ২০০০ আমরা চিঠি দিয়েছি। তারপরেও আমরা চিঠি দিয়েছি ট্রাস্টি বোর্ড করবার জন্য। আমরা তিনটি রাজ্য - দিল্লী, আমাদের রাজ্য এবং ঐ রাজ্য যেখানে বিধবারা আছেন, এই তিনটি রাজ্য মিলে একটা ট্রাস্টি বোর্ড করবার জন্য বলেছি। কাজেই আমি বলবো, বিরোধী সদস্য যাঁরা আছেন, তাঁদের সাথে দিল্লীর একটা যোগাযোগ আছে। তাঁরাও চান মানুষ ভাল থাকুন। মানুষ যাতে কষ্ট না পান, তার জন্য তাঁরা করুন - তাঁরা দিল্লির সাথে যোগাযোগ করুন। রাজ্য সরকার যে ব্যবস্থা নিতে চলেছে, তার অংশিদার হিসারে তাঁদের যে অর্থ, কেন্দ্রীয় সরকারের তা দেওয়া দরকার। এই আবেদন আমি তাঁদের কাছে রাখছি যে তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে এই আবেদন রাখবেন। পরিশেষে, বার্ধক্য ভাতার ব্যাপারে

বলি, এই ব্যাপারে যদি অর্থ বরাদ্দ বেশি হয়, তাহলে এটি আমি নিশ্চয়ই দেখবো। আমরা কোনও জায়গা থেকে কোনও দরখাস্ত চাইনি। কারও কাছ থেকে আমি দরখাস্ত ইনভাইট করিনি। পরিশেষে মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করবো, সমাজকল্যাণ মূলক কাজে আপনারা নিশ্চয়ই সাহায্য করবেন। সেই সাথে মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪২নং অভিযাচনের অন্তর্গত "২২৩৫-সোসাল সিকিউরিটি অ্যান্ড ওয়েলফেয়ার (সোসাল ওয়েলফেয়ার)" খাতে ২০০১-২০০২ আর্থিক বছরের জন্য মোট ৩৯৯,১৬,৭৯,০০০ (তিনশত নিরানব্বই কোটি ষোল লক্ষ উনাশি হাজার) টাকা মাত্র এবং ৪৩নং অভিযাচনের অন্তর্গত "২২৩৬-নিউট্রিশন" খাতে ঐ আর্থিক বছরের জন্য মোট ৮১,৮৮,৯৩,০০০ টাকা (একাশি কোটি অষ্টাশি লক্ষ তিরানব্বই হাজার) টাকা মাত্র ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য উপস্থাপিত করছি, এরমধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট খাতে মঞ্জুরীকৃত যথাক্রমে মোট ১৩৩,০৫,৬০,০০০ (একশত তেত্রিশ কোটি পাঁচ লক্ষ ষাট হাজার) টাকা মাত্র ও মোট ২৭,২৯,৬৪,০০০ (সাতাশ কোটি উনত্রিশ লক্ষ চৌষট্টি হাজার) টাকা মাত্র অন্তর্গত। মাননীয় সদস্যদের এই টাকা আপনার মাধ্যমে অনুমোদন দেওয়ার জন্য আমি অনুরোধ রাখছি।

**Demand No. 42**

The motions that the amount of the Demand be reduced to Re.1 and that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.408,39,79,000 be granted for expenditure under Demand No.42, Major Heads : "2235-Social Security and Welfare (Social Welfare) and 4235-Capital outlay on Social Security and Welfare (Social Welfare)" during the year 2001-2002,

(This is inclusive of a total sum of Rs.136,13,27,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

[4-40 — 4-50 p.m.]

**Demand No. 43**

**Mr. Deputy Speaker :** Motion Nos. 2, 4, 5, 6 and 7 under Demand No. 43 are out of order.

The motions (1 and 3 of Shri Ashok Kumar Deb and Shri

Kallol Khan respectively) that the amount of The Demand be reduced by Rs.100, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta that a sum of Rs.81,88,93,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : 2236-Nutrition" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs.27,29,64,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

## DEMAND FOR GRANTS

### Demand No. 22 :

**Mr. Deputy Speaker :** There are 36 cut motions to Demand No. 22 which are in order and taken as moved.

| | |
|---|---|
| Shri Saugata Roy<br>Shri Kamal Mukherjee<br>Shri Ajoy De<br>Shri Ashok Kumar Deb<br>Shri Biman Chakraborty<br>Shri Kallol Khan<br>Shri Kashinath Mishra<br>Shri Pankaj Banerjee<br>Shri Abdul Mannan<br>Shri Nirmal Ghosh<br>Shri Sadhan Pande<br>Shri Mahabubul Haque<br>Shri Deba Prasad Sarkar<br>Shri Tarak Bandyopadhyay | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100. |

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরি ২২নং দাবীর অধীনে মুখ্যখাত ঃ

২০৫৬ -'কারা' এর ব্যয় নির্বাহের জন্য ভোট অন অ্যাকাউন্ট সহ ৭৫ কোটি ৭৩ লক্ষ ৮২ হাজার টাকার ব্যয়বরাদ্দের জন্য আবেদন করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং বিরোধিতা করে আমাদের আনা কাটমোশানগুলোর প্রতিটিকে সমর্থন করছি। স্যার, আমার প্রশ্ন আপনার মাধ্যমে কারামন্ত্রীর কাছে যে, জেলের দরকার কি — যাদের থাকার কথা জেলে তারা তো আপনাদের দলের, সিপিএমের দলের। আপনি তো আবার এটাকে নতুন করে নামকরণ করেছেন জেল না বলে 'সংশোধনাগার'। আজকে সংশোধনাগারের দায়িত্বে নেমে আপনাদের মন্ত্রী সুভাষ চক্রবর্তীর সেখানে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে দামাল, দস্যু, যাদের আপনার বিভিন্ন জেলে, কারায়, আপনার ভাষায় সংশোধনাগারে থাকার কথা ছিল, তারা সেখানে না থেকে যুব ভারতী ক্রীড়াঙ্গনের শ্রী বৃদ্ধি করে খেলাধূলো করছে। সুতরাং দরকার কি জেলের, দরকার কি কারাগারের, দরকার কি সংশোধনাগারের? স্যার, প্রশ্ন হল যে, মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বিবৃতি রেখেছেন এগারো পৃষ্ঠায়। তার দুটি লাইন ফুল অফ কনট্রাডিকশানস আমি বলছি এই কারণে যে, এই যে ঘটনা, যে জেলকে আপনারা সংশোধনাগার নাম দিয়েছেন, যার নাম অনেক আগেই ভাবা উচিত ছিল, তবুও ভাল যে এই নতুন নামকরণ করেছেন। এরজন্য মন্ত্রীকে ধন্যবাদ জানাই, মন্ত্রী মানুষ ভাল, মানুষের জন্য চেষ্টা করেন কিন্তু ওনার উচিত ওঁনার দল আর এস পিকে কন্ট্রোল করা, কিন্তু তা তিনি করতে পারেন নি। তারপরে সিপিএমের চাপে তো রয়েছেন। আপনি যতই বলুন যে চেষ্টা করছেন কিন্তু আপনার একটাও ক্ষমতা নেই। ট্রান্সফার বলুন আপনার ক্ষমতা আছে মন্ত্রী বললেই কারাগারের কোনও কর্মীর ট্রান্সফার হয়ে যাবে? আপনার এই কারাগারটি হচ্ছে ইজ এ ডেন অফ করাপশন। আপনার কারাগারের প্রতিটি ছত্রে দুর্নীতির আখড়া, কি হয় না ওখানে, ওখানে না হওয়ার কিছু নেই। আপনার কারাগারকে আপনি যতই রক্ষা করতে চান না কেন ওটা একটা দুর্নীতির আখড়া। কিছুক্ষণ আগেই আপনি কয়েকটি শব্দ ব্যবহার করলেন ওগুলো বাদ দিয়ে সব কিছু পাওয়া যায় আপনার জেলে। এখন প্রশ্ন হল যে, এই যে ব্রিটিশ কনসেপ্ট, ব্রিটিশ জেল, ব্রিটিশ ইন্সটিটিউশন, ব্রিটিশ কলোনিয়ান এগুলোর ক্ষেত্রে স্বাধীনতা হবার পরে উচিত ছিল চিন্তা করার। সেখানে সেই চিন্তা করেন নি। এই যে সংশোধনাগার করেছেন, এটা নোম্যান ক্লেচার থেকে হবেনা, নোম্যান ক্লেচারে নেচারও নেই, ক্যারেক্টরও নেই। আপনাকে এখানে বলতে হবে, আপনি যখন উত্তর দেবেন। আমার প্রশ্ন আপনার কাছে রিফর্ম হওয়া উচিত ছিল। অনেক আগেই সংশোধনাগার করা উচিত ছিল, ১০ বছর আগে যে আইনটা

পাস হয়েছে, সেটা করতে সময় নিলেন ১০ বছর। আপনি বেশ কিছু কাজ করেছেন। আলিপুর জেলে স্কুল করেছেন, প্রেসিডেন্সি জেলে একটা ভোকেশনাল ট্রেনিং করেছেন, যদিও তা অত্যন্ত প্রয়োজনের তুলনায় কম। আমি বহরমপুরের লালগোলায় গিয়ে দেখেছি আপনি সেখানে মুক্ত কারাগার করেছেন - সবই মুক্ত, ঐটাই শুধু নয়। কনভিক্ট আসামী সে যদি মনে করে বাইরে বেড়ুবে-কোনও ব্যাপার নয়। আপনি বলুন তো প্রতিটি জেলে যেখানে একটা নির্দিষ্ট সময় আছে দেখা করার জন্য, আত্মীয় স্বজনদের, তখন যদি আই.বি.ওয়াচ করে তাহলেই সে দেখতে পাবে হু আর দি পারসনস কামিং ওভার, তাদের সঙ্গে কে মিট করছে। সেই সময়ের পরে আপনার কারারক্ষীরা অর্থ নিয়ে সাক্ষাতের ব্যবস্থা করে দেয়। আপনি যাবেন আমার সঙ্গে? ছদ্মবেশ ধরে চলুন দেখবেন সেখানে সেলফোনের ব্যবহার হচ্ছে। দমদম সেন্ট্রাল জেলেও হচ্ছে। আপনি আমার সঙ্গে চলুন দেখবেন সেখানে জেলের বাইরে যে বাজার আছে, সেখানের হোটেল থেকে ডিম মাছ ইত্যাদি খাবার বিক্রি হচ্ছে - কয়েদিদের খাবার। আপনি যে সংশোধনাগার করছেন, তার পরেও আফটার দি কমপ্লিশন অফ দেয়ার টেনিওর, তাদের পানিশমেন্ট শেষ হয়ে যাওয়ার পরে তাদের সম্বন্ধে লোকাল থানা থেকে কেন রিপোর্ট চেয়ে পাঠাচ্ছেন? ১৪ বছর তাদের লাইভার হয়ে গেছে, আপনি আবার থানা থেকে তাদের রিপোর্ট চাইছেন। আপনি তো সংশোধনাগারে সংশোধন করেই দিয়েছেন তাহলে আপনি কেন আবার লোকাল থানা থেকে রিপোর্ট চাইছেন? ১৪ বছর পরে ওদের সম্বন্ধে, কি রিপোর্ট দেবে? সেটা আপনি চাইছেন রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে, সেই জায়গায় আমার আপত্তি। অন্য জায়গায় আপত্তি নেই। আমি আপনাকে বলব, ওখানে ড্রাগ যাচ্ছে, ড্রাগের ব্যবসা হচ্ছে। প্রেসিডেন্সি জেলে কয়েকদিন আগে ধরাও পড়েছিল। আবার যদি কোনও ব্যবসায়ীর পুত্রকে ব্যবসার কারণে পুলিশ ধরে এবং তার যদি জেল কাস্টডি হয় তাহলে তাকে কারারক্ষীর অত্যাচার করার জন্য বন্দোবস্ত করে দেবে, কনভিকটেড আসামীরা তার উপরে অমানবিক অত্যাচার চালাবে। এমন পাশবিক অত্যাচার চালায় তাকে দিয়ে লিখিয়ে নেয়, তার মা বাবাকে উদ্দেশ্য করে - আমার উপরে অমানবিক অত্যাচার হচ্ছে, আমি থাকতে পারছি না, টাকা পাঠাও। এই সবের জন্য দায়ি হচ্ছে আর এস পি ইউনিয়ন ও কো-অর্ডিনেশন কমিটি। এই আর এস পি ইউইনয়ন ও কোঅর্ডিনেশন কমিটির ঝগড়া না পারছেন থামাতে, না হচ্ছে কাজের উন্নতি। এই ব্যাপারে আপনি চেষ্টা করেছেন, যদি কিছু না হয় আপনি করবেন কি? এখানে কবি শক্তি চট্টোপাধ্যায়ের একটা কবিতার লাইন মনে পড়ে যাচ্ছে,

যেটা আমার মনে আসছে "যেতে পারি, কেন যাব"। আপনারও বহু বছর কারামন্ত্রী থাকা হয়ে গেছে, আপনি ভাবছেন করতে পারি কেন করবো। এখন প্রশ্ন হচ্ছে, তোলাবাজেরা ওখানে থেকেও তারা এম্পায়ার চালাচ্ছে। আপনারাও জানেন, কিন্তু সত্যটাকে সত্য বলে স্বীকার করেন না। যারা জেলের ভিতরে রয়েছে তারা আপনাদেরও বন্ধু নন, আমাদেরও নন, হয়ত তপন বাবুর বন্ধু হতে পারেন। কারণ তপনবাবুর নেতা বিশ্বনাথ চৌধুরী। আমার প্রশ্ন আপনার পুলিশ কি করে চিঠি নিয়ে গিয়ে দেয়? জেল পুলিশ নিয়ে এমনিতেই, আপনার পুলিশের সম্পর্ক ভাল নয়। আপনার ওখানে যিনি আই এ এস, আই জি (প্রিজন) ছিল তাকে বদলী করেছেন, সেখানে আই পি এস এনেছেন আই জি প্রিজন করে। তার পরেও বলুন তো পুলিশের সঙ্গে আপনার সম্পর্ক কি ভাল হয়েছে? কারার পুলিশ বাইরে বেরিয়ে টাকা তুলে নিয়ে আসছে, তার থেকে একটা অংশ পাচ্ছে। কি অবস্থা হচ্ছে দেখুন। জেলে কি নেই এখন। জেলে এ্যালকোহল দরকার, ড্রাগ দরকার, আপনি পাবেন। বাইরে বেরুতে পারবেন। মোটামুটিভাবে সারা পশ্চিমবাংলায় এটা; পশ্চিমবাংলার প্রত্যেকটি জেলই লালগোলার মুক্ত জেল। তাদের টাকা দিতে হবে এবং এই কোরাপশন আপনি বন্ধ করতে পারেননি। আপনার কাছে এই ব্যাপারে নির্দিষ্ট অভিযোগ আছে, যেহেতু আর.এস.পি ইউনিয়ন আছে তাই আপনি কন্ট্রোল করতে পারছেন না। সেইহেতু আপনি এখানে বলেছেন, আপনি এই ব্যাপারে চেষ্টা করছেন। যোগ এবং ধ্যান, মেডিটেশান এবং বিপাসনা, যেটা আরম্ভ করেছিলেন কিরণ বেদি তিহার জেলে এবং তার জন্য তিনি ম্যাগসেসে পুরস্কারও পেয়েছিলেন। আপনি এত বছর মন্ত্রী থাকার পরেও সেসব কিছু করতে পারলেন না। যদি আপনি প্রথম এইসব করতে পারতেন তাহলে আমরা বলতে পারতাম তপন হোড়ের নেতা বিশ্বনাথ চৌধুরী ম্যাগসেসে পুরস্কার পেয়েছে। টাওয়ারে কোন লোক থাকেনা, সুপার এবং জেলারের বাড়িতে তারা কাজ করছে। এখনই আপনি আমার সঙ্গে প্রেসিডেন্সি জেলে চলুন, আপনাকে আমি দেখাব সেখানে আন-অথরাইজড লোকরা আছে। আন-অথরাইজড লোকরা জেলের কাছে থাকবে কেন? এই ধরনের লোকেরা জেলের কাছে থাকলে মিডল ম্যানদের প্রভাব বাড়বে এবং এদের বিরুদ্ধে আপনি কোনও ব্যবস্থা নিতে পারেননি। জেলের মধ্যে ড্রাগ, ওয়াইন অ্যাভেলেবেল, শুধু টাকাটা বেশি দিতে হবে। জেল ভিজিটর হওয়ার কথা পার্টির লোকেদের, কিন্তু সেখানে বাইরের লোকেদের জেল ভিজিটর করা হচ্ছে। তাই এই ব্যয়-বরাদ্দের আমি বিরোধিতা করছি এবং আমাদের প্রতিটি কাটমোশানের সমর্থন করে আমার

বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

**শ্রী শামসুল ইসলাম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধিদের আনীত কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমাদের দেশের জেল ব্যবস্থা পরিচালিত হয় ব্রিটিশ সৃষ্ট ১৮৯৪ সালের ইন্ডিয়ান পিজনার অ্যাক্ট অনুযায়ী এবং সেই আইনের যে মনোভাব এবং দৃষ্টিভঙ্গী ছিল তা তাপসবাবু বলেছেন। কলোনিয়াল দৃষ্টিভঙ্গী এবং সামন্ততান্ত্রিক দৃষ্টিভঙ্গী। জেলগুলিতে সাজাপ্রাপ্ত বন্দীদেরকে আরও সাজা দেওয়া হত। এই ব্যাপারে বামপন্থী সদস্যদের অভিজ্ঞতা আছে, বিরোধী সদস্যদের কোনও অভিজ্ঞতা নেই। জেলের ভেতরে পর্যাপ্ত আলো বাতাস ঢুকত না, নিম্নমানের খাবার সেখানে পরিবেশন হত। সাজাপ্রাপ্ত বন্দীদের জেলে হাড় ভাঙ্গা খাটুনি হত, তাদের পাথর ভাঙ্গতে হত, ঘানি টানতে হত। সেই একশ বছরের পুরনো আইন অনুযায়ী জেলগুলো এখনও চলছে। ফলে জেল সম্পর্কে মানুষের যে আতঙ্ক, যে যন্ত্রনা সেটা থেকেই গেছে। রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য রাজবন্দী করে আটক রাখা হত, মিসা, এসমা, পি.ডি অ্যাক্টে আটক রাখা হত, বিনা-বিচারে এইভাবে আটক রাখা হত। তার জন্য বিভিন্ন সময় দেশের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ হয়েছে। শাসক শ্রেণী দমন-পীড়নের হাতিয়ার হিসাবে জেলকে ব্যবহার করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন, এই সমস্ত জেলের সংস্কারের জন্য ভারতবর্ষে বিভিন্ন সময়ে অসংখ্য কমিটি, কমিশন গঠিত হয়েছে স্বাধীনতার পরে। ১৯৫৭ সালে জেল ম্যানুয়াল কমিটি গঠিত হয়েছিল। তারা বিভিন্ন ক্ষেত্রে সুপারিশ করেছিল। ১৯৮০ সালে জেল রিফর্মস কমিটি হয়েছিল। ১৯৮৭ সালে জাস্টিস কৃষ্ণা আয়ারের নেতৃত্বে হয়েছিল কমিটি অন উওমেন প্রিজনার্স। তারা অনেক সুপারিশ করে। ১৯৭২ সালে সুখময় দত্তের নেতৃত্বে একটি কমিটি হয়, তারা ৮২ দফা সুপারিশ করে। কিন্তু ১৯৭৪ সাল পর্যন্ত তার একটিও কার্যকর করা হয়নি। দেশের বিভিন্ন হাইকোর্ট, এমনকি সুপ্রিম কোর্ট থেকেও বারে বারে সংবিধানের বিভিন্ন ধারা উল্লেখ করে বন্দীদের সুযোগ-সুবিধার ব্যাপারে সুপারিশ করে। কিন্তু তা মানা হয় না। এখানে বামফ্রন্ট আসার পর একটি ভিন্ন দৃষ্টিভঙ্গী, ভিন্ন মনোভাব আনে। ১৯৭৭ সালে তারা প্রথম যে কারাবাজেট রাখে, তাতে মাননীয় সদস্য দীনেশ ডাকুয়া বলেছিলেন - কারেকটিভ মেজারস না নিলে অসুবিধা

হবে। যেসব অপরাধী আসে, তারা অপরাধী বলেই অপরাধ করে না, যে অপরাধের জন্য জেলে এসেছে সেটা সংশোধন হওয়া দরকার। এই ভিন্ন দৃষ্টিভঙ্গী নিয়ে জেল-সংস্কারের আমূল পরিবর্তন করার চেষ্টা হচ্ছে। গোটা ভারতবর্ষে এটা যুগান্তকারী ঘটনা - ট্রাইবুনাল সার্ভিস অ্যাক্ট এখানে চালু হয়েছে। আজকে কোনও মাননীয় সদস্য যদি রাজ্য সরকারের ছাপানো ঐ পুস্তিকা চান, দেখবেন বাজারে পাওয়া যাচ্ছে না। আমি শুনেছি বিভিন্ন রাজ্যের লোকেরা সেই বইটা নিয়ে যাচ্ছে। তারা বলছে কি করে এটা সম্ভব। বন্দীদের সমস্ত সুযোগ-সুবিধা দিয়ে তাদের সংশোধন করা, এটা কি করে সম্ভব। একটা উজ্জ্বল দৃষ্টান্ত রেখেছে আমাদের রাজ্য সরকার, এইজন্য অবশ্যই তারা ধন্যবাদ পেতে পারে। এরই অঙ্গ হিসাবে একটি সংশোধনাগার তৈরি হয়েছে মুর্শিদাবাদ জেলায় এবং ১০টি কুটির তৈরি হয়েছে, সেখানে তারা থাকতে পারবে, পরিশ্রম করতে পারবে, ঘরে-বাইরে বিভিন্ন বৃত্তিমূলক ট্রেনিং নিতেপারবে এবং সাজা শেষ হয়ে গেলে পরবর্তীকালে জীবনের মূল স্রোতে ফিরে আসতে পারবে। উত্তরবঙ্গে একটি কেন্দ্রীয় সংশোধনাগার জলপাইগুড়িতে তৈরি হয়েছে। বিভিন্ন সংশোধনাগারগুলিতে বন্দীদের দৃষ্টিভঙ্গী পাল্টে যাচ্ছে প্রতিনিয়ত। সেখানে শিক্ষার, খেলাধূলার সুযোগ বাড়ছে। এই দৃষ্টিভঙ্গী ভারতবর্ষের অন্য কোনও জায়গায় দেখা যায়নি। কয়েকটি প্রস্তাব আমার আছে - প্রতিটি জেলে, প্রতিটি সংশোধনাগারে একটি আইনি পরামর্শদানের ব্যবস্থা করা দরকার। আমার সময় শেষ হয়ে এসেছে, আরও কতগুলো প্রস্তাব আমার আছে, সেইগুলো লিখিতভাবে দেব। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী পরেশ দত্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় কারা বিভাগের মন্ত্রিমহাশয় তার ২২ নাম্বার দাবি অনুসারে যে ৭৫ কোটি ৭৩ লক্ষ ৮২ হাজার টাকার ব্যয়বরাদ্দ করার জন্য আবেদন জানিয়েছেন, আমি তার বিরোধিতা করতে উঠেছি এবং বিরোধী দলের আনা সমস্ত কাটমোশনকে সমর্থন করার জন্য আমি আমার বক্তব্য রাখছি। স্যার, এই প্রস্তাবের প্রথমেই বলা হয়েছে যে, ২ হাজার সালের ১৪ই এপ্রিল নতুন আইন করা হয়েছে। যার ফলে জেলগুলির নাম পরিবর্তন করে সংশোধনাগার করা হয়েছে। স্যার কানা ছেলের নাম পদ্মলোচন হলেই কি সেই ছেলে দেখতে পাবে? পশ্চিমবঙ্গের জেলগুলিরও সেই একই অবস্থা। আপনারা

আজকে বলছেন তবে পশ্চিমবঙ্গের জেলগুলি সম্পর্কে সম্যক অভিজ্ঞতা আমার হয়েছে। স্যার, ওই মহামান্য অবতারের দৌলতে আমাকে মিথ্যা মামলাতে ১৪ দিন পশ্চিমবঙ্গের একটা জেলে থাকতে হয়েছিল। তখন প্রতিনিয়ত একটা জিনিষই দেখেছি যে, জেল প্রশাসন কন্ট্রোল করে না। জেল কন্ট্রোল করে জেলেরই কিছু কয়েদি। তারা পয়সার জোরে জেলটাকে সম্পূর্ণ কন্ট্রোল করে রেখেছে। প্রথম দিন যখন কয়েদি জেলে পাঠানো হয়, তখন সে যায় আমদানী ফাইলে। সেখানে তার যে অবস্থা হয় তা আমার পূর্ববর্তী বক্তা শ্রী তাপস রায় বলেছেন। সেখানে একদম পয়সার খেলা শুরু হয়ে গেল। পয়সা দিলে খাবার পাবে, পয়সা দিলে মারের হাত থেকে অব্যাহতি পাবে। প্রত্যেকটা জেলেরই একই অবস্থা। আপনি বলছেন যে, ঔপ্যনিবেশিক ধারণা পরিবর্তন করা হয়েছে। আজ পর্যন্ত জেলের যা অবস্থা তাতে ঔপ্যনিবেশিক ছেড়ে দিন, ওখানে এখন দুর্নীতির পরিমন্ডলে জেল চলছে। মধ্যযুগীয় পরিমন্ডলে জেল চলছে। কয়েদীরা খাবার পায় না। জেলের একটা কর্মী বাড়িতে বাজার করে না। আপনারা গিয়ে খোঁজ নিয়ে আসুন। আমি স্যার, এমনও দেখে এসেছি যে, কিছু পুরানো কয়েদি যারা এক একটা ওয়ার্ডের দায়িত্বে আছে, তাদের হাতে এত খাদ্য যে তারা সেদ্ধ ডিম নিয়ে লুফোলুফি ক্যাচ প্র্যাকটিশ করছে। স্যার, জেলের কয়েদিদের জন্য ডাক্তার জোটে না। স্যার, এখানে ড্রাগ অ্যাডিকশন ছাড়াবেন বলেছেন। আমার নিজের অভিজ্ঞতা দমদম জেলে ড্রাগ অ্যাডিক্টদের জন্য কিছু করা হয় না। মেটরা লাঠি দিয়ে দু ঘন্টা ধরে পেটায়। পিটিয়ে নাকি তাদের ড্রাগ অ্যাডিকশন ছাড়ানো হবে। জানি না কোন পদ্ধতির ডাক্তার এই কথা বলে দিয়েছে। জেলে ডাক্তারদের দিয়ে চিকিৎসার সুযোগের কথা বলা হয়েছে। স্যার, জেলে সারাদিন চিকিৎসক পাওয়াই যায় না। আমার নিজের অভিজ্ঞতা হয়েছে। আমি নিজে ব্ল্যাড প্রেসারের রোগী, আমাকে দেখার জন্য ডাক্তার দিতে পারেন না। তারপর মেট দেখে ওষুধ দিল। এই তো অবস্থা জেলের। আর একটা জিনিষ আপনারা আইন প্রনয়ন করেছেন ১০ বছর আগে। নন ক্রিমিনাল লিউনাটিকস তাদের নাকি জেলেরাখা হবে না। স্যার, আমি অনুরোধ করব খবর না দিয়ে অবশ্য আইন নেই খবর না দিয়ে জেলে ঢোকা যায়। ওই নন ক্রিমিনাল লিউনাটিকসদের দেখে আসুন। ৩০০ নন ক্রিমিনাল লিউনাটিকস রয়েছে একটা জেলে তাদের জন্য খাবার বস্ত্র, সব কিছুই বরাদ্দ আছে। মনে হয়, তাদের কথা মাথায় রাখা হয় না। একটা লোকের গায়ে এক খন্ড সুতো নেই। ভাবতে অবাক লাগে স্যার, এই একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে আমরা একটা প্রগতিশীল রাজ্যের জেল চালাচ্ছি, সেখানে

নন ক্রিমিনাল লিউনাটিকসদের গায়ে এক খন্ড সুতো নেই? এই লোকগুলোর ওপর ওখানকার ওয়ার্ডাররা এমন ব্যবহার করে যে তাদের মারতে হয় না। ওয়ার্ডাররা শুধু হাতে একটা লাঠি নেয়, পাড়ার ছেলেরা হাতে লাঠি নিয়ে যেমন করে কুকুর তাড়া করলে, কুকুর যেমন কুঁই কুঁই করে পালায়, ননক্রিমিনাল লুনাটিকদের যদি লাইনে দাঁড় করাতে হয়, লাঠি নিয়ে একজন ওয়ার্ডার দাঁড়ায়, পাগল লোকগুলো আর্ত চীৎকার করতে করতে গিয়ে লাইনে দাঁড়ায়। আর আপনি জেল বাজেট করছেন, জেল করার জন্য জনসাধারণের পয়সা খরচ করছেন। জেলের ভেতরে মদ পাওয়া যায়, ড্রাগ পাওয়া যায়, প্রয়োজন হলে নগদ নারায়ণে সন্ধে সাতটার পর শেষ গিনতি হয়ে যাবার পর একজন ওয়ার্ডার জেলের বাইরে রাতও কাটাতে পারে। এটাই হচ্ছে বাস্তব ঘটনা। এই একটি জায়গায় সুভাষবাবুকে বিশ্বনাথবাবু আপনি টেক্কা দিয়েছেন। পশ্চিমবাংলায় জেলের ভেতরে কিছু কর্মী এত আরামে আছে যে সুভাষবাবু সল্টলেক স্টেডিয়ামে এত আরামে রাখতে পারেন নি। পশ্চিমবাংলার এক একটি জেলে যে অর্থ বরাদ্দ হয়েছে যে তার অর্ধেক অর্থে জেলগুলোকে সুষ্ঠুভাবে চালানো যেত যদি সত্যিই সত্যি সংশোধনাগারের আইডিয়া নিয়ে করা যেত। ৮৫ সালে জেল থেকে ছাড়া পেয়েছে আমার কয়েকজন পরিচিত, তারা জেলে থেকে লেখাপড়া করেছে কিন্তু তারা আজও চাকরি পায় নি। তারা যেখানে যায়, ওই যে একটু আগে তাপস রায় বলছিলেন যে থানার রিপোর্টে তাদের কর্মসংস্থান হয় না। তাই আমি একটা কথা বলব যে জেলের সঙ্গে প্রশাসনকে যুক্ত করে কাউন্সিলিং এর ব্যবস্থা করুন। যে ছেলেগুলো সংশোধনাগার থেকে সংশোধিত হয়ে বেরোল ভবিষ্যতে তারা যেন সমাজে প্রতিষ্ঠিত হতে পারে তার জন্য কাউন্সেলিং এর বন্দোবস্ত করুন। তারা কি চিরকাল জেল ফেরত কয়েদী হিসাবে চিহ্নিত হয়ে থাকবে? মানুষ হিসাবে সংশোধিত হয়ে চারিত্রিকভাবে সমাজের মূল স্রোতে ফিরে এসে পুনর্বাসন পাবে না? তাই এই বাজেটের বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশনকে সমর্থন করছি এবং সবশেষে আবেদন রাখছি যে জেলকে সত্যিই মানবিক হিসাবে সংশোধনাগার হিসাবে তৈরি করুন, নাম পাল্টে বাহবা নেবার চেষ্টা করবেন না।

[5-10 — 5-20 p.m.]

**শ্রী দীপক সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কারা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন

করছি। বিরোধী দলের সদস্যরা কিছু কথা বলার চেষ্টা করেছেন। আমি আপনাদের এই কথা বলি যে ঔপনিবেশিক যে ধারণা জেলের ক্ষেত্রে সেটা বাতিল করে দিয়ে রাজ্যসরকার যা করতে চাইছেন সেটা সমর্থন যোগ্য। সারা ভারতবর্ষের মধ্যে এটা একটা নজিরবিহীন ঘটনা, অন্য কোনও রাজ্য সরকারের এই ধরনের কোনও ভাবনা-চিন্তা আছে বলে আমার জানা নেই। আপনারা জানেন ১৯৭২-৭৭ সালের কংগ্রেস আমলের সেই কালো দিনগুলিতে আমরা দেখেছি পশ্চিমবঙ্গের কারাগারগুলিতে হাজার হাজার বন্দী ছিল। তখন বরানগরে, কাশীপুরে বন্দীদের গুলি করে খুন করেছেন, আপনাদের লজ্জা করে না? তখন আমরা দেখেছি যে বন্দীদের নির্যাতন করা হয়েছে, অমানুষিক নির্যাতন করেছেন। তখন সিদ্ধার্থ শঙ্কর রায় মুখ্যমন্ত্রী ছিলেন সেই সময় জরুরী অবস্থা জারি করে বিরোধী বন্ধুরা হত্যাকান্ডগুলি করেন। তখন মেদিনীপুরে গুলি করে খুন করেছেন, বরানগরে, কাশীপুরে গুলি করে খুন করেছেন। সেই দিন যে অত্যাচার চলেছিল সেই অত্যাচার কি আজকে আছে? এখন কি এখানে পুলিশ দিয়ে বন্দীদের খুন করা হচ্ছে? তৃণমূল কংগ্রেসের বন্ধুরা নিশ্চয়ই এর জবাব দেবেন। আমি যে কথা বলতে চাই যে আজকে সংস্কারের কাজ শুরু হয়েছে। আমাদের কুচবিহার জেলায় সংস্কারের কাজ শুরু হয়েছে, তবে আরও কিছু দরকার। সেখানে কিছু অব্যবস্থা আছে তার সংস্কার করা দরকার। এ কথা ঠিক সেখানে বন্দীদের যে খাবার দেওয়া হয় তার মান সত্যিই খারাপ, এটাকে আরও ভালো করা দরকার। যেখানে আমরা মানব দরদের কথা বলছি সেখানে তাদের খাবারের জন্য যে বরাদ্দ আমাদের এই সীমিত ক্ষমতার মধ্যেও যতটা সম্ভব ভালো করা যায় কিনা সেটা রাজ্য সরকার চিন্তা করবেন। আমার আবেদন থাকবে যে বন্দীদের যে খাবার দেওয়ার কথা অর্থাৎ যে নিয়মকানুন আছে সেই দিকে লক্ষ্য রাখার। ব্রিটিশ আমলের মতো বর্তমানেও সেই ব্যবস্থাই রয়েছে, বৈশাখ-জৈষ্ঠ মাসে কম্বল দেওয়া হচ্ছে। আমি বলছি শীতকালে তাদের কম্বল দিন এবং গরমে তাদের মাদুর দেওয়া যায় কিনা সেগুলি একটু দেখবেন। আমার মনে হয় এটা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে খরচ করতে পারবো। জেলের মধ্যে মশা মারার ব্যবস্থা থাকা উচিত। কুচবিহার জেলখানাতে এই কয়েকদিন আগে মশার কামড়ে ম্যালেরিয়া হয়ে মারা গেছে। সেখানে মশা মারার উপযুক্ত ব্যবস্থা নেই। আপনারা যদি মশারি দিতে না পারেন তাহলে অন্তত মশা মারার ব্যবস্থা করবেন। একটা প্রস্তাব এসেছে যে জেলে যারা দীর্ঘ মেয়াদি বন্দী তাদের মজুরি বৃদ্ধি করেছেন ১৩ টাকা, ১৫ টাকা, ১৮ টাকা। বন্দীরা যখন বাইরে আসবে তখন তাদের মনের পরিবর্তন ঘটবে, তারা

সুস্থ্য জীবনে ফিরে যেতে চাইবে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে আমাদের রাজ্য সরকার বেকার যুবকদের জন্য সেল্ফ-এমপ্লয়মেন্ট স্কীম আরও বিভিন্ন পরিকল্পনার মধ্যে দিয়ে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করছেন। সেখানে বন্দীরা যখন বাইরে আসবে তখন তাদের এই ১৩ টাকা, ১৫ টাকা, ১৮ টাকা এই সামান্য টাকা দিয়ে কি হবে? এই বেকার সমস্যা এবং আর্থিক সঙ্কটের দিনে কি হবে? আমার আবেদন ব্যাঙ্কগুলির সঙ্গে কথা বলে এর ব্যবস্থা করবেন। কারণ আপনারা আমার সাথে একমত হবেন কেন্দ্রীয় সরকারের অমানবিক নীতির ফলেই আজকে বেকারদের নিয়ে ছিনিমিনি খেলছেন। আজকে এমনিতেই বেকারদের ব্যাঙ্কগুলি লোন দিতে চায় না। তার উপর যখন এই বন্দীরা জেল থেকে বেরবে তখন তাদের সামাজিক অপরাধের জন্য ব্যাঙ্কগুলি এদের কোনও সাহায্যই করবে না। তখন তাদের এই সামান্য টাকায় কিছুই হবে না। বন্দীরা জেল থেকে বেরিয়ে তার এবং তার পরিবারকে যাতে পোষণ করতে পারে তার জন্য ঋণের ব্যবস্থা করার জন্য আবেদন রাখছি।

পাশাপাশি যে কথা এখানে এসেছে, আমরা কুচবিহারে দেখেছি, জেলে গেলে বাড়ির লোকেদের হয়রান করা হয়। এটা যাতে না হয় সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি। আপনারা জেলে একটা ভিজিটিং কমিটি করেছেন। তাদের ফাংশন কি তা আমরা জানি না। আমার মনে হয় তাদের আরও ক্ষমতা দেওয়া দরকার এবং নিয়মিত জেলে ভিজিট যাতে হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি। অনেক জেলে পরিশ্রুত পানীয় জল এবং বিদ্যুতের ব্যবস্থা হলেও কুচবিহারে পরিশ্রুত পানীয় জলের ব্যবস্থা হয়নি। এটা যাতে হয় সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি। জেলগুলোর আরও উন্নতি করতে হবে। এবং জেলে দুর্নীতি বন্ধ করার যে ব্যবস্থা নিয়েছেন তা অনেকের পছন্দ না হতে পারে, বিরোধী পক্ষের পছন্দ না হতে পারে কিন্তু বামফ্রন্ট সরকার এক্ষেত্রে যে একটা বিশিষ্ট পদক্ষেপ নিয়েছে তাতে কোনও সন্দেহ নেই। এটাকে চালিয়ে যেতে হবে এবং আগামী দিনে যাতে এই কাজ ভালোভাবে হয় সেটা নজর রাখতে হবে। জেলে চিকিৎসকদের যাতে সুব্যবস্থা থাকে সেটা দেখা দরকার এবং এটা উন্নত করা দরকার। ডাক্তার এবং ওষুধ যাতে থাকে এবং সময়মত কাজে লাগানো যায় সেটা দেখা দরকার। যাইহোক, এই কটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাক আলম ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, কারা দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধী

দলের আনা কাট মোশানের সমর্থনে কয়েকটা কথা বলছি। আজকে এই বাজেট বইটা পড়ে যা বুঝলাম, যা লেখা আছে তা যদি সাধারণ মানুষ পড়ে তাহলে মানুষের ভালোই লাগবে। আপনারা যে এর নাম বদলে সংশোধনাগার করেছেন সেটা সমর্থনযোগ্য। মাননীয় তাপসবাবু যেটা বললেন যে বিষয়ে আমি তার সঙ্গে সহমত পোষণ করছি। আপনাদের যে লেখা আছে বইতে তাতে কোথাও বিরোধিতা করার কিছু নেই। কিন্তু শুধু কথায় আছে, বাস্তবে নেই। বাস্তবে দেখা যাচ্ছে আজকে সেন্ট্রাল জেলগুলোতে কয়েকটা জায়গায় শুধু কয়েকটা টি.ভি দেওয়া হয়েছে, খেলার সরঞ্জাম দেওয়া হয়েছে। আর, এটাকেই বলা হয়েছে আমরা সব কিছু করে দিয়েছি। কটা কালার টি.ভি এবং খেলার ইক্যুইপমেন্ট দিয়ে যদি বলা হয় আমরা সব করে দিয়েছি, পরিবর্তন করে দিয়েছি, এটা ঠিক নয়। বিশেষ করে ডিস্ট্রিক্ট জেল, সেন্ট্রাল জেলগুলো যদি মাননীয় মন্ত্রিমহাশয় অবজার্ভ করে থাকেন তাহলে নিশ্চয় দেখে থাকবেন সেখানে যে খাবার দেওয়া হয় তাতে এক টাকার মধ্যে ২৫ পয়সা প্রকৃতপক্ষে বরাদ্দ হয়না। বরাদ্দকৃত ৭০-৭৫ শতাংশ টাকা তছরূপ হয়ে যায়। কন্ট্রাক্টর খেয়ে ফেলছে। হয়তো শাসকদলের সদস্যরা বলবেন, আপনি খেয়ে দেখেছেন? খেয়ে দেখার সুযোগ না হলেও আমরা জেলে গিয়ে দেখেছি এবং বন্দীদের কাছ থেকে জেনেছি। সেই খাদ্য সভ্য জগতের মানুষ খেতে পারেনা এবং খায়ও না।

[5-20 — 5-30 p.m.]

ওদেরকে যে খাবার দেওয়া হয় সেই খাবারগুলো শক্তিশালি বন্দীরা কেড়ে নেয়। আর মাছ, মাংস যা হয় সেগুলো একটা ঘরে বন্ধ করে রেখে দেয়, সেগুলো পুলিশ, জেলার তারা খেয়ে নেয়। সেখানে দুর্বল বন্দীদের খাবারগুলো সবল বন্দীরা কেড়ে খেয়ে নেয়। লজ্জার বিষয় যে, দুর্বল বন্দীদেরকে দিয়ে সবল বন্দীরা হাত-পা টেপায়, যেটা কোনও সিভিলাইজড কান্ট্রিতে অ্যাকসেপ্ট করতে পারি না। শাসক দলের পক্ষ থেকে কয়েকজন বলছিলেন যে, বর্তমানে পশ্চিমবঙ্গে যে শোধনাগারগুলো আছে, সারা পৃথিবীতে তার তুলনা হয় না। আমি তাঁদের কথায় সহমত পোষণ করে বলতে চাই - এখানে মাননীয় মন্ত্রিমহাশয় উল্লেখ করেছেন যে, এখানে শ্রমজীবি বন্দীদের মজুরি যথেষ্ট পরিমানে বাড়ানো হয়েছে। কিন্তু আমি বলছি যে, ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে, পৃথিবীর কোথাও আনস্কিল্ড লেবারদের জন্য ১৩ টাকা মজুরি, সেমি স্কিল্ড লেবারদের জন্য ১৫ টাকা মজুরি এবং স্কিল্ড

লেবারদের জন্য ১৮ টাকা মজুরি রয়েছে কিনা জানিনা। বাড়িতে যে কাজ করে তাকেও আমরা এই পয়সা দিই না। তাকেও এর চেয়ে বেশি পয়সা দিই। পৃথিবীর কোনও স্বাধীন রাষ্ট্রে এরকম ব্যাপার আছে কিনা জানি না। আমার মনে হয়, আমাদের এখানে এই যে ১৩ টাকা, ১৫ টাকা ও ১৮ টাকা মজুরি দেওয়া হয় এটা যদি আমরা মূল্যায়ণ করি তাহলে বুঝতে পারব যে, জেলকে শোধনাগার নাম দিয়ে সত্যি সত্যি আমাদেরকে সংশোধন করা হয়েছে — এর থেকে প্রমাণ পেয়ে যাচ্ছি। একটা আনস্কিল্ড লেবারের জন্য ১৩ টাকা মজুরি, সেমি স্কিল্ড লেবারের জন্য ১৫ টাকা মজুরি এবং স্কিল্ড লেবারের জন্য ১৮ টাকা মজুরি থেকে আমরা প্রমাণ পেয়ে যাচ্ছি যে, যে দাবি করা হয়েছে যে, এই সমস্ত শোধনাগারগুলোকে কতটা ডেভেলপ করতে পেরেছি — এ থেকে আমাদের কাছে খুব পরিস্কার যে, আজকে যারা দাবি করছেন যে সত্যি সত্যি ওখানকার সংশোধন করা হয়েছে, তাহলে বলতে হয় এটা যদি স্বর্গোদ্যান হত তাহলে ১৯৭৭ সালে এই সরকার ক্ষমতায় আসার পর প্রাক্তন মুখ্যমন্ত্রী ১২০০ জন সাজা প্রাপ্ত আসামীকে মুক্তি দিতেন না, ১৯৭৯ সালের ১৩ই ডিসেম্বর ৪০ জন চোরাচালানকারীদের মুক্তি দিতেন না। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে, বিশেষ করে ওখানকার খাবার এবং এদের মানসিক উৎকর্ষ সাধনের ব্যাপারটা দেখা দরকার। হয়তো ওঁরা বলবেন, সেন্ট্রাল টাকা দিচ্ছে না তাই আমরা করতে পারছি না। কথাটা ঠিক তা নয়। ষষ্ঠ যোজনায় ১২শো ৬ কোটি ২৬ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ থেকে ফেরত গেছে। ১৫ বছরে ১৯৯১ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ১৭শো ৭৭ কোটি ৫১ লক্ষ ১১ হাজার ১০৬ টাকার হিসাব দিতে পারেন নি — এ.জি. বেঙ্গল ক্যাগকে রিপোর্ট করেছে। এই দপ্তরে কোনও কাজ হয়নি। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কাজগুলো করা হোক এই দাবি করে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খাঁড়া সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কারা বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন সেটাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানুষ অপরাধ নিয়ে জন্মগ্রহণ করেনা। ধনবাদী ব্যবস্থার জটিলতার মধ্যে সামাজিক জটিলতার মধ্যে দিয়ে অপরাধ গন্ডির মধ্যে মানুষ জড়িয়ে পড়ে এবং সেই অপরাধিদের কোর্টে বিচার হয়, তারপর তার স্থান হয় কারাগারে। ১৯৭৭ সালের আগে আমরা দেখেছি সেই কারাগারের মধ্যে নিক্ষেপ করতো কংগ্রেসী বন্ধুরা। আমরা জানি ওঁরা বিনা বিচারে মানুষকে জেলে নিক্ষেপ করার জন্য মিসা,

নাসা, এসমা প্রভৃতি কালা কানুন করেছিলেন। তার বিরুদ্ধে গোটা দেশ জুড়ে আন্দোলন হয়েছিল। আমরা দেখেছি সে সময়ে বহু মানুষকে জেলে মৃত্যু বরণ করতে হয়েছিল। জেলের মধ্যে গুলি চালিয়ে ওঁরা মানুষ মেরেছিল। বিনা বিচারে আটক বন্দীরা পরবর্তীকালে যখন জেল থেকে বেরিয়ে এসেছিলেন তখন আমরা তাঁদের মুখে শুনেছি ওঁদের সময় জেলখানাগুলি এক একটা নকর-কুন্ড ছিল। সেই সমস্ত মানুষরা আমাদের বলেছেন জেলে তখন থার্ড ডিগ্রি চালানো হত, বন্দীদের ওপর চরম অত্যাচার করা হত। জেলখানাকে শাস্তি দেওয়ার জায়গা হিসাবে ব্যবহার করা হত। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে জেলখানাকে আর সেভাবে ব্যবহার করা হচ্ছে না। জেলের কয়েদিদের প্রতি নজর দিয়ে মাননীয় কারামন্ত্রী বহুমুখি পরিকল্পনা গ্রহণ করেছেন। সে হিসাবে জেলখানার নতুন নামকরণ হয়েছে, 'সংশোধনাগার'। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট ভাষণে উল্লেখ করেছেন, ''আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগার থেকে এই বছরের মাধ্যমিক পরীক্ষায় একজন আসামী প্রথম বিভাগে এবং আর একজন বিচারাধীন বন্দী দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন।'' আজকে জেলখানায় ছাত্রদের লেখাপড়া করার সুযোগ করে দেওয়া হয়েছে। কয়েদিদের বিভিন্ন কাজ শেখার এবং করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। জেলখানায় কম্বল তৈরির যন্ত্র বসানো হয়েছে। সেখানে কম্বল তৈরি হচ্ছে, অ্যালুমিনিয়ামের বাসনপত্র তৈরি হচ্ছে। বিদ্যুৎ চালিত তাঁত দিয়ে বিভিন্ন বস্ত্র তৈরি হচ্ছে। কয়েদিদের বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ দিয়ে বিভিন্ন জিনিস তাদের দিয়ে তৈরি করানো হচ্ছে। আমরা দেখছি বিভিন্ন মেলায় বন্দীদের তৈরি জিনিস-পত্র প্রদর্শন এবং বিক্রির ব্যবস্থা করা হয়। বহু ক্ষেত্রে তারা তাদের কর্ম দক্ষতা প্রদর্শন করে সুনাম অর্জন করেছে। আমাদের বালুরঘাটে একবার প্রদর্শনী হয়েছিল, আমরা অভিভূত হয়ে গিয়েছিলাম। গ্রামের কারিগররা যেসব জিনিস তৈরি করতে পারেনা সেসব জেলখানার কয়েদিরা করেছিল। এই সমস্ত কিছুর মধ্যে দিয়ে জেলখানাগুলিকে আজকে সংশোধনাগারে পরিণত করা হয়েছে। এর মধ্যে দিয়ে কয়েদিদের মানসিকতার পরিবর্তন হচ্ছে। আজকে জেলে খেলাধুলার সাজসরঞ্জাম দেওয়া হচ্ছে। বিনোদনের জন্য টি.ভি দেওয়া হচ্ছে। বিভিন্নভাবে তাদের মানসিকতার পরিবর্তন আনার ব্যবস্থা করা হচ্ছে। এই প্রসঙ্গে আমার মাননীয় মন্ত্রীর কাছে আবেদন, আজকে যে সমস্ত বন্দীরা বিভিন্ন কাজকর্ম শেখার পরে সংশোধনাগার থেকে মুক্তি পাচ্ছেন তাঁরা সমাজ জীবনে ফিরে গিয়ে ব্যাঙ্ক লোনের সাহায্যে বৃত্তিমূলক পেশায় নিযুক্ত হয়ে যাতে পরিবার-পরিজন নিয়ে সুস্থ্য পরিবেশে জীবন নির্বাহ করতে পারেন তার জন্য

সরকারের পক্ষ থেকে ব্যাঙ্কের সঙ্গে আলাপ-আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করা হোক। ব্যাঙ্ক লোনের সাহায্যে তাদের সমাজ-জীবনে প্রতিষ্ঠিত করা দরকার। আমরা আরও দেখছি জেলখানায় বন্দীরা যে সমস্ত কাজ করেন তার জন্য যে মজুরি নির্ধারিত আছে তা নগন্য। এই মজুরি বাড়ানো যায় কিনা, এটা ভেবে দেখতে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। যদি তারা সঠিক মজুরি পায় তাহলে কারাগার থেকে মুক্তি পাওয়ার পরে সেই মজুরির একটা বড় অংশের অর্থ সঞ্চিত করতে পারে এবং পরবর্তীকালে তা তাঁরা জীবন-যাত্রার প্রয়োজনে ব্যবহার করতে পারে। এই কয়েকটি কথা বলে ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-40 p.m.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই মাননীয় সদস্যদের যারা বাজেটে আলোচনা করেছেন তাদের ধন্যবাদ জানাচ্ছি। এরপর আমি বলতে চাই, মাননীয় সদস্য শ্রী তাপস রায় বলেছেন ১০ বছর বিলটা করতে লেগেছে। আমি বলছি, ১০ বছর লাগেনি। আমার মনে হয় ওনার হিসাবের গন্ডগোল হয়ে গেছে। ১৯৯২ সালে প্রেসিডেন্টের কাছে বিলটা গিয়েছিল। এরপর, পর পর কয়েকটি কোয়ারি করেছিলেন প্রেসিডেন্টের পক্ষ থেকে। তারপর ১৯৯৭ সালে বিলটা ফিরে এসেছিল। তারপর আপনি উচ্ছেদের কথা বলেছেন উচ্ছেদ করার ব্যাপারে আমরা কোনও দ্বিধা করি না। আপনি জেনে রাখুন প্রেসিডেন্সি থেকে ১৭ জনকে পুলিশের সাহায্য নিয়ে উচ্ছেদ করে দিয়েছি আর হাইকোর্টে মামলা করার জন্য করা সম্ভব হয়ে উঠছে না। একজন মাননীয় সদস্য একটি মন্তব্য করলেন। উনি অবশ্য একটি জেলেই ছিলেন। সুতরাং উনি সব জেলের ব্যাপারে এত অভিজ্ঞতা কি করে সঞ্চয় করলেন তা আমি জানি না। তবে আমি এইটুকু শুধু বলছি, উনি এক সময়ে যে দলে ছিলেন তারাই গভর্নমেন্টে ছিলেন। এখন অবশ্য পরিবর্তন করেছেন। এক সময়ে কংগ্রেস ক্ষমতায় ছিল দীর্ঘ বছর। যাইহোক, এখন আমাদের মোট ৫৩টি জেল আছে। সেইসব জেলগুলি হচ্ছে, কেন্দ্রীয় সংশোধনাগার ৬টি, জেলা সংশোধনাগার ১১টি, বিশেষ সংশোধনাগার ৩টি, মুক্ত সংশোধনাগার ১টি, মহিলা সংশোধনাগার ১টি, উপ-সংশোধনাগার ৩১টি। সেইসব সংশোধনাগারে বন্দীদের সংখ্যা হচ্ছে, পুরুষ-১৮ হাজার ৪৪৪ জন। মহিলা বন্দীর সংখ্যা-১ হাজার ২২২ জন অর্থাৎ মোট ১৯ হাজার ৬৬৬ জন। সরকারি মোতাবেক জেলগুলিতে রাখতে

পারি। এখানে গড়ে প্রতিদিন ১১ হাজার বন্দী বিভিন্ন সংশোধনাগারগুলিতে আছে। কাজেই জায়গার অসুবিধা নেই। যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত ব্যক্তির সংখ্যা-২০০০-২০০১ সাল পর্যন্ত পুরুষ-১ হাজার ১৫৪ জন আর মহিলা-২৬ জন। কনডেমড বন্দী আছে, পুরুষ-৩ জন, মহিলা ১ জন। বন্দীদের মজুরি সম্পর্কে একজন মাননীয় সদস্য বলেছেন। তিনি জানেন, কি জানেন না তা আমি জানি না, তবুও বলছি, কংগ্রেস আমলে বন্দীদের মজুরি ছিল ১ টাকা। সেটা বাড়িয়ে আজকে করা হয়েছে ১৩ টাকা, ১৫ টাকা এবং ১৮ টাকা। এটা আপনি জেনে রাখুন। আর একটা কথা আপনার জেনে রাখা দরকার, বাড়ির মজুরির সাথে এই মজুরি মেলানো ঠিক নয়। কারণ, এখানে তারা তিনবেলা খাবার পান, শুধু মজুরি নয়। পূর্বে ওরা যখন ক্ষমতায় ছিলেন, তখন জেলে ডাক্তার ছিল না।

আমি দায়িত্ব নিয়ে বলছি আপনাদের, জেনে রাখুন, আপনাদের আমলে আগে ডাক্তার ছিল মাত্র কয়েক জন, এখন সংশোধনাগারগুলিতে আমরা ৬৭ জন ডাক্তার ও ৫৭ জন ফার্মাসিস্ট দিয়েছি। বহু জেলে আগে ফার্মাসিস্টই ছিল না। আমাদের এ ক্ষেত্রে যেসব ফাঁকা পদ আছে সেগুলি আমরা পূরণ করব। এবারে আমি অ্যাম্বুলেন্সের কথায় আসি। আপনারা তো দীর্ঘ ২৫/৩০ বছর ধরে এখানে রাজত্ব করেছেন, আপনারা বলুন, আপনাদের আমলে জেলের জন্য কটা অ্যাম্বুলেন্স ছিল? আমি বলে দিচ্ছি, আপনাদের সময় মাত্র দু/তিনটি জায়গায় অ্যাম্বুলেন্স ছিল, এখন সেখানে আমরা ২৬টি অ্যাম্বুলেন্স দিয়েছি। মাননীয় সদস্যরা জেনে খুশি হবেন যে এখানে সংশোধনাগারের জন্য যে বিলটা পাশ করা হয়েছে অনেক রাজ্য থেকে সেই বিলটা নিয়ে যাচ্ছে। এই বিলে রাজনৈতিক বন্দীদের মর্যাদার কথা স্বীকার করা হয়েছে এবং রাজনৈতিক বন্দীদের সুযোগ সুবিধা দেওয়া হয়েছে। ইতিমধ্যে তার কাজ শুরুও হয়েছে। একটা সংশোধনাগার করে সাথে সাথে সেখানে সমস্ত সুযোগ সুবিধা বৃদ্ধি করে দিতে পেরেছি—নিশ্চয় এ কথা বলছি না। তবে আমরা শুরু করেছি। রাজনৈতিক বন্দীদের ইতিমধ্যেই মর্যাদা দিয়েছি। এটা সবচেয়ে বড় কাজ। দীর্ঘদিন ধরে বামপন্থী হিসাবে আমরা এটা দাবি করে এসেছিলাম। জেলে আমরা যারা রাজনৈতিক বন্দী হিসাবে যেতাম, আমাদের রাজনৈতিক বন্দীর মর্যাদা দিতে হবে এই নিয়ে আমরা বামপন্থীরা দীর্ঘদিন ধরে মিছিল, মিটিং, আন্দোলন করে এসেছি। পশ্চিমবঙ্গে আপনারা চেষ্টা করেনি নি, আমরা বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে সেটা আমরা করেছি। জেলে বন্দীদের আমরা বিভিন্ন ধরণের কাজ শেখাচ্ছি।

আমরা বন্দীদের সংশোধনাগারে কাজ শেখাতে চাই যাতে তারা বাইরে গিয়ে কিছু কাজ করে জীবিকা নির্বাহ করতে পারে। যেমন আমরা তাদের ইলেকট্রিকের কাজ শেখাচ্ছি, কলের পাইপ ও যন্ত্রপাতির কাজ শেখাচ্ছি অর্থাৎ কল খারাপ হয়ে গেলে বা নতুন করে করতে গেলে কিভাবে করতে হয় সেটা শেখাচ্ছি। মহিলাদের উল বোনার কাজ শেখাচ্ছি। ছাতা তৈরির কাজ শেখাচ্ছি ইত্যাদি। এগুলিতে আমরা গুরুত্ব দিচ্ছি। তা ছাড়া বিভিন্ন সংশোধনাগারে ডাইরেক্টার অব টেকনিক্যাল এডুকেশনের সহযোগিতায় বন্দীদের প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। সেখানে ওয়ারিং, পাম্পিং, টি. ভি. অ্যান্ড রেডিও মেকানিজম ইত্যাদি এগুলি করাচ্ছি। সেখানে আর্ট স্কুলও আছে। যে সমস্ত বন্দীরা আর্ট শিখতে চান সেখানে তারা তা শিখতে পারেন। এই আর্ট শিখে তারা বাইরে গিয়ে কাজও করতে পারেন। এইরকমভাবে প্রশিক্ষণ নিয়ে কালিঘাটে গিয়ে একজন দোকানও করেছে এবং স্বনির্ভর হয়েছে। আগে বন্দীরা জেলে যে টাকা রোজগার করতেন সেটা জেলেই থাকতো, এখন আমরা বন্দীদের জন্য ব্যাঙ্কে পাশ বই করে দিয়েছি যাতে তারা সুদ পেতে পারে এবং অর্থটা বৃদ্ধি পেতে পারে। সেই টাকাটা পরবর্তীকালে যাতে তারা ব্যবহার করতে পারে তার জন্য এই ধরণের ব্যবস্থা নেওয়া হয়েছে। আমাদের এখানে প্যারোলে যাবার যে সিস্টেমটা আগে চালু ছিল সেটার আমরা কিছুটা পরিবর্তন সাধন করেছি। মাননীয় সদস্যরা জেনে খুশি হবেন, এর জন্য একটা কমিটি গঠন করা হয়েছে। ৭ সদস্য বিশিষ্ট এই কমিটি। এই কমিটিতে আছেন—স্বরাষ্ট্র সচিব, বিচার সচিব, কারা সচিব, মহা কারা পরিদর্শক, পুলিশ কমিশনার পুলিশের ডি. জি. চিফ প্রবেশন অফিসার। ১৫ বছর অতিক্রান্ত হলে দু মাস জামিনে মুক্তি পাবেন, ১৬ বছর হলে ৪ মাস, ১৭ বছরে ৬ মাস, ১৮ বছরে ১০ মাস। এইভাবে একটা প্রক্রিয়ার মধ্যে দিয়ে ভালোভাবে যদি তারা থাকেন, আচার আচরণ করেন তাহলে সেগুলি আমরা কোর্টের কাছে যারা বন্দী আছেন তাদের পাঠাবার ব্যবস্থা করব। কোর্ট অনুমোদন দিলে তাদেরকে আমরা মুক্তি দেবার ব্যবস্থা করবো। এছাড়াও জানেন যে, আজকে এই যে আমরা পশ্চিমবঙ্গ কারা সংশোধনী আইন করেছি, এই আইনে আমরা এমন ব্যবস্থা রেখেছি যাতে পুরুষ এবং মহিলা সমান মজুরী পান। ওখানে কুটির স্থাপন করবার পরিকল্পনা আমাদের রয়েছে এবং ওখানে বন্দি হিসাবে, রাজনৈতিক বন্দি হিসাবে যদি কেউ আসেন, তাদের পরিবার-পরিজন হঠাৎ হয়তো সেখানে চলে এলেন। সেক্ষেত্রে তাদের ছেলেমেয়েদের পড়াশুনা যাতে নষ্ট হয়ে না যায় তার দায়িত্ব গ্রহণ করবো, এরকম বিধানও ঐ আইনের মধ্যে রয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা মেন্টাল পেশেন্টের কথা বলেছেন। আলিপুর ইন্সটিটিউট অফ মেন্টাল হেলথ থেকে এ যাবত ২২০ জনকে বিভিন্ন জায়গায় আমরা পাঠিয়েছি। তারমধ্যে নিজেদের বাড়িতে পাঠিয়েছি ২০ জনকে, মিশনারিজ অফ চ্যারিটিতে পাঠিয়েছি ৮২ জনকে, অন্তরায় পাঠিয়েছি ১৫ জনকে, পুরুলিয়া মানসিক হাসপাতালে পাঠিয়েছি ৩৫ জনকে, কোলকাতা প্যাবলক হাসপাতালে পাঠিয়েছি ১০ জনকে, বহরমপুর মেন্টাল হসপিটালে পাঠিয়েছি ২৫ জনকে, লুম্বিনী পার্ক মেন্টাল হসপিটালে পাঠিয়েছি ৩৩ জনকে। মোট ২২০ জনকে বিভিন্ন জায়গায় পাঠিয়েছি যাতে তারা ভাল হতে পারে। বর্তমানে এরকম বন্দির সংখ্যা ৭৭। সংখ্যাটা কমেছে।

[5-40 — 5-47 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, এই বাজেটের উপর যে সময় নির্ধারিত ছিল দেখা যাচ্ছে সেই সময়ের মধ্যে বাজেট আলোচনা শেষ করে ভোট করা যাবে না। অতএব, আপনাদের সম্মতি নিয়ে সময় আরও পাঁচ মিনিট বাড়ালাম।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** যা বলছিলাম, আজকে আমাদের জেলগুলির পরিবর্তন সাধিত হয়েছে কি হয়নি সেটা বিভিন্ন যারা সদস্য আছেন তাঁদের মধ্যে বিরোধী সদস্যরা এই ধরনের কথা বলেন। কিন্তু এটা জেনে রাখা দরকার, জেলে আজকে যারা কর্মে নিযুক্ত আছেন তারা যদি কোনও অপরাধমূলক কাজ করেন তাহলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হয়। দেখবেন, ইতিমধ্যে বেশ কয়েকজনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। পরিবর্তন সাধীন হয়েছে নিশ্চয়ই। পাখা তো আগে জেলে ছিল না, স্যানিটারি ল্যাট্রিন ছিল না, লাইব্রেরি ছিল না। এ ধরনের হাজারো কাজ দেখবার ব্যবস্থা ছিল না। তখন বেড়ি ছিল জেলে, খাটা পায়খানা ছিল জেলে। আজকে যদি স্পেসিফিক কোনও অভিযোগ থাকে দুর্নীতি সম্পর্কে, তাহলে সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করি। মাননীয় সদস্যরা যদি সেরকম কোনও স্পেসিফিক অভিযোগ পাঠান, তাহলে অবশ্যই ব্যবস্থা নেবো। আমরা আজকে যেটা চেষ্টা করছি সেটা হচ্ছে, যে সমস্ত সাবজে রয়েছে সেগুলোতে এবং ৫টি সেন্ট্রাল জেলে বন্দিদের খাবার জায়গা ছিল না। সেটা আমরা করবার চেষ্টা করছি। ইতিমধ্যে কোচবিহার এবং মেদিনীপুরে সেই কাজ শেষ করেছি। অবিলম্বে বন্দিদের খাবার জায়গা তৈরি করছি। প্রেসিডেন্সি জেলের কাজ শেষ হবার পর পর্যায়ক্রমে সমস্ত জেলে সেটা করবো। দীর্ঘদিন ধরে

জেলগুলির কিচেনের যে খারাপ অবস্থা ছিল সেটা আমরা ধীরে ধীরে পরিবর্তনের চেষ্টা করছি। দীর্ঘদিন আগে কংগ্রেস আমলে যদি এগুলো সম্বন্ধে নজর দেওয়া হত তাহলে আমাদের নিশ্চয়ই এই অসুবিধা ভোগ করতে হত না।

মাননীয় রাজ্যপালের সুপারিশ ক্রমে আমি ২০০১-২০০২ সালের কারা বিভাগে ২২নং দাবি অনুসারে ২০৫৬" শীর্ষক ভোট অন অ্যাকাউন্টে বরাদ্দ হওয়া ২৫,২৪,৬১,০০০ টাকা সহ মোট ৭৫,৭৩,৮২,০০০ টাকা বরাদ্দ করার জন্য আবেদন জানাচ্ছি। কাট মোশনের তীব্র বিরোধিতা করছি।

## DEMAND NO. 22

**Mr. Dy. Speaker :** The cut motions of Shri Saugata Roy, Shri Kamal Mukherjee, Shri Subrata Mukherjee, Shri Ajoy De, Shri Ashok Kumar Deb, Shri Biman Chakraborty, Shri Kallol Khan, Shri Kashinath Misra, Shri Pankaj Banerjee, Shri Abdul Mannan, Shri Nirmal Ghosh, Shri Sadhan Pande, Shri Mahabubul Haque, Shri Deb Prasad Sarkar and Shri Tarak Bandyopadhyay that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 75,73,82,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "2056" - Jails " druing the year 2001-2002 (This is inclusive of a total sum of Rs. 25,24,61,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

## Adjournment

The House was accordingly then adjourned at 5.47 p.m. till 11 a.m. on Wednesday, the 4th July, 2001 at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 4th July, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 07 Ministers of State and 170 Members.

[11-00 — 11-10 a.m.]

## OBITUARY

**Mr. Speaker :** Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Satinath Chattopadhyay, an eminent Journalist who breathed his last on the 2nd July, 2001 at his residence in Kolkata following a Cardiac arrest. He was 49.

Shri Chattopadhyay was born on the 18th September, 1952 in Kolkata. He took his education from the Shibpur Deenabandhu College in Howrah and Jadavpur University in Kolkata. He had a keen affinity to an artistic culture and music. He was one of the beloved students of Gyan Prakash Ghosh, a distinguished Tabaliah. He started his professional career as a Journalist, especially on the movies. He worked with high reputation in the dailies like the Aajkal, the Jugantar and the Overland. He also showed skill in collecting information from the Hyderabad Agricultural Research Institute as an employee of Chitrabani. This year he was honoured with the award for the best critic on the Cinematography by the Bengal Film Journalist Association. His simple, unostentatious, amicable, witty and humorous life style made him much endeared to all who came in touch with him.

At his death the State has lost a luminary in the field of Journalism that is hard to fill.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble members stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the Members of the bereaved family of the deceased.

## STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### রাজ্যের হাসপালগুলিতে ডাক্তার ও নার্সের শূন্যপদ

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫১) **শ্রী দেবপ্রসাদ সরকার :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যের সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কত সংখ্যক ডাক্তার ও নার্সের পদ শূন্য আছে;

(খ) উক্ত শূন্যপদগুলি পূরণ করার জন্য সরকার কি কি পদক্ষেপ নিচ্ছেন; এবং

(গ) কত দিনের মধ্যে এই শূন্যপদগুলি পূরণ হবে বলে আশা করা যায়?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র :**

(ক) ৫৫৯ টি ডাক্তরের পদ শূন্য আছে এবং ১২৮৩ টি নার্সের পদ শূন্য আছে।

(সুপারিনটেনডেন্ট এবং ডেপুটি সুপার নার্সিং- ৩২৭ + স্টাফ নার্স ৯৫৬)

(খ) শতাধিক চিকিৎসক উচ্চশিক্ষা সম্পন্ন করায় তাঁদেরকে নতুন পদে যোগদানের আদেশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ইতিমধ্যেই বিভিন্ন জেলায় ৪৫৮ টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগের আদেশ জারী করা হয়েছে। তন্মধ্যে ১০১ টি পদ এখনও খালি আছে। জেলা কর্তৃপক্ষকে পদগুলি দ্রুত পূরণের ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।

নার্সিং সুপার ও ডেপুটি নার্সিং সুপারিন্টেনডেন্ট-এর শূন্য পদগুলি পদোন্নতির দ্বারা পূরণ করার প্রক্রিয়া চালু আছে।

স্টাফ নার্সের শূন্য পদগুলি নবনিযুক্ত নার্স দ্বারা পূরণ করার প্রক্রিয়া চালু আছে।

(গ) নির্দিষ্ট সময়সীমা এখনই বলা সম্ভব নয়। তবে যত শীঘ্র সম্ভব এগুলি পূরণের উদ্যোগ নেওয়া হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সাপলিমেন্টারী, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে ডাক্তারের শূন্যপদের সংখ্যা দিয়েছেন তা পূরণ করার জন্য ৪৫৮ জনকে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগের আদেশ জারি করা হয়েছে, ১০১টি পদ খালি আছে আমার জিজ্ঞাস্য যে, ইতিপূর্বে এই চুক্তির ভিত্তিতে ডাক্তারের শূন্যপদ পূরণ করা হয়েছে কি এবং সাথে সাথে এটাও আজকে রিলেটেড যে, যেখানে সংবিধানের নিয়ম অনুযায়ী ডাক্তারের মত, চিকিৎসকদের মত সমাজসেবামূলক প্রতিষ্ঠানে এইরকম গুরুত্বপূর্ণ পদে কি হেল্‌থ সার্ভিস, কি মেডিকেল সার্ভিসে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ডাক্তার নিয়োগ করার প্রথা বা নিয়ম, সেখানে পাবলিক সার্ভিস কমিশনকে বাইপাস করে এই চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ করছেন কিনা জানাবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় সদস্য যেটা বললেন, তার জবাব আমার উত্তরের মধ্যেই রয়েছে। ৪৫৮ জনকে যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চুক্তির ভিত্তিতে নিয়োগের কথা বলেছি এবং ১০১টি পদ খালি আছে বলেছি তার মানে ৩৫৭ জন চুক্তির ভিত্তিতে নিয়োজিত হয়েছে, আরো ১০১ জনকে চুক্তির ভিত্তিতে নিতে বলেছি। সেখানে পি. এস. সি.-র কাছে লোক চেয়েছি, না পেলে চুক্তির ভিত্তিতে নিতে বলেছি। দ্বিতীয়ত আপনি যেটা বলেছেন পি. এস. সি.-কে বাইপাস করে করা হচ্ছে, এটা সঠিক নয়। আমরা পাবলিক সার্ভিস কমিশনের কাছে তালিকা চেয়ে থাকি, তারা নাম পাঠান এবং তখন আমরা নিয়োগ পত্র দিই।

ওই নিয়োগপত্রই দিলে পরে কিছু লোক জয়েন করেন আর কিছু করেন না। জয়েন না করলে কিছু সময় তাদের দিই। আমাদের নিয়োগ পত্র দেওয়ার থেকে কম পক্ষে ৬ সপ্তাহ সময় আমরা দিই যোগদান করার জন্য। ৬ সপ্তাহের মধ্যে যোগদান না করলে তাদের নিয়োগপত্র বাতিল করে দিই। আবার পি. এস. সি.-র কাছে চাই। তাতেও যদি না পাই তখন পরিমাণ মত পদ খালি থাকার জন্য আমরা চুক্তির ভিত্তিতে নিয়োগের ব্যবস্থা করেছি। সেখানে চুক্তির মধ্যে বলাই আছে যে, পি. এস. সি.-র থেকে নাম যদি পাঠিয়ে দেয় এবং লোক যদি পেয়ে যাই তাহলে চুক্তির ভিত্তিতে যাকে নিয়োগ করেছি তাকে খারিজ করে দিতে পারি। কাজেই পাবলিক সার্ভিস কমিশনকে বাইপাস করার প্রশ্নই ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে পি. এস. সি.-র থেকে চেয়েও প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার পাওয়া যাচ্ছে না এবং ডাক্তাররা গ্রামে যেতে চান না তাদের প্যানেল থাকা সত্ত্বেও, এই অভিযোগ আমরা শুনে আসছি। এবং তারজন্যই শূন্যপদ থাকার জন্যে আপনার চুক্তির ভিত্তিতে নিয়োগ হচ্ছে এবং নিয়োগ দিতে হচ্ছে। কিন্তু আমার জিজ্ঞাস্য যে, যেখানে ডাক্তরের বিরুদ্ধেই অভিযোগ, সেখানে পাবলিক সার্ভিস কমিশনের এই অভিযোগ সঠিক কিনা সেটা দেখা দরকার, কারণ ডাক্তারদের ক্ষেত্রে দেখা গেছে তারা ডবিউ. পি. এস. সি., সেন্ট্রাল পি. এস. সি.-র থেকে অ্যাপয়েন্টমেন্ট পেয়েই ভারতবর্ষের দূর দূরান্তে চলে যাচ্ছে। সেখানে কি তারা যাচ্ছে না, অ্যাপয়েন্টমেন্ট নিচ্ছে না? আর্মিতে বছর বছর পরীক্ষা হচ্ছে, সেখানে জীবনের ঝুঁকি নিয়ে যাচ্ছেন, এমন কি প্রাণও দিচ্ছেন যুদ্ধে। কিন্তু পশ্চিমবাংলায় পি. এস. সি. থেকে যে প্যানেল হচ্ছে তার অ্যাডিকোয়েট নাম্বার পাওয়া যাচ্ছে না। এই যে পি. এস. সি.-র পরীক্ষা হয়েছে '৯২ সালে ও '৯৬ সালে, এর পরে পি. এস. সি.-র পরীক্ষা হয়নি। বছর বছর যেটা হওয়ার কথা। আপনি ডাক্তার মানুষ, আপনি নিজে ভাল জানেন, যে বছরে পরীক্ষা হয় পাস করার পরে তাঁকে এক বছর ইন্টারনি থাকতে হয়, তার পরে যখন পরীক্ষা হয় তখন পি. এস. সি.-র প্যানেল রেডি হয়ে যাচ্ছে। এই যে '৯২ ও '৯৬ সালে দুইবার পরীক্ষা হওয়ার পর যে ডাক্তার যারা প্যানেলে আসল তারা ৪ থেকে ৮ বছর এর মধ্যে অ্যাপয়েন্টমেন্ট পায়। ন্যাচারালি ইন্টেরিম পিরিয়ডে তারা অ্যাপয়েন্টমেন্ট পায়। কিন্তু বছর বছর যদি পি. এস. সি. থেকে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা হত এখানে আপনি বলছিলেন পি. এস. সি. যদি পরীক্ষা না নেন, সি. এস. সি. সরকারের মনোনীত বডি, তাহলে পি. এস. সি. কেন সেন্ট্রাল পি. এস. সি.-

র মত পরীক্ষা নিচ্ছে না বা নেয়ই না? এই জন্য বলছি, পি. এস. সি.-কে বাই পাস করে চুক্তির ভিত্তিতে নিয়োগের দিকে যাচ্ছেন কেন, তা নাহলে পি. এস. সি.-তে বছর বছর পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করছেন না কেন? তাহলে তো পি. এস. সি.-র মাধ্যমে ডাক্তার আসতে পারে, সমস্যা হয়না।

[11-10 — 11-20 p.m.]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্যকে আমি এই কথা বলিনি, আমি আবারও বলছি—পি. এস. সি. আমাদের লোক দিচ্ছে না। আমি তো বলিনি, আমি এই কথাও বলছি না—পি. এস. সি. যাদের নিয়োগপত্র দেয় তারা যায় না, তাও বলিনি। আমি আপনাকে বলতে পারি, সুনির্দিষ্ট তথ্য নিয়ে '৯৮ সাল থেকে ২০০০ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ১৩৪৭ জন চিকিৎসককে নিয়োগ দিয়েছি পি. এস. সি. থেকে। যে তালিকা পেয়েছি তার ভিত্তিতে ১৩৪৭ জনকে নিয়োগপত্র দিয়েছি, তার মধ্যে ৪৭২ জনের কাছে যোগদান না করার জন্য নিয়োগপত্র বাতিল করতে হয়েছে। তার মধ্যে অর্থাৎ ১৩৪৭ জনের মধ্যে বেশির ভাগ অংশ ৪৭২ জনকে বাদ দিলে, ৯০০র উপরে তারা কাজে যোগ দিয়েছেন। আমি বলছি না তো যাচ্ছে না। কিন্তু তার পরেও এই বছরের ফেব্রুয়ারি মাসে ৯২ জনকে নিয়োগ দিয়েছি পি. এস. সি.-র তালিকা থেকে। এবারে যেটা আমাদের দেখতে হবে, কতজন জয়েন করছেন বা কতজন করছেন না। কিন্তু জয়েন করবে, কিছু খালি থাকবে। আবার আমি পি. এস. সি.-র কাছে যাব। আপনি যেটা বলেছেন বছর বছর পি. এস. সি.-র পরীক্ষার ব্যাপারে সরকারের দিক থেকে আলোচনা হয়েছে। আমরা তার সঙ্গে একটা জিনিস যুক্ত করতে চাইছি, আমরা তাদের সঙ্গে আলোচনা না করে বলতে পারিনা, যেহেতু এখানে তারা উপস্থিত নেই পি. এস. সি. এখানে উপস্থিত নেই সেই জন্য এটা বলাটা নিয়ম বিরুদ্ধ। আমার বক্তব্য, ওরা তো পরীক্ষা দিয়েই পাস করেছে, আর এত পরীক্ষা করে কি হবে? পরীক্ষায় একটা মাত্র কোয়ালিফিকেশান দরকার, প্রত্যন্ত এলাকায় যাওয়ার ইচ্ছা আছে কিনা। আমার যদি পরীক্ষা করার ক্ষমতা থাকতো তাহলে আমি জিজ্ঞাসা করতাম, কুচবিহারের মেখলিগঞ্জে যাবেন কিনা? হ্যাঁ বললে, দিয়ে দিতাম। আমি এটা বলে দেখব। যদি এটা গ্রহণযোগ্য হয় তাহলে তাড়াতাড়ি দিয়ে দেওয়া যেত।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, হেল্‌থ সেন্টারগুলিতে এই যে চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ হচ্ছে তারা মাত্র ছয় হাজার টাকা পায়। যেখানে

এগজিসটিং রেট বা মাইনে সতেরো থেকে আঠারো হাজার টাকা। ছয় মাসের চুক্তিতে এই ডাক্তারদের নিয়োগ করা হচ্ছে এবং মাত্র সাত দিন তারা ক্যাজুয়াল লিভ পায়। এমন কি হেলথ্ সেন্টারগুলোতে অন্যান্য যে কর্মচারীরা আছে তাদের বেতনও ডাক্তারদের থেকে বেশি। এই রকম পরিস্থিতিতে এই চুক্তির ভিত্তিতে ডাক্তারদের মাইনের তিনটি ক্যাটাগরি করা হয়েছে, আরেকটি ক্যাটাগরি করেছেন দশ থেকে বারো হাজার টাকার। এর ফলে স্টান্ডার্ড অফ ট্রিটমেন্ট ফল করছে না কি? এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক, যখন সরকার উদারনীতি, সংস্কাকারনীতি, বে-সরকারিকরণের বিরুদ্ধে, তখন ভারতবর্ষে এই প্রথম পশ্চিমবাংলায় এই ব্যাপারে দৃষ্টান্ত স্থাপন করা হল, চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ করে। আমেরিকার হায়ার অ্যান্ড ফায়ার প্রসেসে, তার ভিত্তিতেই চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ করা হল। পি. এস. সি. কোর্টে অ্যাফারমেশান দিয়েছে মেডিকেল এডুকেশান সার্ভিসে অ্যাপেয়েন্টমেন্টের ব্যাপারে তাদের তরফ থেকে কোনও ত্রুটি নেই পরীক্ষা গ্রহণ করার ব্যাপারে। অথচ আমরা দেখতে পাচ্ছি বছরের পর বছর পি. এস. সি.-র পরীক্ষা হচ্ছে না। এই প্রক্রিয়া থেকে সরে এসে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে চিকিৎসক নিয়োগের কি ব্যবস্থা সরকার করছেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্যর জ্ঞাতার্থে বলছি, যে তথ্য আপনার কাছে আছে সেটাকে আরেকটু সংশোধন করতে হবে। ছয় হাজার টাকা নয়, তারা এখন আট হাজার দুই শত টাকা বেতন পাচ্ছে। যদি তারা কোয়াটার না নেন। চুক্তির ভিত্তিতে যে ডাক্তারদের নিয়োগ করা হচ্ছে তারা সাবসিডিয়ারী হেলথ সেন্টারগুলোতে সব সময় কাজ করেন না, তারা খালি আউটডোরটা করেন। বাকি সময়টা তারা প্রাইভেট প্র্যাকটিস করতে পারেন। কাজেই এটা সত্য নয়, আমরা অমানবিক আচরণ তাদের সঙ্গে করছি। আর হায়ার অ্যান্ড ফায়ারের প্রশ্ন এখানে ওঠেই না। পাবলিক সার্ভিস কমিশন থেকে আমরা যদি ডাক্তারদের নিয়োগপত্র দিই এবং তারা যদি জয়েন করে তাহলে এক মাসের মধ্যে চুক্তির ভিত্তিতে ডাক্তারদের পরিবর্তে স্থায়ী চিকিৎসক আমরা দেব। আপনারা কি বলছেন এইগুলো খালি রাখতে হবে, পাঁচশ, সাড়ে পাঁচশ পদ খালি রাখতে হবে, কাউকে দেব না।

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় খুব পরিষ্কারভাবে উত্তর দিয়েছেন। বিগত জানুয়ারি, ফেব্রুয়ারি অধিবেশনে ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ সার্ভিসেস অ্যামেন্ডমেন্ড বিল পাস হয়েছিল। তখন ওরা অনেক চেঁচামেচি করেছিলেন। যদি

প্রয়োজন হয় তাহলে তাড়াতাড়ি সরাসরি চুক্তির ভিত্তিতে যাতে ডাক্তার নিয়োগ করা যায় সেইজন্য এই অ্যামেন্ডমেন্ড বিল পাস হয়েছিল এই সার্ভিসেস বিল অ্যামেন্ডমেন্ড হওয়ার পরে ডাক্তার নিয়োগের ক্ষেত্রে বিশেষ কোনও অগ্রগতি ঘটেছে কি?

[11-20 — 11-30 a.m.]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমি শেষ অবস্থা যা বললাম, তারপর বলছি, আলোচনার ভিত্তিতে আবার পি. এস. সি.-র সাথে কথা বলব যাতে দ্রুত করা যায় তাদের যুক্ত করেই।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** ডাক্তাররা এই যে গ্রামে বা জেলা শহরে যেতে চাইছে না, তার কারণ হচ্ছে, অ্যাপয়েন্টমেন্ট লেটার পাওয়ার পর তারা যখন দেখে সেখানে মেশিন নেই, ল্যাবরেটরি নেই, ন্যূনতম পরিষেবা কিছু নেই, মানুষকে সেই পরিষেবা দিতে পারবে না, তখনই যেতে চায় না। গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এই ন্যূনতম পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য কোনও ব্যবস্থা নিচ্ছেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** পরিষেবা নেই বলে ওখানে যেতে চাইছে না, এই সরলিকৃত সিদ্ধান্তের সঙ্গে আমি একমত হতে পারছি না বলে দুঃখিত। পরিষেবার উন্নতি বিধানের দরকার আছে। মধ্যস্তরের হাসপাতালগুলিতে পরিষেবা উন্নয়নের জন্য ব্যবস্থা নিচ্ছি। আরও দু বছর লাগবে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ব্লক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে উন্নয়নের জন্য। একটা বিশেষ প্রকল্প আমরা আলোচনা করছি—জার্মান প্রকল্প ৭ টি জেলাতে এবং ডি. এফ. আই. ডি. বাকি জেলাগুলোর জন্য। আশা করি দু বছরের মধ্যে চালু করতে পারব। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, বি. পি. এইচ. সি., সাবসেন্টার থেকে আরম্ভ করে কমিউনিটি হেলথ সেন্টার পর্যন্ত, এদের পরিকাঠামো, যে সব যন্ত্রপাতি দরকার, আসবাবপত্র দরকার, বিল্ডিং যদি সারানোর দরকার হয়, সেসব করা হবে। খানিকটা আরম্ভও হয়েছে। এর জন্য সব জেলাকে ২০ লক্ষ টাকা করে দেওয়াও হয়েছে প্রাথমিক ভাবে সারাই ইত্যাদির জন্য। এই বছর আরও কিছু দিতে পারব। আমাদের যে বিকেন্দ্রিভূত পরিকল্পনা হয়েছে তাতে এবং বি. এম. এস. আর একটা পি. এম. জি. ওয়াই., সেইগুলো নিয়ে ৯০ কোটি টাকা জেলাগুলোতে দেওয়া হচ্ছে—যেসব জায়গায় পরিকাঠামোর অভাব আছে সঙ্গে সঙ্গে যাতে পূরণ করতে পারে। কাজেই এটা ঠিক নয় যে কিছু নেই বলেই যাচ্ছে না। তারা যদি

যান আমরা যত্ন করেই রাখব। যারা যাচ্ছেন না, তাদের সপক্ষে সব সময় যুক্তি দেওয়ার দরকার নেই।

**শ্রী জানে আলম মিঞা ঃ** আমরা গ্রামের পরিবেশ বলতে বুঝি—গ্রীষ্মকালে ধুলো, বর্ষাকালে কাদা আর শীতকালে উত্তরে হাওয়া। এই পরিবেশেই শহরের ডাক্তারদের যেতে হবে। আমার নির্বাচন কেন্দ্র সুতি বিধানসভায় সুতি ২ নং ব্লকে একমাত্র স্বাস্থ্যকেন্দ্র মহেশাই ব্লক। ১৮-২০ বছর আগে বি. জে. পি. আশ্রিত সমাজবিরোধীদের দ্বারা একজন ডাক্তারকে সেখানে গুলি করে হত্যা করা হয়। তারপর থেকে সেখানে ডাক্তার যায় না। সেখানে কিছু দিন হল একজন ডাক্তারকে দিয়ে আউটডোর চালু করা হয়েছে। আমি জানতে চাইছি কতদিনের মধ্যে সেখানে আরও ডাক্তার নিয়োগ করে আউট ডোর এবং ইন্ডোর পুরোপুরি চালু করা যাবে।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** ওখানে একজন ডাক্তার আছেন। আমি ঠিক বুঝলাম না। ওটা পি. এইচ. সি. নাকি ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টার। যদি পি. এইচ. সি. হয়, তাহলে ওখানে বেড নেই। ফলে ইন্ডোরের প্রশ্নই ওঠে না। ওখানে আউটডোরই থাকবে। আপনি সঠিকভাবে নামটা বললে আমি দেখে বলে দিতে পারব যে, সেখানে কি ব্যবস্থা নেওয়া আছে। কিন্তু খালি পি. এইচ. সি. হলে সাধারণভাবে একজনই থাকবেন। তিনি আউট ডোরই করবেন।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী জানালেন যে, ৫৫৯ জন ডাক্তারের পদ খালি আছে। আমি প্রশ্ন করছি যে, ডাক্তারদের পদের সংখ্যা নির্ধারণ করেন কিসের ভিত্তিতে? সেটা হাসপাতালের ভিত্তিতে না রোগীর ভিত্তিতে না বেডের ভিত্তিতে নির্ধারণ করেন? আর যে শূন্যপদ খালি আছে সেখানে কিভাবে চিকিৎসা চালু আছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** বিভিন্ন ব্লক পি. এইচ. সি., পি. এইচ সি এইভাবে যোগ করে যখন রুরাল হসপিটাল হয়, সাবডিভিশনাল হসপিটাল হয়, তখন প্রত্যেকটা সময়ে গভর্নমেন্ট অর্ডার বেরোয়, সরকারি আদেশনামা বেরোয়, তাতে পদ অনুমোদন করা থাকে। সাধারণভাবে বলছি অনুমোদিত পদ। অর্থাৎ স্যাংশন্ড যাকে বলা হয়, বিভিন্ন হাসপাতালে পদের সংখ্যা সেগুলি আমি যোগ করেই সেই সংখ্যাটা বলছি। যেমন বি. পি. এইচ. সি.-তে ৩ জন, পি. এইচ. সি.-তে একজন, রুরাল হসপিটালে ৫ জন ইত্যাদি। বিভিন্ন হেলথ সেন্টার, সাবসিডিয়ারী হেলথ সেন্টার যেটা পি.

এইচ. সি. হয়েছে, বিভিন্ন সরকারি হাসপাতাল প্রত্যেকটার জন্য একটা একটা স্যাংশন্ড গভর্নমেন্ট অর্ডার থাকে। ওখানে বলা থাকে। সেগুলি যোগ করেই হচ্ছে এটা মোট যে পদের সংখ্যা। কিন্তু আপনি বলতে পারেন যে, এই পদ যথেষ্ঠ নয়। পদ বৃদ্ধি ইত্যাদি করতে হবে। সেটা একটা হয়েছিল ১৯৯১ সালে যাকে বলা হয় এস্ট্যাবলিশ টু বিল। সেটা হলে আরও ৫০০-র মত পদ বাড়াতে পারব। সেখানে নিয়মিতকরণের ব্যাপার আছে—তাহলে হয়ত ৫০০ বাড়াতে পারব। কিন্তু এগুলির প্রত্যেকটাই সরকারি আদেশনামার ভিত্তিতে স্যাংশন্ড।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন—অ্যালোপাথি ওষুধের এত দাম যে গ্রামে গরিব মানুষ হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদের উপর জোর দিচ্ছে। এই সব প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে হোমিওপ্যাথি বা আয়ুর্বেদ ডাক্তার নিয়োগের কথা ভাবছেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমাদের আয়ুর্বেদ হোমিওপ্যাথি সব রকম আছে। অনেকগুলিতে আছে। তবে কিছু বাকি আছে। তাছাড়া আমাদের যে সরকারি স্বাস্থ্যকেন্দ্রগুলি আছে সেখানে প্রত্যেক বছরই অর্থ বরাদ্দ থাকে। এই বছরের বাজেটেও আমরা এই ব্যাপারে দেখব।

## পাথরায় পর্যটন কেন্দ্র

***১৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৩২) **শ্রী রামপদ সামন্ত ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পাথরায় (Pathra) পর্যটন কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

[11-30 — 11-40 p.m.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ**

(ক) বর্তমানে মেদিনীপুর জেলার পাথরায় পর্যটনকেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী রামপদ সামন্ত :** আপনি বললেন এই ধরনের কোনও পরিকল্পনা আপাতত নেই। এ ব্যাপারে একটা সংস্থা একটা প্রস্তাব পাঠিয়েছে এবং সরকার সেই প্রস্তাবটা বিবেচনা করবার জন্য জেলা শাসকের কাছে পাঠিয়েছেন। এ ব্যাপারে কোনও তথ্য আপনার কাছে এসেছে কিনা জানাবেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** মেদিনীপুর জেলার পাথরা থেকে আর্কিওলজিক্যাল প্রিজার্ভেশান কমিটির পক্ষ থেকে মহঃ ইয়াসিন পাঠান অসংখ্য প্রাচীন মন্দির এবং ভগ্নপ্রায় দেবালয়গুলির সংরক্ষণ করে পর্যটনকেন্দ্র গড়ে তুলতে সরকারের কাছে একটা প্রস্তাব পাঠিয়েছেন। মহঃ ইয়াসিন পাঠান মহাশয়ের প্রস্তাব সম্পর্কে কি ধরনের সাহায্য তিনি আশা করেন সেই ব্যাপারে পর্যটন দপ্তর তাঁকে চিঠি দিয়েছে। মেদিনীপুরের জেলাশাসকের কাছে ১৫.৫.০১ তারিখে চিঠি দিয়ে প্রস্তাব সম্পর্কে মতামত জানতে চাওয়া হয়েছে। সেই বিষয়ে পরবর্তী সময়ে ২৭.৬.০১ তারিখে জেলাশাসকের কাছে পুনর্বার একটা চিঠি দেওয়া হয়েছে একই বিষয়ের উপর। কিন্তু এখনও কোনও প্রত্যুত্তর পাওয়া যায়নি।

**শ্রী রামপদ সামন্ত :** মহঃ ইয়াসিন পাঠান মহাশয় যে প্রস্তাব পাঠিয়েছেন— আমি সরকারের কাছে জানতে চাইছি ওই প্রত্নতাত্ত্বিক কেন্দ্রে প্রচুর পুরাতাত্ত্বিক নিদর্শন সংগৃহীত হয়েছে এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিছু অর্থ সাহায্য পাওয়া গেছে। রাজ্য সরকার কোনও সাহায্য দিয়েছেন কিনা? যদি দেন তাহলে কি পরিমান দিয়েছেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** কেন্দ্রের প্রত্নতাত্ত্বিক দপ্তর থেকে সাহায্য পাওয়া গেছে, কিন্তু রাজ্য সরকারের পর্যটন বিভাগ এই বিষয়টাকে পর্যটনকেন্দ্র হিসাবে উন্নত করবে কি না সেটা নির্ভর করছে জেলাশাসকের চিঠির উপর। তাছাড়া গত মে মাসে প্রায় সমস্ত জেলার সভাধিপতিদের কাছে বর্তমান পর্যটনকেন্দ্র সম্পর্কে তালিকা চাওয়া হয়েছে এবং সম্ভাবনাপূর্ণ পর্যটনকেন্দ্র সম্বন্ধেও তালিকা চাওয়া হয়েছে। সেই তালিকাতে সভাধিপতি এই কেন্দ্রটি দেননি। ওই সভাধিপতির দিক থেকে বা জেলাশাসকের দিক থেকে একটাও রিপোর্ট না পাওয়ায় আমরা ওই দিকে কোনও সাহায্যের হাত বাড়াতে পারছি না।

**শ্রী রামপদ সামন্ত :** আমার অতিরিক্ত প্রশ্ন, আমি একটু প্রসঙ্গান্তরে চলে যাচ্ছি। ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম এই যে ব্যাপারটা সেটা সম্ভাবনাময়। আমি একটা

নির্দিষ্ট জায়গার উপর প্রশ্ন করেছিলাম, এখন একটা অন্য প্রশ্ন করছি। এই পর্যটন শিল্প আমাদের পশ্চিমবঙ্গে ক্রমশ এগিয়ে যাচ্ছে। বিদেশি পর্যটকদের আকর্ষণ করার ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গের কি অবস্থা আছে সর্বভারতীয় ক্ষেত্রে? যদি তথ্য থাকে তাহলে দয়া করে জানাবেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** বিদেশি পর্যটকদের আকর্ষণ করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অনেক পশ্চাতে আছে সমগ্র ভারতবর্ষের তুলনায়। তবে এ কথা ঠিক আমাদের পশ্চিমবঙ্গের মধ্যে দার্জিলিং একটা পৃথিবী খ্যাত পর্যটনক্ষেত্র। কিন্তু দার্জিলিং সম্বন্ধে নানা সমস্যা দেখা দেওয়ায় বর্তমানে দার্জিলিং-এর প্রতি মানুষের আগ্রহ কমে গেছে এবং তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলার দিকে ফ্লো কমেছে। এটা ঠিক। তবে উন্নতির জন্য চেষ্টা হচ্ছে।

**ডাঃ রত্না দে (নাগ) ঃ** হুগলির জয়রামবাটী ও কামারপুকুর দুটো বিখ্যাত জায়গা। পশ্চিমবাংলা ও ভারত তথা ভারতের বাইরে থেকেও বহু লোক এখানে আসেন। এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় কোনও পর্যটন কেন্দ্র খোলার ব্যবস্থা করছেন কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয়া সদস্যা এবং সেই সুযোগে অন্যান্য সদস্যদের অবহিত করতে চাই যে, এ সম্পর্কে যে প্রস্তাব বিভিন্ন দিন আসে তাতে পর্যটন কেন্দ্র এবং পর্যটন ক্ষেত্রকে একাকার করে ফেলা হয়। পর্যটন ক্ষেত্র এবং পর্যটন কেন্দ্র এক নয়। আমার মনে হয় মাননীয়া সদস্যা পর্যটন ক্ষেত্র বা ইংরাজিতে যাকে ট্যুরিস্ট স্পট বলে সে সম্বন্ধে বলতে চেয়েছেন। পর্যটন ক্ষেত্র হিসাবে সারা পশ্চিমবাংলায় যত জায়গা আছে তার একটা ক্যাটালগ তৈরি করার কথা আমরা চিন্তা করছি। এবং আগেই বলেছি যে, এব্যাপারে জেলা প্রশাসনকে চিঠি দিয়ে দিয়েছি প্রফর্মা দিয়ে দূর-দুরত্ব ইত্যাদি দিয়ে। সেই অনুযায়ী উত্তর দিতে বলেছি। আশাকরি জেলা কর্তৃপক্ষ অন্যান্য পর্যটন ক্ষেত্রগুলোর নামে যখন লিখবেন তখন আপনার উল্লিখিত পর্যটন ক্ষেত্রের নাম লিখলে সুবিধা হয়।

**শ্রী নির্মল দাস ঃ** আপনি আমাদের রাজ্যের সব চেয়ে আকর্ষণীর কেন্দ্র দার্জিলিং-এর কথা বললেন। দার্জিলিং-এর পলিউশন এবং আইন-শৃঙ্খলা, ইত্যাদির জন্য পর্যটকরা ওধারে যাচ্ছে না। অন্য রাজ্যে, বরং সিকিমে চলে যাচ্ছে। আপনি পর্যটন দপ্তরের চার্জ পাওয়ার পর দেখছি বিভিন্ন পত্র-পত্রিকায়, একটা মাস্টার প্লান করছেন

যাতে পর্যটনের মাধ্যমে এমপ্লয়মেন্ট জেনারেশন হয়, অখ্যাত জায়গাগুলো হাইলাইট হতে পারে এবং পর্যটকরা সেখানে যেতে পারে। ডুয়ার্স পর্যটনের জন্য ভালো জায়গা। এখানে পাহাড়, নদী, জঙ্গল আছে। আপনি স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী যে মাস্টার প্ল্যানের কথা চিন্তা করেছেন তাতে ডুয়ার্স এবং কুচবিহারের ক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি যে, ডুয়ার্স নিয়ে এখনও সামগ্রিক ভাবে ভেবে উঠিনি। পর্যটন মানচিত্রে যদি দেখা যায় তাহলে দেখা যাবে জলদা পাড়ার পূর্ব দিকে পর্যটন মানচিত্র বিস্তৃত নয়। মাননীয় সদস্য প্রস্তাব দিয়েছেন এবং অন্যান্যদেরও কিছু কিছু চিঠিপত্র পেয়েছি। যার ফলে আমরা সমগ্র ডুয়ার্স ফুটিয়ে তোলার চেষ্টা করছি। ইস্টার্ন ডুয়ার্স বলতে কুচবিহার-আলিপুর দুয়ার মহাকুমা এবং কুচবিহার জেলা মিলিয়ে। তার জন্য একটা সেপারেট সার্কিট খুলছি। মিডল ডুয়ার্স বলছি গরুমারা, চাপড়ামারিকে। শিলিগুড়ির পাশে যে মহানন্দা অভায়ারণ্য আছে, যেটা দিনাজপুর পর্যন্ত বিস্তৃত, সেটাকে ওয়েস্ট ডুয়ার্স বলছি। ডুয়ার্সকে এইভাবে তিন ভাগে ভাগ করে ট্যুরিস্ট সার্কিট তৈরি করছি এবং সেই সব সার্কিট থেকে কন্ডাক্টেড ট্যুরের ব্যবস্থা করা হবে। প্রাইভেটে হবে এবং সরকারি ভাবেও তিনটে জায়গায় আলাদা ভাবে কন্ডাক্টেড ট্যুরের ব্যবস্থা করা হবে।

[11-40 — 11-50 p.m.]

**শ্রী অখিল গিরি :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, পশ্চিমবঙ্গে যতগুলো পর্যটন কেন্দ্র আছে তার মধ্যে দীঘা অন্যতম পর্যটন কেন্দ্র। দীঘা পর্যটন কেন্দ্রকে আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** আপনি কি দীঘাকে পর্যটন কেন্দ্র হিসেবে বলছেন, না কি ট্যুরিস্ট স্পট হিসেবে দীঘার কথা বলছেন? ট্যুরিস্ট স্পট হিসেবে যদি দীঘার কথা বলেন তাহলে বলব যে, দীঘার অনেক সমস্যা দেখা দিয়েছে, এখানে অনেক পলিউশন দেখা দিয়েছে। আমরা অন্যান্য রাজ্যের মত কিছু আইন করার চেষ্টা করছি, যে আইনের দ্বারা যে এলাকাগুলোকে ট্যুরিস্ট স্পট হিসেবে সরকার ঘোষণা করবেন সেই এলাকায় দোকান, খামার ইত্যাদি ক্ষেত্রে নানা রকম নিয়ন্ত্রণের ব্যবস্থা করা যাবে। সেই রকম কোনও আইন পশ্চিমবঙ্গে নেই, কোনও কোনও

রাজ্যে এই রকম আইন আছে। সেই রকম ভাবে সেগুলোকে ডিক্লারেশন অফ ট্যুরিস্ট স্পট বলে ঘোষণা করার চেষ্টা করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আপনি ডুয়ার্সের ব্যাপারে কন্ডাক্টেড ট্যুর চালু করবেন বলেছেন। এরকম কন্ডাকটেড ট্যুর অনেক জায়গায় ছিল, কিন্তু এখন বন্ধ হয়ে গেছে। নদীয়ার নবদ্বীপ, শান্তিপুর এবং কবি কৃত্তিবাসের জন্মস্থান ফুলিয়াকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে একটা কন্ডাক্টেড ট্যুরের ব্যবস্থা ছিল, কিন্তু এখন বেশ কিছু দিন ধরে সেই কন্ডাকটেড ট্যুর বন্ধ হয়ে গিয়েছে। এক্ষেত্রে আমার প্রশ্ন সেই কন্ডাকটেড ট্যুর কি আবার চালু করবেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** এই মুহূর্তে এই সম্পর্কে কোনও তথ্য আমার কাছে নেই। আপনি বিধায়ক হিসেবে আলাদা ভাবে লিখে জানালে আমি দেখব।

**শ্রী নিশিকান্ত মেহাতা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে—আপনি দার্জিলিং-এর উল্লেখ করলেন। কিন্তু পশ্চিমবঙ্গে বাঁকুড়া, পুরুলিয়া ইত্যাদি এমন অনেক জায়গা আছে যেখানে শুধু পশ্চিমবঙ্গ নয় ভারতবর্ষের অন্যান্য জায়গার মানুষেরও আসা প্রয়োজন আছে। যেমন অযোধ্যা পাহাড়, পঞ্চকোট পাহাড় এগুলোকে ট্যুরিস্ট স্পট করার জন্য কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** আমরা জেলা ভিত্তি একটা করে তালিকা চাইছি। তার মধ্যে যেগুলো থাকবে সেগুলো আমরা বিবেচনা করব। আশা করি সেই তালিকার মধ্যে আপনার জেলার সভাপতি, জেলাশাসককে দিয়ে আপনার পরিকল্পনা বা নির্দিষ্ট নামগুলো থাকবে।

## রাজ্যে চর্ম শিল্প মহাবিদ্যালয়

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) **শ্রী আবুআয়েশ মন্ডল :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে একটি চর্ম শিল্প মহাবিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, সেটা কোথায় স্থাপিত হবে; এবং

(গ) উক্ত পরিকল্পনার রূপায়ণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী বংশগোপাল চৌধুরী ঃ**

(ক) এই মুহূর্তে চর্মশিল্প মহাবিদ্যালয় স্থাপণের কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন যে এই মুহূর্তে চর্মশিল্প মহাবিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা নেই। আমাদের রাজ্যে বিশেষ করে কলকাতার একটা বড় অংশের মানুষ চর্মশিল্পের সঙ্গে যুক্ত। আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে উন্নত মানের গুণসম্পন্ন চর্ম সামগ্রী তারা যাতে তৈরি করতে পারে সেজন্য তাদের প্রশিক্ষণের দরকার। তাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য, আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করার জন্য সাহায্য করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী বংশগোপাল চৌধুরী ঃ** চর্ম শিল্পের সঙ্গে যুক্ত বিভিন্ন টেকনিশিয়ানদের জন্য বজবজে সেন্ট্রাল ফুটওয়ার ট্রেনিং সেন্টার আছে। এখানে খুবই আধুনিক, উন্নত ট্রেনিং-এর ব্যবস্থা আমরা করেছি।

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন রাজ্যের চর্ম শিল্পকে আরো উন্নত করার জন্য বজবজে একটা মডেল সেন্টার, অত্যাধুনিক সেন্টার হয়েছে। আমাদের পূর্ব কলকাতায় যাঁরা চর্ম শিল্পের সঙ্গে যুক্ত আছেন, তাঁদের শিল্প-কর্মের মান উন্নত করার জন্য কি কি সাহায্য তাঁদের দেওয়া হচ্ছে?

**শ্রী বংশগোপাল চৌধুরী ঃ** তাঁরা যাতে আধুনিক যন্ত্রপাতির সুযোগ গ্রহণ করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। সি. এফ. টি. সি. থেকে তাঁদের সব রকম সাহায্য দেওয়ার ব্যবস্থা হয়েছে।

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** ন্যাশানাল লেদার ডেভেলপমেন্ট প্রোগ্রাম আনুযায়ী লেদার ডিজাইন স্টুডিয়োর সাহায্যে বর্তমানে কি কি অগ্রগতি ঘটেছে, দয়া করে জানাবেন কি?

**শ্রী বংশগোপাল চৌধুরী ঃ** এই ইন্সটিটিউট টি. এন. এল. ডি. পি.-র ১০০% সাহায্য পাচ্ছে। এখান থেকে বেসিক্যালি ডিজাইন সাপোর্ট, টেকনিক্যাল অ্যাসিসটেন্স

কনসালটেন্সী সার্ভিস, মার্কেট লিংক—এটা খুবই গুরুত্বপূর্ণ, এই সব কাজ করা হয়। এছাড়াও যারা স্মল স্কেল এন্টারপ্রেনিয়ুর, মাইক্রোএন্টারপ্রাইসেস এবং আর্টিজেন তাদের এখান থেকে সাহায্য সহায়তা করা হয়। এখান থেকে ১২৫ জন এক্সপোর্টারকে সাহায্য করা হচ্ছে, যারা বাইরে রপ্তানি করছে। এ ছাড়া স্মল ইন্ডাস্ট্রিস সার্ভিস ইন্সটিটিউট থেকে এন্টারপ্রেনিয়ুরশীপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম করছে। সেখানে নিট থেকে বেস্ট ফেসিলিটি ট্রেনিং প্রোগ্রাম নিয়ে আসা হচ্ছে এবং এন্টারপ্রেনিয়ুর এবং আর্টিজেনদের তা দেওয়া হচ্ছে। সাথে সাথে ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করে দেওয়া হচ্ছে। এর সাথে সাথে জুটে ডাইভারসিফিকেশনের জন্য কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করছে। ইতিমধ্যে অনেকগুলি ব্যবস্থা হয়েছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন সরকারের চর্মশিল্প মহাবিদ্যালয় গড়বার কোনও পরিকল্পনা নেই। আমার প্রশ্ন হচ্ছে, শুধু কলকাতাকে কেন্দ্র করে নয়, বিভিন্ন জেলায় চর্ম শিল্প প্রশিক্ষণ কেন্দ্র করার কোনও পরিকল্পনা আছে কি? আমাদের রাজ্যের বিভিন্ন জেলায় যে সমস্ত চর্ম শিল্পীরা আছেন, যাঁদের বংশানুক্রমিক অভিজ্ঞতা আছে তাকে যাতে কাজে লাগানো যায় তার জন্য তাঁদের কলকাতায় না নিয়ে এসে জেলাতেই তাঁদের আধুনিক প্রশিক্ষণ দেওয়ার কোনও পরিকল্পনা কি সরকারের আছে?

**শ্রী বংশগোপাল চৌধুরী :** আমি আগেই বলেছি আমাদের বজবজে সেন্ট্রাল ফুটওয়ার ট্রেনিং সেন্টার আছে, সেখানে বিভিন্ন জেলা থেকে মানুষ এসে শিক্ষা নিচ্ছেন। প্রতিটি জেলা পরিষদ এবং জেলা পরিকল্পনা কমিটির কাছে প্রতি বছর এই মর্মে জানানো হয় এবং প্রত্যেকটা জেলা থেকে ভাল সংখ্যায় মানুষ এখানে প্রশিক্ষণ নিতে আসছে। তাদের জন্য সব রকম ব্যবস্থা করা হয়েছে। তাদের থাকার ব্যবস্থা আছে। সুতরাং জেলা থেকে আসতে তাদের কোনও অসুবিধা হয় না।

### সরকারি হাসপাতালের চিকিৎসকগণের নন-প্র্যাকটিসিং ভাতা

***১৪২।** (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫) **শ্রী তপন হোড় :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সরকার সরকারি হাসপাতাল যুক্ত চিকিৎসকগণের নন-প্র্যাকটিসিং ভাতা প্রদান বন্ধ করার জন্য উদ্যোগী হচ্ছেন কিনা; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

[11-50 — 12-00 noon]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তপন হোড় ঃ** এই যে নন-প্র্যাকটিসিং যে ভাতা চিকিৎসকদের ক্ষেত্রে এই ভাতা তারা পেয়ে থাকেন আবার তারা প্র্যাকটিসও করছেন এইরকম বিভিন্ন জায়গায় দেখছি। আপনার কাছে এই অভিযোগ এসেছে কিনা, থাকলে কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমার কাছে যে হিসাব আছে—এই সময়কাল পর্যন্ত যা পেয়েছি, আগেকার বলতে পারবো না—এ পর্যন্ত ১৩টি কেস আছে এই রকম যেখানে এনকোয়ারী পেনডিং আছে, এনকোয়ারী চলছে এবং এবং তদন্ত প্রক্রিয়ার মধ্যে আছে। আর ৪টি কেস আছে এইরকম যেটার পানিশমেন্ট ভিজিলেন্স কমিশনের পক্ষ থেকে সুপারিশ করা হয়েছে সেই প্রক্রিয়ার মধ্যে আছে।

**শ্রী তপন হোড় ঃ** এই নন-প্র্যাকটিসিং ভাতা তারা নিচ্ছেন আবার তারা প্র্যাকটিস করছেন এটা আপনার জবাবে শুনলাম। এদের ক্ষেত্রে কিছু শাস্তিমূলক ব্যবস্থা নেবার কথা ভেবেছেন কিনা? এবং আপনি বললেন কিছু কেস পেনডিং আছে। কিন্তু এই সংখ্যাটা আরো অনেক বেশি এটা অভিজ্ঞতার মধ্য দিয়ে দেখছি। এটাকে সম্পূর্ণরূপে বন্ধ করার জন্য নির্দিষ্ট কোনও পরিকল্পনা আছে কিনা?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমাদের এখনো পর্যন্ত যে নীতি আছে—যেগুলি প্র্যাকটিসিং পোস্ট সেগুলি যদি কেউ অপশন দেয় যে আমি প্র্যাকটিস করব তাহলে তিনি প্র্যাকটিস করতে পারেন আর নাহলে নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স পেতে পারেন, এইরকম কোন পদগুলি কি তা বলা আছে। ফলে সেই নীতি কার্যকর করার চেষ্টা করছি। কিন্তু আমরা ঠিক করেছি একটা সমীক্ষা হওয়া দরকার, রিভিউ হওয়া দরকার যে, যে ঘোষিত নীতি তা কার্যকর করা সম্ভব, বাস্তবে কতখানি অসম্ভব, কতখানি কার্যকর করার দরকার আছে সে বিষয়ে মতামত নিয়ে একটা সমীক্ষা

করাব। কিন্তু এখন সরকারের যে ঘোষিত নীতি আছে সেটাই কার্যকর করার চেষ্টা করছি।

**শ্রী তপন হোড় ঃ** আপনি বলছেন সমীক্ষা করতে হবে। ঠিকই বলেছেন। কারণ এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে যে সমীক্ষা করার দরকার আছে। কিন্তু এটা এমন একটি স্তরে চলে গেছে যে এ ব্যাপারে বিশেষজ্ঞ কমিটি করবেন কিনা যারা নন-প্র্যাকটিসিং ভাতা নিচ্ছেন আবার প্র্যাকটিসও করছেন, হয় সেটা বিলোপ করা তা না হলে এই অবস্থা চালু রাখার জন্য কি কি পদক্ষেপ নেওয়ার জন্য বিশেষজ্ঞ কমিটি করে কত দিনের মধ্যে এই রিপোর্ট পেতে পারেন এইরকম ধরনের কোনও পরিকল্পনা আছে কিনা?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** না, এ বিষয়ে সুনির্দিষ্ট প্রতিশ্রুতি দিতে পারছি না। কারণ আগের যে সমস্ত কমিটি আছে সাবজেক্ট কমিটিসহ, তাদের সুপারিশগুলি খতিয়ে দেখছি। এ ছাড়া আরো কিছু কমিটি করা হয়েছে। তাদের নানা রকম প্রস্তাব আসছে। সেগুলিও দেখছি। খালি কমিটি করলেই সমস্যার সমাধান হবে, কি হবে না, সবটা খতিয়ে দেখে তারপর সিদ্ধান্ত নেব যে কি করা হবে। সেইজন্য এখন প্রতিশ্রুতি দিতে পারছি না কমিটি হবে কিনা।

**শ্রী চৌধুরী মোহন জাটুয়া ঃ** একটু আগে শুনলাম, অ্যাপয়েনমেন্ট দিলেও পাড়া-গাঁয়ে ডাক্তাররা যেতে চাইছেন না। সেই কানেকশনে বলছি, নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স-যে সমস্ত পাড়া-গাঁয়ে বা দুর্গম স্থানে হেলথ সেন্টার আছে, সেখানে যদি বাড়ানো যায় আর যেসব ভাল জায়গা অর্থাৎ যেখানে সাধারণতঃ ডাক্তারবাবুরা যেতে চান, সেখানে কমানো যায়।

নন প্র্যাকটিসিং অ্যালাউন্সটা যদি আকর্ষণীয় করা যায়, কোয়ানটামটা যদি বাড়ানো যায় তাহলে গ্রামে ডাক্তারবাবুরা যেতে পারেন। এ ব্যাপারে সরকারের কোনও চিন্তাভাবনা আছে কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** এটা মাননীয় সদস্যের একটা পরামর্শ। আরও অনেক পরামর্শের মতন এটা বিবেচিত হতে পারে। যদি সরকারের অনেক টাকা থাকতো, নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স দুগুণ, তিনগুণ করলে যদি যেত আমরা ডাক্তার পাঠাতাম।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, জেলা থেকে আপনার কাছে এরকম কোনও রিপোর্ট আছে কিনা যে ডাক্তারবাবুরা সরকারি হাসপাতাল

থেকে মাহিনা নিচ্ছেন এবং তা নিয়েও হাসপাতালে কাজ না করে চুটিয়ে প্রাইভেট প্র্যাকটিস করছেন? ২৪ ঘন্টার মধ্যে ১৮ ঘন্টাই বলতে গেলে তারা চুটিয়ে প্রাইভেট প্র্যাকটিস করছেন—এরকম রিপোর্ট আছে কিনা?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্য বোধ হয় শোনেন নি। এর আগেই আমি বলেছি, ১৩টি কেসের তদন্ত চলছে অভিযোগের ভিত্তিতে। ৪টি কেসের ব্যাপারে ভিজিলেন্স কমিশন সুপারিশ করেছেন তদন্তের পর শাস্তি দেওয়ার জন্য। সেগুলি শাস্তি দেওয়ার পর্যায়ে আছে।

**শ্রী অজয় দে ঃ** ডাক্তারবাবুরা গ্রামে যাচ্ছেন না সেটা একটা দিক। এমনিতে কিন্তু দেখা যাচ্ছে অনেক সরকারি হাসপাতালে প্রজেক্টের আন্ডারে যেগুলি এসেছে সেগুলিতে আধুনিক সব যন্ত্রপাতি এসে পড়ে থাকা সত্ত্বেও তা ব্যবহৃত হচ্ছে না, কাজ হচ্ছে না। আসলে কাজ করার প্রবণতাটা কমে এসেছে। মাননীয় মন্ত্রী মহাশয় এ দপ্তরে নতুন এসেছেন। আমার জিজ্ঞাস্য, এই যে কাজ করার প্রবণতাটা কমে এসেছে এটা ঠিক করার জন্য তিনি কোনও উদ্যোগ নেবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** না, কাজের প্রবণতা কমে গিয়েছে এরকম মনে করার কারণ নেই। তবে আরও ভালোভাবে কাজটা করতে হবে। আরো ভালোভাবে দেখার দরকার আছে সব স্তরেই দেখার দরকার আছে। আগেরবার আমি আপনাদের সহযোগিতা চেয়েছিলাম। আপনাদেরও দেখার দরকার আছে। সব স্তরে যেটা করার কথা সেটা যাতে তারা করেন তা দেখা দরকার। এখান থেকে তো সবটা দেখা যায়না।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** আমরা দেখেছি, শহরাঞ্চলে এবং সদরে যেসব সরকারি হাসপাতাল রয়েছে সেখানে যেসব ডাক্তারবাবুরা আছেন সেই ডাক্তারবাবুদের উপর রোগীর এতো চাপ যে তাদের পক্ষে সব রোগীতে ভালো ভাবে পরীক্ষা করে রোগ নির্ণয় করা সম্ভব হয়না। আমার প্রশ্ন, গড়পড়তা এক জন ডাক্তার দিনে কতজন রোগী দেখবেন সে ব্যাপারে কোনও নিয়ম বেঁধে দেওয়ার কথা সরকারের চিন্তাভাবনার মধ্যে আছে কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** প্রশ্ন, যেটা আগে করা হয়েছিল এবং এটা করা হল, যে প্রশ্ন দেওয়া হয়েছে তারমধ্যে এটা আসে না। তবে বলি, আমাদের পক্ষে বেঁধে দেওয়া মুশকিল। রোগী কতজন হবেন সেটা আমাদের হাতে নেই। মানুষের হাতে আছে কিনা আমি জানি না।

## RESORTS UNDER BISHNUPUR P.S

***143.** (Admitted Question No. *475) **Shri Subrata Bakshi :** Will the Minister-in-charge of the Tourism Department be pleased to state—

(a) whether it is a fact that a number of 'Resorts' have been opened on both sides of Diamond Harbour Road under Bishnupur P.S.; and

(b) if so, whether those Resorts are causing social problems in the area;

(c) the steps, so far taken, by the Govt. for the same?

**Shri Dinesh Chandra Dakua :**

(a) Yes, it is a fact that a number of so called 'Resorts' have been opened on both sides of Diamond Harbour Road under Bishnupur P.S. without however any knowledge of the Tourism Department.

(b) No specific complaints regarding the special problems caused in the 'Resorts' have been received in this department in the recent past.

(c) Tourism Department is contemplating to frame Acts and Rules to regulate the activities of Tourism Trade so that the uncontrolled activities of tourism units and trades can be regulated.

[12-00 — 12-10 p.m.]

**শ্রী সুব্রত বকসী :** মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে, সো কল্ড রিসোর্ট ডায়মন্ড হারবার রোডের উপর আছে। ওদের কি সরকারি নিয়ম মেনে লাইসেন্স নেওয়া আছে? আপনি বলেছেন যে; কোনও কমপ্লেন পাননি। তাহলে কোথা থেকে সরকার

জানতে পেরেছেন যে সো কল্ড রিসোর্টগুলিতে অসামজিক কার্যকলাপ হয় এবং সেক্ষেত্রে কোনও কমপ্লেন নেই বলে ব্যবস্থা নিতে পারছেন না?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** রিসর্ট থাকবার কথা জানি, কিন্তু অসামাজিক কার্যকলাপ সম্পর্কে কোনও কমপ্লেন আমাদের কাছে নেই।

**শ্রী সুব্রত বকসী ঃ** ঐসব রিসোর্ট চালাবার ক্ষেত্রে সরকারিভাবে অনুমতি দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** আমি 'সি'-তে বলেছি যে, এ বিষয়ে বর্তমানে কোনও আইন নেই। সাধারণ যেমন আইন হয় সেটা আছে, তবে ট্যুরিজম্ সম্পর্কে কোনও আইন নেই। তবে আইন করবার কথা ভাবছি এ কথা আমি 'সি' প্রশ্নের উত্তরে বলেছি।

**শ্রী সুব্রত বকসী ঃ** সামাজিক সমস্যা যদি হয়ে থাকে তাহলে তার সুরাহা করতে ব্যবস্থা নিচ্ছেন কিনা, সরকার এসব রিসোর্ট তুলে দেবার চিন্তা-ভাবনা করছেন কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ওগুলোকে রিসোর্ট বা হোম যে নামই বলুন না কেন, ওগুলো ট্যুরিজমের কোনও বিধি-বিধানের মধ্যে পড়ে না, কারণ এ সম্পর্কিত কোনও বিধি-বিধান পশ্চিমবঙ্গে করা নেই। সেটা না করা থাকায় ট্যুরিজম ডিপার্টমেন্ট সেটা নিয়ন্ত্রণ করতে পারে না। সাধারণ আইনে যা হবার তাই হবে।

**শ্রী সুব্রত বকসী ঃ** অসামাজিক কাজকর্ম যদি সেখানে চলে এবং পর্যটন বিভাগের লাইসেন্স ছাড়াই রিসোর্টগুলো যখন চলছে, সেক্ষেত্রে সেটা তুলে দেবার কোনও ব্যবস্থা আছে কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** পর্যটন বিভাগ থেকে লাইসেন্স দেওয়া নেই।

**শ্রী সুব্রত বকসী ঃ** কিন্তু নির্দিষ্টভাবে কিছু লোককে তো সেখানে গ্রেপ্তার করা হয়েছে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** সেটা পুলিশ করেছে।

**শ্রী তপন হোড় ঃ** আপনি আইন করবার কথা বলেছেন। বোলপুর শান্তিনিকেতনে এরকম ৮০০-র উপর লজ বা রিসোর্ট হয়েছে, তারাপীঠেও এ

ধরনের বহু হোটেল এবং লজ হয়েছে নদীকে এনক্রোচ করে। বোলপুরের শান্তিনিকেতনে নানা ধরনের অসামজিক কাজকর্ম হয়। এই হোম, রিসোর্ট ইত্যাদি পাইকারি হারে যেভাবে হচ্ছে সেটা নিয়ন্ত্রণ করবার জন্য বিধিবদ্ধ ব্যবস্থা নেবার কথা চিন্তা করবেন কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** আমি আগেই বলেছি, বর্তমানে সাধারণ নিয়ম অনুযায়ী কোথাও অসামাজিক কাজ হলে পুলিশ সেটা ধরতে পারে। কিন্তু যেহেতু, এই ব্যাপারগুলি ট্যুরিজমের সঙ্গে যুক্ত, তারজন্য পর্যটন দপ্তর এ সম্পর্কে লাইসেন্স, পারমিট, রেগুলেশন, ভিহিকল ইত্যাদি রেগুলেট করবার কাজে হাত দিয়েছে।

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### INVESTMENT IN INDUSTRIAL PROJECTS

***139.** (Admitted Question No. *251) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the total investment value of industrial projects implemented so far in 2000-2001; and

(b) how much of this is foreign Direct/Non-Residential (FDI/NRI) investment ?

**M.I.C of the Commerce & Industries Department :**

(a) The total investment value of industrial projects implemented during the Calendar year 2000-2001 is Rs. 7869.29 Crores.

(b) Out of the aforesaid figure of Rs. 7869.29 Crore, Rs. 6770.00 Crore represents foreign direct/NRI investment.

**বৃহত্তর কলকাতার নিকাশী ব্যবস্থা ও খালগুলির সংস্কার**

***১৪১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৮২) **শ্রী নির্মল ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে বৃহত্তর কলকাতার নিকাশী ব্যবস্থা ও খালগুলি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) ২০০২ সালের ডিসেম্বর মাসের মধ্যে অধিকাংশ কাজ সমাপ্ত হবে বলে আশা করা যায়। এছাড়া এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের ঋণ সাহায্যের মাধ্যমে কিছু নিকাশী খালে কিছু কাজ নির্দিষ্ট করা হয়েছে এবং আশা করা যায় ঐ কাজ বর্তমান আর্থিক বছর থেকেই শুরু হবে। এই কাজের জন্য মোট ছয় বৎসরের সময়সীমা নির্দিষ্ট আছে।

**হলদিয়া পেট্রোকেমিক্যালসে উৎপাদনের লক্ষ্যমাত্রা ও অনুসারি শিল্প**

***১৪৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৬) **শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যালসে লক্ষ্যমাত্রার কত শতাংশ উৎপাদন বর্তমানে হচ্ছে; এবং

(খ) সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী ঐ সংস্থায় মোট কতগুলি অনুসারি শিল্প গড়ে উঠেছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যালসে লক্ষ্যমাত্রার ৬০ শতাংশ হইতে ১০৪ শতাংশ পর্যন্ত উৎপাদন বর্তমানে হচ্ছে।

(খ) ১৯৯৮ সালের এপ্রিল মাস হইতে ২০০১ সালের মে মাস পর্যন্ত ঐ সংস্থায় মোট ৪৩০টি নতুন অনুসারি শিল্প গড়ে উঠেছে পূর্বাঞ্চলে, যার বেশিরভাগই পশ্চিমবঙ্গে অবস্থিত।

**সরকারি হাসপাতালে সি.টি. স্ক্যান ব্যবস্থা**

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত দশ বছরে রাজ্যের মোট কটি সরকারি হাসপাতালে সি.টি. স্ক্যান মেশিন বসানো হয়েছে;

(খ) বর্তমানে কোন কোন সরকারি হাসপাতালে এম. আর. আই. করার ব্যবস্থা চালু আছে; এবং

(গ) বর্তমানে আর্থিক বছরে কোন কোন হাসপাতালে এম. আর. আই. যন্ত্র বসানোর পরিকল্পনা আছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) একটি। যৌথ উদ্যোগে আরও তিনটি হাসপাতালে সি.টি. স্ক্যান মেশিন বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) কেবলমাত্র 'বাঙ্গুর' ইন্সটিটিউট অব নিউরোলজি, কলকাতা হাসপাতালে এই ব্যবস্থা চালু আছে।

(গ) আপাততঃ এ ধরনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের নাই।

**চন্দ্রকোনায় পর্যটন আবাস**

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২) **শ্রী গুরুপদ দত্ত ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঐতিহাসিক শহর 'চন্দ্রকোনায়' পর্যটন আবাস নির্মাণের ও মঠ-মন্দিরগুলির সংরক্ষণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, সেই পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) 'চন্দ্রকোনায়' পর্যটন আবাস নির্মাণের ও মঠ-মন্দিরগুলির সংরক্ষণের কোনও পরিকল্পনা বর্তমানে পর্যটন দপ্তরের বিবেচনাধীন নেই।

(খ) কোনও নির্দিষ্ট পরিকল্পনা না থাকায় এই সংক্রান্ত কোনও তথ্য দেওয়া সম্ভব নয়।

**বাগবাজার 'Marhatta Ditch Canal' সংস্কার**

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৬) **শ্রী তারক বন্দোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাগবাজাড়র 'Marhatta Ditch Canal' সংস্কারের এবং সুদৃশ্যকরণ-এর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগার ঐ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) মারাঠা ডিচ্ ক্যানালটির বর্তমানে আর কোনও অস্তিত্ব নেই। তবে প্রশ্নের মাধ্যমে বোধহয় সারকুলার বেলিয়াঘাটা ক্যানাল সম্পর্কিত তথ্য জানতে চাওয়া হয়েছে। হ্যাঁ, চিৎপুর লকগেট থেকে ধাপা লক পর্যন্ত ৮৪৫৫ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট ঐ খালটির সংস্কার করার পরিকল্পনা সরকারের আছে।

(খ) উক্ত খালের ধাপার লক পাম্পিং স্টেশন হইতে অরেঞ্জ সুরা পর্যন্ত প্রায় ৩ কিলোমিটার অংশের কাজ ইতিমধ্যেই শুরু করা হইয়াছে। আশা করা যায় আগামী শুখা মরশুমে উক্ত কাজটি সম্পন্ন হইবে। উক্ত খালের পরবর্তী অংশের সংস্কারজনিত কাজের ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। খালের উভয়পাড়ে ও ঢালে প্রচুর জবরদখলকারী ঝুপড়ি ও ঘর তুলে বসবাস করার ফলে পূর্ণ সংস্কারের কাজ শেষ হওয়ার সময় নির্দিষ্টভাবে বলা যাচ্ছে না।

## বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় হাসপাতালের নবীকরণ

***১৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৯) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী, বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় রাজ্যে মোট কতগুলি হাসপাতালের নবীকরণ সম্ভব হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

প্রকল্প শাখা ভুক্ত বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় ২০০১ সালের মার্চ মাস পর্যন্ত রাজ্যের মোট ১১৩টি হাসপাতালের (২১২টির মধ্যে) নবীকরণ (রি-কমিশনিং) সম্ভব হয়েছে।

## সমবায় সমিতি ও তন্তুজীবিদের পাওনা অর্থ

***১৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০২) **শ্রী অজয় দে ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে তন্তুজের নিকট হতে সমবায় সমিতি এবং তন্তুজীবিদের কোনও অর্থ পাওনা আছে কি না;

(খ) থাকলে, তার পরিমাণ কত; এবং

(গ) উক্ত পাওনা পরিশোধ করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে

**কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ৩০.০৪.০১ তারিখ পর্যন্ত তন্তুজের কাছে সমিতিগুলির ১৩ (তেরো) কোটি টাকা পাওনা আছে।

(গ) ব্যয় সংকোচ ও আয় বৃদ্ধির মাধ্যমে অতিরিক্ত অর্থের সংস্থান করে অগ্রাধিকারের ভিত্তিতে সমবায় সমিতিগুলির বকেয়া পাওনা মেটানোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**ফারাক্কা ব্যারেজের চরা**

***১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৫) শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ফারাক্কা ব্যারেজের কাছে একটি চরা দেখা দিয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত চরাটি সংস্কারের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) না, ফারাক্কা ব্যারেজের কাছে নতুন কোনও চরা দেখা দেয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**রোগীদের পথ্য**

***১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭১) শ্রী শীতলকুমার সর্দার ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

২০০০-২০০১ সালে রাজ্যের হাসপাতালগুলিতে রোগীদের পথ্য ও ঔষধের জন্য স্বাস্থ্য বাজেটের কত শতাংশ ব্যয়িত হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

২০০০-২০০১ সালে রাজ্যের হাসপাতালগুলিতে রোগীদের পথ্য ও ঔষধের জন্য স্বাস্থ্য দপ্তরের মোট রাজস্ব ব্যয় বরাদ্দের যথাক্রমে ২.৭২ শতাংশ ও ৯.৩৩ শতাংশ ব্যয় করা হয়েছে।

**রেশম আমদানি**

***১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮১) শ্রী সেখ জাহাঙ্গীর করিম ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ভিন রাজ্য/দেশ থেকে রেশম আমদানির ফলে রাজ্যের রেশমচাষীরা উপযুক্ত দাম পাচ্ছেন না; এবং

(খ) সত্যি হলে, উক্ত ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) ইহা সত্য নয়।

(খ) প্রযোজ্য নয়।

### বন্যা নিয়ন্ত্রণে মাস্টার প্ল্যান

***১৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৪) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার কাকদ্বীপ মহকুমার স্থায়িভাবে বন্যা নিয়ন্ত্রণের জন্য কোনও "মাস্টার প্ল্যান" তৈরি হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ সেটি কার্যকর হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) "না" তৈরি হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের অধীনে হাসপাতাল

***১৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪২) **শ্রীমতি কণিকা গাঙ্গুলী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ মার্চ, ২০০১ পর্যন্ত সময়ে বিশ্বব্যাঙ্কের সহায়তায় রাজ্যে স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের (এস. এইচ. ডি. পি.) অধীনে মোট কতসংখ্যক হাসপাতালে উন্নয়নের কাজ গ্রহণ করা হয়েছে;

(খ) উক্ত উন্নয়নের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(গ) হাওড়া জেলায় উক্ত উন্নয়নের কাজ কতদূর সম্পন্ন হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) এই সময়ের মধ্যে (৩১.০৩.২০০১) মোট ২১৪টি হাসপাতালের উন্নয়নের কাজ গ্রহণ করা হয়েছে।

(খ) উক্ত পর্যায় ১১২টি হাসপাতালের (জেলা-২, মহকুমা-৮, রাজ্য সাধারণ-১৪, গ্রামীণ-৫৮, প্রাথমিক-২৪ ও ব্লক প্রাথমিক-৬) সংস্কার/নির্মাণের কাজ শেষ হয়েছে। বাকিগুলির কাজ চলছে।

(গ) হাওড়া জেলার ১১টি হাসপাতালের মধ্যে একটির (বেলুড় রাজ্য সাধারণ) কাজ শেষ হয়েছে। ৮টির কাজ শেষ পর্যায় এবং ২টির কাজ দ্রুত এগিয়ে চলেছে।

## দ্বারকা নদীর বাঁধ মেরামত

***১৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৯) **শ্রী অতীশচন্দ্র সিনহা** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কান্দী থানার রণগ্রাম ব্রিজের পরে দ্বারকা নদীর ডানদিক বরাবর বাঁধটি মেরামতের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) হ্যাঁ, আছে। কাজ চলছে।

(খ) ৩০শে জুন ২০০১ সালের মধ্যে কাজটি শেষ হবে বলে আশা করা যায়।

## রাজ্যে বিভিন্ন প্রকারের মেডিকেল কলেজ

***১৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৬১) **শ্রী শ্যামাপ্রসাদ পাল** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কতগুলি বিভিন্ন প্রকারের মেডিকেল (ডাক্তারী) কলেজ আছে (নামোল্লেখসহ);

(খ) রাজ্যে বেসরকারি উদ্যোগে মেডিকেল কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) থাকলে, তা কোন কোন স্থানে স্থাপিত হবে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :**

(ক) এই রাজ্যে আধুনিক চিকিৎসা বিজ্ঞানে স্নাতক পর্য্যায়ে (এম. বি. বি. এস.) পাঠক্রমের জন্য ৭টি সরকারি মেডিকেল কলেজ আছে যথা:

(১) মেডিকেল কলেজ, কলকাতা

(২) নীলরতন সরকার মেডিকেল কলেজ, কলকাতা

(৩) ন্যাশনাল মেডিকেল কলেজ, কলকাতা

(৪) আর. জি. কর. মেডিকেল কলেজ, কলকাতা

(৫) বর্ধমান মেডিকেল কলেজ, বর্ধমান

(৬) বাঁকুড়া সম্মেলনী মেডিকেল কলেজ, বাঁকুড়া

(৭) উত্তরবঙ্গ মেডিকেল কলেজ, দার্জিলিং।

এছাড়া আধুনিক চিকিৎসা বিজ্ঞানে স্নাতকোত্তর পর্য্যায়ে ডাক্তারী পাঠক্রম আরও ৭টি সরকারি চিকিৎসা-শিক্ষা প্রতিষ্ঠানে পড়ান হয়। যেমন—

(১) ইন্সটিটিউট অব পোষ্ট গ্র্যাজুয়েট মেডিকেল এডুকেশন ও রিসার্চ, কলকাতা।

(২) স্কুল অব ট্রপিকাল মেডিসিন, কলকাতা।

(৩) চিত্তরঞ্জন সেবা সদন ও শিশু সদন, কলকাতা।

(৪) বি. সি. রায় মেমোরিয়াল হাসপাতাল ফর চিলড্রেন, কলকাতা।

(৫) আই. ডি. ও বি. জি. হাসপাতাল, কলকাতা।

(৬) বাঙ্গুঁর ইন্সটিটিউট অব নিউরোলজি, কলকাতা।

(৭) রিজিয়নাল ইন্সটিটিউট অব প্যাথলমোলজি, কলকাতা।

এই রাজ্যে হোমিওপ্যাথি স্নাতকস্তরের পাঠক্রমের জন্য (বি. এইচ. এম. এস) ১৩টি মেডিকেল কলেজ আছে

**রাজ্য সরকারি ঃ**

(১) কলকাতা হোমিওপ্যাথি মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(২) ডি. এন. দে হোমিওপ্যাথি মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(৩) মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথি মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(৪) মেদিনীপুর হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল।

**কেন্দ্রীয় সরকারি ঃ**

(৫) ন্যাশনাল ইন্সটিটিউট অব হোমিওপ্যাথি, সল্টলেক।

**(ক) বে-সরকারি ঃ**

(৬) মেট্রোপলিটেন হোমিওপ্যাথি মেডিকেল কলেজ

(৭) প্রতাপ মেমোরিয়াল " " "

(৮) নিতাই চরণ " " "

(৯) খড়গ্‌পুর " " "

(১০) বেঙ্গল হোমিওপ্যাথি মেডিকেল কলেজ, আসানসোল।

(১১) বর্ধমান হোমিওপ্যাথি মেডিকেল কলেজ

(১২) পুরুলিয়া " " "

(১৩) সাঁইথিয়া " " "

এই রাজ্যে আয়ুর্বেদিক স্নাতকস্তরের ও স্নাতকোত্তর স্তরের পাঠক্রমের জন্য ২টি সরকারি মেডিকেল কলেজ আছে যথা :

(১) জে. বি. রায় রাজ্য আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(২) শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ, স্নাতকোত্তর আয়ুর্বেদিক মেডিকেল কলেজ।

এই রাজ্যে ইউনানী স্নাতক স্তরের পাঠক্রমের জন্য একটি মেডিকেল কলেজ আছে :

(১) কলকাতা ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(খ) হ্যাঁ, আছে।

(গ) বেসরকারি উদ্যোগে মেদিনীপুরে একটি মেডিকেল কলেজ স্থাপণের জন্য এই সরকার নীতিগত ভাবে রাজি হয়েছেন।

এছাড়া আরও দুটি বে-সরকারি সংস্থা যথাক্রমে মালদহে ও মুর্শিদাবাদে মেডিকেল কলেজ স্থাপনের প্রস্তাব দিয়েছেন। ইচ্ছা প্রকাশ করেছেন।

**গঙ্গা ও পদ্মার ভাঙ্গন রোধে ব্যবস্থা**

***১৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২৩) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষপ্রাপ্ত তথ্যানুযায়ী গঙ্গা ও পদ্মার ভাঙ্গন রোধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন।

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

গঙ্গা-পদ্মার ভাঙ্গন রোধে মালদহ (ফরাক্কা ব্যারেজের উজানে নদীর বামতীরে) ও মুর্শিদাবাদ (ফরাক্কা ব্যারেজের ভাটিতে নদীর, ডান তীরে) জেলায় বিগত কয়েক বছর ধরে অবস্থার শুরু অনুযায়ী বিভিন্ন ধরনের বন্যা-নিরোধক কাজ করা হয়েছে। এই কাজের মধ্যে আছে, রিটায়ার্ড বাঁধ নির্মাণ, ভাঙ্গন নিরোধক কাজ, স্পার বেড বার ইত্যাদি নির্মাণ এবং পুনঃগঠন।

বিগত চার বছরে (১৯৯৭-৯৮ আর্থিক বছর থেকে ২০০-০১ আর্থিক বছর পর্যন্ত) এই গঙ্গা ও পদ্মার ভাঙ্গন রোধের জন্য আনুমানিক মোট ১০৯ কোটি টাকা (মালদহ জেলায়—৫০ কোটি টাকা, মুর্শিদাবাদ জেলায়—৫৯ কোটি টাকা) ব্যায় করা হয়েছে। এই ব্যয়িত টাকার মধ্যে বিভিন্ন খাতে কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া টাকার পরিমাণ হ'ল ৫৭.০৫ কোটি টাকা।

**কৃষ্ণনগর সদর হাসপাতালে শিশুর অস্বাভাবিক মৃত্যু**

***১৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০৫) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১২-২-২০০১ তারিখে নদীয়া জেলার অন্তর্গত কৃষ্ণনগর সদর হাসপাতালে কোনও শিশুর অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) হ্যাঁ মৃত্যু হয়েছে; কিন্তু তা স্বাভাবিক মৃত্যু।

(খ) উক্ত শিশুর শবদেহ পরীক্ষা করা হয়েছে, ব্যবহৃত ওষুধের শিশিটি পুলিশ আধিকারিক দ্বারা আটক করা হয়েছে এবং ঐ একই নম্বরের আর একটি ওষুধের শিশি পরীক্ষার জন্য স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনে পাঠানো হয়েছে।

ময়না তদন্তে প্রমাণিত হয়েছে যে মৃত্যুটি স্বাভাবিক মৃত্যু।

### বাগজোলা ও কেষ্টপুর খাল সংস্কারের পরিকল্পনা

***১৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯০) **শ্রী তন্ময় মন্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাগজোলা ও কেষ্টপুর খাল সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটির কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) আশা করা যায় ঐ কাজ ২০০২-২০০৩ আর্থিক বছরের মধ্যে শেষ হবে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion. The first one is from Shri Kashi Nath Mishra on the subject of alleged reign of terror in some areas of Bankura and Hooghly districts. The second one is from Shri Abdul Mannan on the subject of urging investigation by C.B.I. into the case of arrests of some anti-socials in Yuba Bharati Stadium and the third one is from Shri Asit Kumar Mal and Shri Mahbubul Haque on the subject of non-implementation of the Provident Fund Scheme meant for labourers in unorganised sectors.

On the Subject matter of the first motion a notice of Adjournment Motion was received on 21.6.2001, consent to which was withheld by me. The first motion is thus out of order and I reject it.

On the subject matter of the second Motion, The Chief Minister and Minister-in-Charge of Home Police Department, has already made a statement in the House and two notices under Rule 319, for raising discussion on the statement made by the Chief Minister in the House have already been received by me. The Members will also get ample scope to raise the matter during the discussion and voting on the demand for grant on the concerned Department. I, therefore, withhold my consent to the second motion.

The subject matter of the third Motion is not such that may all for adjournment of the business of the House. The members may invite attention through Calling Attention, Question, Mention etc. I, therefore, withhold my consent to the third Motion also.

One member of the party, may however, read the text of the Motion as amended.

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল —

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে সরকারি আবাস থেকে কুখ্যাত সমাজ বিরোধীদের পুলিশ গত সপ্তাহে গ্রেপ্তার করেছে এবং রাজ্যের একজন মন্ত্রীর বিরুদ্ধেও অভিযোগ উঠেছে। মাননীয় মুখ্যমন্ত্রীও গত ২রা জুলাই ২০০১ সোমবার বিধানসভায় বিবৃতি দিয়ে বলেছেন যে তিনি ঘটনার তদন্তে সন্তুষ্ট নন, সেই জন্য সি.আই.ডি তদন্তের ব্যবস্থা করেছেন ও সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে জানতে চেয়েছেন। অবস্থা তাই খুবই গুরুতর। অবিলম্বে এই ঘটনার বিস্তারিত তদন্তের ভার সি.বি.আই-এর হাতে ন্যস্ত করা হোক এবং সংশ্লিষ্ট মন্ত্রীকে বরখাস্ত করা হোক।

(গোলমাল)

(কংগ্রেস (আই) এবং তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যগণ একযোগে বলতে থাকেন)

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | Name |
| --- | --- |
| i) Out break of Malaria in Kolkata, North Bengal & South Bengal. | : Shri Kashinath Misra |
| ii) Alleged non-utilisation of money deposited from the Constituency development fund of MLAs & MPs for extension of electric connection. | : Shri Ajoy Dey |
| iii) Allegd conspiracy of shifting Hindustan Motors from this State to Andhra Pradesh. | : Shri Abdul Mannan |

iv) Alleged irregularities and non-functioning of Sultanpur Health Sub-Centre at Kharagpur. : Shri Nazmul Haque

v) Alleged non-repairing of dams on the rivers Ganga, Bhagirathi, Puihar and Mahananda. : Shri Mahbubal Haque

iv) Apprehended closure of M.A.M.C. at Durgapur. : Shri Tapan Hore

I have selected the notice of Shri Kashinath Mishra on the subject of outbreak of Malaria in Kolkata, North Bengal and South Bengal.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 11th July, 2001.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker:** Now, the Minister-in-Charge of Health and Family Welfare Department will make a statement on the subject of non-availability of Orthopaedic Surgeon at Asansol Sub-Divisional Hospital.

(Attention called by Shri Kalyan Banerjee on the 26th June, 2001)

(Noise and interruption by the Opposition Members)

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আসানসোল মহকুমা হাসপাতালে অস্থি সম্পর্কিত শল্য চিকিৎসকের অভাব সম্পর্কে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছিল সেই সম্পর্কে আমি বিবৃতি দিচ্ছি।

আসানসোল মহকুমা হাসপাতালে একমাত্র চিকিৎসক (অস্থি শল্য) নিজের অসুস্থতার কারণে ২১.৫.২০০১ হইতে ছুটিতে ছিলেন। পুনরায় তিনি. ১৫.৬.২০০১ তারিখে কাজে যোগ দিয়েছেন।

(At this stage, the TMC and the Congress (I) Members walked out of the Chamber)

**Mr. Speaker:** Yes, Mr. Kalyan Banerjee, you put your question on the statement.

(At this stage, Shri Kalyan Banerjee was not found present in the House)

**Mr. Speaker:** Very well. Now, Mention Cases.

## MENTION CASES

[12-10 — 12-20 p.m.]

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঃ** (অনুপস্থিত ছিলেন)

**শ্রী মানিকলাল আচার্য্য ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কুলটিতে কয়েকটি ফ্যাক্টারী আছে, সেখানে প্রায় ২০০০ শ্রমিক কাজ করেন। কিন্তু তারা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের যে নূন্যতম মজুরি সেটা তারা পায় না।

কোথাও ৪০ টাকা, কোথাও ৫০ টাকা, কোথাও বা ৩০ টাকা করে মজুরি দেওয়া হচ্ছে। আমাদের ঘরে রাজমিস্ত্রী যারা কাজ করে তারা ৮০ টাকা, ১০০ টাকা মজুরি পায়। এই শ্রমিকরা অবসর গ্রহণের পর তাদের গ্র্যাচ্যুইটির টাকা পেতে, প্রভিডেন্ট ফান্ডের টাকা পেতে অসুবিধা হয়। শ্রমিকদের মধ্যে কেউ যদি অসুস্থ হয় তাহলে তাকে নিজের পয়সায় চিকিৎসা করাতে হয়। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি, শ্রমিকরা যাতে ন্যায্য মজুরি পায় তারজন্য তিনি উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** (অনুপস্থিত ছিলেন)

**শ্রী নৃপেন্দ্রনাথ রায় ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাদ্রাসা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, দিনহাটা ১নং ব্লক এবং সিতাই ব্লক আমার নির্বাচনী এলাকার মধ্যে পড়ে। ওখানে ৪০ ভাগ সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের বসবাস। পশ্চিমবঙ্গ সরকার মাদ্রাসা শিক্ষার ওপরে খুব গুরুত্ব দিয়েছে।

সেজন্য রাজ্য সরকারের কাছে আবেদন, দিনহাটা ১নং ব্লক এবং সিতাই ব্লকে মাদ্রাসা শিক্ষার ব্যবস্থা করুন যাতে ছাত্রছাত্রীদের শিক্ষার সুবিধা হয়। আমার নির্বাচনী কেন্দ্রের এই দুটি ব্লকে মাদ্রাসা শিক্ষার দাবি জানিয়ে আমার আলোচনা শেষ করছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** (অনুপস্থিত ছিলেন)

**শ্রী জানে আলম মিঞা ঃ** মাননীয় অধ্যক্ষ সাহেব, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে ঐতিহাসিক সৌধগুলো কেন্দ্রীয় সরকার রক্ষণাবেক্ষণ করবে। কিন্তু এখন কেন্দ্রীয় সরকারের প্রধান যে দল বি.জে.পি., তারা এই এই স্মৃতিসৌধগুলোকে ভেঙে ফেলে। তাই আমাদের পশ্চিমবঙ্গে যে ঐতিহাসিক সৌধগুলো আছে, যেমন কাটরা মসজিদ, আদিনা মস্‌জিদ, এগুলো ভেঙে পড়ছে, আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এই যে ঐতিহাসিক সৌধগুলো আছে, এগুলো পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে যাতে মেরামত এবং সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা যায়, তারজন্য উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী তমোনাশ ঘোষ ঃ** স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় এবং আজকে এই সভার সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। আমি ফলতা বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত। ওখানে একটি রাস্তা আছে দিঘীর পাড় থেকে ফতেপুর পর্যন্ত যাকে আমরা বাইপাস বলি আর রেজিস্ট্রি অফিস থেকে ফলতা বাসস্ট্যান্ড এবং দিঘীর পাড় থেকে ফতেপুর যে রাস্তা আছে, ওখান থেকে বাসস্ট্যান্ড যাওয়ার যে রাস্তা, এই রাস্তা দুটি নরক গুলজার হয়ে গেছে। ঐ রাস্তা দিয়ে লক্ষ লক্ষ মানুষ হাঁটাচলা করে। রাস্তা দুটি পি. ডবলু. ডি. তত্ত্বাবধান করে। এই রাস্তাটি মানুষ চলাচলের পক্ষে অনুপযুক্ত এবং বাস চলাচলের পক্ষে অযোগ্য হয়ে গেছে। আমি রাস্তাটি যাতে অবিলম্বে সংস্কার করা হয়, তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কার্ত্তিকচন্দ্র বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র আউসগ্রাম। ওখানে অজয় নদীর পাশে ধুপুড়ি গ্রাম। গতবারের বন্যায় ৪ জায়গায় ওখানে বাঁধ ভেঙে গিয়েছিল। বর্ষার আগেই যাতে বাঁধগুলোর মেরামত হয় এবং দুর্বল এলাকাগুলোর যাতে মেরামত হয়, তারজন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাই। গতবারে ধুপুড়ি গ্রামে বাঁধ ভেঙে যাওয়ার জন্য চারটি গ্রামের লোকদের অন্য জায়গায় সরিয়ে নিয়ে

যেতে হয়েছিল। বিশেষ করে আদিবাসী পরিবারের ৬৪টি পরিবারকে ভেদিয়া মৌজায় স্থানান্তরিত করা হয়েছিল। এছাড়া ওখানে এক হাজার একর কৃষি জমিতে বালির চর পড়ে গেছে। ব্যক্তিগত ভাবে জমির মালিকরা সেই বালি সরাতে পারবে না। ওখানে জেলা পরিষদ থেকে চার লক্ষ টাকা সাহায্য করেছে ঠিকই, কিন্তু এই টাকা যথেষ্ট নয়। সেজন্য রাজ্য সরকার সরকারি ভাবে উদ্যোগ নিয়ে যাতে বালি সরানোর কাজ করে, সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী সুব্রত বকসী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন জানাচ্ছি যে, গত ১৯৯৮ সালের জুলাই মাসে আমার বিধানসভা কেন্দ্র যেখান থেকে জিতে এসেছি বিষ্ণুপুর পশ্চিম, সেই বিধানসভা কেন্দ্রের একজন মুসলমান সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলা, নাম সবিরান বিবি—তাকে ধর্ষণ করে হত্যা করা হয়েছিল। ওখানকার লোকেদের জনরোষে ওই মামলা পুলিশের কাছে থেকে সরিয়ে নিয়ে সি. আই. ডি.-কে দেওয়া হয়। সি. আই. ডি. থেকে যাদের নাম করে চার্জশিট দেওয়া হয় তারা সিপিএমের আশ্রিত সমাজবিরোধী। ওই মামলার যারা সাক্ষী দেবে ঠিক হয় ওই সমাজবিরোধীরা তাদের ঘরবাড়ি, পুড়িয়ে দেবে বলে ভয় দেখায়। এই অভূতপূর্ব পরিস্থিতি দক্ষিণ ২৪ পরগণা সহ সারা পশ্চিমবঙ্গে চলছে। বিষ্ণুপুর পশ্চিম মুসলীম সম্প্রদায়ের এই মহিলাকে হত্যা করার পরে যাদের বিরুদ্ধে চার্জশিট দেওয়া হয় তারা ওই হত্যামামলার সাক্ষী যাতে না দিতে পারে তার চেষ্টা করছেন। সেইকারণে আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীকে অনুরোধ করছি যাতে অবিলম্বে পুলিশকে সচেষ্ট করেন এবং এই ব্যাপারে যারা দোষী তাদের শাস্তি হয়।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃস্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পিংলা ব্লকে ব্রিটিশ যুগের তৈরি একটা সেচ বাংলা রয়েছে। ওখানকার এলাকা প্রায় ৩০ একর, ওই সেচ দপ্তরের বাংলোটি ধ্বংস হয়ে গেছে এবং ওখানে ১ একর পুকুর রয়েছে। এছাড়া ৪০-৫০ লক্ষ টাকার সব দামী দামী গাছ রয়েছে। সেই কারণে মাননীয় সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, ওই সেচ বিভাগের বাংলোটি সংস্কার করে যাতে ওখানে শিশু উদ্যান করা যায় তার ব্যবস্থা করুন। শিশু উদ্যান করে সাংস্কৃতিক পরিবেশ যাতে উন্নত করা যায় তারজন্য দাবি রাখছি। সাথে সাথে ওখানে যে ৪০-৫০ লক্ষ টাকার শাল, সেগুন গাছগুলো আছে, সেগুলো ঠিকমত

ব্যবহার করলে ওর থেকে অনেক টাকা আসতে পারে। কিন্তু যেহেতু ওই জায়গাটি সেচ দপ্তরের অধীনে সেইকারণে ওখানে স্বাধীনভাবে কিছু করা যাচ্ছে না। সেই কারণে দপ্তরটিকে অনুরোধ করছি যাতে ওই বাংলোটির সমস্ত কিছু সংস্কার করে ওখানে শিশু উদ্যান করা যায়।

**শ্রী তন্ময় মন্ডল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৫ সালে হাজি বাদশা আলি তৎকালীন রাজ্য সরকারের নামে ৬ বিঘা জমির উপরে স্বাস্থ্যকেন্দ্র করার জন্য জমিটি দান করেন। তখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন শ্রী অজিত পাঁজা মহাশয়। তিনি স্থির করেছিলেন ওখানে টু বেডের হাসপাতাল বিল্ডিং করা হবে। আজ প্রায় ৩০ বছর হয়ে গেল সেই সম্পর্কে কোনও নজর নেই, এই নজর দেবার জন্য বলছি। এছাড়া রাজারহাট, পাথরহাট, বেক জোওয়ানী এবং সাতপুর এই ৩টি স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই, কোনও নার্স নেই এবং ওষুধপত্রও নেই। ওখানে অবাধে গরু, ছাগল এবং শুয়োর ঘুরে বেড়ায়। ওখানে গরিব মানুষেরা স্বাস্থ্যের পরিষেবা পাচ্ছে না। এই ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া ১৯৯২ সালে ২২ কাঠা জমি নিয়ে তিন তলা বিশিষ্ট একটি বাড়ি, যার দাম ৩ কোটি ছিল, ওই বাড়িটি ছিল সুকুমার রায়ের। ওই বাড়িটি রাজ্যের স্বাস্থ্য দপ্তরকে দিয়েছিলেন কিন্তু রাজ্যসরকার সেই দান গ্রহণ করেন নি। সেইজন্য হাইকোর্টের মাধ্যমে বাড়িটি ফেরৎ পাওয়া যায়।

(এই সময়ে মাইক অফ হয়ে যায় এবং অন্য সদস্যের নাম ডাকা হয়।)

**শ্রী কমলাক্ষি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র বাগদা মূলত শিডিউল কাস্ট এবং আদিবাসী, অধ্যুষিত এলাকা বলে চিহ্নিত। ওখানে প্রাইমারি স্কুল, হাই স্কুল এবং সেকেন্ডারি স্কুল খুব বেশি নেই। আর কলেজ তো একেবারেই নেই। সেই কারণে আমি মন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, ওখানে আনুপাতিক হারে প্রাইমারি স্কুল, হাই স্কুল এবং হায়ার সেকেন্ডারি স্কুল করা হোক কারণ ওখানে ভর্ত্তির সমস্য ভীষণভাবে দেখা দিয়েছে।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রী নিরুপম সেন মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা বলার সুযোগ নিতে চাই। স্যার আপনি জানেন, বহু বলার পরে আমরা এম. এল. এ-রা ১৫

লক্ষ টাকা করে বছরে খরচ করার জন্য পেয়েছি কিছু আমি আপনাকে দুঃখের সঙ্গে জানাচ্ছি গত ৭।৮ মাস হয়ে যাওয়ার পরেও আমাদের প্রজেক্ট পাস হয়ে যাওয়ার পরেও টাকা পাস হয়ে যাওয়ার পরেও কন্ট্রাক্ট হয়ে যাওয়ার পরেও আমি দেখছি আমাদের এলাকায় কোনও কাজ এই প্রজেক্ট এর আন্ডারে এখনও নেওয়া হয়নি। আমি এটাও জানাই হাওড়া শহরে প্রত্যেকের অবস্থা এই রকম। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কন্ট্রাক্টারদের পিছনে গভর্নমেন্ট ছুটবে না গভর্নমেন্ট এর পিছনে কন্ট্রাকটার ছুটবে? স্যার, প্রজেক্ট পাস হয়ে যাওয়া সত্ত্বেও কন্ট্রাক্ট দেওয়া সত্ত্বেও কন্ট্রাক্টারের অভাব নেই, তারা কাজ করছেন না। সরকারের টাকা রয়েছে, প্রজেক্ট পাস হয়ে গেছে কিন্তু কাজ হচ্ছে না। আমরা কথা দিয়েছিলাম আমাদের কেন্দ্রের মানুষের কাছে কিন্তু কোনও কাজ হচ্ছে না। এমন কি, সামান্য টিউবওয়েল এর কাজও হচ্ছে না। অবিলম্বে সেই সমস্ত প্রজেক্ট এর কাজগুলি যাতে হয় সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃস্টি আকর্ষণ করছি। তমলুকের কাছে গঞ্জ নারায়ণপুর প্রতাপখালি খালের উপর যে স্লুইস গেট আছে তা অত্যন্ত পুরনো, ব্রিটিশ আমলে তৈরি। রূপনারায়ণের জল এই খাল দিয়ে প্রবাহিত হয়। এখান দিয়ে কোনও প্রকারে জল যাচ্ছে না, ফলে জলনিকাশী ব্যবস্থা চরমভাবে বিপর্য্যস্ত। স্লুইস গেটও অপারেট করা যাচ্ছে না। নরঘাট বিধানসভার নন্দকুমার ব্লকের ৫টি অঞ্চলের দোফসলা চাষ এই জলের উপর নির্ভর করে, মহিষাদলের ব্লকেও কয়েকটি অঞ্চলের ভাগ্য এই জলের সঙ্গে জড়িত। এই বিষয়ে আমি ঐ দপ্তরের অফিসাদের বলেছিলাম, তারা বলেছিলেন মহিষাদলের ভোলসারা স্লুইস গেটের কাজ শেষ না হলে স্লুইস গেট এর কাজ ধরা হবে না। আমি জেনেছি যে মহিযাদলের ভোলসারা স্লুইস গেট-এর কাজ সমাপ্তির মুখে। এই পরিস্থিতিতে অবিলম্বে নারায়ণপুর স্লুইস গেটটি নূতন করে নির্মাণের জন্য সেচমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করছি। এটি হলে মহিষাদলের বিরাট অংশ এতে উপকৃত হবে। নরঘাট এলাকা ও মহিসাদল এলাকার দোফসলা চাযেরও সুবিধা হবে।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে পঞ্চয়েতে প্রচুর টাকা দেওয়া হয়েছে। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পরে হাসপাতালের চিকিৎসা যেটা বিনা পয়সায় হত, সেখানে চিকিৎসার জন্য এখন

একটা চার্জ নেওয়া হচ্ছে। কিন্তু যারা বি. পি. এল.-এর আওতায় বাস করেন, দারিদ্র সীমার নিচে বাস করেন এম. এল. এ সার্টিফিকেট দিলে তাদের বিনা পয়সার চিকিৎসা হয়। কিন্তু সি. টি. স্ক্যান করার জন্য ফিজ্ মুকুব করার জন্য রোগীদের যে সার্টিফিকেট দিতে হয় সেটা আনতে হয় রাইটার্স থেকে। ফলে মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া বিভিন্ন জেলা থেকে রোগীদের এসে রাইটার্স থেকে অনুমোদন নিতে হয়, এতে প্রচুর সময় লেগে যায়, এতে রোগীদের খুব অসুবিধা হয়। তাই এটা পঞ্চায়েতকে বা জেলা পরিষদকে যদি দায়িত্বটা দেন তাতে রোগীরা উপকৃত হবেন ক্ষমতারও বিকেন্দ্রীকরণ হবে।

**শ্রী আবুল হাসনাত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গীপুর বিধানসভার অন্তর্গত চরবাজিতপুর, ফিরোজপুর, নারুখাকি গ্রাম ছাড়াও অন্যান্য গ্রামে সম্পূর্ণরূপে এখনও বিদ্যুৎ পৌঁছায়নি। যাতে দ্রুত বিদ্যুৎ পৌঁছায় তার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অর্দ্ধেন্দু মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ভগবানপুর এলাকায় বাজপুর-এগরা মেটাল রোডটি একমাত্র যাতায়াতের পথ। ঐ রাস্তাটি দীর্ঘকাল ধরে সারানো হচ্ছে না। ফলে যানবাহন চলাচলে অসুবিধা দেখা দিয়েছে। আমি পুর্ত্তমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে বাজপুর-এগরা রোডটিকে সামগ্রিকভাবে যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে সারানো হয়।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পলাশী একটি ঐতিহাসিক স্থান এবং এন. এইচ. থার্ট্রি ফোর থেকে মাত্র তিন কিলোমিটার দূরে। শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারতবর্ষ নয়, বিদেশিদের কাছেও এই জায়গার একটা গুরুত্ব আছে। কিন্তু সেখানে গিয়ে পর্যটকরা হ্যারাস হচ্ছে। সেখানে কোনও বাথরুম নেই এবং পর্যটকদের থাকার কোনও ব্যবস্থা নেই। পলাশীকে পর্যটন কেন্দ্র হিসাবে গ্রহণ করে, ভারতবর্ষের মানচিত্রে এবং পশ্চিমবাংলার মানচিত্রে যাতে পলাশী স্থান পায় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

**শ্রী নেপাল মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগী মন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ে।

ইলেকশানের আগে ওবিসি ছাত্র-ছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্ত্তি হওয়ার ব্যাপারে রির্জারভেশান করার জন্য সরকার একটা প্রস্তাব দিয়েছিলেন এবং সেটা আনন্দবাজার পত্রিকায় প্রকাশ হয়েছিল ১৩.৪ তারিখে। ইলেকশান প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত মন্ত্রিসভা সেই প্রক্রিয়া স্থগিত রেখেছিল। মাননীয় মন্ত্রী মহাশয়ের আমি দৃষ্টি আকর্ষণ করছি, ওবিসিদের শিক্ষা প্রতিষ্ঠানের ভর্ত্তির ব্যাপারে রির্জারভেশানের প্রক্রিয়াটি এখন কি পর্যায়ে আছে তা যেন তিনি অবহিত করেন।

**শ্রীমতি কুমারী কুঁজুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাদারিহাট বিধানসভা কেন্দ্রের সদস্যা। আমার কেন্দ্রের মধ্যে বীরপাড়া অঞ্চলে একটি স্টেট জেনারেল হাসপাতাল আছে একশ বেডের। কিন্তু হাসপাতালে ডাক্তারের অভাবে মানুষ সেখানে চিকিৎসা পাচ্ছে না। ঐখানকার মানুষকে জলপাইগুড়ি বা শিলিগুড়ি হাসপাতালে রেফার করা হয় চিকিৎসার জন্য। ফলে রাস্তার মধ্যেই অনেক সময় মানুষ মারা যায়। বিশেষ করে গর্ভবতী মা ও শিশুরা মারা যায়। এই ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে হাসপাতালটি পূর্ণ রুপ পায় এবং এলাকার লোকেরা যাতে চিকিৎসা থেকে বঞ্চিত না হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

**শ্রী অসিত মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বীরভূম জেলায় ব্রাহ্মণী নদী আছে। সেখানে ভাঙলা এবং কাদরের উপরে ব্রিজ না হওয়ার জন্য হাজার হাজার মানুষকে বর্ষার সময় জলবন্দি অবস্থায় থাকতে হয় এবং সেই সময় স্কুলের ছেলে-মেয়েরা লেখাপড়া করতে পারেনা, স্কুলে যেতে পারেনা। সেই সময় যদি কোনও মানুষ অসুস্থ হয় বা মা-বোনেদের প্রসব বেদনা উঠলে মানুষকে বাড়িতে থাকতে হয়। আমি দীর্ঘদিন ধরে অনুরোধ করছি ভাঙলা ও কাদরের উপরে ব্রিজটি করার জন্য এবং হাজার হাজার মানুষকে বিপদের হাত থেকে রক্ষা করার জন্য।

**শ্রী মেহেবুব মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার বিধানসভাকেন্দ্র গলসি। সেখানে দুটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। সেই স্বাস্থ্যকেন্দ্র দুটিতে উপযুক্ত ডাক্তার থাকা সত্ত্বেও সরঞ্জামের অভাবে মানুষ ঠিকমত চিকিৎসা পাচ্ছে না।

বিস্তীর্ণ এলাকার মানুষকে একমাত্র বর্ধমান জেলা হাসপাতালের উপর নির্ভর করতে হয়। গলসিতে একটা নতুন হাসপাতাল হলে আশেপাশের বহু এলাকার মানুষও উপকৃত হবে। তাই গলসিতে একটি নতুন হাসপাতাল করার দাবি জানাচ্ছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী মহববুল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার চাঁচল খানায় চাঁচল কলেজ থেকে ১১. ১২ শ্রেণীতে পড়াবার যে ব্যবস্থা ছিল তা তুলে দেওয়া হয়েছে। মাননীয় শিক্ষা মন্ত্রী যতই বলুন ভর্তির সমস্যা নেই, কিন্তু সেখানে ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে হয়রান হয়ে যাচ্ছে। অবিলম্বে চাঁচলে রাণী দাক্ষায়নী বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করা হোক, সঙ্গে সঙ্গে কলিগ্রাম, গোয়ালপাড়া, খড়বা, গোয়ালখাড়া, সন্তোষপুর প্রভৃতি জায়গাতেই হায়ার সেকেন্ডারি স্কুলে পরিণত করা হোক, এই দাবি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী গুরুপদ দত্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পাট শিল্পের বর্তমান সংকটময় অবস্থায় জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। অবাধে সিন্থেটিক ব্যাগের প্রচলনের ফলে এই শিল্প বিপন্ন হয়ে পড়েছে। হাজার হাজার শ্রমিক অনিশ্চয়তার মধ্যে দিন গুনছে। এই শিল্পকে বাঁচানোর জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে একটা টাস্ক ফোর্স যাতে তৈরি করা হয়, সেই অনুরোধ করছি।

**শ্রী কালীপদ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র শ্যামপুর। উলুবেড়িয়া বিধানসভা কেন্দ্রের গড়চমক খেয়া ঘাট থেকে গাদিয়াড়া নতুন ব্রিজ নির্মিত হয়েছে। আমার অনুরোধ, যাতে উলুবেড়িয়া থেকে সরাসরি দামোদর পর্যন্ত বাসগুলো চালানো যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী তপন হোড় :** স্যার, এই কংগ্রেসের দু-কান কাটা। ওরা তৃণমূলের সঙ্গে একসাথে এখান থেকে বেরিয়ে গেল আবার কিছুক্ষণ পরে একসাথেই ফিরে এল। এদিকে তৃণমূল নেত্রী মমতা বন্দোপাধ্যায় কংগ্রেসকে পরিত্যাগ করেছে। এরাই আবার স্পিকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছে। এই প্রস্তাব আনার কোনও নৈতিক অধিকারই নেই তাদের।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জল ও সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত বন্যায় নদীয়া জেলায় বিভিন্ন

বাঁধ ভেঙে যায়। করিমপুর ব্লকে মধুবাড়ী বাঁধের জন্য ২০ লক্ষ টাকার উপর ব্যয় হচ্ছে। জেলা-পরিষদের তত্ত্বাবধানে সেই কাজটা সুষ্ঠভাবে হচ্ছে না। রাণাঘাট-হবিবপুর থেকে পোড়াডাঙ্গা বাধের কাজ হচ্ছে ২৫ লক্ষ টাকার, ঠিকদারদের মাধ্যমে। কৃষ্ণনগরে জলঙ্গি নদীর উপর বাঁধটা ভেঙে গিয়েছিল, তারও মেরামতি হচ্ছে না। কালীগঞ্জে জগৎবল্লভপুরে যে বাঁধ আছে, সেটাও মেরামত হচ্ছে না। চাকদায় তারিণীপুরে লক্ষ লক্ষ টাকা খরচ করে বাঁশের খাঁচা দিয়ে করা হচ্ছে, সেটা শেষ না হতেই জেলা-পরিষদ ২৫ লক্ষ টাকা খরচ করেছে। সেই বিল সাবমিট হয়েছে, কিন্তু জেলাশাসক আপত্তি দিয়েছে। ঐ বাঁধগুলো যাতে দ্রুত সারানো হয়, তার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

সেই ব্রিজের কাজ এখনও শেষ না হওয়া সত্ত্বেও জেলা পরিষদের উপরে প্রায় ২৫ লক্ষ টাকার উপর বিল সাবমিট হয়েছে। সেই বিল পাশ হয়ে যাওয়ারও ব্যবস্থা হচ্ছে। কিন্তু এই ব্যাপারে জেলা শাসক আপত্তি জানিয়েছেন। তাই স্যার নদীয়া জেলার এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি যেন এই ব্যাপারে তদন্ত করা হয় এবং সঠিক পদক্ষেপ গ্রহণ করা হয়।

**শ্রী রতন পাখিরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমার বিধানসভা এলাকা ঘাঁটালের একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রতি বছরই এই বর্ষার সময় ঘাঁটালের মানুষ চিন্তিত হয়ে পড়ে। কারণ ওখানে বেশি বৃষ্টি হলে বেশি বন্যা হয় এবং কম বৃষ্টি হলে কম বন্যা হয়। ওখানে এই ঘাটালে ঢোকার মাথায় পীচ রাস্তায় তিনটি চাতাল আছে। এই চাতাল তিনটি প্রতিবছরই বর্ষার সময় একেবারে ডুবে যায় এবং বাস যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায় এবং মানুষ বাধ্য হয়ে নৌকা করে ওই তিনটি চাতাল পার হয়। তাই আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে দাবি যে, এই তিনটি ব্রিজকে যেন ওভারব্রিজ উন্নীত করা হয়।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের দেশে কৃষির উপর তাঁতের স্থান। তন্তুজীবিদের সংখ্যা গোটা দেশে ব্যাপক। কেন্দ্রীয় সরকার থেকে আধুনীকি প্রযুক্তির মাধ্যমে এই শিল্পটাকে গড়ে তোলবার জন্য ১৯৯৮ সাল ১০ই জুলাই মিনিস্ট্রি অফ টেক্সটাইল থেকে সারকুলার হয় এবং বলা হয় যেমন, তামিলনাড়ুর সালেমে, গৌহাটিতে এবং যোধপুরেও আছে এবং ইউ পির বেনারসেও

যেমন রয়েছে, এখানেও করা হোক। ৭০ পারসেন্ট কেন্দ্র দেবে এবং ৩০ পারসেন্ট রাজ্য সরকার দেবে। কিন্তু কোন একটা অজ্ঞাত কারণে বন্ধ রাখা হয়েছে। অলরেডি কেন্দ্রীয় সরকার শান্তিপুরকে এক্সপোর্ট জোন হিসাবে ডিক্লেয়ার করেছে। ইনফ্রাস্ট্রাকচার আছে। অবিলম্বে এটা চালু করার আবেদন করছি।

**শ্রী রবীন দেব ঃ** মিঃ ডেপুটি স্পিকার, আমি আপনার অনুমতি নিয়ে আমার বিষয়টা পাল্টাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** না না এটা বলা যাবে না। আপনার বিষয় বলুন।

**শ্রী রবীন দেব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমার বালিগঞ্জ বিধানসভা এলাকার তিনটি ওয়ার্ড —৬৫, ৬৬ এবং ৬৭ এখানে পানীয় জল সরবরাহের ক্ষেত্রে প্রচন্ড অসুবিধা হচ্ছে। এই কর্পোরেশন যারা পরিচালনা করছে তৃণমূল, ওরা এম পির দেওয়া টাকা এম এল এ ফান্ডে দেওয়া টাকা অন্যদিকে সরিয়ে দিয়ে পানীয় জল সরবরাহের কোনও ব্যবস্থা কার্যকর করছে না। তাই পুরমন্ত্রীকে এই ব্যাপারে হস্তক্ষেপের জন্য আবেদন জানাচ্ছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী নির্মলচন্দ্র মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরী শিক্ষামন্ত্রীর কাছে একটা আবেদন রাখছি। আমি সোনারপুর তফসিলি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত। সোনারপুর এলাকা কলকাতার মতই জনবসতিপূর্ণ এলাকা এবং অনেক তফসিলি মানুষের বাস। আজকে সরকার বৃত্তিশিক্ষা ও কারিগরী শিক্ষার উপর জোর দিচ্ছেন, আমি তাই আবেদন করছি সোনারপুরের কাছাকাছি জায়গায় একটা কারিগরী শিক্ষা বা পলিটেকনিক স্কুল করার জন্য। আমি মনে করি সোনারপুর এলাকায় যদি একটা কারিগরী স্কুল করা যায় তাহলে সুদূর দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং, বারুইপুর, লক্ষীকান্তপুর, ডায়মন্ডহারবার এই বিস্তির্ণ অঞ্চলের ছেলে-মেয়েরা পড়াশোনার সুযোগ পাবে।

**শ্রী নাজমুল হক্ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র খড়গপুর গ্রামীণ, সেখানে ১৬টি মৌজার কৃষকরা এই বর্ষার চাষ করতে পারবে না। সেখানে ৬ নং জাতীয় উচ্চ সড়কের কাজ করতে গিয়ে জাতীয় উচ্চ সড়ক কর্তৃপক্ষের দায়িত্ব জ্ঞানহীন সিদ্ধান্তের ফলে রাস্তা সম্প্রসারণের কাজ করতে গিয়ে লছমাপুর থেকে মহেশপুর

২-এ ক্যানেল যেটা মাটি বুজিয়ে দেন। কথা ছিল ওরা ক্যানেল পুনর্নির্মাণ করে দেবেন। সেই কারণে আজকে উৎপাদন ব্যাহত হচ্ছে। আমি দাবি করছি মাননীয় সেচমন্ত্রী এর ব্যবস্থা করুন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হিন্দুস্থান স্টিল ওয়ার্কস লিমিটেডে হঠাৎ কোনও রকম আলোচনা ছাড়াই গত ২ জুলাই তাদের কলকাতায় অবস্থিত যে হেড অফিস সেটা ব্যাঙ্গালোরে নিয়ে যাবার জন্য ব্রজকিশোর ত্রিপাঠী একটা সার্কুলার জারি করেছেন। এটা সরাসরি পশ্চিমবঙ্গের মানুষের একটা আঘাত। গতকাল একজন মাননীয় সদস্য এই সভায় উল্লেখ করেছেন। আমাদের দলের নেত্রী শ্রীমতি মমতা ব্যানার্জি কড়া ভাষায় দিল্লিতে এর প্রতিবাদ করেছেন। আমি আবেদন করছি এটা কোনও রাজনৈতিক বিষয় নয়। আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে মুখ্যমন্ত্রী দায়িত্ব নিয়ে সমস্ত রাজনৈতিক দলের সদস্যদের সঙ্গে নিয়ে এই ব্যাপারে প্রতিবাদ করেন যাতে এই অফিসের সদর দপ্তর কলকাতা থেকে ব্যাঙ্গালোরে না যেতে পারে।

**শ্রী নৃপেন গায়েন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় সুন্দরবন সেখানে একটা মাত্র পি. ডব্লু. ডি-র রাস্তা হিঙ্গলগঞ্জ থেকে দুলদুলি এটা মেরামত করতে হবে। যাতে অবিলম্বে মেরামত হয় তার জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুলদুলি থেকে হেমনগর এই ২০ কিঃমিঃ রাস্তাটি ভাল, কিন্তু হিঙ্গলগঞ্জ থেকে দুলদুলি এটা মেরামত করা দরকার। সেখানে যানবাহন চলাচলের অযোগ্য হয়ে গেছে, এমনকি সেখানে মানুষ পায়ে হেঁটে যেতে পারছে না। রাস্তাটি মেরামত করে যাতায়াতের সুগম করে তোলার জন্য আবেদন রাখছি।

**শ্রীমতি সাবিত্রী মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র আড়াইডাঙ্গা ছাড়ামারি গ্রামে একজন ভদ্রমহিলাকে কিছু সি. পি. এম. সমর্থক বাড়ির বায়নাকে কেন্দ্র করে রাস্তায় নামিয়ে মারধোর করে। আমি সেই সময় থানার মেজবাবুকে ফোন করি। ফোনের লাইনে থাকা সত্ত্বেও থানার মেজবাবু বলছেন যে 'আমি নেই' এটা এম. এল. এ.-কে বলে দেওয়া হোক।

স্যার আমি একজন জনপ্রতিনিধি বলা সত্ত্বেও থানার মেজবাবু রূপা বসাক কি করে বলে যে সে থানায় নেই, সেটা আমার বোধগম্য হচ্ছে না। থানা থেকে

এইভাবে বলা অডাসিটি তাঁকে কে দিয়েছে? এ ব্যাপারে যদি উচ্চ পর্যায়ের তদন্ত না করা হয় এবং তাকে বরখাস্ত না করা হয় তাহলে বিধানসভার সদস্য ছেড়ে আইন হাতে তুলে নেব।

**শ্রী তমাল মাঝি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকায় দুটো প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে এবং কতগুলো উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে। কিন্তু উপ-স্বাস্থ্যকেন্দ্রের বেশ কয়েকটাতে দীর্ঘদিন ধরে স্টাফ নেই। দুটো প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের একটা কেতুগ্রামে আছে। কিন্তু তাতে একজন মাত্র ডাক্তার রয়েছেন। আরো ডাক্তারের অভাবে কাজ ব্যাহত হচ্ছে। সেখানে প্রচুর রোগী ভর্তি রয়েছে। অবিলম্বে যাতে এই স্বাস্থ্যকেন্দ্রটাতে ডাক্তারের ব্যবস্থা করা হয় সেজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কল্যাণ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল পিপলস কো-অপারেটিভ ব্যাঙ্ক দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে রয়েছে। ডিপোজিটররা টাকা পাচ্ছে না। এক্ষেত্রে মাননীয় সমবায় মন্ত্রী যদি স্টেপ নেন তাহলে ভাল হয়। এক্ষেত্রে যে কেস হয়েছে এবং চার্জশিট হয়েছে তার প্রসিডিংস হাইকোর্টে স্টে হয়ে রয়েছে। যদি দয়া করে স্টেপ নিয়ে ইনজাংশন ভ্যাকেট করে ক্রিমিনাল কেস প্রসিড করেন তাহলে লক্ষ লক্ষ গরিব মানুষ তাদের জমা টাকা ফেরৎ পেতে পারেন।

**শ্রী ভুতনাথ সোরেন :** আমার নির্বাচনী এলাকা নয়াগ্রাম বিধানসভা ক্ষেত্রের নয়াগ্রাম ব্লকে যে তিনটে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে কোনও ডাক্তার নেই। ফলে সেই এলাকার বালীগেড়িয়া, চাঁদাবিলা ও জামিরাপাল অঞ্চলের মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। নয়াগ্রামের উক্ত অঞ্চলগুলো এমন বিচ্ছিন্ন জায়গায় যে সেখানে অনেক ডাক্তার যেতে চায়না। মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যাতে উক্ত জায়াগাগুলোতে অবিলম্বে ডাক্তার নিয়োগ করা হয়।

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বোলপুর সাব-ডিভিশন এলাকার চারটে বিধানসভা কেন্দ্রে দীর্ঘ এক মাস ধরে লোডশেডিং চলছে। প্রতিদিন সন্ধ্যা সাতটা থেকে রাত্রী ৯টা পর্যন্ত বিদ্যুৎ থাকে না। এবং এর ফলে ছাত্র-ছাত্রীরা প্রচন্ড অসুবিধার মধ্যে পড়ছে পড়াশোনার ক্ষেত্রে। এবং অন্যদিকে হাসপাতালের জীবনদায়ী

ওষুধ রক্ষণাবেক্ষণেও প্রচন্ড অসুবিধা হচ্ছে। এই বিষয়ে ক্ষতিয়ে দেখে যাতে যথাযথ ব্যবস্থা নেওয়া হয় তার আবেদন জানাচ্ছি।

**শ্রীমতি তপতি দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাবড়ার আইন-শৃঙ্খলার বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত মার্চ মাস থেকে এ পর্যন্ত ওখানে ১৮-টা ডাকাতি হয়েছে। গত পরশু দিন বিভিন্ন সমাজ বিরোধী কার্যকলাপ খুন, ইত্যাদি কেসের সঙ্গে যুক্ত আসামীদের জেল থেকে বারাসাত কোর্টে সাক্ষী দেওয়ার জন্য হাজিরা দেওয়ার সময় পুলিশের কাছ থেকে তারা পালিয়ে যায়। এই ঘটনায় হাবড়ার মানুষ আতঙ্কিত, চিন্তিত হয়ে পড়েছে। এই অবস্থায় যাতে হাবড়ার মানুষের জীবন ও সম্পত্তির নিরাপত্তা বিঘ্নিত না হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী কমলাক্ষি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কয়েকদিন আগে অতি বৃষ্টিতে বাগদা অঞ্চলের নদী, খাল, বিল সম্পূর্ণ ভাবে ভরে যায়। আবার যদি অতি বৃষ্টি হয় সেখানে বন্যা হয়ে যাবে। সেখানে আবার অতি বৃস্টি হলে যাতে বন্যার সৃষ্টি না হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অ্যাডভান্স বলে রাখছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** (নেই)

[12-50 — 1-30 p.m. including adjournment]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে রাজ্যসরকারের শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে যারা উচ্চ মাধ্যমিকে পড়াশোনা করবে, যারা একাদশ শ্রেণীতে ভর্ত্তি হবে তাদের ব্যাপারে বলি যে—আমাদের রাজ্যে শিক্ষা বাজেট পেশ হয়েছে, হায়ার সেকেন্ডারি কাউন্সিলের সভাপতির সঙ্গে কিছুদিন আগে দেখা করি, তিনি বলেন বাজেট পাস না হলে কিছু করা যাবে না। অনেক স্কুলে হায়ার সেকেন্ডারি শুরু হয়েছে। কিন্তু অনেক স্কুলে হায়ার সেকেন্ডারি শুরু হয়নি। জলপাইগুড়িতে এরকম ১৭টি স্কুলে ইন্সপেকশন হয়ে গেছে কিন্তু সেখানে কোনও অনুমোদনের চিঠি যায়নি। এর ফলে সেখানকার জনসাধারণের মধ্যে ক্ষোভ শুরু হয়েছে, ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ করছে। অবিলম্বে যাতে ঐ স্কুলগুলোতে হায়ার সেকেন্ডারি শুরু করার জন্য অনুমোদন

দেওয়া হয় তার জন্য আমি আবেদন রাখছি। এছাড়া আলিপুরদুয়ারে একটি গার্লস কলেজ হওয়া খুব জরুরি। সেখানে একটি গার্লস কলেজ খোলার জন্যও আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও এটা পরিবহন দপ্তরের বিষয়। কিন্তু পরিবহন মন্ত্রীর বিরুদ্ধে আমাদের নো কনফিডেন্স চলছে, সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ক্যানিং রুটে একমাস যাবৎ ৮০সি বাস চলাছে না, বন্ধ হয়ে গেছে। এব্যাপারে আমরা ডি. এম., এস. পি. সবাইকে বলেছি। এর আগে এই বাসে ৩ টাকা ভাড়া ছিল, এখন সেই ভাড়া বাড়িয়ে ৫ টাকা করা হয়েছে। কিন্তু কোন রুটে কত বাস ভাড়া হবে সে ব্যাপারে সরকারের যে চার্ট আছে তাতে লেখা আছে বরাল এরিয়ায় ৩ টাকার পরিবর্তে সাড়ে তিন টাকা বাস ভাড়া করতে হবে। অথচ ক্যানিং-এ রুটের বাস ভাড়া ৫ টাকা করা হয়েছে। এই ভাড়া যাতে কমানো হয় সেটা দেখা দরকার। এছাড়া অবিলম্বে ক্যানিং রুটে ৮০সি বাসটা যাতে চালু করা হয় তার জন্য আমি রাজ্যসরকারের কাছে আবেদন রাখছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা বলছি। স্যার, এয়ার ইন্ডিয়া বিক্রি হয়ে যাচ্ছে। এয়ার ইন্ডিয়া হিন্দুজাদের কাছে বিক্রি করা হবে, না কি সিঙ্গাপুরের কাছে বিক্রি করা হবে তা নিয়ে কেন্দ্রীয় সরকার এখন সিদ্ধান্ত নেবেন। ১০ হাজার কোটি টাকার সম্পত্তি বাল্‌কোকে কেন্দ্র বিক্রি করেছে। এখন এয়ার ইন্ডিয়া বিক্রি করার পরিকল্পনা করছেন। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার ইউ. টি. আই., ইউনিট-৬৪—এগুলোতে ৬ মাসের জন্য বিনিয়োগ ব্যবস্থা বন্ধ করে দিয়েছেন। ফলে হাজার হাজার বিনিয়োগকারী ক্ষতিগ্রস্থ হবেন। ১০ হাজার টাকার সম্পত্তি এয়ার ইন্ডিয়াকে যাতে বিক্রি করা না হয় এবং অবিলম্বে ইউ. টি. আই. এবং ইউনিট-৬৪ এ বিনিয়োগের ব্যবস্থা করার জন্য আমি পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মেহেবুব মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে টি. এম. সি.-র সদস্য যাঁরা আছেন তাঁরা এন. ডি. এ.-তে ফিরে যাবেন, তাঁরা ষড়যন্ত্রে লিপ্ত আছেন আপনারা দেখেছেন ১৯৯৮ সালের ১৬ই ফেব্রুয়ারি বি. জে. পি. সরকারের আহ্বানে লাহোর যাত্রা হয়েছে, তারপরই মে-জুন মাসে কার্গিল যুদ্ধ শুরু হয়, ২৬ শে জুলাই কার্গিল

অপারেশন বিজয় দিবস পালিত হচ্ছে, ১৪ই জুলাই মুশারফ ভারতে আসছেন। ১৭ তারিখে উত্তরপ্রদেশে যে নির্বাচন আসছে সেই নির্বাচনকে কেন্দ্র করে তাঁরা ষড়যন্ত্র করতে চাইছেন এবং তাঁরা বিভিন্ন জায়গায় সাম্প্রদায়িক দাঙ্গা বাধাতে চাইছেন। আমি বলতে চাই,

(এখানে মাইক অফ হয়ে যায়)

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পার্লামেন্ট বা অ্যাসেম্বলিগুলোতে মানুষের স্বার্থে, মানুষের উন্নতির জন্য, মানুষের কল্যাণের জন্য কথাবার্তা বলা হয়। কিন্তু সেখানে আমাদের বিরোধী শাসক দলের যে কথাবার্তা সেগুলো অসামঞ্জস্যপূর্ণ।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ মিশ্র, আপনি কি বলছেন। ওসব বলা যায় না। আপনার বক্তব্য রেকর্ড হবে না।

**শ্রী শিশির অধিকারী ঃ** মিঃ ডেপুটি স্পিকার, স্যার আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল মেদিনীপুর জেলার ভগবানপুর ২ নং ব্লকের পঞ্চায়েত সমিতির অফিসে কৃষক সমিতির নামে ডেপুটেশন দেয়ার নাম করে সি. পি. এম.-এর কিছু লোক আক্রমণ চালায়। তফসিলি সম্প্রদায়ভুক্ত চেয়ার-পার্সন মহিলার ওপর আক্রমণ চালায় এবং আসবাবপত্র ভাঙ্গচুর করে। এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি আমি পঞ্চায়েত মন্ত্রী এবং পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে দোষীদের গ্রেপ্তার করে পঞ্চায়েতের কাজ যাতে সুচারুরূপে চলে, সে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রী মানস মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রে একটা সরকার চলছে এবং তারা দেশটাকে বিক্রি করে দেয়ার একটা নীতি নিয়েছে। এয়ার ইন্ডিয়া বিক্রি করে দেয়া হচ্ছে। ইতিমধ্যে এন. টি. সি.-র ১০টা মিল বন্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এর পাশাপাশি আমরা দেখছি 'ইউ এস ৬৪'-র ক্রয় বিক্রয় বন্ধ করে দিয়ে গোটা দেশের ক্ষুদ্র বিনিয়োগকারীদের ওপর আক্রমণ নামিয়ে আনা হয়েছে। এয়ার ইন্ডিয়া কার কাছে বিক্রি করা হচ্ছে, বোফর্স কেলেঙ্কারির সঙ্গে যুক্ত হিন্দুজা গোষ্ঠীর কাছে এয়ার ইন্ডিয়া বিক্রি করা হচ্ছে। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকার তথা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি—এবিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হোক।

**শ্রী পরশ দত্ত ঃ** আমি আপনার মাধ্যমে এই সভার কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরতে চাই। স্যার, এই কলকাতা শহরে ১৩৩নং মিনি বাস রুটের বাস গুলো দীর্ঘদিন ধরে অ্যাপ্রুভড রুট ছেড়ে অন্য রুটে চলছে। কারণ অন্য রুটে চালালে দু' পয়সা বেশি আয় হয়। এ বিষয়ে আর. টি. এ. বারবার বলা সত্ত্বেও তারা শোনেনি। এমন কি হাইকোর্ট অর্ডার দিয়েছে, তাও মানা হচ্ছে না। স্যার, আমি জানতে চাইছি এই সাহস মিনি বাস অপারেটররা কোথা থেকে পাচ্ছে। হাইকোর্টের অর্ডার ফল্যাউট করে কয়েক বছর ধরে তারা ঐভাবে বাস চালাচ্ছে। ঐ মিনি বাস অপারেটরদের একটা ইউনিয়ন আছে, সেটা পরিবহন মন্ত্রীর দলভুক্ত এবং যেহেতু পরিবহন মন্ত্রী নানান বে-আইনি কাজকে প্রশ্রয় দেন সেহেতু এই মিনি বাস অপারেটররা এই বে-আইনি কাজে সাহস পাচ্ছে।

(এই সময় সভার কাজ ১-টা ৩০ মিনিট পর্যন্ত মুলতুবি ঘোষিত হয়।)

[after Recess 1-30 — 2-00 p.m. including adjournment]

**Mr. Speaker :** Where is your Power Minister Mr. Probodh Sinha? Mr. Lakhi Dey, where is the Power Minister? He doesn't know the time ?

(noise)

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, হাউস অ্যাডজর্ন করে দিন। কারণ কোনও বিসনেস নেই। (নয়েজ) আপনি সংসদীয় পদ্ধতি ভেঙে দিচ্ছেন। টেজারি বেঞ্চের কেউ নেই, বাজেট পেশ করার মন্ত্রী নেই, সংসদীয় মন্ত্রী নেই, চীফ হুইপ নেই। আপনি হাউস অ্যাডজর্ন করুন।

**Mr. Speaker :** Only the Speaker and the Leader of the Opposition is present. আমরা দুজনেই চালিয়ে যাব।

## POINT OF ORDER

**শ্রী তাপস রায় ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অত্যন্ত পরিতাপের সঙ্গে, দুঃখের সঙ্গে আপনার দৃষ্টি আকর্যণ করছি। You should adjourn the House immediately. স্যার, একটা সরকার এইভাবে চলছে, আজকে বাংলা এইভাবে চলছে? চীফ হুইপ নেই, পাওয়ার ডিপার্টমেন্টের মন্ত্রী নেই। অথচ লিডার অফ দি অপোজিশন এখানে বসে আছেন বলবার জন্য।

কিন্তু পাওয়ার মিনিস্টার নেই। Immediately you should adjourn the House. No business is there.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব সিরিয়াস ব্যাপার। আপনি নিজেই বারবার বলেছেন যে, বিভাগীয় মন্ত্রী যেন শুধু কোশ্চেন আওয়ার নয়, সারাদিন যেন তারা থাকেন। অথচ আপনার নির্দেশ ভায়োলেট করে পাওয়ার ডিপার্টমেন্টের মতন একটা বাজেটের কি চেহারা দেখুন? এ তো হাউসের অবমাননা। আপনি হাউস অ্যাডজর্ন করে দিন, একটা স্টিকচার দিন কেন এই রকম হল। এরফলে হাউসের কোনও মর্যাদা থাকে?

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় পার্লামেন্টারি অ্যাফেয়ার্সের মিনিস্টার এখানেই ছিলেন, গ্রন্থাগার মন্ত্রী মহাশয়ও আছেন। একটা গ্যাপ হয়ে গিয়েছে। সাধারণত বাজেট নিয়ে আলোচনা দুটার সময় হয় তাই মাননীয় বিদ্যুৎ মন্ত্রী ধরে নিয়েছেন দুটার সময় হবে, তারজন্য তার আসতে একটু দেরি হচ্ছে।

(Noise)

**Mr. Speaker :** Hon'ble Members, please take your seats.

As I don't find the Power Minister even at thirty-six minutes past one, I adjourn the House till two O'clock.

(At this stage the House was adjourned till 2-00 p.m.)

(After Recess)

[2-00 — 2-10 p.m.]

**Mr. Speaker :** Mr. Mrinal Banerjee, you were not present when the House reassembled after recess and I think it is not proper. The House seeks an apology from you. Whatever be the reason, I took strong note of it. In future, if this happens, I will adjourn the House for the day.

**Shri Mrinal Banerjee :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কমিউনিকেশন গ্যাপ হয়েছিল ঠিকই। তারজন্য আসতে পারিনি। নিশ্চয়ই তারজন্য আমি দুঃখিত।

## Discussion and Voting on Demand for Grants

### Demand No. 69

| | |
|---|---|
| Shri Subrata Mukherjee<br>Shri Kashinath Misra<br>Shri Ashok Kumar Deb<br>Shri Nirmal Ghosh<br>Shri Dipak Kumar Ghosh<br>Dr. Ashis Banerjee<br>Shri Kamal Mukherjee<br>Shri Saugata Roy<br>Shri Kalyan Banerjee<br>Shri Ajit Bhunia<br>Shri Tamonash Ghosh<br>Shri Pundarikakshya Saha<br>Shrimati Manju Basu<br>Shri Arup Bhadra<br>Smt. Sonali Guha<br>Shri Subrata Bakshi<br>Shri Jyotipriya Mallick<br>Shri Mahbubul Haque<br>Shri Mostaque Alam<br>Shri Kallol Khan<br>Shri Abu Taher Khan<br>Shri Chowdhury Mohan Jatu<br>Shri Tarak Bandyopadhyay<br>Shri Biman Chakraborty<br>Shri Deba Prasad Sarkar<br>Shri Sital Kumar Sardar<br>Shri Tanmoy Mondal | Sir, I beg to move that the amount of the Demand be rduced to Re. 1/- |

Shri Bankim Chandra Hazra
Shri Parash Dutta
Shri Nirbed Ray
Shri Abdul Mannan

**Demand No. 72**

| | |
|---|---|
| Shri Pankaj Banerjee<br>Shri Choudhury Mohan Jatua<br>Shri Ashok Kumar Deb<br>Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100. |

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমাদের বিরোধী দলের পক্ষ থেকে তার তীব্র বিরোধিতা করছি এবং বিরোধীদলের আনীত সমস্ত কাটমোশনকে সমর্থন করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিতর্কে অংশ গ্রহণ বড় কথা নয়। আজকে পশ্চিমবঙ্গে একটা সঙ্কট দেখা দিয়েছে—প্রশাসনিক সঙ্কট, সাংবিধানিক সঙ্কট এবং তার সাথে মহা আশঙ্কার বিষয়—সংসদীয় সঙ্কটের মুখোমুখি হয়েছে পশ্চিমবঙ্গ। আজকে সকালবেলার কাজের পর সভার কাজ দেড়টা পর্যন্ত মুলতুবি রাখা হয়। দেড়টার সময় বিদ্যুৎ মন্ত্রী তাঁর বাজেট সম্পর্কিত আলোচনায় উপস্থিত হয়ে বিরোধী পক্ষ এবং সরকার পক্ষের আলোচনায় অংশ গ্রহণ করা উচিত ছিল। কিন্তু আপনি এবং সদস্যরা উপস্থিত হয়েছেন, কিন্তু ট্রেজারি বেঞ্চের একজন সদস্যও উপস্থিত হলেন না। এমন কি, দেখা গেলো, মাননীয় বিদ্যুতমন্ত্রীও গরহাজির। তারজন্য আমি বলতে চাই, প্রশাসনিক সঙ্কটের জন্য, শাসকদলের সঙ্কটের জন্য সংসদীয় সঙ্কটের মুখোমুখি হয়েছি আমরা। এই সরকার সংসদ এবং সংসদীয় কার্যকলাপকে কোনও রকম গুরুত্ব দিতে রাজি নন। এখান থেকে দুই ফার্লং দূরে রাইটার্স বিল্ডিং, সেখান থেকে সময় মত বিধানসভায় আসার প্রয়োজনীয়তা বা তাগিদ তাঁরা হারিয়ে ফেলেছেন। আমাদের প্রতিবাদ সেখানেই। আপনার কাছে আমরা কৃতজ্ঞ, সভাকে আপনি অমর্যাদার হাত থেকে রক্ষা করেছেন। ট্রেজারি বেঞ্চ যেহেতু, সংশ্লিষ্ট মন্ত্রী উপস্থিত নেই, তারজন্য সভার কাজ আপনি আধ ঘন্টা স্থগিত করে দিয়েছেন। তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই, কৃতজ্ঞতা জানাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী তাঁর এই বাজেট ভাষণে তিনি বলেছেন যে, পশ্চিমবঙ্গে বিদ্যুতের ব্যাপারে তাঁরা সচেষ্ট এবং সচেতন। বিদ্যুত ছড়িয়ে দিয়েছেন তিনি। কিন্তু আজকে সি. পি. এম. দলের সদস্য আনন্দগোপাল দাস মহাশয় তাঁর মেনশন করবার সময় বলছিলেন যে, বোলপুর এবং চারটি সংলগ্ন বিধানসভা কেন্দ্রে গত চারদিন ধরে প্রতিদিন গড়ে ৬ ঘন্টা করে বিদ্যুৎ নেই।

সেখানকার ছেলে-মেয়েরা পড়াশোনা করতে পারছে না। আসল কথা আমি বলছি। মাননীয় মন্ত্রী মহাশয় ছত্রে ছত্রে যে কথা বলেছেন, যে দাবি করছেন সেটা ঠিক নয়। ব্যর্থতা গোটা বিদ্যুৎ দপ্তরে ছেয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই আজকে পশ্চিমবাংলায় এই সরকার যে হিসাব দিচ্ছে তাতে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় যে উৎপাদন হচ্ছে তার সঙ্গে যে চাহিদা তাতে কোনও মিল নেই। উৎপাদন বলছেন সারপ্লাস। কিন্তু কলকাতা থেকে ২০ কিলোমিটার দুরে বারুইপুরে যান, তার চেয়ে একটু বেশি কলকাতা থেকে ২৫ কিলোমিটার দূরে যান সেখানে আপনি দেখবেন দিনের ভেতর ৪ ঘন্টা থেকে ৬ ঘন্টা বিদ্যুৎ নেই। কলকাতার উপকণ্ঠে আমরা দেখতে পাচ্ছি গড়পড়তা দিনের ২ ঘন্টা থেকে ৪ ঘন্টা বিদ্যুৎ নেই। এই সরকার পশ্চিমবাংলার মানুষকে বিদ্যুৎ দিতে যতটা আগ্রহী, এই প্রতিষ্ঠানকে রাজনীতিকরণ করতে তার চেয়ে আগ্রহী বেশি। আমি বাজেটের আলোচনায় যাবার আগে সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবাংলা কোথায় দাঁড়িয়ে আছে সেটা বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯৯ সালে ভারতবর্ষের কতকগুলি রাজ্য গ্রামীণ বিদ্যুতের ক্ষেত্রে শতকরা ১০০ ভাগ পৌঁছে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্ধ্রপ্রদেশে ২৬.৫৮৬টি গ্রাম আছে, এই ২৬ হাজার ৫৮৬টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে পারছি না, আমি বসে পড়ছি।

(এই সময় মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জি তাঁর নিজ আসনে বসে পড়েন)

**মিঃ স্পিকার ঃ** আপনি বলুন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্ধ্রপ্রদেশে শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে। হরিয়ানায় শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। মধ্যপ্রদেশে শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে, মহারাষ্ট্রে শতকরা

১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে, পাঞ্জাবে শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে, রাজস্থানে শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। তামিলনাড়ু শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। আর সেখানে পশ্চিমবাংলায় শতকরা ৭৭.২ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছোতে পেরেছে এই সরকার। ব্যর্থতাটা এখানেই। আপনারা কংগ্রেস আমলের কথা বলেন, কেন্দ্রীয় সরকারের কথা বলেন। আজকে কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে প্রতিটি রাজ্য শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছাতে পেরেছে কিন্তু সেখানে পশ্চিমবঙ্গ সরকার ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছাতে পারেনি। আজকে মন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন যে ৭৮৮৫টি মৌজায় বিদ্যুৎ পৌছে দিতে পারেন নি। কি করে পারবেন? গ্রামীণ বিদ্যুং সংস্থা, রুরাল ইলেকট্রিফিকেশান বোর্ড, তার মাথায় বসিয়ে রেখে দিয়েছেন দলীয় একজন প্রাক্তন বিধায়ককে। কোনও একজন টেকনিক্যাল লোককে বসানো হয়নি। গ্রামীণ বিদ্যুতায়নের জন্য বিদ্যুৎ দপ্তরের কোনও একজন লোককে বসাতে পারতেন, বিদ্যুৎ বিভাগের কাজ জানেন এই রকম একজন লোককে বসাতে পারতেন, বিদ্যুৎ সম্পর্কে কলা-কুশলী মানুষ সেই রকম একজনকে যদি বসাতে পারতেন তাহলে উপকার হত। তিনি জানতেন কোন মৌজায় আগে যেতে হবে, কোন মৌজাকে আগে প্রায়রিটি দিতে হবে, কোন গ্রামে আগে যাওয়ার দরকার আছে, এমন গ্রামে যেতে গেলে কি টেকনিক্যালিটি, ফেসিবিলিটি আছে সেটা জানা দরকার। সেখানে একজন রাজনৈতিক মানুষকে দিয়ে কোটি কোটি টাকা নিয়ে সংস্থাটাকে রাজনীতিকরণ করা হচ্ছে। তার জন্য পশ্চিমবাংলার গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পারেন নি। আজকে এই সরকার স্বীকার করেছে কেন্দ্রের যে বিদ্যুৎ উৎপাদন দপ্তর আছে, যারা বিদ্যুৎ তৈরি করে, সেই কেন্দ্রীয় বিদ্যুৎ দপ্তর ৩,৮৬০ কোটি টাকা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্যদের কাছ থেকে পায়। যদিও কেন্দ্রীয় মন্ত্রী লোকসভায় যেটা বলেছেন সেটা অত্যন্ত মারাত্মক, সেখানে বলছেন পশ্চিমবঙ্গ থেকে ১,১৭৫ কোটি টাকা পাওনা আছে। পশ্চিমবাংলায় যে কেন্দ্রীয় সরকারের বিদ্যুৎ উৎপাদন সংস্থা আছে এন. টি. পি. সি., তাদের ১,১৫৭ কোটি টাকা পাওনা আছে। অন্যান্য রাজ্যের কথা ধরুন, মহারাষ্ট্রর কাছ থেকে ৪,৩৭৭ কোটি টাকা পাওনা, তামিলনাড়ুর কাছ থেকে ২৭০ কোটি টাকা পওনা, গুজরাটের কাছ থেকে ৪০১ কোটি টাকা পাওনা, সেখানে পশ্চিমবাংলা থেকে ৪০১ কোটি টাকা পাওনা আছে। এন. টি. পি. সি. বিদ্যুৎ দিয়ে দিচ্ছে, দাম দিতে পারছে না। অথচ সি. ই. এস. সি. কি করছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পত্র-পত্রিকায় রমাপ্রসাদ গোয়েংকা বলেন পশ্চিমবঙ্গ সরকার নাকি শিল্পে দারুন অগ্রগতি করেছে।

[2-10 — 2-20 p.m.]

কিন্তু কেন বলেন জানেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার কারণ সি. ই. এস. সি.-র কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের কয়েক হাজার কোটি টাকা যা পাওনা আছে তা আদায় করবার কোনও উদ্যোগ রাজ্য সরকারের নেই। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আজকে বলবেন, কত কোটি টাকা আর পি জি গোষ্টির কাছে পাওনা আছে, আর কত কোটি টাকা তাদের কাছ থেকে আদায় করতে পেরেছেন? আর পি জি-কে ঢালাও অনুমতি দিয়ে দিয়েছেন রাজ্য কোষাগারের কোটি কোটি টাকা লুট করবার জন্য। তাই রাজ্য সরকারের উচিত আর পি জি গোষ্ঠী, সি. ই. এস. সি-র ওপর চাপ দিয়ে টাকা আদায় করা। কিন্তু রাজ্য সরকার কোনও চাপ সৃষ্টি করছে না। সি. ই. এস. সি-র কাছ থেকে পাওনা টাকার সুদ আদায় করা উচিত। তারজন্য তাদের দায়ী করা উচিত। তার কারণ, এন. টি. পি. সি.-কে রাজ্য বিদ্যুৎ পর্ষদের দেয় টাকার ওপরে সুদ গুণতে হচ্ছে। আমরা এন. টি. পি. সি-র রাজ্য থেকে সেই টাকা রিয়ালাইজেশনের কোনও ব্যবস্থা নিই না। রিয়ালাইজেশন কোথায়? একটার পর একটা ছুতো ধরে তাদের পার দিয়ে দেওয়া হচ্ছে। মৃণালবাবু আজকে আপনি মন্ত্রী হয়েছেন কেন জানেন? তার কারণ, ডঃ সেন, যিনি আগের বিদ্যুতমন্ত্রী, তিনি চেষ্টা করেছিলেন আর. পি. জি.-র কাছ থেকে টাকা আদায় করতে। আপনার দল তাঁকে বাধ্য করেছেন সরে যেতে। তাই তিনি সরে গেছেন। যিনি চেষ্টা করেছিলেন আর. পি. জি.-র সাথে লড়াই করতে, সেই আর. পি. জি. গোষ্ঠী, সি. ই. এস. সি-কে বারবার আপনার দল হাইড করে গেছেন। তাদেরকে অথরিটি দিয়ে দেওয়া হয়েছে। তারা দিনের পর দিন গ্রাহকদের কাছ থেকে বেশি বিল আদায় করে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি কলকাতায় থাকেন, আপনি জানেন। আপনি বিলে বিদ্যুতের কোনও সামঞ্জস্য খুঁজে বার করুন, খুঁজে পাবেন না। বিদ্যুতের যে বিল, তার ওপরে সারচার্জ, তার ওপরে আবার সারচার্জ, তার ওপরে লেভী-এইসব বসিয়ে এমন একটা জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে যা কোনও সাধারণ মানুষ জানে না, কি খাতে তার কাছ থেকে টাকা নেওয়া হচ্ছে। এইভাবে সি. ই. এস. সি সাধারণ মানুষের কাছ থেকে হাজার হাজার কোটি টাকা লুঠ করে নিয়ে যাচ্ছে। বুদ্ধদেববাবু রাইটার্স বিল্ডিংসে একটা মিটিং করে বলবেন, পশ্চিমবঙ্গ শিল্পে ১ নম্বর। এই কথাটা বলবার জন্য এই সমস্ত ব্যবসায়ীদের সমাজের দুরাভিসন্ধিমূলক কালো টাকার ব্যবসায়ীদের আলিমুদ্দিন স্ট্রিটে ডেকে নিয়ে যাওয়া হচ্ছে। এর পরে তাদের কাছে কি করে টাকা চাইবেন? আলিমুদ্দিন স্ট্রিটে ডেকে নিয়ে যাওয়া হচ্ছে, তাদের বলা হচ্ছে, তোমরা লুঠ কর। তাই লুঠ হচ্ছে। এন. টি. পি. সি.-কে

আমাদের পাওনা টাকার ওপরে সুদ দিতে হচ্ছে একদিকে, অপরদিকে সি. ই. এস. সি.-র কাছে আমাদের পাওনা হাজার হাজার কোটি টাকা তা আদায়ের কোনও উদ্যোগ নেই। তাদের কাছ থেকে কোনও টাকা আদায় করা হচ্ছে না। এটা অন্যায়। রাজ্যের কোষাগারকে তছনছ করা, তহবিল তছরূপ করার অধিকার মৃণালবাবুকে কে দিয়েছে? আপনি বিদ্যুৎ পর্ষদকে আজকে কোথায় এনে দাঁড় করিয়ে দিয়েছেন? আপনি বড় বড় কথা বলেছেন। আপনার এই ভাষণে আপনি বলেছেন, নন-কনভেনশন্যাল এনার্জি সোর্সেস থেকে বিদ্যুৎ নেওয়ার ব্যবস্থা করছেন। এই ব্যাপারে ভারতবর্ষের সংখ্যাটা কি বলছে? গত লোকসভায় এনার্জি মিনিস্টার কি বলেছেন ইন অ্যানসারিং টু দি কোশ্চেন পুট বাই মিনিস্টার জগদম্বাপ্রসাদ যাদব? মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি শুনুন, মিনিস্ট্রি অফ স্টেট, নন-কনভেনশন্যাল এনার্জি সেস্, অন্ধ্রপ্রদেশে ইনস্টল ক্যাপাসিটি ১২৮ মেগাওয়াট, গুজরাটের ১৭৪ মেগাওয়াট, তামিলনাড়ুর ৮৬০ মেগাওয়াট আর আমাদের পশ্চিমবাংলায় হয়েছে ০৯ মেগাওয়াট। সেখানে তামিলনাড়ুতে ৮৬০ মেগাওয়াট, সেখানে পশ্চিমবাংলায় অপদার্থ মন্ত্রী, তাই এই অবস্থা। আজকে এরা মানুষের ওপরে ভরসা রেখে নির্বাচন করে না। এরা পশ্চিমবাংলায় করেছেন ০৯ মেগাওয়াট। মানুষের ওপরে এদের কোনও আস্থা নেই, রিগিং করে এদের ক্ষমতায় আসতে হয়। আজকে তাই স্টেডিয়াম এর ভেতরে গুন্ডাদের আশ্রয় দিতে হয়। সেই গুন্ডারা ধরা পড়লে তারা বলে মন্ত্রী আমাদের বুথগুলোকে দখল করতে নিয়ে এসেছেন, আমাদের দিয়ে রিগিং করাবার জন্য এনেছেন। এরা নিজেদের দোষ সম্বন্ধে ওয়াকিবহাল। এদের কাজের কোনও ইচ্ছা নেই বলে কিছু করতে পারছে না। তা নাহলে ভারতবর্ষে এই সোসিও ইকনোমিক স্ট্রাকচারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য নিয়েও এই অবস্থা। অন্ধ্রপ্রদেশে সেখানে স্টেবল সরকার ছিল না। মহারাষ্ট্রে স্টেবল সরকার ছিল না। তামিলনাড়ুতে সরকার বদল হয়েছে। কিন্তু পশ্চিমবাংলায় স্টেবল সরকার আছে, অথচ স্টেবল ডেভেলপমেন্ট হয়নি পঁচিশ বছরে। ইকনোমিক্স কি বলে—যেখানে পঁচিশ বছর স্টেবল সরকার থাকে, সেখানে স্টেবল ডেভেলপমেন্ট আসে। আপনারা পঁচিশ বছর ক্ষমতায় আছেন এবং স্টেবিলিটি নিয়ে কোনও ক্রাইসিস হয়নি, স্টেবিলিটির কোনও অভাব হয়নি। যেটার অভাব সেটা অ্যাটিচিউডের অভাব, ইচ্ছার অভার, কাজ করবার মানসিকতার অভাব, মানুষের দুঃখ-দুর্দ্দশা দূর করবার ইচ্ছার অভাব এবং বাংলাকে চ্যালেঞ্জ করে প্রতিযোগিতায় দাঁড় করিয়ে প্রথম স্থানে নিয়ে যাওয়ার ইচ্ছার অভাব। যে অ্যাটিচিউড, যে মেন্টালিটি থাকার দরকার ছিল সেই মেন্টালিটি নেই এবং সেখানেই আমাদের আপত্তি করার কারণ, শুধুমাত্র বিরোধীপক্ষে আছি

বলে নয়। আজকে পশ্চিমবঙ্গে সমস্ত বড় বড় কারখানা বন্ধ হয়ে গেছে। আজকে রেমিংটনের মত কারখানা বন্ধ হয়ে গেছে। মেটাল বক্স কারখানা বন্ধ হয়ে গেছে, গেস্টকিন উইলিয়ামের মত কারখানা বন্ধ হয়ে গেছে। মেজর সেক্টরে পাওয়ার কনজাম্পশন কমেছে। ইলেকট্রিক কনজিউম করার জন্য পাওয়ারের যে মেজর কনজিউম করার কথা সেটা কমেছে। পাওয়ার কনজিউমার ইনস্টিটিউশনের পাওয়ার কনজিউমার কমেছে। তারপরে ডোমেসটিক কানেকশান দেবার ক্ষেত্রে যতটুকু সাপ্লাই দেবার কথা সেটাও দিতে পারছে না। আপনার টোটাল সোল্ড টু আল্টিমেট কনজিউমার্স ১৯৯৯-২০০০ এর স্ট্যাটিসটিক্যাল অ্যাবস্ট্রাক্ট কি বলছে—সেখানে অন্ধ্রপ্রদেশে কত—২৪১৫.৩ আর পশ্চিমবঙ্গে কত—১৪০৪.০। গুজরাটে ২৮৫২.৪ আর পশ্চিমবঙ্গে সেখানে কত—আল্টিমেট কনজিউমার্স নট ইভেন ৫০ পারসেন্ট। সেখানে মহারাষ্ট্রে ৪৯৬১ এবং তামিলনাড়ুতে ২৭৪৪। In comparison to that where does it stand ? Where do we stand? We are satisfied with ¼th, zero etc.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানেই আমাদের আপত্তি। আমরা আপত্তি করছি এই কারণে যে, আজকে পশ্চিমবঙ্গের শিল্প ক্লীবে পরিণত হয়েছে। আজকে পত্রিকাতেই এই ব্যাপারে লেখা আছে। আপনার শিক্ষার ক্ষেত্রে যেখানে একটা গর্বের বিষয় ছিল—ভারতবর্ষের বাবু রাজেন্দ্রপ্রসাদ শিক্ষা নিতে কোথায় এলেন—কলকাতা বিশ্ববিদ্যালয়ে, এটা একটা ভারতবর্ষের গর্বের বিষয় ছিল। তারপরে ভারতবর্ষের রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ যখন দর্শন শাস্ত্র নিয়ে পড়বেন ঠিক করলেন তখন কোথায় এসে পড়লেন—না, কলকাতার এই বিশ্ববিদ্যালয়ে। সুতরাং কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা গর্বের বিষয় ছিল। আজকে পশ্চিমবঙ্গের শিক্ষা ১৭তম জায়গায় পৌঁছেছে। সেখানে বিহার রয়েছে ১৮ তম তে। সুতরাং আমরা আজকে কাদের সঙ্গে তুলনা করছি যে রাজ্য একটা পিছিয়ে পড়া রাজ্য বলে জানি, সেই বিহার রাজ্যের সঙ্গে আমাদের তুলনা করতে হচ্ছে, এর থেকে লজ্জার আর কি হতে পারে বলতে পারেন এটা তো আজকে সরকারি দলের লজ্জা। শুধু চিৎকার করলে আর হৈ হৈ করলে তো আপনাদের হবে না। ভারতবর্ষের প্রেক্ষাপটে যদি বিচার করি তাহলে লজ্জায় মাথা হেঁট হয়ে যাবার কথা। আপনারা পাবলিক লাইটিং কতটুকু দিতে পেরেছেন? আপনার ১৯৯৯-২০০০ সালের স্ট্যাটিসটিক্যাল অ্যাবস্ট্রাক্ট কি বলছে—Electricity sold to ultimate consumers so far public lighting is concerned.

সেখানে অন্ধ্রপ্রদেশে ২৯.১ আর মহারাষ্ট্রে ৪৪.৫ আর পশ্চিমবঙ্গে ১০.৮ পার্সেন্ট, সুতরা ওয়ান অফ দি লোয়েস্ট। উত্তর প্রদেশে অনেক বেশি, আমরা সেখানে ন্যূনতম জায়গায় দাঁড়িয়ে আছি। আপনারা সিঁড়ির নিচের দিকে নেমে আসছেন। আপনারা পশ্চিমবঙ্গে আপনাদের ২৫ বছরের পূর্তি উৎসব করছেন। আপনারা ব্যর্থতার পূর্তি উৎসব করুন। রাজ্যটাকে পিছিয়ে নিয়ে যাওয়ার পূর্তি উৎসব করুন। সেইকারণেই আমাদের প্রতিবাদ এবং সেখানে এই বিরোধিতা শুধু বিরোধীদলের সদস্য বলে নয়। বাংলার মানুষ হিসাবে বাংলা এক সময়ে গর্বের বিষয় ছিল। সেই বাংলাকে আপনারা কোথায় নিয়ে গেছেন ভাবুন। আমরা চাই পশ্চিমবঙ্গকে আলোয় উদ্ভাসিত করে ভবিষ্যত প্রজন্মের কাছে আলোক বর্তিকা তুলে দিতে। কিন্তু তা হচ্ছে না বলেই আমাদের প্রতিবাদ।

আমরা যেখানে প্রতিযোগিতার ক্ষেত্রে প্রথম স্থানে ছিলাম আজকে সেখানে কঠিন অবস্থায় প্রবেশ করতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তো আবার ট্যাক্সি বা বাসে চড়েন না। আমাদের তো বাসে চড়তে হয়। মিনিবাসে উঠলেই মিনিবাসের কনডাক্টর বলেন পিছনে যান পিছনে যান। আপনি পাদানীতে পা রাখলেই কনডাক্টর বলতে থাকবে—দাদা, কাকা, মামা একটু পিছনের দিকে এগিয়ে যান, পিছনের দিকে এগিয়ে যান। এই পিছনে এগিয়ে যাবার সর্বনাশা অন্যতম প্রধান হোতা হচ্ছে বিদ্যুৎ বিভাগ। আজকে পশ্চিমবঙ্গের বিদ্যুতের হাল এমন অবস্থায় দাঁড় করিয়ে দিয়েছেন যে বলার নয়। আপনি যদি পাঞ্জাবের অবস্থা দেখেন তাহলে দেখবেন ১৯৯৯-২০০০ সালে পাঞ্জাবে ইলেকট্রিক পাম্পের কনজাম্পশান দেবার টারগেট ছিল ৮ লক্ষ, সেখানে তারা দিয়েছিল প্রায় ৯ লক্ষর মত।

[2-20 — 2-30 p.m.]

মহারাষ্ট্রের টার্গেট ছিল ৭ লক্ষ, তারা দিয়েছে ৭ লক্ষ। অন্ধ্রের টার্গেট ছিল ৬ লক্ষ, তারা দিয়েছে ৭ লক্ষ। পশ্চিমবাংলায় টার্গেট ছিল ৪ লক্ষ দিয়েছে ৩ হাজার। অন্য রাজ্যে যেখানে টার্গেট করেছে ৮ হাজার, দিয়ে দিয়েছে ৯ হাজার। এতে ওখানকার কৃষকের আর্থিক উন্নতি হবে না এখানকার কৃষকের আর্থিক উন্নতি হবে? ইলেকট্রিসিটি দরকার পাম্প চালানোর জন্য? তা নাহলে চাষীদের আর্থিক উন্নতি হবে কি করে? এখানে মাননীয় অর্থমন্ত্রী বলবেন, আমরা অলটারনেটিভ ইকনমিকস দিচ্ছি অলটারনেটিভ ইকনমিকস কি? যে রাজ্য ৮ লক্ষ টার্গেট করে ৯ লক্ষতে পৌঁছায়, তখন এখানে দেখা যাচ্ছে ৫ লক্ষ টার্গেট করে আমরা ৩ হাজারে পৌঁছাই। তার মানে পশ্চিমবাংলার উন্নয়ন স্তব্ধ হয়ে গেছে। বর্তমানে পৃথিবীতে

উন্নয়নের মাপকাঠি বিদ্যুৎ, বিদ্যুৎ হচ্ছে অন্যতম মেরুদন্ড। আপনারা নির্বাচনের আগে বললেন, গরিব মানুষের ঘরে বাতি দেবেন, মিটার না দিয়ে বাতি দেবেন। কারণ তারা গরিব মানুষ। নির্বাচনের প্রাক্কালে এই কথা বলেছিলেন। কিন্তু নির্বাচনের পরে এখানে বলছেন বিনা মিটারে বিদ্যুৎ এর সংযোগ দেবনা। এখানে বলছেন আমরা সিদ্ধান্ত নিয়েছি বিদ্যুৎ আর মিটার ছাড়া সংযোগ করা হবে না। অথচ আপনারাই নির্বাচনের সময় বলেছিলেন বস্তির লোক, গরিব লোককে মিটার ছাড়া পাওয়ার দেব। কিন্তু যেই ক্ষমতা পেলেন, এখন উল্টে গেল পথ, পাল্টে গেল মত। আপনারা মানুষকে বলেছিলেন মিটার ছাড়া বিদ্যুৎ দেব, গরিব লোকেরা আপনাদের কথাগুলিকে সত্য বলে ধরেছিল। কিন্তু নির্বাচনে জিতে আসার পরে ওদের উল্টে গেল মত পাল্টে গেল পথ। আসলে ওরা যা বলে তা করে না, আর যা করেন তা বলে না। স্যার, এখানে আমি বলতে চাই, ট্রান্সমিশান লস হচ্ছে ৪০ শতাংশ, যেখানে হওয়ার কথা ৯ থেকে ১০ শতাংশ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার মানে তারা ক্যাপাসিটার বসাচ্ছে না। স্যার, আমার একটা টেকনিক্যাল জ্ঞান আছে, আমরা বারে বারে বলেছি, আপনারা ক্যাপাসিটার বসান তাহলেই তো ট্রান্সমিশান লস কমে যাবে। সরকারের যে লস হচ্ছে, এই লসের গুণগার কে দিচ্ছে, গরিব কনজিউমার, মধ্যবিত্ত কনজিউমার, সাধারণ চাষী ছোট উৎপাদক সংস্থা, তাদের থেকে আপনি ঘাড় মটকে টাকা নিচ্ছেন। আপনার ৪০ শতাংশ হচ্ছে ট্রান্সমিশান লস, তার জন্য আপনি ক্যাপাসিটার বসাবেন না? আমরা দেখছি দিনের পর দিন সি. ই. এস. সি. তারা ট্যারিফ বাড়িয়ে যাচ্ছে, কোনও প্রতিবাদ করছেন না। কারণ নির্বাচনের সময় চাঁদা দেবে আর আলিমুদ্দীন স্ট্রিট থেকে সার্টিফিকেট নিয়ে আসবে। আজকে বিদ্যুৎ দপ্তর এর ব্যর্থতা পশ্চিমবাংলার লজ্জায় মুখ ঢেকেছে। পশ্চিমবাংলায় এখন আর ক্যালেন্ডার দেখতে হয়না, পাঁজি দেখতে হয়না আমাবস্যার জন্য, যে কোনও দিনই দেখবেন অন্ধকার আমাবস্যা, তার মানেই সরকারের ব্যর্থতা। তাই আমাদের দেওয়া কাটমোশানকে সমর্থন করে বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমরা বক্তব্য শেষ করছি।

**শ্রী পেলব কবি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাঁকে আমি সমর্থন জানাচ্ছি। এবং বিরোধীদের আনা কাটমোশানগুলির বিরোধিতা করে বিতর্কে অংশ নিয়ে আমি বলতে চাই, বিরোধী দলের নেতা পঙ্কজবাবু একটু আগে এই ব্যয় বরাদ্দের বিলের উপর বক্তব্য রাখতে গিয়ে যে বক্তব্য উপস্থিত করলেন তাতে

খানিকটা অবাক হয়েছি। উনি প্রথমেই যেটা বলতে চাইলেন, বিদ্যুতের অবস্থা অন্যান্য রাজ্যগুলির চেয়ে এখানে খুব খারাপ এবং উদাহরণ হিসাবে উনি টানলেন অন্ধ্রপ্রদেশের কথা। আপনার নিশ্চয় জানা আছে এই অন্ধ্রপ্রদেশে গত সেপ্টেম্বর মাসে বিদ্যুতের মূল্যবৃদ্ধির জন্য যে আন্দোলন হয়েছিল সেই আন্দোলনে তিন জন কৃষককে গুলি করে মারা হয় এবং সেই আন্দোলন আজও চলছে। উনি বক্তব্য রাখতে গিয়ে এমন কথা বললেন যেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কিছুই করেনি। কিন্তু ওনারা চব্বিশ বছর ধরে কেন্দ্রে এবং রাজ্যে ক্ষমতায় ছিলেন তখন ওনারা কি করেছিলেন সেই ব্যাপারে আমি পরে আসছি। তবে উনি এটা স্বীকার করেছেন উন্নয়নের প্রশ্নে বিদ্যুৎ হচ্ছে প্রধান। কিন্তু স্বাধীনতার পর থেকে চব্বিশ বছর ধরে এই বিষয়টা ওদের জানা ছিলনা। বিদ্যুতই হচ্ছে আজকে নগর সভ্যতার সবচেয়ে বড় স্তম্ভ। আপনারা জানেন স্বাধীনতার পরে যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয় সেই পরিকল্পনাতে সরকার বিদ্যুৎ সরবরাহ এবং বন্টনের ব্যবস্থা সরকারি নিয়ন্ত্রণের মধ্যে নিয়ে আসা হয়। সেই নিয়ন্ত্রণ কাদের স্বার্থে হয়েছিল? ব্যবসায়িক গোষ্ঠীর স্বার্থে আপনারা এটা করেছিলেন। ঐ ব্যবসায়িক গোষ্ঠী বিদ্যুতের জন্য পুঁজি নিয়োগ করতে চাইছেন না। বিদ্যুৎ যেটুকু উৎপাদন হত তার ষাট ভাগ ব্যবহার করা হত ওদের জন্য আর বাকি চল্লিশ ভাগ বিদ্যুৎ ব্যবহার করা হত শিল্প ও অন্যান্য খাতে। সাধারণ মানুষের ভাগ্যে ছিল শূণ্য। এই জায়গায় দাঁড়িয়ে অন্যান্য জায়গায় বিদ্যুতের ব্যবহার যে গড় হার সেটা আমি তুলে ধরতে চাই। মার্কিন যুক্তরাষ্ট্র—৪,৮০০ কিলোওয়াট পার আওয়ার; ব্রিটেন—২,৭৪৮ কিলো ওয়াট পার আওয়ার; জাপান—১,৩৬৪ কিলোওয়াট পার আওয়ার; সোভিয়েত রাশিয়া ১,৫০০ কিলোওয়াট পার আওয়ার; চিন—৮২ কিলোওয়াট পার আওয়ার; সেখানে ভারতে হচ্ছে ৫২ কিলোওয়াট পার আওয়ার। স্বাধীনতার দুই দশক পরেও ভারতের বিদ্যুৎ উৎপাদন ও ব্যবহারের এই হার দেখে মনে হয় তৎকালীন কেন্দ্রীয় কংগ্রেস সরকার একটি রাষ্ট্রকে উন্নত করার জন্য কৃষি ও শিল্পর ক্ষেত্রে বিদ্যুৎকে অগ্রাধিকার দেয়নি। আজকে বিরোধী দলের নেতা বললেন উন্নয়নের জন্য বিদ্যুৎ অপরিহার্য্য। বিদ্যুৎ উৎপাদনের জন্য যে অর্থ রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তখন পেয়েছিলেন সেই টাকাগুলো বিদ্যুতের খাতে ব্যয় না করে সেই টাকা দিয়ে নেতাজী ইন্ডোর স্টেডিয়াম করা হয়েছিল। এই রকম একটি সংস্থা থাকা দরকার। কিন্তু বিদ্যুতের টাকা দিয়ে এবং সেই সময় রাজ্য সরকারি কর্মচারিদের বকেয়া যে টাকা ছিল তা দিয়ে নেতাজী ইন্ডোর স্টেডিয়াম করা হয়। আজকে বিদ্যুৎ উৎপাদন করার

ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বার বার পশ্চিমবঙ্গের প্রতি বিমাতৃসুলভ আচরণ করেছেন। তার একটা নজির রয়েছে আমার কাছে। ১৯৬২ সালে সোভিয়েত ইউনিয়নের একটি সমীক্ষক দল ভারতবর্ষে জলবিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা দেখার জন্য এসেছিলেন। সেই সমীক্ষক দল বলেছিলেন—জলবিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা একটা রয়েছে এবং বিশেষ করে তারা পশ্চিমবাংলার সম্ভাবনার কথা বার বার বলেছিল।

[2-30 — 2-40 p.m.]

সেই সময় বিদ্যুৎ পর্ষদের পক্ষ থেকে পশ্চিমবাংলায় সুইজারল্যান্ডের একটি সমীক্ষক দল আনা হয়েছিল। তারা যে রিপোর্ট পেশ করেছিল সেটা আপনাদের সামনে রাখছি। তোর্সা-জলঢাকাতে ৪০০ মেগাওয়াট, জলঢাকায় ১৫০ মেগাওয়াট, রায়ডাকে ১৫২ মেগাওয়াট, বালাসনে ৪৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হতে পারে এবং তিস্তার বাঁধ দিয়ে আরও ৬০০ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদন হতে পারে, সব মিলিয়ে ১৯২৫ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদন হতে পারে বলে তারা উল্লেখ করেছিল। বেঙ্গল পাওয়ার ভলিউম ২ এবং ভারতের বিদ্যুৎ সংস্কার পুস্তিকার থেকে এই তথ্য পাওয়া গেছে। কংগ্রেসি শাসনে পশ্চিমবঙ্গের প্রতি যে সবসময় বঞ্চনা করা হয়েছে তার প্রমাণ সোভিয়েত রাশিয়া এবং সুইজারল্যান্ডের সমীক্ষক দলের এই রিপোর্টের পরিপ্রেক্ষিত কেন্দ্রীয় সরকার যে এনার্জি সার্ভে কমিটি করেছিল তার রিপোর্টে বল হয়েছিল পশ্চিমবাংলায় মাত্র ২২ কিলোওয়াট লাভজনক জলবিদ্যুৎ উৎপাদন হতে পারে। আপনারা কিন্তু তখন তার কোনও প্রতিবাদ করেননি আর এখন বলছেন পশ্চিমবাংলায় শিল্প, কৃষি, নগরোন্নয়নের সবচেয়ে বড় উপাদান হচ্ছে বিদ্যুৎ। তখন এটা ভাবতে পারেননি? তৎকালীন বিভিন্ন পত্র-পত্রিকায় কি দেখা যায় বলছি। 'বিদ্যুৎ সংকটে ১০ লক্ষ শ্রমিক এক মাসে লে-অফ হয়েছে, লোডশেডিং বাড়ছে, পাণীয় জল কমছে, মোমবাতির আলোয় বিধানসভায় স্পিকারের প্রবেশ ও প্রস্থান'—আনন্দবাজার পত্রিকা ২৪শে এপ্রিল ১৯৭৪। 'বিদ্যুৎ ছাটাই হচ্ছে না, অতঃপর কেনাবেচা ছাটাই হচ্ছে'—যুগান্তর ২০.৪.১৯৭৪। 'বিদ্যুৎ সংকটে শিল্পের নাভিশ্বাস'—স্টেটস্‌ম্যান, ১৮-ই সেপ্টেম্বর ১৯৭৩। 'বিদ্যুতের রেশনিং একটা প্রহসন, ২৪ ঘন্টাই আলো নিভে আছে'—আনন্দবাজার পত্রিকা, ৯-ই এপ্রিল, ১৯৭৪। জনাব এ. বি. এ. গনিখান চৌধুরী যখন বিদ্যুৎ মন্ত্রী ছিলেন, তিনি এখানে দাঁড়িয়ে বলেছিলেন—এক্সপেন্ডিং ইকনমিতে বিদ্যুতে ছাটাই দূর করা যায় না, আমেরিকাতেও ঘাটতি রয়েছে, আমাদের দেশেও থাকবে।' এই তো ছিল সেই সময় আপনাদের কীর্তিকলাপ। আর এখন বড় বড় ভাষণ দিচ্ছেন। এখানে কিছু হচ্ছে না। এই

বৈষম্য সত্ত্বেও পশ্চিমবাংলা এগিয়ে যাচ্ছে, বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে। হ্যাঁ, বন্টনের ক্ষেত্রে কিছু অসুবিধা আছে, সেটা মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় উল্লেখও করেছেন। এই অসুবিধা দূর করার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। অনেকগুলো সাবস্টেশন এবং ট্রান্সমিটার বসানোর চেষ্টাও হয়েছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে একটা হিসেব বেরিয়েছিল, সেটা বলছি। ১৯৫৫ থেকে ১৯৭৭, এই ২২ বছরে কতখানি অগ্রগতি ঘটেছিল এবং তার পরবর্তীকালে ২০০১ সাল পর্যন্ত কত ঘটেছে সেটা দেখা যাবে। সংস্থাপিত উৎপাদন ক্ষমতা ১৯৭৭ সাল পর্যন্ত ছিল ৬৫৮ মেগাওয়াট, আর ২০০০ সাল পর্যন্ত হয়েছে ৩০০৭ মেগাওয়াট। অগ্রগতি হার ৪৪৮.৩৬। সর্বোচ্চ চাহিদা ৭৭ সাল পর্যন্ত ছিল ৬৬১ মেগাওয়াট, আর ২০০০ সাল পর্যন্ত হয়েছে ২২৩৫ মেগাওয়াট। গড় অগ্রগতির হার শতকরা ৩৬৭.৭৯। বার্ষিক উৎপাদন হয়েছিল তখন ২৩৪০ মেগাওয়াট আর ২০০০ সালে, ১০,১৬১ মেগাওয়াট। ২০০০ সালে ছিল ১৮১। অগ্রগতির হাত ৪৩৪.৩৪ শতাংশ। বিদ্যুৎ যোগান ৭৭ সালে ছিল ২,৮২৬। এখন ২ হাজার সালে হয়ছে ১২,৬২৫। উৎপাদনের অগ্রগতির হার ৪৪১.২৩। বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা ৭৭ সালে ছিল ৪,২০,২১৩, সেটা ২ হাজার সালে হয়েছে ৩২,৫৩,৭৮৯। সেটা ২০০১ সাল ৩৪.২৩ লক্ষ এবং অগ্রগতির হার হচ্ছে ৭৭৪.৩২। গ্রামীণ বিদ্যুতায়ন মৌজার সংখ্যা ৭৭ সালে ছিল ১০,৯৮১। আর ২০০০ সালে হয়েছে ২৯.৫৫৪। আর ২ হাজার ১ সালে হয়েছে ৩০ হাজার ১৪৩। অগ্রগতির হার ২৬৯.৩২। বিদ্যুতায়ন সেচ পাম্পের সংখ্যা ১৭,১৩২। ২ হাজার ১ সালে ১, ১৭, ৫৮৭। অগ্রগতির হার ৬৮৬.৩৬। সংবহন লাইনের দৈর্ঘ্য—৭৭ সালে ছিল ৩৩,৪৬৮। ২ হাজর সালে ৮২, ৩২১। অগ্রগতির হার ২৪৫.৯৭। বিতরণ লাইনের দৈর্ঘ্য—৭৭ সালে ছিল ১৫ হাজার ৬৩০। ২ হাজার সালে ৭০ হাজার ৮২২ এবং অগ্রগতির হার ৪৫৩.১২। উচ্চ চাপ সাবস্টেশান ক্ষমতা—৭৭ সালে ২,৬০৩ সেটা ২ হাজার সালে ১,২১৮ হয়েছে। অগ্রগতির হার ৩৫৪.১৩। উচ্চচাপ সাবস্টেশান সংখ্যা—৭৭ সালে ১৩২, সেটা ২ হাজার সালে ৮২৯। অগ্রগতির হার ৩২৫। এই তথ্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে দেওয়া হয়েছে। আপনাদের সময়ে কুটিরশিল্প ও লোকদ্বীপ প্রকল্পে একটা ঘরেও বিদ্যুৎ জ্বলেনি। আমাদের সময়ে ১ লক্ষ ২৯ হাজার ৬৩০টি ঘরে বিদ্যুৎ দেওয়া হয়েছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ এটা প্রকাশ করেছেন, এটা দেখে নেবেন। বামফ্রন্ট সরকারের দূরদর্শিতা আর সঠিক পরিকল্পনা আজ রাজ্যকে বিদ্যুতের ক্ষেত্রে সাফল্যের শিখরে পৌঁছে দিয়েছে। আপনারা এটাও জানেন যে, এখন যেটুকু গন্ডগোল হচ্ছে সেটা বন্টনের ব্যাপারে। বিদ্যুতের

উৎপাদন অনেক বাড়ানো হয়েছে। ৯১ সালে যখন নরসিমা সরকার ছিল, তখন তিনি বলেছিলেন যে, আজকে আমাদের যে অবস্থা তাতে আমরা বিদ্যুতে কোনও লগ্নি করতে পারব না। এইজন্য আমাদের বিদেশি বহুজাতিক সংস্থার কাছে নির্ভরশীল হতে হবে। এই নীতিকে গ্রহণ করে মহারাষ্ট্র, উড়িষ্যা অন্ধ্র কি অবস্থায় আছে দেখে আসুন। মহারাষ্ট্রে এনরনের জন্য রাজ্য বিদ্যুৎ পরিষদের লোকসান প্রথম পর্যায়ে মাসিক ১২৭.০৭ কোটি টাকা প্রতি কিলোওয়াট আওয়ারে হয়েছে। দ্বিতীয় পর্যায়ে মাসিক লোকশান ৪৪২.০০ কোটি। ওখানে বিদ্যুৎ গ্রাহকদের যে দাম দিতে হয় তার পরিমাণ হচ্ছে ইউনিট প্রতি ৫ টাকা। এখানে গ্রামের মানুষকে ইউনিট প্রতি ৫০ পয়সা দিতে হয় এবং শহরের মানুষকে দিতে হয় ১ টাকা ২৪ পয়সা।

মহারাষ্ট্রের ক্ষেত্রে ৫ টাকা দিতে হয়, অন্ধ্রপ্রদেশে রুরাল মিনিমাম ৫ টাকা দিতে হয়, আর আমাদের পশ্চিমবঙ্গে ৫০ পয়সা দিতে হয়। গ্রামীণ বিদ্যুতে অন্ধ্রপ্রদেশে সব চেয়ে বেশি দিতে হয়। উড়িষ্যাতে একটা বিদেশী কোম্পানিকে দেওয়া হয়েছে এই সাইক্লোনের পরে, কারণ সেখানে বিদ্যুত বিচ্ছিন্ন। কিন্তু সেই কোম্পানি করতে চাইছে না, তারা বলছে আমরা পারবো না। তারা সেখানে ৩০০ পারসেন্ট বিদ্যুতের দাম বাড়াতে চাইছেন। উড়িষ্যার গ্রামগুলি অন্ধকারে মধ্যে ডুবে আছে। এই অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে বিদ্যুতে অগ্রগতি ঘটেছে। দিল্লির চক্রান্ত সত্ত্বেও পশ্চিমবঙ্গ আজকে অন্ধকার কাটিয়ে উঠেছে এবং আজকে পশ্চিমবঙ্গ থেকে বাইরে বিদ্যুৎ যাচ্ছে। এই কথা বলে মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী আবু হাসেম খানচৌধুরী** ঃ মিঃ ডেপুটি স্পিকার স্যার, আজকে পাওয়ার সম্বন্ধে বলতে হবে, সর্বপ্রথমে আমি এই বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে কাটমোশান আনা হয়েছে তার পূর্ণ সমর্থন করে কিছু কথা বলতে চাই। পাওয়ার ইজ দা সোর্স অফ অল প্রোগ্রেস। হিউম্যান প্রোগ্রেসে এনার্জি একটা বিরাট বড় পার্ট প্লে করছে। ইউনাইটেড স্টেটসে পার ক্যাপিটা কনজাম্পশন অফ পাওয়ার অর এনার্জি ইজ দা হাইয়েস্ট ইন দা ওয়ার্ল্ড। ইউনাইটেড স্টেট্স সব দিক থেকে আজকে সব চেয়ে বেশি উন্নতি করেছে। এগ্রিকালচার, ইন্ডাস্ট্রি, এডুকেশান, হেলথ হোয়াট এভার দা এরিয়া মে বী। কাজেই এটা একটা বিরাট অঙ্গ এই আধুনিক যুগের প্রোগ্রেসে। এটাকে আন্ডারমাইন করা যায় না। এটা নিয়ে পলিটিক্স

করা যায় না, কারণ এটা দেশকে এগিয়ে নিয়ে যাবার একটা বিরাট অঙ্গ। কাজেই আমরা আশা করব যাঁরা আজকে ক্ষমতায় আছেন তাঁদের কাছে যে এটা নিয়ে রাজনীতি না করে পশ্চিমবঙ্গকে ভালবেসে এনার্জি বা পাওয়ারে আরও অগ্রসর হতে পারেন তার জন্য চেষ্টা যেন করেন এবং আমাদের যেন ভুল বোঝানো না হয়, জনগণকে যেন ভাঁওতা দেওয়া না হয়। ৩,৩৩৬ মেগাওয়াট জেনারেট করছেন। তার মধ্যে স্টেটের ইন্ডাস্ট্রির জন্য ২১ পারসেন্ট, ডোমেস্টিক খরচ করছেন ৩৯ পারসেন্ট, এগ্রিকালচারে খরচ করছেন ১৭ পারসেন্ট, কমার্শিয়াল ইউজ হচ্ছে ১৪ পারসেন্ট এবং মিসলেনিয়াস ও এনার্জি স্টক রাখছেন ১১ পারসেন্ট। স্যার, আমাদের যখন ৩৩৭৬ মেগাওয়াট তৈরি করি ওঁরা যেটা বলছেন কমফর্টেবল সিচুয়েশন আছে, তখন মহারাষ্ট্রে জেনারেট হচ্ছে শুধু স্টেট ইলেক্ট্রিসিটি করছে ১৭৬৭ এবং এনরন মিলে করছেন ১২ হাজার মেগাওয়াট।

কাজেই আমাদের ইন্ডাস্ট্রিয়াল সিচ্যুয়েশন যে কত খারাপ, শোচনীয় তার ইন্ডিকেট হচ্ছে ইউজ অফ পাওয়ার ফর ইন্ডাস্ট্রি ভিস-এ-ভিস মহারাষ্ট্র, তারা ইউজ করছে ৩৮ পারসেন্ট অফ ১৭৬৭, আর আমরা ইউজ করছি ২১ পারসেন্ট অফ ৩৩৭৬। এই দুটো কম্পেয়ার করলে বোঝা যাবে হাউ পিটিএবেল সিচ্যুয়েশন উই আর ইন অ্যান্ড সামথিং মাস্ট বি ডান এবাউট ইট। আরো সমস্যা হচ্ছে এখানে বিদ্যুৎ যা জেনারেট হচ্ছে তার ৯৭ শতাংশই থার্মাল পাওয়ার। ওনলি হাইডেন হচ্ছে ৩ পারসেন্ট। আইডিয়াল নর্মস হচ্ছে ৬০ পারসেন্ট থার্মাল অ্যান্ড ৪০ পারসেন্ট হাইডেল। ওড়িষ্যায় হাইডেন হচ্ছে ৩৫ পারসেন্ট আমাদের এখানে ৩ পারসেন্ট। আমাদের এখানে কত নদী আছে, ভাস্ট রিভার্স, আন-ট্যাপড রিসোর্সের রয়েছে। যদিও হাইডেল পাওয়ারে ইনিসিয়্যাল কস্ট হাই কিন্তু তার পরে অপারেটিভ কস্ট ইজ মাচ চিপার। কাজে আমাদের উচিত হাইডেল পাওয়ারে জোর দেওয়া। স্যার, আমাদের পিক আওয়ারে বিদ্যুৎ লাগছে ওরা বললেন ৩,৩৭৬। কিন্তু নন-পিক আওয়ারে রিকয়ারমেন্ট চলে আসছে ২,৩০০ মেগাওয়াটে। মানে ৮০০ মেগাওয়াটের ভেরিয়েশন আছে। যদি আমাদের ইন্ডাস্ট্রি থাকত তাহলে ৮০০ মেগাওয়াট যেটা জেনারেট করছি কিন্তু ইউজ করতে পারছি না সেটা ব্যবহার করতে পারতাম। কাজেই ইন্ডাস্ট্রি হ্যাজ বিকাম ইনডিসপেনসিবল ইন ওয়েস্ট বেঙ্গল। সুতরাং ইন্ডাস্ট্রি তৈরি করার জন্য আমাদের অনেক কিছু করতে হবে।

স্যার, আমাদের যে ভোল্টেজ ভেরিয়েশন আছে সে সম্বন্ধে অনেক কিছু বলা যায়। লো-ভোল্টেজের এমন অবস্থা, যদি গ্রামের দিকে যান দেখতে পাবেন

আলোগুলো টিম টিম করে প্রদীপের মত জ্বলছে। এক্ষেত্রে উন্নতি করার জন্য প্রচুর সাব-স্টেশন করা দরকার। এব্যাপারে আমি অনেকবার পাওয়ার মিনিস্টারের কাছে আবেদন করেছি, জানিয়েছি। এই বক্তৃতার মাধ্যমে আবার বলছি। সাব-স্টেশন না হলে পাওয়ার আছে পাওয়ার আছে বলছেন অথচ লোক তাতে দেখতে পাচ্ছে না, ছেলেরা লেখা-পড়া করতে পারছে না, সেই পাওয়ার কাজে লাগে না, ইউজ হয় না।

আপনারা বলছেন এগ্রিকালচারে ১৭ শতাংশ বিদ্যুৎ ব্যবহার হচ্ছে। কিন্তু এই ১৭ শতাংশের আমি শুনেছি, আমি দেশে ছিলাম না, যে কংগ্রেস আমলে এগ্রিকালচারের পাম্পসেটগুলো ইলেকট্রিসিটি দিয়ে চলত। এখন সেগুলো ডিজেলে চলে। আমি মালদা, মুর্শিদাবাদ, ২৪ পরগনায় নিজে চোখে দেখেছি ম্যাকসিমাম পাম্পসেট ডিজেলে চলছে। কাজেই এগুলো ইলেকট্রিফায়েড করা দরকার। তাহলে একদিকে কৃষকের কস্ট অফ প্রডাকশন কমবে এবং আমাদের কমপিটিটিভনেস, এগ্রিকালচার প্রডাক্ট অনেক বেশি থাকবে। সেদিকে আমাদের লক্ষ্য করা দরকার। স্যার, আমি একটু আগে বলেছি, মহারাষ্ট্রে ৩৮ শতাংশ বিদ্যুৎ ইন্ডাস্ট্রির কাজে লাগছে কিন্তু আমাদের এখানে লাগছে মাত্র ২১ পারসেন্ট। এটা ভেরী ভেরী আনফরচুনেট এবং এই গভর্নমেন্টকে এটা ইমিডিয়েট লক্ষ্য করা দরকার।

আমাদের সবচেয়ে খারাপ অবস্থা ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশন এখানে লস হয়েছে ৩৯ পারসেন্ট, মহারাষ্ট্রে ৩১ পারসেন্ট। এই ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশনের লস হয়েছে ৩৯ পারসেন্ট, এতে ইনক্লুড করছে ট্যাপিং অ্যান্ড হুকিং আপ অ্যান্ড নন পেমেন্ট অফ দি বিলস এভরিথিং হুইচ ইজ ভেরি ভেরি হাই ইন ওয়েস্ট বেঙ্গল। এটাকে ইমিডিয়েটলি বন্ধ করা দরকার। এটাকে আমরা বন্ধ করতে চাই, কিন্তু এটা বন্ধ করা যাচ্ছে না। কারণ ইলেকট্রিক ডিপার্টমেন্টের লোকেরা এতে উৎসাহ দেয় লোককে, যে, তোমরা ট্যাপিং অ্যান্ড হুকিং আপ কর, করে আমাদেরকে কিছু দাও। সুতরাং এই ব্যাপারটা লক্ষ্য করা দরকার যে কি ভাবে এটাকে বন্ধ করা যায়। আমাদের রেভিনিউ লস হয়েছে ৫৫০ কোটি ইজ এ লট অফ মানি। ট্রান্সমিশন লস, টেকনিকাল ট্রান্সমিশন লস অ্যান্ড ট্যাপিং অ্যান্ড হুকিং আপ অ্যান্ড অল দ্যাট। এটা বলতে চাই, হাইডাল প্রত্যেকটি জায়গায় করা দরকার। মালদা, মুর্শিদাবাদ এবং আমাদের রাজ্যের অন্যান্য জায়গায় কত নদী আছে, এই নদীগুলোর জল থেকে হাইডাল করা একান্ত দরকার। এই বাজেটে আমি বলব যে অনেক

বেশি করে হাইডালের দিকে যাওয়া উচিত। হাইডাল এনভায়রণমেন্টাল ফ্রেন্ডলি, হাইডালে কোনও অসুবিধা নেই এবং থার্মাল অনেক বেশি এনভায়রণমেন্টাল প্রবলেম ক্রিয়েট করে। আমরা গ্রাম থেকে আসছি। আমাদের লোডশেডিং-এর কথা বলা উচিত। লোডশেডিং চললে গ্রামের ছেলে-মেয়েরা পড়াশোনা করতে পারে না। গ্রামে আমরা যারা একটু কমফরটেবলি থাকি লোডশেডিং হলে তারা থাকতে পারে না। অথচ কাগজে-কলমে আমাদের জেনারেশন ঠিক আছে, কমফরটেবল জেনারেশন আছে। অথচ ডিসট্রিবিউশন অ্যান্ড ট্রান্সমিশনের অভাবে গ্রামে প্রচুর কষ্ট পেতে হয়। এই বাজেটে ডিসট্রিবিউশন অ্যান্ড ট্রান্সমিশনের উপর জোর দিতে বলব। এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় ২০০১-২০০২ সালের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি আশা করেছিলাম বিরোধী পক্ষের নেতা মাননীয় পঙ্কজ ব্যানার্জি মহাশয়, ইঞ্জিনিয়ার এবং দীর্ঘদিন ধরে তিনি পরিষদীয় রাজনীতিতে আছেন। তিনি এই বিদ্যুৎ বাজেট, বিদ্যুতের সমস্যা, বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা এবং বন্টন ব্যবস্থা সম্পর্কে বিশদে বলবেন এবং আমাদের উইকনেসগুলোকে উনি তুলে ধরবেন যাতে, সরকারে যারা আছেন তাঁরা সঠিক ভাবে সেগুলোর ব্যাপারে স্টেপ নিতে পারেন। উনি যা বললেন তাতে নেগেটিভ পয়েন্টগুলো খুঁজে খুঁজে বলার চেষ্টা করলেন এবং সেটা ঠিকই বলেছেন—কংগ্রেস আমলে উনি কংগ্রেসের ছিলেন এখন তৃণমূলে আছেন যে তৃণমূল কংগ্রেসের রেসপনসিবিলিটি ফিক্সড্ আপ হয়নি, যদিও কেন্দ্রে ওঁরা কিছুদিন ছিলেন। পরবর্তীকালে ওঁদের সময় কংগ্রেস আমলে, পঙ্কজবাবু ছিলেন কিনা জানিনা, তবে আমাদের যিনি মন্ত্রী ছিলেন, এখনও আছে পার্লমেন্টে, তাঁর ভাই এখানে আছেন। সেই সময়ের কিছু ঘটনা আমি উল্লেখ করছি। বিদ্যুৎ এমন একটা মাধ্যম যা গোটা দেশের উন্নতির ক্ষেত্রে, শিক্ষা, সেচ, ইন্ডাস্ট্রির একটা মাধ্যম।

স্বাধীনতার পরবর্তীকালে গোটা দেশে বিদ্যুৎ নিয়ে সঠিকভাবে পরিকল্পনা গ্রহণ করা হয়নি। বিদ্যুৎ জল-বিদ্যুৎ থেকে হতে পারে; বিদ্যুৎ সৌরশক্তি থেকে হতে পারে; থার্মাল পাওয়ার স্টেশনে কয়লা পুড়িয়ে বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে। কোথায় কিভাবে বিদ্যুৎ উৎপাদন হবে, সে বিষয়ে কেন্দ্রীয় সকরার সঠিক পরিকল্পনা গ্রহণ করেনি। তার পরিণতিতে শুধু এখানেই নয় গোটা ভারতবর্ষের সমস্ত

রাজ্যগুলিতে সমস্যার সৃষ্টি হয়েছে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডগুলির বেহাল অবস্থা। গোটা ভারতবর্ষে ৬০% থার্মাল আর ৪০% হাইডেল। সৌরশক্তিকে পরিকল্পনা মাফিক গ্রহণ করলে আজকে এই অবস্থা হত না। পশ্চিমবাংলায় ৯৭% থার্মাল, ৩% হাইডেল আছে। যেহেতু পশ্চিমবাংলায় কয়লাখনি আছে সেহেতু পশ্চিমবাংলায় থার্মালের ওপর জোর দেওয়া হয়েছিল এবং এখানকার কয়লার অ্যাস কনটেন্ট দেখে পরিকল্পনা গ্রহণ করা হয়, থার্মাল পাওয়ার স্টেশন তৈরি করা হয়। এই নীতি কার্যকর হওয়ার পরেই মাশুল সমীকরণ নীতি গৃহীত হয়। তাতে বলা হয় কয়লা যেখানে উৎপন্ন হচ্ছে তার কাছাকাছি জায়গাগুলোয় রেলওয়ে ওয়াগনে করে কয়লা নিয়ে যেতে বেশি মাশুল দিতে হবে দূরবর্তী অঞ্চলের তুলনায়। খনি থেকে যত দূরে যাবে তত খরচ কম লাগবে। পাঞ্জাবের রোপারে পশ্চিমবাংলার খনি থেকে কয়লা গেলে ওখানকার বিদ্যুৎ সংস্থা তা কম মাশুল দিয়ে কম পয়সায় পাবে। অথচ আমাদের পশ্চিমবাংলার সাঁওতালদিতে কয়লা নিয়ে যেতে আমাদের বেশি মাশুল বা বেশি পয়সা দিতে হবে। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার তথা কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রক এই অবস্থা সৃষ্টি করেছিল। শুধু এটাই নয়, রেলওয়ে ওয়াগনে করে খনি থেকে কয়লা বুক করে পাওয়ার স্টেশনে নিয়ে যাবার পথে কয়লা চুরি হয়ে গেলে তার লায়েবিলিটাস সেন্ট্রাল গভর্নমেন্টের কয়লা মন্ত্রক বা রেলওয়ে নেবে না, সেটা এস. ই. বি.-র ওপরে চাপবে। এই ভাবে আমাদের বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা চলছিল। স্যার, এই প্রসঙ্গে আমি এখানে কিছু পরিসংখ্যান উপস্থিত করতে চাই। ১৯৭৫-৭৬ সালে আমাদের রাজ্যে বিদ্যুৎ উৎপাদনের যে অবস্থা ছিল আজ তার থেকে উন্নতি হয়েছে। এ ক্ষেত্রে আমরা অনেক সাফল্য লাভ করেছি। শুধু থার্মালেই নয় হাইডেলের ক্ষেত্রেও আমরা উদ্যোগ গ্রহণ করেছি। আমাদের রাজ্যের রাম্মাম জলবিদ্যুৎ কেন্দ্র গোটা ভারতবর্ষের গর্ব। যে সময়ে সেখানে থেকে বিদ্যুৎ উৎপাদনের কথা ছিল তার আগেই সেখান থেকে বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। ১৮০ মেগাওয়াট থেকে ১৯০ মেগাওয়াট বিদ্যুৎ ঐ প্রজেক্ট থেকে উৎপাদন হওয়ার কথা ছিল। সেখানে এখন ২২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। রাম্মাম জল-বিদ্যুৎ কেন্দ্র পশ্চিমবাংলার গর্ব। এস. ই. বি.-র ইঞ্জিনিয়ার এবং কর্মীরা এটা নির্মাণ করেছে। ভারতবর্ষের আর কোথাও এ রকম একটা হাইডেন পাওয়ার স্টেশন নেই। আগামী দিনে পুরুলিয়া পাম্পস্টোরেজ স্কিম থেকে ৯০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। তার কাজ শুধু হয়ে গেছে। আপনারা জেনে খুশি হবেন পুরুলিয়া জেলার অযোধ্যা হিলের নিকটে পাঁচ হাজার থেকে সাড়ে পাঁচ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের

সুযোগ আছে। সার্ভে হয়ে গেছে। সেটা হলে তা হবে বিশ্বের সর্ববৃহৎ হাইডেল প্রজেক্ট। আর কোথাও সাড়ে পাঁচ হাজার মেগাওয়াট উৎপাদন ক্ষমতা সম্পন্ন জল-বিদ্যুৎ কেন্দ্র নেই। অতএব বিরোধীরা যে কথা বলছেন, আমরা উদ্যোগ গ্রহণ করছি না, এটা ঠিক নয়। আমরা জানি ১৯৭৫-৭৬ সালে গ্রামীণ বৈদ্যুতিকরণ নিয়ে কি ঘটনা ঘটেছিল। তখন রাইটার্স বিল্ডিং-এ বসে রাজ্যের প্রতিটি ব্লকের ২০/২৫টা করে মৌজার ইলেকট্রিফিকেশন করার নামে তালিকা করে দিল্লিতে নাম পাঠিয়ে দেওয়া হয়েছিল। কাগজে-কলমে ইলেক্ট্রিফিকেশন হয়ে গিয়েছিল। কোথায়ও খুঁটি পোঁতা হল তো তার নেই, কোথাও তার পাঠানো হল তো খোঁটা নেই। এইভাবে হাফ ডান অবস্থায় পশ্চিমবাংলার গ্রামগুলিকে রেখে দেওয়া হয়েছিল। কোথাও কোনও কাজ কমপ্লিট হল না। যেখানে যা হয়েছিল, পরবর্তীকালে তা চুরি হয়ে গেল। অথচ কোনও মৌজা থেকেই থানায় ডাইরি করা হল না। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিল তা রাজ্য সরকারের ওপরে দেনা হিসাবে চেপে বসলো। সেই দেনার দায় সুদে আসলে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে নিতে হল। ঐ সময়ে এই হাউসে তৎকালীন বিদ্যুৎমন্ত্রী মাননীয় গনিখান চৌধুরী যা বলেছিলেন সেটা একটু উল্লেখ করছি।

[3-00 — 3-10 p.m.]

১৯৭৫ সালে বিদ্যুৎমন্ত্রী শ্রী গনিখান চৌধুরী যে কথা বলেছেন আমি তার উদ্ধৃতি দিচ্ছি। "এখানে অনেক মাননীয় সদস্যগণ সমালোচনা করে বলেছেন, তার ঝোলা, খুঁটি নেই, সমস্ত চুরি হয়ে গেছে, অথচ বিদ্যুৎ নেই। তার উত্তরে উনি বলেছেন, এর কারণ, কেন্দ্রীয়সরকারের বিদ্যুৎ দপ্তর টাকা দেয়নি। প্রথমে ২৫ পারসেন্ট টাকা দিয়েছে, পরবর্তীকালে বাকি টাকা দেওয়ার কথা, অর্থাৎ টাকা দেয়নি। আমি দিল্লি যাচ্ছি। আমি কথা বলে আসবো। দেখি, যদি টাকা দেয় তাহলে বাকিগুলি সম্পন্ন হবে। ১৯৭৫ সালে বিদ্যুতের ওপর যে বির্তক হয়েছিল তার উত্তরে উনি এই কথা বলেছেন।" পরবর্তীকালে কি হল? সেই মৌজাগুলির কয়েকটি সেন্টার ঠিক করা হল ৪/৫টি করে এবং সেইসব সেন্টারে লোক নিয়োগ হবে। কি দেখা গেল? সিগারেটের প্যাকেটে লোক নিয়োগ করা হল। কালেকশনের জন্য কিছু কর্মী নেওয়া হল। কাদের নেওয়া হল? তখনকার কংগ্রেসের যারা ক্যাডার তারা নিয়োগ হয়েছিলেন, তারা কোনও টেকনিক্যাল হ্যান্ডস ছিলেন না। পরবর্তীকালে তারা কোথায় কাজ করবে? এরা তো বিদ্যুতের কোনও কর্মী নয়। তাই সমস্ত লোকগুলি ঢুকে

গেল ব্যান্ডেল আর সাঁওতালডিহিতে। এই অবস্থার মধ্যে আমরা পশ্চিমবাংলায় ক্ষমতার এলাম এবং সেই সমস্ত লোকগুলি আমাদের ঘাড়ে পড়ে গেল। ফলে আজকে এস. ই. বি.-র এই অবস্থা। এস. ই. বি. সারা পশ্চিমবাংলায় বিদ্যুৎ সরবরাহ করে না। সি. ই. এস. ই. এবং অন্যান্য প্রাইভেট সংস্থাগুলি যেখানে রেভেনিউ বেশি সেইসব জায়গাগুলিতে বিদ্যুৎ সরবরাহ করে আর এস. ই. বি. হচ্ছে গ্রামীণ ইলেকট্রিফিকেশনের জন্য। সুতরাং এস. ই. বি. সেবামূলক প্রতিষ্ঠান হিসাবে চলছে। স্যার, ওরা পাঞ্জাব এবং অন্ধ্রের কথা বলছেন। ঠিকই বলেছেন। আমি একটা তথ্য দিয়ে বলি, আমরা গ্রামের কৃষকদের প্রতি ইউনিট ৫০ পয়সা করে বিদ্যুৎ দিই আর গ্রামের যারা গৃহস্থ তাদের প্রতি ইউনিট ১ টাকা ১৮ পয়সা করে বিদ্যুৎ দিই। শহরে সেটা হচ্ছে ১ টাকা ২৮ পয়সা। হাইডেলে উৎপাদন হচ্ছে পার ইউনিট পাওয়ার ১ টাকা ৪০ পয়সা আর থার্মালে হচ্ছে ১ টাকা ৬০ পয়সা। সেখানে অন্ধ্রে হচ্ছে পার ইউনিট ৫ টাকা আর মহারাষ্ট্রে হচ্ছে সাড়ে ৪ টাকা পার ইউনিট পাওয়ার। এইরকম প্রতিটি রাজ্যে পার ইউনিট সাড়ে ৪ টাকা থেকে ৫ টাকা। আর আমাদের এখানে হচ্ছে এই অবস্থা। সুতরাং আমরা উৎপাদনের দিকে এগিয়ে গেছি। কিন্তু এই বিদ্যুতকে সঠিকভাবে আমাদের সমস্ত শহরে যদি নিয়ে যেতে হয় তাহলে বন্টনের ক্ষেত্রে দৃষ্টি দিতে হবে। হ্যাঁ, শুধু লাইন দিয়ে গেলেই চলবে না। লাইন টেনে দিলাম কিন্তু তার মেইনটেনান্স হল না, মিটার দিলাম কিন্তু তার বিলিং ঠিকভাবে হল না তা করলে চলবে না। সঠিকভাবে করতে হলে বিরাট পরিকাঠামো দরকার। আমাদের বিদ্যুৎ দপ্তরের কর্মীদের সব সময়ে থাকতে হয়, ২৪ ঘন্টাই তাদের কাজ। ফল্ট হয়ে গেলেই সব গোলমাল। এছাড়া আরো অসুবিধা আছে, যেমন রাজ্যসরকারের যে সব দপ্তরগুলি আছে সেখানে অনেক টাকা আমাদের বাকি পড়ে আছে। আমাদের বিধানসভা এলাকায় গ্রামের যে মৌজায় বিদ্যুৎ দেবার সিদ্ধান্ত দিচ্ছে, সেখানে সঠিকভাবে যে কনজিউমার হওয়ার কথা সেটা হচ্ছে না। সেইজন্য এখন আমরা পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদকে নিয়ে স্পেশাল স্ট্যান্ডিং কমিটি করেছি। তাদের প্রতিনিধিদের নিয়ে সঠিকভাবে পরিকল্পনা নিচ্ছি, কোনগুলি আগে করতে হবে আর কোনগুলি পরে করতে হবে। আগে কোনও একটি মৌজায় ইলেকট্রিসিটি গেলে একটা নির্দিষ্ট পোল এবং নির্দিষ্ট তার থাকতো। দেখা যেত, মাঝখানে ইনকমপ্লিট অবস্থা থাকে। সেগুলিকে আমাদের কমপ্লিট করতে হবে। এখন প্রতিটি মৌজায় যদি বিদ্যুৎ দিতে হবে বলা হয় তাহলে যে অর্থের প্রয়োজন সেই অর্থের অভাব আমাদের আছে। একটা রাজ্যসরকারের পক্ষে সঠিকভাবে সবটা মোকাবিলা করা যায় না।

স্যার, আমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে থেকেও অনেক কাজ করার চেষ্টা করে চলেছি। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে আমি একটা হিসাব দিতে চাই। ১৯৭৩/৭৪ সালে এস. ই. বি.-র বিদ্যুৎ উৎপাদন ছিল ৫৪৬.৯, আদার্সের ছিল ১১৩৬.৫ এবং টোট্যাল ছিল ১৬৮৩.৪ এম. কে. ডবলু. এইচ. ৭৪/৭৫ সালে বিদ্যুতের উৎপাদন ছিল এস. ই. বি.-র ৫৪৩.৭ আদার্সের ১০৮৬.৩ এবং টোট্যাল—১৬৩০.০ এম. কে. ডবলু. এইচ। সেখানে আমাদের আমলে এই ২০০০/২০০১ সালে বিদ্যুতের উৎপাদন হচ্ছে এস. ই. বি.-র ১১, ৭১৪, আদার্সের ৩১৭১, টোট্যাল ১৪৮৮৫ মিলিয়ন ইউনিট। বর্তমানে উৎপাদন অনেক গুন বেড়ে গিয়েছে এবং প্রায় ১৬ গুণ বৃদ্ধি পেয়েছে। এবারে আমি মৌজার কথায় আসি। মৌজা ভিত্তিক হিসাব হল—১৯৭৬ সালে ছিল ৯৮২৫টি মৌজা—তার মানে ২৮ পারসেন্ট। তার সেটা ২০০১ সালে হয়েছে—৩০ হাজার ১৪৩—তার মানে ৮০ পারসেন্ট। তার মানে ওরা পশ্চিমবাংলার ২৮ পারসেন্ট মৌজাতে বিদ্যুৎ দিতে পেরেছিলেন, যেগুলি প্রকৃতপক্ষে হয়নি অথচ ওদের খাতায় হয়েছে বলে ধরা আছে সেগুলি নিয়ে আর আমরা সেখানে ৮০ পারসেন্ট মৌজাতে বিদ্যুৎ দিয়েছি। আমাদের সরকার থেকে আমরা প্রতিশ্রুতি দিয়েছি যে আগামী ৪ বছরের মধ্যে সমস্ত মৌজাতে বিদ্যুৎ দেওয়া যাবে। অর্থাৎ ওরা যা করেছিলেন তার থেকে ৫২ পারসেন্ট বেশি আমরা করেছি। এবারে আমি গ্রাহকের সংখ্যায় আসি। ১৯৯১/৯২ সালে যেখানে গ্রাহকের সংখ্যা ছিল ২৭,০৭,৬৫৫ জন, নভেম্বর, ২০০০-এ সেই সংখ্যাটা দাঁড়িয়েছে ৫১,৭৩,১১৪ জনে। আর ওদের সময় অর্থাৎ ৭৫/৭৬ সালে গ্রাহকের সংখ্যা ছিল মাত্র ৪০০২১৩ জন। নতুন পাম্প সেটে বিদ্যুৎ সংযোগ—৭৫/৭৬ সালে ছিল ১৫১৩২ টি, আর ৯৫/৯৬ সালে সেটা বেড়ে হয়েছে, ১,০১,২৩২টি। সর্বশেষ যে হিসাব পাওয়া যাচ্ছে তাতে দেখা যাচ্ছে অক্টোবর, ২০০-এ এই সংখ্যাটা আরও বেড়ে হয়েছে, ১,১০,০৭৯টি। এর থেকে প্রমাণিত হয় যে বিদ্যুতের সর্বক্ষেত্রে আমাদের অগ্রগতি হয়েছে। স্যার, পরিশেষে কয়েকটি সাজেশন আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনার্থে রাখছি। প্রথম কথা হচ্ছে বিদ্যুৎ চুরি যেটা হচ্ছে সেটা বন্ধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। এ দিকে নজর দিন। আরও আমার সাজেশন হচ্ছে, বিদ্যুতের সংযোগ বাড়ানো দরকার, মেরামতির উপর গুরুত্ব দেওয়া দরকার, মিটার মেরামত ও পরিবর্তনের ব্যাপারে গুরুত্ব দেওয়া দরকার, নতুন ও পুরানো বিল আদায়ের ব্যবস্থা করা দরকার, রেভিনিউ সংগ্রহ ঠিক মতন করা দরকার, সরবরাহ সম্পর্কে কোনও অভিযোগ থাকলে তা দূর করা দরকার, রাস্তায়

আলোর সুযোগ সুবিধা থাকা দরকার, জল সরবরাহ প্রকল্প, হেলথ সেন্টার, শিক্ষা ক্ষেত্র, বাজার ইত্যাদিতে যাতে ঠিক মতন বৈদ্যুতিকরণ হয় সেটা দেখা দরকার, সেচের উৎসগুলি শক্তিশালী করতে সুষ্ঠু বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকা দরকার, রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন স্কিমগুলি সম্পূর্ণ করা দরকার, আর. আই. প্রকল্পে গ্রাহক বৃদ্ধি করা দরকার, অপচয় ও সরঞ্জাম চুরি বন্ধ করা দরকার ইত্যাদি। এই প্রসঙ্গে আমি আদিবাসী এবং হরিজনদের ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার ব্যাপারে কিছু সাজেশন রাখব। বিদ্যুতের কানেকশন নিতে গেলে তাদের ৫৩৫ টাকা মিটারের জন্য এবং আদার্স নিয়ে প্রায় দু' হাজার টাকার মতন খরচ হয়। এক সঙ্গে এই টাকা তারা দিতে পারে না ফলে বেশির ভাগ ট্রাইব্যালদের বাড়িতে বিদ্যুৎ যায় না। লোকদীপ প্রকল্প এখন বন্ধ। ট্রাইব্যাল এবং হরিজনদের ঘরে বিদ্যুৎ দেওয়ার জন্য যে টাকাটা তাদের কাছ থেকে দেওয়া হয়, আমার সাজেশন, সেই টাকাটা এম. এল. এ. কোটা, ট্রাইব্যাল দপ্তর এবং বিদ্যুৎ দপ্তর থেকে দিয়ে আদিবাসী, হরিজনদের ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হোক। এ বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। অর্থাৎ আমি বলতে চাইছি, আদিবাসীদের ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য এম. এল. এ কোটা থেকে, বিদ্যুং দপ্তর থেকে এবং তার সঙ্গে সঙ্গে ট্রাইব্যাল দপ্তর, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্যদ থেকে টাকা নেওয়া হোক এবং ফ্যামিলি ওয়াইজ দু' হাজার টাকা করে এস. ই. বি.-তে জমা দেওয়া হোক যাতে আদিবাসী এবং হরিজনরা বিদ্যুৎ পেতে পারে। এই বলে বাজেটকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ২০০১-০২ আর্থিক বছরের জন্য ৬৯ এবং ৭২ নং দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ মাননীয় বিদ্যুৎমন্ত্রী সভায় পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং কাটমোশনকে সমর্থন করে আমি কতগুলো কথা বলছি। আমরা সকলেই টেকনিক্যাল টার্ম সম্বন্ধে কিছুটা ওয়াকিবহাল। বিদ্যুতকে বলা হয় জুস। বিদ্যুৎ ছাড়া সমাজ-জীবন চলে না। বিদ্যুৎ মাঠে-ময়দানে, বাড়িঘরে, ইন্ডাস্ট্রিতে দরকার হয়। যেমন শহরে এর দরকার হয়, তেমনি গ্রামেও দরকার হয়। বর্তমানে বিদ্যুৎ ছাড়া উন্নয়ন হতে পারে না এটাই বেসিক কথা। সকলে এই একই কথা বলবেন এবং আমিও এর সঙ্গে একমত। মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় কিছুদিন আগে পর্যন্ত ইন্ডাস্ট্রি মিনিস্টার ছিলেন এবং

সঙ্গে সঙ্গে বিদ্যুৎ মন্ত্রীও হয়েছিলেন। তিনি বেশ ভাল করেই জানেন, বিদ্যুৎ সরবরাহ কিভাবে ইন্ডাস্ট্রিতে হচ্ছে। কিছুক্ষণ আগে নিশিকান্তবাবু কিছু পজিটিভ কথাবার্তা বলছিলেন, কিন্তু তিনি একটি কথা, সাঁওতাদির কথা বললেন না। সাঁওতালদি, যেটাকে ফ্লপ করে দেওয়া হয়েছিল, আমাদের এস. ই. বি.-র একজন ইঞ্জিনিয়ার সেই সাবোটাজ হওয়া জেনারেশন প্লান্টটিকে আবার চালালেন। সে জায়গায় দেখলাম, তাকে ৯০ পারসেন্ট এফিসিয়েন্সীতে নিয়ে যাওয়া যায় যদি অনেস্টি, সিনসিয়ারিটি, ইনটিগ্রিটি থাকে। আপনারা বলছেন, কংগ্রেস আমলে কিছু হয়নি। কিন্তু রাজ্য যা কিছু সবই তো কংগ্রেস আমলে করা। কোলাঘাট জেনারেশন প্ল্যান্ট কংগ্রেস করে গিয়েছিল। আপনারা তার উদ্বোধন করলেন। কিন্তু বক্রেশ্বর, সেটা এখনো শেষ করতে পারেননি। আমাদের সৌভাগ্য, পশ্চিমবঙ্গের অনেকগুলো জেনারেশন প্লান্ট এবং ইউনিট দেখবার সৌভাগ্য আমাদের হয়েছে। সেখানকার অসুবিধার কথা শুনে এসেছি। রাম্মামের যে পরিকল্পনা—ঐ রকম একটা দুর্গম জায়গায় ঐ রকম একটা ইউনিট যারা করেছেন তাদের যদি একটু সাহায্য করা যেত, সেখানকার স্টাফদের যদি আর একটু সাহায্য করা হত। অনেক পরিশ্রম করে তারা এটা তৈরি করেছেন, কিন্তু পরবর্তী কালে রাম্মামে গিয়ে দেখেছি, সেখানে জলের অভাবে এবং দুটি এজেন্সীর সঙ্গে কো-অর্ডিনেশন না থাকার ফলে সেখানকার উৎপাদন বন্ধ হবার মুখে। অথচ এই হাইডাল প্ল্যান্টে কোটি কোটি টাকা খরচ হয়েছে। সেখানে তাদের সঙ্গে ইরিগেশন ডিপার্টমেন্টের কোনও কো-অর্ডিনেশন নেই এবং তার ফলে সেটা জলের অভাবে আজ বন্ধ হবার মুখে। আর বক্রেশ্বর, সেটা দেখে আমরা খুশিই হয়েছিলাম। আমরা সেখানে ৮০-৮৫ ভাগ এফিসিয়েন্সী দেখে এসেছি। সেখানে একজন জাপানী ইঞ্জিনিয়ার—কেন এটা হবে, ১০০ পারসেন্ট এফিসিয়েন্সী আসবে না কেন? সেখানে কনট্রাক্টররা সময়ে টাকা পাচ্ছেন। তাহলে বক্রেশ্বরের ক্ষেত্রে বামফ্রন্টের এফিসিয়েন্সী কি করে হল? সেখানে ১ নং ইউনিটে প্রডাকশন হচ্ছে। আপনি ঘুরিয়ে দেখাচ্ছেন এখন সেটা। ১নং ইউনিট আপনারা রক্ত দিয়ে করবার কথা বলেছিলেন। সেই রক্ত জোগাড়ও করেছিলেন, কিন্তু সেটা আপনারা নর্দমা দিয়ে বইয়ে দিয়েছেন।

এখন সেই ১নং ইউনিটের কঙ্কাল পড়ে আছে। আমরা যখন জিজ্ঞাসা করেছিলাম, এই ইউনিটে হাত দিচ্ছেন না কেন, এর তো ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়ে আছে? জাপানী ইঞ্জিনিয়াররা বলেন, দ্যাট ইজ স্ক্রাপ, উই উড নট টাচ ইট। পরবর্তীকালে আপনাদের যে ইউনিট দিয়ে শুরু করেছিলেন, সেই ইউনিটে হাত দেন

নি। আপনারা বললেন, ১নং নয়। আমাদের কথা আর আপনাদের ভাষায় ২নং ইউনিট, এটা আগে শুরু হয়েছিল। পশ্চিমবঙ্গে ইন্ডাস্ট্রিগুলো সব উঠে যাচ্ছে। বহিরাগত সব সাব-কনট্রাক্টররা আসছে। বোম্বে, ম্যাড্রাস সেই সমস্ত জায়গা থেকে কনট্রাক্টররা আসছে। এমনকি, ক্লাস ফোর স্টাফও সেখান থেকে আসছে। আমরা প্রশ্ন করেছিলাম, এসব কি পশ্চিমবঙ্গে পাওয়া যায় না? পশ্চিমবঙ্গে হয়না এমন কোনও জিনিস নেই। ভারতবর্ষের অন্যান্য জায়গায় যা হতে পারে, এখানেও তা হতে পারে। আমি এই প্রসঙ্গে আপনি তখন ইন্ডাস্ট্রি মন্ত্রী ছিলেন। এস. ই. বি.-তে ছশো কোটি টাকার স্ক্যাম নিয়ে আমি এই বিধানসভায় বলেছিলাম। কিন্তু তার কোনও রি-অ্যাকশন হয়নি। আউটডোর সাব-স্টেশন নিয়ে বিশাল টেন্ডার দেওয়া হয়েছিল ওয়ার্ল্ড ওয়াইড। তিন দিনের টেন্ডার, ভারতবর্ষের প্রথম। আপনারা জানেন, এতে একটা টেকনিক্যাল বিড হয়। তিনজন দাঁড়িয়েছিল। তারপর প্রাইস বিড লোয়েস্ট ছ'শো কোটি টাকা যে দিয়েছিল, তাকে বাদ দিয়ে, ক্যালকাটা বেসড কোম্পানিকে বাদ দিয়ে সিমেন্সকে দেওয়া হয়। এই ব্যাপারে আমরা মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছে গিয়েছিলাম। মাননীয় মন্ত্রী বদ্ধদেববাবুর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আপনারও দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কেন সেই প্রোজেক্টে ছ'শো কোটি টাকা বেশি দামে আপনি অন্য পার্টিকে অর্ডার দিয়েছিলেন? পরবর্তীকালে তারা কোর্টে যায়। আমি একটা সাজেশন দিয়েছিলাম। এই ছ'শো কোটি টাকা এল-ওয়ান পদ্ধতিতে গেলে রাজ্য সরকারের বাঁচত। এটা হলে প্রোজেক্টের কাজ শুরু হয়ে যেতে পারতো। একটা কমপ্লিকেশন হলো। নয়া প্রোজেক্ট হল। সরকারের ছ'শো কোটি টাকা বাঁচত। জেনারেশানের উন্নতি হয়েছে। কিছুটা উন্নতি হয়েছে, এটা মানতে হবে। অনেকগুলো প্লান্ট হয়েছে, হাইডেল প্রোজেক্ট কিছু কিছু হয়েছে। কিন্তু অনেকে যেটা বলছেন, যদি কোনও ইউনিটে ৪০ পার্সেন্ট লস হয়, তাহলে সেই সংস্থা কি করে চলতে পারে? আগে কপার কনডাকটর ছিল। পরবর্তীকালে অ্যালুমিনিয়াম কনডাকটর হয়েছে। এখন এমন চুরি হচ্ছে যে, লোহার তার দিয়ে বিদ্যুৎ পরিবাহিত হচ্ছে। এতে লস্ তো হবেই। এছাড়া তো থেফট্, হুকিং, ট্যাপিং, পুওর কনডাকটিভিটি এসব আছে, ফলে লস্ তো হবেই খুব স্বাভাবিকভাবেই। আপনি এস. ই. বি.-তে বোর্ড তৈরি করে দিয়েছেন। সেখানে আই. এ. এস. লোকেরা আছেন। কিন্তু টেকনিক্যাল পার্সন একজনও সেখানে নেই। আপনি সভাধিপতিকে বসিয়ে দিয়েছেন, একজন রাজনৈতিক লোক, প্রাক্তন একজন বিধায়ক সেখানে আছেন। আমাদের একজন বিধায়ক এখানে বলছিলেন, পাওয়ার নিয়ে যদি রাজনীতি করতে চান, আমরা জুলজুল করে বসে

দেখব না। ডিপার্টমেন্টের ভেতরে যে নৈরাজ্য করে দিয়েছেন, আপনার ডিপার্টমেন্টের ছ'শো কোটি টাকার কোরাপশানের কথা আপনার কাছে তুলে দিলাম, ক্রমশ্য ৬০০ কোটি টাকা পশ্চিমবঙ্গ পেত ভাবতে পারেন, একটা জাপানী সংস্থা বাইরের থেকে টাকা দিতে চাইল কিন্তু কেন তা হল না তার জবাব আপনি দেবেন। একটার পর একটা দুর্নীতির কথা ভুলে ধরতে পারি। আপনারা জেনারেশানের ক্ষেত্রে উন্নতি করলেও বিদ্যুতে কানেকশানের ক্ষেত্রে সিঙ্কোনাইজেশন হয় না। আপনারা ভাবতে পারেন বিশ্বকর্মা পূজোর দিনও লোডশেডিং হয়েছে। সেদিন তো আর প্রোডাকশন বেশি হবে না। অর্দ্ধেক কারখানাই তো বন্ধ থাকে, তা সত্ত্বেও লোডশেডিং হয়েছে। তা ছাড়া এখন যা অবস্থা তাতে অর্দ্ধেক কলকারখানাই তো বন্ধ, তা সত্ত্বেও প্রোডাকশন স্টিল শর্টেজ। আমি হাওড়ার থেকে এসেছি, আপনার বড় বড় কারখানা বন্ধ হয়ে গেছে। স্টিল প্ল্যান্ট বন্ধ হয়ে গেছে। তা সত্ত্বেও পাওয়ার সর্টেজ কেন রয়েছে বলুন তো। এর জবাব আপনি দেবেন আমরা চাইছি কো-অপরেশান করতে কারণ এখন অনেক শিল্পের ক্ষেত্রে উন্নতি হবে শুনছি। তারপরে সি. ই. এস. সি-র ব্যাপারে বারেবারে বলেছি এবং একথাও বলেছি যে, সি. ই. এস. সিকে আপনারা কমিটিতে ডাকুন..........

(এই সময়ে মাইক অফ হয়ে যায় এবং অন্য সদস্যর নাম ডাকা হয়।)

[3-20 — 3-30 p.m.]

**শ্রী নর্মদাচন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিদ্যুৎ মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপিত করেছেন সেই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করছি। এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করছি। আমি এতোক্ষণ ধরে পঙ্কজবাবু এবং অম্বিকা ব্যানার্জি মহাশয়ের বক্তৃতা শুনলাম। তাঁরা বলেছেন ভারতবর্ষ স্বাধীন হবার পর থেকে যতটুকু উন্নতি হয়েছে তারপরের থেকে ২০০১ সাল পর্যন্ত আর অগ্রসর বিদ্যুতে হয়নি। তাঁদের আমি অনুগ্রহ করে বলছি যে, ১৯৫১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত ওই সময়ের মধ্যে গড় উৎপাদন ক্ষমতা ভারতবর্ষে ১৪ গুণ আর পশ্চিমবঙ্গে সেখানে ৮ গুণ বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বেড়েছে। আজকে পঙ্কজ বাবু বিভিন্ন স্টেটের যে পরিসংখ্যান দিলেন আমি শুধু একটি কথা বলতে চাই সেটা হল যে, আমাদের ইনিশিয়াল ক্যাপাসিটি অনেক বেড়েছে। ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল এই ৩০ বছরে যে গড় ছিল তাতে ৩০ বছর ধরে ১ হাজার ৩৬১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছিল। সেখানে পশ্চিমবঙ্গে ১৯৭৭ সাল থেকে

এই ২০০১ এই ২৪ বছরে ৩ হাজার ৩৭৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বাড়িয়েছে। এই বিদ্যুতের পাওয়ার প্ল্যান্টগুলো অনেক বছরের পুরনো, ৫০ বছরের পুরনো পাওয়ার প্ল্যান্ট। একবারে ভগ্ন অবস্থা ছিল, বিদ্যুৎ উৎপাদনই হত না। সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে সাঁওতালডিহি পাওয়ার প্ল্যান্ট তৈরি হয়েছিল। ওটা একেবারে রুগ্ন হয়ে গেছিল, আজকে পশ্চিমবঙ্গ সরকার সেটাকে আধুনিকীকরণ করে তার থেকে নিট ২৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। আজকে জরাজীর্ণ পাওয়ার প্ল্যান্টগুলোকে আধুনিকীরণ করে, পুনরুজ্জীবিত করে এবং তার সঙ্গে থার্মাল পাওয়ার—জল বিদ্যুৎ প্রকল্পগুলোকে কাজে লাগিয়ে গুরুত্ব দিয়ে সেগুলোর থেকে বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে। সুতরাং একটা দেশের সার্বিক উন্নয়ন নির্ভর করে তার বিদ্যুতের ভূমিকার উপরে। শিক্ষা বলুন, কৃষি বলুন এবং শিল্প বলুন সমস্ত ক্ষেত্রে উন্নয়ন করতে গেলে বিদ্যুতের ভূমিকা আছে। আমাদের সেই নীতিতেই বিদ্যুতের উৎপাদন বাড়ানো হচ্ছে।

আজকে বক্রেশ্বর তৈরি হয়েছে, যেটা আমাদের গর্ব, ৮ বছর আগেই বক্রেশ্বর হত সেই বক্রেশ্বরকে আপনারা পিছিয়ে দিয়েছেন। তখন কেন্দ্রে যারা ছিলেন তারা অসহযোগিতা করেছেন, বঞ্চনা করেছেন, তা নাহলে ৮ বছর আগেই বক্রেশ্বর তৈরি হলে শিল্পে আমরা এগিয়ে যেতে পারতাম। আমরা পশ্চিমবাংলায় অনেক বেশি বিদ্যুৎ ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ হতে পারতাম। আমরা পশ্চিমবাংলার মানুষকে উন্নয়নমুখী করেছি, আজকে মানুষ জি. আর. চায় না, মাইলো চায় না। মানুষ চায় উন্নয়ন, মানুষ চায় বিদ্যুৎ। মানুষকে আমরাই উন্নয়নমুখী করেছি। পশ্চিমবাংলায় ২৪ বছর ধরে আমরা আছি, কয়েক বছর ধরে শিল্পে যে জোয়ার এসেছে, আজকে একদিকে যেমন নুতন নুতন শিল্প প্রতিষ্ঠিত হয়েছে, আজকে বড় বড় শিল্পের মালিক যারা শিল্প প্রতিষ্ঠা করছেন, নুতন নুতন শিল্প তৈরি হচ্ছে একদিকে, বিদ্যুৎ এর চাহিদাও বাড়ছে শিল্প ক্ষেত্রে, প্রত্যেকটি ক্ষেত্রে ব্যাপক চাহিদা বাড়ছে বিদ্যুৎ এর চাহিদাকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সরকার পুরনো পাওয়ার প্ল্যান্টকে পুনরুজ্জীবিত করবেন, সাঁওতালডিহি ও জলঢাকাকে পুনরুজ্জীবিত করছেন। পাশাপাশি রাম্মাম এবং তিস্তা ক্যানেল এই দুটোকে উন্নতি করতে হবে। সঙ্গে সঙ্গে আপনারা জানেন ট্রান্সমিশান ট্রাককে বৃদ্ধি করার জন্য পাওয়ার জেনারেশানকে বৃদ্ধি করার জন্য আজকে বিভিন্ন জল বিদ্যুৎ প্রকল্প আমরা হাতে নিয়েছি ফলে আজকে চেষ্টা হচ্ছে গোটা পশ্চিমবাংলায় বিদ্যুৎ এর চাহিদা মেটাবার জন্য সেখানে পাওয়ার জেনারেট করতে হয় এবং উৎপাদন বৃদ্ধি করার পরিকল্পনাও নিচ্ছেন। আজকে

সৌরশক্তির মাধ্যমে, গোবর গ্যাস প্ল্যান্ট যা হয়েছে, আজকে বিভিন্ন গ্রামে যেমন গোসাবা অঞ্চলে বায়ো গ্যাসের পরিকল্পনা করা হয়েছে, গোবর গ্যাসের প্লান্ট করে গরিব মানুষের মধ্যে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। এর ফলে গ্রামে বিদ্যুৎ সম্প্রসারণ হয়েছে। সেচ সম্প্রসারণ হয়েছে। বিদ্যুৎ এর জন্য ডিপ-টিউবওয়েল বলুন, স্যালো টিউবওয়েল বলুন, ক্লাস্টার আর এল আই বলুন এই সবের মাধ্যমে আজকে বহু জায়গায় সেচ সেবিত এলাকাকে সম্প্রসারণ করা সম্ভব হয়েছে। সুতরাং একদিকে এই যে রেস্টোরেশান এবং ডিস্ট্রিবিউশান এই দুটোকে নিয়ে মানুষের চাহিদা অনুসারে পশ্চিমবাংলার সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে বিদ্যুৎ এর চাহিদা মেটাবার চেষ্টা করছে। আজকে পঙ্কজবাবু বলছিলেন এন. টি. পি. সি. পশ্চিমবাংলায় বিদ্যুৎ দেয়। কিন্তু বিদ্যুৎ এর জন্য যে টাকা তা দিতে পারেনি। এন. টি. পি. সি. থেকে বিদ্যুৎ নেওয়া হয়, কিন্তু যখন বিদ্যুৎ চাওয়া হয়না, তখনও তারা বিদ্যুৎ দেয়, ফলে বিদ্যুৎ নিতে হবে দরকার হোক বা না হোক। সেটা জোর করেই চাপিয়ে দেওয়া হয়। আজকে কেন্দ্রের এই যে চক্রান্ত, এর বিরোধিতা আপনারা করছেন না। আপনারা পশ্চিমবাংলার বিরোধিতা করছেন, কিন্তু কোনও কৃতিত্ব দেখতে পারছেন না। পশ্চিমবাংলায় এই যে উন্নয়ন হচ্ছে, রাস্তাঘাটের উন্নয়ন সেটা আপনারা স্বীকার করছেন না। পশ্চিমবাংলার জনসাধারণের বিরোধিতা করে লাভ নেই, একটি কথা খালি বলব, আজকে বিভিন্ন জায়গাতে পাওয়ার সার্ভিস স্টেশন হয়েছে, কিন্তু বিদ্যুৎ সরবরাহ এবং ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে সবচেয়ে বড় সমস্যা যেটা সেটা হচ্ছে ট্রান্সমিশান, এটা না বসানোর জন্য সব জায়গায় বিদ্যুৎ সরবরাহ করা যায় না। তাই আমি মাননীয় মন্ত্রীকে বলব সেইগুলিকে তাড়াতাড়ি সম্প্রসারণ করার জন্য আপনি উদ্যোগ নেবেন। এই কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিদ্যুৎমন্ত্রী শ্রী মৃণাল ব্যানার্জি মহাশয় যে ব্যয়-বরাদ্দ এনেছেন এবং তার সমর্থনে যে দাবি পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে আনীত কাটমোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য এখানে রাখছি।

স্যার, আমার বক্তব্যের শুরুতেই আমি দু-একটি কথা বলতে চাই, আজকে যে সরকার রাজ্যে ক্ষমতায় বসে আছে, সেই সরকারের দূরদৃষ্টিতার অভাব আছে এবং এর জন্যই আজকে পশ্চিমবাংলা ভুগছে। দূরদৃষ্টির অভাব, অ্যাটিচ্যুডের অভাব, এই

কথাগুলো আমরা বহুদিন ধরেই বলার চেষ্টা করছি। এই সরকার সেল্ফ কন্ট্রাডিকশনে ভোগার জন্য শিল্প, বিদ্যুৎ উৎপাদন, প্রভৃতি বিষয়ে সামগ্রিকভাবে রাজ্যের উন্নতির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ আজকে পিছিয়ে আছে। আমরা দেখছি বাজেট বইতে বিভিন্ন জায়গায় আপনি বলেছেন—জাপান ব্যাঙ্ক অফ ইন্টারন্যাশনাল কর্পোরেশন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, এসব জায়গা থেকে ঋণের জন্য আপনি আবেদন করেছেন। এই ঋণ নেওয়ার ব্যাপারে আপনাদের অনেক ছুৎমার্গ ছিল। প্রতিটি ক্ষেত্রে আপনারা সিদ্ধান্ত নিতে দ্বিধাগ্রস্থ। এই কারণে আজকে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্য থেকে পিছিয়ে আছে, তাদের ছাপিয়ে যেতে পারছে না। বিশ্বব্যাঙ্কের ঋণ নেওয়া থেকে শুরু করে, কম্পিউটার ইন্ট্রোডাকশন, প্রাইভেট কলেজ, মেডিকেল কলেজ থেকে শুরু করে সর্বত্র আপনারা পিছিয়ে আছেন। সামগ্রিকভাবে গোটা রাজ্যের উন্নয়ন করার ক্ষেত্রে আপনারা সব সময় বিরোধিতা করেছেন, তাই আজকে আপনারা ল্যাজে গোবরে হয়ে যাচ্ছেন। একটা কথা আছে—'সেই পায়েল মল খসালি, তবে কেন লোক হাসালি'। আপনাদের সেই মাল্টিন্যাশনালদের ঢোকাতে হল, সেই কম্পিউটার ইন্ট্রোডাকশন করতে হল, সেই ক্লাস টু থেকে ইংরাজি চালু করতে হল, সেই জাপানী সংস্থা থেকে টাকা নিতে হল—কিন্তু আপনাদের ভুল সিদ্ধান্তের জন্য আমাদের জীবনের অনেকটা পথ আজকে উন্নয়নের জন্য থেমে গেছে। আপনারা পাওয়ার কতটা ডেভেলপ করেছেন জানিনা, কিন্তু আপনাদের পেশী শক্তির পাওয়ার অনেকটা ডেভেলপ করেছে। এবারের নির্বাচনে আপনার এক লক্ষ আট হাজার ভোটে জয়লাভ দেখেই সেটা বোঝা যায়, আপনার পেশী শক্তির পাওয়ার অনেকটা ডেভেলপ করেছেন, তাই আপনি এত ভোটের ব্যবধানে জিতেছেন। পঁচাত্তর হাজার ভোটের ব্যবধানেও অনেকগুলো আসনে আপনাদের দলের লোকেরা জিতেছেন, পেশী শক্তিতে আপনারা অনেক এগিয়ে আছেন অন্যান্য রাজ্যের তুলনায়।

স্যার, আপনাকে আরেকটা কথা জিজ্ঞাসা করতে চাই, ভারতবর্ষের ক্যাপিটালগুলিতে বিদ্যুৎ সরবরাহ করেন কারা? কোথাও কিন্তু প্রাইভেট সেক্টর নেই; শুধু মাত্র ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইয়ের দায়িত্ব আপনারা একটি প্রাইভেট সংস্থা, গোয়েঙ্কাদের হাতে তুলে দিয়েছেন এবং এই দায়িত্ব তুলে দিয়েছেন শুধু মাত্র লুটপাট করার জন্য। এর পেছনে কার কি স্বার্থ আছে আমি জানিনা। আজকে মুম্বাইতে বিদ্যুৎ সরবরাহ করে মুম্বাই মিউনিসিপাল কর্পোরেশন, দিল্লিতে বিদ্যুৎ সরবরাহ করে দিল্লি ইলেকট্রিসিটি বোর্ড, সবকটি ক্যাপিটালেই বিদ্যুৎ সরবরাহের দায়িত্বে আছে হয় সরকার, নয় মিউনিসিপ্যালিটি। একমাত্র কলকাতাতেই দায়িত্ব

দেওয়া হয়েছে গোয়েঙ্কাদের মত একটি প্রাইভেট সংস্থার হাতে। এখানে কার কি স্বার্থ আছে জানিনা। এর ফলে আজকে কলকাতার মানুষের নাভিশ্বাস উঠছে। আজকে মোট বিলের ৫০ শতাংশ সারচার্জ হিসাবে দিতে হচ্ছে এবং এই হিসাবটা তাদের কাছেও পরিষ্কার নয়। গোয়েঙ্কাদের এই লুঠ করার অধিকার আপনারা কেন দিচ্ছেন জানিনা। কতবড় চক্রান্ত এখানে হয়েছে দেখুন, বিদ্যুতের সারচার্জ বৃদ্ধির সংশোধনের ব্যাপারে ওরা আবেদন করল। তখন একটা কমিশান বসানো হল, দেবকুমার কমিশান, তাদের বিচার্য্য বিষয় ছিল হোয়েদার দি ডিমান্ড ওয়াজ কারেক্ট অর নট। কিন্তু সেই রিপোর্ট পাল্টে দেওয়া হল।

অরিজিনাল রিপোর্ট শঙ্করবাবুর কাছে গিয়েছিল এবং তিনি আপত্তি করেছিলেন। আজকে বলতে দ্বিধা নেই যে, শঙ্কর সেনকে নিঃশব্দে চলে যেতে হয়েছিল। কারণ কি? প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু চেয়েছিলেন গোয়েংকাদের সাহায্য করতে। তার ইচ্ছার বিরুদ্ধে যাওয়ার জন্য শঙ্কর সেনকে চলে যেতে হল। ভারতবর্ষের আর কোথাও একজন মন্ত্রী নিঃশব্দে মন্ত্রিত্ব থেকে চলে গেছেন? কেউ জানতে পারল না, শুধু একটা সাপ্তাহিক পত্রিকা 'দি উইক' তাতে বেরিয়েছিল তাঁর মেয়েকে সি. পি. এম.-এর ক্যাডাররা খুন করবে বলে তিনি চলে গেলেন। আবার দেখুন সারচার্জ বাড়িয়ে ইউনিটের দাম বাড়ানোর পরিকল্পনা চলছে। দাম বাড়ানোর জন্য সি. ই. এম. সি. একটা রেগুলেটরি কমিশন করেছে। আগে সি. ই. এস. সি., টি. অ্যান্ড ডি. লসটা খুব কম দেখাত। আজকে সেটা রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ছাড়িয়ে যাবার উপক্রম—যে বিদ্যুৎ পর্ষদ পাহাড়, জঙ্গল, গ্রাম পেরিয়ে বিদ্যুৎ পৌঁছে দিচ্ছে। আজকে সি. ই. এস. সি., টি. অ্যান্ড ডি. লস তাদের সমান বা তার থেকে বেশি দেখিয়ে বিদ্যুতের দাম বাড়ানোর পরিকল্পনা করছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি। মন্ত্রী মহাশয়কে দৃঢ় ভাবে দেখতে হবে এটা অ্যাকউন্টেড লস না অরিজিনাল লস। সারা রাজ্যের সমস্যা হচ্ছে ভোল্টেজ এবং ফ্রিকোয়েন্সির পার্থক্য। যেজন্য অনেক জায়গায় আপনারা শিল্পপতিদের বলছেন যেখানে ট্রান্সমিটার আছে, সেইরকম জায়গায় আপনাদের শিল্প স্থাপন করুন। এটা একটা সরকারের কাছে খুব একটা সুখের কথা নয় যে আপনারা শিল্পপতিদের বলছেন যেখানে ট্রান্সমিটার আছে, প্রপার ফ্রিকোয়েন্সি আছে সেখানে শিল্প করতে। এই ফ্রিকোয়েন্সিকে আপনাদেরই ঠিক করতে হবে। আর এটা করতে গেলে দরকার আরও বেশি জলবিদুৎ। সেক্ষেত্রে আপনাদের উদ্যোগ এমন কিছু জায়গায় পৌঁছয়নি আপনারা নিজেরাও স্বীকার করেন সেই কথা। আপনারা বলছেন রাজ্যে যখন বিদ্যুতের চাহিদা চূড়ান্ত থাকে, সেই সময়

উৎপাদন কিছু কম থাকে আর চাহিদা যখন কম থাকে সেই সময় কিছু উদ্বৃত্ত হয়। কোন কোন জায়গায় বলছেন—বিদ্যুৎ বিক্রিও করছেন। আবার বলছেন গ্রামে গ্রামে কনজিউমারদের কাছে বিদ্যুৎ দিতে পারছেন না। এখানে আমরা ভারতবর্ষের অনেক রাজ্য থেকেই পিছিয়ে আছি। ১৩টি রাজ্য শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে, সেখানে পশ্চিমবাংলায় ২০০ সাল পর্যন্ত ৭৭.৬০ শতাংশ গ্রামে বিদ্যুৎ গেছে আর একটা ভয়ংকর তথ্য দেখুন পার ক্যাপিটা কনজাম্পশন অফ ইলেক্ট্রিক এক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে আমরা অন্ততঃ ৬ থেকে ৭টি রাজ্যের পেছনে আছি। ১৯৯৮ সালে যে স্ট্যাটিসটিক্স বেরিয়েছে, তাতে দেখা যাচ্ছে ২.৬ মেগাওয়াট বিদ্যুৎ পার ক্যাপিটা কনজাম্পশান পশ্চিমবাংলায় সেখানে ৮/১০টি রাজ্য আমাদের থেকে এগিয়ে আছে। মৃণালবাবুর কাছে জানতে চাইছি হাউসহোল্ড কনজাম্পশানে কোথায় আছি আমরা। যেখানে গুজরাটে শতকরা ৫৬টি, মহারাষ্ট্রে ৫৮টি, পাঞ্জাবে ৭৭টি, কেরালায় ৪২টি, তামিলনাড়ুতে ৪৫টি, অন্ধ্রপ্রদেশে ৩৮টি, মধ্যপ্রদেশে ৩৫টি বাড়িতে বিদ্যুৎ পৌঁছে গেছে, সেখানে পশ্চিমবাংলায় শতকরা ১৮টি বাড়িতে গেছে। এটা সত্যি কিনা, এই সম্বন্ধে কোন ধারণা আছে কিনা বলবেন।

আমি আরও একটা কথা বলি বক্রেশ্বরের ৪ এবং ৫ নাম্বার ইউনিট নিয়ে কোনও সিদ্ধান্তে আপনি পৌঁছাতে পারেন নি। সেখানে বিদ্যুৎ উৎপাদন এখনও হয়নি। জানি না কবে হবে। সাগরদীঘিতে এখনও হয়নি। পুরুলিয়া পাম্পিং স্টেশন এখনও হয়নি। আপনি এইগুলি সম্পর্কে গতবারও লিখেছিলেন, এবারও বলেছেন। আপনি গ্রামের বিদ্যুতের ক্ষেত্রে একটা তথ্য দিয়েছেন—অদ্ভুত ব্যাপার, আপনি যে তথ্য দিয়েছেন সেটা হচ্ছে আপনি সেই তথ্যে কারচুপি করেছেন বলে আমি আপনার বিরুদ্ধে অভিযোগ আনছি। মৌজায় বিদ্যুতের ক্ষেত্রে যে তথ্য দিয়েছেন সেখানে আপনি কারচুপি করেছেন। আপনি বলেছেন যে, ২০০১ সালের এপ্রিল থেকে অক্টোবর মাস পর্যন্ত ৭ মাসে ৭২টি মৌজায় বিদ্যুৎ পৌঁছেছে। অথচ আপনি বিধানসভায় বলেছেন গত বছর ৫১০টি মৌজায় দিয়েছেন। বইয়েতে বলছেন ৯২৯টি মৌজায় বিদ্যুৎ দিয়েছেন।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

[3-40 — 3-50 p.m.]

**শ্রী শেখ জাহাঙ্গীর করিম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে এখানে মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে পূর্ণ

সমর্থন করে বিরোধীদের আনা সমস্ত কাটমোশানের বিরোধিতা করে এখানে কয়েকটি বিষয়ে উত্থাপন করতে চাই। স্যার আপনি জানেন আমাদের দেশ বিশাল দেশ। যুক্তরাষ্ট্র পরিকাঠামোর মধ্যে আমাদের রাজ্য সরকারকে চলতে হয় এবং এটা ঠিকই যে, আমাদের রাজ্য সরকারের আর্থিক দায়-দায়িত্ব সীমাবদ্ধ। তাই এই সীমাবদ্ধ দায়িত্বের মধ্যে থেকেই আমাদের বিদ্যুৎমন্ত্রী যে বলিষ্ঠ পদক্ষেপ রেখেছেন প্রায় ১৫২৪ কোটি টাকার যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উপস্থাপন করেছেন, এটা একটা দুঃসাহসিক পদক্ষেপ বলে মনে করি। মনে করি এই কারণে যে, আমাদের রাজ্যসরকারের যে ক্যাশবাক্স আছে, সেটা ফুটো বাক্স। বিভিন্ন দিক দিয়ে তাকে দায়িত্ব পালন করতে হয়। আমাদের রাজ্য সরকারের দপ্তরগুলি হচ্ছে দেওয়ার দপ্তর। যখন পঞ্চায়েত অফিসের দরজা খোলে তখন রিলিফ চায় যে, ত্রিপল দিতে হবে। কোনও অসুখ-বিসুখ হলে স্বাস্থ্য দপ্তরকে চিকিৎসার জন্য ফান্ড করতে হবে। আর ওই কেন্দ্রীয় সরকারের দপ্তর হচ্ছে নেওয়ার দপ্তর। পোস্ট অফিসে পোস্ট কার্ড কিনতে গেলে আগে পয়সা দিন তবে কার্ড দেব। রেলের অফিসে টিকিট নিতে গেলে আগে পয়সা দিন তারপর দেব। স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় সরকার ধারাবাহিকভাবে আমাদের বঞ্চিত করে যাচ্ছেন, বঞ্চনা করে যাচ্ছেন। আর ওই ওপাশে বসে আছেন, যারা বাংলার কথা বলেন, বাংলার মানুষ বন্যায় যখন কবলিত, তখন ১৪৮৭ কোটি টাকা দিল না। ১০৩ কোটি টাকা দিল বন্যার সময়। কালিঘাটের বেদীতে গোড়ালির উপর কাপড় তুলে সংবাদপত্রে ছবি তুলে বললেন দেখুন জল আমার ঘরেও ঢুকেছে। ষাঁড়াষাঁড়ির বান এলে কলকাতার রাস্তার উপর জল উঠে যায়। ষাঁড়াষাড়ির বান তো জানেনা যে এটা রেলমন্ত্রীর বাড়ি এখানে ঢুকব না। সেখানে ১৪৮৭ কোটি টাকা দিল না। বলে দিল এটা ম্যান মেড, তাই টাকা দেওয়া যাবে না। এই ভাবে আমাদের সরকারকে হাতে না মারতে পেরে ভাতে মারবার চেষ্টা করছেন। তাই স্যার, আপনাকে বলব আপনি এখানে আছেন, আপনারই অঙ্গুলীহেলনে আমরা উঠি, আর বসি।

স্যার, আপনি ওঁদের শক থেরাপী করুন, ওঁরা অতীতের কথা ভুলে গেছেন অ্যাক্সিডেন্টের পরে ওঁদের মেমারী ফেল করেছে। এখন যদি শক থেরাপী করা হয় তাহলে ওঁদের মেমারী ফিরে আসবে। অনেক পাগলকেও শক থেরাপী করা হয় অ্যাক্সিডেন্টের পর। আমি এই কারণে বলছি ওঁরা জানেন না যে কোলাঘাট থার্মাল পাওয়ার যে কেন্দ্র থেকে মাননীয় সদস্য গৌতম রায়চৌধুরী নির্বাচিত হয়েছেন সেখানে ১৯৭৩ সাল থেকে এটাকে কার্যকর করার চেষ্টা করা হয়েছে। বামফ্রন্ট

সরকার আসার পর ১৯৮২ সালে এই প্রোজেক্ট চালু করেছে। এটাই ঘটনা। আপনাদের তৎকালীন মুখ্যমন্ত্রী কোলাঘাট থার্মাল পাওয়ারের টাকা নিয়ে নেতাজী ইন্ডোর স্টেডিয়াম তৈরি করলেন। কেন করলেন তিনি লাল-নীল গেঞ্জি এবং ছোট প্যান্ট পড়ে সেখানে ব্যাডমিন্টন খেলবেন বলে। আবার আপনারা কি বললেন বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র হবে না। কারণ ওখানে জল পাওয়া যাবে না, ওখানে গরম জল বেরোবে। এখন কি হচ্ছে? এক সংবাদপত্র লিখেই দিল বাংলার বাচ্ছার রক্তে কত তেজ। ওখানে চিমনীতে ধোঁয়া উঠেছে আর ছাই পড়ছে আপনাদের মুখে। এখন বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র চলছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব যাদের রক্ত দিয়ে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরি হয়েছে আপনি আগে তাদের ঘরে আলো জ্বালান। আর যারা নিন্দুক ছিল তাদের পরে দেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওঁরা ১৩ মাস দিল্লি সরকারে ছিলেন, বাংলার জন্য একটা কানাকড়িও আনেননি। এখানে শোভনদেববাবু কিছু প্রস্তাব রেখেছেন আমি তার সাথে একমত। ১৩ মাস ছিলেন বাংলার জন্য একটা কোনও পরিকল্পনা চেষ্টা করেছেন দিল্লিতে যারা ছিলেন। দিল্লিতে যিনি ছিলেন—একজনকে নিয়ে কত টানাটানি সাউথ-ইস্টার্ন রেলের। একবার আমি রূপসী-বাংলা ধরে মেদিনীপুর যাব বলে ৬ টার সময় হাওড়া স্টেশনে পৌঁছলাম, তখন মাইকে ঘোষণা হচ্ছে রূপসী বাংলা ১৮ নম্বর প্ল্যাটফর্ম থেকে ৬টা ৫ মিনিটে ছাড়বে। আমি ১৮ নম্বর প্ল্যাটফর্মে গিয়ে শুনি ১৮ নম্বর প্ল্যাটফর্ম থেকে ধৌলি এক্সপ্রেস ছাড়বে। একই প্ল্যাটফর্মে দুটো গাড়ি একটা ইঞ্জিন। তখন এক কুলিকে আমি জিজ্ঞাসা করলাম দাদা রূপসী-বাংলা কখন ছাড়বে। সেই কুলি বলব ধৌলি কা আন্দার মে রূপসী হ্যায়। যেমন আপনি লক্ষ্মৌতে ভুলভুলাইয়াতে গেলে দেখবেন আপনি যেখান দিয়ে বেরতে চাইছেন সেখান দিয়ে বেরতে পারবেন না। এখানেও সেই রকমই ১৮ নম্বর প্ল্যাটফর্মের ট্রেন ধরলে পুরুলিয়ার বদলে উড়িষ্যাতে চলে যাবেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** করিমসাহেব, এটা বিদ্যুতের আলোচনা রেলের আলোচনা নয়।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী শেখ জাহাঙ্গীর করিম ঃ** আমি স্যার, এই জন্য কথাটা তুললাম যে তাঁরা তো ১৩ মাস দিল্লিতে ছিলেন বাংলার জন্য তো কিছু করলেন না। সেই অবস্থায় দাঁড়িয়ে আমাদের দায়িত্ব নিতে হয়েছে। সেই অবস্থাটা একটু স্মরণ করতে বলব।

১৯৭৭ সালে তাদের সময়ে এই দপ্তরের বাজেটে কত টাকা ধার্য করা হয়েছিল? ৭২ কোটি টাকা। আর ১৯৭৭-৭৮ সালে আমাদের সময় কত হল? ১১০ কোটি টাকা। আর মোট বাজেট পরিকল্পনা ছিল তাদের আমলে ২২৮ কোটি টাকা। কিন্তু আমাদের এখন হয়েছে ১,৫২৪ কোটি টাকা। এগোয় নি? আপনাদের মানসিকতা ছিল? ১৯৭৭ সালে ওদের উৎপাদন ঘাটতি ছিল ২৫৪ মেগাওয়াট এবং পরবর্তী ৫ বছরে এটা বেড়ে হয় ৫০৮ মেগাওয়াট। এব্যাপারে মাননীয় প্রাক্তন বিদ্যুৎ মন্ত্রী কি বলেছেন একটু স্মরণ করুন। আমাদের কথা নয়, আনন্দবাজার পত্রিকার কথা। বলছেন, (বিদ্যুৎ সংকট ১০ লক্ষ গ্রামে, এক মাস লো-ভোল্টেজ হয়েছে, লোডশেডিং যত বাড়ছে পাণীয় জল তত কমছে, মোমবাতির আলোয় বিধানসভায় স্পিকারের প্রবেশ ও প্রস্থান)১৮ই এপ্রিল, ১৯৭৪। গণিখান চৌধুরী ১৯৭৫ সালে বর্মন কমিশন তৈরি করেছিলেন। কি ছিল সেই কমিশনের রিপোর্টে? লোডশেডিং-এর ফলে ১৯৭২ থেকে ১৯৭৪ সাল পর্যন্ত চট, ইঞ্জিনিয়ারিং-সহ বিভিন্ন শিল্প উৎপাদন ব্যাপক ভাবে ব্যাহত হয়েছে। তাই বর্মন কমিশন করা হয়েছিল। বলছে ১ লক্ষ ৫২ হাজার ৫০০ টন চট উৎপাদন হয়নি। এর মূল্য কত? ৫৮ কোটি ৮০ লক্ষ টাকা। বিদ্যুৎ বিচ্ছিন্নতার ফলে ১৯৭২ সালে ৪২ হাজার টন চট উৎপাদন হয়নি। এর মূল্য ১৫ কোটি ৫০ লক্ষ টাকা। কোন জায়গায় গিয়েছিল বিদ্যুতের অবস্থা? মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে বলব ওঁদের পরামর্শ যদি গ্রহণ করেন তাহলে আমাদের আবার ১৯৭৭ সালে পিছিয়ে যেতে হবে। তাদের আমলে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা কত ছিল? ৯৪৩ মেগাওয়াট। কিন্তু আজকে আমাদের সেটা হয়েছে ৭ হাজার ৯৯। আমরা যে এগিয়েছি এটা কি বলার অপেক্ষা রাখে? তখন কি ছিল উৎপাদনের পরিমাণ? ৩৩৪৬ মিলিয়ন ইউনিট। আমাদের কত? ১২ হাজার ২০৮.৯৬ মিলিয়ন ইউনিট। এগোয় নি? আপনাদের সময় গ্রাহক সংখ্যা ছিল ৮ লক্ষ ৮৭ হাজার। এখন হয়েছে ৫১ লক্ষ ৭৩ হাজার ১৭০। এমনিতে হল? তখন গ্রামীণ বৈদ্যুতিকরণের অবস্থা ছিল কি রকম? ১০ হাজার ৯৮১টা মৌজা ছিল, এখন হয়েছে ২৯ হাজার ৬০৯টা। কি হল বিদ্যুৎ বন্টনের ব্যাপারে? আমরা দেখলাম খুঁটি পুতে নারকোল দড়ি অ্যালুমিনিয়ামের রঙে রাঙিয়ে তাতে জুড়ে দেওয়া হল এবং ইনস্পেকশন হয়ে গেলে সেগুলো খুলে ফেলা হল। গ্রামের একটা প্রান্তের একটা বাড়িতে আলো জ্বেলে খাতা-কলমে ইলেকট্রিফায়েড মৌজা হিসাবে ঘোষণা করে দিলেন। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় নিবিড় ভাবে যাতে ইলেক্ট্রিফিকেশন করা যায় তার উদ্যোগ নিয়েছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, পাম্পসেট, গ্রামীণ বিদ্যুৎ নিগম হয়েছে। এই বিদ্যুৎ নিগমের মধ্যে দিয়ে আমরা আমাদের জেলায় বিশেষ করে আমার ব্লকে বিদ্যুৎ নিগমের উদ্যোগে কাজ শুরু হয়েছে। আমি আমার ২৩টি মৌজায় বিদ্যুতের সম্প্রসারণ ঘটিয়েছি। এতে গ্রামের গরিব মানুষ, গ্রামের খেটে-খাওয়া মানুষ আজকে উপকৃত হচ্ছেন। কুটিরজ্যোতি, লোকদীপ প্রকল্প আমরা করার চেষ্টা করেছি। কিন্তু লোকদীপ তাঁরা তুলে দিলেন। এখনও পর্যন্ত ১ লক্ষ ২১ হাজার ৭৪৫ জনকে কুটিরজ্যোতির আওতাধীন করতে পেরেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে সামগ্রিকভাবে আমরা যে প্রচেষ্টা গ্রহণ করেছি তাকে সফল করার জন্য আমাদের বিদ্যুৎমন্ত্রী মহাশয় আরও বলিষ্ঠ পদক্ষেপ নেবেন এই প্রত্যাশা আমরা করছি। স্যার, আপনি জানেন যে, মাননীয় পঙ্কজবাবু বলছিলেন, আমরা নাকি বিদ্যুতে রাজনীতিকরণ করেছি। আর ওঁরা বিদ্যুতে করেছিলেন বন্ধাত্বকরণ। এই কথা বলে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের আনীত বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় এখানে যে বাজেট ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং আমাদের দল সহ বিরোধীদের আনীত কাটমোশন গুলোকে সমর্থন করে এখানে কিছু বক্তব্য রাখতে চাই। আমার বিরোধী রাজনৈতিক দলের বন্ধুরা খুব গর্ব করে বার বার বলছেন যে, পশ্চিমবঙ্গের বিদ্যুতের ক্ষেত্রে তাঁরা নাকি ব্যাপক উন্নতি করেছেন এবং প্রশাসন নাকি স্বচ্ছ। অথচ আমরা দেখছি গত ২২শে জুন কাটোয়া মহকুমা শাসকের কাছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে একটা ডেপুটেশন দেওয়া হয়েছে—শুধু মাত্র বিদ্যুৎ দপ্তরের কাজের ব্যাপারে। সেখানে তাদের বক্তব্য হল যে, কাজে গাফিলতি, বিধি বহির্ভূত কাজ বিদ্যুৎ প্রশাসনের অশোভনীয় তৎপরতা সেখানে তাদের অভিযোগ ১৯৯৬ সাল থেকে এম. পি. কোটার জন্য যে বিদ্যুৎ দেওয়ার কথা ছিল তা এখনও নাকি কার্যকার হয়নি। প্রত্যেকটি পদে পদে বিদ্যুৎ দপ্তরের যে কাজ হওয়া উচিত ছিল তা হয়নি। অথচ আমার বিরোধী রাজনৈতিক দলের বন্ধুরা দাবি করেছেন যে বিদ্যুৎ এত সচল যে পশ্চিমবঙ্গের প্রায় প্রতিটি মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে। আমরা গ্রামে বাস করি। সেখানে লোডশেডিং হচ্ছে বারে বারে। বিদ্যুৎ যদি এত উদ্বৃত্ত হয় তাহলে লোডশেডিং-এর কোনও প্রশ্ন থাকে না।

কিন্তু আমার ভাল করে মনে আছে ১৯৯৯ সালে দুর্গাপুরে বর্তমানে বিদ্যুৎ মন্ত্রী মাননীয় শ্রী মৃণাল ব্যানার্জি মহাশয় তখন শিল্প পুনর্গঠন মন্ত্রী ছিলেন, তিনি

সেখানে সাংবাদিকদের একটা কনভেনশনে বলেছিলেন যে, পশ্চিমবঙ্গে এত বিদ্যুৎ উৎপাদন হয় যে তার ফলে সেই বিদ্যুতের ঠিকমত সরবরাহ ব্যবস্থা না থাকায় ফ্রিকোয়েন্সি বেড়ে যাওয়ার জন্য নাকি মাঝে মাঝে বিদ্যুতের কানেকশন কেটে যায়। তারপর আমি কাটোয়ার ফিরে এসে দেখলাম যে সেখানে যথারীতি প্রায় ৪-৫ ঘন্টা ধরে বিদ্যুৎ নেই। আমি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারকে জিজ্ঞাসা করলাম, 'বিদ্যুৎ বন্ধ কেন?' তিনি বললেন লোডশেডিং হয়েছে তাই বিদ্যুৎ বন্ধ। আমি বললাম শিল্পমন্ত্রী বললেন যে, পশ্চিমবঙ্গে এত বিদ্যুৎ উৎপাদন হয়েছে যে লোডশেডিং-এর কোনও প্রশ্ন নেই। শুধু ফ্রিকোয়েন্সির জন্য লাইন কেটে গিয়ে মাঝে মাঝে বিদ্যুৎ অচল হয়ে যায়। তাহলে লোডশেডিং হচ্ছে কেন? তিনি বললেন মন্ত্রীদের ওরকম বলতে হয়। তাহলে কার কথা বিশ্বাস করব? মাননীয় বিদ্যুৎ মন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে পশ্চিমবঙ্গে ৮২ পারসেন্ট মৌজায় তাঁরা নাকি বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন। যখন মাননীয় শঙ্কর সেন মহাশয় বিদ্যুৎ মন্ত্রী ছিলেন তখন আমি তাঁকে একটা প্রশ্ন করেছিলাম বিধানসভায়, যে কোন কোন মৌজায় বিদ্যুৎ পৌঁছেছে? তিনি তাঁর লিখিত উত্তর দিয়েছিলেন। সেই উত্তর দেখে আমি অবাক হয়ে যাই যে, তাহলে কি আমরা ভুল দেখেছি, না কি আমরা দিবা স্বপ্ন দেখছি? কারণ যে যে মৌজায় ওঁরা বিদ্যুৎ দিয়েছেন বলেছেন পরবর্তী সময়ে আমরা খোঁজ করতে গিয়ে দেখলাম যে, উনি এমন মৌজায় বিদ্যুৎ দেওয়ার কথা বলেছেন যেখানে বিদ্যুৎ দেওয়ার জন্য শুধু মাত্র বিদ্যুতের পোল বসানো হয়েছে, কিন্তু বিদ্যুৎ আসেনি, অথচ বলেছেন সেটাও বিদ্যুতায়িত হয়েছে।

[4-00 — 4-10 p.m.]

মৃণালবাবু এখানে মৌজার একটা হিসাব পেশ করেছেন। এতে আমার সন্দেহ আছে। উনি দাবি করেছেন পশ্চিমবাংলায় শতকরা ৮২% মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে। প্রকৃত সত্য উদ্‌ঘাটিত হলে দেখা যাবে পশ্চিমবাংলায় এখনো ৮২% মৌজায় বিদ্যুৎ পৌঁছয়নি। তিনি উন্নতির অনেক কথা বলেছেন। অথচ আমাদের পক্ষ থেকে আমার পূর্ববর্তী বক্তা বলে গেছেন মহারাষ্ট্র সরকারি এবং বেসরকারি উদ্যোগ মিলিয়ে ১২০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে পারছে। আর পশ্চিমবাংলা সেখানে মাত্র ৩৩৭৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে পারছে। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এখানে দাবি করা হচ্ছে—রাজ্য এত বেশি বিদ্যুৎ উৎপাদন হচ্ছে যে, দিনের বেলায়ও উদ্বৃত্ত হচ্ছে। আমার পূর্ববর্তী বক্তা বললেন, ২১ হাজার কোটি

টাকার বাজেট বরাদ্দ করে বিদ্যুতের ক্ষেত্রে আপনারা বিপ্লব এনেছেন। বাজেটের বরাদ্দ বছরের পর বছর বাড়ছে, কিন্তু সমস্যা কমছে না। বাজেট বরাদ্দ বাড়ার সঙ্গে সঙ্গে বিদ্যুৎ উৎপাদন অনেক জায়গায় কমে আসছে। আপনারা বক্রেশ্বরের কথা বলছেন। হ্যাঁ, বক্রেশ্বরে দুটো ইউনিট চালু হয়েছে। কিন্তু যে থার্মাল পাওয়ার স্টেশনগুলি দীর্ঘদিন চালু ছিল সেগুলি সব মুমুর্ষ অবস্থায় এসে দাঁড়িয়েছে, উৎপাদন ক্ষমতা নষ্ট হয়ে গেছে। মাননীয় মন্ত্রী, আপনি পুনরুজ্জীবনের কথা লিখেছেন। কত দিনে তা হবে? সে সম্বন্ধে কোনও পরিষ্কার ধারণা আপনি আপনার বাজেট বক্তৃতায় রাখেন নি। আমি আপনার বক্তব্য থেকে বুঝতে পারছি না আগামী দিনে পশ্চিমবাংলায় প্রকৃত বিদ্যুৎ পরিস্থিতি কি দাঁড়াবে। আমাদের রাজ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ৯৭%-ই তাপ-বিদ্যুৎ। এটা ৬০ঃ৪০ হওয়া উচিত ছিল। তাপ বিদ্যুৎ কেন্দ্র মুমূর্ষ হয়ে পড়লে তাকে পুনরুজ্জীবিত করে তোলার কাজ খুব সহজ নয়। এখানে বলা হয়েছে, 'চিত্রা' কোলিয়ারি থেকে কয়লা আনার ফলে ৪৭ কোটি টাকার খরচ কমে গেছে। 'চিত্রা' কোলিয়ারি থেকে অত্যন্ত নিম্নমানের কয়লা আসছে, ফলে প্রোডাকশন হ্যাম্পার হচ্ছে। এ সম্পর্কে বিদ্যুৎ মন্ত্রী কোনও খবর রাখেন কিনা জানিনা। বোধ হয় রাখেন না। বিদ্যুতের কানেকশনের ব্যাপারে বলেছেন,—২০০০ সালের আগস্ট মাস পর্যন্ত যারা বিদ্যুৎ সংযোগের ব্যাপারে দরখাস্ত করেছেন তাদের সবাইকে ২০০১ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে কানেকশন দিয়ে দেবেন। আমি একটা পৌরসভার পৌর-প্রধান। আমি বিদ্যুৎ মন্ত্রীর উদ্দেশ্যে বলছি—প্রাইভেট কনেকশনের কথা দূরে থাক স্ট্রিট কনেকশনের জন্য ২০০০ সালের মার্চ মাসে টাকা জমা দিয়েছি, এখনো পর্যন্ত পোল সাপ্লাই করা হয়নি। তাই বলছি ২০০০ সালের আগস্ট মাসের মধ্যে যারা দরখাস্ত করেছে ২০০১ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে তাদের কনেকশন দেওয়ার গল্প দিবা-স্বপ্ন ছাড়া আর কিছু নয়। সঙ্গে সঙ্গে আরো বলা হয়েছে, পরবর্তীকালে যাদের কানেকশন দেওয়া হবে তাদের প্রত্যেককে মিটার দেওয়া হবে। এটা স্ববিরোধী বক্তব্য। 'কুটিরজ্যোতি প্রকল্পে' ১ লক্ষ মত কানেকশন দিয়েছেন। এখন বলছেন বিদ্যুৎ নিতে গেলে মিটার অপরিহার্য। আমাদের দেশের খেটে খাওয়া মানুষদের, বিশেষ করে শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস এবং অন্যান্য অনুন্নত পিছিয়ে পড়া মানুষদের মিটার নেওয়ার ক্ষমতা নেই। এই জায়গায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী, আপনি মিটার নিতে বাধ্য করে সমস্ত শ্রেণীর মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে পারবেন? স্বভাবতই এবিষয়ে আমাদের সন্দেহ থেকে যাচ্ছে। আপনি বলছেন এখন পর্যন্ত ৭,৮৮৫টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে দিতে পারেন নি এবং এই মৌজাগুলিতে আগামী ৫ বছরে বিদ্যুৎ পৌঁছে দিতে পারবেন। কিন্তু আমরা

প্রকৃত বাস্তব পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে বলতে পারি এটা একটা অলীক গল্প ছাড়া আর কিছু নয়। কারণ আপনার দপ্তরের কাজ যে গতিতে এগুচ্ছে তাতে আগামী ১৫ বছরের মধ্যেও ৭,৮৮৫টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া সম্ভব নয়। ভারতবর্ষের হরিয়ানা এবং অন্ধ্রপ্রদেশের মত রাজ্যে শতকরা ১০০ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। আর আপনি এখন পর্যন্ত ৭৬% গ্রামে বিদ্যুৎ দিয়ে বলছেন আপনার দপ্তর দারুণভাবে সক্রিয়, ভাল ভাবে কাজ করছে। পাম্পসেট কানেকশনের ব্যাপারে আমার আগের বক্তারা অনেক বলেছেন। যেখানে একটা রাজ্যে ৮ লক্ষ পাম্প সেট কানেকশনের কথা চিন্তা করে সেখানে ৯ লক্ষ পাম্প সেট্ কানেকশন দিচ্ছেন। অথচ আমাদের এই পশ্চিমবাংলায় গত বছর ৪ লক্ষ পাম্প সেটে টারগেট করে ৩ হাজার ২৩টি পাম্প সেট কানেকশনের লক্ষ্যমাত্রা রাখতে পেরেছেন। এ বছর বাজেটে ৩ হাজার পাম্প সেট কানেকশন দেবেন বলেছেন। তাহলে ৪ লক্ষ টারগেট করে যেখানে ৩ হাজার ২৩টি পাম্প সেটের লক্ষ্যমাত্রা রাখতে পারেন সেখানে ৩ হাজার টারগেট করলে কতগুলি পাম্প সেটের কানেকশন দেবেন সেটা চিন্তা-ভ[illegible] করার কথা। এটা আমি ভেবে দেখার জন্য অনুরোধ করছি। অবিদ্যুতায়িত মৌজার ক্ষেত্রে আপনি বলেছেন, গত বছর ৯২৯টি মৌজায় নতুন করে বিদ্যুৎ দিয়েছেন। এ বছর নাকি আরো ২৩৪০টি মৌজায় বিদ্যুৎ দেবেন। আমার প্রশ্ন, ৯৩০টি মৌজায় যেখানে ১ বছরে বিদ্যুৎ দিতে পেরেছেন সেখানে আপনি কোন যাদু বলে ২৩৪০টি মৌজায় ১ বছরে বিদ্যুৎ দিতে পারবেন সেটা যদি পরিষ্কার করে বলেন তাহলে ভাল হয়। আপনি ইনফ্রাস্ট্রাকচার বাড়ার কথা বলেছেন। আমি একটি কথা বলতে চাই, আপনার দপ্তরের লস সর্ম্পকে বলেছেন, হুকিং, ট্যাপিং এই সবের ফলে সাড়ে ৫০০ কোটি টাকা লস হচ্ছে ট্রান্সমিশন লস নিয়ে। আমি এই বিধানসভায় একটা মেনশন করেছিলাম সেটা ১৯৯৯ সালের কথা। কাটোয়াতে তদানীন্তন যিনি ডি. ই. এবং অ্যাকাউন্টস অফিসার ছিলেন তাদের তৎপরতায় অনেক ডিউস পুরানো ডিউস আদায় করা হয়েছিল। এর ফলে রেভেনিউ আদায় অনেক বেড়ে যায়। কিন্তু কোন অদৃশ্য কারণে দেখলাম, সেই ডি. ই. এবং অ্যাকাউন্টস অফিসার রাতা-রাতি ট্রান্সফার হয়ে গেল। আপনারা তার উত্তরে বলেছিলেন, এটা রুটিন বদলি। পরবর্তীকালে আমরা দেখলাম, কন্ট্রাক্টররা গ্রাস করার ফলে ঐ এলাকার রেভেনিউ কমে গেল। সুতরাং এই অবস্থায় দাঁড়িয়ে আপনি যে কথা বলছেন তা বাস্তাবায়িত হবে কিনা আমরা সন্দেহ আছে। সেই কারণে আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের আনা কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## POINT OF INFORMATION

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন, বিধানসভার অধিবেশন চলছে। মাননীয় সদস্যদের দায়-দায়িত্ব আছে এই বিধানসভায় অংশ গ্রহণ করে তাদের দায়িত্ব পালন করা। কিন্তু মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি শুনলে স্তম্ভিত হয়ে যাবেন, এই বিধানসভার অন্যতম মাননীয় সদস্য শ্রী পরেশ পাল যখন সুভাষ চক্রবর্তী এবং সমাজ বিরোধীদের আতাঁতের বিরুদ্ধে মিছিল করে এই বিধানসভার দিকে আসছিল তখন কলকাতার পুলিশ পরেশ পাল সহ ৫১ জন তৃণমূল কর্মীকে লালবাজারের লক-আপে নিয়ে গেছে। এই প্রশ্নে নিয়ম হল সভা চলাকালীন কোনও সদস্যকে গ্রেপ্তার করলে স্পিকার মহাশয়কে জানানো বা আপনি চেয়ারম্যান আছেন, আপনাকে কি জানানো হয়েছে যে, বিধানসভার সদস্যকে গ্রেপ্তার করে লালবাজারের লক-আপে নিয়ে যাওয়া হয়েছে? আমি এর তীব্র নিন্দা করি। এই দুর্বৃত্তায়ন সরকার দুর্বৃত্তায়ন মন্ত্রীকে চোখে আড়াল করার যে অপচেষ্টা করছে তার বিরুদ্ধে জনগণ রাস্তায় দাঁড়িয়ে প্রতিবাদ করছে। সেই জনগণের প্রবল প্রতিবাদের অংশ গ্রহণ করতে গিয়েছে, তাদের সেই প্রতিবাদকে কর্ণপাত না করে আজকে তাদের লালবাজারে ঢুকিয়ে দিয়েছেন। আমি এর তীব্র প্রতিবাদ করি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী শ্রী মৃণাল ব্যানার্জি ৬৯ এবং ৭২ নম্বর দাবি যেটা আমাদের এই বিরোধীদের আনা কাটমোশনকে বিরোধিতা করে খুব সংক্ষিপ্ত আকারে দু-চারটি কথা বলতে চাই। স্যার ১৯৭৭ সালে ইতিহাসের সন্ধিক্ষণে পশ্চিমবাংলার সংগ্রামী জনগণ বামফ্রন্টকে ক্ষমতায় যখন অধিষ্ঠিত করেছিলেন তখন মানুষের প্রধান যে দাবি-দাওয়াগুলি ছিল তার অন্যতম দাবি ছিল, আগামী দিনে কি খাওয়া হবে, একটা ছোট ঘর চাই, একটু জায়গা চাই আর ছেলে-মেয়েদের পড়াশুনা চাই।

স্যার, ২৪ বছরের বামফ্রন্ট সরকারের নিরলস সংগ্রামে ও লড়াই-এর মধ্যে দিয়ে আজকে এই দাবিগুলি প্রতিষ্ঠিত হয়েছে। আজকে এখানকার মানুষের আর্থিক স্বচ্ছলতা বেড়েছে ফলে মানুষের চাহিদাও অনেক বেড়েছে। গ্রামে গঞ্জে মানুষের যে একটা দৃঢ় আর্থিক বুনিয়াদ গড়ে উঠেছে বিরোধীদলের মাননীয় সদস্যরা আশা করি সেটা স্বীকার করবেন। আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে মানুষের চাহিদাও ক্রমবর্ধমান। মানুষ আজকে চাইছে বিদ্যুৎ, পাকা রাস্তা, পাকা বাড়ি ইত্যাদি। বিদ্যুৎ আজ এ রাজ্যের মানুষের কাছে অবশ্য প্রয়োজনীয় হয়ে উঠেছে। বিদ্যুৎ আজ এ

রাজ্যের সমাজে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। তার কারণ কৃষিতে বিদ্যুতের প্রয়োজন, সেচে বিদ্যুতের প্রয়োজন, স্বাস্থ্যে বিদ্যুতের প্রয়োজন—সব ক্ষেত্রেই বিদ্যুতের প্রয়োজন। এটা ঠিকই যে এ রাজ্যে বিদ্যুতায়নের কাজ '৭৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত চলেছে। মাঝে '৯০ থেকে ২০০১ পর্যন্ত এই বিদ্যুতায়নের কাজ খুবই দ্রুত গতিতে চলছে। মানুষের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে আমরা সরকারে আসার পর থেকেই এই বিদ্যুতায়নের কাজটা আমরা করে চলেছি। এই প্রসঙ্গে কংগ্রেসি বন্ধুদের বলতে চাই, আপনাদের আমলে এই রাজ্যে যেখানে মাত্র ৯৪৩ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হত, ২৪ বছর পর তা হয়েছে ১২ হাজার মেগাওয়াট। আজ ১২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ এ রাজ্যে উৎপাদিত হচ্ছে। তবে এটা ঠিকই যে আমরা সারা পশ্চিমবঙ্গের ৮ কোটি মানুষের কাছেই বিদ্যুৎ পৌঁছে দিতে পারিনি। সমস্ত গ্রামে এখনও বিদ্যুৎ দিয়ে উঠতে পারিনি। কিন্তু প্রায় ৮০ ভাগ মৌজাতে আমরা বিদ্যুৎ দিতে পেরেছি—এটা আমাদের একটা বড় সাফল্য। এ ছাড়া আমাদের উন্নততর বামফ্রন্ট যে লক্ষ্য সামনে রেখে চলেছেন মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর বাজেট ভাষণেই তা আছে যে আগামী ৫ বছর ধরে কি পরিকল্পনা নিয়ে আমরা কাজ করব। আমরা দেখছি, আমাদের পশ্চিমবঙ্গের প্রায় ৭ হাজার ৮৫৫টি গ্রামে এখনও বিদ্যুৎ যায়নি। এ ক্ষেত্রে ২০০০-২০০১ সালের মধ্যে ৯৪৩টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। এই আর্থিক বছর অর্থাৎ ২০০১/২০০২ সালে আমরা আরও ২৩৪০ গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে সক্ষম হব বলে আশা করি। এইভাবে আগামী ৫ বছরের মধ্যে সারা পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামের বিদ্যুৎ পৌঁছে দেওয়ার যে পরিকল্পনা মাননীয় মন্ত্রী মহাশয় নিয়েছেন তাকে আমি সমর্থন করছি। তবে কয়েকটি ক্ষেত্রে আমাদের ঘাটতি যেটা আছে সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। একটা বড় শ্রেণী আছে যাদের কাজ হচ্ছে বিদ্যুৎ চুরি করা, ট্যাপিং করা ইত্যাদি। জনগণকে সচেতন করে এবং তার সঙ্গে সঙ্গে দৃঢ় প্রশাসনিক পদক্ষেপ নিয়ে এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার ব্যবস্থা করা দরকার। আমরা জানি, কৃষি ক্ষেত্রে এখনও নানান জায়গায় বিদ্যুতের সুযোগ দেওয়া যায়নি। এখনও অনেক আর. এল. আই. ও পাম্প আছে যেগুলি ডিজেলে চলে ফলে কৃষির ব্যয় অনেক বেড়ে যায় ও গভর্নমেন্টর টাকার অপচয় হয়। এগুলিতে বিদ্যুৎ সংযোগ দিতে পারলে একদিকে যেমন জনগণ লাভবান হবে অপর দিকে গভর্নমেন্টের উপকার হবে। তারপর আমরা দেখেছি, কৃষি ক্ষেত্রে গরিব কৃষক, দুস্থ কৃষক তারা কৃষি ক্ষেত্রে সেচের জন্য যে বিদ্যুৎ ব্যবহার করে তারজন্য তাদের যে রেভিনিউ দিতে হয় সেই একই

রেভিনিউ বৃহৎ কৃষক, বড় ও মাঝারি কৃষকদেরও দিতে হয়। এ ক্ষেত্রে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আমার আবেদন, গরিব, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করা তাদের অংশের দেয় টাকা সরকার যাতে ভরতুকি হিসাবে দেন তার ব্যবস্থা করতে পারেন কিনা দেখুন। স্যার, আমাদের রাজ্য আর বিদ্যুতে ঘাটতি রাজ্য নয়, এ রাজ্য থেকে আমাদের প্রায় ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ রপ্তানি করেছি। বিদ্যুতের ক্ষেত্রে আমরা এগুচ্ছি কিন্তু এখানকার বিরোধীপক্ষ যারা তাদের আমলে তারা বিদ্যুতের জন্য কিছুই করেন নি অথচ দেখছি এখানে নানান রকমের কটুক্তি করছেন।

যখন দেখছেন যে কিছু করতে পারবেন না তখন সাফল্যের খতিয়ান তুলে না ধরে বিরোধিতা করছেন, অন্ধ বিরোধিতায় বিধানসভাকে মাতোয়ারা করে দিচ্ছেন। কিন্তু তাতে মানুষের আপনারা ভোট পাবেন না।

এরপর আমি বলছি, আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম সম্পর্কে। নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্র বঙ্গোপসাগরের কাছাকাছি। নন্দীগ্রামে ১ নম্বর এবং ২ নম্বর, দুটি ব্লক। ২ নম্বর ব্লক, যাকে সবাই রেহাপাড়া ব্লক বলে, সেই ব্লকে ৭৫টি মৌজার মধ্যে ৩৩টি মৌজা বিদ্যুতায়ন হয়েছে। অপর দিকে ১ নম্বর ব্লকে ৯৯টি মৌজার মধ্যে মাত্র ২০ ভাগ মৌজায় বিদ্যুৎ পৌঁছেছে। নন্দীগ্রাম কেন্দ্র বঙ্গোপসাগরের তীরবর্তী এবং হলদিয়ার পশ্চাদভূমি এলাকা। ঐ এলাকায় বিদ্যুৎ পৌঁছে দেবার জন্য আবেদন করছি। বর্তমানে এম. পি. এবং এম. এল. এ কোটার টাকা বিদ্যুতের ক্ষেত্রে দেওয়া হয়। এই এম. পি. এবং এম. এল. এ. কোটার টাকায় যদি যৌথ প্রয়াস নিয়ে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতির সঙ্গে বসে আগামী পাঁচ বছরের পরিকল্পনা গ্রহণ করা হয় তাহলে বিদ্যুতায়নের কাজটা দ্রুতগতিতে সমাপ্ত হবে বলে আমি বিশ্বাস করি। এক্ষেত্রে আমরা দেখেছি, এম. পি. কোটার টাকায় যে কাজ হয় সেই কাজ মন্থর গতিতে হয়। সেক্ষেত্রে প্রশাসনিক দক্ষতা এবং তৎপরতা নিয়ে কাজ করা উচিত। এম. এল. এ. কোটার অর্থও বিদ্যুৎ ক্ষেত্রে দেওয়া হয়। সেই টাকা যাতে তাড়াতাড়ি খরচ করা যায় সেদিকে নজর দেওয়ার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া বিদ্যুতের ক্ষেত্রে সাফল্যের খতিয়ান রয়েছে। এই সাফল্যের খতিয়ান হচ্ছে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র, কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশন এবং তাদের কর্মচারীবৃন্দ। আজকে তাদের সফল প্রচেষ্টার ফলে আমরা গ্রামে-গঞ্জে প্রতিটি ক্ষেত্রে বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছি। আর একটি কথা,

আজকে আমরা শুধু চিরাচরিত বিদ্যুতায়নের বিষয়টি নিয়েই চলছি না। যেমন সৌরশক্তি একটা গুরুত্বপূর্ণ জিনিস। এই শক্তিকে পুনর্নবীকরণ শক্তি হিসাবে আজকে গ্রামে-গঞ্জে আমরা পৌঁছে দিতে পারি এবং সেইমত মাননীয় মন্ত্রী ২৫০টি মৌজায় মানুষের কাছে সৌরবিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন। আজকে এটা আমাদের গর্ব। এছাড়া ১৯৭৭ থেকে ২০০১ পর্যন্ত সময়ে বিদ্যুতের ক্ষেত্রে আমাদের যে সাফল্য সেটা এসেছে গ্রামীণ বিদ্যুৎ নিগম, থার্মাল পাওয়ার স্টেশন এবং জলবিদ্যুৎ প্রকল্পের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে। এই কথা বলে মাননীয় মন্ত্রী যে অর্থ বরাদ্দের দাবি রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীপক্ষের কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী বিপ্লব রায়চৌধুরী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের এবং কংগ্রেস দলের সমস্ত কাটমোশনকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমি বলছি, মাননীয় মন্ত্রীর এবং সামগ্রিকভাবে বিদ্যুৎ দপ্তরের দু'একটি কাজ আমার নজরে এসেছে।

মাননীয় মন্ত্রী খুব সাম্প্রতিককালে তাঁর উদ্যোগে পাওয়ার ট্রেডিং কর্পোরেশন যে ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ নর্দান রিজিয়নে রপ্তানি করছেন, এরজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। অনেকদিন পরে তিনি ক্ষয়িষ্ণু বিদ্যুৎ দপ্তরে সামান্য হলেও একটা উদ্যোগ শুরু করেছেন। কিন্তু সেই জায়গায় আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দীর্ঘ আয়ু কামনা করছি—তাঁর ভাঙাচোরা স্বাস্থ্যের মত ভাঙাচোরা ও জোড়াতালি দেওয়া এই বাজেট। বিদ্যুৎ দপ্তরের প্রারম্ভিক যে কাজ, থার্মাল এবং হাইড্রো ইলেকট্রিক-এর মধ্যে যে সামঞ্জস্যবিধান আমাদের বাজেটে থাকা উচিত ছিল, প্রতি বছরে যে উদ্যোগ থাকা উচিত ছিল, সেটা না থাকার জন্য আমরা যে জায়গায় পৌঁছুতে চাই, সেখানে পৌঁছুতে পারব না। আপনারা সবাই জানেন যে, সামঞ্জস্য না থাকলে বাজেটে ঋণের খাতে কত কোটি টাকা বাঁচতে পারে—হাইড্রো ইলেকট্রিক পিক্ টাইমে চালানো এবং ব্যবহার করা ইত্যাদি ঠিকমত করতে পারবেন না। আমাদের বড় ধরনের যে প্রকল্পগুলো আছে, যেমন তিস্তা, জলঢাকা এবং অন্যান্য প্রকল্পগুলো একই ভাবে ভাঙাচোরা অবস্থায় রয়েছে। বাজেট পড়ে দেখলাম, বাজেটের মধ্যে সর্বোচ্চ চাহিদার একটা অংক দেওয়া আছে। কিন্তু কত পরিমাণ, কত পার্সেন্ট নির্দ্দিষ্ট করে কোনও তথ্য দেওয়া নেই। সেটা না থাকার জন্য একটা আন্দাজের ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন

বৃদ্ধির উদ্যোগ চলছে। ফলে স্বাভাবিক ভাবে, কোনও পথের দিক আমাদের দৃষ্টি আকর্ষণ করেনি। আমি বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করব, এইভাবে ফাঁকা মাঠের ভেতর দিয়ে চলা ঠিক হচ্ছে না। সব বাজেটেই একটা আশাবাদ থাকে। মাননীয় মন্ত্রীও আশার কথা ব্যক্ত করেছেন। কিন্তু বাস্তবচিত্র অন্য। এখানে আমাদের মাননীয় সদস্যরা বলেছেন, আর্থিক সমীক্ষা চিত্রে বিদ্যুতের ব্যাপারে পরিষ্কার করে বলা হয়েছে। ১৯৯৫-৯৬ সালে যা হয়েছিল, ২০০০-২০০১ সালে সেই বৃদ্ধি, ১ পার্সেন্ট বৃদ্ধি হয়েছে। ৭৬ পাতায় এটা বলা আছে। পাঁচ বছরে যদি ১ পার্সেন্ট বৈদ্যুতিকরণ হয়ে থাকে, আবার মাননীয় অসীমবাবু এখানে বলেছেন, ১ বছরে ৩ পার্সেন্ট মৌজায় বৈদ্যুতিকরণ করবেন। ৫ বছরের মধ্যে কেমন করে করবেন তা জানিনা। এখানে সরকার পক্ষের অনেকে আশা প্রকাশ করেছেন। কিন্তু সামগ্রিক ভাবে ৫ বছরে কিভাবে করবেন জানিনা। এটা ভাবের ঘরে চুরি ছাড়া আর কিছু নয়। এটা বাস্তবে হবে না। আমাদের রাজ্য বিদ্যুতের যে পি. এল. এফ. ৫৫-৫৮ পারসেন্টের মত, সেখানে এন. টি. পি. সি.-র পি. এল. এফ. প্রায় ৭৫ পারসেন্ট। দুটি চিত্র পাশাপাশি রাখলে পরিষ্কার ভাবেই বোঝা যায়, প্লান্ট ম্যানেজমেন্টের অবস্থাটা কোন জায়গায়। এই ব্যবস্থাটাকে সার্বিকভাবে অনেক ভাল করতে হবে, তা নাহলে সার্বিক ভাবে আমরা ভাল জায়গায় কখনই পৌঁছুতে পারবো না। সার্বিকভাবে ম্যানেজমেন্টের যে অবস্থা ডবলু. বি. এস. ই. বি. এখানে বলা হয়েছে, তাদের দেনার পরিমাণ দাঁড়িয়েছে ৩৮০০ কোটি টাকা। আর যারা পাবে তারা বলছে, ৫ হাজার কোটি পাবে। সেই টাকা শোধ করার পদ্ধতি কি তা কোথাও বলছেন না। ডবলু. বি. এস. ই. বি.-কে আরও বেশি করে দায়িত্বশীল, আরও বেশি করে উদ্যোগী না করে মন্ত্রী মহাশয় একটা সহজ মাপের পথের কথা বলে দিলেন। পি. ডি. সি. এল. যার কাছ থেকে ডবলু. বি. এস. ই. বি. বিদ্যুৎ কেনে, সেই পি. ডি. সি. এল.-এর কাছে সাঁওতালদি এবং ব্যান্ডেলকে বিক্রি করে দেওয়া হচ্ছে। সাঁওতালদি এবং ব্যান্ডেলে বিক্রি হয়ে গেলে সমস্ত সম্পত্তি পেয়ে গেল পি. ডি. সি. এল.। একটা কোম্পানির দেনাটা শোধ হয়ে গেল। উনি বলছেন এন. সি. বসু কমিটি নাকি এটা বলেছে। এন. সি. বসু কমিটি সমস্ত প্রোডাকশন সেন্টারগুলোকে একটা ছাতার তলায় আনার কথা বলেছে।

আমরা অত্যন্ত দুঃখিত হচ্ছি অত্যন্ত সুপরিকল্পিতভাবে যতটা যোগ্যতাকে কাজে লাগানো যায় তা করে, সেই উদ্যোগকে কাজে লাগিয়ে, নিজের ব্যর্থতাকে আড়াল করবার জন্যে দেনা শোধ করার ক্ষেত্রে এই যে পদ্ধতি সম্পত্তি বিক্রি করার, এই

পদ্ধতি যদি ক্রমাগত অবলম্বন করে যান তাহলে দেখা যাবে যে, ডব্লিউ. এস. ই. বি.-র দেনা মেটাতে মন্ত্রীর ঘটি, বাড়ি বিক্রি হয়ে এক সময়ে বাড়িওয়ালীও বিক্রি হয়ে যাবেন। এটাই সতর্ক করে দিচ্ছি, অত্যন্ত ভয়ংকর পথ। স্যার, গত কয়েক বছর আগে এই বিধানসভাতেই এই বিদ্যুতের দাম বাড়ানো নিয়ে একটা ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছিল। একটা ফাটকাবাজি খেলার চেষ্টা করেছিলেন কলকাতার সি. ই. এস. সি.-র আর পি. জি. গোষ্ঠী, তারা ক্রমাগত চাপ দিতে থাকেন দাম বাড়ানোর জন্যে। এবং তখন দেখেছি সৎ বিদ্যুৎমন্ত্রী শঙ্কর সেন তার প্রতিবাদ করে চাকরি খুইয়ে ছিলেন। ওই সমালোচনার মুখে দাঁড়িয়ে পরবর্তী সময়ে কেন্দ্রীয় সরকারের চাপে একটা ইলেক্ট্রিসিটি রেগুলেটারি কমিটি তৈরি করা হয়েছিল। জাসটিস ফৌজদার তাঁর চেয়ারম্যান হয়েছিলেন। জাসটিস ফৌজদার চেয়ারম্যান হওয়াতে আমরা খুশি এবং তাঁর দায়িত্ববোধ তিনি পালন করতে সক্রিয়। কিন্তু মাননীয় মন্ত্রী যদি সেখানে তৎপর না হন তাহলে ওই ফাটকাবাজদের হাতের থেকে বেরিয়ে আসতে পারবেন কিনা সন্দেহ আছে। কারণ দফাদারদের হাত খুব লম্বা, তাঁরা মন্ত্রীর চাকরিও খেয়ে নিতে পারেন। সুতরাং এই ব্যাপারে ব্যবস্থা নেবেন। পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন গত বছরের আগের বছরে লাভ হয়েছিল ২৫ কোটি টাকার। গত বছরে লাভের অংক ছিল না, লোকসানের অংক চলছে। পরিচালনা ব্যবস্থা এইরকম একটা জায়গায় তাতে ওর ত্রুটি সম্পর্কে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই পরিচালনার ব্যর্থতাকে আরো আরো বেশি করে আড়াল করবার জন্য আস্তে আস্তে পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন যাতে তলিয়ে না যায় সেই দিকটা দেখতে হবে। তারপরে থার্মাল পাওয়ার প্রজেক্টের আরেকটা সমস্যা আছে আমি সেই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে ছাইয়ের সমস্যা। এর আগে বহুবার বিধানসভায় মাননীয় মন্ত্রীর এবং নেতাদের দৃষ্টি আকর্ষণ করেছি। এই থার্মাল পাওয়ারে যত বেশি করে কয়লা ব্যবহার করা হয় তত বেশি চারিদিকের থেকে ছাইয়ের পাহাড় জমবে। এবং পরিবেশ দূষণের ফলে সব অতলে তলিয়ে যাবে। কোলাঘাটে যদি যান তাহলে দেখবেন ওখানে ডাক্তাররা যত শিশু দেখেন তারা বেশিরভাগ পরিবেশ দূষণের শিকার। সেখানে যেন শিশুদের ডাক্তারের কাছে নিয়ে যাওয়ার একটা ঢল নেমেছে। বেশিরভাগ শিশু হাঁপানি বা শ্বাসজনিত রোগে ভুগছে। তাদের মায়েরা কপাল চাপড়ে বলছে আমরা কোলাঘাট ছেড়ে কোথায় যাব যেখানে

গিয়ে বাচ্চারা ভাল থাকবে। আজকে কোলাঘাট শুধু নয়, এই অবস্থা সমস্ত থার্মাল পাওয়ার স্টেশনের চারপাশে হাজার হাজার লোকে মৃত্যুর মুখে পতিত হচ্ছে। এক জায়গায় লেখা আছে দেখলাম আরো আধুনিক ই. এস. পি. বসানো হচ্ছে। যতই আধুনিক ই. এস. পি. বসানো হোক না কেন আরো সুক্ষ্ম ছাই বার হবে, বাতাসে মিশে যাবে, আমাদের নাকের মধ্যে দিয়ে তা হৃৎপিন্ডে ঢুকবে। এই প্রসঙ্গে কয়লাখনি অঞ্চলে যেমন গুড় ও কলা খাওয়া বাধ্যতামূলক করা আছে সেইরকম থার্মাল পাওয়ারের চারিদিকের লোকেদের ওই ধরনের কিছু খাওয়া বাধ্যতামূলক করা যায় কিনা দেখতে হবে। তা না হলে আস্তে আস্তে লোকেদের টি. বি. বা ওই ধরনের আরো ভয়ংকর রোগে মারা যাবেন আশংকা থেকে যাবে। তার থেকে মুক্তির কোনও উপায় নেই। এছাড়া আরেকটি বিষয় হচ্ছে, যে আপনার বিভিন্ন যে প্রজেক্ট কস্ট সেটা কত জানা দরকার এবং রিটার্ন অন ইনভেস্টমেন্ট কত, কি সেটাও জানা দরকার। আমি একটা প্রজেক্টে ইনভেস্টমেন্ট করছি তার রিটার্ন কতটা হবে সেটা জনা থাকলে ভাল হয়। ইনভেস্টমেন্টের অবস্থা সম্পর্কে একটা ধারণা থাকার দরকার, আর চাহিদা সম্পর্কে ধারণা থাকার দরকার। তাতে ইন্ডাস্ট্রিয়াল চাহিদা কত, কমার্শিয়াল চাহিদা বা ডোমেস্টিক চাহিদা কত আলাদা করে জানা দরকার। এখানে আরেকটা জিনিস অস্পষ্ট থেকে যাচ্ছে সেটা হচ্ছে কর্মচারীদের কথা— আপনি সাঁওতালদিহি, ব্যান্ডেলকে কোলাঘাট থার্মাল পাওয়ারের সঙ্গে পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে যোগ করে দিচ্ছেন।

আমি কর্মচারী বন্ধুদের অনেকের কথা শুনেছি, তারা অনেকে বলেছেন কর্মচারী বন্ধুরা বলছেন অনেকে যারা পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনে চাকরি করছিল তাদের সুবিধার জন্য দুটো করে ইনক্রিমেন্ট দেওয়া হয়েছে। কিন্তু সাঁওতালদিহি বা ব্যান্ডেলে যারা আছেন, তারা তো ইনক্রিমেন্ট-এর দিক থেকে পিছিয়ে গিয়েছে। তাদের প্রায়রিটি বা সিনিয়রিটির ব্যাপারে কি করছেন? তাদেরকে কি আপনি অপশান দিতে বলেছেন? তাহলে কি করে অ্যাডজাস্টমেন্ট হবে? তাহলে সার্বিক উদ্যোগ কি ভাবে হবে? অ্যাডজাস্টমেন্ট যদি না হয় তাহলে যে সমস্ত অ্যানোমেলি আছে, সেইগুলি যদি দূর করতে না পারেন তাহলে সর্বিক উদ্যোগ আপনি কিভাবে নেবেন? আপনি তো কাজ চালাতে পারবেন না। আপনি কিভাবে এই বোট চালাবেন আমি জানিনা। আসলে আপনার বোট ফুটো হয়ে গেছে, বোট ডুবে যেতে পারে। তাই বলছি আপনি এইগুলি দেখুন। এই কথা বলে কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় বিদ্যুৎমন্ত্রী শ্রী মৃণাল ব্যানার্জি যে ব্যয় বরাদ্দর প্রস্তাব বিদ্যুৎ এর বিষয়ে পেশ করেছেন তাঁকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। রবীন্দ্রনাথের ভাষায় একটি কথা বলতে হয়, "নয়নের দৃষ্টি হতে ঘুচবে কালো, যেখানে পড়বে সেথা দেখবে আলো"। আপনাদের একটু পিছনের দিকে তাকাতে বলি, ওদের সময় বিদ্যুৎ এর অবস্থা কি ছিল সেটা অনেকেই বলেছেন। বস্তুত এটা মনে রাখা দরকার নির্বাচনে ওদের ফিউজ উড়ে গিয়েছে, তারা হতাশাগ্রস্থ। ৪২০ মেগাওয়াট-এর বিদ্যুৎ এর ঘাটতি কাঁধে নিয়ে বামফ্রন্টের যাত্রা শুরু হয়েছিল, এখন ৭ হাজার ১৯ মেগাওয়াট উৎপাদন হয়েছে। বিদ্যুৎ-এর অভাবে ওদের সময়ে বড় বড় কলকারখানা, কাগজকল, গবেষণাগার, জুটমিল এবং এমন কি হাসপাতালের অপারেশান বন্ধ হয়ে যেত। গ্রামে গ্রামে কয়েকটি খুঁটি পুঁতে বিদ্যুতায়িত হয়েছে বলে প্রচার করা হয়েছিল। আজকে তাদের দায়ভার আমাদের নিতে হয়েছে, গ্রামকে ইলেক্ট্রিফায়েড করতে হচ্ছে। এই কথাগুলি আমাদের মনে রাখা দরকার। বক্রেশ্বর নিয়ে অনেকে বক্তব্য রেখেছেন কিন্তু আপনাদের সেই কথা অসত্য বলে প্রমাণিত হয়েছে। পরপর আমরা বক্রেশ্বর সেই ইউনিট বাড়াতে সক্ষম হয়েছি এটুকু আপনাদের জানা দরকার। বিশেষত আর একটি কথা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, পরিবেশ দূষণ থেকে মুক্তি পেতে গেলে সৌরশক্তির ব্যবহার প্রয়োগ যাতে বেশি মাত্রায় করা যায় সেই বিষয়ে আপনার দপ্তরের আরো বেশি করে সচেষ্ট হওয়া উচিত। এবং কৃষির ক্ষেত্রে অগ্রাধিকার দিয়ে বিদ্যুৎ এর ব্যবহার বাড়ানো উচিত। এবং সেটা ভর্তুকি দিতে পারেন এবং ছাড়ও দিতে পারেন, যদি এটা দিতে পারেন তাহলে ভাল হয়। বোরো ধান চাষের সময় গ্রামে গঞ্জে যে বোরো ফসল উৎপন্ন হয় বিদ্যুৎ-এর লো ভোল্টেজ এর জন্য চাষীরা ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয়। তাই চাষীদের এই বিষয়টাকে আপনি অগ্রাধিকার দেবেন। ছাত্রদের সুবিধান জন্য শিক্ষা প্রতিষ্ঠানে যে বিদ্যুৎ এর ব্যবহার হয় সেই বিদ্যুৎ এর দাম যাতে কম হয় সেটা দেখবেন। আর পরীক্ষার সময় আপনার দপ্তরের থেকে সাহায্য করার আবেদন জানাচ্ছি, অর্থাৎ সেই সময় যেন লোডশেডিং না হয় এটা বিশেষ করে দেখবেন। আর মিটার না থাকার জন্য মিটার সরবরাহ না করায় যে অ্যাভারেজ বিল করা হয় এর ফলে সরকারের আয় আমি মনে করি দুর্দান্তভাবে ক্ষতিগ্রস্থ হয় এবং অচিরাচরিত যে বিদ্যুৎ তার ব্যবহার আরো হওয়া দরকার। এবং প্রতিটি হাসপাতালে যাতে সৌরশক্তি দিতে পারেন

তাহলে ভাল হয়, এতে ব্যয় কমবে। আপনি বাজেট বরাদ্দে বলেছেন, ৭ হাজার ৮৮৫টি মৌজা বিদ্যুৎহীন।

যদিও এর বেশিরভাগটাই হচ্ছে মেদিনীপুর জেলাতে। নিশ্চয় আপনি এই বিষয়টা গুরুত্ব দিয়ে দেখবেন এবং আগামী পাঁচ বছরের মধ্যে সমস্ত গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবেন এই আশ্বাস দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। আরেকটা ব্যাপারে আমি বলছি, প্রতিটি ব্লকে যেন একটি করে সাব-স্টেশন হয় এটা আপনি দেখবেন, আপনার পরিকল্পনার মধ্যে যেন এটা থাকে। এই সাব-স্টেশনগুলো হলে বিদ্যুতের আর অভাব হবে না। আপনাকে ধন্যবাদ, আপনি এর আগে কথা দিয়েছিলেন ১৩২-১৩৩ কেভি সাব-স্টেশন করবেন দু'হাজার সালের মধ্যে। এটা কমপ্লিট হয়েছে এবং বেশিরভাগ এলাকা এর জন্য উপকৃত হবে। আরেকটা ব্যাপার হচ্ছে, এম. এল. এ., এম. পি.-দের কোটার টাকা যখন বিদ্যুতের জন্য বরাদ্দ হচ্ছে, সেই টাকা যথাসময়ে আপনার দপ্তর যাতে খরচ করে সেই ব্যাপারটা দেখবেন। আরেকটি বিষয় বলেই আমার বক্তব্য শেষ করব, কোলাঘাটের ছাইয়ের জন্য ফুল এবং পানের খুবই ক্ষতি হচ্ছে। তাদের মান খুবই খারাপ হচ্ছে এই ব্যাপারটা আপনি দেখবেন। এই কথা বলে আপনার ব্যয়-বরাদ্দকে সমর্থন করে, কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়, ১,৫২১ কোটি টাকার যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, ডিমান্ড নম্বর ৬৯ এবং ৭২-এ সেটাকে আমি সমর্থন করতে পারছি না। এই কারণে করতে পারছি না যেভাবে আজকে বিদ্যুৎ নিয়ে খেলা করা হচ্ছে সেটা আপনারা বন্ধ করতে পারেন নি। সেইজন্যই কাটমোশন আমরা দিয়েছি এবং এটা গ্রহন করলে অনেক কিছুই আপনি জানতে পারতেন। পশ্চিমবঙ্গ বিধানসভার সরকারি আশ্বাসন কমিটির প্রতিবেদন ১৯৯৯-২০০০ সালের সেখানে বলছেন,—"কমিটি বিদ্যুৎ বিভাগের মোট ৩৭টি আশ্বাসন চিহ্নিত করেছিল। ঐ ৩৭টি আশ্বাসনের মধ্যে অধিকাংশই পূরণ করা হয়নি, অবস্থাটা সন্তোষজনক নয়। কমিটি বিগত ১০ই এপ্রিল, ২০০০ বিদ্যুৎ বিভাগ, রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও সি. ই. এস. সি.-র সাক্ষ্য গ্রহণ করে। সাক্ষ্য গ্রহণকালে জানা যায় যে, ৩১শে মার্চ ২০০০ পর্যন্ত সি. ই. এস. সি.-র কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের বকেয়া পাওনা হচ্ছে ৭৮৬ কোটি টাকা। এর মধ্যে বকেয়া ৬৬৫ কোটি টাকা এবং ১২১ কোটি টাকা লেট পেমেন্ট সারচার্জ। কমিটি

আরও জানতে পারে যে, ডিস্ট্রিবিউশন এবং পেমেন্টের মধ্যে ফারাকটা বিস্তর। সি. ই. এস. সি. জানায় যে কোম্পানির আর্থিক অবস্থা খুবই খারাপ। সেজন্য বকেয়া মেটাতে দেরি হচ্ছে। বিদ্যুৎ পর্ষদের আধিকারিকদের সাক্ষ্য থেকে কমিটি জানতে পারে যে, পর্ষদের পক্ষ থেকে বকেয়া মেটাবার জন্য সি. ই. এস. সি.-কে বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও অবস্থার কোনও উন্নতি হচ্ছে না। বিদ্যুৎ বিভাগও এ ব্যাপারে উদাসীন" আজকে মাননীয় সদস্যদের এবং দেশবাসীদের হেয় প্রতিপন্ন করা হচ্ছে। এখানে মাননীয় সদস্যরা চিৎকার করে বলেন না, টান্সফরমার নেই। লো ভোল্টেজ, ফ্রিকোয়েন্সি সেখানে যাচ্ছে না, এই ভয়ঙ্কর অবস্থার কথা মাননীয় সদস্যরা বলেন। স্ট্যান্ডিং কমিটি অন পাওয়ার অ্যান্ড কমার্সের চেয়ারম্যান আপনাদের দলের লোক ছিলেন। Transmission and Distribution Scheme : The Board had an approved outlay of Rs. 40.00 crore for transmission (normal) during 1999-2000 of which Rs. 3.50 crore was released.

এইভাবে আপনি যদি দেখেন, The Committee observes that the proposed allotment is disproportionate to the need in this sector and as such it recommends for augmentation of the same in the course of formulating the revised budget.

আপনি দেখবেন ফিনান্স পজিশান অফ দি ডবলু. বি. এস. ই. বি., এখানে কি বলেছেন? The Department should investigate the loopholes causing non-collection of the revenue from the consumer and plug the same with strong measures.

[4-40 — 4-50 p.m.]

এইগুলো আপনারা নিতে পারছেন না। আপনারা চিন্তা-ভাবনা করছেন পঞ্চায়েতের হাতে দিলে ভাল হবে। কিন্তু পরিকাঠামো তো নেই। যেখানে যেখানে পঞ্চায়েত আছে, বেশিরভাগ আপনাদের, সেখানে বেশি করে হুকিং হচ্ছে, ব্যাপক ভাবে হচ্ছে। এবং আজকে ডাউন ফলের প্রধান কারণ হুকিং এবং প্রপার জেনারেশন হলেও ডিস্ট্রিবিউশন পদ্ধতি ঠিক নেই। ফলে চুরি বন্ধ করতে পারছেন না। ট্রান্সফরমার দিতে পারছেন না, কোটি কোটি টাকা ঘাটতি। কাগজে বেরিয়েছিল, আপনাদের কাছে ৪০০ কোটি টাকা বকেয়া পায়, সেটা দিতে না পারলে অন্যান্য গ্রান্ট বন্ধ

হয়ে যাবে, আপনারই বাজেট ভাষণের বইতে আছে, 'পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদের আর্থিক অবস্থা সন্তোষজনক না হওয়ায় কেন্দ্রীয় সংস্থার প্রাপ্য কয়লার দাম এবং বিদ্যুতের দাম মেটাতে পারেনি। এন. টি. পি. সি., পাওয়ার গ্রিড কর্পোরেশন ডি. ভি. সি., সি. আই. এল. এবং আর. ই. সি. ইত্যাদি কেন্দ্রীয় সংস্থাগুলি বিদ্যুৎ পর্ষদের কাছে ২৮.২.২০০১ তারিখ পর্যন্ত সুদ ও পেনাল সুদসহ মোট ৩৮৬০ কোটি টাকা পাবে।' আপনারা ঋণে ডুবে থাকবেন না তো কি? আপনাদের ম্যানেজমেন্ট পরিচালনার কি অবস্থা? যেখানে দক্ষ লোকের দরকার সেখানে অদক্ষ লোক আনছেন, যেখানে অদক্ষ লোক দরকার সেখানে দক্ষ লোক। আপনাদের কাছে স্কিল্ড, আনস্কিল্ডের কোনও ব্যাপার নেই। দলবাজীর জন্য এই অবস্থা হচ্ছে। বিভিন্ন জায়গায় স্থানীয় অধিবাসীরা যে কাজ করে, সেখানে আপনাদের অসুবিধা আছে। ডি. পি. এল.-এ ভাল প্রোডাকশন হত, ব্যান্ডেল, সাঁওতালদি, কোলাঘাটে হত। কোলাঘাটে লেবার প্রবলেম লেগেই আছে। বহু কর্মচারীর কাজ নেই। কাজ দিতে পারছেন না, বসে বসে তারা টাকা পাচ্ছে। অনুরূপভাবে ব্যান্ডেল, সাঁওতালদি। কোনও প্রোডাকশন নেই। এইভাবে তো ভরাডুবি হবে। যেটা উৎপাদন হচ্ছে, সেটাও নষ্ট হচ্ছে। আজকে এ. বি. এ. গণিখান চৌধুরীকে প্রণাম করতে হয়। গ্রামবাংলায় বিদ্যুৎ পৌঁছে দেওয়ার ক্ষেত্রে তিনিই পথিকৃথ। আমাদের ত্রুটি-বিচ্যুতি নিশ্চয় ছিল, কিন্তু আমাদের বিদেশি লোন ছিল না এত, বাইরের টাকা আসেনি, কেন্দ্রীয় সরকার যা দিত, আর এখানে যে টাকা থাকত তাতে হয়ত সংকুলান হত না। তাতে সব কাজটা হয়ত হত না, কিন্তু পথিকৃৎ কে? ১৯৭৩ সালে যদি কোলাঘাট তৈরি না হত, তাহলে ওপেন করতেন কি করে? আজকে সাঁওতালদিতে কতবার বিপর্যয় হয়ে গেছে। ৮২-৮৭ তদানীন্তন মন্ত্রী মহাশয়কে বলেছিলাম ভয়ঙ্কর অবস্থা হচ্ছে, কয়লাগুলো নষ্ট হয়ে যাচ্ছে, যেখানে কয়লা ডাম্প করেছেন, সেখানে রূপনারায়ণের জল ঢুকে যাচ্ছে, উৎপাদন ক্ষতিগ্রস্থ হবে। তা সত্ত্বেও কিছু করতে পেরেছেন? ভাল কাজ করলে নিশ্চয় মৃণালবাবুকে ধন্যবাদ দেব। কেন দেব না? আগে যিনি মন্ত্রী ছিলেন, তাঁকে তো সকলেই শ্রদ্ধা করতেন।

তার সময়ে বিদ্যুৎ পরিস্থিতি যা হয়েছিল, আজকে কিন্তু তার থেকেও অবস্থা খারাপ হয়েছে। আরও অবনতি ঘটেছে। আপনারা দেখুন সাঁওতালদি থেকে আরম্ভ করে, কোলাঘাট, ব্যান্ডেল থেকে আরম্ভ করে সবই নষ্ট হতে চলেছে। এগুলি ভাল করে কাজে লাগান। সেখানে উৎপাদন বৃদ্ধি হবে। আপনারা দেখেছেন যে, কোন আপারেটিভের হাতে বিদ্যুৎ দিয়েছেন এবং তার ফলাফল কি হয়েছে? হুগলি জেলায়

কি ঘটনা ঘটেছে সেটা দেখেছেন নিশ্চয়। তাই পঞ্চায়েতের মাধ্যমে বিদ্যুৎ দেওয়ার ব্যবস্থা না করে তাদের হাতে বিদ্যুৎ সররবাহের ব্যবস্থা না দিয়ে আপনারা নিজের হাতে ব্যবস্থা নিন। ভাল ফল পাবেন। তাহলে আপনারা বিদ্যুৎকে ঠিকপথে আনতে পারবেন। আপনারা বলুন তো তদানীন্তন কালে যে শিল্পের সমৃদ্ধি ঘটেছিল, তখন কটা কারখানা বন্ধ হয়েছিল? আজকে বিদ্যুতের অভাবে শিল্পের সম্প্রসারণ ঘটছে না। আজকে বিদ্যুতে সমৃদ্ধি ঘটলে আর্থিক নিরাপত্তা ও পরিবর্তন নিয়ে আসবে। বিভিন্নভাবে আমরা এগিয়ে যেতে পারব। আজকে আমেরিকা কি করছে, রাশিয়া কি করছে সেটা দেখলে হবে না। আমরা নিজেরা কিভাবে চলতে পারব সেটা দেখতে হবে। আজকে আপনি পি. ডি. সি. এল. করে দিলেন, তাদের হাতে সব কিছু দিয়ে দিলেন, বিদ্যুৎ পর্ষদের এই যে কোটি কোটি টাকা দেনা, এটা কিভাবে পূরণ হবে? বিদ্যুৎ পর্ষদের হাতে কিছু থাকবে না। তখন কি অবস্থা হবে এই কথাগুলি চিন্তা করার দরকার আছে। স্যার, তাই আমাদের মাননীয় সদস্যরা ৯-২০ পর্যন্ত যেগুলি দিয়েছেন তার মধ্যেই এগুলি আছে। বিদ্যুৎ চুরি থেকে আরম্ভ করে সব কিছুই আছে। আপনারা বোধহয় এগুলিকে গ্রহণ করবেন না। তাই আমি এই ডিম্যান্ড ৬৯ এবং ৭২ যে মাননীয় মন্ত্রী নিয়ে এসেছেন, তার সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এখানে মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন আমি তা সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী এই বইয়েতে বর্তমান চিত্র এবং আগামী দিনে কি করতে চান তা সম্পূর্ণভাবে তুলে ধরেছেন, তাই আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এখানে বিরোধী দলের নেতা পঙ্কজবাবু এই বাজেট বরাদ্দের বিরোধিতা করতে গিয়ে কতগুলি পরিসংখ্যান দিয়েছেন আমাদের ভারতের কিছু রাজ্যের সঙ্গে আমাদের রাজ্যের। তিনি এটা করতেই পারেন। এত অসত্যতার কিছু নেই। তিনি অন্ধ্র, পাঞ্জাব, মহারাষ্ট্র এইসব রাজ্যগুলির সঙ্গে আমাদের রাজ্যের বিদ্যুৎ উৎপাদন এবং পাম্পিং স্টেশানে যে বিদ্যুৎ সংযোগ তা তুলনামূলকভাবে দেখিয়েছেন।

[4-50 — 5-00 p.m.]

ওই সব জায়গা ১০০ পারসেন্ট পাম্পসেটে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে, কিন্তু আমাদের এখানে তা হয়নি। সেখানে গ্রামের ১০০ পারসেন্ট মৌজাতে দেওয়া হয়েছে, কিন্তু আমাদের এখানে ৭৭ পারসেন্ট মৌজাতে দেওয়া হয়েছে। পঙ্কজবাবুকে

আরেকটা কথা বলা দরকার যে স্বাধীনতার পরে অনেক বিষয়ের মতো বিদ্যুতও ভারত সরকারের কাছ থেকে বিমাতৃসুলভ আচরণ পেয়েছে। মহারাষ্ট্র, পাঞ্জাব, অন্ধ্রপ্রদেশে বিদ্যুতের বিষয়ে যে ভাবে কেন্দ্রীয় সকরারের দৃষ্টিতে তার প্রকল্প গড়ে তোলার ক্ষেত্রে সুযোগ-সুবিধা পেয়েছে, পশ্চিমবঙ্গ কিন্তু তা পায়নি। স্বাধীনতার দুই দশক ধরে বিদ্যুতের কিছু প্রকল্প গ্রহণ করা হয়েছিল পশ্চিমবঙ্গ এবং সেখানে প্ল্যানিং কমিশনের দৃষ্টিভঙ্গির অভাবের জন্যই বলুন আর বাস্তব উপলব্ধি না থাকার জন্যই বলুন তারা কতগুলি প্রকল্প এমনভাবে নিয়েছিলেন যে তার জন্য পশ্চিমবঙ্গকে ভুগতে হয়েছে। যেমন ডি. ভি. সি.। তখন বলে ছিলেন এই প্রকল্প যখন সাফল্য লাভ করবে তখন বিহার এবং পশ্চিমবঙ্গে আর বিদ্যুতের কোনও অভাব থাকবে না। পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পর্ষদ যে বিদ্যুৎ উৎপাদন করে তার সঙ্গে ডি. ভি. সি.-কে যুক্ত করলে বিহার এবং পশ্চিমবঙ্গে আর কোনও অসুবিধা থাকবে না। ১৯৬০ সালে সাঁওতালদি প্রকল্প যখন রচিত হল তখন তার পাওয়ার প্ল্যান্ট এবং তার যে জেনারেশন ক্যাপাসিটির যারা প্ল্যানার ছিলেন তারা আতঙ্কগ্রস্থ হলেন যে এত বিদ্যুৎ উৎপাদন হবে, তাহলে কি হবে এত বিদ্যুতের। প্ল্যানিং কমিশনের কি দূরদর্শিতা ছিল না, নাকি ইচ্ছাকৃত ভাবে করেছেন জানি না। বাস্তবজ্ঞানের অভাবও থাকতে পারে হয়তো তার জন্যই বোঝেন নি যে গ্রামে গ্রামে বিদ্যুতের চাহিদা বাড়বে, লোক সংখ্যা বাড়বে। সভ্যতার বিকাশ ঘটবে। এর উপর ওপার বাংলার মানুষ এপারে আসবে তার জন্যই চাহিদা বাড়বে। শিল্পে, কৃষিতেও চাহিদা থাকবে। এটা আগামী দিনে কোথায় যাবে—আমি শুধু চাপান-উতোর করছি না যে আপনাদের সময়ে হয় নি, বা আপনাদের সময়ে কি ছিলো, আমাদের সময়ে কি হয়েছে তা নয়। এটাকে ইস্যু হিসাবে দেখতে হবে। ভারতবর্ষে বিশেষ করে পূর্বাঞ্চলে সংকট দেখা দিয়েছে। কয়েক দিন আগে মাননীয় প্রধানমন্ত্রী পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রী বা বিদ্যুৎ মন্ত্রীদের সম্মেলন ডাকলেন—প্রথম থেকেই পশ্চিমবাংলার উপর বিমাতৃসুলভ আচরণ করা হয়েছে। কেন্দ্রের বাজেট থেকে মহারাষ্ট্র, পাঞ্জাব, অন্ধ্রপ্রদেশের জন্য যে টাকা ব্যয় করা হয়েছে তার তুলনায় পশ্চিমবঙ্গে অনেক কম করা হয়েছে। এ ছাড়া পঙ্কজবাবু যেটা বললেন আরেকটু ভাববার যে থার্মাল পাওয়ার এবং হাইডেল পাওয়ার এই দুটোই প্রধান বিষয়। হাইডেল অর্থাৎ জলবিদ্যুৎ এটার খরচ কম। তার বিদ্যুতের থেকে জল বিদুতের খরচ অনেক কম হয়।

অন্ধ্রে যেটা হয়েছে, মহারাষ্ট্রে বাস্তবে যেটা আছে আমাদের পশ্চিমবাংলার একমাত্র উত্তরবঙ্গ ছাড়া হাইডেন প্রোজেক্টের জন্য অনুকুল পরিবেশ নেই। উত্তরবঙ্গের

হাইডেল পাওয়ার প্রোজেক্টগুলো হিমালয়ের বরফ গলা জলে পুষ্ট এবং এর প্রাকৃতিক পরিবেশও অতি মনোরম। সুন্দর বনানী, সবুজ হিমালয়ের মাথায় বরফের মুকুট। পাখির ডাক। অতি সুন্দর প্রাকৃতিক পরিবেশের মধ্যে হাইডেল পাওয়ার প্রোজেক্টগুলো গড়ে উঠেছে। আর, কিছু হাইডেল প্রোজেক্ট আছে বাঁধ দিয়ে করা জলের উৎসে। এছাড়া, হাইডেল পাওয়ার প্রোজেক্ট করার জায়গা পশ্চিমবাংলায় নেই। রাম্মাম হাইডেল পাওয়ার প্রোজেক্ট আমাদের গর্ব। এর উৎপাদন ব্যবস্থা যথেষ্ট বাড়ানো হয়েছে চারটে ফেজে। সেই জন্য বলছি, শুধু চাপান-উতোরের ব্যাপার নয়, এটা ভাববার।

সাঁওতালদিহির ব্যাপারে মাননীয় সদস্য অম্বিকাবাবু জানেন সেখানে ডিজাইনে ত্রুটির ফলে আশানুরূপ ফল পাওয়া যায়নি। প্রয়াত ইন্দিরা গান্ধী এটা ১৯৭৪ সালে ইনাগুরেট করেছিলেন কিন্তু বিদ্যুৎ উৎপাদন শুরু হল অনেক পরে, ১৯৭৮-৮১ সালে। কোলাঘাটের তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরি করার একটা যুগান্তকারী ঘটনা। এটার বিদ্যুৎ উৎপাদন ১৯৭৮ সালে চালু হওয়ার কথা ছিল। কিন্তু প্রথমত জমির অভাব, টাকার অভাব, পরে বন্যায় ডুবে যাওয়ার জন্য আরো কিছুটা দেরি হয়ে যায়। ১৯৮৪ সালের পরে কোলাঘাট চলতে শুরু করল। ৪-টে ফেজে মোট ২১০ মেগাওয়াট বিদ্যুতের যোগানের ব্যবস্থা তাতে হল। এবং এই বিদ্যুৎ সরবরাহ হতে শুরু করল কলকাতা, হাওড়া আসানসোল এবং দুর্গাপুরের শিল্পাঞ্চলে। আর ১৯৮৭ সালে রাজ্য বিদ্যুৎ পর্যদের কাছ থেকে পি. ডি. সি. এল. বলে রাজ্যের একটা সংস্থাকে গ্রহণ করা হল যাতে আর্থিক সাহায্যে ভাল ভাবে এটা চলে। ভাল ভাবেই চলছে, অসুবিধা কিছু নেই।

আমাদের এখানে কয়েক বছর ধরে শিল্পায়ণের যে জোয়ার শুরু, হয়েছে তাতে বিদ্যুৎ হচ্ছে এক নম্বর প্রয়োজনীয় উপাদান। কৃষি ক্ষেত্রে বিদ্যুতের সংযুক্তির ফলে উৎপাদন আজকে অনেক বেড়ে গেছে। এটা তো এমনি এমনি হয়নি। শিল্প উৎপাদনের ক্ষেত্রে বিদ্যুতের যোগান দেওয়া হচ্ছে। শিল্পায়ণের এবং কৃষি ক্ষেত্রে বিদ্যুতের ব্যবহারের ফলে আগের থেকে অনেক বেশি উপকার পাওয়া যাচ্ছে। বিদ্যুতের যোগানের জন্য ভূ-গর্ভস্থ জল তুলে কৃষিতে অধিক ফসল ফলানো যাচ্ছে। সুতরাং আমরা বিদ্যুতের উৎপাদন এবং যোগানের ক্ষেত্রে যে এগিয়েছি আগের থেকে তাতে কোনও সন্দেহ নেই। তবে কিছু কিছু ক্ষেত্রে গোলমাল আছে, যে কিনা মাননীয় মন্ত্রিমহাশয় তার বাজেট বইতে বলেছেন।

[5-00 — 5-10 p.m.]

ট্রান্সফর্মার এবং ডিস্ট্রিবিউশনের কিছু গন্ডগোল আছে, উনি সেটা বলেছেন। কি করে কি করা যায় সে ব্যাপারে উনি কতগুলো পরিকল্পনার কথা আমাদের কাছে বলেছেন। পুরোনো পাওয়ার প্ল্যান্ট চাঙ্গা করে দফায় দফায় নতুন পাওয়ার প্ল্যান্ট, পাওয়ার স্টেশন স্থাপন, ট্রান্সফর্মার ও ডিস্ট্রিবিউশন নেট-ওয়ার্ক উন্নয়ন ও পরিবর্তন মাধ্যমে গ্রাহকদের কাছে কিভাবে আরও ভাল পরিষেবা পৌঁছে দেওয়া যায় তার চেষ্টা করা হচ্ছে— এগুলো মাননীয় মন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন। এর জন্য আমি একটা কথা বলছি যে, আমার মনে হয়, আপনারাও অনেকে মনে করবেন, সেটা আমি আগেও বলেছিলাম যে, যেখানে জলবিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠেছে, সেখানে সেই জায়গাগুলোকে যদি একটা পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলা যায় তাহলে পর্যটন শিল্পের যথেষ্ঠ উন্নতি ঘটতে পারে। যেমন রাম্মাম জলবিদ্যুৎ কেন্দ্র, জলঢাকা, তিস্তা ব্যারেজ—এসব জায়গায় যদি পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তুলতে পারি তাহলে খুব ভাল হবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা সাজেশন আছে, আমি উত্তর ২৪ পরগণার বসিরহাট বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেখানে লোডশেডিং হয়, উনি স্বীকার করেছেন পিক্-আওয়ারে লোডশেডিং হয়। আমরা বিদ্যুৎ রপ্তানি করি, কিন্তু পিক্-আওয়ারে লোডশেডিং হলে আমাদের কিছু ঘাটতি থাকে। এটাকে কি করে মেটানো যায় সেটা দেখা দরকার। আপনি পুরুলিয়ায় পাম্পসেট বসিয়েছিলেন, এটার কি একটা গন্ডগোল হয়েছিল, মামলা হয়েছিল, এই করে সেটা মেটানোর চেষ্টা করেছিলেন, বসিরহাটে ১৩২ কে.ভি-র সাব-স্টেশন স্থাপনের বিষয়টা স্যাংশন হয়েছে, মঞ্জুর হয়েছে, আমরা এরজন্য জমি ঠিক করেছি, জেলা ম্যাজিস্ট্রেট থেকে ঠিক করা হয়েছে। এখানে যাতে দ্রুত সাব-স্টেশন গড়ে উঠে তারজন্য আমি অনুরোধ করছি। এতে আমাদের ওখানকার মানুষের অনেক সুবিধা হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাটমোশনগুলোকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতি সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় ২০০১-২০০২ সালের ৬৯ এবং ৭২ নম্বর দাবির অধীন যে ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের কাটমোশনগুলোকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতার ৩ নম্বর পাতায় ৬ নম্বর কলমে মহা আনন্দের সঙ্গে

ঘোষণা করেছেন যে উনি বিদ্যুৎ রপ্তানি করছেন। ভাল কথা, স্যার ২০০০-২০০১ সালে রাজ্য সরকারের বিভিন্ন সংস্থাগুলো ১১৭১৪.৬২ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্য খুব পরিষ্কার যে, আমাদের এখানে বিদ্যুতের কোনও অভাব নেই, কোনও সমস্যা নেই, গ্রামবাংলায় কোনও অসুবিধা নেই। কিন্তু বাস্তব চিত্র যদি আমরা দেখি তাহলে দেখা যাবে যে, মাননীয় মন্ত্রী মহাশয়ের কথার সঙ্গে কোথাও কোথাও মিল আছে এবং কোথাও কোথাও মিল নেই। পশ্চিমবঙ্গে গত এক বছরে রাজ্যের বিদ্যুতের উৎপাদনকারী সংস্থাগুলোর উৎপাদন কমে গেছে। ১৯৯৯-২০০০ সালে পশ্চিমবঙ্গে নিজস্ব সংস্থাগুলো বিদ্যুৎ উৎপাদন করেছিল ১৬৬৩১.৩২ মিলিয়ন ইউনিট, ২০০০-২০০১ সালে বিদ্যুৎ উৎপাদন হয়েছে, ১২২০০.৯ মিলিয়ন ইউনিট, বিদ্যুৎ উৎপাদন কমেছে, ৪৪২২ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ কমে গেছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৫ বছরে পশ্চিমবাংলায় ১৬.৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। কিন্তু তার আগের বছর গুলোয় বিদ্যুৎ উৎপাদন কমে গিয়েছিল। ফলে গ্রামীণ বিদ্যুতিকরণের কাজ দারুণভাবে মার খেয়েছে। এই সরকারের বিদ্যুতের সিস্টেম বা পরিকাঠামো অত্যন্ত দুর্বল। মাননীয় মন্ত্রী বিদ্যুৎ উৎপাদন করছেন এবং রপ্তানি করছেন—ভাল কথা। কিন্তু মাননীয় মন্ত্রী গ্রামে গিয়ে দেখুন সিস্টেমের দুর্বলতার জন্য, পরিকাঠামোর অভাবে গ্রামে বিদ্যুৎ নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। ১৯৯১ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত এবং ১৯৯৬ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত আমরা আমাদের এম. পি. কোটার ২২ লক্ষ টাকা আমাদের গ্রামগুলিতে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য দিয়ে দিয়েছি। কিন্তু আমি দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি এখন পর্যন্ত আমাদের সেই গ্রামগুলোয় বিদ্যুৎ পৌঁছায়নি। আমরা আমাদের পক্ষ থেকে টাকা দেওয়া সত্ত্বেও বিদ্যুৎ পাইনি। এই বিষয়টির প্রতি আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি দয়া করে এই ব্যাপারগুলো একটু দেখুন। ১৯৯৫-৯৬ সালের মধ্যে ৩৪,৬০০ গ্রামের মধ্যে ২৯,০০৫ টি গ্রামের আপনারা বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন। অর্থাৎ ৭৬.৮১% গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে। পাঁচ বছর বাদে ২০০০-২০০১ সাল ৩৮,৫০০ গ্রামের মধ্যে ২৯,৫০৯টি গ্রামে বিদ্যুৎ পৌঁছেছে। অর্থাৎ ৭৭.৮৭%। আপনাদের করিতকর্মা সরকারের এই হচ্ছে পাঁচ বছরের সাফল্য। পাঁচ বছরে মাত্র ৪০৪টি গ্রামে বৈদ্যুতিকরণের কাজ করতে পেরেছেন। অর্থাৎ পাঁচ বছরে মাত্র ১.৬% কাজ হয়েছে। স্যার, যখন ভারতবর্ষের অন্যান্য রাজ্যে, মহারাষ্ট্র, গুজরাট, পাঞ্জাব, হরিয়ানা, তালিমনাডু, কেরালা, কর্ণাটক প্রভৃতি

রাজ্যে ১০০%-ই কাজ হয়েছে তখন আমাদের রাজ্যের এই অবস্থা। আমি কোনও সমালোচনা করছি না। এটা আমাদের পরিকাঠামোর ব্যর্থতা। এই ব্যর্থতা আমাদের স্বীকার করে নিতে হবে। আমরা বিরোধী দলের পক্ষ থেকে এই ব্যর্থতার কথা প্রতিদিন বলি এবং সরকার পক্ষের সদস্যরা শুনে খুশি হন। কিন্তু পরিকাঠামোর ওপর বক্তব্য রাখবার সময় সরকারের ব্যর্থতা ঢেকে তাঁদের বক্তব্য রাখতে হয়। বিদ্যুতের এই অবস্থার মধ্যে কি ভাবে রাজ্য এগুবে, শিল্প বিকাশ কি করে ঘটবে? এখানে বলা হচ্ছে, দরিদ্র মানুষদের জন্য বিদ্যুতের ব্যবস্থা হয়েছে। ৩১ লক্ষ ৩২ হাজার এলাকায় ১০,২১৫৩টি গরিব মানুষকে 'কুটির জ্যোতি' এবং 'লোকদীপ' প্রকল্পে বিদ্যুৎ দিয়েছেন। এরপর আমরা দেখছি আর. আই. ডি. সি. পোলের সাহায্যে এস. সি. এবং এস. টি. অধ্যুষিত গ্রামে বিদ্যুৎ দেওয়া হচ্ছে। সেখানে বলা হচ্ছে ৮১০ টাকা জমা দিয়ে ওয়্যারিং করাতে হবে। কেন? আমি দেখছি আমার বিধানসভা কেন্দ্রে প্রচুর পোল দাঁড়িয়ে আছে, তার টাকা হচ্ছে না। এস. সি. এস. টি. মানুষরা টাকা কোথায় পাবে? ঐভাবে পোল পাঠিয়ে আপনারা ভোটের রাজনীতি করেছেন, তার বেশি আর কিছু নয়। আজকে গ্রামবাংলায় ৫ লক্ষ অগভীর নলকূপের মধ্যে মাত্র ১,১০,০৭৯টি পাম্প সেটে বৈদ্যুতিকরণ হয়েছে। ১৯৯৫-৯৬ সালে ১ লক্ষ ১ হাজার ৩৩২ টি স্যালো টিউবওয়েল বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছিল। ২০০০-২০০১ সালের মধ্যে সেই সংখ্যা বেড়ে হয়েছে ১ লক্ষ ১০ হাজার ৭৯ টি। পাঁচ বছরে মাত্র ৮ হাজার ৭৪৭টি নতুন স্যালো টিউবওয়েল বিদ্যুৎ পেয়েছে।

[5-10 — 5-20 p.m.]

একজন মাননীয় সদস্য বলছিলেন যে, অগ্রগতি হয়েছে বিদ্যুৎ যোগানের, তাই কৃষকরা উৎপাদন করছে। এটা যদি অগ্রগতি হয় তাহলে অগ্রগতি কাকে বলে তা আমার জানা নেই। আজকে বিদ্যুতের দাম বাড়িয়ে নিয়ে মানুষের উপর আর একটা বোঝা চাপানোর চেষ্টা করেছেন। গরিব মানুষের ক্ষেত্রে এটা একটা বেদনাদায়ক, তারা খুবই অসুবিধার মধ্যে পড়েছে। গরিব মানুষ এবং মধ্যবিত্ত পরিবারদের অবস্থা এরফলে খুবই খারাপ হবে। আপনি বলেছেন, লোডশেডিং হচ্ছে না কলকাতা মেগাসিটিতে। ঠিকই তো, কি করে লোডশেডিং হবে? ৬৫ হাজার ছোট-বড় কলকারখানা আজকে বন্ধ। তারপর প্রতিদিন ৩/৪টি করে কারখানা বন্ধ হচ্ছে। সেখানে বিদ্যুৎ লাগছে না আর গ্রামে তো বিদ্যুৎ দিচ্ছেন না। সুতরাং এখানে লোডশেডিং যে হবে না সেটা নতুন করে জানার কিছু নেই। আজকে আপনারা

বিদ্যুৎ বিক্রি করছেন অন্ধ্রপ্রদেশে, বিহারে, আসামে, তারপর সি. ই. এস. সি.-কে। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, বিদ্যুতের জন্য কোটি কোটি টাকা পড়ে থাকা সত্ত্বেও এই টাকা আদায় করছেন না কেন? আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, কোটি কোটি টাকা পড়ে থাকা সত্ত্বেও এই টাকা আদায় না করার পিছনে রহস্যটা কি তা দয়া করে মাননীয় মন্ত্রী মহাশয় এই হাউসে বলবেন কি? আজকে গোয়েঙ্কার কাছে পাওনা টাকা সরকার কিন্তু আদায় করছেন না। কারণ গোয়েঙ্কাদের কাছে টাকা আদায় করার ক্ষমতা আপনার নেই। আজকে গরিব মানুষ মধ্যবিত্ত মানুষ যারা মিল চালাচ্ছে তাদের টাকা দিতে ২ দিন দেরি হলে তাদের লাইন কেটে দিচ্ছেন। কিন্তু গোয়েঙ্কার কাছ থেকে টাকা আদায় করতে পারেননি। আমাদের প্রাক্তন মন্ত্রী ডঃ শঙ্কর সেন মহাশয় যখন বিদ্যুৎমন্ত্রী ছিলেন তখন উনি চেষ্টা করেছিলেন গোয়েঙ্কার কাছ থেকে কিভাবে টাকা আনা যায়। কিন্তু কি করা যাবে। উনি যখন টাকা আনার জন্য চাপ সৃষ্টি করলেন তখন তাঁকে মন্ত্রী থেকে সরে যেতে হল। খুবই লজ্জাজনক ঘটনা। ওনাকে মেরে ফেলার হুমকিও দেওয়া হল। সেইজন্য উনি সরে গেলেন। আজকে যদি এই অবস্থা হয় তাহলে পশ্চিমবাংলার অগ্রগতি কিভাবে হবে, পশ্চিমবাংলাকে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যাবে? তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই, আজকে গ্রামে ঠিকমত ডিস্ট্রিবিউশন করা দরকার। কারণ, গ্রামে যে সমস্ত বৈদ্যুতিকরণের অফিসগুলি ছিল সেগুলি আজকে শহরমুখী হয়ে গেছে। এই শহরমুখী হয়ে যাওয়ার ফলে দেখা যাচ্ছে, গ্রামের সমস্ত মানুষকে শহরে আসতে হচ্ছে, এসে কাজ করতে হচ্ছে। তাই বলছি, এম. এল. এ. ফান্ডে কোটা থেকে যদি অনুমতি দেন তাহলে এস. সি. অ্যান্ড এস. টি. লোকদের লোকদীপ প্রকল্প করতে পারি। কারণ, এম. এল. এ-দের তো কিছু করার নেই। এদিকে দেখলাম, জেলা-পরিষদ এবং পঞ্চায়েত সমিতি কিছুই করতে পারেনি, নিজেরা টাকা দিতে পারেনি। এদিকে জেলা পরিষদকে সর্বোচ্চ ক্ষমতা দিয়ে রেখেছেন। ঠিক নির্বাচনের সময়ে আমার জেলাতে দেখলাম পোল নিয়ে কি রকম রাজনীতি হল। সমস্ত পোল উঠে চলে গেল আপনাদের বিভিন্ন নেতাদের নির্বাচনী এলাকায়। এইভাবে আপনারা ভোট করেছেন। তাই আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে এবং আমাদের আনীত কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ৬৯ এবং ৭২ নম্বর ব্যয়-বরাদ্দের উপর মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে বাজেট বরাদ্দ রেখেছেন সেই বাজেটের উপর আমি আমার আলোচনা রাখতে গিয়ে সেই বিদ্যুৎ বাজেটের

বিরোধিতা করে এবং সরকারের বিদ্যুৎ নীতির জন্য আমার আনীত যে কাটমোশনগুলি তার সমর্থনে বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমত মাননীয় বিদ্যুৎমন্ত্রী তাঁর ভাষণে এই রাজ্যে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির কথা বলেছেন।

এটা ঠিক বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পেয়েছে কিন্তু ট্রাজেডি হচ্ছে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে, বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে বলে বাইরের রাজ্যে রপ্তানি করা হচ্ছে কিন্তু বিদ্যুৎ পরিষেবা থেকে গ্রামবাংলার মানুষরা বঞ্চিত হচ্ছেন। গ্রামে বিদ্যুতের হাহাকার চলছে। গ্রামে বিদ্যুতের দুরাবস্থার জন্য কৃষিতে দুরাবস্থা চলছে। ফলে এখানে একটা বৈপরিত্য আমরা লক্ষ্য করছি। মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই বলেছেন ৭ হাজার ৮৮টি মৌজাতে বিদ্যুৎ এখনও পৌঁছায়নি। শুধু এই চিত্র নয়। আরও করুণ চিত্র হচ্ছে, বিদ্যুতায়ণ হয়েছে বলে যেসব গ্রামের কথা বলা হচ্ছে সেইগুলির এমন অবস্থা যে যার জন্য ওরা সেগুলির পুনরুজ্জীবন এবং নিবিড়করণ করার কথা বলছেন। অর্থাৎ বিদ্যুৎ থেকেও নেই—এই রকম একটা অবস্থা। প্রকৃত চিত্রটা দেখলে বোঝা যাবে গ্রামবাংলায় বিদ্যুতের চিত্র কত ভয়ঙ্কর, কত মারাত্মক। এ ছাড়া বিদ্যুতের পরিষেবা যেটা দেওয়া হচ্ছে সেখানেও দিনের পর দিন ট্রান্সমিশান, ডিস্ট্রিবিউশন লসের কথা বলা হচ্ছে এবং তাতে লোডশেডিং হচ্ছে, লো ভোল্টেজ হচ্ছে। এখানে এই লোডশেডিং এবং লো ভোল্টেজের কথা প্রতিদিন উল্লেখ করা হচ্ছে। অর্থাৎ বিদ্যুৎ থেকেও নেই। তার ফলে সেখানে ছেলেমেয়েরা পড়শুনো করতে পারছে না, কোনও কাজ হচ্ছে না। লোডশেডিং-এর জ্বালায় গ্রামের মানুষরা আজ অতিষ্ঠ। কলকাতায় লোডশেডিং খানিকটা কমলেও গ্রামবাংলায় ভীষণভাবে লোডশেডিং চলছে। তার উপর বিদ্যুৎ গ্রাহকদের উপর চলছে বর্গীর অত্যাচার। সেখানে ঠিক মতন মিটার রিডিং হয় না, বিদ্যুতের বিল ঠিক মতন যায় না। রেভিনিউ আদায়ের নামে সমস্ত বিদ্যুৎ গ্রাহকদের লাল বিল ধরিয়ে দেওয়া হচ্ছে। সেখানে যা পাওনা তার থেকে বেশি বিল ধরিয়ে দেওয়া হচ্ছে। বিনা নোটিশে বিদ্যুতের কানেকশান কেটে দেওয়া হচ্ছে। এই রকম ভাবে সাধারণ বিদ্যুৎ গ্রাহকদের উপর অত্যাচার চলেছে। সেখানে ঠিক মতন মিটার রিডিং হয় না, ট্রান্সফরমার নেই, ট্রান্সফরমার বার্স্ট করছে আর তার সঙ্গে সঙ্গে লোডশেডিং, লো ভোল্টেজ চলছে। এর ফলে কৃষকদের ফসল নষ্ট হচ্ছে। কৃষকরা আত্মহত্যার পথে যেতে চাইছে, ক্ষুদ্রশিল্প শেষ হয়ে যাচ্ছে। এই হচ্ছে বিদ্যুৎ পরিষেবার অবস্থা অথচ বিদ্যুৎ উদ্বৃত্ত বলে অন্য রাজ্যে বিদ্যুৎ রপ্তানি করা হচ্ছে। বিদ্যুৎ পরিষেবার পরিকাঠামো এইভাবে ভেঙ্গে পড়েছে এবং বিদ্যুতের গ্রাহকরা বঞ্চিত হচ্ছেন। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখছি বিদ্যুতের দাম বাড়াবার উদ্যোগ নেওয়া

হচ্ছে এবং মারাত্মক ভাবে বিদ্যুতের দাম বাড়বে। আমরা যতদূর শুনেছি বোধ হয় মাসখানেকর মধ্যে বিদ্যুতের দাম বাড়বে। ইলেক্ট্রিসিটি রেগুলেটারি কমিশন অর্থাৎ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন—কেন্দ্রীয় সরকারে যে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন তার ভিত্তিতে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ইলেক্ট্রিসিটি রেগুলেটারি কমিশন অর্থাৎ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন গঠন করেছেন '৯৯ সালে। এই কমিশনের পারপাসটা কি? তড়িঘড়ি পশ্চিমবঙ্গ এটা করল কেন? পারপাসটা হচ্ছে, ইলেক্ট্রিসিটি রেগুলেটারি অ্যাক্ট, '৯৮, বলছে, The electricity generation, transmission, distribution and supply are conducted on commercial principles.

সমস্ত জিনিসটা স্যার, বানিজ্যিক দৃষ্টিভঙ্গি থেকে দেখা হবে এবং সেইভাবে বিদ্যুতের দাম বাড়াবার আয়োজন করা হচ্ছে। আপনি জানেন, স্যার এই রেগুলেটারি কমিশনের কাছে ঐ সি. ই. এস. সি.—যে সি. ই. এস. সি. সম্পর্কে অনেক কথা উঠেছে, আমিও পরে কিছু বলব—তারা ৩৭ পারসেন্ট মিটার ভাড়া বৃদ্ধির দাবি করেছে। ইউনিট প্রতি দাম বাড়াতে চেয়েছে ৩৩.৮ পারসেন্ট। ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন লস দেখিয়েছে ২৩ পারসেন্ট। এই রকম ভাবে তারা বিদ্যুতের দাম বাড়াবার দাবি করেছে।

[5-20 — 5-30 p.m.]

আমাদের এস. ই. বি., এরাও দাম বাড়াবার দাবি করছে, অথচ ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন লস দেখাচ্ছে ৩৯.২ পারসেন্ট। মাত্র দু-তিন বছর আগে যেখানে ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন লস ছিল, ১৯৯৫-৯৬ সালে, ডঃ শঙ্কর সেনের আমলে ২০.৮ পারসেন্ট, সেটা এখন দেখাচ্ছেন ৩৯.২ পারসেন্ট সেখানে এস. ই. বি. বিদ্যুতের দাম বৃদ্ধি করেছে ২৭.৬৯ পারসেন্ট। ওরা বলবেন, বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন করেছি, ফলে তারা যা ঠিক করবেন সেটাই তো করব। কিন্তু ভারতবর্ষের কোথায়ও এই বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন হয়নি। কাজেই এই কমিশন গঠন তো এতটা জরুরি ছিল না। কিন্তু আপনারা কেন্দ্রীয় সরকার যেভাবে বিদ্যুতকে পণ্যে পরিণত করতে চাইছেন, বে-সরকারিকরণ করতে চাইছেন, ঠিক সেভাবে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন করে পশ্চিমবঙ্গের সাধারণ বিদ্যুৎ গ্রাহকদের বিদ্যুতের দাম ভয়ঙ্কর বৃদ্ধির সামনে ছেড়ে দিয়েছেন যেটা আমরা শীঘ্রই দেখতে পাব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুতের দামের ক্ষেত্রে আজকে তামিলনাড়ু, মহারাষ্ট্র, গুজরাট, রাজস্থান, বিহার, অন্ধ্রপ্রদেশের ১০০ ইউনিট ডোমেস্টিক, ১০০ ইউনিট কমার্শিয়াল, ১০০০ ইউনিট

বিদ্যুতের দামের সঙ্গে যদি প্রস্তাবিত মূল্য, যেটা বাড়াতে চাইছেন, তার সঙ্গে তুলনা করেন তাহলে, আমি দাবি করছি, বুঝতে পারবেন পশ্চিমবঙ্গের প্রকৃত অবস্থাটা কি। কারণ আমরা দেখেছি ভারতবর্ষের অন্যান্য রাজ্য, বিশেষ করে কৃষিতে তামিলনাড়ু এবং পাঞ্জাব যেখানে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী ন্যূনতম ৫০ পয়সা পার ইউনিট বসাতে চায়নি, গররাজি হয়েছেন, সেখানে পশ্চিমবঙ্গে সেটা ১৬০ পয়সা ফুয়েল সাবচার্জসহ আদায় করা হয়। তার উপর আবার ৮০ পারসেন্ট মূল্য বৃদ্ধির দাবি করা হচ্ছে। তারজন্য আমরা বলছি, অন্ততঃ কৃষির ক্ষেত্রে এরকম একটা বৈষম্য দেখতে পাচ্ছি এবং এরকম উচ্চ হারে বিদ্যুতের দাম বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আজকে ডব্লু. বি. আর. ডি. সি বা গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম যা করা হয়েছে, যার চেয়ারম্যান আমাদের বিধানসভার একজন প্রাক্তন বিধায়ক, তাদের হাতে বিদ্যুৎ পর্ষদের ৪২১টি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই-এর মধ্যে ২৭৮টি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাইকে তুলে দেওয়া হচ্ছে। এখন এই গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম মূলতঃ বকলমে ঠিকাদারদের সংস্থা হিসাবে পর্যবসিত হয়েছে। ঐ বিদ্যুৎ নিগমে ১২৫ থেকে ১৫০ জন কর্মী এবং তাদের মধ্যে মাত্র ১৮ জনকে স্থায়ী কর্মী হিসাবে নেওয়া হয়েছে। বাকিরা রুগ্ন বিদ্যুৎ পর্ষদে থেকে যাবেন। এই ১৮ জন ছাড়া আর যা প্রয়োজন সেটা তারা কন্ট্রাক্ট লেবার দিয়ে কাজটা চালাবেন স্থায়ী কর্মী থাকা সত্ত্বেও যারা বিদ্যুৎ পর্যদে উদ্বৃত্ত হয়ে থেকে যাবেন। এমনিতেই বিদ্যুৎ পর্ষদ রুগ্ন। তার উপর সাঁওতালদি এবং ব্যান্ডেল থার্মাল পাওয়ার স্টেশনকে বিদ্যুৎ পর্ষদ থেকে কেটে নিয়ে পি. ডি. সি. এল.-এর হাতে তুলে দেওয়া হল। তারফলে একটা মারাত্মক অবস্থা সৃষ্টি হবে। গত ৩০.৬.২০০১ তারিখে এ সম্পর্কিত রাজ্যপালের জারি করা বিজ্ঞপ্তি কর্মীদের হাতে এসে গেছে।

যে এটা চলে যাচ্ছে। এ ছাড়া এক হাজারেরও বেশি কর্মী উদ্বৃত্ত ঘোষণা করা হচ্ছে। এই উদ্বৃত্ত কর্মী নিয়ে রুগ্ন বিদ্যুৎ পর্ষদ কি করবে? কারণ এটা তো বিরাট লোকসানে রান করছে। তার উপর আবার এই কর্মীরা বিদ্যুৎ পর্ষদের ঘাড়ে চাপছে। বিদ্যুৎ পর্ষদকে কোথায় ঠেলে দিচ্ছেন? এই উদ্বৃত্ত কর্মীদের ভবিষ্যত কি? তাদের ঘাড়ে কি ছাঁটাই-এর খাঁড়া ঝুলছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এক দিকে দেখতে পাচ্ছি সাধারণ বিদ্যুৎ গ্রাহকদের উপর জুলুম চলছে, ভুতুড়ে বিল দিয়ে কানেকশান কেটে দেওয়া হচ্ছে, সেখানে দেখতে পাচ্ছি রাজ্য সরকারের ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের, এই যে গোয়েঙ্কা যাদের কথা বলা হল তাদের কাছ থেকে হাজার কোটি টাকা মতো পাওনা। এই গোয়েঙ্কার থেকে যে টাকা পাওনা আছে

সেটা উদ্ধারের ব্যাপারে তাদের বিরুদ্ধে কোনও কঠোর ব্যবস্থা নিতে পারছেন না এই সরকার। কিন্তু সাধারণ গ্রাহকদের উপর এইভাবে আক্রমণ করে যাচ্ছে। এই হচ্ছে ঘটনা। এই সমস্ত শিল্পপতিদের আশ্রয়পুষ্ট হয়ে সরকার চালাচ্ছে। সরকারের এই কার্য্যকলাপ সম্পর্কে তারা প্রশংসায় সোচ্চার এবং তারা মারাত্মকভাবে বিদ্যুৎ বিল বাড়াতে চলেছে। এই ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড, তার উপর স্ট্যান্ডিং কমিটি যে রিপোর্ট সেই রিপোর্টে বলছে "The West Bengal State Electricity Board althrough earned profits of Rs. 18.25 crores and Rs. 20.11 crores during the year 1996-97 and 1997-98 respectively yet it has an accumulated loss of Rs. 789.00 crores till 31.3.2000."

আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে পর্যদ এই রকম লাভে চলছে, সেখানে ২ বছরের মধ্যে এই বিপুল পরিমাণ লোকসান হল কি করে। তিনি নিশ্চয়ই এই হাউসকে অবহিত করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানতে চাই, জে. বি. আই. সি., জাপান ব্যাঙ্ক অফ ইনটারন্যাশনাল কো-অপারেটিভ এদের কাছ থেকে সঞ্চালন ও বন্টন ব্যবস্থার উন্নতির জন্য ৮৪০ কোটি টাকা সাগরদিঘী তাপ বিদ্যুৎ কেন্দ্র এবং অন্যান্য ক্ষেত্রে যে ঋণ বা আর্থিক সহায়তা নেওয়া হচ্ছে, এই ঋণ বা আর্থিক সহায়তার জন্য শর্তগুলি কি? সেটা আপনি এই হাউসকে জানাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় এত যে বিদ্যুৎ উৎপাদন হয় তার শতকরা ৯৭ ভাগ হচ্ছে তাপ বিদ্যুৎ এবং শতকরা ৩ ভাগ হচ্ছে জল বিদ্যুৎ। স্যার আপনি জানেন, এই হাউসে উত্থাপিত হয়েছে যে তাপ বিদ্যুৎ প্রকল্পগুলি পলিউশানের ক্ষেত্রে পরিবেশ দূষণের ক্ষেত্রে অত্যন্ত ক্ষতিকারক এবং ব্যয়বহুল। কিন্তু জল বিদ্যুতের ক্ষেত্রে প্রথম উৎপাদনটা ব্যয়বহুল কিন্তু পরবর্তীকালে সুলভ মূল্যে বিদ্যুৎ পাওয়া যায়। জল বিদ্যুৎ এবং সৌরশক্তি উপর জোর দিয়ে তাপ বিদ্যুতের উপর নির্ভবশীলতা কমালে বিদ্যুতের পরিস্থিতি ভাল হবে এবং পরিবেশ দূষণের হাত থেকে মানুষ বাঁচবে এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-40 p.m.]

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বাজেট ভাষণের ওপরে পক্ষে এবং বিপক্ষে ১৬ জন মাননীয় বিধায়ক বক্তব্য রেখেছেন। বিপক্ষে বক্তব্যগুলো আনতে গিয়ে তাঁরা এমন সব কতগুলি হিসাব দিলেন, যেগুলি আমি

ধরতে পারলাম না। তারজন্য আমাকে বারবার আমাদের অফিসারদের কাছে ছুটে যেতে হয়েছে। আমি আমার বাজেট ভাষণে আমরা কি করেছি, কি করব, কি করতে পারিনি, আমাদের সাফল্য কোথায়, ব্যর্থতা কোথায়, সবগুলিই তুলে ধরবার চেষ্টা করেছি। কাজেই আমি সেই বিষয়গুলি সম্বন্ধে বেশিটা যাব না। কিন্তু অনেকক্ষেত্রে যেগুলি আমি বুঝতে পারিনি বা মনে হয়েছে মাননীয় সদস্যরা ভুল বুঝিয়ে হোক বা অন্য কারণে হোক কতগুলি কথা বলেছেন যেগুলির উত্তর আমার দেওয়া উচিত। আমাদের রাজ্যের সেন্ট্রাল পাবলিক সেক্টর ইউনিটগুলি আমাদের রাজ্যের কাছে বেশি টাকা পায়, অন্য রাজ্যের কাছে পায় না। এটি বলতে গিয়ে যেভাবে ফিগারগুলি বলছিলেন, আমি একটু কনফিউসড হচ্ছিলাম। কারণ কেন্দ্র রাজ্যগুলির কাছ থেকে ৪১ হাজার কোটি টাকা পাবে। হ্যাঁ, আমাদের কাছেও পাবে। আমাদের এই ফিগার কোলে রয়েছে, আর. ই. সি.-র আছে, এন. টি. পি. সি. ইত্যাদি-র আছে। আমি একটি উপমা দিচ্ছি। আর. ই. সি.-র কাছ থেকে লোন নেওয়া হয়েছিল আজ থেকে ৩০ বছর আগে বা ঐ রকম কোনও সময়ে। ৩৫ কোটি টাকা হচ্ছে প্রিন্সিপ্যাল অ্যামাউন্ট, আর ইন্টারেস্ট হচ্ছে ৪২৫ টাকার মত। এই রকম আছে। এরপরে, কোল যেমন আমাদের কাছে পায়, আমরাও কোলের সেসের দরুন টাকা পাই এবং ইন্টারেস্ট, কোলের পেন্যাল ইন্টারেস্ট বাদ দিলে, এই ইন্টারেস্ট, প্রধান ইন্টারেস্ট বাদ দিলে, আমাদের বিশাল পরিমাণ লোন আছে— অস্বীকার করতে পারবো না। সেটা প্রায় দু'হাজার কোটি টাকার কাছাকাছি। ৩,৮০০ কোটি টাকা নয়। সেটা এই লোনটোন যা বলছেন, সেগুলো ধরলে এই ৩,৮০০ কোটি টাকা হবে। সেগুলো বাদ দিলে, ওরা যা বলছেন এবং আমরা যা বলছি, সেটা কমে যাবে। এটা অন্যান্য রাজ্যের ক্ষেত্রেও একই অবস্থা, প্রায় ৪১ হাজার কোটি টাকা পাবে। আমাদের রাজ্যকে খারাপ তুলে ধরবার জন্য পঙ্কজবাবু অন্ধ্রপ্রদেশের অনেক উপমা দিয়েছেন। আমি অথেন্টিক্যালি বলতে পারবো না। কারণ সেইভাবে পেপার আমার কাছে নেই। কিন্তু আমার মনে হয়, অন্ধ্রপ্রদেশে এগ্রিকালচার সেক্টরে, বিশেষ করে গ্রামাঞ্চলে ৬-৮ ঘন্টা বিদ্যুৎ থাকে। আর বাকি সময়ে বিদ্যুৎ দেওয়া হয় না। এর কারণ, একই লাইনে রয়েছে। এমনিতে ডোমেস্টিক এবং এগ্রিকালচার লাইন একই। এই কারণে বলছি, ওদের কিছু ইম্পর্ট্যান্ট লোকও বলেছেন। কিন্তু যেহেতু আমার কাছে পেপার নেই, আমি সেইভাবে বলতে পারবো না। পঙ্কজবাবু আবার বলেছেন, নন-কনভেনশন্যাল এনার্জিতে একটা কথা আপনার বলা উচিত ছিল—পশ্চিমবাংলা ভারতবর্ষের নন-কনভেনশন্যাল এনার্জিতে প্রথম

স্থানে আছে। আমরা কিন্তু গর্বিত। এই ব্যাপারে কিন্তু বলার সময়ে এটাকেও ছোট করে দিলেন। হ্যাঁ, আমাদের অন্ধ্রপ্রদেশ বা তামিলনাড়ুর মত উইন্ড বা হাইডেলের যে প্রাকৃতিক সুযোগ রয়েছে তা নেই। আমাদের দীঘা ইত্যাদি অঞ্চলে উইন্ড পাওয়ার করতে পারব না। আমাদের সাগরদ্বীপ বা ফ্রেজারগঞ্জে কিছু ফেসিলিটিস আছে। কারণ যে উইন্ড প্রেসার থাকার দরকার ২০ কি. মি. পার আওয়ারের সেটা আমাদের দীঘা বা অন্যান্য কোস্টাল এরিয়াতে নেই। আমরা উইন্ড পাওয়ার করতে পারি খুব জোর ৪০ থেকে ৪৫ মেগাওয়াট। আমরা ফ্রেজারগঞ্জে শুরু করেছি। আমরা এগোচ্ছি। সোলারে আমরা প্রায় প্রতি বছরই ফার্স্ট আমাদের রাজ্য। সোলার এনার্জিতে আমরা প্রথম প্রতি বছরই হচ্ছি। তারপরে বারো মাস, উডি মাস ইত্যাদির ক্ষেত্রে হ্যাঁ, কোনও কোনও রাজ্য আমাদের থেকে এগিয়ে আছে। তাদের ওয়েস্ট ল্যান্ড অনেক বেশি। কাজেই তাদের উডি বায়ো মাস ইত্যাদি করতে পারছে, তাদের করার সুযোগ আছে। আমরাও সুন্দরবন অঞ্চলে করছি। আমরা এখানে রাইস হাস্ক দিয়ে বর্দ্ধমান, বীরভূম, বায়ো মাস পাওয়ার প্ল্যান্ট তৈরি করছি। আর কয়েক দিনের মধ্যেই দুই মেগাওয়াট যুক্ত রাইস হাস্ক দিয়ে, ধানের তুষ দিয়ে তৈরি হচ্ছে। সেটাও ওপেনও হতে যাচ্ছে বর্দ্ধমানে। টি. ডি. লস আমাদের পশ্চিমবঙ্গে বেশি স্বীকার করছি। আমাদের ট্রান্সমিশান ডিস্ট্রিবিউশান লসের ক্ষেত্রে খুব খারাপ অবস্থা। কিন্তু এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, দিল্লিতেও ৫৬ পার্সেন্ট ট্রান্সমিশান ডিস্ট্রিবিউট লস। পঙ্কজবাবু বলার সময়ে বললেন অন্যান্য অঞ্চলে ১০ পার্সেন্ট লস আর আমাদের রাজ্যে ৪০ পার্সেন্ট লস। এটা একটু সুধরে বললে ভাল হয়। এটা ঠিক হয়নি। দেখুন পঙ্কজবাবু, ৮৪ হাজার স্কোয়ার কি.মি. ওভার হেড লাইন নিয়েও ট্রান্সমিশান, ডিস্ট্রিবিউশান লস ২০ পার্সেন্ট হবে এটা আইডিয়াল আপনি যদি বলেন তাহলে আপনার টেকনিক্যাল আইডিয়া এবং টেকনিক্যাল জ্ঞানের কাছে বলছি এবং আবেদন করছি আপনি ভুল বলেছেন। কারণ ৮৪ হাজার স্কোয়ার কি.মি. এরিয়াতে ওভার হেড লাইনে ট্রান্সমিশান, ডিস্ট্রিবিউশান ১০ পার্সেন্ট লস রাখা আমেরিকা এবং ইংল্যান্ডেও করতে পারে না। সুতরাং এটা ঠিক বলেন নি। তারপরে খান সাহেব বলেছেন, যে আমাদের হাইডেল এবং থার্মাল মিক্স খুব খারাপ, অ্যাডভার্স। ঠিকই তো, এই জায়গায় যদি আরেকটু ভাল হতাম, এই মিক্স যদি ভাল হত তাহলে ডেফিনিটলি আমাদের ভাল হত। কিন্তু আমরা নেচারের দিক থেকে বঞ্চিত। কারণ আমাদের হাইডেলগুলো যে এরিয়াগুলোয় যথা হিলি এরিয়ার আমরা ছোট ছোট হাইডেল করার জায়গা আছে—ওয়ান, দুই মেগাওয়াট, ৩ মেগাওয়াট, ৪

মেগাওয়াট, ৫ মেগাওয়াট। কিন্তু এই ধরনের হাইডেলগুলো থাকার ফলে আরো বেশি কস্টলি হয়ে যায়। এমনিতেই এগুলো কস্টলি, এতে আরো বেশি কস্টলি হয়ে যায়। এগুলোকে দিয়ে যদি রেশিওর মিক্সটাকে চেঞ্জ করতে হয় তাহলে সেটা আমাদের মত দেশের পক্ষে সম্ভব নয়। তবুও ঝুঁকি মাথায় নিয়েই পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রজেক্ট হাতে নিয়েছিলাম। এটা হাতে নিয়ে ৩ হাজার ১৮৪ কোটি টাকা খরচ করে করা হচ্ছে। কাজ এগোচ্ছে। আমি বলছি শুনুন আপনারা, অনেক কাজ এগিয়েছে। কতগুলো কোর্ট কেসে আটকে ছিল। ওই কোর্ট কেসগুলো উঠে গেছে। কাজও শুরু হয়েছে। আমরা শেষের দিকে ভাবলাম আমরা করব। প্রথম দিকে কেন্দ্রীয় সরকারের কাছে ডিমান্ড ছিল আমাদের। এটা তো গ্রীড ম্যানেজমেন্টকে সাহায্য করবে এবং এটাতে নতুন কোনও তো পাওয়ার অ্যাড হবে না এই সিস্টেমে। আমাদের ১১ হাজার মেগাওয়াট পাওয়ার দিতে হবে। রাত ১২টা থেকে সকাল ৬টা পর্যন্ত আর বিকেল ৫টা থেকে ১১টা পর্যন্ত এটা চলবে। এর দাম পড়বে হয়ত ৭, ৮ টাকা ইউনিট। এটা করতে হচ্ছে এইকারণে, যে, আমাদের গ্রীড সিসটেমটাকে যাতে ম্যানেজ করা যায়। কাজেই এটা আমাদের দায়িত্ব নয়, এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব।

কাজেই আমরা তাদের কাছে প্রস্তাব রেখেছিলাম প্ল্যানিং কমিশনের কাছে— তোমরা কর। ওরা যখন করেনি, আমরা ঝুঁকি নিয়ে বললাম, আমরা করব। কিন্তু আপনারা শুনে খুশি হবেন ইদানিংকালে কেন্দ্রীয় সরকার রাজি হয়েছে। এন. এইচ. পি. সি. তারা আমাদের সঙ্গে জয়েন্ট সেক্টরে করছে—কাজেই জয়েন্ট সেক্টরে এটা হচ্ছে, কাজ শুরু হয়েছে। এন. এইচ পি সি-র থার্টি পারসেন্ট ওয়েস্ট বেঙ্গলের থার্টি পারসেন্ট।

(এ. ভয়েস : গোয়েঙ্কার কথা বলুন)

[5-40 — 5-50 p.m.]

গোয়েঙ্কার কথায় আসব। যদি গোয়েঙ্কা নিয়ে জানতে হয় তাহলে ডিস্টার্ব করলে হবে না। আমাদের পুরুলিয়ার পাম্প স্টোরেজ প্রজেক্ট এর কাজ শুরু হয়েছে এবং সেখানে আমরা একটা ভাল জায়গায় যেতে পেরেছি। আমার স্টেটে ২২ থেকে ২৩ কোটি টাকার লোন বার্ডেন কমে গিয়েছে সেটা আপনারা বুঝতে পারবেন। ট্রান্সমিশান অ্যান্ড ডিস্ট্রিবিউশানকে তুলতে। কেন পারিনি আমরা? আপনারা জানেন

আমাদের শুরু করতে হয়েছে খুব বাজে জায়গা থেকে যখন ১০ থেকে ১২ ঘন্টা লোডশেডিং হত। তখন উৎপাদন ছিল ১২ শত থেকে ১৩ শত মেগাওয়াট যেটা আজকে বেড়ে হয়েছে ৬ হাজার মেগাওয়াট। এখানে টোটাল এমফ্যাসিসটা দিতে হয়েছে জেনারেশান ক্যাপাসিটি বাড়াবার জন্য। এটা ডাবলেরও বেশি বেড়েছে। শুধু তাই নয়, ট্রান্সমিশান এবং ডিস্ট্রিবিউশানও ডেফিনিটলি উন্নতি হয়েছে। ট্রান্সমিশান এবং ডিস্টিবিউশান সার্কিট বেড়েছে—আমাদের ফিগারও আছে, আমি ফিগারও দিয়ে দিতে পারি আপনাদের। তবুও বলব দ্যাট ইজ নট এনাফ, আমাদের আরো করতে হবে। যার জন্য আমরা পরিকল্পনা নিয়েছি, আমরা বাজেটে রেখেছি, আপনারা জানেন ৩১টা বড় বড় সাব-স্টেশান হচ্ছে। এখানে জে. ডি. আই. সি.-র যে টাকা তা লোন এখানে অম্বিকাবাবুকে বলি এর অনেকগুলি শর্ত আছে। অম্বিকাবাবু কিছুটা না জেনে বলেছেন, কাজেই আপনার জানার জন্য বলছি, আপনি জানেন না বলে বলেছেন, আপনি যেটা চেয়েছেন সেটা করা যায় না। কারণ জে. ডি. আই. সি.-র লোনের যে কন্ডিশন আছে, তাতে টেন্ডার করে ডাকা হয়েছিল, তাদের একটা কন্ডিশন ছিল, সেই কন্ডিশন মেনে নিতে হবে, সেটা সিমেন্স করতে পারেনি। ভেল কন্ডিশনটা ফুলফিল করেছে, ভেল এর টাকাটা কিছু বেশি ছিল, কিন্তু কন্ডিশন যা তা ওরা ফুলফিল করেছে, এটা না করলে টেন্ডারটা অ্যাকসেপ্টেডই হবে না। কিন্তু সিমেন্স কোনও রকমভাবে কন্ডিশন মানেনি, তাই তারা এর মধ্যে নেই। যেহেতু এই শর্তটা রয়েছে। ফলে কন্ডিশন হয়েছে, আমরা টেকনিক্যালিও বলছি কিন্তু ভেল আমাদের কথা শোনেনি, আপনিই তো এটা বলেছেন। আমি এর উত্তর দিচ্ছি। আপনি যেটা ভেবেছেন তিনটে কোম্পানিকে ভাগ করে দেওয়া যায় কিনা, এটা যায় না। এটা আপনি জানেন না বলে বলেছেন। তাছাড়া ভেল পাবলিক সেক্টর কোম্পানি। সেইজন্য সিমেন্স এর থেকে ভেলকে প্রেফারড মনে করেছি, তাদের কন্ডিশন সব দিক থেকে ভাল—জে. ডি. আই. সি.-র মনোনীত গ্যাপ যেটা বলছেন সেই গ্যাপটাও থাকছে না, সেটা যে পূরণ করে দিয়েছে। সিমেন্স যে টাকাটা দেখিয়েছে তার কম টাকা, লাগবে ৩১ বা ৩৫ কোটি টাকা।

আপনারা সিমেন্সের হয়ে বলছেন নাকি? আপনারা না জেনেই বলছেন। আপনাদের প্রশ্নের আমি উত্তর দিচ্ছি না। শোভনদেববাবুকে বলি, টারিফ রিভিশন হবে, কারণ কয়লার দাম বাড়ার পরে ও ১৯৯৯ সালের পরে কোনও টারিফ রিভিশন হয়নি এবং ২০০১ সালেও কোনও টারিফ রিভিশন হয়নি। দেবপ্রসাদ বাবুকে বলছি, এই মুহূর্তে প্রতিদিন ব্যান্ডেল, কোলাঘাট, সাঁওতালদিহি এবং বক্রেশ্বর,

এই চারটি প্ল্যান্টে আমাদের ২৪,৫৩৫ টন কয়লা পোড়াতে হয় এবং তেল পোড়াতে হয় ১০৫ কিলো লিটার। ১৯৯৯ সালে কয়লার দর ছিল 'এ' গ্রেড ১,১১৫ টাকা, এখন সেটা বেড়ে হয়েছে ১,৩১২ টাকা; 'সি' গ্রেড—৯৫০ টাকা, এখন সেটা বেড়ে হয়েছে ১,১১৮ টাকা; 'ডি' গ্রেডের কয়লার দাম ছিল ৭০০ টাকা, এখন সেটা বেড়ে হয়েছে ৮২৪ টাকা। তেলের দাম ছিল ৮,৪৩০ টাকা, এখন সেটা বেড়ে হয়েছে ১৫,৬১৩ টাকা। রেল ভাড়া ১৯১ টাকা থেকে বেড়ে ১৪৫ টাকা হয়েছে। তাই স্বাভাবিকভাবেই টারিফ বাড়বে। এই টারিফ এস. ই. বি. করলেই বাড়বে না, রাজ্য সরকার করলেও বাড়ত, পাওয়ার ডিপার্টমেন্ট করলেও বাড়ত। রেলের ভাড়া বেড়েছে, কয়লার দাম বেড়েছে, এমপ্লয়ির কস্ট বেড়েছে, সব কিছুই বেড়েছে, তাই টারিফ বাড়বে।

শোভনদেববাবু সেলফ্ কন্ট্রাডিকশন নিয়ে কিছু কথা বলেছেন, আমি এর মধ্যে ঢুকব না। আপনারা অন্য রাজ্যের কনজিউমারদের কথা বলেছেন, কোথাও ৩৭ পারসেন্ট, কোথাও ৩৮ পারসেন্ট হয়েছে, আর আমাদের রাজ্যে ১৮ পারসেন্টও নয়। এটা ঠিক না। এই মুহূর্তে এস. ই. বি.-র কনজিউমার ৩৪ লক্ষ ছাপিয়ে গেছে, সি. ই. এস. সি.-র ১৬ লক্ষ, ডি পি. এলের ২০ হাজার, ডি. পি. এল. সি.-র ১০ হাজার। এইগুলো মোট যুক্ত করুন, এটা আমাদের টোটাল ম্যান পাওয়ার, একে চার দিয়ে ভাগ করুন, তার কনজিউমার ধরুন, তারপরে বাদ দিন, তাহলে কত আসে বলুন।

স্যার, কুটির জ্যোতির ক্ষেত্রে আমরা মিটার লাগাব বলেছি। এটা কি অন্যায় করছি? কুটির জ্যোতির ক্ষেত্রে মিটার লাগানো হবে কি না, বা দু-তিনটি কুটির জ্যোতির নিয়ে একটা ক্লাস্টার মিটার লাগাব কিনা, এই সিদ্ধান্তে আমরা উপনীত হইনি। আপনারা কি তাহলে কনজিউমারদের মিটারহীন করার কথা বলেছেন? আর. ই. ডি. সি.-র কাজ আগামী চার-পাঁচ বছরের মধ্যে করব কিনা এই বিষয়ে আপনারা সন্দেহ প্রকাশ করেছেন। সন্দেহের কোনও কারণ নেই। আমি এক বছরের হিসাব দিচ্ছি, এপ্রিল ২০০০ থেকে মে ২০০১ অবধি, তিন লক্ষ কুড়ি হাজার মিটার আমরা বসিয়েছি। গত বছরে আমরা ১.৭৯ লক্ষ মিটারকে কারেক্ট করেছি, তাদের ডিফেক্ট সারিয়েছি, এটা আগে সম্ভব ছিল না। এটা ডেফিনিটলি ইমপ্রুভ হয়েছে, ফাংশানিং ইমপ্রুভ হয়েছে।

[5-50 — 6-02 p.m.]

রেভিনিউ-এর ক্ষেত্রটা বলছি। ১৯৯৯-২০০০ সালে আমাদের রেভিনিউ কালেকশন হয়েছিল ১৯৯৯ কোটি ৪ হাজার টাকা। প্রায় ১৫০ কোটি টাকা বেড়েছে। এটা যথেষ্ট নয়, আরও বাড়াতে হবে। কারণ সিস্টেমে আরও টাকা বেড়েছে। গায়ত্রীদেবী বললেন যে আমাদের উৎপাদন কমে গেছে। না, উৎপাদন কমেনি। আপনি প্রথম পাতাটাই পড়ুন আমরা ২০০০-০১ সালে ১৯,১৯২ মিলিয়ন ইউনিট সরবরাহ করেছি, ১৯৯৯-২০০০ সালে সেটা ছিল ১৮,১৩৮ মিলিয়ন ইউনিট। কাজেই কমেনি, বেড়েছে। আমাদের চাহিদা বাড়ছে। গ্রামের মানুষের আর্থিক অবস্থার উন্নতি ঘটেছে, বিদ্যুতের চাহিদাও বেড়েছে, এখন তারা বিদ্যুৎ চায়। তাই আমরা ক্যাপাসিটি বাড়াবার প্রকল্প নিয়েছি। বিপ্লববাবু প্রশ্ন তুলেছেন-গ্রোথ প্যাটার্ন কি? গ্রোথটা ঠিক করছেন কি করে? আমাদের ডিমান্ড বেড়েছে। পাওয়ার প্ল্যান্ট তো দু মাসে হবে না, আজকে প্রজেক্ট নিলে ৩/৪ বছর লেগে যাবে। কাজেই চার বছর পর এখন যে গ্রোথ আছে সেটা ডেফিসিট হয়ে যাবে। সেইজন্য এক্ষুনি পরিকল্পনা না নিলে হবে না। বিপ্লববাবু বললেন পি. এল. এফ.। এটা শুধ এফিসিয়েন্সির উপর নির্ভর করেনা। একটা সময় যখন ১২/১৩ ঘন্টা লোডশেডিং হত, তখন আমাদের বিদ্যুৎ দপ্তর থেকে পারমিশন দিতে হয়েছে ক্যাপটিভ্ ইউনিট করতে। এই মুহূর্তে ১২০০ মেগাওয়াটের প্ল্যান্টে ক্যাপটিভ ইউনিট হিসাবে ১ মেগাওয়াট আছে। যেমন দূর্গাপুর স্টিল, তাদের ক্যাপটিভ্ ইউনিট আছে। এরকম অন্যান্য অনেক ইউনিট ক্যাপটিভ ইউনিট। স্বাভাবিক ভাবেই রাত্রে আমাদের কিছুটা জেনারেশন কমাতে হয়, ফলে পি. এল. এফ. টা কম হয়। এবারে আমরা যে বিদ্যুৎটা বিক্রি করছি এটা আপনাদের আনন্দেরই কথা যে-আমাদের পি. এল. এফ. বাড়বে ফলে প্রোডাকশন কস্ট কমবে, দ্যাট মিন্স ট্যারিফ এফেক্ট-এর পজিটিভ্ এফেক্ট হবে। তাপসবাবুর একমাত্র এজেন্ডা নিয়ে বলছি—সি. ই. এস. সি.-র কাছে যেটা পাই, সেই টাকা তাদের দিতে হবে এবং এটা বলেই আমরা ক্ষান্ত হইনি, আমাদের সঙ্গে সি. ই. এস. সি.-কে এগ্রিমেন্ট করতে হয়েছে, সেই এগ্রিমেন্ট মোতাবেক তারা আমাদের টাকা দেওয়া শুরু করেছে। হয়ত কোনও মাসে ৫ কোটি টাকা কম দিয়েছে, কিন্তু পরের মাসে সেটা মেক-আপ করে দিচ্ছে। ২৮শে ফেব্রুয়ারি এগ্রিমেন্ট করা হয়েছে। কাজেই সেদিক থেকে সি. ই. এস. সি.-র ব্যাপার নিয়ে বিরাট ব্যাপার করা যাবে যেটা ভেবেছেন, তা কিন্তু হবে না। আমি ভেবেছিলাম আপনারা একটা বিষয়ে আমাদের কিছু পরামর্শ দেবেন। আমাদের এখানে একটা ইলেক্ট্রিসিটি ডাইরেক্টরেট আছে, ১ নং হরিশ মুখার্জি রোডে, যেখান থেকে ওয়ার্কম্যানশিপ লাইসেন্স, সুপারভাইজিং লাইসেন্স দেওয়া হয়।

অভিযোগ জানাতে গ্রাম থেকে বহু লোক আসে। উত্তরবঙ্গ থেকে আসতে হয়। তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি এটাকে ডিসেন্ট্রালাইজ করার। এটি হরিশ মুখার্জি রোডে থাকবে। তাছাড়া শিলিগুড়ি, মেদিনীপুর ও দুর্গাপুরেও একটা করে ইউনিট হবে। দুর্গাপুরটা বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া ক্যাটার করবে। নর্থ বেঙ্গল ক্যাটার করবে শিলিগুড়ি। মেদিনীপুর ক্যাটার করবে মেদিনীপুরকে। বাকিগুলি কলকাতায়। এই ব্যাপারে আপনাদের কাছ থেকে ভাল কিছু শুনলে ভাল হত। কিন্তু বললেন না। এস ই. বি. ও পি. ডি. সি. এল ৮টা ৯টা ইউনিয়ান আছে। আজকে এস ই. বি. ও পি. ডি. সি. এল এর এই ইউনিয়ান এবং ম্যানেজমেন্ট যৌথভাবে আলোচনা করছে। আলোচনা করছে এই এ. আই. সিসি থেকে বেরিয়ে আসার জন্য। তারা এই ব্যাপারে যৌথ উদ্যোগ নিচ্ছে। হ্যাঁ, কিছু সমালোচনা আছে এমপ্লয়িদের ব্যাপারে। আবার কোথাও কোথাও ভাল দিকও আছে। আমি কনফিডেন্ট যে, এস ই. বি. এবং পি. ডি. সি. এল যেভাবে এগোচ্ছে, তাতে আর কিছু দিনের মধ্যেই ভাল জায়গায় পৌঁছাবে। হ্যাঁ মৌজায় একটা পোস্ট দেওয়া হয়। আছেও। এটা দীর্ঘদিনের লিগ্যাসি। কোনও কোনও গ্রামে খালি পোল পোঁতা। সেখানে বিদ্যুৎ যায় না। বহু বছর ধরে বিদ্যুৎ যায় না। এর জন্য আমরাও দায়ী। কারণ কেউ শুধু পোল পুঁতে গেছে। আমরা করিনি কেন? এটা নিশ্চয় সমালোচনার যোগ্য। তাই বিদ্যুতায়নের ক্ষেত্রে কোথাও কোথাও বলেছি ইনটেনসিফিকেশান করতে হচ্ছে। আবার কোথাও বলেছি রিভাইটালাইজেশান করতে হচ্ছে। এটা করতে হচ্ছে। কিছু করার নেই। (ভয়েস ঃ আপনি দু রকম হিসাবে দিয়েছেন) আপনি আর ই. ডি. সি.-র ব্যাপারে বলেছেন। আবার এস ই বি-র রুরাল ইলেকট্রিফিকেশানের একটা ব্যাপারে বলেছেন। এম পি ল্যাড তার টাকায় এবং নিজেদের ফান্ড নিয়ে এস ই বি-র রুলার ইলেক্টিফিকেশন করার জন্য। এখানে দুটো হিসাব আগের বারে যেটা দেওয়া হয়েছে সেটা রুরালের ক্ষেত্রে দেওয়া হয়েছে। কিন্তু এই দুটো মিললে হবে টোটাল পাওয়ার ডিপার্টমেন্ট থেকে যদি বলতে হয়, তা লে ওইভাবে বলতে হয়। শোভনদেববাবু যে তথ্য দিয়েছেন, সেটা সম্ভবত প্রশ্নটা ছিল আর ই ডি সি-র ক্ষেত্রে। আমি মোটামুটি সবই বলেছি। তাই এইখানে যে দাবি আমি রেখেছি তাকে সমর্থন করে এবং সমস্ত আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 69**

The motions that the amount of the Demand be reduced to Re. 1 and the motions that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

## Demand No. 69

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1521,00,00,000 be granted for expenditure under Demand No. 69. Major Heads: "2801-Power, 4801-Capital Outlay on Power Projects, 6801-Loans for Power Projects and 6860-Loans for Consumer Industries" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 507.00.00,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

## Demand No. 72

The motions that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,30.00,000 be granted for expenditure under Demand No. 72. Major Head : "2810-Non-Conventional Sources of Energy" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1,10,00,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-02 p.m. till 11 a.m. on Thursday, the 5th July, 2001, at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly**
**Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 5th July, 2001 at 11-00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 12 Ministers of State and 172 Members.

## STARRED QUESTIONS
## (to which oral answer were given)

[11-00 — 11-10 a.m.]

### আর্সেনিক কবলিত এলাকা

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭) **শ্রী দেবিপ্রসাদ সরকার ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আর্সেনিক কবলিত এলাকাগুলির মোট লোকসংখ্যা কত; এবং

(খ) কতজন আর্সেনিক দূষণজনিত রোগে আক্রান্ত হয়ে মারা গেছেন?

**শ্রী গৌতম দেব ঃ**

(ক) ৬২.৮৫ লক্ষ।

(খ) ২৮ জন।

(ভয়েস ঃ স্যার, রাজ্যে আবার লক-আপ ডেথের ঘটনা ঘটেছে।)

(এই সময় বিরোধী সদস্যরা লক-আপ ডেথের ঘটনার পরিপ্রেক্ষিতে তাদের প্রতিবাদ জানাতে থাকেন।)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আর্সেনিক কবলিত এলাকাগুলির লোক সংখ্যা বললেন ৬২.৮৫ লক্ষ। এটা আক্রান্ত না এফেকটেডের সংখ্যা? এক্ষেত্রে ব্যাখ্যাটা কি?

**শ্রী গৌতম দেব ঃ** ব্যাখ্যা কি করে দেব এটা রিস্ক জোন, এখানে আর্সেনিক আছে, আর্সেনিক এফেকটেড নয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনি আর্সেনিকে মৃত্যুর সংখ্যা বলেছেন মাত্র ২৮ জন। আমার জিজ্ঞাস্য এই মৃত্যুর সংখ্যা নির্ণয়ের ভিত্তিটা কি? আপনি যদি দেখতেন তাহলে দেখতে পাবেন উত্তর ২৪ পরগনায় ১১২ জন আর্সেনিকে মারা গেছে, কেবলমাত্র উত্তর ২৪ পরগনাতেই এই অবস্থা। তাদের নাম ঠিকানা-সহ আমি তুলে দিতে পারি। মুর্শিদাবাদের রানীনগর গ্রামে ৪০ জনের উপর আর্সেনিকে মারা গেছে। দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার ধবধবির একটা পরিবারের ৩ জন মারা গেছে এবং দে-গঙ্গা ব্লকের কৈসুর গ্রাম পঞ্চায়েতের চন্ডালাটির আড়িপাড়ার মনোরঞ্জন আড়ির পরিবারের ২০ জন আক্রান্ত হয় এবং তার স্ত্রী সরস্বতী আড়ি মারা যায়। যেখানে আর্সেনিকে মৃত্যুর সংখ্যা এত সেখানে আপনি বলছেন ২৮ জন আর্সেনিকে মারা গেছে। আমার জিজ্ঞাস্য, আর্সেনিকে আক্রান্তদের চিহ্নিত করার এবং তাদের মৃত্যুর সংখ্যা নিরুপণের ভিত্তিটা কি? কিসের ভিত্তিতে আপনি ২৮ জন বললেন?

(গোলমাল)

**শ্রী গৌতম দেব ঃ** ভিত্তি হচ্ছে হেলথ ডিপার্টমেন্টের কাছ থেকে পাওয়া তথ্য। এটা হচ্ছে ভিত্তি। কে হসপিটালে ভর্তি হল, কে মারা গেল এটা আমার জানা মুশকিল আছে। হেলথ ডিপার্টমেন্ট যে তথ্য দিয়েছেন তাতে হসপিটালে ভর্তি হয়েছে এবং মারা গেছে, যেটা ওরা জানে সেটা হল ২৮ জন। বাইরে মারা যেতে পারে— ওদের কাছে রিপোর্ট নেই। আপনার তালিকা থাকলে দিয়ে দেবেন। দক্ষিণ ২৪ পরগনায় ১৩ জন হসপিটালে মারা গেছেন, রিপোর্টে আছে। যেটা হেলথ ডিপার্টমেন্ট দিয়েছেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আর্সেনিকে আক্রান্তদের চিকিৎসার কোনও ব্যবস্থা এস. এস. কে. এম. এবং ট্রপিকাল মেডিসিন ছাড়া আর কোথাও নেই। কার্যত জেলায় জেলায় এর চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। সাধারণ এম. বি. বি. এস. ডাক্তার যাঁরা, তাঁদের কোর্সে আর্সেনিকের সম্বন্ধে কোনও কোর্স নেই, তাঁরা এটা

ধরতেও পারেন না। সেজন্য আর্সেনিকে আক্রান্তদের নিরাময়ের জন্য জেলায় জেলায় চিকিৎসার ব্যবস্থা যাতে হয় তার জন্য সরকার কোনও পদক্ষেপ নিচ্ছেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** আপনার সেকেন্ড কোশ্চেনের উত্তরে বলি যে এটা হেলথ ডিপার্টমেন্টের ব্যাপার। আপনি সিনিয়র মেম্বার, আপনি যেহেতু প্রশ্ন করেছেন সেজন্য আমি হেলথ ডিপার্টমেন্ট থেকে কিছু তথ্য এনে উত্তর দিচ্ছি। আগে এস. এস. কে. এম. এবং ট্রপিকালে এর চিকিৎসা হত, কিন্তু ডাউন দি লাইন অনেক জেলায় এই সিস্টেম আছে। এব্যাপারে ডিটেলস যদি জানতে চান, তাহলে আপনি হেলথ ডিপার্টমেন্টকে ক্যাটেগরিকালি কোশ্চেন করলে ভাল হয়।

(এই সময় তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করে চলে যান।)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** গোলমালের জন্য আমি উত্তরগুলো শুনতে পাইনি। আপনি যদি রিপ্লাইটা আবার পড়েন তাহলে সুবিধা হবে।

**মিঃ স্পিকার ঃ** গৌতম বাবু আপনি আবার রিপ্লাই পড়ুন।

**শ্রী গৌতম দেব ঃ** (পুনরায় লিখিত উত্তর পাঠ।)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই যে ২৮ জন মারা গেছে আর্সেনিক কবলিত এলাকার লোকসংখ্যা, এটা যদি ৯টি জেলায় ৭৮টি ব্লকের হিসাব ধরি তাহলে আর্সেনিকে আক্রান্তের সংখ্যাটা অনেক বেশি হবে। আমার মনে হয় এটা বোধহয় আক্রান্তের সংখ্যাটা বলেছেন। আপনি বললেন যে ২৮ জন আর্সেনিকে আক্রান্ত হয়ে মারা গেছে, আপনি এই সংখ্যাটা কোথা থেকে সংগ্রহ করেছেন? এর ভিত্তি কি? কারণ আর্সেনিকে আক্রান্ত রোগীদের চিহ্নিত করে তাদের চিকিৎসার ব্যবস্থা এস. এস. কে. এমে এবং ট্রপিকাল মেডিসিন এই দুটো জায়গা ছাড়া আর কোথাও নেই। ফলে জেলায় জেলায় আর্সেনিক রোগ চিহ্নিত করে তাদের চিকিৎসা করার উপযুক্ত ব্যবস্থা নেই। আমি মৃত্যুর সংখ্যার তালিকা দিচ্ছি—উত্তর -২৪ পরগনায় ১১২ জন আর্সেনিকে আক্রান্ত হয়ে মারা গেছে। তাদের ঠিকানা-সহ নামের তালিকা দিতে পারি। মুর্শিদাবাদ জেলার রানিনগর গ্রামে ৪০ জনের বেশি মারা গিয়েছে। দক্ষিণ ২৪-পরগণা জেলার বারুইপুর থানার ধবধবিতে একটি পরিবারের তিন জন মারা গিয়েছেন। দে-গঙ্গা ব্লকের কালুন গ্রাম পঞ্চায়েতের চন্ডালাদি গ্রামের মনোরঞ্জন

আড়ির পরিবারের ২০ জন আক্রান্ত হয়েছেন এবং তাঁর স্ত্রী সরস্বতী আরি মারা গিয়েছেন। আমি আপনাকে ১১২ জন মৃতের লিস্ট দিতে পারি। অথচ আপনি বলছেন মাত্র ২৮ জন মারা গিয়েছে। এটা আপনি কিসের ভিত্তিতে বলছেন?

[11-00 — 11-20 a.m.]

**শ্রী গৌতম দেব :** আপনি একসঙ্গে তিনটে প্রশ্ন করলেন। আমি আগেই বলেছি ৬২.৮৫ লক্ষ মানুষ ৮টি জেলার ৬৭টি ব্লকের ১,৭৬০-টি গ্রামে আর্সেনিকের কবলে পড়েছিলেন। এখন পর্যন্ত ঐ গ্রাম গুলির জল টেস্ট করে, ঐগুলোকে আইডেন্টিফাই করা হয়েছে। তবে সেখানে সকলেরই আর্সেনিকজনিত রোগ হয়েছে, তা নয় - ৬২.৮৫ লক্ষ মানুষ রিস্ক জোনে বাস করেন। তারপর আপনি বললেন আর্সেনিক আক্রান্ত রোগের এস. এস. কে. এম. এবং ট্রপিকাল ছাড়া আর কোথাও চিকিৎসা হয় না। এটা ১০ বছর আগে ঠিক ছিল, এখন ঠিক নয়। এখন জেলাগুলির বিভিন্ন জায়গায় এই সংক্রান্ত চিকিৎসা সম্প্রসারিত হয়েছে। এই দ্বিতীয় প্রশ্নটা হেলথ ডিপার্টমেন্ট সংক্রান্ত। আপনি সিনিয়র মেম্বার প্রশ্নটা করেছেন বলে আমি ওঁদের কাছ থেকে খোঁজ নিয়ে বলছি—হেলথ ডিপার্টমেন্ট ডাউন দি লাইন আর্সেনিক ট্রিটমেন্ট সম্প্রসারিত করেছে। তবে এ ব্যাপারটা ওঁরা আরো বলতে পারবেন। তিন নং প্রশ্নটা হচ্ছে, এই ২৮ জনের ফিগারটা কি করে পেলাম? সরকারি দপ্তর যেভাবে খবর পেয়ে থাকে সেভাবেই পেয়েছি। এই যে আপনি ১১২ জনের কথা বলছেন, এটা আপনি নিশ্চয়ই কাগজে দেখে বা আপনার পার্টির কাছ থেকে জেনে বলছেন। আমরা এসব ক্ষেত্রে হেলথ ডিপার্টমেন্টের কাছে জিজ্ঞাসা করি, ওরা হাসপাতালে ভর্তির এবং মারা যাওয়ার সংখ্যার ভিত্তিতে আমাদের যা জানিয়েছে তাতে দেখছি এখন পর্যন্ত ২৮ জন মারা গেছে। আপনি দক্ষিণ ২৪-পরগণার যা ফিগার বললেন তা আমাদের কাছে নেই। আমার কাছে যে ফিগার আছে তাতে বলা হচ্ছে এখন পর্যন্ত দক্ষিণ ২৪-পরগণায় ১৩ জন মারা গেছে। আপনার তালিকাটা আমার কাছে পাঠিয়ে দেবেন, আমি খোঁজ নিয়ে দেখব। যারা হাসপাতালে ভর্তি হয়েছে, চিকিৎসা হয়েছে এবং মারা গেছে, তাদের সংখ্যা হচ্ছে ২৮।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** সরকার আর্সেনিক মুক্ত ডিপ টিউবওয়েল করে জল সরবরাহ করার ব্যবস্থা নিচ্ছে। তাতেও বহু ঘটনা ঘটতে দেখা যাচ্ছে। বহু ডিপ টিউবওয়েলই আর্সেনিক কনটামিনেটেড। একমাত্র গাইঘাটাতেই ৩৩-টা ডিপ টিউবওয়েল পরীক্ষা করে দেখা গেছে ২৯-টা আর্সেনিক কনটামিনেটেড। এ অবস্থায়

সার্ফেস ওয়াটার প্ল্যান্ট করে আর্সেনিক মুক্ত জল সরবরাহের ব্যবস্থা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী গৌতম দেব ঃ** পি. এইচ. ই.-র যে নতুন আধুনিক ল্যাবোরেটরি হয়েছে সেখানে শুধু এ বছরই ১৪,০০০ জলের স্যামপেল টেস্ট করা হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, যে জায়গায় আর্সেনিক পারমিসেবল লিমিটের বেশি পাওয়া যাচ্ছে—লাল রঙ দিয়ে দেখা হয় যাতে লোকে বুঝতে পারে ওটাতে আর্সেনিক আছে। এই রকম ১৯৬৭-টি টিউবওয়েলের স্পট রিপ্লেসমেন্ট করে সেখানে আরো গভীর থেকে জল তোলার ব্যবস্থা করা হয়েছে। যে গভীরতায় আর্সেনিক পাওয়ার কথা নয় সে জায়গা থেকে জল তোলার ব্যবস্থা করা হয়েছে। তবে শতকরা ২ ভাগ ওয়াটার লেভেল ফ্ল্যাকচুয়েশন হয়ে থাকে।

কিন্তু সেটা কনটিনিউয়াস মনিটরিং আছে। কিন্তু মূল যেটা প্রশ্ন সার্ফেস ওয়াটার, সেটা হওয়া মুশকিল। আগেই বলেছি, কংগ্রেসের যখন সরকার ছিল নরসিমা রাওয়ের তখন অনেক আলোচনা করে স্যাংশন নিয়ে এসেছিলাম মালদার জন্য। লক্ষ লক্ষ টাকা খরচ করে লোকে জল পেল। আর দেবগৌড়া গভর্নমেন্ট যখন ছিল তখন আর একটা স্কিম নিয়ে গিয়েছিলাম ৭৫।২৫, দক্ষিণ ২৪-পরগণার জন্য। কিন্তু বি.জে.পি. গভর্নমেন্ট এসে সব বন্ধ করে দিয়েছে। ওরা বলছে, আর্সেনিকের জন্য টাকা দিতে পারব না। পার্লামেন্টের সদস্যদের এই ব্যাপারে চিঠি লেখা হয়েছে। এর মধ্যে পাটোয়া মন্ত্রী হলেন, আবার সেই মন্ত্রীও পাল্টে গেছে। এখন ভেঙকাইয়ানাইডু মন্ত্রী হয়েছেন। তাকেও বলেছি, তিনি বলছেন, কিছু করা যাবে না, ক্যাবিনেটে ঠিক হয়েছে। আর্সেনিকের জন্য টাকা বন্ধ হয়ে গেছে। সুতরাং সার্ফেস-টার্ফেস কিছু হবে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ২ দিন আগে দেখলাম কলকাতাতেও যেভাবে জলের লেভেল মাটির তলায় নেমে গেছে, এর ফলে কলকাতাতেও আর্সেনিকের প্রভাব পড়ছে। এই সামগ্রিক পরিস্থিতির পটভূমিতে দাঁড়িয়ে রাজ্য সরকার সামগ্রিকভাবে আর্সেনিক মোকাবিলা করার জন্য কি পরিকল্পনা নিয়েছেন সেটা যদি হাউসে অবহিত করেন এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যেভাবে তাদের দায়িত্ব পালন করা উচিত সেইভাবে তারা দায়িত্ব পালন করতে অস্বীকার করলে তারজন্য রাজ্যসরকার এর বিরুদ্ধে দেশব্যাপী জনমত গড়ে তোলার উদ্যোগ নেবেন কিনা কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করার জন্য?

**শ্রী গৌতম দেবঃ** এর আগে তো এই রকম স্কিম ছিল। কোথাও আর্সেনিক আছে, কোথাও ফ্লোরাইড আছে, কোথাও গিনিওয়ার্ম আছে। ভারতবর্ষের নানা রাজ্যে এরজন্য টেকনোলজি মিশন ছিল। এই ৪।৫টি আইটেম যেখানে পাওয়া যাবে তারজন্য ১০০ ভাগ টাকা দিল্লি দেবে। এটা বরাবরের সিস্টেম। এরজন্য কয়েকহাজার কোটি টাকা সারা ভারতবর্ষের ব্যয় হয়েছে ফ্লোরাইড, গিনিওয়ার্মের জন্য। কিন্তু পশ্চিমবাংলায় আর্সেনিক যখন ১৯৯০ সালে দেখলাম তখন টাকাটা ৭৫.২৫ করলো। তখন কেন্দ্রে কংগ্রেসের গভর্নমেন্ট ছিল। এখন তো পুরোপুরি তুলে দিল। আমরা দিল্লির ২০০ কোটি টাকার স্কিম পেয়েছি। অবশ্য তার সব টাকা পাইনি, কিন্তু কাজ চলছে। আর স্টেট গভর্নমেন্ট নিজের ১০০ কোটি টাকা - নরমাল জন বাদে, সারা রাজ্যে জল খাওয়ানোর জন্য যে ব্যয়বরাদ্দ পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং-এর সেটা বাদে - আর্সেনিকের জন্য স্টেট গভর্নমেন্ট ১০০ কোটি টাকা মঞ্জুর করেছে। কোনও রাজ্য সরকারের পক্ষে এর চেয়ে বেশি ব্যয় করা সম্ভব নয়। আগামী ১৩ তারিখে পার্লামেন্টের একটা টিম আসছে, বোধহয় একটা স্টান্ডিং কমিটি হবে পার্লামেন্টের সদস্যদের নিয়ে। তাঁরা দেখবেন আর্সেনিকের বিষয়। আমার সঙ্গে তাদের মিটিং হবে। সেখানে সব দলের এম. পি. রা আছেন। আমি সব দলের এম. পি.কেই চিঠি দিয়েছি। শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সীর সঙ্গেও আমার আলোচনা হয়েছে, উনি চিঠি পেয়ে এসেছিলেন। ঐ তো যিনি বসে আছেন ওনার দাদা গনি খান সাহেব একটা সময়ে খুব সাহায্য করেছিলেন। ওঁর বাড়ির সামনে দিয়ে জলের লাইন দিলে ভালই জলের লাইন হবে। উনি সাহায্য করেছিলেন যখন শ্রী প্যাটেল মন্ত্রী ছিলেন। এখন আর এম. পি. রা কেউই এ ব্যাপারে কথা বলেন না। ঐ তো শোভনদেব বাবু যখন বারুইপুরে ছিলেন তখন উনি আমার সঙ্গে যোগাযোগ করেছিলেন। কিন্তু এখন আর এই ব্যাপারে কথা বলেন না। শ্রী পাঁজাও আমাকে বলেছিলেন, প্রধানমন্ত্রীর সঙ্গে তার খাতির আছে। আমি বললাম, আমি কাগজপত্র দিয়ে দিচ্ছি, কথা বলুন না ওনার সঙ্গে। প্রধানমন্ত্রী যদি বলেন চেঞ্জ করতে, তাহলে চেঞ্জ হতে পারে। কিন্তু বি.জে.পি. সরকার চেঞ্জ করছে না। রাজ্য সরকার একাই ১০০ কোটি টাকা আলাদা বরাদ্দ করেছেন। আরো কিছু বরাদ্দ করার জন্য আলোচনা করছি। কারণ মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর মনোভাব এ বিষয়ে খুবই সদর্থক। তাই বলছি, শুধু রাজ্য সরকার কোথাও পারে না, এখানেও পারা মুশকিল।

**শ্রী শ্যামাপ্রসাদ পালঃ** গঙ্গার দুই পাশের এলাকায় মূলত আর্সেনিক পাওয়া যায়। এগুলি বাদ দিয়ে নদীর অন্য কোনও অববাহিকায় আর্সেনিক এলাকা আছে কিনা?

**শ্রী গৌতম দেব** : আমরা তিনটি বড় প্রকল্প দিয়েছিলাম। একটা মালদার জন্য, একটা দক্ষিণ ২৪-পরগণার জন্য আর একটি উত্তর ২৪-পরগণার জন্য। মালদার কাজ একটা পার্টের সবটাই শেষ হয়েছে। দক্ষিণ ২৪-পরগণার কাজ দ্রুত চলছে।

আর উত্তর ২৪-পরগণাটার ঐ দিল্লির গভর্নমেন্ট দু/চার বছর দেখে তারপর বললেন, হবে না। তারমধ্যে বনগাঁ, গাইঘাটা, গোবরডাঙা, বাগদা ছিল। সেখানে আর্সেনিক আছে বলেই তো আমরা স্কিমের মধ্যে দিয়েছিলাম। আর্সেনিক তো প্রচুর পরিমানে আছে ঐ জায়গাতে। অবশ্যই আছে। বনগাঁ, গাইঘাটা, গোবরডাঙা, হাবড়া, অশোকনগর, পার্ট অব বারাসাতে আছে। দিল্লি ঐ স্কিমের টাকা দেয়নি। রাজ্য সরকার নিজের টাকায় এতবড় স্কিম করতে পারবেন না তাই ঐ স্কিমটা ভেঙে তার কাজ কিছুদিন আগে শুরু করেছি। পলতার ওখান থেকে জল নিয়ে আপাতত বারাসাত ব্লক, বারাসাত শহরের পাশ দিয়ে কিছুটা নেব। তারপর রাজ্য সরকারের পয়সা হলে যেমন যেমন পারা যায় দেখব। কিন্তু সবটা করা খুব মুশকিল। বনগাঁ পর্যন্ত যেতে অনেক সময় লাগবে।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নর্মদাচন্দ্র রায়** : আমার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের দেবগ্রাম গ্রামপঞ্চায়েত-এর যোমপুকুর, জোরানপুর গ্রামপঞ্চায়েতের ছোট ইটনায় জলে আর্সেনিক দেখা দিয়েছে। এরজন্য সরকার থেকে প্রিকশনারি মেজার নেওয়া হয়েছে। নতুন করে আমরা দেখছি মিরা গ্রামপঞ্চায়েতের এবং মিরা গার্লস স্কুলের টিউবওয়েলের জলে আর্সেনিক দেখা দেওয়ায় কল সিল করা হয়েছে। আমার ঐ এলাকাটি আর্সেনিক প্রবণ এলাকা হিসাবে পরিগণিত হওয়ায় এরজন্য নির্দিষ্ট কোনও পরিকল্পনা মাননীয় মন্ত্রিমহাশয় নিয়েছেন কি?

**শ্রী গৌতম দেব** : এই যে আমরা ভোটে জিতে এলাম, এই ভোটের আগে আমরা একটা বই ছাপিয়েছিলাম যাকে নির্বাচনী ইস্তেহার বলে, মানুষকে দেবার জন্য এবং সেখানে নির্বাচন জিতে এলে কি করব তা বলেছিলাম। সেখানে স্পষ্টভাবে লেখা আছে যে, সব পারি আর না পারি যেখানে যেখানে গ্রামে আর্সেনিক পাওয়া যাবে সেখানে অন্তত একটা সোর্স—গ্রামে ২০টি টিউবওয়েল থাকতে পারে, সবটাতে হয়ত আর্সেনিক পাওয়া গিয়েছে—সেখানে সবটা পারব না কিন্তু সারা গ্রামের

লোককে আমরা অন্তত দেখাতে পারবো যে এই একটা টিউবওয়েল আছে যেখান থেকে আপনারা খাওয়ার জলটা নিন এবং সেই জলটা খান। এটা নদীয়া মুর্শিদাবাদে করব। তা শুরু হয়ে গিয়েছে। আশাকরি সেটা কিছুদিনের মধ্যেই শেষ করতে পারব। একটা করে সেফ সোর্স গ্রামের মানুষকে দেখাতে পারব যেখান থেকে তারা আর্সেনিক ফ্রি জলটা নিয়ে খেতে পারবেন। আর জামাকাপড় কাচা বা অন্যান্য কাজ সেটা ঐ জলেই করতে হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে কেন্দ্রীয় সরকার কোনও সাহায্য করছেন না। নিশ্চয় এ ব্যাপারে আমরা আপনাদের পাশে দাঁড়াতে চাই। আর্সেনিক দূষণ নিয়ে এর আগে বহুবার আপনার কাছে গিয়েছি। বজবজে যে পরিকল্পনা গ্রহণ করেছেন তা নিয়ে আমাদের দীর্ঘ আলোচনা ও যোগাযোগও হয়েছে। সেখানে ২৩৬ কোটি টাকার প্রজেক্ট হচ্ছে। কিন্তু সারফেস ওয়াটারের কথা যেটা বললেন সে ব্যাপারে কয়েকটি কথা বলতে চাই। বহু গ্রামে মানুষ এখনও পুকুরের জল খায় ব্যবহার করে। গরু, বাছুর বিশেষ করে গাভী এই আর্সেনিকের দূষণে আক্রান্ত হবার খবর আমার কাছে আছে। আমি যখন বারুইপুরে ছিলাম, আমি দেখেছি। আমার কাছে কয়েকজন এসেছিলেন বিভিন্ন সংস্থার পক্ষ থেকে এই ওয়াটার ট্রিটমেন্টের ব্যাপার নিয়ে। সেখানে পুকুরের মধ্যে মেশিন বসিয়ে জলটা শোধন করার পরিকল্পনা তারা নাকি আপনার কাছে পেশ করেছে। তারা নিজেরা আমাকে বলেছেন যে আমরা এই পরিকল্পনা গৌতমবাবুকে দিয়েছি। সেগুলি বেশি অঙ্কের টাকা খরচের ব্যাপারও নয়। আপনি যেমন টিউবওয়েল বসিয়ে পানীয় জলের ব্যবস্থা করছেন তেমনি এই সারফেস ওয়াটার ট্রিটমেন্টের জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা জানাবেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** আমাদের একটা টাস্ক ফোর্স আছে অনেককে নিয়ে—ভারতসরকারের লোক আছেন, বিভিন্ন ইউনিভার্সিটির লোক আছেন, আমাদের কাছে প্রস্তাব আসলে ওদের পাঠিয়ে দিই। যদি অনেকদিন পরেও উত্তর না আসে তাহলে আবার আমাকে পাঠিয়ে দেবেন। তবে জেনারেলি পুকুরের জলে আর্সেনিক থাকার কথা নয়, থাকেও না। তবে পুকুরের জলটা অপরিস্কার। রাজ্যের লোক পুকুরের জল খেতে প্রস্তুত নন। পুকুরের জলটা ট্রিটমেন্ট করে খাওয়ানোর কথা যেটা বললেন সেটা হতে পারে কোনও বেটার টেকনোলজি যদি থাকে যাতে দ্রুত এটা হবে। তবে লোকের একটা সাইকোলজির ব্যাপারও আছে, পুকুর থেকে জল আসছে,

আমরা খাচ্ছি। দেখে শুনে যদি করতে পারা যায় দেখা যাবে। তবে যদি কোনও রেসপন্স না পান আর একবার দেবেন, দেখব।

**শ্রী তপন হোড়ঃ** এই আর্সেনিক প্রতিরোধ আপনার নেতৃত্বে যতদূর করার করছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের কোনও সহযোগিতা আপনি পাচ্ছেন না। এখন আর জল খেয়ে মালদায় কারো পেটের অসুখ হচ্ছেনা। আমার জিজ্ঞাস্য, কেন্দ্রীয় সরকার তো বক্রেশ্বর এবং হলদিয়ার ক্ষেত্রে দীর্ঘদিন বঞ্চনা করেছেন এবং আর্সেনিকের যে সাংঘাতিক অবস্থা সৃষ্টি হয়েছে সেক্ষেত্রেও চুপচাপ হয়ে রয়েছেন, তারজন্য আপনার দপ্তর এবং তথ্য সংস্কৃতি দপ্তর একসঙ্গে বসে এক্ষেত্রে জনমত তৈরি করবার কোন উদ্যোগ নেবেন কিনা?

দ্বিতীয় প্রশ্ন, নলহাটিতে যে ফ্লোরাইড দেখা দিয়েছিল সেটা প্রতিরোধে আপনারা কি উদ্যোগ নিয়েছেন?

**শ্রী গৌতম দেবঃ** প্রথমে যা জিজ্ঞাসা করলেন সেক্ষেত্রে জনমত তৈরি করতে হবে কেন? পঙ্কজবাবুই তো এখানে বসে রয়েছেন। আজকে পঙ্কজবাবু, যদি মনে করেন যে তাহলে পশ্চিমবঙ্গের ৪০-৫০ জন এম. পি. যাঁরা রয়েছেন তাঁরা বিষয়টা তো দিল্লির পার্লামেন্টে একসঙ্গে তুলতে পারেন, আমাদের মধ্যে যাই ঝগড়া থাকুক না কেন। পরে সম্ভব হলে পাঁচ বছর বাদে আমাদের সরিয়ে দেবার চেষ্টা করবেন। কিন্তু কংগ্রেস আমলে এক্ষেত্রে যে টাকা দেওয়া হ'ত সেই সিস্টেমটা যদি চান, করতে বলতে পারেন তাঁরা সবাই মিলে তাহলে সুবিধা হয়। আমরা করব না হলে তো রাজ্যের মানুষেরই অসুবিধা। রাজ্যের পক্ষে এ ব্যাপারে যতটুকু করার সেটা আমরা করব, টিম এলে তাঁদের আমরা এক্ষেত্রে বলব। কিন্তু এটা নিয়ে রাজনীতি হলে অসুবিধা।

**ডাঃ রত্না দে (নাগ)ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করছি, আপনি যে টাস্ক ফোর্স গঠন করবার কথা বললেন, ঐ ফোর্সের মেম্বার কারা হবেন?

**শ্রী গৌতম দেবঃ** হবেন না, হয়ে আছেন অনেকদিন আগে থেকে। যাদবপুর ইউনির্ভাসিটির ভাইস-চ্যান্সেলর, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন, স্কুল অব ট্রপিকাল মেডিসিন, চিফ ইঞ্জিনিয়ার - পি. এইচ. ই. সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডের রিজিওনাল ডাইরেক্টর, এরকম এক্সপার্টদের নিয়ে ঐ টাস্ক ফোর্স গঠিত হয়েছে। তাঁরা আমাদের বুদ্ধি পরামর্শ দেন। আমি তাঁদের নামের তালিকাটি দিয়ে দেব।

**শ্রী পরশ দত্তঃ** আপনি বলেছেন, অর্থের অভাবে আর্সেনিক দূষণ দূর করতে পারছেন না। হল্যান্ড এবং ইউরোপের কয়েকটি এন. জি. ও. কয়েকটি যন্ত্র এনেছেন এবং সেগুলো গ্রামাঞ্চলের আর্সেনিক দূষিত টিউবওয়েলগুলিতে লাগিয়ে দিয়ে সেগুলোকে সম্পূর্ণভাবে আর্সেনিক মুক্ত করবার চেষ্টা করছেন। আমার প্রশ্ন, আপনাদের সঙ্গে কি ওদের কোনওরকম যোগাযোগ হয়েছে; ঐ ধরনের এন. জি. ও.-দের সাহায্য কি আপনারা নিচ্ছেন?

**শ্রী গৌতম দেবঃ** আপনি হল্যান্ডের নাম বললেন, এক্ষেত্রে আমেরিকা এবং জাপান থেকেও পাইলট প্রজেক্ট নিয়েছে। ৩ নং প্রশ্ন দেখুন, জার্মানির একটি সংস্থা বোলপুরে একটি প্রজেক্ট চালাচ্ছে এবং কিছু পরীক্ষা-নিরীক্ষা করছে। কিন্তু তারা মেজর স্কেলে ডিমান্ড করে। একটি পাম্প, একটি টিউবওয়েল নিয়ে এসে বলছেন ১০ কোটি টাকা লাগবে, বলছেন ৫০০টা নিন। এতে আমাদের অসুবিধা হয়। যারা আসতে চাইছেন আমরা তাদের বলছি আসুন। তাদের লোকেশন দেখাচ্ছি। বারাসাত, নবদ্বীপে তাদের জায়গা দেখিয়ে দিয়েছি। সেটা হচ্ছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জিঃ** গৌতমবাবু বলেছেন, আর্সেনিক সমস্যা সমাধানে তিনি কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে চান।

সর্বদলের কাছে অনুরোধ জানাচ্ছেন। আমাদের কাছেও করেছেন। এই পরিপ্রেক্ষিতে আমি বলতে পারি যে আমরা এই ব্যপারে সরকারকে সাহায্য এবং সহযোগিতা করতে প্রস্তুত। তবে ইনিসিয়েটিভ সরকারকে নিতে হবে। আমাদের ডেকে নিয়ে কি করতে চান, আমাদের সাহায্য সহযোগিতা নিতে চান তাহলে মৌখিক ভাবে লিখিত ভাবে জানালে আমরা নিশ্চয়ই তা করব।

**মিঃ স্পিকারঃ** মিঃ ব্যানার্জি, অনেক বিষয়ে অনেক সময় সর্বদলীয় ডেলিগেশন দিল্লিতে যায়। আপনারা যদি মনে করেন যে সর্বদলীয় ডেলিগেশন দিল্লিতে যাওয়ার দরকার আছে, এই অধিবেশন চলাকালীন আরো অন্যান্য বিষয় উঠতে পারে, অধিবেশনের শেষ দিন আমরা ঠিক করি কোন কোন বিষয়ে সর্বদলীয় ডেলিগেশন দিল্লিতে যাবে, সেই দিন বসে ঠিক করবেন।

**কলকাতায় থানা বৃদ্ধির প্রস্তাব**

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১১২) **শ্রী অশোক দেবঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা পুলিশের আওতাধীন এলাকায় থানার সংখ্যা বৃদ্ধির কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য**

হ্যাঁ।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই কটা থানা বাড়াবেন এবং কোন কোন এলাকায় বাড়ানোর জন্য চিন্তা করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** বর্তমানে কলকাতায় ৪২টি থানা আছে, ১০টি বাইফারকেট করে নূতন ১০টি করার চেষ্টা হচ্ছে। থানার নাম জানিয়ে দিচ্ছি। সেটা হল যেটা আছে সেইগুলি হল চিৎপুর থানা, হেসটিংস থানা, লেক থানা, তালতলা থানা, জোড়াসাঁকো থানা, কাশীপুর থানা, কড়েয়া থানা, আমহার্স্ট স্ট্রিট থানা, নিউ আলিপুর থানা এবং মানিকতলা থানা। এই ১০টি থানা বাইফারকেট করে নূতন যে থানাগুলি হবে তা হল টালা থানা, ময়দান থানা, রবীন্দ্র সরোবর থানা, নিউ মার্কেট থানা, গিরীশ পার্ক থানা সিঁথি থানা, বন্ডেল গেট থানা, বিদ্যাসাগর থানা, চেতলা থানা এবং কাঁকুড়গাছি থানা।

**শ্রী অশোক দেব ঃ** এই কাজ কবে নাগাদ শুরু হবে এবং কবে নাগাদ শেষ হবে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টচার্য্য ঃ** খুব তাড়াতাড়ি শুরু হবে। থানা করার ব্যাপারে যা নিয়ম আছে, আমরা অন্য রেনটাল হাউসে বা অন্য কোনও বাড়িতে যাচ্ছি না। এখন থেকে থানা আমরা নিজেরা করব। এই ব্যাপারে থানার মডেল তৈরি হয়ে গেছে, কাজ শুরু হবে। এই আর্থিক বছরে আমরা কাজ শুরু করব, কবে শেষ হবে সেটা অর্থের উপর নির্ভর করছে। ১০টি হয়ত হবে না।

**শ্রী অশোক দেব ঃ** এর আগে অনেকগুলো থানা তৈরি হয়েছে, ইনভেসটিগেশন সেন্টার তৈরি হয়েছে। কিন্তু যে সংখ্যক পুলিশ দেবার কথা যে ভাবে গাড়ি দেবার কথা আজ পর্যন্ত সেটা দেবার চেষ্টা করেননি। এখন যেগুলি হবে সেখানে কি পুরোপুরি পুলিশ এবং গাড়ি দেবার ব্যবস্থা করবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** নূতন থানা তৈরি হলে স্ট্রেন্থম্যান পাওয়ার যতটা পারা যায় সেটা দেওয়ার চেষ্টা করা হয়। কিন্তু বাজেট আমাদের সীমাবদ্ধ। সেই জন্য ১০টি একসঙ্গে হাতে নিতে পারছি না। নূতন পোস্ট ক্রিয়েট করতে হবে সেখানে টাকা বেশি লাগবে। বলতে পারেন সমস্ত শক্তি এখনই প্রয়োগ করা যাবে না, থানাগুলির স্ট্রেন্থ আস্তে আস্তে বাড়ানো হবে। পুরানো যেগুলি আছে সেখানে স্ট্রেন্থ ঠিকই আছে।

**শ্রী অশোককুমার দেব ঃ** অনেক জায়গায় স্ট্রেন্থ সেই ভাবে নেই।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** কলকাতায় আছে তবে কিছু জায়গায় নেই। যেমন সাউথ ২৪-পরগণায় একটু কম আছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কলকাতা অঞ্চল সুরক্ষিত করার জন্য যে অতিরিক্ত থানা করার জন্য উদ্যোগ নিয়েছেন তা অভিনন্দনযোগ্য। সেইভাবে আপনি পুলিশমন্ত্রী হিসাবে ঘোষণা করেছিলেন রাজ্যের কয়েকটি জায়গায় আরো কিছু থানা গড়ে তুলতে চাই। কে. এল. ও.-র কার্যকলাপ আলিপুরদুয়ারে চলছে শুধু তৃণমূলের মদতে নয়, বি.জে.পি এবং কংগ্রেসের মদতে চলছে। সেখানে শামুকতলায় একটা থানা করার কথা বলেছিলেন। এটা একটা বর্ডার অঞ্চল, আসাম এবং ভূটানের বর্ডার। সেখানে থানা হবার পরিকল্পনা হয়ে পড়ে আছে। সেই পরিকল্পনা বাস্তবায়িত হবে কিনা সেটা অনুগ্রহ করে জানালে বাধিত হব।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি যে অঞ্চলের কথা বলেছেন সেটা পরিকল্পনার মধ্যে আছে। এই প্রশ্নটা কলকাতা থানা নিয়ে, আপনি চলে গেলেন উত্তরবঙ্গে। কুচবিহার জেলার তুফানগঞ্জ থানা বাইফারকেট করে বক্সীরহাট থানা হবে।

আর আপনার জেলায় শামুকতলায় থানার সিদ্ধান্ত হয়েছে। এছাড়া মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জকে বাইফারকেট করা হবে। হুগলি জেলার ধনেখালিতে হবে এবং মেদিনীপুরের কাঁথিতে হবে। আর বাঁকুড়া জেলার বেলেতোড়ে হবে। এগুলোর জন্য সরকারি সিদ্ধান্ত হয়েছে। আস্তে আস্তে নামবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়, আপনি একটু আগে অশোক দেবের প্রশ্নের উত্তরে বললেন ষ্ট্রেনদেন এর ব্যাপারে। এর আগে কলকাতায় কয়েকটি থানার সংখ্যা বাড়ানো হয়েছে। এখন দেখা যাচ্ছে যেগুলো আছে, ভাঙা গাড়িগুলো

দেওয়া হয়েছে। থানার সংখ্যা বাড়ানো হচ্ছে ঠিকই, কিন্তু যেটা দরকার, পুলিশ স্ট্রেন্থ বাড়ানো হচ্ছে না। আপনি ১০টি থানা বাড়াবার যে পরিকল্পনা নিচ্ছেন, সেখানে আদার কি পরিকল্পনা নিচ্ছেন যে, ক'টি গাড়ি কিনবেন, কতজন স্টাফ বাড়াবেন, পোস্ট ক্রিয়েট কিভাবে হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** প্রত্যেকটি নতুন থানা করার সময়ে - একটা মডেল আছে - সেই মডেল অনুযায়ী কি ফোর্স লাগবে, তার কত গাড়ি লাগবে, লক-আপ ক'টি লাগবে, এগুলি দেখা হয়। সাধারণভাবে যা আছে, ২২-২৩ জন থাকে বিভিন্ন স্তরে। কনস্টেবল থেকে এ. এস. আই., এস. আই., সি. আই. সব মিলিয়ে ২২-২৩ জন। এটিই মডেল। কিছু থানায় এর থেকে বেশিও আছে। আমরা যে নতুন থানাগুলি করতে চাইছি, সেগুলির ক্ষেত্রে এগুলি দেখা হবে। আর গত বছর যে গুলি করেছি - টালিগঞ্জ থানা, ভবানীপুর থানা, পার্কস্ট্রীট থানা, বড়বাজার থানা, দক্ষিণ বন্দর থানা দ্বি-বিভক্ত করে ৫টি নতুন যথাক্রমে - (১) চারু মার্কেট থানা, (২) কালীঘাট থানা, (৩) সেক্সপীয়র সরণি থানা, (৪) পোস্তা থানা ও (৫) পশ্চিম বন্দর থানা গঠন করা হয়েছে। এই নতুন থানা যেগুলি করেছি, এখানে নতুন পোস্ট ক্রিয়েট করা হয়েছে এবং নতুন গাড়ি দেওয়া হয়েছে।

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, কোলকাতার বাইরে অন্যান্য জায়গায় দুষ্কৃতীরা বিস্তীর্ণ যে জঙ্গলে খন্ড রয়েছে, সেই জঙ্গল খন্ডে আশ্রয় নিচ্ছে, সেজন্য আরও কিছু পরিকল্পনা আপনার কাছে আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন। মেদিনীপুরে আগেই আমাদের পরিকল্পনা ছিল। আপনি যা বললেন, এটা ঠিকই, ঝাড়গ্রাম মহকুমায় এম সি সি এবং পিপলস্ ওয়ার গ্রুপ যে কার্যকলাপ করছে, সেখানে আমাদের থানা বাড়াতে হবে, আমাদের শক্তিও বাড়াতে হবে।

**শ্রী নেপাল মাহাতো ঃ** মাননীয় স্পিকারের মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি - আপনি কলকাতার বাইরে থানা বাড়াচ্ছেন বলে উত্তর দিলেন - পুরুলিয়াতে এই ধরনের থানা বাড়াবার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা, বিশেষ করে ঝালদাতে, যেটি ঝাড়খন্ড স্টেটের অ্যাডজাসেন্ট?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন। আমার এই মুহূর্তে প্রস্তুতি নেই। ঝালদাতে দুটি থানা করতে হবে, না হয় হবে না। আর যেটি আছে

তাকে আর একটু স্ট্রেনদেন করতে হবে। ঝালদার ওপারে বিহার। ওখানে এম সি সি যেভাবে সক্রিয় হয়েছে, এই ব্যাপারে আমরা সচেতন। আমরা চেষ্টা করছি।

**শ্রী রতন দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি যে, আমাদের পূর্বস্থলী থানায় কমিউন্যাল অ্যাকটিভিটিস, ক্রিমিন্যাল অ্যাকটিভিটিস যে ভাবে বাড়ছে, বিরাট এলাকা এবং দুর্গম এলাকা, সেই এলাকায় কোনও নতুন থানা করার প্রস্তাব আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** না, এই মুহূর্তে নেই। তবে প্রয়োজন আছে, আমি স্বীকার করছি। সব জায়গাতেই প্রয়োজন আছে। তবে এই মুহূর্তে বর্ধমান জেলায় করার প্রস্তাব নেই। যেগুলি আমরা করতে চাই, তার মধ্যে থেকে আমাদের প্রায়োরিটি বাছতে হয়। উত্তরবঙ্গে সন্ত্রাসবাদের সমস্যা, মেদিনীপুরে সন্ত্রাসবাদের সমস্যা, এগুলোকে আগে দেখতে হবে। আমরা বছরে যেহেতু ৭ - ১০টি করে করতে পারছি, সেজন্য গুরুত্ব বুঝে আমাদের করতে হচ্ছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী কলকাতায় ১০টি থানা সম্বন্ধে বললেন। কলকাতার মধ্যস্থিত যাদবপুর, রিজেন্টপার্ক, কসবা এবং তিলজলা এই অঞ্চলে মানুষ যাঁরা আছেন, কলকাতা একটা কসমোপলিটান সিটি হয়ে গেছে। এখানে রাজনৈতিক পরিস্থিতিতে অপরাধীদের যে চিত্র এবং চরিত্র এবং যে ধরণের কার্যকলাপ চলছে তাতে ওইখানকার থানাগুলিকে কলকাতা পুলিশের অন্তর্ভুক্ত করলে পরে একটা কোহেসিভ ফোর্স, একই সাথে সমাজবিরোধীদের মোকাবিলা করার ক্ষেত্রে কলকাতা পুলিশের অনুগত করে ধরা যায় কিনা এবং এই ব্যাপারে কলকাতা পুলিশের অন্তর্গত করার কোনও পরিকল্পনা আছে কিনা এবং থাকলে কবে নাগাদ তার কাজ শুরু হবে জানাবেন কি?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য যেটা বললেন আমার মনে হয় ওইভাবে ঠিক রাস্তার এই ফুটে কলকাতা পুলিশের আর ওই পাশের রাজ্য পুলিশের, সেখানে কলকাতা পুলিশের স্ট্রেন্থ বেশি এবং অন্যদিকে স্টেট পুলিশের যে ধরণের অবস্থা তাতে যাদবপুর এবং রিজেন্ট পার্ক প্রভৃতি এলাকার খুব সমস্যার সুরাহা হবে না। ওই ৪টি থানাকে কলকাতা পুলিশের অন্তর্ভুক্ত করলে সিভিল অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে অনেকগুলো সমস্যা হবে। কিন্তু এই সমস্যার সমাধান করা উচিত বলে

আমিও মনে করি। কলকাতার সি এম সি এলাকায় সামগ্রিক বিচার করলে কোর্স সিটির উপরে কলকাতা পুলিশের অ্যাডেড় হলে ওই সমস্যার সমাধান করা যাবে কতটা সেটা দেখার জন্য আমি দুজন সিনিয়র অফিসারকে ভাবতে বলছি। যাতে করে ফ্রিজ লোকাল থানাগুলোকে উন্নত করা যাবে কিন্তু কলকাতার সঙ্গে যুক্ত করলে হবে না তাতে সিভিল অ্যাডমিনিস্ট্রেশনের অসুবিধা হবে। আর আপনিও তো জানেন আপনার কেন্দ্র এবং আমার কেন্দ্রে একই সমস্যা, সুতরাং ওখানে কিভাবে সমস্যার সমাধান করা যাবে তারজন্য দুজন সিনিয়র অফিসারকে বলেছি আলাদা করে প্রস্তাব দিতে।

**বোলপুর-রঘুনাথপুর জল প্রকল্প**

১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৭) **শ্রী তপন হোড়ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বোলপুর ও রঘুনাথপুরে জার্মান সহায়তায় পানীয় জলের প্রকল্পের কাজ নির্দিষ্ট সময় সীমার মধ্যে শেষ হয়নি;

(খ) সত্যি হলে তার কারণ কি;

(গ) উক্ত প্রকল্প দুটির কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়, এবং

(ঘ) প্রকল্প দুটি নির্মাণে মার্চ, ২০০১ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে?

**শ্রী গৌতম দেব ঃ**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) ৩১.১২.২০০১ তারিখের মধ্যে।

(ঘ) ৯৫.৯১ কোটি টাকা।

**শ্রী তপন হোড়ঃ** স্যার, এই দুটি দপ্তরে জার্মান সাহায্য নিয়ে অসাধারণ কাজ হচ্ছে এ বিষয়ে কোনও সন্দেহ নেই এবং কাজের অগ্রগতিও অনেক হয়েছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, যে টারগেট ছিল সেই টারগেটের মধ্যে বোলপুর,

শান্তিনিকেতনের গ্রামাঞ্চল এলাকায় কতটা অগ্রগতি ঘটেছে এবং রঘুনাথপুরে কতটা অগ্রগতি ঘটেছে সেই সম্পর্কে তথ্য জানাবেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** আপনি জানেন যে জার্মান সংস্থার সঙ্গে যে এগ্রিমেন্ট হয়েছে তাতে আরও টাকা দেবে এবং আমরাও টাকা দেব। ওরা প্রায় ১০০ কোটি টাকা দেবে আর আমরা ৫০ কোটি রাজ্য সরকার থেকে দেবে। তাতে লাস্ট যে ডিসবার্সমেন্টের কথা ২০০২ সাল পর্যন্ত হয়েছে, সেখানে প্রজেক্টের কাজ চলবে ধরে নিয়েই এগ্রিমেন্ট করা হয়েছে। আর আমরা ২০০১ সালের ডিসেম্বরের মধ্যেই বোলপুর এবং রঘুনাথপুরের দুটি প্রোজেক্টের কাজ শেষ করব আশা করছি।

**শ্রী তপন হোড়ঃ** বোলপুরের কথা শুধু নয়, বিশ্বভারতী বা শান্তিনিকেতনের এলাকা ছাড়াও আরো ৯টি গ্রামপঞ্চায়েত এলাকা আপনার প্রকল্পের মধ্যে আছে। বোলপুর এবং রঘুনাথপুরের কিছু জায়গায় ট্যাপ ওয়াটার লাইন এবং কিছু জায়গায় হয়ত টিউবওয়েল বসানো হয়েছে। ওই হ্যান্ড টিউবওয়েলগুলোর ৯০০টির মধ্যে ৩০০টির বেশি হতে পারে যে টিউবওয়েলগুলোর থেকে পানীয় জলের অযোগ্য জল পড়ছে। ফলে গ্রামবাসীরা সেই জল খেতে পারছে না। এই অভিযোগ গ্রামবাসীদের কাছ থেকে এসেছে।

এবং ওখানকার যিনি অফিসার আছেন তিনি দেখবেন বলেছেন। সেই ক্ষেত্রে আমার জিজ্ঞাস্য হচ্ছে এই যে সমস্ত হ্যান্ড টিউবওয়েলগুলো, পানীয় জলের ব্যবহার করার ক্ষেত্রে যে অসুবিধা রয়েছে সেই ক্ষেত্রে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন এবং কবে নাগাদ এটা শেষ হতে পারে?

**শ্রী গৌতম দেব ঃ** ৯০১টি হ্যান্ড টিউবওয়েল বোলপুর স্কিমের মধ্যে আছে। আর পাইপ ওয়াটার স্কিম স্বতন্ত্র। জার্মান সংস্থা কে.এফ. ডবলু এই টিউবওয়েলগুলো পুঁতছে। ওরা এখানে কাজ করে খুশি। এখানে চিফ ইঞ্জিনিয়ারের নেতৃত্বে একটা কমিটি করা হয়েছে। এই অঞ্চলটা হচ্ছে ল্যাটেরাইট জোন, এখানে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ খুব বেশি। জি.আই পাইপের সাথে কানেকটিং পাইপগুলোর একটা কেমিকেল রি-অ্যাকশন হওয়ায় এই জিনিসটা হচ্ছে রডগুলো রিপ্লেস করা হচ্ছে, ৫২১টির মতো রিপ্লেস হয়ে গেছে। রিপ্লেস সবগুলো না হওয়া পর্যন্ত আমরা ওখানে জল খেতে দেব না।

**শ্রী তপন হোড়ঃ** বোলপুরে পাইপ ওয়াটার লাইন বসাবার জন্য খোঁড়াখুঁড়ি হয়েছে এবং শহরের মূল রাস্তাগুলোতে কাটাকাটির ফলে রাস্তা দিয়ে চলাচল অযোগ্য হয়ে পড়েছে। এটা দ্রুত মেরামতি করার জন্য আপনি কোনও ব্যবস্থা নেবেন কি?

**শ্রী গৌতম দেবঃ** এইভাবে বলতে পারব না। বিশাল একটা স্কীমের কাজ হচ্ছে এবং সেইজন্য মাটি খুঁড়তে হচ্ছে। সাইড দিয়েই ওরা কাজ করছে, যেখানে দোকান আছে, সেখানে রাস্তার মাঝখান দিয়ে কাটতে হচ্ছে। এতবড় একটা কাজ পাইপ লাইনের মাধ্যমে মানুষকে পানীয় জল দেওয়ার জন্য, তার জন্য এটা করতেই হবে। তবে আপনি যখন বললেন তখন আমি ব্যাপারটা একবার দেখব।

**শ্রী জাহাঙ্গীর করিমঃ** এই জার্মান সহায়তায় আমাদের রাজ্যে আর কোনও প্রকল্প হচ্ছে কি?

**শ্রী গৌতম দেবঃ** একটাই হচ্ছে। জার্মানী কে. এফ. ডবলুর সহায়তায়, তবে ওরা কাজ করে খুব খুশি। ভারতবর্ষের আরও কয়েকটি জায়গায় ওরা প্রোজেক্ট দিয়েছিল। আমাদের প্রিন্সিপাল সেক্রেটারি এবং চিফ ইঞ্জিনিয়ার জার্মানি গিয়েছিলেন। ওরা আরও কিছু করার কথা ভাবছেন। তবে যতক্ষণ না হয় ততক্ষণ বলা যাচ্ছে না। এটার কাজ এখনও চলছে।

**শ্রী মহঃ ইয়াকুবঃ** দেগঙ্গার আমিনপুরে নলবাহিত জলের আপনি ব্যবস্থা করছেন বলে আপনাকে ধন্যবাদ। আর কোন কোন মৌজায় এই রকম ব্যবস্থা করার জন্য পরিকল্পনা করেছেন?

**শ্রী গৌতম দেবঃ** আপনি তো এটা রেকর্ডিঙের জন্য বলছেন। উত্তর ২৪-পরগণার একটা বড় স্কিমের মধ্যে এইগুলো ছিল, কিন্তু দিল্লির জন্য বাতিল হয়ে গিয়েছে। আলাদা স্কিম তৈরি করে এই কাজটা আমরা করেছি। পঙ্কজবাবুকে বলছি, সর্বদলীয় টিম যদি দিল্লিতে গিয়ে ওদের রাজী করাতে পারি তাহলে ভাল হয়। অন্যথায় আমাদের নিজেদের টাকা দিয়ে করতে হবে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী আশীষ ব্যানার্জিঃ** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, বীরভূম জেলার মল্লারপুরে নলবাহী জল প্রকল্পের জন্য সেখানে যে নলগুলি লাগানো হয়েছে তা দিয়ে কিন্তু দীর্ঘদিন ধরে জল বাহিত হচ্ছে না। এটা

বেশ কিছুদিন আগেই শুরু হয়েছিল, এই সম্পর্কে যদি কিছু বলেন তাহলে ভাল হয়।

**শ্রী গৌতম দেব ঃ** প্রশ্নটা তো জার্মান প্রকল্প নিয়ে। এখানে মল্লারপুরের উত্তর দেওয়া মুশকিল। যখন আপনি বললেন আমি এটা খোঁজ নেব, কেন এবং কি জন্য আটকে আছে।

**শ্রী মহববুল হক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে সমস্ত এলাকায় ওয়াটার লেবেল লো, সেই সমস্ত এলাকাকে চিহ্নিত করে গ্রামীণ জল সরবরাহ প্রকল্প করার কোনও পরিকল্পনা নিয়েছেন কিনা জানাবেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** না সেই রকম জায়গাতে প্রায়োরিটি দেওয়া হয়, যেখানে জল আছে অনেক গভীরে, সাধারণত নলকূপ হয়না। সেখানেই পাইপ ওয়াটারের একটা প্রায়রিটি থাকবে, এটা আমরা করি। তবে আপনি কোনও পার্টিকুলার এলাকার কথা বলছেন কিনা জানি না।

**শ্রী মহববুল হকঃ** যেখানে খুব লো লেবেল অর্থাৎ মাটির নিচে পাথর আছে বিশেষ করে এমন দু-একটি গ্রাম মালতিপুর ও খড়বা গ্রাম পঞ্চায়েত আছে সেখানে এই কাজটি করার জন্য ডি ভি সি.র কাছে প্রস্তাব দিয়েছি, আপনার কাছেও পাঠান হয়েছে, কোনও কাজ হয়নি। আমরা যদি আপনার দৃষ্টি আকর্ষণ করি বা যোগাযোগ করি সেইগুলি হওয়ার সম্ভবনা আছে কিনা জানাবেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, সম্ভাবনা আছে। আপনি তো জানেন, '৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার তৈরি হয়েছে তখন পশ্চিমবাংলায় গ্রামে যত লোক থাকে তার ০.৭ শতাংশ লোক নলের জল খেত। ট্যাপের জল অর্থাৎ টাইম কলের জল এখন এটা ১০০ জনের মধ্যে ৩০ জন গ্রামে খায়। শহরের কথা বাদই দিলাম। ১০০ জনের মধ্যে ৩০ জনই গ্রামের এই জল পাচ্ছে। পশ্চিমবাংলায় মোট ১২২টি মিউনিসিপ্যালিটি আছে, একটা মিউনিসিপ্যালিটি নেই যেখানে টাইম কল নেই, যেখানে ট্যাপের জল যায় না। আমরা এটা বাড়াবার জন্য স্কিম নিয়েছি। এটা দুম করে সবটা করা সম্ভব নয়। তাই ফেজে ফেজে এই কাজটা করা হচ্ছে। বছর বছর এই জাতীয় স্কীম ৪০।৫০টার মতো নেওয়া হয়। গত ফিনান্সিয়াল ইয়ারে ৯৭টা স্কিমের কাজ শুরু হয়েছিল। আপনার ওখানে যদি জেলা পরিষদে পাস হয়ে থাকে তাহলে আপনি এম এল এ হিসাবে সুপারিশ করে পাঠাবেন।

**শ্রী নিখিল মুখার্জিঃ** স্যার, রঘুনাথপুর এবং বোলপুরে এই দুটি শহরে যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা অ্যাপ্রিসিয়েট করার মতো স্কীম। আমার জিজ্ঞাস্য রঘুনাথপুর শহর ছাড়া এই প্রকল্পের দ্বারা কভারেজ আরো কতকগুলি গ্রামে এখনও আছে? সেই প্রকল্পে এখন যে গ্রামগুলিকে রাখা হচ্ছে, সেগুলির এক্সটেনশন করার সুযোগ থাকছে কিনা? এই প্রকল্পটা সম্পূর্ণ করতে কত সময় লাগছে এবং দ্রুতগতিতে নিষ্পত্তি করার জন্য কোনও স্পেশাল মনিটারিং ব্যবস্থা সরকারের আছে কিনা জানাবেন কি?

**শ্রী গৌতম দেবঃ** মাননীয় সদস্যকে জানাই, রঘুনাথপুরের মিউনিসিপ্যালিটি ছাড়া ১১৭টি গ্রাম আছে, রঘুনাথপুর ব্লকে এই স্কীমের জন্য ২০১১ সালকে টার্গেট করে ১ লক্ষ ৪৮ হাজার ৩১৩ জন মানুষের জন্য এটা করা হয়েছে।

আমি আগেই বলেছি ২০০২ সালের ডিসেম্বরে জার্মানদের শেষ কিস্তির টাকা দেবে, অর্থাৎ সেই পর্যন্ত কাজ চলবে। আমরা ঠিক করেছি ২০০১ সালের ডিসেম্বরেই দুটো প্রকল্পের কাজ শেষ করব। ওদের কিছু টার্মস অ্যান্ড কন্ডিশন আছে, - টেন্ডার পাঠাতে হবে জার্মানিতে, সেখান থেকে অনুমোদন হবে, ইত্যাদি। তবে বিফোর সিডিউল আমরা করব। পরে এক্সটেনশনের কাজে জার্মানদের কোন ব্যাপার নেই। পাঞ্চেত ড্যামে জল থাকলে, আমাদের টাকা-পয়সা থাকলে আমরা বাড়াতে পারি।

## সুন্দরবনে বাঘের আক্রমণ

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৫) **শ্রী ব্রহ্মময় নন্দঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> বিগত পাঁচ বছরে (১৯৯৬ থেকে ২০০০) সুন্দরবনে কতজন মধু সংগ্রহকারী, জেলে ও সাধারণ মানুষ বাঘের আক্রমণে আহত ও নিহত হয়েছেন?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ**

| | আহত | নিহত |
|---|---|---|
| মৌলী ঃ- | ০ | ১১ |
| জেলে ঃ | ৭ | ৩০ |
| মোট | ৭ | ৪১ |

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মধু সংগ্রহ করতে যাওয়া ছাড়া বাঘের আক্রমণে যারা নিহত হয়েছে, তাদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা আপনার দপ্তরে আছে কিনা এবং থাকলে তার পরিমাণটা জানাবেন কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** বাঘের আক্রমণে মৃত্যুতে আমরা ২০ হাজার টাকা ক্ষতিপূরণ দিই। সাথেসাথেই ১০ হাজার টাকা দেওয়া হয়, স্থানীয় পঞ্চায়েত সনাক্ত করার সঙ্গে সঙ্গেই। পরে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার পর বাকি ১০ হাজার টাকা দেওয়া হয়। অনুরূপভাবে আহত হলে ১০ হাজার টাকা দেওয়া হয় এবং তাদের চিকিৎসার সম্পূর্ণ ব্যবস্থা সরকারি হাসপাতালে করানো হয় বনবিভাগ থেকে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** গত ১০ বছরে কতজন ক্ষতিপূরণ পেয়েছেন জানাবেন কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** এখানে ৫ বছরের কথা লেখা আছে। এই ৫ বছরে বনবিভাগ থেকে যে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে তা বলছি। ১৯৯৬-৯৭ সালে দক্ষিণবঙ্গে দেওয়া হয়েছিল ৩৭ লক্ষ ৯১ হাজার টাকা, উত্তরবঙ্গে দেওয়া হয়েছিল ২৫ লক্ষ ৬১ হাজার টাকা। ১৯৯৭-৯৮ সালে দক্ষিণবঙ্গে ৪১ লক্ষ ৪৫ হাজার টাকা, উত্তরবঙ্গে ৩২ লক্ষ ৭৫ হাজার টাকা দেওয়া হয়েছিল। ১৯৯৮-৯৯সালে দক্ষিণবঙ্গে ৩৭ লক্ষ ৪০ হাজার টাকা, উত্তরবঙ্গে ৪৩ লক্ষ ৪৫ হাজার টাকা এবং ১৯৯৯-২০০০ সালে দক্ষিণবঙ্গে ২৩ লক্ষ ১৪ হাজার টাকা ও উত্তরবঙ্গে ৪৫ লক্ষ ৪৯ হাজার টাকা ক্ষতিপূরণ আমরা দিয়েছি।

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### পুরসভা এলাকায় উড়ালপুল

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮) **শ্রী রবীন দেব ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫ থেকে ২০০০ সাল পর্যন্ত কলকাতা পুরসভা এলাকায় কয়টি উড়ালপুল তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, কয়টির কাজ সম্পন্ন হয়েছে?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নগর উন্নয়ন বিভাগের অধীনে ১৯৯৫ থেকে ২০০০ সাল পর্যন্ত কলকাতা পুর এলাকায় ৪টি উড়ালপুল/ওভারব্রীজ তৈরির প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) তার মধ্যে ২টি প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে এবং বাকি ২টির কাজ চলছে।

**বায়ু দূষণ রোধ**

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০২) **শ্রী চিত্তরঞ্জন রায় ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান আর্থিক বছরে (২০০১-২০০২) সরকার বায়ু দূষণ রোধের জন্য কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

বর্তমান আর্থিক বছরে (২০০১-২০০২) সরকার কর্তৃক বায়ু দূষণ রোধের জন্য গৃহীত পদক্ষেপগুলি নিম্নরূপ ঃ

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রন পর্ষদ সারা রাজ্যে ৫৯টি স্থানে নিয়মিত ভাবে বাতাসে দূষণের মাত্রা পর্যবেক্ষণ করে চলেছে। এই পর্যবেক্ষণের ফলাফল পরবর্তী কার্যক্রম নির্ধারণে বিশেষভাবে সহায়ক হয়।

বায়ু দূষণের মূল উৎস শিল্প জনিত দূষণ এবং যান বাহন জনিত দূষণ।

<u>শিল্প জনিত দূষণ সম্পর্কে ব্যবস্থা নেওয়া হয়েছে যেমন</u>—

সারা রাজ্যে নতুন শিল্প স্থাপনের স্থান নির্ণয় নীতি চালু আছে। এই নীতি অনুসারে কলকাতা মহানগর এলাকাধীন পৌর এলাকাগুলিতে অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্প নতুন করে স্থাপন নিষিদ্ধ হয়েছে।

১৪৫টি শিল্প সংস্থাকে অতিরিক্ত 'বায়ু দূষণকারী' সংস্থা হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই সংস্থাগুলিকে নিয়মিত পরিদর্শন করা হয় এবং নির্গত দূষণের মাত্রা পর্যবেক্ষণ করা হয়।

রাজ্যের ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির সমষ্টিগত দূষণ অনেক ক্ষেত্রেই চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। কলকাতা মহানগর অঞ্চলে বিভিন্ন শিল্পে বয়লারের জ্বালানী হিসেবে কয়লার ব্যবহার বায়ু দূষণের মূল কারণ। এই দূষণ কমাবার জন্য চিমনি থেকে নির্গত ভাসমান ধূলিকণার অনুমোদিত মাত্রা ইতিমধ্যেই আরও কঠোর করা হয়েছে।

নতুন অনুমোদিত মাত্রা মেনে চলতে গেলে ছোট বয়লার ব্যবহারকারী শিল্প বা রাজ্যের সেরামিক শিল্প সংস্থাগুলিকে কয়লার পরিবর্তে তেল বা গ্যাস জ্বালানী হিসেবে ব্যবহার করার কথা বলা হয়েছে। এই জ্বালানী পরিবর্তনের জন্য সংস্থাগুলিকে কিছু বিশেষ ব্যবস্থা চালু করতে হবে। এই ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান পদ্ধতিও স্থির করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের 'দা ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম - ২০০০' এবং ইন্দো - কানাডিয়ান এনভায়রন ফেসিলিটি থেকে এই অর্থ সাহায্য পাওয়ার বন্দোবস্ত করার চেষ্টা চলছে।

<u>যানবাহন জনিত দূষণ নিয়ন্ত্রন সম্পর্কে ব্যবস্থাগুলি হল</u>ঃ

১.৪.২০০০ থেকে সমস্ত নতুন গাড়িকে ইউরো - ১ (ভারত ২০০০) বিধি মেনে চলতে বাধ্যতামূলক করা হয়েছে।

৩১.১২.২০০০ থেকে ইউরো - ২ (ভারত স্টেজ টু) বিধি নতুন পেট্রল ও ডিজেল চালিত যাত্রীবাহী চারচাকার গাড়ির ক্ষেত্রে কার্যকর করা হয়েছে।

ইউরো - ২ বিধি অন্য সমস্ত চারচাকার গাড়ির ক্ষেত্রেও আগামী ২৩.১০. ২০০১ থেকে প্রযোজ্য হবে বলে স্থির করা হয়েছে।

সীসার যৌগমুক্ত পেট্রল সারা রাজ্যে পাওয়ার বন্দোবস্ত করা হয়েছে। ডিজেল গন্ধকের পরিমাণ সারা রাজ্যেই ০.২৫ শতাংশের নিচে কমানো হয়েছে।

কলকাতায় ব্যবহৃত ডিজেলের এবং পেট্রলের গন্ধকের পরিমাণ ০.০৫ শতাংশের নিচে নামানো হয়েছে।

পেট্রলে বেঞ্জিনের পরিমাণও ৫% থেকে ৩% এ কমানো হয়েছে।

## সংবাদপত্রে সরকারি বিজ্ঞাপন

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬) **শ্রী দীপককুমার ঘোষ ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০০-২০০১ আর্থিক বছরে আনন্দবাজার, বর্তমান, আজকাল, প্রতিদিন, বসুমতি ও গণশক্তি পত্রিকাগুলিকে কত টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছে;

(খ) উক্ত পত্রিকাগুলির প্রতিটির প্রচার সংখ্যা কত; এবং

(গ) সরকারি বিজ্ঞাপন দেবার রূপরেখা কি?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত ২০০০-২০০১ আর্থিক বছরে আনন্দবাজারকে ২ কোটি ৬০ লক্ষ ৪২ হাজার ০৭৫ টাকা, বর্তমানকে ৬৫ লক্ষ ৮৯ হাজার ৮৭৩ টাকা, আজকালকে ১ কোটি ২৪ লক্ষ ৪৬ হাজার টাকা, প্রতিদিনকে ৯৭ লক্ষ ৩৫ হাজার ৯০৯ টাকা, গণশক্তিকে ১ কোটি ১১ লক্ষ ৩৩ হাজার ৯৭৬ টাকা ও বসুমতিকে ১২ লক্ষ ৩০ হাজার ৬৪৫ টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছে।

(খ) আনন্দবাজার (জানুয়ারি-জুন, ২০০০) ৭,০৯,১৩৯

আজকাল (জানুয়ারি-জুন, ২০০০) ১,৫৫,১৬২

প্রতিদিন (জানুয়ারি-জুন, ২০০০) ২,৬৪,০০০

গণশক্তি (জানুয়ারি-জুন, ২০০০) ১,১৫,২৬৩

বর্তমান (জানুয়ারি-জুন,২০০০) ৪,৪৭,৪১৬

বসুমতি (জানুয়ারি-জুন, ২০০০) ৪,৬৭৬

(গ) প্রচার সংখ্যা ও বিজ্ঞাপনের হার এবং ক্ষুদ্র ও মাঝারি পত্রিকাগুলিকে অপেক্ষাকৃত বেশি সহায়তা দান।

## ল্যাটারাইট জোন

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮০১) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর সদর ব্লকে গ্রামীণ এলাকায় বনপুরা, মাসুর গেড়িয়া, সাকুটি, আঙ্গুঁরা প্রভৃতি অঞ্চলে ল্যাটেরাইট জোন রয়েছে; এবং

(খ) সত্যি হলে উক্ত পানীয় জল সরবরাহের জন্য নলবাহিত জল প্রকল্পের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ঐ এলাকাগুলিতে ৭৯.২৬ লক্ষ টাকা ব্যয়ে একটি নলবাহিত জল প্রকল্পের পরিকল্পনা সরকারের আছে।

**রাজ্যে আই. এস. আই. চক্রের কার্যকলাপ**

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আই. এস. আই. চক্রের সাম্প্রতিক কার্যকলাপ সম্বন্ধে সরকার অবগত আছেন কি না; এবং

(খ) থাকলে, জানুয়ারি, ২০০০ থেকে মে, ২০০১, পর্যন্ত কতজন আই. এস. আই. চরকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে?

**স্বারাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১১ (এগার) জন।

**রাজ্যে বনভূমির পরিমাপ**

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৫) **শ্রী তারক বন্দোপাধ্যায় ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মোট বনভূমির পরিমাপ কত;

(খ) রাজ্যে নতুন করে কোন্‌ও বনভূমির তৈরির পরিকল্পনা সরকার-এর আছে কি;

(গ) বেথুয়াডহরী বনাঞ্চলের মোট পরিমাপ কত; এবং

(ঘ) বেথুয়াডহরীর বনাঞ্চলে কি ধরনের কতগুলি মৃগ এবং অন্যান্য ধরনের পশু আছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১১৮৭৯ বর্গ কিঃ মিঃ তবে অরন্য বহির্ভূত সরকারী জমিতে বৃক্ষায়নের ফলে ১৩৪৫১.২ বর্গ কিঃ মিঃ সবুজায়ন সম্ভব হয়েছে।

(খ) হ্যাঁ। বৃক্ষরোপনের মাধ্যমে সবুজায়নের প্রয়াস চালানো হচ্ছে।

(গ) বনাঞ্চলের পরিমান ০.৬৭ বর্গ কিঃ মিঃ।

(ঘ) বেথুয়াডহরী অভয়ারন্যে বর্তমানে মোট ১৭০টি চিতল হরিন আছে। এছাড়া খরগোস, সজারু, হনুমান, বেঁজী, গন্ধ গোকুল, বন বিড়াল, শৃগাল, ৫০ রকমের পাখী, তিন প্রজাতির গোসাপ, ২৫টা পাইথন এবং কিছু কচ্ছপ আছে।

## MURDERS IN THE STATE

*170. (Admitted Question No. *192) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) The total number of murders committed in the State during the year 2000 and 2001 (up to 31st May); and

(b) How many of them mentioned in (a) were killed in political clashes?

**স্বারাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২,৫৫৬।

(খ) ২১৭।

## BANGLADESHI FILMS

*171. (Admitted Question No. *642) **Shri Tapas Pal :** Will the Minister-in-charge of the Informetion & Cultural Affairs Department be pleased to state—

the conditions under which the Bangladeshi Films are made in the State?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

ভারত সরকারের অনুমতিক্রমে কতগুলো নির্দিষ্ট শর্তে বাংলাদেশের চলচ্চিত্র পশ্চিমবঙ্গে তথা ভারতে নির্মিত হতে পারে এর মধ্যে প্রধান কতগুলি শর্ত হল—

১। চলচ্চিত্রের চিত্রনাট্য ভারত সরকারের তথ্য ও সম্প্রচারক মন্ত্রকের অনুমোদিত হতে হবে। চলচ্চিত্রটি সম্পূর্ণভাবে অনুমোদিত চিত্রনাট্য অনুসারে হতে হবে।

২। প্রযোজককে ভারতের চালু আমদানি-রপ্তানি এবং বৈদেশিক মুদ্রা বিনিময় আইন মেনে চলতে হবে।

## চাঁচোলে নূতন পৌরসভা

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৮) **শ্রী মহবুবুল হকঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার চাঁচোলে নূতন পৌরসভা স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বনজ সম্পদ**

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৬) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সেপ্টেম্বর ২০০০ সালের বন্যা বিধ্বস্ত জেলাগুলিতে বন্যায় বনজ সম্পদসহ বনবিভাগের স্থাবর, অস্থাবর সম্পত্তির ক্ষতির পরিমাণ কত; এবং

(খ) খরা কবলিত পুরুলিয়া ও বাঁকুড়া জেলার বনাঞ্চল রক্ষার জন্য সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাদি কীরূপ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ক্ষয় ক্ষতির পরিমাণ ১৮৪ লক্ষ টাকা।

(খ) বনাঞ্চল রক্ষার জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১. বনভূমি ও বনজ সম্পদ রক্ষার জন্য বন রক্ষা কমিটি গঠন করা হয়েছে।

২. নিয়ম অনুসারে জঙ্গলের কাঠ আহরন করে বনরক্ষা কমিটির সদস্যদের লভ্যাংশ বিতরনের দ্বারা বন সংলগ্ন মানুষকে সংরক্ষনে ভীষণভাবে উৎসাহিত করা হচ্ছে।

৩. বনসংলগ্ন মানুষের অর্থনৈতিক উন্নতিকল্পে আয়োজিত বিভিন্ন কর্মকান্ডের মাধ্যমে তাদের বন সংরক্ষনে উৎসাহিত করা হচ্ছে।

৪. জঙ্গল রক্ষার জন্য টহলদারী ব্যবস্থা জোরদার করা হয়েছে।

৫. গুরুত্বপূর্ণ বনাঞ্চলে চেকপোস্ট গঠন করা হয়েছে।

৬. ভারতীয় বন আইন, ১৯২৭ (পশ্চিমবঙ্গ) সংশোধন করা হয়েছে ও এই আইনে দোষী ব্যক্তির কঠোর শাস্তি দানের ব্যবস্থা করা হয়েছে।

৭. গভীর জঙ্গলের মধ্যে যোগাযোগ করার জন্য আর টি সেট স্থাপন করা হয়েছে।

৮. বিশেষ জলছবি মার্কা ট্রানজিট পাস চালু করা হয়েছে।

৯. পশ্চিমবঙ্গ করাতকল ও অন্যান্য বনজ শিল্প গঠন ও নিয়ন্ত্রন আইন বলবৎ করা হচ্ছে।

[12-00 — 12-10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker:** Today I have received seven notices of Adjournment Motion. The first one is from Shri Kashi Nath Mishra on the subject of reported missing of one advocate, Smt. Suparna Ghosh, since 18.6.2001. The second, third and the seventh one are from Shri Asit Mal and Shri Mahabubul Haque, Shri Biplab Roy Chowdhury and Shri Ashoke Kumar Deb, all three on the subject of reported death of one person under police custody. The fourth one is from Shri Ajoy Dey on the subject of deterioration of work culture in the State Government offices. The fifth one is from Shri Shovandeb Chattopadhyay on the subject of demand for resignation of sports Minister for giving shelter to some anti-socials in Yubabharati Stadium by the Sports Department and the sixth one is from Shri Jatu Lahiri on the subject of closure of G.K.W. factory in Howrah.

The subject matters of all the Motions relates to day to day administration of the Government and do not call for adjournment of the business of the House. Moreover, the members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grants of the concerned Department which is now going on and members may also invite attention of the Minister concerned through Calling Attention, Question, Motion etc.. I, therefore, withhold my consent to all the Motions.

One member of the party, may however, read the text of the Motion as amended.

**শ্রী অজয় দে :** জনসাধারনের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল -

আলিপুর ফৌজদারি আদালতে আসামী সত্যজিত মন্ডলকে পুলিশভ্যানে মৃত অবস্থায় পাওয়া যায়। প্রকাশ থাকে যে বেহালা থানার পুলিশ লক আপে অন্যায়ভাবে বেধড়ক প্রহার করে। পুলিশ নির্যাতনের ঘটনা নিয়ে আলোচনার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরী :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল -

আলিপুর ফৌজদারী আদালতে পুলিশ লক আপে বিচারাধীন বন্দী সত্যজিত মন্ডলের পুলিশি অত্যাচারে মৃত্যু হয়েছে। লক আপে মৃত্যুর ঘটনা ঘটেই চলেছে। এই ঘটনার নিন্দা করি এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, মুখ্যমন্ত্রী বিষয়টি সম্পর্কে ভাবুন।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :-

| | **Subjects** | | **Names** |
|---|---|---|---|
| i) | Reported unnatural death of Shri Satyajit under police custady at Alipore Adalat on 4.7.2001 | : | Shri Kashinath Mishra |
| ii) | Reported missing of one lady lawyer on the way of returning from Writers' Buildings | : | Shri Asit Kumar Mal & Shri Mahababul Haque |

iii) Alleged irregularities at Rampurhat Sub-divisional Hospital : Dr. Asish Banerjee

iv) Alleged non-use of useful medical appliances at Shantipur State General Hospital : Shri Ajoy Dey

v) Proposed new schemes for development of K.M.D.A. areas. : Shri Tapan Hore

I have selected the notice of Shri Kashinath Mishra on the subject of reported unnatural death of one Satyajit under Police Custody at Alipore Adalat on 4.7.2001.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 12th July.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Urban Development Department to make a Statement on the subject of eviction of Hawkers from the vital roads in Calcutta. (Attention called by Shri Tapan Hore on the 27th June 2001).

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** রাজ্য সরকার পূর্বেই সিদ্ধান্ত নিয়েছেন যে কলকাতার ২১ টি রাস্তার ফুটপাথে লোকচলাচল স্বাভাবিক করতে এবং যানবাহনের গতি বৃদ্ধি করতে ঐ স্থানগুলিতে হকারদের কোন স্থায়ী ও অস্থায়ী কাঠামো তৈরি করতে দেওয়া হবেনা। এই রাস্তাগুলিতে কিছু হকার স্থায়ী ও অস্থায়ী কাঠামো তৈরি করে সাধারণ পথচারীদের যাতায়াতে বাধা সৃষ্টি করছে। ফলে পথচারীরা রাস্তায় নেমে এসে চলাচল করতে বাধ্য হচ্ছেন। এই কারণে এই রাস্তাগুলিতে যানযটের সৃষ্টি হচ্ছে এবং পরিবেশ দূষণ বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও বিভিন্ন সময়ে পথ দূর্ঘটনায়

জীবনহানি হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে "হকার" শব্দের অর্থ ফেরিওয়ালা অর্থাৎ যারা ঘুরে ঘুরে জিনিস ফেরি করেন। এদের বিরুদ্ধে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। কিন্তু তথাকথিত কিছু হকার পথচারীর চলাচলের পথ জবরদখল করে স্থায়ী ও অস্থায়ী কাঠামো তৈরি করে সাধারণ পথচারীদের যাতায়াতে ও যানবাহন চলাচলে যে সমস্যা সৃষ্টি করছে সেই সমস্যা সমাধানে সরকার ও কলকাতা পৌরনিগম প্রয়াসী হয়েছেন। হকারদের স্থায়ী ও অস্থায়ী পূনর্বাসনের জন্য কলকাতা পৌরনিগম, সি.আই.টি. এবং সি.এম.ডি.এ মোট ২২টি স্থানে নির্মাণকার্য করছে এবং আনুমানিক ১৫ কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান স্টলের সংখ্যা ৭৯৮৩। কিন্তু দুঃখের ব্যাপার দু একটি জায়গা ছাড়া বাকি স্টলগুলিতে যেতে হকাররা আগ্রহী নন। দেখা গেছে যে সব স্থানে পূর্বে জবরদখলকারী হকার উচ্ছেদ হয়েছিল সেখানে হকাররা আবার বসছেন।

এই হকারদের পূনর্বাসনের ব্যাপারে পৌরবিষয়ক বিভাগের পক্ষ থেকে বিগত ১৯৯৭ সাল থেকে হকার প্রতিনিধি, পৌর নিগমের মাননীয় মেয়র এবং পুলিশের প্রতিনিধিদের সঙ্গে অনেকবার আলোচনা কয়া হয়েছে। কলকাতা পৌরনিগম ও সরকারের পক্ষ থেকে হকারদের পূনর্বাসনের জন্য নির্দিষ্ট নীতি রূপায়িত ও অর্থ ব্যয়িত হয়েছে। উচ্ছেদকৃত হকারদের তালিকা অনুযায়ী লটারি করে স্টল বন্টন করা হয়েছে, কিন্তু আশানুরূপ ফল পাওয়া যায়নি। হকারদের পূনর্বাসনের বিষয়ে সরকার বিশেষভাবে আন্তরিক।

**শ্রী তপন হোড়ঃ** স্যার, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, এই যে ২১টা রাস্তার কথা বললেন এই ২১টা রাস্তা কোন কোন রাস্তা? আর এই সঙ্গে সঙ্গে আমরা লক্ষ্য করছি যে আমাদের এখানে বিধায়ক আছেন, তিনি কলকাতা পুরসভার মেয়রও, তিনি রাজ্য সরকারের সঙ্গে, আপনার দপ্তরের সঙ্গে সহযোগিতা করে হকার নিয়ন্ত্রণ এইসব ব্যাপারে একটা পদক্ষেপ নেওয়ার কথা ভাবছিলেন কিন্তু তৃণমূল - তিনি যে দল করেন তারা এই ব্যাপারে বাধার সৃষ্টি করছে। এই বাধা সৃষ্টি করার ফলে ব্যাপারটা বাধাপ্রাপ্ত হচ্ছে। আপনার সঙ্গে মেয়ওরর কি কি কথাবার্ত হয়েছে। রাস্তা থেকে, ফুটপাথ থেকে হকার নিয়ন্ত্রন করার ব্যাপারে মেয়রের সঙ্গে আপনার কি কি কথা হয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য্যঃ** ২১টা রাস্তার নাম বলতে গেলে তো অনেকক্ষণ সময় লাগবে। তবুও বলছি। '৯৮ সালে আমরা সংবাদপত্রে একটা বিজ্ঞাপন দিই যে

যেসমস্ত রাস্তা এবং সংলগ্ন ফুটপাথ দখল করা হবে, আচার্য্য জগদীশচন্দ্র বসু রোড, আচার্য্য প্রফুল্লচন্দ্র রোড এর সমগ্র এলাকা, হরিশা বাজার, গ্রে স্ট্রীট, মাণিকতলা মেন রোড, উল্টোডাঙ্গা মেন রোড। তারপর উত্তর দিকে লেনিন সরনি, দক্ষিণে আচার্য্য জগদীশ বোস রোড, পশ্চিমে জহরলাল নেহেরু রোড, তারপর পার্ক স্ট্রীট, ক্যামাক স্ট্রীট, রফি আহমেদ কিদোয়াই রোড, মির্জা গালিব স্ট্রীট, উড স্ট্রীট, আর.আর.অ্যাভেনিউ, কিংসওয়ে, পূর্বে সি.আর.অ্যাভেনিউ, স্ট্রান্ড রোড, কে. কে. টেগোর স্ট্রীট, গড়িয়াহাট, কালীঘাট এছাড়া লেন, বাই লেন তো অনেক আছে। আপনি আরও একটা বিষয়ে বলেছেন। হকার সমস্যা রূপায়ণে মেয়রের সঙ্গে কথা হয়েছে। আমরা যা করেছি কলকাতা পুরনিগম, কলকাতা পৌরসভার সাথে আলোচনা করে করেছি। এই বিষয়ে রাজ্য সরকার এর হকার বিষয়ে যে নীতি কলকাতা পৌরসভা মেয়রের সাথে তা নিয়ে আলোচনা হয়েছে। আমাদের নীতি, উদ্যোগ নিয়ে তাদের সঙ্গে আমাদের কোনও পার্থক্য নেই। আমরা যৌথভাবে সিদ্ধান্ত নিয়েছি যৌথভাবেই সেটা কার্যকর করা হবে।

## LAYING OF RULES

## THE WEST BENGAL METROPOLITAN PLANNING COMMITTEE RULES, 2001.

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to lay the West Bengal Metropolitan Planning Committee Rules, 2001, published under Notification No.2257 -UD/O/M/SB/A-1/98 dated 12.06.2001.

[12-10 — 12-20 p.m.]

## MENTION CASES

**শ্রী অসিত মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বীরভূম জেলার রামপুরহাট ২নং ব্লকের অধীন বিষ্ণুপুর অঞ্চলে ভীষণ জল কষ্ট দেখা দিয়েছে। দীর্ঘদিন ধরে টিউবওয়েল খারাপ হয়ে পড়ে আছে, পঞ্চায়েতের হাতে পয়সা না থাকার জন্য সারানো যাচ্ছে না। এলাকার মানুষ ভীষণ কষ্ট পাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই অতি সত্ত্বর সেখানে পাইপ লাইনে ওয়াটার সাপ্লাইয়ের ব্যবস্থা করা হোক।

**শ্রী মানিকলাল আচার্য্য ঃ মাননীয় অধ্যক্ষ** মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি কুলটি বিধানসভা এলাকা থেকে নির্বাচিত। আমার ওখানে হিন্দী ও উর্দু ভাষাভাষী লোকের সংখ্যা অনেক বেশি, কিন্তু স্কুলের সংখ্যা কম। শিক্ষামন্ত্রীর কাছে দাবি করছি আমার ওই এলাকাতে হিন্দী এবং উর্দু স্কুলের সংখ্যা বাড়ানো হোক।

**ডঃ আশীষ ব্যানার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি রামপুরহাট বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত। রামপুরহাট শহরে ব্যাপক যানজট দেখা দিয়েছে। এই যানজটের ফলে সাধারণ মানুষের দুর্ভোগ বেড়েছে। সেখানে এরফলে নানা দুর্ঘটনা ঘটেছে। আপনার নিশ্চয়ই জানা আছে যে রামপুরহাট শহরের একটা ভিন্ন গুরুত্ব রয়েছে। বিহারের দেওঘর, দুমকা প্রভৃতি অঞ্চল থেকেও মানুষ রামপুরহাটে আসে। ওই এলাকায় তারাপীঠ মন্দির দর্শনে বহু মানুষ আসেন। এর ফলে রাস্তাগুলি ব্লক হয়ে যায়। আমি অনুরোধ করছি রামপুরহাটের নিশ্চিন্তপুর এলাকায় রেলওয়ে লাইনের উপর যদি ফ্লাইওভার করার সিদ্ধান্ত সরকার নেন তাহলে সেখানকার যানজট কিছুটা লাঘব হতে পারে। অদূর ভবিষ্যতে এই যানযটের ফলে সাধারন মানুষ আর যাতাযাত করতে পারবে না। ছাত্রছাত্রীরা স্কুলে যাতায়াতের জন্য ভীষণ অসুবিধায় পড়ে। শুধু তাই নয় অনেক সময় তারা আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়। মাননীয় মন্ত্রিমহাশয় যদি একটু সচেষ্ট হন তাহলে এই সমস্যার সমাধান হতে পারে। আমি বার বার আবেদন করব মাননীয় মন্ত্রিমহাশয় যদি এ ব্যাপারে সচেষ্ট হন তাহলে রামপুরহাটের মানুয উপকৃত হবেন।

**শ্রী দীপকচন্দ্র সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুচবিহার শহরে কিছুদিন ধরে জল স্তর অনেক নিচে নেমে গেছে, সেখানে পানীয় জল সরবরাহ নিয়ে কুচবিহার পৌরসভার এবং পি. এইচ. ই. দপ্তরের টানা পোড়েন চলছে। সেখানে প্রয়োজনীয় জল মানুষ পাচ্ছে না। দ্রুত পি. এইচ. ই. মন্ত্রীর হস্তক্ষেপ করে কুচবিহারের মানুষ যাতে জল পায় সেটা দেখা দরকার। কুচবিহার উত্তর বিধানসভার গোপালপুর, খোলটা, বড় রাংরস এই তিনটি প্রকল্প বিবেচনার জন্য সরকারের কাছে এসেছে। এই প্রকল্পগুলি দ্রুত মজুরের ব্যবস্থা করার জন্য সরকারের কাছে আবেদন রাখছি।

**শ্রী বিজয় বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বচনী এলাকা আলিগড়। সেখানে একটা কৃষিভিত্তিক শিল্প শিশল ফার্ম আছে। কিন্তু তার অবস্থা খুব সংকটজনক। ১১ একর জমির উপর এই কারখানা গড়ে উঠেছিল এবং শিশল থেকে দড়ি তৈরির ব্যবস্থা ছিল। কিন্তু বর্তমানে ৭-টা দড়ি তৈরি করার মেশিনের মধ্যে একটা চলছে। সেখানে ২০০ জন স্থায়ী কর্মী কাজ করেন। বর্তমানে দড়ি তৈরি করার যে লাইন ছিল সেগুলো নষ্ট হয়ে গেছে। সেই জন্য আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যেন অবিলম্বে এই কারখানাকে বাঁচানোর উদ্যোগ গ্রহণ করা হয়।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপনন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমস্যাটি গুরুতর। আমার বিধানসভা এলাকাটির মধ্যে বিঘাটি গ্রাম পঞ্চায়েতের সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা বিঘাটি থেকে লাহা রোডের মোড় পর্যন্ত রাস্তার অবস্থা খুব খারাপ। এই রাস্তা সংস্কারের জন্য আমি ১৯৯৬ সাল থেকে চেষ্টা করে যাচ্ছি। যাইহোক এবিষয়ে যা কিছু কাগজ-পত্র আছে তা আমি আপনার টেবিলে জমা দিচ্ছি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণের জন্য। নতুন মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যেন যুদ্ধকালীন ভিত্তিতে উক্ত রাস্তাটির সংস্কার করা হয়।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাগদা এলাকার প্রত্যেকটা স্কুলের হেড মাস্টার মহাশয়রা গতকাল আমার কাছে এসেছিলেন। বন্যাতে তাদের স্কুলগুলোর চেয়ার, টেবিল সব ধুয়ে চলে গেছে এবং এরফলে তাদের স্কুল চালাতে অসুবিধা হচ্ছে। এ ব্যাপারে যাতে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয় তার আবেদন করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** স্যার, কুষ্ঠ রোগী সমাজে সবচেয়ে বেশি অবহেলিত এবং লাঞ্ছিত। বাঁকুড়ায় কুষ্ঠরোগীদের জন্য যে লেপ্রসি হাসপাতাল রয়েছে সেটা ভারতবর্ষের মধ্যে অন্যতম। সেখানে রিসার্চ সেন্টার রয়েছে উন্নত প্রথায় রিসার্চ করার জন্য। গৌরীপুরের হাসপাতালে রোগীদের কি অবস্থা একটু দেখুন। সেখানে রোগীরা থাকতে পারেনা, তাদের খাবার কমিয়ে দেওয়া হয়েছে, ভিটামিন-যুক্ত খাবার, যা তাদের দেওয়া প্রয়োজন তা তাদের দেওয়া হয়না। কম্বল, খাট ভেঙ্গে গেছে। চারদিকে আবর্জনা জমে রয়েছে। ভারতবর্ষের মধ্যে অন্যতম উল্লেখযোগ্য এই লেপ্রসি

হাসপাতাল, লেপ্রসি চিকিৎসার কেন্দ্রস্থল, তার এই দুরাবস্থার অবসান ঘটিয়ে সুন্দরভাবে চালানোর জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নরঘাট বিধানসভার অন্তর্গত দুটো ব্লক - নন্দুকমার এবং নন্দীগ্রাম- ৩ নম্বর ব্লক। আগে সবটাই অবিভক্ত নন্দীগ্রাম ছিল এবং নন্দীগ্রাম পি. এস. ছিল। এখন পি. এস. হয়েছে চন্ডীপুর এবং বর্তমানে ঐ নন্দীগ্রাম আদৌ নন্দীগ্রাম নেই। তাই আমার প্রস্তাব নন্দীগ্রাম তিন নম্বর ব্লকে পঞ্চায়েত সমিতির নাম পরিবর্তন করে চন্ডীপুর ব্লক ও চন্ডীপুর পঞ্চায়েত সমিতি - এই নামে করা হোক।

**শ্রী বিপ্লব রায়চৌধুরী :** স্যার, আজকে বিধানসভায় এক অভিনব দৃশ্য দেখা গেল - হীরো এবং ভিলেন পাশাপাশি অবস্থান করছেন। ভিলেনকে দেখলাম কয়েকদিন আগে সল্টলেক স্টেডিয়ামে ধরা পড়তে পড়তে কোনও রকমে পালিয়ে গেলেন। তিনি আজকে গালকাটা, নাককাটা, কানকাটাদের আশ্রয় দেবার ব্যবস্থা করছেন। আবার অন্যদিকে হীরো নকল অভিনয় করে ধরার চেষ্টা করছেন খবরে বেরিয়েছে। এবং নকল নাটকে দেখছি হীরো ভিলেনকে জব্দ করছেন।

আসলে কেউ কাউকে জব্দ করছেন না। একটা চোর-পুলিশ খেলা চলছে। এই খেলা চলতে থাকবে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে, বেদনার সঙ্গে বলছি যে, সারা পশ্চিমবঙ্গ সমাজ বিরোধীদের জঙ্গলে পরিণত হয়েছে। এই জঙ্গলের মধ্যে থেকে আমাদের বাঁচান, আমরা যাতে মাথা উঁচু করে বাঁচতে পারি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রীমতী সাধনা মল্লিক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুতমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মঙ্গলকোট বিধানসভা কেন্দ্রে বিদ্যুতের সমস্যা মেটাতে জাগেশ্বর ডিহি গ্রামে সাব-স্টেশন তৈরি হয়েছে, ৬ এম.ডি. ট্রান্সফর্মার সরকার অনুমোদন করেছেন কিন্তু বিগত তিন বছর আগে ৩ এম.ডি. ট্রান্সফর্মার বসানো হয়েছে। ফলে বিদ্যুতের প্রয়োজন মিটছে না। মানুষের মধ্যে ক্ষোভও বাড়ছে। তাই অবিলম্বে ৬ এম.ডি. ট্রান্সফর্মার বসানোর ব্যবস্থা করার জন্য মাননীয় বিদ্যুতমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা অনেকবার বলেছি, দাবি পেশ করেছি। কিন্তু দেখা যাচ্ছে যে, রাস্তাঘাটের অবস্থা বেহাল, কোনও কাজ হচ্ছে না। আজকে আমার এলাকা চটায় রাস্তা সারানোর দাবিতে আমাদের দলের কর্মীরা রাস্তা অবরোধ করে বসে আছেন। বৃষ্টি আসছে। যে রাস্তাঘাটগুলো আছে সেই রাস্তা দিয়ে চলাফেরা করা যাচ্ছে না। রাস্তা না সারালে চলাফেরা করা যাবে না। রাস্তা সারানোর দাবিতে আজকে আমাদের দলের কর্মীরা রাস্তা অবরোধ করেছেন, আমি আশা করব যে, মাননীয় পূর্তমন্ত্রী কাজ করার চেষ্টা করবেন, তিনি রাস্তাগুলো সারানোর ব্যবস্থা করবেন। আর তিনি যদি কাজ করতে না চান তাহলে রাস্তা অবরোধ করা ছাড়া আমাদের আর কোনও উপায় থাকবে না।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র আলিপুরদুয়ারে ভূমি সমস্যা অতি তীব্র। আজ ৫৪ বছর ধরে আলিপুরদুয়ারে যে শহর ও মিউনিসিপ্যাল এলাকা রয়েছে সেটা হচ্ছে লিজ ল্যান্ড, ওয়েস্টার্ণ ডুয়ার্স মার্কেট ফান্ড ল্যান্ডের জায়গা। এই ভূমির সমস্যা সমাধান না হওয়ার দরুন যারা অধিবাসী তারা ভূমিস্বত্ত পাচ্ছে না। সেজন্য সরকার কোটি কোটি টাকা রেভিনিউ হারাচ্ছে, অপরদিকে ঐ অধিবাসীরা ব্যাঙ্ক থেকে গৃহ ঋণ পাচ্ছেন না, স্বনিযুক্তি প্রকল্পের সুযোগ পাচ্ছেন না। অবিলম্বে এই ভূমি সমস্যা সমাধানের জন্য আমি মাননীয় ভূমি-রাজস্বমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি।

**শ্রী দীপককুমার ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগেও আমরা দেখেছি যে, কাঁথি এলাকায় আগে থেকে চিঠে দিয়ে ডাকাতরা এসে লুটপাট করে চলে যেত, পুলিশ কিছু করতে পারত না। এখন পদ্ধতি পাল্টেছে। আমার মহিষাদল এলাকায় মহিষাদল ছাড়াও নন্দীগ্রাম, চন্ডীপুর প্রভৃতি জায়গায় চাষের জন্য প্রয়োজনীয় পাওয়ার টিলার, ইলেট্রিক পাম্প, নানা যন্ত্রপাতি ইত্যাদি চুরি করে নিয়ে যায় এবং সেগুলো নিয়ে যাওয়ার সময় তারা একটা নোটিশ দিয়ে যাচ্ছে, তাতে লেখা থাকে, 'আমাদের সঙ্গে যোগাযোগ করে কিছু টাকা দিলে আমরা জিনিসগুলো ফেরত দিয়ে দেব'। পুলিশ কিছু করভে পারছে না। অবিলম্বে এব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবু হাসনাতঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার অন্তর্গত রামনগর-ফারাক্কা রাস্তার অধীন রঘুনাথ গঞ্জ থেকে আজিমগঞ্জ পর্যন্ত অংশটি পাকা করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। এর ফলে রঘুনাথগঞ্জ, দফরপুর, রানিনগর, লক্ষ্মীজোলা, মণিগ্রাম, বালিয়া, তবিলপুর,পাটকেলডাঙ্গা, গোবরধনডাঙ্গা, আজিমগঞ্জ অঞ্চলগুলির প্রায় ৬০ হাজার মানুষ উপকৃত হবেন এবং পাঁচটি রাস্তার লিঙ্ক রোড হবে। অবিলম্বে এইগুলো তৈরি করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শান্তিরাম মাহাতোঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া একটা পিছিয়ে পড়া জেলা। ওখানকার ছাত্রছাত্রীরা পিছিয়ে পড়া জেলার ছাত্রছাত্রী হওয়া সত্ত্বেও মাধ্যমিকে প্রচুর সংখ্যায় পাশ করেছে। কিন্তু উচ্চশিক্ষালাভ থেকে বঞ্চিত হচ্ছে। তাদের উচ্চমাধ্যমিক স্তরে ভর্তি হওয়ার ক্ষেত্রে একটা বিরাট সংকট দেখা দিয়েছে। কারণ পুরুলিয়া জেলার উচ্চমাধ্যমিক স্কুলের সংখ্যা কম। ওখানে তপসিলী জাতি, উপজাতি এবং ও. বি. সি. সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীরা উচ্চমাধ্যমিকে ভর্তি হতে পারছে না। বিরাট সংকট দেখা দিয়েছে। এই সংকট থেকে তাদের মুক্ত করার জন্য আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ধনঞ্জয় মোদকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দেবগ্রাম থেকে কাটোয়া যেতে হলে ভাগীরথী পার হতে হয়। কারণ বল্লভপাড়া - কাটোয়ার মধ্যে কোনও সেতু নেই। দৈনিক হাজার হাজার মানুষের যাতায়াত ফেরি সার্ভিস নির্ভর। কিন্তু তাও ভাল নয়। শীতকালে হাজার হাজার মানুষকে একমাইল বালির চরা ভেঙে ফেরি সার্ভিস ব্যবহার করতে হয়। রুগী, শিশু, মহিলা, ছাত্রছাত্রী, শিক্ষক প্রভৃতি সর্বস্তরের মানুষদের প্রচন্ড অসুবিধা ভোগ করতে হয়। এই অবস্থায় অবিলম্বে বল্লভপাড়া থেকে কাটোয়া পর্যন্ত ভাগীরথীর উপর একটা সেতু নির্মাণ করা প্রয়োজন। সেই সেতু যাতে নির্মাণ করা হয় তার জন্য আমি বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দেঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। নদীয়া জেলার শান্তিপুর ভাগীরথী নদীর

তীরে অবস্থিত। শান্তিপুরের অপর পারে বর্ধমান জেলার কালনা। ওখানে নদীয়া জেলা থেকে বর্ধমান জেলায় যাতায়াত করতে ভাগীরথী পার হতে হয়। সবচেয়ে বড় কথা বর্ধমানে যে চাল উৎপন্ন হয় তা ব্যাপক হারে ভাগীরথী পার হয়ে নদীয়ার শান্তিপুর হয়ে কলকাতায় আসে। অবিলম্বে ওখানে একটা সেতু নির্মাণ করা প্রয়োজন। জল-পথে যে যোগাযোগ ব্যবস্থা চালু আছে তাতে উভয় জেলার মানুষদের ভীষণভাবে দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। ওখানে একটা সেতু নির্মিত হলে বর্ধমানের সঙ্গে নদীয়ার সরাসরি যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে।

**শ্রী গোবিন্দ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকের খবরের কাগজে প্রকাশিত হয়েছে— 'ঢাকা দিল্লি সীমান্ত বৈঠকে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।' তাতে আমাদের জলপাইগুড়ি জেলার ৬-টি গ্রামকে সরকারি পরিভাষায় অ্যাডভার্স ল্যান্ড বলা হয়েছে। ভারতবর্ষের জমি ভারতবর্ষের সঙ্গেই আছে, এখন মানচিত্রে নেই বলে অ্যাডভার্স দেখানো হয়েছে। তার স্থায়ী ব্যবস্থা ঘোষনার ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি জানতে চাইছি। ঐ এলাকাগুলি অ্যাডভার্স ল্যান্ড হিসাবে অনুন্নয়নের অন্ধকারে আছে। অবিলম্বে ঐ এলাকাগুলিতে সেচ, বিদ্যুৎ, পানীয় জল ইত্যাদি পৌঁছে দেয়ার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন ১৯৯৮ সালে মাননীয় পৌরমন্ত্রী টালিনালা সংস্কারের জন্য একটা সভা করেছিলেন। সেচ দপ্তরের অধীন টালিনালা খালটি সংস্কারের জন্য ৩৬ কোটি টাকা স্যাংশন হয়েছিল। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার, উভয়েই টাকা দিয়েছে। স্যার, '৯৮ সালে যে কাজ মন্ত্রী গিয়ে উদ্বোধন করেছিলেন তার বিন্দুমাত্রও আজ পর্যন্ত শুরু হয়নি। এর মধ্যে পৌরসভা বিধায়কদের, ঐ অঞ্চলের মানুষদের এবং অপারেটিং এজেন্সিদের— সি. এম. ডি. এ.; সি. এম. ড্যব্লু. এস. এ.— ডেকে সভা করেছে। কিন্তু আজ পর্যন্ত এক কোদাল মাটিও কাটা হল না। আমার এলাকা কালিঘাট সহ সম্পূর্ণ জলের তলায় চলে যায়। বুক সমান জল। বিস্তীর্ণ এলাকার মানুষ এক বুক জলের তলায় চলে যায়। ২ বছর হল উদ্বোধন হয়েছে। মাননীয় মন্ত্রী শ্রী অশোক ভট্টাচার্য্য মহাশয় গিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত কাজ শুরু হল না। আবার কোটাল আসছে আবার ডুববে। তাই অবিলম্বে কাজ শুরু করার জন্য দাবি জানাচ্ছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ভরতপুর ১ নম্বর ব্লক এবং ভরতপুর ২ নম্বর ব্লক সালারে ২টি ব্লক হাসপাতাল আছে। এই ব্লক হাসপাতালে কুকুরে কামড়ানোর ইনেজেকশন পাওয়া যায় না। বার-বার আবেদন করেও ফল হচ্ছে না। জেলা কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করলে তারা বলেন, ঠিকমতো সাপ্লাই পাচ্ছি না। যারফলে ব্লক হাসপাতালে কুকুরে কামড়ানোর ইনজেকশন সাপ্লাই দিতে পারছে না। সাধারণত রোগিদের কুকুরে কামড়ালে তারা দিনের পর দিন ওষুধ না পেয়ে ঘুরে যাচ্ছে এবং ক্ষুব্ধ হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, কুকুরে কামড়ানোর ইনজেকশন জেলা কর্তৃপক্ষকে দেওয়া হোক এবং ব্লক হাসপাতালে সাপ্লাই করা হোক।

**শ্রী শীতল সরদার ঃ** (অনুপস্থিত)

**শ্রী শিবদাস মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রী তথা তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের মধ্যে নদীয়া জেলায় সবচেয়ে পুরানো কৃষ্ণনগর সদর শহর। ১৯৬২ সালে এখানে রবীন্দ্র ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন শঙ্কর দাস ব্যানার্জি যিনি ততকালিন এই রাজ্যের অর্থমন্ত্রী ছিলেন। মাস দুয়েক হল, সেই রবীন্দ্র ভবনের ছাদ ভেঙে পড়ে। অথচ তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে প্রায় ১ লক্ষাধিক টাকা সংস্কারের জন্য দেওয়া হয়েছিল। কিন্তু সেই অর্থ কিভাবে ব্যয়িত হয়েছে জেলা পরিষদের মাধ্যমে তা আমি জানি না, কিন্তু দেখছি সেই রবীন্দ্র ভবনের সংস্কার হয়নি। তাই আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অনতিবিলম্বে ঐ রবীন্দ্র ভবনের সংস্কার করা উচিত।

**শ্রী জানে আলম মিঞা ঃ** (অনুপস্থিত)

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলায় ২টি বড় হাসপাতাল আছে। একটি হাওড়া সদরে আর একটি উলবেড়িয়া মহকুমায়। হাওড়ার সি.এম.ও.এইচ কোনও সরকারি মিটিং-এ যান না, তাকে পাওয়াও যায় না। উলুবেড়িয়া সাব-ডিভিশনাল

হাসপাতালে একজন এস.ডি.এম.ও.এইচ অ্যাকটিং হিসাবে আছেন। ঐ হাসপাতালে দীর্ঘ ২০।২৫ বছর ধরে যে সমস্ত স্টাফ এবং নার্সরা রয়েছেন তারা বাস্তু ঘুঘুর বাসা তৈরি করেছে। তারা রোগিদের দেখাশুনা করেনা। আমি গতকাল মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে একটি দরখাস্ত দিয়েছি। উলুবেড়িয়া কলেজের প্রাক্তন অধ্যক্ষ ও সহ-সভাপতি, মাজেদ মোল্লার ছেলের ইলেকট্রিক শক লাগে। সেই ছেলেটি মারা যেত। তাকে উলুবেড়িয়া হাসপাতালে নার্সদের স্যালাইন দিতে বলায় তারা বলেছে আমরা স্যালাইন দিতে পারব না। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, ঐ উলুবেড়িয়া হাসপাতালের নার্স এবং স্টাফদের এখনই ট্রান্সফারের ব্যবস্থা করা হোক। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি দরখাস্ত দিয়েছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে মূল ৪টি রাস্তা আছে। এস.এন.গাঙ্গুলি রোড, মহেন্দ্র ভট্টাচার্য্য রোড, রাম চরণ শেঠ রোড এবং শরৎ চ্যাটার্জি রোড। এই ৪টি রাস্তা যানবাহন এবং মানুষের চলাচলের অযোগ্য হয়ে গেছে। ঐ রাস্তাগুলি এতোই ভাঙ্গাচোরা যে প্রতিদিনই সেখানে অ্যাক্সিডেন্ট হচ্ছে। কোলকাতার পাশেই হাওড়া কর্পোরেশন। এই হাওড়া কর্পোরেশনের অধীনে এই রাস্তাগুলি কিন্তু হাওড়া কর্পোরেশন সারানোর ব্যাপারে কোনও উদ্যোগ নিচ্ছেন না। অন্যদিকে কোনা বাইপাশের সঙ্গে এই রাস্তাগুলির সংযোগ থাকার ফলে এই রাস্তাগুলিতে যানবাহন ব্যাপকভাবে বেড়ে গিয়েছে। অবিলম্বে এই রাস্তাগুলির মেরামত যদি না হয় তাহলে তা যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়বে। অবিলম্বে এই রাস্তাগুলি সারানোর জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী প্রফুল্লকুমার ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। করিমপুর এক নং গ্রাম পঞ্চায়েত, দু নং গ্রাম পঞ্চায়েত, জামশেদপুর গ্রাম পঞ্চায়েতের কয়েকটি গ্রাম নিয়ে একটি নোটিফায়েড এরিয়া গঠন করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এটি সীমান্ত এলাকা, কাজেই আমি মনেকরি এখানে নোটিফায়েড এরিয়া গঠন করা দরকার।

**শ্রী অর্ধেন্দু মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার ভগবানপুর বিধানসভা কেন্দ্রের মধ্যে ভগবানপুর প্রপারে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থাকলেও দূরত্বের কারণে ভগবানপুরের উত্তরাঞ্চলের মানুষরা ঐ স্বাস্থ্য কেন্দ্র থেকে স্বাস্থ্য পরিষেবা পাওয়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। সেই কারণে গুরগ্রাম এবং মহম্মদপুরে দুটি সাবসিডিয়ারি হেলথ সেন্টার করার পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে একটি জায়গায় বিল্ডিং করা হয়েছে এবং আর একটি জায়গায় জায়গা ঠিক করে রাখা হয়েছে এবং সেই অবস্থায় থেকে গিয়েছে, তার আর কোনও অগ্রগতি হয়নি। ভগবানপুরের উত্তরাঞ্চলের মানুষদের স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য অবিলম্বে এই গুরগ্রাম এবং মহম্মদপুরের সাবসিডিয়ারি হেলথ সেন্টার চালু করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বর্ধমান জেলার রায়না, খন্ডঘোষ এলাকায় প্রায় ৬ লক্ষ মানুষের বাস। ঐ এলাকায় কোনও রুর‍্যাল হসপিটাল নেই। গরিব মানুষদের স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য ঐ এলাকায় একটি রুরাল হসপিটাল করার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মন্টুরাম পাখিরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের মধ্যে তিনটি প্রধান সড়ক রয়েছে—কাকদ্বীপ-গঙ্গাধরপুর, কাকদ্বীপ-নামখানা, কাকদ্বীপ-ডায়মন্ডহারবার। কাকদ্বীপ-গঙ্গাধরপুর রাস্তাটির হাল বর্তমানে একেবারে বেহাল, যানবাহন চলাচলের অযোগ্য। এই রাস্তাটি দিয়ে রাষ্ট্রীয় পরিবহন, ভূতল পরিবহন নিগম, ৯৪(এ), এস.ডি.(১০) রুটের বাসগুলি চলাচল করে। পূর্ত দপ্তরকে বারংবার বলা সত্ত্বেও রাস্তাটি মেরামত করা হচ্ছে না। এরফলে পাথরপ্রতিমার লোকরা আসা যাওয়া করতে পারছে না। বিশেষ করে এই কাকদ্বীপ-গঙ্গাধরপুর রাস্তাটির অবিলম্বে মেরামত করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী রামচরণ বাউরি ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী তমোনাশ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

করছি। আমার ফলতা বিধানসভা কেন্দ্রের লোকসংখ্যা ২ লক্ষের বেশি। এর আয়তন ১৩৪.৬ বর্গ কিলোমিটার। সেখানে বর্তমানে থানাটি যেখানে অবস্থিত তা একদম গঙ্গার ধারে। ওখান থেকে বঙ্গনগরের শেষ প্রান্তের দূরত্ব প্রায় ৩০ কিলোমিটার। সেখানকার মানুষদের থানায় কোনও অভিযোগ জানানোর জন্য আসতে গেলে ৩০ কিলোমিটার পথ গাড়ি ভাড়া করে আসতে হয়। এক্ষেত্রে আমার প্রস্তাব এবং সেখানকার মানুষদেরও দীর্ঘদিনের দাবি যে সেখানে থানাটি চেঞ্জ করে ফতেপুরে করা হোক অথবা ফতেপুরে একটি পুলিশ ফাঁড়ি করা হোক। এলাকার মানুষদের স্বার্থে এই কাজটি করার জন্য আমি দাবি জানাচ্ছি।

[12-40 — 12-50 p.m.]

**ডঃ অসীম বালা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আড়ংঘাটা ব্লক হাসপাতাল একটি গুরুত্বপূর্ণ হাসপাতাল। সেখানে দিনের পর দিন রোগির সংখ্যা বেড়ে যাচ্ছে। হাসপাতালটিতে আগে একজন করে আয়ুর্বেদিক এবং হোমিওপ্যাথি ডাক্তার ছিলেন, কিন্তু তাঁরা আসছেন না। বর্তমানে ঐ হাসপাতালে ... জন ডাক্তার আছেন, কিন্তু তারা শিফট ভাগ করে আসছেন। সেখানে রোগি বেড়ে যাওয়ার ফলে হাসপাতালটি অচলাবস্থার দিকে যাচ্ছে। বর্তমানে সেখানে শয্যা সংখ্যা ৮। যাতে ডাক্তাররা সেখানে নিয়মিতভাবে আসেন সেটা দেখবার জন্য বলছি এবং শয্যা সংখ্যা ৮ থেকে বাড়িয়ে ৫০ করবার জন্য দাবি জানাচ্ছি। সঙ্গে সঙ্গে সেখানে একজন গায়নোকলজিস্ট এবং একজন সার্জেন ডাক্তার এলে ভাল হয়, কারণ ঐ হাসপাতালটি মহকুমা হাসপাতাল থেকে অনেক দূরে অবস্থিত।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭২ থেকে ১৯৭৭ সালের পর চাঁচোল এক এবং দুই নম্বর ব্লকে কোনও পি.ডব্লু.ডি. রাস্তা হয়নি। দীর্ঘদিন ধরে আমরা চাঁচোল-জগন্নাথপুর এবং চাঁচোল-কোড়িয়ালী, এই দুটি রাস্তার দাবি করে আসছি। যার কারণে এবারকার নির্বাচনে সেখানে ভোট বয়কট করা হয়েছিল। তারজন্য অবিলম্বে ঐ রাস্তা দুটি যাতে পি.ডব্লু.ডি.-র মাধ্যমে করা হয় তারজন্য আমি মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**ডাঃ কামরে ইলাহি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের মাধ্যমে আমি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, এই রাজ্যে প্রায় ৪২

হাজারের উপর কমিউনিটি হেলথ গাইড আছেন এবং তারা স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত থাকেন। কিন্তু দুঃখের কথা, তারা মাসে মাত্র ৫০ টাকা ভাতা পেতেন এবং পরে সেটা ২০০ টাকা করা হয়েছে। এটা যাতে কমপক্ষে ১০০০ টাকা করা হয় তারজন্য আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত ভয়ঙ্কর ঘটনা, যুব-ভারতীর ঘটনার কথা আমরা জানি। এবারে কিশোরভারতীতে আপনাকে নিয়ে যাচ্ছি। যুবভারতীতে যেমন যুবা নেই, তেমনি কিশোরভারতীতে কিশোর নেই। দুটিতেই সমাজ বিরোধীদের আড্ডা হয়েছে। একটি যুব মুখ্যমন্ত্রীর কেন্দ্রের অন্তর্ভুক্ত এবং অপরটি এখানকার এক মাননীয় সদস্যের কেন্দ্রের অন্তর্ভুক্ত। সেখানে সমস্তরকম অসামাজিক কার্যকলাপ চলছে। আপনি নির্দেশ দিন, যেভাবে ওখানে পুলিশ পাঠিয়েছিলেন সেখানে অন্যরকম ব্যবস্থা হবে কিনা। অত্যন্ত ভয়ঙ্কর, মুখ্যমন্ত্রী হাউসে যে বিবৃতি দিয়েছেন সেটা প্রপার্টি অব দি হাউস হয়ে গেছে। তারজন্য ৩১৯ ধারায় ডিসকাশন চাইছি। শুধু ক্রীড়ামন্ত্রীর কানে কানে বললে হবে না। এটা প্রপার্টি অফ দি হাউস, তারজন্য ডিসকাশন চাইছি এবং ক্রীড়ামন্ত্রীকে এই সভাতে বিবৃতি দেবার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী রতন পাখিরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, আমাদের রাজ্যে হাজার হাজার স্বর্ণশিল্পী সোনার কাজ করে জীবিকা নির্বাহ করেন। কিন্তু বর্তমানে মুম্বাই পুলিশ সেখানকার বাঙ্গালি স্বর্ণশিল্পীদের উপর নানারকম হামলা চালাচ্ছে। এমন কি, তাদের যন্ত্রপাতি পর্যন্ত কেড়ে নিচ্ছে তারা। তারজন্য ভয়ে অনেক শিল্পী আমাদের এলাকায় ফিরে এসেছেন। স্বাভাবিকভাবেই আজকে হাজার হাজার স্বর্ণশিল্পী কর্মহীন হয়ে পড়েছেন। তারা যাতে মুম্বাইয়ে কাজ করতে পারেন সেটা দেখবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গাইঘাটা বিধানসভা কেন্দ্রের জলেশ্বর ১ নম্বর পঞ্চায়েত সমিতির অধীনে চন্ডীচরণ প্রাইমারি স্কুল সরকারের অনুদানে চলে। গত ২৬শে জুন থেকে এই স্কুলটি বন্ধ হয়ে গিয়েছে। অত্যন্ত দুঃখের বিষয় হল ওই স্কুলে একজন মাত্র শিক্ষিকা যিনি ওই স্কুল চালান যার নাম হচ্ছে লক্ষ্মীরানি বিশ্বাস। তাঁর শ্বাশুড়ি মারা গিয়েছে, তাই তিনি ১০ দিন স্কুলে

আসেন নি, ফলে সেই স্কুল বন্ধ হয়ে যায়। এই ব্যাপারটা ওই সারকেলের এস.আই এবং ডি.আই জানেন যে এই স্কুল বন্ধ হয়ে আছে ১০ দিন ধরে। এই স্কুল বন্ধ হয়ে যাওয়ার ফলে ২০৭ জন ছেলের জীবন বিপন্ন হয়ে গিয়েছে। এখানে যাঁরা বামফ্রন্টের সদস্য আছেন তাঁরা মাঝে মাঝে বলেন যে প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে পশ্চিমবাংলা সব থেকে এগিয়ে। গাইঘাটার চন্ডীচরণ প্রাইমারি স্কুল দেখলে বোঝা যায় পশ্চিমবাংলার প্রাইমারি বিদ্যালয়গুলির কি অবস্থা। তাই আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন এই ব্যাপারে ব্যবস্থা নেন।

**শ্রী সুব্রত বক্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বিধানসভা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেখানে ২৩৩ গ্রাম সম্বলিত ১৪টি অঞ্চল পড়ে। আমার এই বিধানসভা কেন্দ্রের মধ্যে ৮০টি গ্রামে পানীয় জলের ব্যবস্থা নেই। অত্যন্ত দুঃখের বিষয় সেখানে যে ১৫০টি কল আছে তারমধ্যে ৪০-৪৫টি কল খারাপ হয়ে পড়ে আছে। আমার মনে হয় না যে এই কল আবার চালু হবে। সাতগাছিয়ায় একটা আর্সেনিক নিরোধক জল প্রকল্প আছে। বিষ্ণুপুর পশ্চিমে নিবারন দত্ত রোড হয়ে বারুইপুর রোডের দিকে চলে গিয়েছে। এখানে একটা অব্যবস্থার সৃষ্টি হয়েছে, এতে পানীয় জলের সমস্যার সমাধান হবে না। এখানে যে কাজকর্ম হচ্ছে তার সঙ্গে পঞ্চায়েত সমিতির যোগাযোগ নেই। বিষ্ণুপুর রাস্তায় খোঁড়াখুঁড়ি হচ্ছে। যারফলে একদিকে নিকাশি ব্যবস্থার বেহাল অবস্থা এবং এই বর্ষাকালে রাস্তার অবস্থাও বেহাল। আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পঞ্চায়েত সমিতির সঙ্গে যোগাযোগ রেখে কাজ করে এই অব্যবস্থার সুরাহা করা হয়।

## ZERO HOUR

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বনসৃজনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় একটা গুরুত্বপূর্ণ ঘটনার উদ্ভব হয়েছে। আমার আড়াইডাঙ্গা বিধানসভা কেন্দ্রের ব্রাহ্মণ গ্রামে কয়েকশো বাঁদরের উপদ্রপ চলছে। আমি ১৯৯১ সালে এই ব্যাপারে মেনশন করেছিলাম, আমি আবার মেনশন করছি। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। ওই এলাকার ৬ জন মানুষকে বাঁদর কাঁমড়েছে, ২ জন হাসপাতালে ভর্তি আছে। এখানে বনসৃজনমন্ত্রী আছেন, তিনি যদি এই ব্যাপারে কিছু বলেন ভাল হয়।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার বর্তমানে আমাদের যে কেন্দ্রীয় সরকার আছে সেই কেন্দ্রীয় সরকার সমস্ত ক্ষেত্রে বেসরকারিকরণকে বেশি পছন্দ করছেন। এমন কি আমাদের যাঁরা বিরোধী আছেন, কংগ্রেস, বি.জে.পি এবং তৃণমূল, তাঁরাও ভাবছেন বেসরকারিকরণ করলেই স্বর্গ রাজ্য হয়ে যাবে। এইরকম একটা ধারণা তাঁরা করছেন। বেসরকারিকরণের আজকে কি অবস্থা দেখুন। আজকে বেসরকারি নার্সিং হোম ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠছে। সরকারি নিয়ন্ত্রণ তাঁরা মানছেন কিনা সেই বিষয়ে সরকারের কোনও নজর নেই। ঝাড়গ্রামে একটা প্রাইভেট নার্সিং হোমে এক মহিলার অপারেশন হয়েছিল। সেই অপারেশনে ডাক্তার তার পেটের ভেতর একটা রুমাল রেখে সেলাই করে দেয়। কিছুদিন পরে তার পেটে যন্ত্রণা হতে শুরু করে। পরবর্তীকালে পি.জি.-তে ডাঃ এম.এল. সাহা নূতন করে অপারেশন করেন এবং তার পেট থেকে রুমাল বের করেন। এই অবস্থায় তার পেটের মধ্যে ঘা হয়ে গিয়েছে। আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি এই নার্সিং হোম কর্তৃপক্ষের বিরুদ্ধে ডাক্তারের বিরুদ্ধে এবং নার্সের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** স্যার, ঝাড়গ্রামে যে 'ইউনিভার্সাল পেপার মিল' আছে, সেই মিলের শ্রমিকরা গত ছ'মাস ধরে তাদের মাইনে পাচ্ছে না। মিল কর্তৃপক্ষ শ্রমিকদের পি.এফের ১ কোটি টাকা জমা দেয় নি। ওখানে শ্রমিকরা সপ্তাহে দু'দিন করে কাজ করছে। ফলে শ্রমিকরা এক চরম সঙ্কটের মধ্যে পড়েছে। সেখানকার এ.আই.টি.ইউ.সি. বার বার করে শ্রমমন্ত্রীর কাছে আবেদন করেছেন। কিন্তু শ্রমমন্ত্রী এই ব্যাপারে কোনও গুরুত্ব দেন নি। আমি তাঁর কাছে আবেদন জানাচ্ছি, তিনি অবিলম্বে হস্তক্ষেপ করুন এবং উক্ত ইউনিভার্সাল পেপার মিলটি অবিলম্বে চালু করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করুন। শ্রমিকরা যাতে তাদের মাইনে পান, তারজন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করুন।

[12-50 — 2-00 p.m.(Including adjournment)]

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাগদা থেকে বিধাননগর, বীজপুর থেকে সন্দেশখালি, সর্বত্র সমাজবিরোধীদের দৌরাত্ম্যে ভরে গেছে। গত পরশুদিন মদন অধিকারী নামে একজন

সমাজবিরোধী সে বারাসাতে পুলিশের চোখে লঙ্কার গুঁড়ো দিয়ে পালিয়ে গেল। পুলিশ তাকে ধরতে পারলো না। গাইঘাটায় প্রভাস ঢালি, কাউনকিয়ার, বিধান সরকার সর্বত্র সমাজবিরোধীতে ভরে গেছে। সল্টলেকের বিধাননগর স্টেডিয়ামে পুলিশ বাপ্টি, জয়ন্তকে ধরেছে। তাপস ঘোষ দস্তিদার, ফ্রেন্ডস অব সোসাইটির সম্পাদক, তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। তাপসবাবুকে যদি ধরা হয় তাহলে ক্রীড়ামন্ত্রীর স্ত্রী, যিনি সহ-সম্পাদক, রমলা চক্রবর্তীকে কেন গ্রেপ্তার করা হবে না? বিধাননগরে সমাজবিরোধীদের যে দৌরাত্ম্য চলছে - লুইস, গৌর, হাঁসা, পলাশ এবং গব্বরের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, যুবভারতী ক্রীড়াঙ্গনে সিআইডি এনকোয়ারির নাম করে সরকার প্রকৃত ঘটনাকে চাপা দিতে চাইছেন। সিআইডি এনকোয়ারির ফল কি হয় তা আমরা জানি। ছোট আঙারিয়ায় ১৭ জন খুন হয়েছিল। সিআইডি তদন্ত করে বলেছে যে, ওখানে খুনই হয়নি। সবাই বারুদ বিস্ফোরণে মারা গেছে। সমগ্র বিষয়টিকে ধামাচাপা দেবার চেষ্টা করেছেন। আমরা খোলাখুলি ভাবেই বলছি, যুবভারতীর ব্যাপারে সিবিআইকে দিয়ে এনকোয়ারির ব্যবস্থা করুন। আর তদন্ত চলাকালীন যেন মুখ্যমন্ত্রী ক্রীড়ামন্ত্রীকে বরখাস্ত করেন। এই সরকার দুর্নীতিতে ভরে গেছে - সমাজবিরোধীতে ভরে গেছে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা ভয়ঙ্কর ব্যাপার ঘটছে বিভিন্ন কারণে মানুষ জমি বিক্রি করে। জমি বিক্রি করতে গেলে তাদের রেজিস্ট্রারের কাছে আসতে হয়। সেখানে ভ্যালুয়েশন যেটা দিতে হয়, সেটা ভয়ঙ্কর আকারে দিতে হয়। তার কোনও মা-বাপ নেই। জমি রেজিস্ট্রি হলে তার কপির প্রয়োজন হয়। জমির ভ্যালুয়েশন বৃদ্ধির ফলে কপি রাইটাররা যা খুশি দাবি করছে। ১৮টি জেলার মধ্যে ৮টি জেলাতে এই ব্যবস্থা আছে। আবার ১০টি জেলাতে এক নিয়ম, ৮টি জেলাতে আর এক নিয়ম। এখন জমি রেজিস্ট্রেশন একটা ভয়ঙ্কর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এই অত্যাচার যা চলছে, এটা অবিলম্বে বন্ধ করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাগদা বিধানসভার বেশিরভাগটা বাংলাদেশ দিয়ে ঘেরা। ওখানে তৃণমূল আশ্রীত সমাজবিরোধিরা সর্বত্র ঘুরে বেড়াচ্ছে। মানুষ ওখানে যে কোনও সময়ে মারা যাচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী অবিলম্বে ঐ সমস্ত সমাজবিরোধিদের অ্যারেস্ট করার ব্যবস্থা করলে বাধিত হব। ধন্যবাদ।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, এরা সিপিআইকে দিয়ে তদন্তের কথা বলছে। আণ্ডারিয়াতে সিবিআইকে দিয়ে তদন্ত করানোর কি ফল হয়েছে - কিছুই তো হয়নি। এখন কথা হচ্ছে, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী থানা বাড়াবার কথায় বলেছেন, আর্থিক সংস্থান না হলে থানা বাড়াতে পারছেন না। এদের দৌরাত্ম্য যেভাবে বেড়েছে, অসভ্যের মতো যেভাবে এরা আইনশৃঙ্খলা ভাঙছে, তাতে এদের জন্য আলাদা করে থানা করার কথা বলছি। তৃণমূল বিধায়কদের শায়েস্তা করার জন্য আমি আলাদা করে থানা করার কথা বলছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের সেচমন্ত্রীর এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর বন্যার পরে একটা সার্কুলার দেওয়া হয়েছিল যে, ইমারজেন্সি কাজের জন্যও প্রয়োজনীয় অনুমোদন লাগবে। তাতে বন্যা হোক আগুন লাগলেও তা নেভাতে প্রয়োজনীয় অনুমোদন রাইটার্স বিল্ডিংস এবং জল সম্পদ ভবনের থেকে নিতে হবে। বন্যা হলে পরে বাঁধ ভেঙ্গে গেলে সেই বাঁধ নির্মাণের স্বার্থেও সেচ দপ্তরের ইঞ্জিনিয়ারকে কাজ করানো যাবে না, রাইটার্স বিল্ডিংস এবং জল সম্পদ ভবনের অনুমোদন নিতে হবে। সেই কারণে আমি আবেদন জানাচ্ছি যে, জরুরী কাজের জন্য যে অনুমোদন রাইটার্স বিল্ডিংস বা জল সম্পদ ভবন থেকে নেওয়ার সেটা প্রত্যাহার করা হোক এবং জরুরী কাজ জরুরীভাবে করা হবে এই নির্দেশ প্রদান করা যদি না হয় তাহলে বন্যার্ত মানুষেরা দুর্গতির মধ্যে পড়বে।

**শ্রী মানস মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত ও ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার মাঠে ফুটবল খেলা শুরু হয়েছে। আর কলকাতার মাঠে ফুটবল খেলার সবচেয়ে প্রিয় হল ইষ্টবেঙ্গল, মোহনবাগান এবং মহামেডান ক্লাবের খেলা। এই তিনটি ক্লাবের গ্যালারি সংস্কার না হওয়ার ফলে ওই মাঠে খেলা আরম্ভ করা যাচ্ছে না। আমি পূর্তমন্ত্রী এবং ক্রীড়ামন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই পশ্চিমবঙ্গের ফুটবল প্রেমিদের স্বার্থে অবিলম্বে ওই গ্যালারিগুলো সংস্কার করে খেলা চালু করার ব্যবস্থা করা হোক।

**শ্রী মেহেবুব মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোটা ভারতবর্ষে যে জনসংখ্যা, তারমধ্যে ৫, ৬ কোটি জনসংখ্যা ডায়বেটিক পেশেন্ট গ্রামে বাড়ছে। এদিকে তৃণমূল কংগ্রেস এবং বিজেপির যে বিশৃঙ্খলা তা প্রোটেকশন দিতে গিয়ে মানুষ উত্তেজিত হয়ে

পড়ছে। এরফলে ডায়বেটিস রোগ বাড়ছে। ওদের জন্য টেনশনই ডায়বেটিসের মূল কারণ বলে মনেকরি। তারপরে ইনসুলিন যেটা গরিব মানুষদের দরকার তা সরকারি হাসপাতালে নেই। হিউম্যান ইনসুলিন যার দাম বাজারে ২০৯, ২১০ টাকা সেটা যাতে সরকারি হাসপাতালে ৭০, ৮০ টাকায় পাওয়া যায় তার ব্যবস্থা করুন। তাহলে গরিব মানুষেরা অল্প দামে সরকারি হাসপাতাল থেকে ইনসুলিন কিনতে পারবে। এই ব্যাপারে এম এল এদের সার্টিফিকেট দিলেও যদি কাজ হয় তারজন্য সুপারিশ করছি। যাতে করে ওই দুরারোগ্য রোগ কমে এবং মানুষ টেনশন থেকে বাঁচতে পারে এই ইনসুলিন ইনজেকশন নিয়ে এই আবেদন আমি করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি, আবার আমরা মিলিত হব ২টোর সময়ে।

(At this stage the House was adjourned till 2 p.m.)

(After recess)

[2-00 — 2-10 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 52

**Mr. Deputy Speaker :** There are ten Cut Motions. All the cut Motions are in order and taken as moved.

**Shri Kashi Nath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs.1.

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee<br>Shri Saugata Roy<br>Shri Ashok Kumar Deb<br>Shri Ajoy Dey<br>Shri Abdul Mannan<br>Shri Mosteque Alam<br>Shri Mahabubul Heque<br>Shri Sital Kumar Sardar | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100. |

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় বনমন্ত্রী ৫২ নম্বর অভিযাজনে যে ব্যয় বরাদ্দর প্রস্তাব পেশ করেছেন সেই প্রসঙ্গে বলি, প্রথম হচ্ছে সময় খুব অল্প, দ্বিতীয় নম্বর ২০০০-০১ সালে যেটা করেছিলেন

তার সঙ্গে এবারের অর্থ বরাদ্দ খুব বেশি নয়। যেটা আপনি আগে ধরেছিলেন ১৬৬ কোটি ৭৪ লক্ষ ৭৩ হাজার, সেটা এখন দাঁড়িয়েছে ১৭৯ কোটি ৫৬ লক্ষ ৬৫ হাজার। আপনার এই ব্যয়বরাদ্দ সম্পর্কে বলি, এই দপ্তর খুব গুরুত্বপূর্ণ দপ্তর। বনে কি নেই? আজকে মানুষ কি চায় - বনাঞ্চল চায়, সমুদ্রাঞ্চল চায়। সেখানে আপনারা বনাঞ্চলকে হেয় করছেন। সরকার নিজেরাই করছেন। এতবড় জিনিস আলোচনার জন্য এখানে ঘন্টা সময় দিয়েছেন। এই জিনিসটা আমরা যদি প্রকৃতভাবে দেখি বিভিন্নভাবে কতটা উপযোগি কতটা এর প্রয়োজনীয়তা আছে, এখানে বিভিন্নভাবে সেই ব্যবস্থাগুলি আপনাদের করার দরকার ছিল সেইগুলি করেননি। মূলতঃ আপনাদের প্রতিবেদনে বলে দিয়েছে - গত আর্থিক বছরের তুলনায় প্রায় সাত কোটির উপর টাকা বর্তমান বাজেট বরাদ্দে বৃদ্ধি ঘটানো হয়েছে। কমিটি আশা করে এই বর্দ্ধিত বরাদ্দ সহ বাজেট বরাদ্দের সমস্ত টাকাই দপ্তর সময়মতো অর্থ দপ্তর থেকে পাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে তা সদ্ব্যবহার করবে। এই ব্যাপারে দপ্তর অর্থ দপ্তরের সঙ্গে ধারাবাহিক যোগাযোগ রক্ষা করে সময়মত অর্থ পাওয়ার বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করে কার্যকর পদ্ধতি অবলম্বন করবেন কমিটি এই সুপারিশ করেছে। এছাড়া কমিটি আরও সুপারিশ করেছে বন দপ্তর যে সমস্ত বন সুরক্ষা কমিটি গঠন করেছে তাদের কাজ সম্পর্কে নিয়মিত পর্যালোচনা করা প্রয়োজন বলে কমিটি মনে করে। পর্যালোচনা করার একটি পদ্ধতি তৈরি করার জন্য দপ্তরকে উদ্যোগ নিতে কমিটি সুপারিশ করছে। এই পর্যালোচনা আপনাদের নেই। হ্যাঁ এটা করেছেন ভাল জিনিস করেছেন। এখানে বন যেভাবে বাড়ার কথা, যেভাবে বাড়া দরকার, সেটা সেইভাবে হয়নি। আপনাদের আর্থিক সমীক্ষাতেই বলেছেন, পশ্চিমবঙ্গের মোট ভৌগলিক এলাকা ১৩.৩৮ শতাংশ অর্থাৎ ১১.৯০ লক্ষ হেক্টর জমিতে রেকর্ডভুক্ত বন আছে। এই মোট এলাকার মধ্যে ৫৯.৩৮ শতাংশ সংরক্ষিত বন। আজকে সেই বন বলতে দেখা যাচ্ছে ইউক্যালিপটাস গাছ লাগানো হয়েছে, আকাশমনি গাছ লাগানো হয়েছে। বন যেভাবে বাড়া দরকার সেইভাবে বাড়ছে না। এখানে ৩১.৭৫ শতাংশ হচ্ছে সংরক্ষিত অঞ্চল এবং বাকি ৮.৮৭ শতাংশ বনাঞ্চলকে শ্রেণীভুক্ত করা হয়নি। এটা এখনও কার্যকর হয়নি। এখানে একটা জিনিস বলবার চেষ্টা করেছেন, ভারত সরকারের সংস্থা ইসরো যেটা খড়গপুর অঞ্চলের রিমোট সেনসিং কেন্দ্র এবং রাজ্য সরকারের বন দপ্তর থেকে যেটা করেছিলেন সেখানে বলেছিলেন যৌথ প্রয়াসে উপগ্রহ থেকে তোলা ছবি থেকে দেখা যাচ্ছে যে রাজ্যে বন এলাকার আয়তন বৃদ্ধি পাচ্ছে, '৯১, '৯৪, '৯৭,

সালে এই বন এলাকার পরিমাণ হয়েছে মোট ভৌগলিক এলাকার যথাক্রমে ১৪.৩২, ১৪.৯৭, ১৫.০৬, আর ১৫.১৫ শতাংশ। পশ্চিমবঙ্গে মোট ভৌগলিক এলাকার ১৩.৩৮ শতাংশ অর্থাৎ ১১.৯০ লক্ষ হেক্টর জমিতে রেকর্ডভুক্ত বন আছে। এই মোট এলাকার মধ্যে ৫৯.৩৮ শতাংশ সংরক্ষিত বন, ৩১.৭৫ শতাংশ সুরক্ষিত অঞ্চল এবং বাকি ৮.৮৭ শতাংশ বনাঞ্চলকে শ্রেণীভুক্ত করা হয়নি। এই রাজ্যে জনবসতির ঘনত্ব দেশের মধ্যে সবচেয়ে বেশি হওয়া সত্ত্বেও এখানে বন এলাকা ১৩.৩৮ শতাংশ, আপনি বলছেন ১৫.১৬ শতাংশ বৃদ্ধি করা সম্ভব হয়েছে। এটা কিন্তু এখনও পর্যন্ত হয়নি। বনসৃজনের নামে বন এলাকার সুরক্ষা এবং নতুন গাছ লাগানোর ব্যবস্থা এবং পঞ্চায়েতের মাধ্যমে নতুন গাছ লাগানো হচ্ছে। এই ২৪ বছরে যদি আপনারা গাছ লাগাতেন তাহলে কত গাছ হত, কত সম্পদ বৃদ্ধি হত? আয় কত বাড়ত? ভালো ভালো গাছ প্রমাণ সাইজের যদি হত তাহলে অনেক টাকা আসত। শাল, সেগুন, মেহগিনি, নামিদামি গাছগুলো আজকে ছেদন করা হচ্ছে, আর সেই জায়গায় লাগানো হচ্ছে ইউক্যালিপটাস, আকাশমনির মতো গাছ। এই গাছগুলো লাগানো হচ্ছে আবার পাঁচ বছর পর কেটে ফেলা হচ্ছে। তাও আবার কমার্সিয়াল বেসিসে নয়। পাঁচ বছর পর গাছগুলো বড় হবে, তারপরে কেটে ফেলা হবে, এটা কিন্তু বন নয়। আপনারা কৃত্রিম বন তৈরি করছেন। বনরক্ষা সমিতির মাধ্যমে বন এলাকার সুরক্ষা এবং নতুন গাছ লাগানোর দায়িত্ব আপনারা দিচ্ছেন। আর সেই বনের কাঠ যখন বিক্রি হচ্ছে তার একটা অংশ তাদের দিচ্ছেন, আর বলছেন আমরা তাদের জন্য কিছু করছি। আপনারা কি তাদের কোনও চাকরি দিতে পারবেন? বন সম্পর্কে তাদের প্রকৃতভাবে কাজে লাগান। সারা পশ্চিমবাংলায় যে বনজ সম্পদ আছে তাকে সঠিকভাবে কাজে লাগানো দরকার। সুন্দরবনের বদ্বীপ অঞ্চলে পশ্চাৎপদ এলাকার উন্নয়নের উদ্দেশ্যে রাজ্য সরকার সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠন করেছে। উত্তর ২৪ পরগনা জেলার ছয়টি ব্লকে এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার ১৩টি ব্লক অঞ্চলে এই পর্ষদ আপনারা করেছেন। কিন্তু আরও অনেক জায়গায় এই পর্ষদ গঠন করার দরকার আছে। ১৯৯৯-২০০০ সালে পর্ষদের পরিচালন বরাদ্দ ছিল ৯৩৬ লক্ষ টাকা, ২০০০-২০০১ সালে এটা বৃদ্ধি পেয়ে ১৯০০ লক্ষ টাকা হয়েছিল। কিন্তু আশা করা যাচ্ছে যে পর্ষদ প্রায় ১৭৫১ লক্ষ টাকা এই বছরে ব্যয় করতে পারবে। আর টাকা তারা ব্যয় করতে পারেনি। রাস্তা, কালভার্ট, পিচের রাস্তা, নলকূপ থেকে আরম্ভ করে যেগুলো করার দরকার ছিল সেটা প্রয়োজনের তুলনায় কম, অথচ আপনারা টাকা খরচ করতে পারেননি। সামাজিক

বন-সৃজনের ক্ষেত্রে পর্ষদ মিনিকিট বিলি ও ঋণদানের ব্যবস্থার মাধ্যমে লোকদেরকে সাহায্য করতে পারেননি। বাঁকুড়া, পুরুলিয়া, ২৪ পরগনা, বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদে জ্বালানি কম পাওয়া যায়। এই জ্বালানির ব্যাপারে ও পশু খাদ্যের ব্যাপারে, আপনাদের কর্মসূচিতে যা ছিল সেটা আপনারা বাস্তবায়িত করতে পারেননি। দক্ষিণবঙ্গে শাল বনের পুর্নসংস্কার এবং পতিত জমি সহ অন্যান্য বে-সরকারি জমিতে বনায়নের প্রচেষ্টার দিকে সরকার নজর দেয়নি। ১৯৭৩ সালে সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে সীতারাম মাহাতো বনমন্ত্রী ছিলেন, তিনি বলেছিলেন - যারা জমিগুলি তৈরি করে সেখানে চাষবাস করছে তাদের এই জমিগুলি হস্তান্তর করা হোক।

হিঙ্গলগঞ্জ, মিনাখা, ক্যানিংয়ে বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার কথা ছিল, ৪১.০৮ লক্ষ টাকা খরচ করবার জন্য বিদ্যুৎ পর্ষদকে দেওয়া হয়েছিল, সেটা কি হয়েছে? জনস্বাস্থ্য দপ্তরকে পর্ষদ ১৯৯৯-২০০০ সালে ১.৫৫ কোটি টাকা দিয়েছে। মিনাখা থানার চৈতালে, বাসন্তি থানার সোনাখালিতে, গোসাবা থানার পাঠানখালিতে, হিঙ্গলগঞ্জ থানার সাহেবখালিতে, পাথর প্রতিমা থানার দক্ষিণ শিবগঞ্জে এবং হাসনাবাদে ৬টি পাইপ বাহিত জল সরবরাহকারি কেন্দ্র স্থাপনের জন্য এই অর্থ দেওয়া হয়। ঐগুলো কি বাস্তবায়িত হয়েছে। যেসব পাকা রাস্তা, কালভার্ট, ইঁট বাধানো রাস্তা, নলকূপ করার প্রস্তাব ছিল, সেইগুলো কি করতে পেরেছেন? বলছেন বন্যপ্রাণীর সংখ্যা বাড়ছে। বাঘ-১৯৯৩ সালে ছিল ৩৩৫টি, ৯৯-২০০০ সালে হয়েছে ৩৬৫টি। এবারে বাঘের সংখ্যা বেড়েছে কিনা জানিনা। গন্ডার-১৯৮৬ সালে ছিল ২২টি, ১৯৯৯-২০০০ সালে হয়েছে ৮৯টি। হাতি-১৯৯৩ সালে ছিল ১৭৫টি, ১৯৯৯-২০০০ সালে হয়েছে ৩২৭টি। হাতি রক্ষণা-বেক্ষণের জন্য একটা ভৌগোলিক পরিবেশ আছে উত্তরবঙ্গে। উত্তরবঙ্গ, বাঁকুড়া, পুরুলিয়া পশ্চিম মেদিনীপুরে হাতি রাখার জন্য পরিকল্পনা করেছেন কি? ধৃতিকান্ত লাহিড়ী, এস.কে. দাস, ডঃ অরুন ভেঙ্কটরমনকে নিয়ে একটি কমিটি হয়, কমিটি ২০০০-০১ সালের জন্য হস্তি সংরক্ষণ এলাকা গড়ে তোলার জন্য একটি পরিকল্পনা নিয়েছে। পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[2-10 — 2-20 p.m.]

**শ্রী মকর টুডু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বন দপ্তরের যে বাজেট উপস্থিত করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা রাখছি।

বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলার সীমান্ত এলাকা, যেখান থেকে আমি নির্বাচিত হয়েছি, সেখানকার কথা আমার পূর্ববর্তী বক্তা বললেন না। বিষয়টা হচ্ছে ২৪ বছর আগে বনের অবস্থা কি ছিল। তখন শাল, মহুয়া প্রভৃতি অর্থকরি গাছগুলোকে তখনকার সরকার, ঠিকাদার, ব্যবসায়িরা কেটে বন সাফ করে দিয়েছিল। রানিবাঁধ, ঝিলিমিলি, সুতান প্রভৃতি এলাকায় গিয়ে একটু দেখতে বলছি। সেখানে আজকে শাল, মহুয়ার বন হয়েছে। আমাদের জেলায় তিন হাজার বন সংরক্ষণ কমিটি আছে। স্যার, আজকে বনকে পুনর্গঠন করেছে। আজকে ইউক্যালিপটাস বা আকাশমনি গাছ শুধু নয়, ওই বনসম্পদকে কাজে লাগিয়ে সেই জায়গায় বাবুই চাষ হচ্ছে। বাবুই দড়ির সাথে সাথে রক্ষা কমিটির যে ২৫ ভাগ যে টাকা সেই জায়গায় বনরক্ষা কমিটি পায় এবং সেখানে শাল পাতা, কেন্দু পাতার চাষ হচ্ছে। শাল পাতার বাসন তৈরি হচ্ছে। আর কেন্দু পাতা দিয়ে বিড়ি তৈরি হচ্ছে। স্যার, বাঁকুড়ার মতো জায়গাতেও বন তৈরি হয়েছে। আমি স্যার, আপনার মাধ্যমে বলছি যে, মেদিনীপুর এবং পুরুলিয়ায় যেভাবে পর্যটন কেন্দ্র হয়েছে, সেইরকম আমার সুতান ঝিলিমিলি, রানিবাঁধ জায়গাতেও পর্যটন কেন্দ্র তৈরি হলে ভালো হয়। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী শান্তিরাম মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে বিরোধিতা করে কয়েকটি বক্তব্য রাখছি। বিরোধিতা করছি এই কারণে যে, বন দপ্তর হচ্ছে রাজ্য সরকারের একটা গুরুত্বপূর্ণ দপ্তর। কিন্তু এই দপ্তরকে গুরুত্ব দেওয়া হয় না। আজকে গোটা বিশ্বব্যাপি পরিবেশ সংক্রান্ত ব্যাপারে আলোড়ন উঠেছে। কিন্তু সেখানে এই বনবিভাগকে পশ্চিমবঙ্গ সরকার গুরুত্ব দিচ্ছে না। আমরা দেখছি যে, পশ্চিমবঙ্গে নথিভুক্ত বনাঞ্চল এলাকা খুবই কম। নথিভুক্ত অঞ্চল এলাকা মাত্র ১৩.৩৮ শতাংশ। স্যার, তাও আমরা দেখছি যে, ওই নথিভুক্ত এলাকা, বনাঞ্চল এরিয়া, যেগুলি ফরেস্ট ল্যান্ড, সেই ল্যান্ডকে কিছু কিছু অসাধু ব্যবসায়ী চাষের জমিতে পরিণত করছে। স্যার, এই দপ্তর এই নথিভুক্ত অঞ্চলটাকেও রক্ষা করতে ব্যর্থ হয়েছে। আমাদের যে ন্যাশনাল স্ট্যান্ডার্ড, তার থেকে আমাদের রাজ্যের বনাঞ্চল এলাকা কম। এটা দেখা দরকার এবং এরজন্য যদি কোনও আইন সংশোধনের প্রয়োজন থাকে, আমি দপ্তরকে অনুরোধ করব যে এই যে মানুষ জোর করে বনাঞ্চল জায়গা

দখল করে নিচ্ছে, তাদের জমি নিয়ে নিচ্ছে, এই জিনিস দেখা দরকার। মন্ত্রীর কাছে একটা ব্যাপার জানতে চাই যে আমরা দেখছি এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী বনাঞ্চলকে বনের গাছকে কেটে সাফ করে দিচ্ছে এবং তার সাথে ডিপার্টমেন্টের কিছু কর্মচারীর যোগসাজশ আছে। আর এই যোগসাজশের ফলে বনের গাছ, বনের মাথায় টাক পড়ে যাচ্ছে। কিছু অসাধু ব্যবসায়ী ও এক শ্রেণীর কর্মচারিদের যোগসাজশের ফলে চোরাচালান করে বাইরে পাচার করে দিচ্ছে। যার ফলে বনের গাছের সংখ্যা কমে যাচ্ছে। এইগুলো দেখার জন্য আপনার দপ্তরে কোনও মনিটরিং এর ব্যবস্থা নেই। গত ২৪ বছর ধরে আপনারা কোনও মনিটরিং করতে পারেন নি। এরফলে দুর্নীতি বাড়ছে, চোরাচালান বাড়ছে। গাছপালা চোরাপথে বাইরে পাচার হয়ে যাচ্ছে। এরফলে গাছ কমে যাচ্ছে পরিবেশ দূষিত হচ্ছে, আবহাওয়ার ভারসাম্য নষ্ট হচ্ছে। অনেক সময়ে অনাবৃষ্টি হচ্ছে। বৃষ্টির ভারসাম্য নষ্ট হচ্ছে। তারজন্য কোনওরকম ব্যবস্থা বন দপ্তর নিতে পারে নি। যে সমস্ত বনবিভাগের কর্মীরা দুর্নীতির সাথে যুক্ত তাদের কোনওরকম শাস্তির ব্যবস্থা হয়নি। আরেকটা বিষয় হল প্ল্যান্টেশন। মাননীয় কাশীবাবু যে কথা বলছিলেন। বনজঙ্গলে এই যে ইউক্যালিপটাস, আকাশমণি এইসব দিয়ে বনাঞ্চল হয় না। এতে বনের যে আসল উদ্দেশ্য সেই উদ্দেশ্য কিন্তু সফল হয় না। তাই সঠিকভাবে দেখতে গেলে আমাদের যে পুরনো গাছ শাল, মহুয়া আরও যেসব গাছ আছে কেন্দুপাতার গাছ যা দিয়ে মানুষের অর্থের সংস্থান হবে, যা মানুষের অর্থকরি গাছ এইসব জিনিসগুলো দেখা দরকার। সেজন্য আপনার দপ্তরকে এইসব জিনিসগুলো অনুসন্ধান করতে বলব। ভাল ভাল বীজ যাতে তৈরি করা যেতে পারে তা নিয়ে আপনার দপ্তর কোনও চিন্তা-ভাবনা করে না। আজকে বনসৃজনের কথা আপনারা বলছেন কিন্তু সাধারণ মানুষ আজকে বনসৃজনের প্রতি আগ্রহ হারিয়ে ফেলেছে। আজকে যে গাছগুলো থেকে উপার্জন হওয়া দরকার কিন্তু আপনার দপ্তরের জটিলতার জন্য গাছ বিক্রি করতে গেলে সমস্যা সৃষ্টি হচ্ছে। আপনাদের নীতি সরলিকরণ না করলে সাধারণ মানুষ বনসৃজনের প্রতি আগ্রহ হারিয়ে ফেলবে। আজকে উন্নতমানের চারাগাছ সরবরাহ করা দরকার যে নার্সারিগুলো আছে সেগুলো সোস্যাল নার্সারি হয়েই আছে সেখানে উন্নতমানের চারাগাছ পাওয়া যায় না। চারাগাছগুলো মান এত খারাপ যে সেগুলো তুলে ফেলে দিতে হচ্ছে গাছ লাগানো হচ্ছে না। এইক্ষেত্রে ব্যাপক লুঠ হচ্ছে। এইগুলো মনিটরিং এর কোনও ব্যবস্থা আপনার দপ্তরে নেই। এইভাবে টাকা নয়ছয় হচ্ছে। গাছ লাগানো হল কিনা সেটা মনিটরিং করার কোনও ব্যবস্থা আপনার দপ্তরে নেই। যারফলে

এইভাবে টাকা নয়ছয় হয়ে যাচ্ছে। আজকে এই বিষয়ে অনেকে বলেছেন আমি মনেকরি এই জিনিসটা দেখা দরকার। ওখানে যে লুঠ হচ্ছে সেই লুঠের ব্যাপারেও মনিটরিং দরকার, তারজন্য শাস্তিমূলক ব্যবস্থা নেই। প্রত্যেকটি জেলাতে আপনি যদি যান তাহলে দেখবেন সেখানে ফরেস্ট ডিপার্টমেন্ট দুর্নীতির মধ্যে ডুবে আছে। পশ্চিমবঙ্গের মধ্যে যে কটা ডিপার্টমেন্ট দুর্নীতির মধ্যে ডুবে আছে। পশ্চিমবঙ্গের মধ্যে যে কটা ডিপার্টমেন্ট দুর্নীতিগ্রস্থ তারমধ্যে একটা ডিপার্টমেন্ট হচ্ছে এই ফরেস্ট ডিপার্টমেন্ট। সেখানে ফরেস্ট ডিপার্টমেন্টের অফিসার, কর্মচারিদের দেখবেন গাড়ি, বাড়ি হয়ে গেছে শুধু কাঠ চোরাচালান করেই। বন্যপ্রাণী সংরক্ষণের দিকে সেইভাবে নজর দিচ্ছেন না। আপনার ডিপার্টমেন্টে বন্য প্রাণী নিয়ে যারা কাজ করেন তাদের ট্রেনিং দেওয়া দরকার। যে ধরনের ট্রেনিং তাদের দেওয়া দরকার সেই ব্যবস্থা আপনার দপ্তরে নেই। আমি মনেকরি এই দিকটায় বিশেষভাবে দেখা দরকার। আমি এই কথা বলতে চাই যে পশ্চিমবঙ্গ সরকার থেকে আপনাকে যেমন গুরুত্ব দিচ্ছে না, ঠিক তেমনি আপনিও আপনার দপ্তরকে গুরুত্ব দিচ্ছেন না। আপনি মনিটরিং-এর ব্যবস্থা করছেন যার ফলে আপনার দপ্তর দুর্নীতির মধ্যে ডুবে আছে। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশচন্দ্র অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বন বিভাগের মাননীয় মন্ত্রীদ্বয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেই বাজেটকে পূর্ণ সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। আমার পূর্ববর্তী বিরোধী দলের দুই জন মাননীয় সদস্য বক্তব্য রাখলেন। আমি তাঁদের বক্তৃতা মনোযোগ সহকারে শুনলাম। বক্তব্যের প্রথমেই উনি বললেন একটা দপ্তরকে যেটুকু গুরুত্ব দেওয়া দরকার সেইটুকু দেওয়া হচ্ছে না। কিন্তু তার পরেই মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় বললেন ১৯৭৩ সালে একটা আইন পাশ করা হয়েছিল বাঁকুড়া জেলার ঘনবসতিপূর্ণ এলাকায় যারা দীর্ঘদিন ধরে জমি অধিগ্রহণ করে আছেন তাদের হস্তান্তর করার জন্য বললেন। আরেক জন মাননীয় সদস্য বললেন তারা বন বিভাগের জমি জোর করে জবর দখল করে আছে। আমি আশ্চর্য হয়ে গেলাম যে দুই জন সদস্য দুই রকম কথা বলে গেলেন। একজন বললেন বিলির ব্যাপারে, আরেকজন বললেন বনভূমি জোর করে দখল করে নিচ্ছে। তাঁদের আসল কথাটা কি আমি বুঝতে পারলাম না। বন সংরক্ষণের ব্যাপারে ১৯৫২ সালে যে জাতীয় অরন্য নীতি বলা হয়েছিল গোটা ভারতবর্ষের মোট ভূমির এক-তৃতীয়াংশ এই অরণ্যের মধ্যে আনতে হবে। কিন্তু আমরা লক্ষ্য করছি স্বাধীনতার ৫৪ বছর পর আজকে যদি আমরা হিসাব করি

তাহলে দেখব ২৩ শতাংশ ভূমিকেও অরণ্যের মধ্যে আনা সম্ভব হয়নি। আমরা আরও আশ্চর্য হচ্ছি যে স্যাটেলাইট সমীক্ষায় এটাকে বলা হচ্ছে ২৩ পারসেন্ট, আসলে এটা আরও কম। এই জায়গায় দাঁড়িয়ে আমরা লক্ষ্য করছি যে পশ্চিমবঙ্গে এখন নানা সমস্যা, তারমধ্যে একটা সমস্যার কথা উল্লেখ না করলেই নয় সেটা হল উদ্বাস্তু সমস্যা। এই ক্রমাগত জনস্ফীতির ফলেই আমাদের এলাকায় আজকে ভূমি ক্ষয় হচ্ছে। এই অবস্থায় দেখছি ১৫.০৬% বনভূমির আওতায় এসেছে এটা উপগ্রহ সমীক্ষার মাধ্যমে দেখছি এবং ঠিক তিন বছর পরে ১৯৭৭ সালে স্যাটেলাইটের মাধ্যমে জানতে পারা যায় এটা বৃদ্ধি পেয়ে ১৫.১৬ শতাংশ এবং ২০০০ সালে ১৫.৩২ শতাংশ হয়েছে। এই হিসাব থেকে বোঝা যাচ্ছে বনভূমির পরিমাণ আমাদের বাড়ছে। এবং সর্বমোট হিসাবে দেখা যাচ্ছে শুধু বনভূমি নয় পাশাপাশি বনসৃজনও বাড়ছে। এর পরিমাণ দাড়িয়েছে ২৭.৩৪ শতাংশ। মাননীয় বিরোধী সদস্যরা যেকথা বললেন, বন বাড়েনি, সেটা ঠিক নয়। এবং শুধু বাজেট বক্তৃতার মধ্যে নয়, গ্রাম বাংলার মানুষের মধ্যে বনভূমি বাড়ানোর একটা প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। গ্রাম পঞ্চায়েত; গ্রামসভার সদস্যরাও বনসৃজনের ক্ষেত্রে গুরুত্ব দেন। আমরা দেখতে পাচ্ছি বনভূমি রক্ষার জন্য বন সংরক্ষণ কমিটি করা হয়েছে। তাদের সংখ্যা ৩,৬৫০টা। ৪৮৮ হেক্টর জমি তারা দেখভাল করছেন। শুধু তাই নয় আমরা পরিসংখ্যান থেকে জানতে পারলাম যে, এবছর পর্যন্ত আনুমানিক ৭ কোটি টাকা সাব-সিডি দেওয়া হয়েছে।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী শিশির অধিকারী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে বলতে চাই যে, আজকে এই যে বাজেট বরাদ্দ আনা হয়েছে তার বিরোধিতা করছি এবং আমাদের অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাসগুপ্ত মহাশয় যে বক্তৃতা করেছেন তার ২.৯ অনুচ্ছেদে বলেছেন, 'কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির মধ্যে সামাজিক জনসৃজনে পশ্চিমবঙ্গের অবস্থান বর্তমানে হয়েছে সমস্ত রাজ্যগুলির মধ্যে প্রথম সারিতে'। এবং প্রধান কারণ হিসাবে তিনি পঞ্চায়েতকে যুক্ত করেছেন। প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রেও যে অগ্রগতি ঘটেছে তাও দেওয়া আছে আর্থিক সমীক্ষায় (২০০০-০১) সেটা বলা হয়েছে। কিন্তু আর্থিক সমীক্ষা (২০০০-০১) খুলে কি দেখা যাচ্ছে? দেখা যাচ্ছে, ১.২৬ পরিচ্ছদে বলা হয়েছে, 'পশ্চিমবঙ্গের মোট ভৌগলিক এলাকার ১৩.৩৮ শতাংশ বনাঞ্চল হিসাবে নথিভুক্ত। বনাঞ্চল বৃদ্ধির কর্মসূচি রূপায়ণ এবং গ্রামীণ

জনসাধারণের চারাগাছ রোপন ও রক্ষণা-বেক্ষণে জড়িত করার কাজে রাজ্য সরকারের সাফল্যের কারণে রাজ্যের বৃক্ষাচ্ছাদিত অঞ্চল বর্তমানে মোট ভৌগলিক এলাকার ২৭.৩৫ শতাংশে পৌঁছেছে (তৃতীয় পরিচ্ছেদ দ্রষ্টব্য)। কিন্তু দেখা যাচ্ছে তৃতীয় পরিচ্ছদ বলে কোথাও কিছু নেই। কেবলমাত্র ৩.৮৯-তে দেখা যাচ্ছে বন সম্বন্ধে আপনারা অনেক দূরে গেছেন। কিন্তু তিন নম্বর পরিচ্ছদ নেই। আমার মনে হয় মাননীয় বন দপ্তরের মন্ত্রিমহাশয়ের বন দপ্তর থেকে এটা আর্থিক সমীক্ষায় যায়নি। কেবল ৩.৮৯-তে কিছুটা বলেছেন। বন সম্বন্ধে যা কাগজ-পত্র দেখতে পাচ্ছি তাতে মনে হচ্ছে গত ব্রিটিশ আমলে বনভূমির ক্ষেত্রে যে সংখ্যাটা ছিল সেই সংখ্যায় আছে, ভূমি দপ্তর থেকে যে পরিসংখ্যান পাওয়া যাচ্ছে তাতে তাই মনে হচ্ছে। এটা একটা মূল্যবান দপ্তর বলে আমি মনেকরি। আমাদের পাশের উড়িষ্যা রাজ্যের মোট রেভিনিউয়ের ৩৭ শতাংশ কালেকশন হয় এই ক্ষেত্র থেকে। আপনি বাজেট বরাদ্দে বলেছেন, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বনজ উৎপাদন বিক্রয়ের মাধ্যমে সংগৃহিত মোট রাজস্বের ২৫ পারসেন্ট বন সুরক্ষা সমিতির সদস্যদের মধ্যে বন্টিত হয়। এতে ১৯৯৯-২০০০ সাল পর্যন্ত বন সুরক্ষা সমিতির ১,৫৩৮ জন ও ১,৭৮,০৪৪ জন উপস্বত্বভোগিকে ১২০০.৯৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। দিন, করুন। আপত্তি নেই। আরও বেশি দিন। কারণ রিলিফ সরকার। অনেক বেশি রিলিফ দিন। কিন্তু প্রকৃত অর্থে বনসৃজন হয় না। অরণ্যের যে জিনিস, যেমন প্রাণী, গাছ- শাল, পিয়াল, মৌ ইত্যাদি বনের যে জিনিসগুলো, তার সঙ্গে যুক্ত আছে যেসব প্রাণী যেমন- হাতি, বাঘ, সর্পকুল সেসব পশ্চিমবঙ্গ থেকে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। বাঁকুড়া, মেদিনীপুরের পশ্চিম, পুরুলিয়ার একটা বিস্তীর্ণ অরণ্যে ভূমি ক্ষয়ের কথা বলেছেন। এই বাজেটকে সম্পূর্ণভাবে নেগলেক্ট করা হয়েছে। এর কোনও মূল্য দেওয়া হয়নি। আর্থিক পরিসংখ্যানে যে কোটি কোটি টাকা আসা উচিত ছিল সেই টাকা আপনার দপ্তরে রোজগার হয়নি। সামাজিক বনসৃজন কিছু কিছু চালু হয়েছে— কিছু কিছু গাছ জেলা পরিষদের সঙ্গে যুক্ত হয়ে বিতরণ করা হয়েছে। আপনার দপ্তরের অফিসে নতুন নতুন যেসব ছেলেরা অফিসারের কাজ করেন তারা খুব ভাল ছেলে, তারা আইন জানেন, ওয়াকিটকি আছে, ভাল ভাল বাংলো আছে। প্রকৃত অর্থে বনের আইন তখনই ঠিকভাবে পালিত হবে যখন বনের হাতি, বাঘ, সিংহকে পরিকল্পিতভাবে বিচরণ করতে দেখতে পাওয়া যাবে। আপনার বাজেটে সেই জিনিস নেই। আমি বলতে চাই, বাঘ, হাতি ইত্যাদির যে সংখ্যা আপনি বাজেটে বলেছেন

সেই সংখ্যাটা আমি বিশ্বাসযোগ্য বলে মনেকরি না। যে সমীক্ষা আপনি দিয়েছেন, ১৯৯১ সালের জনগণনা অনুযায়ী সেখানে বলা হয়েছে এই অঞ্চল ৭৬৭ স্কোয়ার কিলোমিটার থেকে বেড়ে ৮০০ স্কোয়ার কিলোমিটার হয়েছে। এই বাজেটের মধ্যে যে কথা আপনারা বলেছেন তার সঙ্গে এই সংখ্যাটা আছে বলে মনে করি না। এই দপ্তর আর্থিক সঙ্গতি সম্পন্ন দপ্তর। কিন্তু এই দপ্তরকে সুচারুরূপে ব্যবহার করতে পারলে অনেক বেশি রেভেনিউ আসতে পারত। কিন্তু তার কোনও ব্যবস্থা হয়নি। পশ্চিমবঙ্গ হাতির উপযুক্ত স্থান। দক্ষিণ বাংলায় ৩৫টি হাতি আছে। আপনি বাজেটে বলেছেন সমগ্র বনাঞ্চলের প্রায় ৩৪ শতাংশ জুড়ে রয়েছে ১৫টি অভয়ারণ্য, ২টি ব্যাঘ্র সংরক্ষণ এলাকা, ৫টি জাতীয় উদ্যান ও একটি জীবমন্ডল সংরক্ষণ অঞ্চল। এইসব অঞ্চলের পরিচালন পরিকল্পনা অনুযায়ী কাজ এগিয়ে চলেছে। সুরক্ষাধীন এলাকাগুলিতে ২৫টি বন সংরক্ষণ কমিটি ও ৮৮টি পরিবেশ উন্নয়ন সমিতি রয়েছে। আমি আজকে যে কথা বলতে চাই যে, ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন—এটা আপনার বাজেটের একটা অর্থকরী জায়গা। অ্যানুয়াল অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্টে রোজগার এবং লাভ, ক্ষয়-ক্ষতি ইত্যাদি এই রিপোর্টের সঙ্গে থাকলে বাজেট বক্তৃতায় অংশগ্রহণ করে অনেক ভাল কথা বলতে পারতাম। আপনি দীর্ঘদিন ধরে মন্ত্রী আছেন। কিন্তু উপযুক্ত ভাবে বন সংরক্ষণ করা হচ্ছে না। এবং বন্য প্রাণীগুলোকেও ঠিকভাবে রক্ষা করা হচ্ছে না। সুন্দরবনে যারা মধু সংগ্রহ করতে যান তাদের অনেকেরই বাঘের আক্রমণে প্রাণ যাচ্ছে। বনাঞ্চল সম্পর্কে একটা প্রস্তাব করেছেন যে, আইন চালু করা দরকার। বনের মধ্যে আইন আছে সেখানে যারা চুরি করে বনের বাইরে রাস্তায় চলে যায় তখন পুলিশ ডাকতে হয়। এটা একটা সমস্যা। চারা গাছ বিতরণের কাজে পঞ্চায়েতকে যুক্ত করছেন। আমি মনে করি এটা না করে সর্বক্ষেত্রে অফিসারদের যুক্ত করে কার্যসূচিগুলি সম্পাদন করা উচিত। বন উন্নয়ন এবং নিয়ন্ত্রনের ক্ষেত্রে একটা সুচারু পরিকল্পনা গ্রহণ করা উচিত। কাগজে-কলমে মৎস্য উৎপাদনে আপনারা প্রথম, বনসৃজনেও প্রথম। অথচ বাস্তবে আমরা দেখছি একের পর এক বন সাফ হয়ে যাচ্ছে, কাঠ চুরি হচ্ছে, বনজ সম্পদ চুরি হচ্ছে। আমরা দেখছি লরি লরি কাঠ উড়িষ্যা, আসামে পাচার হয়ে যাচ্ছে। এই অবস্থায় আমি আপনার এই ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করতে পারছি না। তাই আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী বাচ্চামোহন রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বন বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয় ২০০১-২০০২ সালের বন বিভাগের যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। বন বিভাগ পশ্চিমবঙ্গে উল্লেখযোগ্য উন্নতি এনেছে বলে আমি মনে করি। পরিসংখ্যানে যা বলা হচ্ছে তাতে আমরা দেখছি যে, পশ্চিমবঙ্গের ভৌগলিক আয়তনের ১৩.৩৮ শতাংশ বনাঞ্চল ছিল, সম্প্রতি তা বৃদ্ধি পেয়ে ১৫.১৬ শতাংশ হয়েছে। সাথে সাথে বনজ সম্পদ থেকে বন বিভাগের আয়'ও বেড়েছে। ১৯৯৯-২০০০ সালে বন বিভাগের বনজ সম্পদ থেকে ৫১৪.০৯ লক্ষ টাকা অর্জিত হয়েছে। বনাঞ্চল উন্নয়নের জন্য যেসব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তারমধ্যে উল্লেখযোগ্য 'সামাজিক বনসৃজন প্রকল্প'। এই প্রকল্পের মধ্যে দিয়ে গ্রাম গঞ্জের সাধারণ মানুষদের মধ্যে বন-সৃজনের উদ্যোগ তৈরি হয়েছে। বন সংরক্ষণের জন্যও অত্যন্ত কার্যকর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বন সুরক্ষা কমিটি তৈরি হয়েছে। সেই কমিটির মাধ্যমে বনাঞ্চলের মানুষের মধ্যে পরিবেশ রক্ষা, বন রক্ষা ইত্যাদি বিষয়ে চেতনা গড়ে তোলা হচ্ছে। এটা একটা কার্যকর প্রচেষ্টা। ইতিমধ্যেই আমরা দেখেছি পূর্বের তুলনায় এখন মানুষ অনেক বেশি সচেতন হয়ে উঠেছেন। এসব সত্ত্বেও আমরা লক্ষ্য করছি কিছু কিছু জায়গায় এখনও কাজ-কর্মের মধ্যে এখনও কিছু কিছু অসঙ্গতি আছে। সেগুলোর প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে আমি বনাঞ্চল সংলগ্ন বন-বস্তিগুলির প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের উত্তরবঙ্গের বনাঞ্চল সংলগ্ন বন-বস্তির মানুষরা বিভিন্ন উন্নয়ন পরিকল্পনার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। ঐ অঞ্চলগুলি পঞ্চায়েত এলাকাভুক্ত হলেও পঞ্চায়েতের মাধ্যমে যেসব সুযোগ সুবিধা তাঁদের পাওয়ার কথা তা তাঁরা পাচ্ছেননা। এমন কি জমির অধিকার পর্যন্ত বন-বস্তির মানুষরা পাচ্ছেন না। স্বনিযুক্তি প্রকল্প এবং অন্যান্য যেসব আর্থিক সহায়তার প্রকল্পগুলি সারা রাজ্যে চালু আছে সেসব প্রকল্পগুলির কোনওরকম সুযোগ-সুবিধা বন-বস্তির মানুষরা পাচ্ছেননা। তাঁরা বঞ্চিত হচ্ছেন। এছাড়াও আরও কিছু অসঙ্গতি আছে। বন-বস্তি এলাকার মানুষের মধ্যে শিক্ষার ঘাটতি আছে। সেই ঘাটতি মেটাবার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা দরকার। বনাঞ্চলের মানুষ ম্যালেরিয়া রোগে বেশি আক্রান্ত হয়। নীলপাড়া ফরেস্ট রেঞ্জ এলাকায় বিগত ১৫ বছর আগে একটা হাসপাতাল নির্মাণ করা হয়েছিল, কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে সেই হাসপাতালটি এখনও চালু করা হয়নি। যদি সেটা

চালু করা হত তাহলে ঐ বনাঞ্চল এলাকার বন-বস্তির মানুষরা স্বাস্থ্য পরিষেবার সুযোগ পেয়ে উপকৃত হ'ত। আমি আশা করব বনাঞ্চল তথা বন-বস্তির গরিব মানুষরা যাতে একটু স্বাস্থ্য পরিষেবার সুযোগ পায় তার জন্য আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ গ্রহণ করা হবে। সেজন্য নীলপাড়া ফরেস্ট রেঞ্জের হসপিটালটি অবিলম্বে চালু করার আমি দাবি জানাচ্ছি। এই ক'টি কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহেশ্বর মুর্মু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলছি। আমাদের রাজ্যে বনাঞ্চল খুব বেশি নেই। কারণ আমাদের রাজ্যে ঘন বসতি আছে, যারজন্য এই বনাঞ্চল বেশি নেই। সেই বনাঞ্চলকে বাড়ানোর জন্য আজকে বন বিভাগ নানা ধরনের পরিকল্পনা করছে। বিশেষ করে ৮০ দশকের পর থেকে সামাজিক বন-সৃজন এবং অন্যান্য ব্যবস্থা গ্রহণ করে কিভাবে বনাঞ্চলকে বৃদ্ধি করা যায় তার উপর গুরুত্ব দেওয়া হয়েছে সেইজন্য দেখা যাচ্ছে, ৭০ দশকে আমাদের পশ্চিমবাংলায় বনাঞ্চল ছিল যেখানে ১৩.৩৮ শতাংশ সেটা এখন বর্তমানে এসে দাঁড়িয়েছে ১৫.৩০ শতাংশ। সুতরাং বনাঞ্চল বেড়েছে। বনকে রক্ষা করার জন্য বনাঞ্চলের কাছাকাছি যে সমস্ত গ্রাম আছে যেখানে মানুষ বাস করেন তাদেরকে দায়িত্ব দেওয়া হয়েছে। সেইজন্য এখন যৌথ বন পরিচালনার ব্যবস্থা রাখা হয়েছে এবং বন সুরক্ষা সমিতি তৈরি করা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় ৩ হাজার ৬৫০টির উপর এইরকম ধরনের বন সুরক্ষা সমিতি আছে। তারা যাতে বনের উপর নজর দেন, গুরুত্ব দেন তারজন্য বন সমিতির মাধ্যমে যেটুকু আয় হয় সেখান থেকে তাদেরকেও সাহায্য করা হয় প্রায় ২৫ শতাংশ। এরফলে দেখা যাচ্ছে, একটা গ্রামের পাশাপাশি যে সমস্ত জঙ্গল আছে, বন আছে সেই সমস্ত বনের উপর তাদের দায়িত্ব দেবার ফলে এই বন সমিতি সেগুলিকে রক্ষা করার চেষ্টা করছে। বিশেষ করে একটু আগে আমাদের একজন মাননীয় সদস্য যেকথা বলছিলেন, ঐ জঙ্গলে কেন্দুপাতা, শালপাতা, বিভিন্ন ধরনের ছাতু, সাবুই ঘাস এবং তার মাঝখানে যে ঘাস হয় সেগুলিকে রক্ষা করার চেষ্টা হচ্ছে। তার সঙ্গে সঙ্গে এই বন সুরক্ষা কমিটি এবং বন বিভাগ যাদের একদম ঘর নেই তাদের ঘর করে দেওয়ার ব্যবস্থা করেন। আপনারা সবাই জানেন, আদিবাসী মানুষের বসতি বনাঞ্চলে বেশি। এইসব পিছিয়ে পড়া আদিবাসী মানুষদের মধ্য থেকেই কমিটি তৈরি করা হয়েছে। ফলে আজকে তাদের মধ্যে উৎসাহ দেখা

দিয়েছে এবং তারা আজকে বনকে বাড়াচ্ছে। এছাড়াও প্রকৃতি, পরিবেশ এবং জীবন অঙ্গাঙ্গীভাবে জড়িত। এই প্রকৃতি এবং এই পরিবেশকে যদি রক্ষা করতে হয় তাহলে সমস্ত মানুষকে এগিয়ে আসতে হবে। আমরা জানি যে অরণ্যে অনেক ধরনের প্রাণী থাকে - হাতি থাকে, হরিণ থাকে ইত্যাদি। এখন দেখা যাচ্ছে বিহারের একটা অংশ থেকে আমাদের এই পশ্চিমবাংলায় হাতি আসছে। বছরের একটা সময় তারা আসে। ইদানিং কিন্তু দেখা যাচ্ছে সেই হাতিগুলি আর ফেরত যাচ্ছে না। আমার সময় শেষ হয়ে যাওয়ায় বাজেটকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী যোগেশচন্দ্র বর্মন** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৫২নং অভিযাচনের অধীনে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছি তার সমর্থনে আমি ২/৪টি কথা বলছি। আমার সময় কম, তাই সংক্ষেপে কয়েকটি কথা বলব। এই বাজেটের উপর মাননীয় বিরোধী দলের সদস্য কাশীনাথবাবু, শিশিরবাবু বক্তব্য রেখেছেন এবং বামফ্রন্টের মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন সেই প্রসঙ্গে আমি সভাকে জানাতে চাই যে আমাদের রাজ্যে বন বিভাগের আয়তন এবং জাতীয় স্তরে বন বিভাগের আয়তন কি এবং জাতীয় স্তরে পপুলেশন ডেনসিটি ও আমাদের রাজ্যস্তরে পপুলেশন ডেনসিটি কি। এটা তাদের আমি প্রথমেই অনুধাবন করতে বলব। '৯১ সালের সেনসাস অনুযায়ী জাতীয় ক্ষেত্রে দেখছি ২৫৫ জন এবং পশ্চিমবাংলায় ৭৬৭ জন। পশ্চিমবঙ্গের আয়তন ভারতবর্ষের ২.৭ শতাংশ মাত্র অথচ জনসংখ্যা ভারতের অন্য রাজ্যের জনসংখ্যার তুলনায় বেশি, ৮.৯ শতাংশ। আমাদের জাতীয় স্তরে বন ভূমি আছে ২৩.২৮ শতাংশ আর আমাদের রাজ্যে আমরা পেয়েছি ১৩.৩৮ শতাংশ। কাজেই সমস্যা আছে। এই সমস্যার মধ্যে দাঁড়িয়েই আমাদের রাজ্যের বন বিভাগকে কাজ করতে হচ্ছে সুষ্ঠুভাবে এই বিভাগকে পরিচালনা করতে আমরা চেষ্টা চালাচ্ছি এই অবস্থার মধ্যে দাড়িয়েও। এখানে বাঁকুড়া, মেদিনীপুরের দুজন মাননীয় সদস্য বললেন। সেখানকার খবরের ব্যাপারে তাদের বেশি অভিজ্ঞতা আছে। আমি প্রথমেই যেটা বলতে চাই সেটা হচ্ছে, যৌথ বন পরিচালনা পশ্চিমবঙ্গের বন বিভাগের বন নীতির প্রথম শর্ত সেটা আপনারা পছন্দ করুন বা না করুন। সেখানে পঞ্চায়েত থাকবে, ফরেস্ট প্রটেকশন কমিটির লোকরা থাকবে। আজকে ফরেস্ট প্রোটেকশন কমিটি-২৪ হাজারের বেশি এই ধরনের কমিটিতে, ৪ লক্ষের বেশি তাদের ফ্যামিলি মেম্বার, তারা এর থেকে উপকৃত হচ্ছেন। আপনারা জেনে আনন্দিত হবেন যে '৯৭

থেকে এ পর্যন্ত ২৫ শতাংশ তাদের যা প্রাপ্য তার বাবদ ১২ কোটি টাকা তাদের আমরা দিতে পেরেছি। বাকিটা সরকারের রেভিনিউ। আপনারা সকলেই বলছেন যে শাল জঙ্গল থাকবে। কিন্তু রেভিনিউ আসবে কোথা থেকে? আপনারা জানেন যে আমাদের রাজ্যের ৩৪ শতাংশ বনভূমি কিন্তু ওয়াইল্ড লাইফ স্যানচুয়ারি। আপনারা এটাও জানেন যে '৯৬ সালের পর থেকে মাননীয় সুপ্রিম কোর্ট অর্ডার দিয়েছেন কোনওরকম গাছ কাটা চলবে না বিশেষ করে উত্তর পূর্ব অঞ্চলে। আমাদের স্টেট থেকে আমরা এফিডেবিট সাবমিট করেছি। সেখানে ওয়ার্কিং প্ল্যান সেন্ট্রাল গভর্নমেন্ট অনুমোদন করে এবং তার সাপেক্ষে কিছু কিছু ফিলিং শুরু হয়েছে। আমরা জানি যে পরিবেশের ভারসাম্য রক্ষা করতে বনভূমি দরকার। এই ১৩.৩৮টা কি করে বাড়াবেন? তাই প্রয়োজন দেখা দিয়েছে সামাজিক বনসৃজনের। আপনারা জানেন যে সংবিধানের ৭৩ তম সংশোধনের পর ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়েছে। আমরা তাই আমাদের বাজেট থেকে একটা ভাল অঙ্কের টাকা সমস্ত জেলা পরিষদকে এবং মিউনিসিপ্যালিটিগুলিকে দিতে পারছি গত দু বছর থেকে। এ বছরও আমাদের প্রভিসন আছে, এবারও সেই টাকা দেব। এই টাকা দিয়ে কাজ শুরু হয়েছে। আগেরবারের টাকা যেহেতু ৩১শে মার্চের একদিন আগে গিয়েছিল তারজন্য কাজটা শুরু হয়নি। কিন্তু এবারে একটা কর্মযজ্ঞ চলছে পশ্চিমবঙ্গের জেলা পরিষদগুলোতে। সেখানে রাস্তাঘাট, এনব্যাঙ্কমেন্টে কাজটা শুরু করে দিয়েছে সর্বত্র। তেমনিভাবে আমরা মনে করছি, আমরা ফার্ম ফরেস্ট্রি করব। আমরা বনসৃজনে সাহায্য করছি এবং এ বছর দুই কোটি চারা দিচ্ছি। জেলা পরিষদগুলোকে বলেছি চারাগুলোকে ডিস্ট্রিবিউশন করতে এই যে ১৪ থেকে ২০ পর্যন্ত যে বন মহোৎসব হবে তাতে। কারণ আমরা মনেকরি, বনসৃজনের কোনও বিকল্প নেই। আপনারা ইউক্যালিপটাস, আকাশমনি ইত্যাদির বিরুদ্ধে বলে থাকেন। কিন্তু আমরা দক্ষিণ-পশ্চিম এলাকায় লক্ষ করেছি ইউক্যালিপটাস, আকাশমনি জাতীয় স্পিসিজ তাড়াতাড়ি এবং ভালভাবে হয় এবং কম টাকা ব্যয়ে সেগুলো হয়। সেখানে অন্য স্পিসিজ করলে খরচ বেশি হবে, কিন্তু তেমন ফল পাবেন না। কাশীবাবু দেখেছেন, বাঁকুড়ায় শাল-সেগুন যেরকম হবে সেটা উত্তরবঙ্গের মতো হবে না। এটা কপিসিঙ্ক পদ্ধতিতে হচ্ছে। আশির দশক থেকে বনবিভাগ, ফরেস্ট প্রটেকশন কমিটি এবং পঞ্চায়েতের মাধ্যমে এর রক্ষণাবেক্ষণ হচ্ছে এবং এটা অত্যন্ত সাফল্যমন্ডিত হয়েছে বলে রাজ্যবাসি মনে করছেন। আপনাদেরও সেটা সমর্থন করা উচিত। আপনারা আরও একটু পিছিয়ে আসুন, কারণ হাতি নিয়ে শিশিরবাবুর চিন্তা হচ্ছে। আগে ওখানে হাতি তো ছিল না। সুদুর

অতীতে সেখানে হাতি ছিল। ইতিহাস দেখলে দেখা যাবে বাঁকুড়া, মেদিনীপুরে ওসব ছিল, কিন্তু তারপর মানুষের মূল্যহীনতার কারণে সেগুলো চলে গেছে সেখান থেকে। কিন্তু দেখবেন, আবার সেখানে হাতি আসছে এবং ৩৫টি হাতি সেখানে স্থায়িভাবে এসেছে। সেগুলো দলমা থেকে এসেছে। আমি অনুরোধ করব - হাতি যখন আসে তখন কৃষকদের ফসলের ক্ষতি হয় ঠিক কথা - সেখানে আপনারা যারা জনপ্রতিনিধি আছেন, পঞ্চায়েত এবং ফরেস্ট প্রটেকশন কমিটির লোকজন যারা আছেন, অফিসার যারা আছেন, সবাই মিলে যৌথভাবে যদি চেষ্টা করেন তাহলে কৃষকদের ফসল খানিকটা বাঁচাতে পারবেন। ময়ুরঝর্না এলিফেন্ট রিজার্ভ ফরেস্ট, ওটাকে বিশেষ হস্তি পরিচালন ক্ষেত্র বলছি। ওটা শুধু আমাদের মেদিনীপুর, বাঁকুড়ার মধ্যে সীমাবদ্ধ নয়, ঝাড়খন্ড, চাঁইবাসা, সীমলিপাল প্রভৃতি এলাকা মিলে ম্যানেজড এলিফেন্ট রেঞ্জ করে দেওয়া হয়েছে। এ বিষয়ে বিশেষজ্ঞ তাঁদের রিপোর্ট দিয়েছেন এবং তাতে আমরাও রাজি হয়েছি। এতে নিশ্চয়ই আপনারা খুশি হবেন। এবারে আমাদের অ্যাফরেস্ট্রেশনের টার্গেট ১৩,৯৯২ হেক্টর এলাকা। এটা বনভূমির মধ্যেই পড়ে, বাইরে নয়। যেখানে বন ডিগ্রেডেড হয়ে গেছে, সেখানে আমরা বৃক্ষ রোপন করছি। আর বনভূমির বাইরে, যেটা জেলা পরিষদ, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, জনপ্রতিনিধিরা যুক্ত হয়ে, পশ্চিমবঙ্গবাসিরা যেটা করবেন তার পরিমাণ ১৩,৫০৮ হেক্টর। আপনাদের পক্ষ থেকে আসা করছি এই কাজ সম্পর্কে কোনওরকম বিরোধিতা করবেন না। কেননা বন বিভাগ এমন একটা বিভাগ - আপনারা বলেছেন গুরুত্ব পায় না, না এটা আমি স্বীকার করি না। বন বিভাগ গুরুত্ব যথেষ্ট পায়। তা না হলে সোসাল ফরেস্ট্রির জন্য এই আর্থিক বছরে ৩০ কোটি ৩ লক্ষ টাকা দিতে পারতাম না। এই ৩০ কোটি ৩ লক্ষ টাকা দিয়ে আমি আশা করি ২৮ লক্ষ কর্ম দিবস তৈরি হবে। গত বছর আমরা দেখেছি ৭ লক্ষ কর্ম দিবস ইতিমধ্যে তৈরি হয়েছে, আরও ৪২ লক্ষ কর্ম দিবস তৈরি হবে বলে আশা করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই ডিমান্ডের জন্য সময় শেষ হয়ে আসছে আমি আরও ৫ মিনিট সময় বাড়িয়ে নিলাম। আশা করি এই ব্যাপারে কারো আপত্তি নেই।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্যগন যে বক্তব্য রেখেছিলেন আমি সেইগুলি মন দিয়ে শুনেছি এবং আমি আমার বক্তব্য রাখলাম। বন বিভাগের ৫২ নম্বর অভিযাচন সকলের সমর্থনপুষ্ট হয়ে পাশ করবে এই বিশ্বাস আমি রাখছি। ধন্যবাদ।

[3-00 — 3-10 p.m.]

## VOTING ON DEMAND NO. 52

The Motions that the amount of the Demand be reduced to Rs.1/- & Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.179,56,65,000 be granted for expenditure under Demand No.52, Major Heads : "2406-Forestry and wild Life and 4406-Capital Outlay on Forestry and Wild Life" during the year 2001-02 (This is inclusive of a total sum of Rs.59,85,55,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMANDS NO. 18 & 19

### Demand No. 18

**Mr. Deputy Speaker :** There are 23 cut motions to Demand No. 18. All the cut motions are in order and taken as moved;

| | |
|---|---|
| Shri Nirmal Ghosh (1)<br>Shri Subrata Bakshi (2)<br>Shri Abdul Mannan (3-4) | Sir, we beg to move that the amount of the Demand be reduced to Re.1/- |
| Shri Nirmal Ghosh (5)<br>Shri Subrata Mukherjee (6)<br>Shri Pankaj Banerjee (7)<br>Shri Deba Prasad Sarkar (8-9)<br>Shri Kamal Mukherjee (10-11)<br>Shri Ajoy De (12)<br>Shri Kashinath Mishra (13-15)<br>Shri Abdul Mannan (16-23) | Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs.100/- |

**Demand No. 19**

**Mr. Deputy Speaker :** There are 31 cut motions. All the cut motions are in order and taken as moved.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra (1)<br>Shri Subrata Mukherjee (2) | Sir, we beg to move that the amount of the Demand be reduced to Rs.1/- |
| Shri Saugata Roy (3)<br>Shri Kalyan Banerjee (4)<br>Shri Kamal Mukherjee (5-7)<br>Shri Molay Ghatak (8)<br>Shri Kallol Khan (9)<br>Shri Subrata Mukherjee (9-10)<br>Shri Kashinath Mishra (12-13)<br>Shri Pankaj Banerjee (14)<br>Shri Subrata Bakshi (15)<br>Shri Deba Prasad Sarkar (16)<br>Smt. Sonali Guha (17)<br>Shri Bimal Chakraborty (18)<br>Shri Sadhan Pande (19)<br>Shri Ajit Bhunia (20)<br>Shri Ajoy Dey (21)<br>Shri Tarak Bandyopadhyay (22) | Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs.100/- |

Shri Gyan Singh Sohanpal (23)
Shri Abdul Mannan (24-31)

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০১-২০০২ সালের জন্য ১৮ এবং ১৯ নম্বর দাবি অধীন ব্যায় বরাদ্দের মঞ্জুরি মাননীয় মুখ্যমন্ত্রী তথা সরকারি প্রশাসনিক মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য মহাশয় এনেছেন, ১৮ নম্বর দাবি অধীন ৭৭ কোটি ৫২ লক্ষ এবং ১৯ নম্বর দাবি অধীন ৬৭ কোটি ৫২ লক্ষ ৬৭ হাজার টাকা

যার মধ্যে আগে বরাদ্দকৃত ২৫ কোটি ৭৭ লক্ষ এবং ২২ কোটি ৫০ লক্ষ ৮৯ হাজার টাকা ধরা আছে আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের এবং বিরোধী পক্ষের কাট মোশনগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার মাননীয় মুখ্যমন্ত্রী এবারে একটা নূতন স্লোগান দিয়েছিলেন নির্বাচনের আগে আরও উন্নত বামফ্রন্ট সরকার উপহার দেবেন। প্রতিটি বাজেট বই-এর প্রথমে দেখতে পাচ্ছি তাঁরা বলছেন, আমরা এবারের নির্বাচনে নতুন করে জনগনের আশির্বাদ নিয়ে ফিরে এসেছি, ভাল করে কাজ করার জন্য আমরা ব্যায় বরাদ্দের দাবি পেশ করছি। কেমন করে এসেছেন, কিভাবে এসেছেন এই কথা যত কম বলা যায় ততই ভাল। যাদবপুর থেকে কেশপুর, সব পুরেই একই অবস্থা। কিভাবে এসেছেন তার ফল আপনাদের ভোগ করতে হবে, পাপের প্রায়শ্চিত্ত করতে হবে। আরও উন্নত প্রশাসনিক বন্দোবস্তের কথা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী তথা প্রশাসনিক সংস্কার বিভাগের মন্ত্রীকে সবার আগে একটা কথা বলতে চাই। আমাদের এই রাজ্যে প্রশাসনিক বিভাগে অনেক সময় অনেক সমস্যা দেখা দেয়। তারমধ্যে একটা বড় সমস্যা যেটা সেটা হল টেকনোক্রাট এবং বুরোক্রাটদের নিয়ে। টেকনোক্রাট এবং বুরোক্রাটদের ঝগড়ার ফলে আমরা অনেক সময়ে দেখছি, কাজের গতি অনেকটাই ব্যাহত হয়। যে কাজ জরুরি ভিত্তিতে করা দরকার, সেই ব্যাপারে বুরোক্রাটদের সার্কুলার বা অর্ডার দেখা যায় টেকনোক্রাটরা মানতে চান না। অথবা টেকনোক্রাটদের কোনও অর্ডার বা সাজেশন বুরোক্রাটরা মানতে চান না। এরফলে রাজ্যে বিশেষ করে যখন ন্যাচারাল ক্যালামিটিস হয়, অনেক সময়ে যা ঘটে যায় তারজন্য দ্রুত যে কাজ করা দরকার, তা করা গেল না। যারফলে মানুষকে অনেক দুর্ভোগ ভোগ করতে হয়। এর অসংখ্য উদাহরণ দেওয়া যায়। একটা উদাহরণ দিয়ে বলি, একজন এক্জিকিউটিভ একটা জায়গায় যেখানে বললেন এখুনি কাজ করা দরকার, সেখানে বুরোক্রাট বললেন, আগে টার্মস অ্যান্ড কন্ডিশনস মানতে হবে। টেন্ডার করতে হবে অথবা অন্য পথে যেতে হবে। অথচ ঐ কাজটি ঐ মুহূর্তেই - একটা বাঁধ হয়তো ঐ মুহূর্তে মেরামত করা দরকার করা সেটি করা গেল না। কাজটি অনেক পরে করা হল। পশ্চিমবঙ্গ সরকারের টাকা থাক বা না থাক, কেন্দ্রীয় সরকার টাকা দিক বা না দিক, বাঁধগুলো মেরামত করা যাচ্ছে না। একটা দুরবস্থা সৃষ্টি হচ্ছে এবং তা হচ্ছে ঐ টেকনোক্রাট এবং বুরোক্রাটদের মতামতের পার্থক্যের জন্য। বি.ডি.ও. অফিস থেকে রাইটার্স বিল্ডিংস পর্যন্ত সর্বত্র একই অবস্থা। ডব্লু.বি.সি.এস. বা আই.এ.এস. যাদের কথাই বলুন না কেন, যিনি যে পদে থাকুন না কেন, সেখানে

একটা নতুন সমস্যা দেখা দিচ্ছে। আমি বুদ্ধদেববাবুকে আপনার মাধ্যমে জানাতে চাই, এদের যে ট্রেনিং দেওয়া হচ্ছে তা কিসের জন্য দেওয়া হচ্ছে? আপনি সেই ট্রেনিং কল্যানি বা সল্টলেকে যেখানেই দেন না কেন, তা দেন কাজের গতি বাড়ানোর জন্য। কিন্তু তাদের সেজন্য ট্রেনিং দেওয়া হয় না। তার কারণ, তাকে বলা হয়, তুমি বিডিও অফিসে থাকবে, তুমি রাইটার্স বিল্ডিংসে থাকবে - যেখানেই তুমি থাক না কেন, তোমাকে আগে বুদ্ধবাবুর দল সিপিএমকে স্মরণ করতে হবে। তার আগে তুমি কাজ করতে পারবে না। এই রকম একটা বন্দোবস্ত হয়ে আছে। আমাদের রাজ্যে দেখতে পাচ্ছি যারা প্রোমোটেড ডব্লু.বি.সি.এস. বা আই.এ.এস., তাদের এমন এমন জায়গায় অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে, যারা সরকারি দলের প্রতি লয়্যাল থাকবে, অথবা তাদের কাজের গুরুত্ব বিবেচনা না করে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে। আমি এই ব্যাপারে বুদ্ধদেববাবুকে বলব, তাদের কাজের গুরুত্ব বিবেচনা না করে এইভাবে যে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে, এটা আপনি দেখুন। আপনারা বলছেন, কাজে গতি আনতে হবে - মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, মাননীয় অর্থমন্ত্রীও বলেছেন। অর্থমন্ত্রী বলেছেন, আমরা গ্রাম পঞ্চায়েতে আরও কর্মীকে সংযুক্ত করতে চাই। কতজন ছিলেন - দু'জন ছিলেন। তিনজন হয়েছে, তারবেশি নয়। সেখানে কর্মীদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার বন্দোবস্ত হচ্ছে না। পঞ্চায়েত সমিতির ক্ষেত্রেও একই অবস্থা। আর জেলা পরিষদের অবস্থা তো আরও খারাপ। জেলা পরিষদের সভাধিপতিকে ৫০টি কমিটির চেয়ারম্যান করে রাখা হয়েছে। আপনারা বলেছেন যে ৫০ ভাগ ব্যয় জেলা পরিষদের মাধ্যমেই করা হচ্ছে। কিন্তু পরিকাঠামো কোথায় - নেই। আপনার দপ্তরের অধীনে আছে পূর্ত দপ্তরের ব্যয়-বরাদ্দ। সেখানে অন্তর্ভুক্ত হয়ে আছে। সেখানে পূর্ত দপ্তরের কর্মীরা অসহায়ভাবে বসে থাকে। জেলা পরিষদের সম্মতি পেলে তবেই তারা কাজ করতে পারবে। পূর্ত দপ্তরের একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার এবং জেলা পরিষদের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের বিভিন্ন জায়গা ঘুরতে ঘুরতে সময় কেটে যায়, কোন রাস্তা ভাল, কোন রাস্তা খারাপ দেখতে অনেকটা সময় কেটে যায়। পূর্ত দপ্তরের যে পাওয়ার তা কার্টেল করা হয়েছে। এরফলে রাজ্যে কাজের গতিশীলতা কমছে। আমি এই বিষয়ে নজর দেবার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করব। এবারে আমি ভূমি সংস্কার, ল্যান্ড অ্যান্ড রিফর্মস, দপ্তরের ব্যাপারে আসছি। একটা পড়চা, সামান্য একটা লোক, সে জমি কিনবে বা জমি বিক্রি করবে, জমিটা কি অবস্থায় আছে দেখবে, এরজন্য তার পড়চা দরকার। কিন্তু এই পড়চা পেতে গেলে তাকে মিনিমাম একশো টাকা

খরচ করতে হয়। এখানে সূর্যবাবু বলেছিলেন, তিনি কম্পিউটার বসাবেন। এল.অ্যান্ড এল.আর. ডিপার্টমেন্টে তিনি কম্পিউটার বসাবেন। ওখানে কিন্তু নজর রাখা উচিত যাতে ওখানে কোনও দুর্নীতি বাসা বাঁধতে না পারে।

[3-10 — 3-20 p.m.]

এই বন্দোবস্তের ফলে সাধারণ গরিব মানুষ, কৃষক এবং মেহনতী মানুষদের কষ্টের কোনও শেষ নেই। এই বিষয়ে রাজ্য সরকার এখনও পর্যন্ত ব্যর্থ হয়েছেন। শুধু ২৫ বছরের রজত জয়ন্তী বর্ষপূর্তি করলেই ভাল হবে না। এর থেকে বেরিয়ে আসবেন কি করে ভাবুন। আরেকটি কথা বলতে চাই পশ্চিম দিনাজপুর জেলা ভাগ করা হয়েছে ভাল কথা, ২৪ পরগনা ভাগ করা হয়েছে ভাল কথা, নিশ্চয় ভাগ করার প্রয়োজন ছিল তাই ভাগ করলেন। তার আবার কতগুলো সাব ডিভিশন যেমন চাঁচল ইত্যাদি করলেন। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বাবু যখন ছিলেন তখন তাঁর বাজেটে ঘোষণা করেছিলেন মেদিনীপুর জেলা ভাগ হবে। তারপরে আপনিও মুখ্যমন্ত্রী হিসাবে এসেছেন, আপনার বাজেটে মেদিনীপুর জেলা ভাগের কথা নেই। মেদিনীপুর জেলা সবচেয়ে বড় জেলা, এই জেলাকে ভাগ করতে গেলে একটা ভাগ করলে হবে না, অনেকগুলো ভাগ করতে হবে। সেখানে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এইরকম ভাবে ভাগ করতে হবে। আপনারা কি সেই ভাগের কথা ভেবেছেন একবারও। আপনারা ভাবতে পারেন নি কেননা রাজনৈতিক কারণে। কোন নেতা মেদিনীপুর অঞ্চলে খবরদারি করবেন আর কোন নেতা হলদিয়া অঞ্চলে খবরদারি করবেন সেটা এখনও মোকাবিলা করে উঠতে পারেন নি বলে ভাগও আজ পর্যন্ত করা হল না। স্যার, বর্ধমান জেলা আরেকটি বড় জেলা, সেই বড় জেলা ভাগ করার ক্ষেত্রে এই ব্যয়বরাদ্দের মঞ্জুরিতে কিছু বলা হল না। বর্ধমান জেলা ভাগ করতে গেলে শুধু সাব ডিভিশন করলেই হবে না, সাব ডিভিশনও ভাগ করতে হবে। আপনারা বাংলাদেশের নমুনা গ্রহণ করুন। বাংলাদেশ একটা দুর্বল দেশ কিন্তু তাঁরা ইউনিটগুলো অনেক ছোট ছোট করেছে। কেন তাঁরা ছোট করেছে - তাতে আইনশৃঙ্খলা সমস্যা অনেকটা এবং সর্বক্ষেত্রের সমস্যা সমাধান করা যাবে। আইন শৃঙ্খলা সমস্যার সমাধানের ক্ষেত্রে কি মার্কসবাদ বলুন, কি ফরোয়ার্ড ব্লক, আর এস পি, কংগ্রেস তৃণমূল সবাই একই কথা বলেছেন। যথার্থ কথাই বলেছেন, আপনার ইউনিটগুলো ভাগ হলে পরেই সমস্যা অনেকটা সমাধান হতে পারবে। একটার পর একটা সাব-ডিভিশন বিরাট হয়ে গেছে। সেখানে আপনারা অনেক

জায়গায় তৈরি করেছেন কিন্তু এক্ষেত্রে আবার আমি আপনাদের একটা কথা বলব সেটা হচ্ছে একটা কমিটি আপনারা তৈরি করুন, কমিটি তৈরি করা দরকার। এটা নিজেদের ইচ্ছামত রাজনৈতিকভাবে কোন জেলা ভাগ হবে, কোন জেলা ভাগ হবে না সেভাবে নয়। সেখানে কমিটি ঠিক করবে কোন জেলা ভাগ হবে, কোন জেলার সাব ডিভিশন বাড়ছে কোন ব্লকে হবে, কোথায় কোন ব্লক হবে ইত্যাদি সবকিছু কমিটি তৈরি করে সর্বদলীয় কমিটি হলে ভাল হয়, তারাই ঠিক করবে। সেখানে তাদের রায়, এক্সপার্টসদের রায় - কোন জেলা ভাগ করা উচিত, কোন জেলার সাব ডিভিশন ভাগ করা উচিত তাঁরাই ঠিক করবেন। মাননীয় মুখ্যমন্ত্রী ভিজিলেন্স কমিশনের কথা বলেছেন শুনে আনন্দ পেলাম। অন্তত কিছু কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছেন যারা এতোদিন ধরে দুর্নীতি করেছেন। তাদের বিরুদ্ধে আপনারা শাস্তি নেবার চেষ্টা করছেন। এবং তাতে আপনি কিছু কিছু উদাহরণও দিয়েছেন যে আমরা করছি। আপনারা ৯০০ টির উপরে কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ পেয়েছেন, ৩০০ টির উপরে ভিজিলেন্স কমিশনে আছে, তাদের বিরুদ্ধে তদন্ত করতে পেরেছেন। বাকিগুলোর বিরুদ্ধে এখনও কোনও ব্যবস্থা নেওয়া যায়নি। আমার সামনে যে রিপোর্ট, লেটেস্ট রিপোর্ট, ফর দি ইয়ার ১৯৯৮-৯৯ সালের। সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী আপনি বলেছেন - আপনার লেখা থেকে পড়ছি, আপনার বিবৃতি থেকে পড়ছি সেখানে আপনি আপনার বাজেট বিবৃতির ৯নং প্যারায় বলছেন - কমিশনের ২০০০ সাল পর্যন্ত সমস্ত বার্ষিক প্রতিবেদনই পাওয়া গেছে এবং ১৯৯৯ সালের প্রতিবেদন ব্যাখ্যামূলক স্মারক সহ চলতি অধিবেশনে পেশ করা হবে। উনি ২০০০ সালের রিপোর্ট পেয়ে গেলেন। আজকে যখন এই যে আলোচনা হচ্ছে সেখানে ১৯৯৯ সালের রিপোর্টই পেলাম না, ২০০০ সাল তো দূরের কথা। তারপরে তো ওই আলোচনায় অংশগ্রহণ করতে পারব। যখন কোনও বিষয়ে আমরা আলোচনা করি তখন সেই বিষয়টা আমাদের টেবিলে এসে যায়। মাননীয় মুখ্যমন্ত্রীর এই যে রিপোর্ট, তিনি যেটা দিয়েছেন ২০০০ সাল অবধি উনি দিয়েছেন কিন্তু আমার কাছে ১৯৯৮ সালের রিপোর্ট আছে, তার ওপরেই আলোচনা করছি। এর পরের সালের যখন পাব তখন আমরা আমাদের সুরে গাইব আপনি আপনার সুরে গাইবেন। এই সরকারি কর্মচারীদের মধ্যে একটা শ্রেণী যারা আপাদমস্তক দুর্নীতিতে ডুবে আছে, যাদের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশন কিছু করতে পারছে না। এই ভিজিলেন্স কমিশন কিভাবে তাদের সাহায্য করছে বলার নয়। এই ভিজিলেন্স কমিশন যখন তৈরি হয়েছিল তাতে বলা হয়েছিল সমস্ত ডিপার্টমেন্ট তাদের নথিপত্র সরবরাহ করবে,

করতে তারা বাধ্য। সেখানে তারা বলেছেন তাদের দিতে হবে। ভিজিলেন্স কমিশনের রিপোর্টে তারা বলছেন to call for reports, returns and statements from all departments corporate undertakings under the control of the State Government so as to enable it to exercise general check and supervision. আর প্রত্যেকটি ক্ষেত্রে স্যার, আমি রিপোর্ট পড়ছি, আমি এখানে রিপোর্টটা পড়ে শোনাচ্ছি In 1985 Vigilence Commission received an anonymous petition against some officers of P.H. Engineering Directorate, West Bengal regarding their unlawful act in allowing the auctioner to take delivery of new materials instead of old unserviceable items from the stores at Calcutta. সেখানে স্যার, বলা হয়েছে পুরনো মালগুলি দেওয়ার কথা ছিল সেখানে নূতন মাল দিয়েছেন। আমি আর একটি পড়ছি A complaint was forwarded to us in 1984 by Chief Minister's Secretariat against some staff of a Hospital in Midnapore alleging participation of those staff in political canvassing as well as theft of govt. medicines, equipment etc. from stores." স্যার, এখানে যেটা বলা হয়েছে, ওরা বার বার চাইছে কাগজপত্র, ডিপার্টমেন্ট থেকে চাইছে, ডিপার্টমেন্ট দেয়নি। ভিজিলেন্স কমিশন জানতে চাইল, ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটির কাছ থেকে খবর পেয়ে, একজিকিউটিভ ডিপার্টমেন্টাল অথরিটির ছেলেকে কন্ট্রাক্ট পাইয়ে দেবার চেষ্টা করেছিলেন। ফলে পর পর রিপোর্ট না পাওয়াতে The Commissioner had no other alternative but to close the matter for non-cooperation and reluctance on the part of the public Health Engineering Department and Directorate in vigilence matters." স্যার দিলেন না তাদের কাগজ। তাই আজকে আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি নিজে চেষ্টা করছেন কর্মসংস্কৃতি ফিরিয়ে আনার জন্য। আপনাকে তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি শুধু একটা রিপোর্ট আপনার কাছে পড়ে শোনাতে চাই, কিন্তু সময়ের অভাব, তাই আপনার কাছে এটুকু বলছি, ন্যাশনাল এমপ্লয়িজ ফেডারেশন তারা গভর্নর এর কাছে স্মারকলিপি দিয়েছিল, সেখানে তারা দাবি জানিয়েছিল। সেই স্মারকলিপি দিয়েছিল ২২।২।০১ তারিখে, তার মাত্র ৬ দিন পরে অর্থাৎ ৮।২।০১ তারিখে স্মারকলিপি প্রিন্সিপাল সেক্রেটারি টু দি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল পি আর এবং প্রিন্সিপাল সেক্রেটারি

হেলথ এর কাছে পাঠিয়ে দিলেন গভর্নরের সেক্রেটারি। তারপরে চার মাস পড়ে রইল। চার মাস পরে ১৫ই মে তারিখে ডি.গুপ্ত প্রেসিডেন্টকে ডেকে পাঠিয়ে অর্ডার দিলেন। সেই কাগজে সই করা নেই এইরকম অর্ডার পাঠিয়ে দিলেন। তাই আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমাদের কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮ ও ১৯ নম্বর দাবির অধীনে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য মহাশয় যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধিদের সমস্ত ছাঁটাই প্রস্তাবকে বিরোধিতা করে আমি দু-একটি কথা বলতে চাই। স্যার, এটা ঠিকই এবারে নির্বাচনের আগে বামফ্রন্টের পক্ষ থেকে বলা হয়েছিল আরও উন্নততর বামফ্রন্ট সরকার গঠিত হবে। আমাদের বিরোধিরা কি বুঝেছেন জানিনা এবং সঠিকভাবে উন্নততর বামফ্রন্টের কথা বলা হয়েছিল বলে আমাদের মুখ্যমন্ত্রী নূতন করে দায়িত্ব নেওয়ার সঙ্গে সঙ্গে প্রশাসনিক ক্ষেত্রে যে স্লোগানটা দিয়েছেন তা আপনারা সকলেই জানেন। স্যার, ডু ইট নাউ, ডু ইট নাউ। এটা স্যার, আকাশ থেকে পড়েনি, তার জন্য তার প্রস্তুতি, তার পরিকাঠামো তার জন্য নূতন করে চিন্তা-ভাবনা সেটা আগে থেকে শুরু হয়েছে।

প্রশাসনকে আরও গতিশীল করার জন্যই বলা হয়েছে 'ডু ইট নাও' এবং সেটা বাস্তবে কার্যকর হচ্ছে সেটাও আমরা দেখতে পাচ্ছি। আমাদের বিরোধী সদস্যদের একটু অসুবিধা আছে, কারণ ওরা ২৫ বছর ধরে ক্ষমতার বাইরে থাকার ফলেই এটা হয়েছে। আমি গত পাঁচ বছর ধরে এম.এল.এ আছি, আমি ১৯৭৮ সাল থেকে প্রসিডিংস্ দেখছিলাম, বামফ্রন্ট সরকার মানুষের জন্য কোন ভাল কাজ করছে সেটা ওরা দেখতে পাচ্ছেন না। পঁচিশ বছর ধরে সর্বক্ষেত্রে খারাপ দেখতে দেখতে এমনভাবে মানুষের কাছে বক্তব্য রাখছেন যেন পশ্চিমবাংলা সারা দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে রসাতলে চলে যাচ্ছে। আর ভোটের পরে ওরা একটা কথা বলছেন - ধান ভাংতে শিবের গীত গাইছেন - এই সরকার নাকি কারচুপি করে এসেছে। আমি এই কথা বলছি না। মানুষ ওদের ভোট না দিলেই কারচুপি, আর ভোট দিলেই সব ঠিক আছে। ভারতবর্ষের নির্বাচন কমিশনার বলেছেন - শুধু একবার নয়, বার বার বলেছেন - পশ্চিমবাংলায় শুধু প্রধান নির্বাচনী অফিসার নয়, সামগ্রিক

প্রশাসন, এখানকার মুখ্য সচিব থেকে শুরু করে সবাইকে তিনি ধন্যবাদ জানিয়েছেন। কিন্তু এসব ওরা দেখতে পাননা। মুখ্য নির্বাচন কমিশনার সারা ভারতবর্ষের সঙ্গে তুলনা করে দেখতে পেয়েছে, বুঝতে পেরেছে এই রাজ্যের প্রশাসন যেভাবে নির্বাচন পরিচালনা করে তা সারা ভারতবর্ষে খুঁজে পাওয়া যায়না। সেইজন্যই তারা বার বার সার্টিফিকেট দিয়েছেন। এটা ওদের অপছন্দ। তাই ওরা বলেছেন মুখ্য নির্বাচন কমিশনার নাকি সি.পি.এম. হয়ে গেছে। কেন্দ্রীয় সরকার তো মুখ্য নির্বাচন কমিশনার ঠিক করেন, আমরা তো নই। 'ডু ইট নাও' এই স্লোগান এখানে সম্পূর্ণভাবে কার্যকর হয়েছে এবং তার পটভূমি আগে থেকেই তৈরি হয়েছে। সেটা কতগুলি বিষয় পর্যালোচনা করলেই দেখা যায়। দেশের মধ্যে আর কোনও রাজ্যে এইরকম উদাহরণ আছে কিনা জানিনা, আমাদের এখানে প্রশাসনিক সংস্কারের জন্য অশোক মিত্র কমিশন গঠন করা হয়েছিল এবং সেই কমিটির পক্ষ থেকে ৯০টি সুপারিশ করা হয়েছিল, তারমধ্যে ৭৮টিই সরকার গ্রহণ করেছে, কার্যকর করেছে। এই কার্যকর করার মধ্যে দিয়েই আমরা দেখছি বড় বড় মহকুমাগুলিকে ভাগ করা হয়েছে। ১৩টি মহকুমা ভেঙে নতুন মহকুমা তৈরি করা হয়েছে। উত্তর ২৪ পরগনা জেলা ভাগ করা হয়েছে, পশ্চিম দিনাজপুর জেলাকে ভাগ করা হয়েছে। মেদিনীপুর জেলাকে ভাগ করার চিন্তা আছে। কিন্তু ম্যাপের উপরে পেন্সিল দিয়েতো একটা জেলাকে ভাগ করা যায়না। যেমন কয়েকটি রাজ্যের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার করে দিলেন - ছত্রিশগড় করলেন, ঝাড়খন্ড করলেন। গোটা বিহারের অর্থনীতি আজকে ধ্বসে পড়বে। ঝাড়খন্ডের হাতে সমস্ত খনি অঞ্চল, শিল্পাঞ্চল চলে যাবে। তেমনি একটা জেলাকে ভাগ করতে হলেও তার সামাজিক, আর্থ সামাজিক অবস্থা বুঝতে হবে। দেখতে হবে তার পরিকাঠামো কতটা আছে, কতটা গড়ে তুলতে হবে। কোনও জেলা বা মহকুমাকে ভাগ করতে হলে এসব বিচার-বিবেচনা করতে হবে। যেমন উত্তর ২৪ পরগনা এতদিন ভাগ হয়েছে, কিন্তু পূর্ণাঙ্গভাবে সব পায়নি, আস্তে আস্তে হচ্ছে। এই হাউসেই আপনাদের কাছ থেকে নানারকম প্রস্তাব এসেছে - কেউ বলছে মেদিনীপুর দু ভাগ হবে, কেউ বলছেন তিন ভাগ। জনপ্রতিনিধিদের মত কি? মেদিনীপুর জেলাকে কি ভাবে ভাগ করতে হবে, কোন কোন অঞ্চলে ভাগ করতে হবে, কিভাবে তার ভারসাম্য রক্ষা হবে, এসব দেখে, পরীক্ষা করে করা উচিত। সৌগতবাবু বলেছিলেন, আগের বছরও বলেছিলেন, সারা দুনিয়াতে যখন ইনফরমেশন টেকনোলজি, কম্পিউটার ব্যবহার করে প্রশাসনকে গতিশীল করা হচ্ছে, তখন আপনারা বসে আছেন। না, এখানেও কম্পিউটার লাগানো হয়েছে। শুধু তাই

নয়, জেলার সঙ্গে ভি.ডি.ও. কনফারেন্স হচ্ছে। আধুনিক বিজ্ঞান, প্রযুক্তিকে আমরা ব্যবহার করছি প্রশাসনে গতি আনার জন্য। এই বামফ্রন্ট সরকারই এটা করেছে, এটাই উন্নততর বামফ্রন্ট সরকার। এইগুলো আপনাদের চোখে পড়ে না। ২৪ বছর ধরে শুধু কিছু না, কিছু না করতে করতে, আর পশ্চিমবাংলা ধ্বংস হয়ে গেল করতে করতে আপনাদের এক ধরনের মানসিক বিকৃতি এসে গেছে, আপনারা কোনও ভালো জিনিসই দেখতে পান না। এইজন্যই মানুষ বারে বারে আপনাদের উপযুক্ত জবাব দিচ্ছে আর মানুষের সেই রায়কেও আপনারা মেনে নিতে পারেন না। এমনই একটা দল, একটা গোষ্ঠী পশ্চিমবাংলায় আছে। প্রশাসনকে আরও গণমুখি করতে এবং গতিশীল করতে বি.ডি.ও. থেকে আরম্ভ করে আই.এ.এস., ডব্লু.বি.সি.এস, সকলকেই শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের একটি রিপোর্টে উল্লেখ আছে সারা ভারতবর্ষের মধ্যে ৮টি রাজ্যে এই ধরনের শিক্ষার ব্যবস্থা আছে, তার মধ্যে পশ্চিমবাংলা একটি। এতে আপনাদের গর্ব হয় না, কিন্তু আমাদের হয়। সেই শিক্ষা ব্যবস্থা যাতে সুষ্ঠুভাবে, যোগ্য, উপযোগী হয়ে ওঠে তার চেষ্টা চলছে। প্রাকৃতিক বিপর্যয়ের সময় অনেক ক্ষেত্রে আমরা অসহায়, সেটা মিথ্যে নয়, কিন্তু প্রশাসন যাতে উপযুক্ত ব্যবস্থা নিতে পারে তার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা হচ্ছে। কোথায় দেখতে পেলেন বুরোক্র্যাট, টেকনোক্র্যাটের ঝগড়া জানিনা। এরজন্য স্টেট লেভেলে একটা অ্যাডভাইসরি কমিটিও আছে। বিভিন্ন ক্ষেত্রে যারা দক্ষ, শিক্ষা ক্ষেত্রে, অর্থনীতির ক্ষেত্রে, প্রশাসনিক ক্ষেত্রে - তাদের নিয়ে একটা উপদেষ্টা পর্ষদ গঠন করা হয়েছে। তারা এই ধরনের কাজ দেখবে। আজকে টাস্কফোর্স গঠন করা হয়েছে শুধুমাত্র কর্মচারিদের হাজিরা দেখার জন্য নয়। ওরা বলে কো-অর্ডিনেশন কমিটি, কো-অর্ডিনেশন কমিটি। হ্যাঁ, এটা পশ্চিমবাংলার গর্ব। প্রশাসনকে গতিশীল রাখতে, আপনাদের ষড়যন্ত্র রুখতে তারা উপযুক্ত ভূমিকা পালন করছে, তারা মানুষের সেবা করছে, সেইজন্য আমাদের গর্ব, আপনাদের জ্বালা হতে পারে। সর্বক্ষেত্রে যাতে হাজিরা ঠিক হয়, কাজ ঠিক হয়, সেইজন্য দক্ষ প্রশাসকদের নিয়ে, সচিবদের নিয়ে টাস্কফোর্স গঠিত হয়েছে। তারা বিভিন্ন দপ্তরে যাবেন, জেলায় যাবেন, তদারকি করবেন। যাতে নিয়মিত রিপোর্ট আসে তার ব্যবস্থা আছে। উন্নততর বামফ্রন্ট আমরা দিতে পারব আগামী পাঁচ বছরে, মানুষ তা উপলব্ধি করতে পারবে। আপনারা তো মানুষের রায় হজম করতে পারেন না, তাই চিৎকার করেন। ভারতবর্ষের একটা রাজ্যেও আছে 'অভিযোগ সেল'? এখানে আছে। তারা শুধু অভিযোগই শুনবেন না, ব্যবস্থাও নেবেন। এক্ষেত্রেও আমি কম্পিউটার প্রয়োগের কথা বলব

এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব সেই ব্যাপারটা দেখবেন। প্রশাসনে বাংলার ব্যবহার সাধারণ মানুষের ক্ষেত্রে অত্যন্ত জরুরি। ইতিমধ্যে অনেক জায়গায় হয়েছে। জেলা দপ্তরে হয়েছে, বি.ডি.ও. অফিসে হয়েছে, সেখানে বাংলায় কাজ হচ্ছে। পরিকাঠামো তৈরি হচ্ছে, বাংলায় শব্দ তৈরি করা হচ্ছে। এইগুলো তো আপনাদের চোখে পড়ে না। বাংলার মানুষের চোখে পড়ে, তাই তারা বার বার আমাদের বিপুল ভোটে জয়ী করেন। প্রশাসনকে গতিশীল করার জন্য এবং দুর্নীতিমুক্ত করার জন্য ভিজিলেন্স কমিশন আছে। অনেক প্রথাগত পদ্ধতির মধ্যে দিয়ে আমাদের যেতে হয়। পশ্চিমবাংলার প্রশাসনের মতো দুর্নীতিমুক্ত প্রশাসন ভারতবর্ষে আর পাবেন না। চেন্নাইতে কি হচ্ছে আমরা দেখতে পাচ্ছি, একবার জয়ললিতাকে জেলে পুরছে, আবার পরে করুণানিধিকে জেলে পুরছে। এই রাজ্যে এখনও পর্যন্ত তা হয়নি। তাই এই বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ১৮ এবং ১৯ নং দাবির অধীনে যে ব্যয়বরাদ্দ মঞ্জুরের প্রস্তাব রেখেছেন তার বিরোধিতা করে এবং ছাঁটাই প্রস্তাবের সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

গত বছর এই ব্যয়বরাদ্দের ব্যাপারে আমি একটা সাজেশন দিয়েছিলাম যে, এই ব্যয়বরাদ্দে শুধুমাত্র স্বরাষ্ট্র দপ্তরের এবং জেলার ব্যয়বরাদ্দগুলোই থাকা দরকার, এখানে পূর্ত দপ্তর, খাদ্য দপ্তর, বিভিন্ন দপ্তরের ব্যয়বরাদ্দ থাকা উচিত নয়। মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকারও করেছেন। অন্যান্য দপ্তরের বাজেট, সেইসব দপ্তরের বাজেটেই যাক।

এ যেন দেখছি ঘোড়ার আগেই গাড়ি এসে গেল আগেই মঞ্জুর করে দিতে হবে, পরে সাফল্যের বিবরণ দেবেন। সেও কবে দেবেন জানি না। আপনারা ব্যয় সংকোচের কথা বলছেন। বলছেন নন প্ল্যানে প্ল্যানের টাকা পাওয়া যায় না। একটাতে দেখছি ৪ কোটি টাকা আর একটাতে তিন কোটি টাকা বাড়ানো হয়েছে।

[3-40 — 3-50 p.m.]

অর্থাৎ এগুলি কিন্তু আর কিছু নয়। মাথাভারি প্রশাসনের জন্য নন প্ল্যান বাজেটে ব্যয়বরাদ্দ বাড়ানো। একদিকে মাথাভারি প্রশাসনের জন্য কমানোর প্রস্তাব দেওয়া হয়েছে, অন্যদিকে আরও একজন সচিবের পদ সৃষ্টি করা হবে। কারণ

প্রশাসনিক সংস্কারের সুবিধা হবে। প্রশাসনিক সংস্কার বলতে বিস্তৃতি বোঝায় না। যা আছে, তারমধ্যে থেকেই কিছু বাদসাদ দিয়ে যে সারবস্তু, সেটাকে রাখতে হবে। আরও একটা নতুন সচিবের পদ সৃষ্টি করা হবে। ব্রিটিশ আমলে ৫ জন ছিল। স্বাধীনতার পরে ১৩ জনকে নিয়ে কংগ্রেস শুরু করেছিল। আজকে ৫০ এর উপরেও সচিবের সংখ্যা। ভারতবর্ষে যখন ১০ জন সচিব কমানো হচ্ছে যাতে করে জনসাধারণের জন্য ব্যয় করার জন্য, প্রতি বছর ২ পারসেন্ট করে কর্মী কমানোর কথা বলা হয়েছে যাতে করে জন সাধারণের প্ল্যানের জন্য বেশি টাকা খরচ করা যায়। সেখানে এই পশ্চিমবঙ্গ সরকার এর বিকল্প অর্থনীতির মানে দাঁড়াচ্ছে মাথাভারি প্রশাসন বাড়ানো। বামফ্রন্টের এতবড় মন্ত্রীসভা খুব কমই আছে। কংগ্রেস আমলে কখনই ছিল না। এই নির্বাচনের আগে উন্নততর বামফ্রন্টের কথা বলা হয়েছিল। তখন দাবি করা হয়েছিল যে, জনসাধারণ আমাদের পক্ষে রায় দেবে। জনসাধারণ কোথায় আমরা জানি না। তারা কেশপুরে আছে, না যাদবপুরে আছে তাও জানি না। তবে আমরা দেবদুতদের কথা শুনতে পেয়েছি। তারা সল্টলেক স্টেডিয়ামে আছে। কিশোরভারতীতে আছে, যাদবপুরে আছে। এই দেবদুতরা কারা। তাদের কিভাবে রাখা হয়েছিল সেই সম্পর্কে আজকে পত্রিকায় মুখ্যমন্ত্রীর একটা প্রিয় পত্রিকায় লেখা আছে যে, যে সিজার লিস্ট করা হয়েছে, সেটা সি আই ডিকেও দেওয়া হয়েছে, তাতে বলা হয়েছে যে শুধু আগ্নেয়াস্ত্র নয়, সেখান থেকে দু বস্তা খালি বিলেতি ব্র্যান্ডের মদের বোতল পাওয়া গেছে। তারা মার্চ মাস থেকে সেখানে ছিল। এই ব্যাপারে আমাদের মুখ্যমন্ত্রী বিস্তারিতভাবে বলবেন আশা করছি। আমরা দেখেছি যে, নির্বাচনের পরে একটা জাম্বো মন্ত্রীসভা হল। সেই মন্ত্রীসভার সদস্যরা কোথায় বসবেন তাই নিয়ে মারপিট শুরু হয়ে গেল। বিজনেস রুল অনুযায়ী এটা করার কথা পি ডব্লু ডি মন্ত্রীর। তিনি বললেন আমি কিছু জানি না। একজন মন্ত্রী সকালে একটা ঘরে এসে টেবিলে বসলেন। আবার বিকালে সেই একই ঘরে অন্য আর একজন মন্ত্রী এসে বাইরে তার নেমপ্লেট লাগিয়ে বসে গেলেন। আর একজন মন্ত্রী রাগ করে সুন্দরবনে ভ্রমণে চলে গেলেন। তিনি বলে গেলেন যে, আমার ঘর ঠিক না হলে আমি আসব না। এই তো কর্মসংস্কৃতির প্রাথমিক নমুনা। দিনের পর দিন এই হয়ে চলেছে। মন্ত্রীসভার যৌথ দায়িত্ব পার্লামেন্টারি ডেমোক্র্যাসির সবচেয়ে বড় কথা। আজকে দেখলাম জনৈক মন্ত্রী দিল্লি থেকে বললেন, যেদিন যুবভারতী থেকে ডাকাতদল ধরা পড়ল, সেদিন তিনি কাগজে বিবৃতি দিয়ে বললেন প্রতিদিন রাজ্যে যেভাবে ডাকাতি হচ্ছে, পুলিশ সেভাবে কোনও ব্যবস্থা নিচ্ছে না। কেউ খুন হলে

৫ দিন পরে পুলিশ আসে। তাহলে গতকাল কি এমন তাগিদ ছিল ওদের ধরার? পুরো ঘটনাটা যেভাবে ঘটেছে, তাতে আমি বিস্মিত। বিশেষ কোনও উদ্দেশ্যই এই ঘটনা ঘটানো হয়েছে। পুলিশমন্ত্রী কে? কাকে তিনি চ্যালেঞ্জ করেছেন? মুখ্যমন্ত্রীরই একজন সহকারি মুখ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ করেছেন যে, বিশেষ উদ্দেশ্য নিয়ে এই ঘটনা ঘটানো হয়েছে। তিনি আরও বলেছেন দেশ থেকে আইন শৃঙ্খলা উবে গেছে। আমার ছেলেরা ক্রিমিনালকে ধরে পুলিশকে বলে যে ওদের ঢোকান, তখন পুলিশ তাদের ছেড়ে দেয়। সেই পুলিশই ক্রিমিনাল ধরতে যুবভারতীতে ঢুকে পড়ল। ক্রিমিনালের নাম খাতায় ওঠে না। আমি যেটা বলছি সেটা হচ্ছে মুখ্যমন্ত্রী যে বিবৃতি দু দিন আগে দিয়েছেন, সেই বিবৃতিতে তিনি পরিস্কার বলেছেন যে, এই মন্ত্রী অসত্য কথা বলেছেন - কাউকে গ্রেপ্তার করা হয়নি যুবভারতীতে, সেটা নাকচ করে দিয়েছেন। যদিও আমাদের হিসাবে আরও বেশি। তবে ৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বাকি ১২ জনকে জিজ্ঞাসাবাদ করে ছেড়ে দেওয়া হয়েছে। ক্রীড়ামন্ত্রী বলছেন মাত্র একজন দম্পতি ওখানে ছিলেন। চাকরির জন্য ছিলেন। ক্রীড়ামন্ত্রী হয় কিছু জানেন না, নাহলে তিনি ন্যাকা সাজছেন। ওখানে কে এটা করেছেন? মুখ্যমন্ত্রীর বিবৃতিতে জনৈক তাপসবাবু, তিনি একজন একজিকিউটিভ সেক্রেটারি, তাকে ধরা হয়েছে। আরও একজন এর নাম উঠেছে - জনৈকা রমলা চক্রবর্তী। আমি জানি না, রমলা চক্রবর্তীকে কেন ধরা হচ্ছে না। মুখামন্ত্রী বলছেন যে পুলিশের কাজে তিনি সন্তুষ্ট নন। হাওড়া জেলা পুলিশ ঠিকমতো তদন্ত করেনি, যদিও তারাই প্রথম অপরাধিদের ধরেছে। মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়েছেন যে, যেহেতু পুলিশ তদন্তের কাজে সন্তুষ্ট করতে পারেনি তাই সি.আই.ডিকে দিয়ে তদন্ত করানো হচ্ছে। যেন সি.আই.ডি রা অন্য গ্রহ থেকে এসে তদন্ত করবে, তারা যেন পুলিশ ক্যাডারের মধ্যে পড়ে না। সি.আই.ডি'র ট্র্যাক রেকর্ড তো আমরা জানি, সে তো আমরা দেখেছি ভিখারি পাশোয়ানের ক্ষেত্রে, সে আমরা দেখেছি ছোট আঙারিয়াতে। সি.বি.আই আসতেই সি.আই.ডি'র মুখোশ খুলে গিয়েছে। আজ পর্যন্ত খেজুরিতে সুজাতা দাসের রিপোর্ট সি.আই.ডি দেয়নি। মুখ্যমন্ত্রী বলেছেন যে তিনি দলের মুখ্যমন্ত্রী নন, তিনি সমস্ত জনসাধারণের মুখ্যমন্ত্রী। আমরা এটাকে স্বাগত জানাই। তিনি সমগ্র পশ্চিমবঙ্গবাসির মুখ্যমন্ত্রী। কিন্তু তিনি তাঁর দলের ব্যাপারে কি করবেন সেটা তাঁর নিজের ব্যাপার। তিনি তাঁর মন্ত্রীসভাকে ঠিক করে সাজান। এইরকম অপরাধিদের তাঁর মন্ত্রীসভার একজন মন্ত্রী যে প্রশ্রয় দিচ্ছেন, সেই মন্ত্রীসভা পশ্চিমবঙ্গবাসির কোনওরকম আস্থা অর্জন করতে পারবেন না। সুভাষকে বর্জন করে তিনি জনগণের বিশ্বাস অর্জন

করার চেষ্টা করুন। এখানে যে দুটো বরাদ্দ আছে ১৮ নম্বর, ব্যয়বরাদ্দ সেখানে ৪ কোটি টাকা বাড়ানো হয়েছে। হোম ডিপার্টমেন্টে যেটা বেতন খাতে সেখানে দু বছর আগে ৯ কোটি ২৬ লক্ষ টাকা ছিল সেটাকে করা হয়েছে ৬ কোটি ৯১ লক্ষ টাকা তিন কোটির কাছাকাছি কমে যাচ্ছে। বেতন কি করে কমে যায়। অন্যান্য ভাতা ঠিক আছে। বেতন কি করে কমে যাবে? যেখানে আরেকটা নতুন সচিব এর পদ সৃষ্টি করা হচ্ছে। পূর্ত দপ্তর, ভূমিরাজস্ব দপ্তর সব হিসাব দেওয়া আছে তাতে কিন্তু বেতন বেড়েছে। আর বেতন তো বাড়বেই। কর্মচারীর সংখ্যা বাড়ছে, ইনক্রিমেন্ট বাড়ছে, বেতনের স্কেল বাড়ছে বেতন কি করে ৩ কোটি টাকা কমে গেল। অর্থমন্ত্রীর এই সমস্ত জাদু বুঝতে পারা যায় না। এটা মুখ্যমন্ত্রী বলবেন। আরেকটা সবচেয়ে বড় সেটা হচ্ছে অভিযোগ গ্রহণ এবং নিরসনের জন্য অনেক ঢাকঢোল পিটিয়ে কলকাতা তথ্যকেন্দ্র খোলা হয়েছে কিন্তু দেখা গেল সেই তথ্যকেন্দ্রে হাজার হাজার অভিযোগ জমা পড়ছে কিন্তু সেই সমস্ত অভিযোগ এর কোনও সুরাহা হচ্ছে না। অতএব সেই কেন্দ্র তুলে দেওয়া হল। তুলে দিয়ে সেটাকে রাইটার্স বিল্ডিংস নিয়ে আসা হল। সেখানেও সেই একই অবস্থা। হাজার হাজার অভিযোগ জমা পড়ছে কিন্তু সমাধানের কোনও জবাব নেই। একই গয়ংগচ্ছ নীতি। নতুন করে আর এইসব বলে লাভ নেই। যদিও কর্মচারিদের দায়বদ্ধতার কথা বার বার বলা হয়। সত্যিই যে কর্মচারিরা দায়বদ্ধ হয়েছে এটা আমরা দেখতে পাচ্ছি না। আরও বলেছেন হাজিরার বিষয়ে। এটা একটা দেখার ঘটনা। আমি গতকালের একটা পত্রিকা থেকে বলছি, আমাদের মুখ্যমন্ত্রীর খুব প্রিয় পত্রিকা। এখানে মুর্শিদাবাদ জেলার ৫টা ব্লকের চিত্রকে তুলে ধরা হয়েছে। জেলা ম্যাজিস্ট্রেট এবং জেলার সভাধিপতিকে নিয়ে যাচ্ছে হাজিরা পরিদর্শন করার জন্য। মুর্শিদাবাদ জেলার ৫টা ব্লকে গিয়ে তার মধ্যে ডোমকল, রানিনগর (১), (২) সূতী এখানে গিয়ে দেখেন যে বি.ডি.ও আসেনি। একটা জায়গাতেও ৭৫ থেকে ৮০ ভাগ কর্মচারী সময়মতো অফিসে আসেন না। মানুষ আসছে কিন্তু কাজ হচ্ছে না। আপনারা কর্মসংস্কৃতি উন্নত করবেন, আমরা সবাই দেখছি অনেক রকম সার্কুলার করা হচ্ছে। কিন্তু আলটিমেটলি এতে কিছুই হচ্ছে না। এটা এই জেলার রিপোর্টেই দেখতে পাচ্ছি। এই রিপোর্ট দেখলে বোঝা যাবে যে সরকারি কাজে বাংলা ভাষা ব্যাপক ব্যবহার করতে গিয়ে 'ব্যাপক' বানানটাই ভুল করা হয়েছে মুখ্যমন্ত্রীর বাজেট বক্তৃতায়। বাংলা ভাষার ব্যাপক প্রচার করতে গিয়ে 'ব্যাপক' বানানটা ভুল করেছেন এটা দেখেই বোঝা যাচ্ছে কোথায় আমরা আছি। এ ব্যাপারে আমরা আগামী ২৫ বছরেও এগোতে পারব না। যে পলিটিক্যাল

উইল থাকলে এটা করা যায় সেই পলিটিক্যাল উইল আমাদের নেই। এখানে জেলা ভাগের কথা বলা হয়েছে। মেদিনীপুর জেলা ভাগের কথা বলা হয়েছিল ১২৯ বছর আগে ১৮৭২ সালে প্রথম প্রস্তাব হয়েছিল তখন এটাকে ৩ ভাগের কথা বলা হয়েছিল। তার পরে আবার ২৫ বছর আগে সেই ৩ ভাগের কথা বলা হয়েছিল। এখন আমার মনে হয় এটাকে ৪ ভাগ করা উচিত। আমাদের অন্যান্য রাজ্য থেকে শিখবার আছে, বিশেষ করে বাংলাদেশের কাছ থেকে শিখবার আছে। আমরা দেখছি নানা ব্যাপারে সরকারি কর্মচারিরা প্রশ্রয় পায়। কিছুদিন আগে আলিপুর সদরের এস.ডি.ও. হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন, চিকিৎসাধীন থাকাকালীন তিনি একটা অশালীন কাজে জড়িয়ে পড়েন। হাসপাতালের মধ্যেই একজন এস.ডি.ও. একজন মহিলা ম্যাজিস্ট্রেটের সাথে অশালীন কাজে জড়িয়ে পড়লেন। কিভাবে এই অশালীন কাজে জড়িয়ে পড়লেন সেটা দেখা দরকার। তাদের দু-জনকে বদলী করাই শেষ কথা নয়, তাদের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। একজন এস.ডি.ও. একজন মহিলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে জড়িয়ে পড়লেন এর পিছনে কি ধরনের প্রশ্রয় আছে। সেটা দেখা দরকার। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০১-০২ সালের ১৮ এবং ১৯ নং ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমি দু-চারটি কথা বলতে চাই। বিষয়টা হচ্ছে যে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ আমাদের উপর একটা বিরাট দায়িত্ব দিয়েছেন এবং তারা আশা করছেন পশ্চিমবঙ্গের উন্নয়ন হবে। পশ্চিমবঙ্গে যে সব সমস্যা আছে সেইসব সমস্যার সমাধান যতটা সম্ভব বামফ্রন্ট সরকার সামগ্রিক ভাবে চেষ্টা করবে। এই বামফ্রন্ট সরকার তার নানা পরিকল্পনা নিয়ে পশ্চিমবাংলার উন্নয়নের জন্য এবং কাজের গতি ফিরিয়ে আনার জন্য চেষ্টা করছেন এ বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু এই কাজের গতি যদি সরকারের প্রশাসনে যে আধিকারিক এবং কর্মচারিরা আছেন তাদের সেই মানসিকতা যেন থাকে এবং পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য তারা যেন দায়িত্ব নিয়ে কাজ করেন তাহলেই সরকারের যে সদিচ্ছা সেটা পূর্ণ হতে পারে। কর্মসংস্থান ফিরিয়ে আনার জন্য যে প্রচেষ্টা চলেছে তাকে সমর্থন জানিয়ে আমি ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, কারণ বহু সুনামের মধ্যে দিয়ে অনেক অভিজ্ঞতা তিনি অর্জন করেছেন। সেই অভিজ্ঞতার মধ্যে দিয়ে আশাকরি আগামী দিনে তিনি ব্যবস্থা নেবেন। প্রথমেই বলতে চাই প্রত্যেকটা সরকারি অফিস এমনকি রাইটার্স বিল্ডিংয়েও অফিসের যে পরিবেশ যেন মেছোহাটা হচ্ছে।

[3-50 — 4-00 p.m.]

গোটা টেবিল জুড়ে কেবল লোক, বসার জায়গা নেই, আলো নেই, বাতাস নেই। এই অবস্থায় কর্মচারিদের কাজ করতে বলা হচ্ছে। আরেকটা বিষয় হচ্ছে, মানসিকতা। একটা সুষ্ঠ মানসিকতার কর্মচারী, অফিসারদের থাকা উচিত। সেই দিকে নজর দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। কারণ আলো নেই, বাতাস নেই, বসার জায়গা নেই - এই যদি অবস্থা হয় তাহলে কর্মচারীরা কোনওভাবেই সুষ্ঠভাবে কাজ করতে পারবেন না তা সে যতই আমরা কর্মসংস্কৃতির কথা বলি। যেখানে একটা দপ্তরের একটাই ঘর, ১০ জনের জায়গায় ৩০ জনকে বসতে হচ্ছে, এইভাবে কাজ হতে পারেনা। এটা চিন্তা করা উচিত।

আরেকটা বিষয় হচ্ছে, কর্মচারীদের অফিসে আসার বিষয়। কর্মচারীদের অফিসে আসার একটা নির্দিষ্ট সময় রয়েছে। কিন্তু সব কর্মচারী সেই সময়কে মেন্টেইন করতে পারবেন না। কেন? বাধা হচ্ছে পরিবহন ব্যবস্থা। পরিবহন ব্যবস্থা এমন একটা জায়গায় দাড়িয়ে আছে যে একই সময় সমস্ত কর্মচারিদের, সে বর্ধমান থেকে হোক, হুগলি থেকে হোক আর ২৪ পরগনা থেকেই হোক - সবাই এক সময়ে কোলকাতা শহরে চলে আসতে পারেনা। ট্রেনে, বাসে বাদুড় ঝোলা ঝুলে যে অবস্থায় তাদের অফিসে পৌঁছতে হয় তাতে তার পরে আর তাদের কাজ করার মানসিকতা থাকে না। কাজেই পরিবহন ব্যবস্থার দিকে আমার মনে হয় এক্ষেত্রে নজর দেওয়া দরকার। অফিসের সময়কে দুভাগে ভাগ করে দেওয়া যেতে পারে। কোনও কোনও অফিস ১০টা এবং কোনও কোনও অফিস ১১টায় শুরু করা যেতে পারে। তাহলে পরিবহনের ক্ষেত্রে অনেক সমস্যার সমাধান হয়ে যাবে, কাজের ক্ষেত্রে সুষ্ঠ পরিবেশ তৈরির সম্ভাবনা থাকবে। আমি আশা করি আপনি সেই বিষয়ে চিন্তা-ভাবনা করবেন। আমাদের সরকারি দপ্তরের সম্বন্ধে সাধারণ মানুষের একটা অভিযোগ হচ্ছে হয়রানি। সরকারি অফিসে কাজে গেলে হয়রানির শেষ থাকে না। বিভিন্ন জেলায় আমরা দেখেছি বিভিন্ন দপ্তরের অনেক কর্মচারী আজ আসুন, কাল আসুন, এইভাবে মানুষকে হয়রান করেন। এটা যেন না হয়। সাধারণ মানুষের সাথে যেন একটু ভালো ব্যবহার করা হয় এবং একটা নির্দিষ্ট সময় বেঁধে কাজ করা হয়। এদিকে আমি বিশেষভাবে নজর দিতে বলব। পাশাপাশি বিভিন্ন জেলায় অফিসারদের, ডি.এম., এস.ডি.ও.-দের পাওয়া যায়না। আমার দেগঙ্গা কেন্দ্রের বি.ডি.ও. কোনও সময় থাকেনা, তাকে কোনও সময় পাওয়া যায় না। দু-তিনদিনও অনেক সময় পাওয়া যায় না।

এইরকম অবস্থা চলতে থাকে। যারা আধিকারিক তাদের জন্য বিধায়কদের বরাদ্দ করা টাকায় যে কাজ নির্দিষ্ট করে দেওয়া হয়েছে, বা এম.পি.-দের যে কাজগুলো আছে, সেইরকম বহু কাজ পড়ে আছে, হচ্ছে না। আধিকারিকদের যেভাবে নজর দিয়ে কাজ করিয়ে নেওয়া দরকার, কাজটা তুলে নেওয়া দরকার, নানা কারণে এবং আইনের অন্যান্য ব্যাপারে এই ফাইলগুলো পড়ে আছে। এক্ষেত্রে নির্বাচিত বিধায়কদেরও ঘুরতে হয়। এস.ডি.ও, ডেভেলপমেন্ট দপ্তর, এখানে, ওখানে। এব্যাপারে নজর দেওয়া উচিত বলে আমি মনেকরি।

পাশাপাশি প্রশাসনের কাজ সুষ্ঠভাবে করার জন্য বাংলা ভাষা মেন্টেইন করার জন্য যে চেষ্টা চলছে তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। সাথে সাথে নেপালি ও গোর্খালি ভাষাও চালু করার চেষ্টা করা হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে, আমাদের এই বাংলায় অনেক উর্দু ভাষাভাষি মানুষ আছেন। স্বাভাবিকভাবে এই উর্দু ভাষাভাষীর মানুষ যাঁরা আছেন তাঁদের জন্য এই ভাষায় একটা সরকারি কাজ প্রয়োজন। এই উর্দু ভাষার যাতে প্রসারণ হয় সেই চেষ্টা নিশ্চয়ই আপনি করবেন। এছাড়া বহু সরকারি অফিস আছে সেই অফিসগুলো ভাড়া বাড়িতে আছে, ভাঙাচোরা অবস্থায় আছে। এই অফিসগুলোতে যেসব দপ্তর আছে সেইসব দপ্তরের জন্য নতুন নতুন অফিস বাড়ি করা যায় কিনা সে সম্পর্কে নিশ্চয়ই চিন্তা করবেন। এই দাবিকে সমর্থন করতে গিয়ে একটা কথা বলি যে, জনসাধারণের যে অভিযোগ সেই অভিযোগের কিন্তু সময় মতো কোনও উত্তর তাঁরা পান না, তার কি প্রতিকার হচ্ছে সেটা তাঁরা জানতে পারেন না। সেজন্য অনুরোধ করব সেই বিষয়টা যাতে দেখা হয় সেদিকে নজর দেবেন। বিরোধী বন্ধুদের বলব, বাংলাকে নতুন করে গড়ার জন্য যে কর্মযজ্ঞ তাতে তাঁরা সহযোগিতা করবেন এই আশা আমি করি। এই কথা বলে এই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কল্যাণ ব্যানার্জী ঃ** স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে নেই, ওনাকে হাউসে আসতে বলুন। স্যার, ১৮ এবং ১৯ নম্বর দাবির অধীন এই বাজেটে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের থেকে যে কাট-মোশানগুলো নিয়ে আসা হয়েছে সেই কাট-মোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, মেজর হেড

২,০৫২—জেনারেল সার্ভিসে ৪ কোটি ৪০ লক্ষ ৫০ হাজার টাকা বাড়ানো হয়েছে। মেজর হেড ২,০৫৩—ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশন ১ কোটি ৬২ লক্ষ ৫৫ হাজার টাকা বাড়ানো হয়েছে। টোটাল বাড়ানো হয়েছে ৬ কোটি ৩ লক্ষ ৫ হাজার টাকা। নতুন কোনও স্কিম নেই, নতুন কোনও প্রজেক্ট নেই, যারজন্য এই ৬ কোটি ৩ লক্ষ ৫ হাজার টাকা বরাদ্দ করা যায়। স্যার, নন-প্ল্যান অ্যাকাউন্টে এতগুলো টাকা বরাদ্দ করলেন উইদাউট এনি স্কিম, উইদাউট এনি প্রোজেক্ট। আমি এর সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। স্যার, আমি বাজেটের ক্লজ-৮ এ আসছি। ক্লজ-৮ এ মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, "Re-structuring administrative units is considcred to be an important aspect for ensuring optimum benefit for the public. ১৯৮২ সালে অশোক মিত্র কমিটি করলেন। ১৯৮৩ সালে অশোক মিত্র কমিটির রিপোর্ট সাবমিট করলেন। কিন্তু ১৮ বছর হয়ে গেল সেই রিপোর্ট ইমপ্লিমেনটেশন হল না। অশোক মিত্র কমিটির রিপোর্টে বলা হয়েছিল পশ্চিমবঙ্গে যতগুলো জেলা আছে সেই জেলাগুলোর অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিটকে যদি এফিশিয়েন্ট এবং এফেকটিভ করতে হয় তাহলে জেলাগুলোকে ডাবল সংখ্যায় দেওয়া উচিত। সেই কমিটিতে ছিলেন অশোক মিত্র, সোমনাথ চ্যাটার্জি, রথীন সেনগুপ্ত। তাঁরা বলেছিলেন যেসব জায়গায় ১৫ থেকে ২০ লক্ষ লোক আছে সেইসব জায়গাগুলোকে নিয়ে একটা করে জেলা করতে হবে। কিন্তু ১৮ বছর হয়ে গেল, আজ পর্যন্ত অশোক মিত্র কমিটির রেকমেন্ডেশনকে ইমপ্লিমেনটেশন করা হল না। বর্ধমান জেলায় ৭০ লক্ষ লোক বাস করেন, আসানসোল সাব-ডিভিশনে ১৪ লক্ষ ৯০ হাজার লোক বাস করেন, দুর্গাপুর সাব-ডিভিসনে ১২ লক্ষ ৫০ হাজার লোক বাস করেন। অশোক মিত্র কমিটির রেকমেন্ডেশন অনুযায়ী এই একেকটা সাব-ডিভিসনকে নিয়ে জেলা শহরে পরিণত করা হচ্ছে না। আসানসোল সাব-ডিভিসন থেকে প্রতি বছর ১৪০০ কোটি টাকার রেভিনিউ পাচ্ছেন। বর্ধমান জেলার অন্যান্য প্রান্ত থেকে মাত্র ১০০ কোটি টাকার রেভিনিউ পাচ্ছেন। তথাপি বর্ধমান জেলা থেকে ভাগ করে আসানসোল মহকুমাকে আলাদা জেলা হিসাবে ঘোষণা করা হচ্ছে না। কেন হচ্ছে না? কারণ নিরুপম সেন আর নিশীথ অধিকারির মুখের হাসি যাতে দূর হয়ে না যায়। অ্যাডমিনিস্ট্রেটিভ এফিকেসির কথা শুধু মুখেই বলা হচ্ছে। অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট যত বড় হবে এফিকেসি ততই কমে যাবে। যে সমস্ত অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট আছে সে সমস্ত অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিটের ওপর যাতে বেশি স্ট্রেস না পড়ে সেটা দেখা দরকার। অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিটের হেডে যারা আছেন তাঁরা

যাতে মানুষকে সার্ভিস দিতে পারেন তার জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট বাড়াতে হবে, জেলা বাড়াতে হবে, সাব-ডিভিসন বাড়াতে হবে, ব্লক বাড়াতে হবে। তা যদি না হয় তাহলে পশ্চিমবাংলায় কিছুতেই অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম হতে পারে না। আজকে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের পাওয়ার বিকেন্দ্রীকরণের দরকার আছে। তাহলে আপনারা নিজেদের ক্ষেত্রে কেন বিকেন্দ্রীকরণ করবেন না? সমস্ত ক্ষমতা এক জায়গায় কুক্ষিগত করে রেখে নিজেরা ক্ষমতা ভোগ করবেন, বিকেন্দ্রীকরণ করবেননা কেন? জেলা বাড়াবেন না কেন, সাব-ডিভিসন বাড়াবেন না কেন? তাহলে কি করে অ্যাডমিনিস্ট্রেটিভ এফিকেসি আসবে?

এরপর আমরা দেখছি পুলিশ কমিশন রিপোর্ট সাবমিট করেছে মার্চ বা এপ্রিল মাসে। সেই রিপোর্টে বলা হয়েছে আসানসোলের মতো জায়গায় একজন পুলিশ কমিশনার পোস্টিং করতে হবে। কারণ আসানসোল সাব-ডিভিসনে লোকসংখ্যা বেশি, জনসংখ্যা ক্রমশ বাড়ছে এবং সমস্যাও বাড়ছে। পুলিশ কমিশনের রিপোর্টকে কার্যকর করার কোনও উদ্যোগ আমরা লক্ষ করছি না।

অশোক মিত্র কমিশনের রিপোর্ট অনুযায়ী বর্ধমান ডিস্ট্রিক্ট ভাগ করার ক্ষেত্রে বিগত ১৮ বছর ধরে কোনও কিছুই করা হয় নি।

এরপর ক্লজ ৯-তে ভিজিলেন্স কমিশন সম্বন্ধে বলা হয়েছে—ট্রান্সপারেন্সি আনতে হবে, কোরাপশন ইরোড করতে হবে পশ্চিমবাংলা থেকে। আমি এই বক্তব্যকে ওয়েলকাম করছি। কিন্তু কিভাবে করবেন? একজন ভিজিলেন্স কমিশনার অ্যাপয়েন্ট করছেন অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে এবং তাকে নিজেদের ক্লাচের মধ্যে রাখছেন। ভিজিলেন্স কমিশনকে ইন্ডিপেনডেন্ট ক্যারেক্টর, স্ট্যাটিউটরি রাইট, স্ট্যাটিউটরি স্ট্যাটাস দিচ্ছেন না। আপনারা যদি ভিজিলেন্স কমিশনকে স্ট্যাটিউটরি স্ট্যাটাস না দেন, ইন্ডিপেনডেন্ট ক্যারেক্টর না দেন, আপনাদের চিফ সেক্রেটারির ক্লাচের মধ্যে রাখতে চান তাহলে পশ্চিমবাংলা এমনই একটা জায়গা সেখান থেকে কোরাপশন ইরোড হতে পারেনা। কোনওদিনই পশ্চিমবাংলায় কর্মসংস্কৃতি ফিরে আসতে পারেনা।

ভিজিলেন্স কমিশনার কাকে করলেন, আর, এন, কালীয়া, হায়ার জুডিসিয়াল সার্ভিসের একজন অফিসার। হাই কোর্টের জজ করার জন্য তার নাম স্টেট গভর্নমেন্ট রেকমেন্ড করেছিল, হাইকোর্ট - ক্যালকাটা হাইকোর্ট রেকমেন্ড করেছিল সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে। কিন্তু আর, এল, কালীয়া হাইকোর্টের জজ হতে পারেননি।

দুর্ভাগ্য তাঁর। তিনি ভিজিলেন্স কমিশনার হয়ে একটার পর একটা কেস ধরে ধরে ডিপার্টমেন্টের সেক্রেটারিদের বার বার ডকুমেন্টস, এভিডেন্স নিয়ে আসতে বললেন। বুদ্ধদেব-বাবুর চিফ সেক্রেটারি তাঁকে চেম্বারে ডেকে ধমক দিলেন। এরপরেও ভিজিলেন্স কমিশন কোনও দায়িত্ব নেবে? না, নিতে পারেনা।

ভিজিলেন্স কমিশন ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসের ৬৫ জন অফিসারের বিরুদ্ধে রিপোর্ট সাবমিট করেছে ইনভেস্টিগেশন করে। সেই ৬৫ জন অফিসারকে মেজর পেনাল প্রোসিডিং ইনিসিয়েট করতে বলেছে। আজ পর্যন্ত একটা কেসেও স্টেট গভর্নমেন্ট মেজর পেনাল প্রোসিডিং ইনিসিয়েট করলো না। পি.এস. ইংটি, সেক্রেটারি, রিলিফ তার বিরুদ্ধে তিনটে ইনভেস্টিগেশন হল। তিনটে ইনভেস্টিগেশন হবার পরে পি, এ, ইংটির দুটো কেসে ভিজিলেন্স কমিশন মেজর পেনাল প্রোসিডিং ইনিসিয়েট করতে বললো। কিন্তু তা করা হল না। পি, এস, ইংটি 'বেনফেড'-এর সঙ্গে যুক্ত ছিল, কোটি কোটি টাকা তছ-নছ করেছিল। তার বিরুদ্ধে ভিজিলেন্স কমিশন যে রিপোর্ট দিয়েছিল তা কার্যকর করা হলনা। অথচ এখানে লেখা হয়েছে, departmental actions against 199 officials against whom primafacie cases could be established. In addition, in 65 cases, the Commission recommended punitive measures. State Govt. ভিজিলেন্স কমিশন রেকমেন্ড করেছে, কিন্তু স্টেট গভর্নমেন্ট কি করেছে? স্টেট গভর্নমেন্ট সেই রেকমেন্ডেশনের ভিত্তিতে আজ পর্যন্ত কোনও মেজর পেনাল প্রোসিডিং ইনিসিয়েট কি করেছে? ভিজিলেন্স কমিশন যেখানে যেখানে টাকা ডিফালকেশন হয়েছে বলেছে সেখানে সেখানে স্টেট গভর্নমেন্ট কি সেসবের এগেনস্টে ক্রিমিনাল কেস ইনিসিয়েট করেছে? কিছু করে নি। এই প্রশাসনের ওপরে মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য বসে রয়েছে। উনি ভাবের ঘোরে রয়েছেন, ভাবছেন সবকিছু হয়ে যাবে, বক্তৃতা দিলেই সব হয়ে যাবে। না তা হতে পারেনা। আপনি ভিজিলেন্স কমিশনকে ইন্ডিপেনডেন্ট করুন। আজকে স্যার, ওয়ার্ক কালচারের উন্নতি করতে হবে বলেছেন। অ্যাকাউন্টিবিলিটির সিসটেম নেই। কোনও অফিসারের অ্যাকাউন্টিবিলিটি নেই। কিছু বড় বড় অফিসারের হাতে কনফিডেনসিয়াল কারেক্টার রোল রয়েছে। আপনি দেখুন, সি.সি.আর. যেভাবে লেখা হয় সেটা সাবজেকটিভ বেসিস, নট অবজেকটিভ বেসিস। যারা অফিসারের বাড়িতে বাজার করে দেয় কিংবা তাদের ছেলে-মেয়েদের স্কুলে পৌঁছে দেয় তাদেরই সি.সি.আর. ভাল করে লেখা হয়। এর অবজেকটিভ অ্যাসেসমেন্ট যতদিন না হবে, যতদিন সি.সি.আরে. না নিয়ে আসা হবে ততদিন অ্যাকাউন্টিবিলিটির

প্রশ্ন আসবে না। অ্যাকাউন্টিবিলিটি কি করে আসবে? প্রত্যেকটি জায়গায় সি.সি.আর. অবজেকটিভ বেসিসে করতে হবে। আপনি পশ্চিমবাংলায় কর্ম সংস্কৃতি ফিরিয়ে নিয়ে আসবেন বলেছেন। সরকারি কর্মচারিদের প্রমোশনের ক্ষেত্রে মেরিট কাম সিনিওরিটিতে মেরিট ধরা হচ্ছে না। মেরিট-কাম-সিনিওরিটিতে মেরিটের ইমপ্লিমেনটেশন যতদিন না হবে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে এফিকেসি বাড়তে পারে না। Soniority cannot be the sole criterion for granting promotion. যারা শুধু সিনিওরিটির ভিত্তিতে রয়েছে, কাজ করছে না, কোনও এফিকেসি নেই তারা প্রমোশন পেয়ে যাচ্ছে। একটার পর একটা অফিসার পেয়ে যাচ্ছে সিনিওরিটির ভিত্তিতে। এইভাবে শুধু যদি প্রমোশন দেন তাহলে একটা স্টেজ পরে সরকারি কর্মচারিদের মধ্যে আগামীদিনে কাজ করার মানসিকতা আসতে পারে না। প্রমোশনের ক্ষেত্রে যদি মেরিটটাকে সোল ক্রাইটেরিয়া না করা যায় তাহলে কিছুতেই প্রমোশন দেওয়া উচিত নয়। এইরকমভাবে যদি প্রমোশন পায় তাহলে তারা তাদের কর্ম-ক্ষমতা ধরে রাখতে পারে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব; আগামীদিনে আপনি মেরিট-কাম-সিনিওরিটি ইনট্রোডিউস করুন। সি.পি.আর. মেইনটেনান্স প্রতিটি স্টেজে সেটা ইনট্রোডিউস করুন। তবেই ওয়ার্ক কালচার ফিরে আসবে। যেভাবে করছেন সেইভাবে ওয়ার্ক কালচার ফিরে আসতে পারে না। অ্যাডমিনিস্ট্রেশনের এফিকেসি বাড়াতে গেলে ক্লজ ৭তে যেটা বলেছেন সেটা হচ্ছে, সরকারি কাজে বাংলা ভাষার ইমপর্টান্স দেওয়া হবে। খুব ভাল কথা। নেপালি ভাষাকে ইমপর্টান্স দেওয়া হবে। খুব ভাল কথা। কিন্তু আজকে পশ্চিমবাংলায় ২৩। ২৪ পারসেন্ট মানুষ মাইনোরিটি, মহামেডান। আজকে উর্দু ভাষা একটা মেজর সেকশন অব পিপিলের ভাষা। আজকে বাংলা ভাষা সরকারি ভাষা, নেপালি ভাষা সরকারি ভাষা, কিন্তু উর্দু ভাষাকে সরকারি ভাষা হিসাবে স্বীকৃতি দেবেন না কেন? একটা মেজর অংশকে এতে ডিপ্রাইভ করা হচ্ছে। আজকে উর্দু ভাষাকে সরকারি কাজে লাগাতে পারছেন না। যেমনি বাংলা ভাষাকে, যেমনি নেপালি ভাষাকে কাজে লাগাচ্ছেন তেমনি উর্দু ভাষাকে সরকারি কাজের মধ্যে না আনেন তাহলে মাইনোরিটি পিপলদের মধ্যে একটা ক্ষোভ সৃষ্টি হবে। রিটায়ারমেন্ট বেনিফিটের ক্ষেত্রে পাবলিক গ্রিভান্স মিট করতে হয়, পাবলিক গ্রিভান্স মিট করা হচ্ছে integral part of public administration ২৪।২৫ বছর ধরে পশ্চিমবাংলায় কোনও কর্ম সংস্কৃতি ফিরে আসেনি, কোনওরকম উন্নতি হয়নি, খালি ক্যাডার-বাজী করছেন। তাই মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে বলা যায়, আছেন, খাচ্ছেন, হাসছেন, নাচছেন। "খাচ্ছেন দাচ্ছেন

কোঁচা নাড়াচ্ছেন, কমরেডদের নিয়ে তাধিন-তাধিন নাচছেন"। এই নিয়ে পশ্চিমবাংলায় কর্ম সংস্কৃতি ফিরে আসতে পারে না। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের ভারপ্রাপ্ত মুখ্যমন্ত্রী ১৮ এবং ১৯ নম্বর দাবির অধীন যে ব্যয়-মঞ্জুরির আবেদন করেছেন আমি তা পরিপূর্ণভাবে সমর্থন করছি। আমি অনেকক্ষণ ধরে বিরোধী দলের বক্তৃতা শুনছিলাম। কথা হচ্ছে আইনের শাসন। উনি যে ব্যবস্থার মধ্যে আছে সেটাই বলা হয়েছে সংসদীয় ব্যবস্থা। সংসদীয় ব্যবস্থায় রাজ্য সরকার কিভাবে সরকার পরিচালনা করবেন জনগণের কল্যাণে সেটা এখানে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। দায়বদ্ধতার কথা বলেছেন জনগণের কাছে। আমি বিরোধী দলের নেতা এবং তার সহযোগী বন্ধুদের জিজ্ঞাসা করতে চাই, এই যে পদ্ধতি গ্রহণ করে ডিবেটে অংশ নিলেন এটাই স্বাগত হওয়ার কথা। কিন্তু আপনি কি জানেন, গত কয়েকদিন ধরে যে কাজ করেছেন - আজকে এই যে কর্ম সংস্কৃতির কথা বলা হচ্ছে যেটা বার বার উল্লেখ করছেন - তার দ্বারা কর্ম সংস্কৃতিকে আপনারা কি অক্ষুন্ন রেখেছেন, ব্যাহত করছেন না? এটাই ১ নম্বর প্রশ্ন। ২ নম্বর হচ্ছে, আপনারা কি জানেন, এই যে আমরা যারা বক্তৃতা দিচ্ছি - আপনারা তো দীর্ঘক্ষণ ধরে বক্তৃতা দিলেন এবং তারজন্য রাজ্যসরকার টাকা-পয়সা খরচা করছে, আপনাদের, আমাদের টাকা দিচ্ছে - সেই টাকার অপব্যবহারের কোনও কথা, তার কোনও যৌক্তিকতার কথা কোনওরকম বিরোধী দলের বন্ধুদের নেই।

আজকে এখানে বিরোধী দলের তরুন বন্ধুরা যেসব বক্তৃতা দিলেন তা শুনে ভাল লাগলো। এটাই তো সঠিক পদ্ধতি—আলোচনা করুন, সমালোচনা করুন, প্রস্তাব গ্রহণ করুন। এইভাবে আলোচনা করলে সেটাই তো সংসদীয় পদ্ধতি মেনে আলোচনা করা হয়। কিন্তু এইভাবে 'উল্টে দিন, পাল্টে দিন' বললে তা তো জনগন কখনও গ্রহণ করবেন না। রাজ্যের নির্বাচক মন্ডলি তাই সঠিকভাবে আপনাদের এই 'উল্টে দিন, পাল্টে দিন' শ্লোগানকে বর্জন করেছেন। আপনাদের বর্জন করে তারা ৬ষ্ঠ বারের জন্য বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় প্রতিষ্ঠিত করেছে। এই যে বাস্তব ঘটনা, এই বাস্তবতাকে তো আপনাদের মানতে হবে। এই বাস্তবতাকে মেনেই আপনাদের বিধানসভার অধিবেশনে অংশগ্রহণ করতে হবে, ভূমিকা নিতে হবে

বিরোধী দলের ভূমিকা যা হওয়া উচিত সেই ভূমিকা আপনাদের গ্রহণ করতে হবে। স্বচ্ছ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে আপনাদের গঠনমূলক সমালোচনা করতে হবে প্রশাসনের এবং তাতে আপনাদের প্রস্তাবগুচ্ছ দিতে হবে। এই তো পদ্ধতি। কিন্তু গত কয়েক সপ্তাহ ধরে আপনারা যা করলেন তা সংসদীয় গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করা ছাড়া আর কিছুই নয়। অথচ আপনারা বলেন, আপনারা গান্ধীবাদী দল, আপনারা বলেন, সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে সমাজতন্ত্র কায়েম করতে হবে। মুখে আপনারা সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে সমাজতন্ত্র কায়েম করার কথা বললেও কাজে এখানে কি করলেন তা মানুষ দেখেছেন এবং তা দেখে মানুষের বোধদয় হয়েছে যে তারা কাদের এখানে প্রতিনিধিত্ব করতে পাঠিয়েছেন। স্যার, আপনি জানেন, আমাদের সরকার ঘোষণা করেছেন যে স্বচ্ছ প্রশাসন উপহার দেবেন, নিরপেক্ষ, সংবেদনশীল প্রশাসন উপহার দেবেন এবং জনগণের কাছে দায়বদ্ধ থাকবে এমন প্রশাসন উপহার দেবেন। সেটা দিতে গেলে যে মানসিকতার প্রয়োজন সেই মানসিকতা হচ্ছে—একজন বন্ধু এখানে বললেন যে বাজেটের শতকরা ৮০/৯০ ভাগ টাকা কর্মচারীদের বেতনের জন্য ব্যয় করতে হয়, তার ফলে উন্নয়নের জন্য বেশি টাকা খরচ করা যায় না। এক্ষেত্রে আমি বলব, কেন্দ্র ও রাজ্য সরকারের সম্পর্ক নিয়ে গঠিত যে সারকারিয়া কমিশন সেখানে তারা যে প্রতিবেদন দিয়েছেন আমি বিরোধী দলের বন্ধুকে বলব, সেটা একটু পড়বেন। দেখবেন কিভাবে রাজ্যগুলি বঞ্চিত হচ্ছে। কেন্দ্র এখান থেকে এক টাকা নিয়ে গেলে তার মাত্র ৩৩ পয়সা রাজ্যকে দেয়, বাকিটা নিজেরা রাখে। কাজেই আমাদের আরও অর্থ চাই, ক্ষমতা চাই সেটা বলা দরকার কিন্তু বিরোধীপক্ষের বন্ধুরা সে কথা বললেন না। ওরা আইনের শাসনের কথা বলেছেন। ওদের নেতা মানুদা - সিদ্ধার্থশঙ্কর রায় এখানে মুখ্যমন্ত্রী ছিলেন। তিনি এখানে কি রকম আইনের শাসন প্রবর্তন করেছিলেন তা আমরা সকলেই জানি। আমি তাই বিরোধীপক্ষকে বলব, কোনও অভিযোগে কেউ গ্রেপ্তার হতে পারেন এবং তা হলে সেখানে বিচারের সমস্ত প্রক্রিয়া শেষ করার পর প্রমানিত হবে যে সে দোষী, না নির্দোষ। আগে থেকেই কারুকে আশ্রয়দাতা, দোষী - এসব কথা বলা যায়না। সেখানে তদন্তের প্রক্রিয়া শেষ করার পর বলতে পারেন কেউ দোষী কি দোষী নয়। সেখানে তারপর মুখ্যমন্ত্রীকে চাপ দেবেন কিছু করার জন্য। এটাই তো সংসদীয় ব্যবস্থা, এটা তো সকলকে মানতে হবে। কিন্তু বিরোধীপক্ষ সেটা মানছেন না। স্যার, এই বিধানসভায় আমি অনেকদিন ধরেই আছি কিন্তু কোনওদিন দেখিনি এই বিরোধীপক্ষ গত কয়েকদিন আগে যা করলেন সেইরকম

দৃশ্য। হল্লা করেছেন, বেরিয়ে গিয়েছেন ঠিক আছে কিন্তু কর্মচারীরা আক্রান্ত হয়েছেন, তাদের হাত থেকে কাগজ কেড়ে নেওয়া হয়েছে, ফেলে দেওয়া হয়েছে এ জিনিস আগে কখনও এখানে হয়নি। এমন বিধায়কও এর আগে বাংলার মানুষরা দেখেন নি। আমরা জানি, ঐ কংগ্রেস আমলে পশ্চিমবঙ্গে আইনের শাসন বলে কিছু ছিল না। তখন নকশাল দমনের·নামে শত শত নিরীহ ছেলেকে হত্যা করা হয়েছে, বামপন্থীদের খুন করা হয়েছে, ঘরছাড়া করা হয়েছে। ওরা নির্বাচনের আগে শ্লোগান দিলেন যে উল্টে দিন, পাল্টে দিন, কিন্তু জনগন ওদের কথা শোনেন নি। আমি তাই বিরোধীদের আবার বলব, বাস্তবটা মেনে নিয়ে সহযোগিতার মনোভাব নিয়ে চলুন। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, বামফ্রন্টের বিকল্প হচ্ছে উন্নততর বামফ্রন্ট। এই উন্নততর বামফ্রন্টের শ্লোগানকে আপনারা ঐ উল্টে দিন, পাল্টে দিন এই শ্লোগান দিয়ে স্তব্ধ করতে পারেন নি। শুধু বাঁশি না বাজিয়ে গঠনমূলক প্রস্তাব দিন যে রাজ্যসরকারের কি কি করা দরকার। বাঁশি বাঁজিয়ে কিছু হবে না, উল্টে-পাল্টে দেবার কথা বলে কিছু হবে না। তাতে পত্রিকায় ছবি আসে, টিভিতে ভাল ভাল ছবি আসে, কিন্তু তাতে রাজ্যবাসীর কোনও কল্যাণ হয় না। তাদের কল্যাণের জন্য যদি কোনও চিন্তা করে থাকেন, দায়বদ্ধতা থেকে যদি জনগণের জন্য কাজ করতে চান, সেখানে সমালোচনা করুন, প্রস্তাব দিন, গঠনমূলক সমালোচনা করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ব্যবস্থা চালাবার জন্য জনগণের কাছে আমাদের যে দায়বদ্ধতা সেটা যদি আমরা পরিচ্ছন্নভাবে পরিচালনা করতে পারি তাহলে উল্টে-পাল্টে দেবার যে শ্লোগান সেটা কিছুদিনের মধ্যে উড়ে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি চাইছি - স্বাধীনতার পর ২৪ পরগনা ভাগ হয়েছে, পশ্চিম দিনাজপুর ভাগ হয়েছে, কিন্তু ভারতবর্ষের মধ্যে বৃহত্তম জেলা মেদিনীপুর, সেটা ভাগ হয়নি - মেদিনীপুর জেলা ভাগ করুন। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব বর্ধমান জেলা ভাগ হোক, জলপাইগুড়ি জেলাও ভাগ হোক। কারণ আমরা দেখেছি উত্তরবঙ্গে কিভাবে বিরোধীদলের বন্ধুরা ওদের মদত দিয়েছেন, কিভাবে ওদের প্রার্থীদের সমর্থনে কাজ করেছেন। সেখানে দাঁড়িয়ে আমি বলছি, আজকে আলিপুরদুয়ারকে জেলা করা হোক। মালদায় চাঁচোল মহকুমা করা হয়েছে। আরও মহকুমা জলপাইগুড়ি জেলায় করা হোক। সেখানকার জনগণের তাতে কাজের সুরাহা হবে এবং সেই সুরাহা যাতে সময়ে হয় তারজন্য সেটা দ্রুত করতে হবে। বিভিন্ন ডিপার্টমেন্টের অফিসারদের পদ দেখিয়ে এখানে একজন বলেছেন, রাজ্যে মাথাভারি প্রশাসন, তারজন্য ২ পারসেন্ট পদ নাকি কমাতে হবে। কিন্তু সেটা কমানো যাবে না, কারণ কর্মপ্রার্থির সংখ্যা যা

তাতে আরও কর্মচারী নিয়োগ করতে হবে। পুলিশকে আরও সংবেদনশীল করতে হবে এবং পুলিশ দিয়ে সিদ্ধার্থশঙ্কর রায়ের সময়ের মতো রাজত্ব সৃষ্টি করা যাবে না। এখানে এমন সদস্য আছেন যারা প্রতিনিধি হয়ে এসে এখানে বড় বড় কথা বলেন। তারজন্য আমি আবেদন করব, এই ব্যবস্থার মধ্যেও জনকল্যাণের যে সুযোগ আছে তাতে তাদের রিলিফ দেওয়া যায়। আমি জানি, সামাজিক পরিবর্তনের জায়গা এটা নয়, তবে কিছু রিলিফ দেওয়া যায় মানুষকে। সেটা দেবার প্রতিশ্রুতি দিয়েছেন, দেবার সুযোগও সৃষ্টি করেছেন। সেই সৃষ্টির কাজে দরকার কিছু নীতি নির্ধারণ। রাজ্যজুড়ে কর্মচারীরা ছড়িয়ে রয়েছেন। তাদের মধ্যে কেউ অপকর্ম করলে নিশ্চয়ই তারা সমালোচিত হবেন। ভাল কাজ করলে কিন্তু সরকার বন্দিত হবেন, নিন্দিত হবেন না। ওদের নিন্দা আমাদের সরকারের গায়েও লাগবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের বোধোদয় হবে কিনা জানি না, কিন্তু আমি মনেকরি, সময় এসেছে, কারণ বাংলার মানুষ আমাদের নির্দেশ প্রদান করেছেন। সেই নির্দেশ হল, সহযোগিতা করুন, উল্টে-পাল্টে দেবেন না। অবশ্য উল্টে-পাল্টে দেবার সুযোগও নেই। আমি আবার ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮, ১৯ এবং ৫২ নং দাবীর সমর্থনে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী এনেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না। আমি বিরোধী দলের পক্ষ থেকে কাটমোশন আনা হয়েছে তাকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রীর ভাষণের চার নং পাতায় বলা হয়েছে - আর একবার আমাদের পক্ষে আবার রায় দিয়েছেন পশ্চিমবঙ্গের মানুষ। আমরা কর্মসংস্কৃতি আনতে চাই, গতিশীল প্রশাসন আনতে চাই। একটা কথা শুনে রাখুন, পশ্চিমবাংলায় বিভিন্ন নির্বাচনে সরকারী কর্মচারীদের যেভাবে প্রশিক্ষণ দেওয়া হয়, তাতে তাদের প্রশাসনিক কাজের দিকে নজর দেওয়ার সুযোগ থাকে না। কিভাবে নির্বাচনে কারচুপি করতে হয়, তারজন্য তাদের ট্রেনিং চলে। পঞ্চায়েতে কিভাবে কারচুপি করতে হবে তারজন্য ট্রেনিং চলে। তারা কিভাবে সময় পাবে? সাধারণ মানুষকে সাহায্য করার সময় তারা পায় না। আপনারা যে দাবি করেছেন, ষষ্ঠবারের মতো জনগণ আপনাদেরকে বসিয়েছেন, আমি সেই ব্যাপারে আপনাদের সঙ্গে একমত হতে পারছি না। আপনাদের ওয়ার্ক কালচারের কথা গোটা পৃথিবীর মানুষ জেনে গেছে। বিভিন্ন সংবাদপত্রে তার প্রতিবেদন বেরিয়েছে। আপনারা জোর করে সম্বর্ধনা

আদায় করছেন, মানুষ কিন্তু স্বতস্ফূর্তভাবে আপনাদের সম্বর্ধনা দিচ্ছে না। আজকে বিশ্বায়নের যুগ। পশ্চিমবাংলায় গোটা বিশ্ব ছুটে আসবে। তারা দেখতে আসবে কিভাবে এখানে শাসকদল এত বছর ধরে এখানে আছে। তারা সব জেনে গেছে, সেজন্য তারা সেইভাবে আসছে না। জনসাধারণের সমর্থন আপনাদের পিছনে না থাকার জন্য তারা আসছে না। এখানে মাননীয় ইয়াকুব সাহেব বলেছেন, এখানে আপনারা ২৫ বছর শাসন করছেন। ভাল কথা। কিন্তু কর্মসংস্কৃতির কি অবস্থা? কর্মসংস্কৃতি যেভাবে ব্যাহত হচ্ছে, যেভাবে অসহযোগিতা করে যাচ্ছে, তিনি স্বীকার করেছেন। এখানে কাজের পরিবেশ নেই। যারা কাজ করছে, তাদের আলো নেই, বাতাস নেই, তাদের বসার টেবিল নেই। এতে কি প্রমাণ করে না যে, কাজের পরিবেশ নেই? এরপরেও বলছেন কর্মসংস্কৃতির কথা? জ্যোতিবাবুর আমল থেকে আমরা শুনে আসছি, বাংলাভাষা চালু করবেন। কিন্তু এখনও কি তা করতে পেরেছেন - পারেন নি। অথচ এখানে দাবি করেছেন। এখানে আবার দাবি করেছেন, নেপালি, গোর্খালি, উর্দুভাষীদের জন্য কিছু করবেন। তাদেরকে ব্যবহার করার জন্য তাদের আশ্বাস দিয়েছেন। এখানে ইয়াকুব সাহেব বলেছেন, এখানে উর্দুভাষী অনেক মানুষ আছে। তাদের কথা আপনারা উল্লেখ করেন নি। এখানে ৫নং অনুচ্ছেদে বলেছেন- '.... বিধাননগরস্থিত অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইনস্টিটিউটে বিভিন্ন স্তরের কর্মচারীদের আবাসিক প্রশিক্ষণের ব্যবস্থা চালু আছে। নব-নিযুক্তদের জন্য প্রবেশকালীন-প্রশিক্ষণ ও চাকুরিতে কর্মচারীদের জন্য পুনঃপ্রশিক্ষণ, উভয় ধরনের প্রশিক্ষণই নিয়মিত সংগঠিত করা হচ্ছে। এছাড়া প্রতিষ্ঠানটি পরিবেশ, প্রাকৃতিক বিপর্যয়, দুর্যোগ-মোকাবিলা, ইত্যাদি বিভিন্ন বিষয়ে বিশেষ প্রশিক্ষণ সংগঠিত করে সকল স্তরের কর্মচারীদের জন্য প্রশিক্ষণ-নীতি প্রণয়নে প্রতিষ্ঠানটিকে উপদেশ দিতে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। আমার একটা তিক্ত অভিজ্ঞতার কথা বলি। চাঁচল ১নং ব্লক এবং ২নং ব্লকে গত বছর শিলাবৃষ্টি হয়েছিল, তাতে অনেকে মারা গিয়েছিল। অনেক গরু ছাগল মারা গিয়েছিল। ৭৫ জনকে হাসপাতালে চিকিৎসা করাতে হয়েছিল। আমরা পঞ্চায়েতকে, জেলা পরিষদকে, ডি.এম.কে বলেছিলাম। গ্রামের সব রাস্তাগুলো বন্ধ হয়ে গিয়েছিল, আসার উপায় ছিল না। ডি.এম. তিনি মোটর সাইকেলে করে এসেছিলেন। সব দেখে তিনি সরকারের কাছে একটি রিপোর্ট দিয়েছিলেন। তিনি বলেছিলেন যে টাকা দেওয়া দরকার। অনেক মানুষ মারা গেছে। ডি.এমের সেই রিপোর্টকে আপনারা গ্রাহ্য করছেন না। ডি.এম অসহায়। বিডিও অসহায়। আমরা কোনও অফিসারকে, ডি.এমকে বলতে গেলে তাঁরা বলেন, আমরা

অসহায়। আমরা সব বুঝতে পারছি। তাদের ওপরে পলিটিক্যাল চাপ আছে। সেজন্য ন্যায্য দাবি থাকা সত্ত্বেও বিডিও, এসডিও, ডিএম কিছু করতে পারছে না। প্রশাসনিক ভাবমূর্তিকে রক্ষা করতে পারছে না। এটা সবাই স্বীকার করেছেন। সাধারণ মানুষ কোনও একটা কাজে জেলা প্রশাসনের কাছে গেলে তারা কোনও কাজ পায় না। একটা কাজের জন্য তাদের চারদিন, পাঁচদিন করে যেতে হয়। তারা কোনও কাজ পায় না। আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাব চাঁচলে গত ২৪ বছর ধরে একটি মহকুমা করার দাবি ছিল। তিনি গত জানুয়ারিতে সেটি ওপেন করে এসেছেন। আপনি বলেছেন ওই এস ডি ও অফিসগুলো কার্যকর করার জন্য বন্দোবস্ত করছেন এবং চেষ্টা করছেন। ওই সাব ডিভিশন অফিসের কোনও ঘর ছিল না, সেখানে এস সি এবং এস টি যে হোস্টেল ছিল সেটাকে সাব ডিভিশন অফিস করা হয়েছে। সেখানে মুষ্টিমেয় কয়েকজন কর্মচারী নিযুক্ত হয়েছে। অবিলম্বে ওই অফিসটিকে স্বনির্ভর করার ব্যবস্থা করুন। সেখানে যাতে কোর্ট নির্মাণ করা যায় এবং ট্রেজারি এবং অন্যান্য অফিসগুলো এস. ডিওর অধীনে আসে তা তরান্বিত করে কার্যকর ব্যবস্থা নিন। আর ট্রেনিংয়ের যে সেন্টারগুলো আছে ওতে সি পি এমের ক্যাডারদের ট্রেনিং দেওয়া হচ্ছে। আজকে গণতান্ত্রিক পদ্ধতিতে সরকার চলছে, কিন্তু সেই গণতান্ত্রিক পদ্ধতিতে অন্য পার্টির দলের লোকের সমান সুযোগ সুবিধা পাচ্ছে না। আমি উদাহরণ স্বরূপ বলছি যে, ২৪ পরগনায় যাদের পাট্টা দেওয়া হয়েছিল, তারা আগে সিপিএম করত, এখন অন্য দলে চলে যাওয়ায় আপনার পার্টির লোকেরা তাদের কাছ থেকে পাট্টা কেড়ে নিয়েছে। এরচেয়ে নক্কারজনক ঘটনা আর কি হতে পারে আমার জানা নেই। আপনি যে ব্যয়বরাদ্দের দাবি এখানে রেখেছেন তার বিরোধিতা করলেও আপনার গণতান্ত্রিক সংখ্যা গরিষ্ঠতার জোরে ওই বরাদ্দের মঞ্জুরি পাশ করিয়ে নিয়ে আসবেন। তবুও আমি ওই বাজেট বরাদ্দের বিরোধিতা করে, আমাদের আনা কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, ২০০১-২০০২ সালের ১৮ এবং ১৯নং অভিযাচনের অধীনে যে ব্যয় বরাদ্দের দাবি এসেছে তাকে আমি সমর্থন করছি এবং বিরোধিদের আনা কাটমোশানের বিরোধিতা করছি। আমি খুব অবাক হয়ে দেখলাম বিরোধীপক্ষের বক্তব্যে যে বিষয়গুলো বেরিয়ে এসেছে তাতে মাননীয় সদস্য দীপক ঘোষ বললেন যে, মাইনে কি করে কমছে। ঠিকই তো দীপক ঘোষ মহাশয় নাকি আই এ এস ছিলেন, তাঁর জানা দরকার ছিল, তাঁর এই যোগ্যতা থাকার দরকার ছিল যে, হোম. পি অ্যান্ড এ.আর ডিপার্টমেন্ট থেকে হোম পলিটিক্যাল বাদ হয়ে গেছে। সেখানে

লোক কমে গেলে মাইনেও কমে যাবে। তারপরে তিনি আরেকটা কথা বললেন যে, ১৮৭২ সালে মেদিনীপুর ভাগ করার কথা হয়েছিল, তখনই মেদিনীপুর ভাগ হওয়ার সিদ্ধান্ত হয়েছিল। কংগ্রেস যদি বিস্মৃত না হয়ে যান তাহলে ভাবুন তো তখন কোন কংগ্রেস ওই সময়ে ক্ষমতায় ছিলেন? তাহলে তিনি হিসাব ভুল দিচ্ছেন। এইসব কারণেই তো ওঁরা আর কোনওদিন ক্ষমতায় আসবেন না, নিশ্চিহ্ন হয়ে গেছেন। ১৮৭২ সাল না হয় ছেড়ে দিলাম, তারপরে ১৯৪৭ সালে তো কংগ্রেস ক্ষমতায় এল এবং ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল এই দীর্ঘ সময়টা, বেশিরভাগ সময়টা ওঁনারা ছিলেন। তখন কেন মেদিনীপুর ভাগ করার কথা ভাবলেন না? তারপরে দিনাজপুর ভাগ করার কথা কারা সিদ্ধান্ত নিয়েছিল - ডাঃ বিধানচন্দ্র রায়ের মন্ত্রীসভা দিনাজপুর ভাগ করার সিদ্ধান্ত নিয়েছিল। কেন সেই ভাগ তখন করলেন না? তারপরে সিদ্ধার্থশঙ্কর রায় ঠিক করলেন ২৪ পরগনা ভাগ করার সিদ্ধান্ত। কেন তখন সেটা ইমপ্লিমেন্ট করলেন না? এখন আবার বলছেন সি আই ডিতে দীর্ঘসূত্রতা আছে। ভিখারী পাশোয়ান আর ছোট আঙারিয়াতো সি বি আইয়ের দখলে, ওতে তো পার্টির কোনও হাত নেই। ওটা তো সম্পূর্ণভাবে সি বি আইয়ের হাতে। সি বি আই থেকে এগুলোর সমস্যার সমাধান হয়ে এল না কেন তারজন্য আপনারা কি বলছেন? আপনারা জেনে রাখুন থুথু উপরে ছুঁড়লে নিচের দিকেই পড়ে। সুতরাং নিজেরা নিজেদের সামলান। আপনাদের কেউ একজন বলেছেন কর্মচারিদের নাকি শেখানো হয় রিগিং কি করে করবে। আপনাদের বক্তব্য অনুযায়ী তাহলে মেনে নিতে হবে সব কো-অর্ডিনেশন কমিটির লোকেরাই কি রিগিং করে। সবাই যদি রিগিং করে তাহলে পোস্টাল ব্যালটে যে ভোট হয় সেই ভোট আপনারা পান কি করে? আপনার সব কর্মচারী কো-অর্ডিনেশন কমিটির, সব কর্মচারিই সি পি এমের, এটা তো ঠিক নয়। সবাই যদি সি পি এমের হয় তাহলে আপনাদের ভোট দেবে কে, কোথার থেকে আসে আপনাদের ভোট সেটা ভাবুন।

[4-30 — 4-40 p.m.]

তারপরে দাঁড়িয়ে বলেন সবাই সি পি এম হয়ে গেছে, আর রিগিং হচ্ছে। অদ্ভুত ব্যাপার, আমরা দেখলাম যে বিভিন্ন জায়গায় বলছেন, অসিত মিত্র মহাশয়ও বললেন যে আপাদ মস্তকে সরকারি দপ্তরগুলি দুর্নীতিতে নিমজ্জিত হয়ে গেছে। একটি কথা বলি, দুর্নীতির কথা আপনাদের মুখে সাজেনা। আপনারা জানেন তহলকা কেসে ফেঁসে আছে, বোফর্স, শেয়ার, হাওলা এইগুলি করবার পরে আর দুর্নীতির

কথা সাজেনা। আমরা '৭৭ সালে যখন বামফ্রন্ট সরকারে আসলাম তখন আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেছিলেন আমরা সরকার চালাব রাইটার্স বিল্ডিংস থেকে নয়। ক্ষেতে খামারে, কলকারখানায়, মাঠে ময়দানে যেসব মানুষ কাজ করছে তাদের সাথে নিয়ে সরকার চালাব। এই দৃষ্টিভঙ্গি সরকারের মধ্যে ছিল। আপনাদের থেকে পৃথক বলে আমরা ২৪ বছর ধরে এখানে আছি, আমরা জানিনা আরও কত বছর এইভাবে থাকতে হবে। আমাদের সেই নীতি সেই ধারায় পঞ্চায়েত সেই নীতি সেই ধারায় পৌরসভা হয়েছে। হাজার হাজার পঞ্চায়েত সদস্য, কয়েক শত পৌরসভার সদস্য তারা আজকে প্রশাসনের সঙ্গে যুক্ত হয়েছে। আপনারাও যুক্ত হতে বাধ্য হয়েছেন। তাই সবাই মিলে কাজ করায় বামফ্রন্ট সরকার এই প্রশাসনকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আপনাদের এই চিন্তা কোনওদিন ছিল না। পঞ্চায়েত নির্বাচন কোনওদিন করেননি শুধু তাই নয় নির্বাচিত পৌরবোর্ড ভেঙে দিয়েছেন। জনগণকে সাথে নিয়ে প্রশাসনের কাজকর্মকে বিশ্বাস করেন না। হ্যাঁ আমরা বলেছি, এবারে বামফ্রন্ট সরকার এসেছে, আমরা বলেছি আরও উন্নততর বামফ্রন্ট করতে হবে। জনগণমুখী সরকার ২৪ বছর ধরে চলেছে আমরা মানুষকে নিয়ে চলেছি তাদের কাছে বিকল্প-নীতিহীন দিশাহীন হতাশা হতে পারেনা তার বিকল্প-হতে পারে একমাত্র উন্নততর বামফ্রন্ট। কতটা উন্নত হতে পারে সেই বামফ্রন্ট আমরা বলেছি। সেই উন্নত শুধুমাত্র উন্নতি বা উন্নততর হলে চলবেনা, খবরের কাগজ, ইলেকট্রনিক্স মিডিয়া, দেশি বিদেশি প্রতিক্রিয়াশীল চক্রান্তকারি তাদের সমস্ত কর্মদ্যোগকে যখন ছাপিয়ে যাবে তখনই উন্নততর বামফ্রন্ট করতে সমর্থ হব। এই উন্নত মাত্রাকে পৌঁছতে হবে মানুষের অন্তরে তাহলেই আমরা আবার উন্নততর বামফ্রন্টকে প্রতিষ্ঠিত করতে পারব। আমরা বলিনি এই বছরের প্রথম দিকে, গত বছরের বামফ্রন্টের শেষ দিকে টাস্ক ফোর্স তৈরি হয়েছে? আমাদের দীপকবাবু টাস্ক ফোর্স তৈরির ব্যাপারে ব্যাঙ্গ করলেন। হ্যাঁ টাস্ক ফোর্স তৈরি হয়েছে বিভিন্ন জেলাতে, জেলা সভাধিপতিরা তার চেয়ারম্যান। উনি তো নিজেই মূর্শিদাবাদ জেলার কথা বলেছেন, তার মানে টাস্ক ফোর্স কাজ করছে, তারা গিয়ে দেখছে সরকারি কর্মচারিদের মধ্যে উপস্থিতির হার কি রকম। আমাদের এখানে হেড কোয়ার্টারে টাস্ক ফোর্স তৈরি হয়েছে, তারা কতকগুলি অংশে ঘুরেছে। উন্নতি দেখা যাচ্ছে, এটাকে আরও ব্যাপক, আরও বিস্তৃত করা উচিত। সেইভাবে বাইরে আরও বিস্তৃত কিভাবে করা যাবে, শুধু উপস্থিতি দেখলে হবে না, বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছে কেস ডাইরি রাখতে হবে প্রত্যেকটি কর্মচারিকে। প্রত্যেকটি কর্মচারী প্রতিদিন কেস ডাইরিতে লিখে রাখবেন কি কাজ

সারাদিনে করলেন। এইভাবে প্রতিদিন ৭ দিন অন্তর সুপারভাইজারি স্টাফ তি কেস ডায়েরি পর্যবেক্ষণ করবেন ১৫ দিন অন্তর উপরে আর একজন থাকবে তিনি কেস ডায়েরি লক্ষ করবেন। এইভাবে টাস্ক ফোর্স কেস ডাইরি রাখার মধে প্রশাসনকে সচল ও গতিশীল করবার চেষ্টা হচ্ছে। একটা নূতন ডিপার্টমেন্ট কর হয়েছে ইনফর্মেশন টেকনোলজি। স্যার, আপনি জানেন যে আজকের যুগে ইনফর্মেশ চলাচলের মাধ্যমে প্রশাসনকে আরও গতিশীল আরও দ্রুত করা যাবে। কর্মচারী কর্মচারী, অফিসার টু কর্মচারী, মন্ত্রী টু কর্মচারী, অফিসার টু মন্ত্রী, কিভাবে ইনফর্মেশনকে আরও দ্রুত পৌঁছে দেওয়া যায়, কিভাবে ব্লকস্তর থেকে, জেলা স্তর থেকে, সাব-ডিভিসন থেকে কলকাতায় পৌঁছে দেওয়া যায় তার জন্য ভাবতে হচ্ছে এবং তার জন্যই ইনফর্মেশন টেকনোলজির ব্যবহার প্রয়োজন। এই ইনফর্মেশ টেকনোলজি চালু করে বামফ্রন্ট সরকার সেই সদিচ্ছারই পরিচয় দিয়েছেন। ইনফর্মেশ টেকনোলজির মাধ্যমে যে কাজ হবে এবং যদি তার সঠিক প্রয়োগ করা যায় তাহলে এই প্রশাসনিক ব্যাপারটাকে আরও গতিশীল করা যাবে। আমি আরেকট কথা বলতে চাই, আমরা যতই করিনা কেন, যদি একটা সিস্টেম, যাকে নিয়ে চলবে, তাদের ক্ষেত্রে যদি কিছু উন্নতি না করা যায় তাহলে কখনও সেই সিস্টে ভালোভাবে চলতে পারেনা। অশোক মিত্র কমিশন তার রিপোর্টের উপসংহারে বলেছেন—"A system and the quality of its performance are determined not so much by rules and codes, but by the sense of commitment on the part of those who are involved in it. মন্ত্রী, অফিসার কর্মচারী প্রত্যেককে একটা কমিটমেন্টের জায়গায় নিয়ে আসতে হবে। যে কর্মচারী আজকে অফিসে কাজ করছে সে যখন দেখছে দেশের নেতারা দুর্নীতিতে নিমজ্জিত হয়ে রয়েছে, কেউ একশ পারসেন্ট খেয়ে কাজ করছে, কেউ সত্তর পারসেন্ট খেয়ে কাজ করছে এবং যখন টি.ভি-তে বিজ্ঞাপন দেখানো হচ্ছে-' মেরা স্বপ্ন, মেরা মারুতি', তখনই তার পদস্খলন হতে পারে। তাই আমাদের প্রচার করতে হবে দুর্নীতিই সব কথা নয়, দিল্লির নেতারাই মানুষ নয়, তোমাকে অন্য মানুষ হতে হবে। প্রচার করে আজকে কমিটমেন্টের জায়গায় নিয়ে আসা দরকার। আর বলতে হবে, তুমি তৃণমূলেরই হও, কংগ্রেসেরই হও বা বামফ্রন্টেরই হও তোমাকে বাংলাকে ভালোবাসতে হবে। বাংলার সর্বনাশ করার জন্য একটা চক্র আছে। বাংলার মানুষ যখন রক্ত দিয়ে বক্রেশ্বর করবে বলেছিল, তখন সেই চক্র থেকে কেউ কেউ বলেছিল, বাঙালির বাচ্চার রক্তের তেজ দেখো। যখন বন্যা হয়েছিল তখন অনেকে

তাকে ম্যানমেডও বলেছিল। তাই বাংলাকে বঞ্চনা করে নয়, বুভুক্ষ করে নয়, বাংলাকে ভালোবেসে মানুষের জন্য কাজ করতে হবে। ১৮ এবং ১৯ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করা হয়েছে তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী নির্বেদ রায় :** মাননীয় চেয়ারম্যান স্যার, ২০০১-২০০২ সালের জন্য ১৮ এবং ১৯ নম্বর দাবির অধীন কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কারের জন্য যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলছি।

আমি দেখলাম ট্রেজারি-বেঞ্চের মাননীয় সদস্যরা খুব উত্তেজিত হচ্ছিলেন বিরোধী পক্ষের কথা শুনে। তার সঙ্গে সঙ্গে কিছু উল্লেখযোগ্য তথ্যও তারা রাখলেন, ভালো লাগল শুনে। যে অশোক মিত্র কমিটির কথা বার বার আপনারা বলছেন, তার আগে ১৯১৩-১৪ সালে একটা কমিটি হয়েছিল এবং ১৯১৪ সালে সেই কমিটির রিপোর্ট প্রকাশ পায়। সেই কমিটির একটা রেপ্লিকা মাত্র অশোক মিত্র কমিটির সুপারিশ, এ ছাড়া আর কিছুই নয়। এটা ১৮ বছরের পুরোনো দাবি নয়, ৮৮ বছরের পুরোনো কমিটির রেজিলিউশন, এছাড়া নতুন কিছু কথা সেখানে নেই। মেদিনীপুরের প্রশাসনিক সংস্কারের ব্যাপারে একটাও দাবি আপনারা কংগ্রেস আমলে এই বিধানসভায় রেখেছিলেন, একবারও বলেছিলেন এই কথা? আপনারা যেটা দাবি তুলেছেন দার্জিলিং, সিকিম, নেপাল নিয়ে গোর্খাস্থান, গোর্খাল্যান্ড করে ভারতবর্ষ থেকে বের করে নেওয়া। কতজন কতবার মেদিনীপুর ভাগের দাবি করেছেন। ৪৪-৪৫ সালে কমিশন পরিস্কার রিপোর্ট দিয়েছিল - অশোক মিত্র কমিটির আকাশ থেকে পড়া রিপোর্ট নয় সেই কমিটি বলেছিল ছোট করতে হবে। কেন ছোট করতে হবে, আগে মাননীয় বন্ধু সদস্যরা বলেছেন - প্রশাসনকে আরও দ্রুত ও কাজের করতে হলে এটা দরকার। ২৪ পরগনা হয়েছে, পশ্চিম দিনাজপুর হয়েছে। ঠিক আছে, আপত্তি নেই। কিন্তু মেদিনীপুর হচ্ছে না, এই দাবি উঠছে। এটা নিয়ে এত বিরোধিতার কি আছে? যদি বিরোধিতা থাকে তাহলে তাপসবাবু, কেন বলেছিলেন আপনারা যদি জিতে আসি তাহলে বলবেন? আজকে বলছেন - আপনারা কেন করেননি, আপনারা তো ছিলেন? যেন - যেহেতু আপনারা করেননি, তাই আমরাও করব না। বলুন, এটা করা উচিত প্রশাসনিক সংস্কারের মাধ্যমে। একটা জেলা, যার আয়তন এবং জনসংখ্যা ভারতবর্ষের অনেকগুলো প্রদেশের থেকে বড়, পৃথিবীর বহু

রাষ্ট্র থেকে বড়, এবং সম্ভবত ভারতবর্ষের সর্ববৃহৎ জেলা, এবং সেই জেলা, যেখানে অশোক মিত্র কমিশন বলছে - জেলায় ১৫ থেকে ২০ লক্ষ লোক হলে ভালো হয়, প্রশাসন ভালো হয়। তার বহু আগে স্যার, ১৯১৪ সালের বেঙ্গল ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশন কমিটি তার রিপোর্ট দিয়েছিল "The districts of 24-parganas, Midnapore and Burdwan are really unwiedly both in area and populations. While the average area of district in West Bengal is 5,491 sq. km.; these three districts (13,875 Sq. km., 13,724 sq. km. and 7,028 sq. km.) respectively." বর্ধমান ভাগের কথা আজকের নয়, ৮৮ বছরের পুরনো। শুধু তাই নয় "It is suggested that the districts of 24-parganas, Midnapore and Burdwan should be immediately partitioned with a view to ensuring smooth and efficient administration as well as the peace prosperity of the districts." খুব গুরুত্বপূর্ণ এই 'পিস', সেটা অশোক মিত্র কমিটি থেকে অত্যন্ত চিন্তা করে বাদ দেওয়া হয়েছে। ছোট আঙারিয়া, গড়বেতা, কেশপুর জুড়ে যেসব ঘটনা ঘটছে, সেটা প্রশাসনের ভুলের জন্য দল-মতের উর্দ্ধে গিয়ে এটা বলা যাক। সবসময় কি একটা দলের প্রশ্ন তুলতেই হবে? বিদ্যাসাগর বলেছেন সদা সত্য কথা বলিবে। আর এখন তৃণমূল বলেছে বলেই বলিবে সদা সত্য কথা বলিবে না? এটা রাজনীতির মঞ্চ নয়। আগে বলতে হয়নি, এখন বলতে হচ্ছে। একজন মাননীয় সদস্য বললেন তথ্য আসবে, তথ্য এলে নিশ্চয় জেলা ভাগ হবে। তথ্য কবে আসবে? অশোক মিত্র কমিটি ৯০ জন ইন্ডিভিজুয়াল এবং সমিতির সঙ্গে কথা বলেছে। এই ৯০ জন ব্যক্তির মধ্যে বিরোধী দলের নেতা ছিলেন, মাননীয় মুখ্যমন্ত্রী ছিলেন, নিশ্চয় সেই সময় মেদিনীপুর জেলা-পরিষদের সভাধিপতি ডাঃ সূর্যকান্ত মিশ্র ছিলেন, নিশ্চয় তার মধ্যে রাজ্য কো-অর্ডিনেশন কমিটি ছিল, তার মধ্যে আই.এ.এস. এবং ডব্লু.বি.সি.এস.এর লোকেরা ছিল। মেমোর্যান্ডাম দিয়েছেন। সমস্ত তথ্যগুলি পাওয়ার পরে আমরা সবাই মনে করছি যে, এটা করা উচিত। অথচ একান্তে ওই সংসদীয় গণতান্ত্রিক কথাবার্তা বলতে গিয়ে কেউ বলছে চিৎকার করে কেউ বলছে করা হবে না। কেউ বলছে করা হবে। আগামী ৯ই আগস্ট মেদিনীপুর জেলার একটা বিশিষ্ট দিন এবং ভারতের ক্ষেত্রে তো বটে। আগামী ৯ই আগস্টের মধ্যেই ঘোষণা করুন যে, প্রশাসনিক সংস্কারের জন্য মেদিনীপুর জেলাকে অন্ততপক্ষে পূর্ব এবং পশ্চিম মেদিনীপুর হলদিয়া, তমলুক, ঘাঁটাল এবং কাঁথিকে নিয়ে, আর ওই দিকে মেদিনীপুর এবং ঝাড়গ্রামকে

তারা যদি মনে করেন, অন্যভাবে করবেন, সেই ব্যাপারে আলোচনা করতে পারেন। তবে আমার মনে হয় এই ব্যাপারে বহু আলোচনা হয়েছে এবং ব্যাপারটা রাজনৈতিক পর্যায়ে পৌঁছে যাচ্ছে। মেদিনীপুরের মাটি আপনারা জানেন ল্যাটেরাইট সয়েল, খুব শক্ত মাটি। এখান থেকে বহু ধরনের ঘটনা ঘটে। শুধু স্বাধীনতা আন্দোলন নয়, বহু ধরনের দৃঢ় পদক্ষেপ নিয়েছে সেটা ইতিহাসে আছে। জেলা ভাগকে কেন্দ্র করে মেদিনীপুরে এমন ঘটনা না ঘটে, যেটা তার জেলার সেন্টিমেন্টকে আহত করে এবং এটাই আমার বক্তব্য। দ্বিতীয় পর্যায়ে বলি-৭ নাম্বার প্যারাগ্রাফে একটা কথা বলা হয় যে, বাংলায় সফটওয়ার চালু করতে হবে। এইকথা ঠিক বুঝিনি। বুঝিনি এই কারণে যে, বাংলায় সফট ওয়ার এবং কি বোর্ড অথচ ল্যাঙ্গুয়েজে সফটওয়ার বহুদিন যাবৎ ভারতবর্ষে চালু আছে। বাংলায় সফট ওয়ার অন্ততপক্ষে আমি নিজে গোটা কয়েক সফট ওয়ারের কথা বলতে পারব যেটা এনি সফট ওয়ার এবং যেটা কমপিটেবেল। অথচ আপনি যে সফটওয়ারের কথা বলছেন এটা কি ধরনের সফটওয়ার সেটা বললে সুবিধা হবে। আর কি ধরনের কি বোর্ডের কথা বলেছেন এটা যদি বলেন তাহলে সুবিধা হয়। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

**শ্রী অক্ষয় ঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটা কথা বলছি। স্যার, বৃটিশ আমলের ঔপ্যনিবেশিকরা যে প্রশাসন, আমলাতান্ত্রিক প্রশাসনকে তৎকালিন কংগ্রেসের হাতে দান করে গিয়েছিলেন। সেই প্রশাসনকেই তারা লালন পালন করে সরকার চালাতেন। তারা আমলার উপর নির্ভর করে জনসংযোগ থেকে বিচ্ছিন্ন হয়ে একপেশি মানসিকতা নিয়ে তারা সরকার চালাতেন। কিন্তু স্যার, আমি লক্ষ করছি যে, এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে ইংরাজ আমলের যে ঔপ্যনিবেশিক প্রশাসন এবং আমলাতান্ত্রিক প্রশাসন, এই প্রশাসনকে দুমড়ে মুচড়ে চুরমার করে একটা জনমুখি গতিশীল সংবেদনশীল প্রশাসনকে উপহার দেওয়ার যে উদ্যোগ গ্রহণ করেছেন, তাতে আমরা গর্বিত। এটা তো আমরা করবই এবং আমরা লক্ষ করছি যে এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করে আজকে তৃণমূল স্তরে প্রশাসনকে যুক্ত করেছেন। ফলে উদাহরণ স্বরূপ বলা যায় পঞ্চায়েত এবং পৌরসভা নিয়ন্ত্রণের মধ্যে দিয়ে সাধারণ মানুষ আজকে এরসঙ্গে যুক্ত হচ্ছেন,

প্রশাসনিক কাজে যুক্ত হচ্ছেন, তারা পরিকল্পনা গ্রহণের ফলে জনমুখি প্রশাসনে মানুষ অংশ গ্রহণ করছে ফলে উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে, সুযোগ বৃদ্ধি পাচ্ছে। স্যার, এখানে অনেক সদস্য বলেছেন যে সরকার পরিচালনার ক্ষেত্রে আমরা সম্পূর্ণ দুর্নীতিমুক্ত হতে পারিনি। হ্যাঁ, একথা ঠিক যে স্বচ্ছ সামাজিক প্রশাসন উপহার দেওয়ার জন্য, দুর্নীতি নিবারণের জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করে দেখিয়েছেন। এই কারণের জন্যই ওয়েস্ট বেঙ্গল ভিজিলেন্স কমিশন। গঠন করার উদ্যোগ নেওয়া হয়েছে। আর ওদের মুখে তো দুর্নীতির কথা মানায় না। ওরা দুর্নীতির পাহাড়ে বসে আছেন। ওরা কাদের রাজনৈতিক আশ্রয় দিয়েছেন। দুর্নীতি করেছেন যে সব আই.এ.এস, আই.পি.এস তাদের ওরা আশ্রয় দিয়েছেন। এখন ভুলে যাচ্ছেন কাদের ওরা প্রশ্রয় দিয়েছেন, দুর্নীতিকে কারা প্রশ্রয় দিয়েছেন। অভিযোগ নিরসনের জন্য যে কেন্দ্র খোলা হয়েছে। অভিযোগ শোনবার যে ব্যবস্থা সেটা হয়তো সঠিক নয়, সব সময়ে তার উত্তর দেওয়া যাচ্ছে না। আমি অনুরোধ করব যে একটা জায়গায় কোনও কেন্দ্র না খুলে এই কেন্দ্রগুলো তৃণমূল স্তরে খোলা হোক। আরেকটা জিনিস আমি লক্ষ করতে বলব সেটা হচ্ছে সীমান্ত এলাকায়। সীমান্ত এলাকায় সেখানে বি.এস.এফ, কেন্দ্রীয় সরকারের পুলিশ প্রশাসন তাদের অত্যাচারে সাধারণ মানুষ জর্জরিত হচ্ছেন। আমি এখানে একটা প্রস্তাব করতে চাই যে একজন এ.ডি.এম ওখানে পোস্টিং করা হোক তাহলে জনসাধারণের সুবিধা হবে। পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চৌধুরীমোহন জাটুয়া ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এখানে যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেট উপলক্ষে আমি কয়েকটি কথা বলতে চাই। সরকার পক্ষের সদস্যরা যে কথা বলছেন যে কংগ্রেস আমলে কেন করা হয়নি? অতএব এখনই বা করার কথা উঠছে কেন? আমি একটা জ্বলন্ত সমস্যার কথা বলছি, এই সমস্যা আমাদের ২৪ পরগনার সমস্যা। আমরা জানি দক্ষিণ ২৪ পরগনা জেলার হেডকোয়াটার্স হচ্ছে আলিপুর। যখন ২৪ পরগনা জেলা ভাগ হয়নি তখন হেড কোয়াটার্স ছিল আলিপুর। তারপরে ভাগ হয়ে উত্তর ২৪ পরগনার হেড কোয়াটার্স হয়েছে বারাসাতে, কিন্তু আমাদের দক্ষিণ ২৪ পরগনার হেড কোয়াটার্স হল আলিপুর। আলিপুর কোথায়? আলিপুর কোলকাতায়। ওখানে যদি কোনও আইন ঘটিত সমস্যা দেখা দেয় তাহলে লোকাল এস.পি. লোকাল ডি.এম. এদের কোনও জুরিসডিকশন নেই। তখন পুলিশ কমিশনারকে ডাকতে হবে, বলতে হবে আমাকে উদ্ধার করুন। দক্ষিণ ২৪ পরগনা জেলার হেড কোয়াটার্স হচ্ছে আলিপুরে,

কিন্তু এই জেলা ছড়িয়ে আছে ৭০, ৮০ কি.মি. দক্ষিণে ক্যানিং, পাথর প্রতিমা, কাকদ্বীপ, সাগর ইত্যাদি নিয়ে। এই হেড কোয়াটার্স কেন এখানে থাকবে? এটা ব্রিটিশ যুগ থেকেই আছে বলেই থাকবে? মাননীয় মুখ্যমন্ত্রী যিনি উন্নত প্রশাসনের কথা বলেন প্রশাসনের কো-অর্ডিনেশনের কথা বলেন তিনি কি মনে করেন? দক্ষিণ ২৪ পরগনা জেলায় যারা বাস করেন সেই জেলার স্বার্থে এর হেড কোয়াটার্স জেলার মধ্যেই হওয়া উচিত। আমার মনে হয় এটা আলিপুর থেকে সরিয়ে নিয়ে যদি বারুই পুরে করা হয় বা এটা এমন জায়গায় করা উচিত যেখানে ক্যানিং, কাকদ্বীপ, সাগর, পাথর প্রতিমা এইসব এলাকার মানুষ সুবিধা পাবে। মাননীয় মুখ্যমন্ত্রী অনেক বড় বড় কথা বলেন, আমি আশা করব তিনি এটা করবেন। জেলার বাইরে জেলার হেড কোয়াটার্স থাকবে? এটা সরানো উচিত। আমি আশা করব আগামী ৫ বছরে এই কাজটা সম্পন্ন করার জন্য উনি দেখবেন। উনি অনেক কথা বলেন, কিন্তু উনি একটা কথা যে রাখেন সেটা দেখব।

এরপর আমি আসব ভিজিলেন্স কমিশনের ব্যাপার নিয়ে। ভিজিলেন্স কমিশনের ট্রান্সপারেন্সি নিয়ে অনেক কথা হয়েছে। সমস্যা হচ্ছে ভিজিলেন্স কমিশনের এনকোয়ারি হয় কিন্তু এনকোয়ারি যাতে ঠিক মতো না হয় তারজন্য সরকারের দিক থেকে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়। অনেক কারণ রয়েছে, তারমধ্যে একটা কারণ হচ্ছে তথাকথিত সি.পি.এমের সোজা বাংলায় যাকে বলে কোলের ছেলে, তার নামে যখন দরখাস্ত হয় তখন নানা প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। তার নাম চার্জ শিটে যদি থাকে তাহলে পার্টির স্বার্থ দেখবে কে? প্রতি ৫ বছর অন্তর ইলেকশনে সহায়তা করবে কে? এটা আমরা বুঝি। কিন্তু এত অসুবিধা সত্ত্বেও যখন ভিজিলেন্স কমিশন এনকোয়ারি এবং চার্জ শিট ফ্রেম করে সরকারের কাছে পাঠায়, সেখানে হোম-সেক্রেটারি, চিফ-সেক্রেটারি সই করলে তবে জজ বিচার করবেন। এই রকমও হয়েছে কমপ্লিট এনকোয়ারি করার পরে রাইটার্স বিল্ডিংয়ের উচ্চমহলে যিনি ভিজিলেন্স কমিশনে আছেন তাকে বলা হয়েছে এই সব কি পাঠাচ্ছেন, আপনি নিজে দেখেছেন, এতে আমাদের ভালো ভালো অফিসাররা আছেন। তখন সেই ফাইল আটকে যায়, আর ফিরে আসে না। গত ১০ বছরে ভিজিলেন্স কমিশন যে সব এনকোয়ারি করে চার্জশিট ফ্রেম হয় যাকে বলে ড্রাফট চার্জশিট করে পাঠানো। সেইগুলি গভর্নমেন্টের সই না করে ভিজিলেন্স' কমিশনে ফেরত পাঠিয়েছেন। গত ১০ বছরে কটা কেস হয়েছে জানাবেন। ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশন রিফর্মস কমিশন এটা কোলাপ্স করে গেছে। আমরা আগে দেখেছি ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের সেন্টারে ডি.এম. ছিলেন।

তার কাছে পাবলিক যে কোনও সমস্যা নিয়ে গেলে সমাধান করে দিতে পারতেন যেভাবেই হোক। এখন ডি.এম. একটা পোস্ট অফিসে পরিণত হয়েছে। গেলে বলেন, এটা ইরিগেশন, এটা পাবলিক হেলথ, এটা হাসপাতাল, এটা জেলা-পরিষদের - ঠিক আছে, আপনি যান। করেন কি? বিষয়গুলোর কপি নিয়ে যেখানে জানানোর সেখানে জানিয়ে তার দায়িত্ব শেষ। এইরকম অবস্থা হলে কি করে চলবে? ডি.এম.-দের আরও কাজ করতে হবে। ডি.এম.-দের নিজেদের এনকোয়ারি করতে হয় নিজেদের অফিস, ট্রেজারি। বছরে দুবার ট্রেজারি এবং তার নিজের অফিস একবার এনকোয়ারি করতে হয় যাতে সব ঠিকমতো চলে। কিন্তু তা না হওয়ার জন্য ট্রেজারিতে স্ক্যাম দেখা দিচ্ছে। কিন্তু যদি ঠিকমতো কোহেসিভ না হয় সুষ্ঠভাবে কোনও কাজ হবে না। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যদি এস.ডি.ও.-কে বলা হয় কোনও একটা দলের মানুষকে পুলিশ প্রোটেকশন দিন, তিনি বলবেন পুলিশ প্রোটেকশন দেওয়া যাবেনা। আসলে এটা এস.ডি.ও ঠিক করতে পারেন না, কাকে পুলিশ প্রোটেকশন দেওয়া হবে। এই যদি অবস্থা হয় পাবলিকের তাহলে তারা যাবে কোথায়? আশাকরি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এটা চিন্তা-ভাবনা করবেন এবং সবার আগে অ্যাডমিনিস্ট্রেশনে কো-অর্ডিনেশন আনার চেষ্টা করবেন। যদি ডি.এম., এস.ডি.ও, এস.পি., পি.ডব্লু.ডি ইঞ্জিনিয়ার, হেলথ ইঞ্জিনিয়ার, প্রভৃতি লেভেলের কর্মচারিদের কাজের ক্ষেত্রে কো-অপারেটিভ ওয়ে বজায় থাকে তাহলে পাবলিকের অসুবিধা লাঘব হবে। লাল আলো জ্বলে উঠেছে এবং যেহেতু আমি ইনডিসিপ্লিন হতে চাইনা তাই সময় শেষ হয়ে যাওয়ার সাথে সাথে আমাদের আনা সমস্ত কাট-মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে এখানে সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ ও প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ২০০১-০২ সালের জন্য ১৮ এবং ১৯ নম্বর দাবির অধীনে ব্যায় মঞ্জুরির যে দাবি করেছেন এবং সেজন্য যে বিবৃতি রেখেছেন তার বিরোধিতা করছি, সমর্থন করতে পারলাম না। আজকে মাননীয় বুদ্ধদেববাবু কে ঢক্কানিনাদ করে, ঢাকঢোল পিটিয়ে কর্মসংস্কৃতির কথা বলতে হচ্ছে। প্রশাসনিক সংস্কারের কথা বলতে হচ্ছে। মনে হচ্ছে যেন নতুন একটা সরকার এসেছে এবং তার মুখ্যমন্ত্রী মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য্য। স্যার, উনি ২৪ বছর ৫ মাস কয়েকদিন ধরে জ্যোতিবাবু যে সংকীর্তন

করেছিলেন তার সঙ্গে খোল-করতাল বাজিয়েছিলেন। এবং এখানে কর্মসংস্কৃতির সর্বনাশ করে দিয়েছেন। বাংলার কর্মসংস্কৃতির বারোটা বাজিয়ে দিয়েছেন। প্রশাসনকে শেষ অবস্থায় নিয়ে এসেছেন। আজকে কনফেশন বক্সে দাঁড়িয়ে বলুন, আমরা সেই পাপের প্রায়শ্চিত্ত করতে চাই। 'অন্যায় যে করে আর অন্যায় যে সহে তব ঘৃণা তারে যেন তৃণ সমদহে। সুতরাং সেই অন্যায়ের ভাগীদার আপনিও। আজকে আপনি বলছেন, আমি এটা করব। রাতারাতি তা হয়না। আপনি যা ২৪ বছরে পারেননি, মুখ্যমন্ত্রী হিসাবে করতে চেয়েছেন, আমার মনে হয় আপনি এই টার্মে সেই প্রশাসনিক সংস্কার বা কর্মসংস্কৃতি ফিরিয়ে আনতে পারবেন না। কর্মসংস্কৃতি কিসের কর্মসংস্কৃতি? সেটা খায় না মাথায় দেয়? প্রশাসনিক সংস্কার সম্বন্ধে আপনার যে বক্তব্য, আমি মানছি আপনার প্রচেষ্টা আছে এবং সেটাকে আমি তারিফ করি। আপনি উদ্যোগ নিয়েছেন। কি উদ্যোগ নিয়েছেন? আগে সিনিয়র আই.এএস., এই.পি.এস.-দের করা হত, রিটায়ার্ড আই.পি.এস.-দের করা হত, কিন্তু আপনি একজন হায়ার জুডিসিয়াল মানুষকে ভিজিলেন্সে এনে বসালেন। আমি জানিনা আই.এ.এস. মহল, ডব্লু.বি.সি.এস মহল, কো-অর্ডিনেশন তার বিরুদ্ধে যে অভিযোগগুলো এনেছে, যত ফাইলে অভিযোগ এনেছে, বিভিন্ন ডিপার্টমেন্টে, আপনি বলুন, এখানে আবার সংখ্যা দিয়েছেন কয়েকটা। তাহলে আপনি বলুন কটার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন?

দেবেশবাবু বলেছেন সঠিকভাবে, যদি ব্যবস্থা নিতে না পারেন তাহলে আগামীদিনে কখনই সংবেদনশীল, স্বচ্ছ, দুর্নীতি মুক্ত প্রশাসন বাংলার মানুষকে উপহার দিতে পারবেন না। আজকের বুদ্ধদেববাবু কি সেদিনের বুদ্ধদেববাবু আছেন? একটু বদলেছেন, উদ্ধত নন। ইন্ডাস্ট্রিয়ালিস্টরা ডাকলে এখন তিনি যান, গিয়ে তিনি কথা বলেন এবং বলেন, মিলিট্যান্ট ট্রেড ইউনিয়ন আর আমি সহ্য করব না, বরদাস্ত করব না। আপনাকে আষ্টেপৃষ্ঠে বেঁধে রেখেছেন—আই.এ.এস.দের একাংশ, ডাব্লু.বি.সি.এস. দের একাংশ। কো-অর্ডিনেশন কমিটি আপনার বশংবদ, আর আপনার পার্টির আরেকজন ভদ্রলোক—যাঁর চাপে অনেক সময় অনেক কাজ করতে পারেন না, ইন্ডাস্ট্রিয়ালিস্টরাও তাঁকে চাননা—আপনার সামনে বসা অর্থমন্ত্রীকে। কারণ একটা ফাইল সই করতে তিনি সময় নেন এক বছর। আপনি খরচ কমাতে চান, সময় বাঁচাতে চান, তারিফ করি। তারজন্য ই-গভর্নেন্স চালু করেছেন আজকে অকারণে সময়, অসময়ে জেলার আধিকারিকদের কলকাতায় ডেকে আনেন কেন? কেন তাঁরা তেল পুড়িয়ে এখানে আসবেন? প্রয়োজন নেই, কেন তাঁদের জেলা থেকে ডেকে পাঠান? আপনি যদি ই-গভর্নেন্স চালু করতেন তাহলে তার মাধ্যমেই সেই কাজগুলো

*করা যেত। তাহলে অনর্থক জেলা থেকে তাঁদের ছুটে আসতে হত না। অপটিক্যাল* ফাইবারের মাধ্যমে সারা বাংলাকে জুড়ে দেওয়ার চেষ্টা করুন। ই-গভর্নেন্সের কথা বলেছেন, কিন্তু আমাদের চোখে পড়ছে না। সময় বাঁচাতে কেন্দ্রীয় সরকারে রয়েছে ভিডিও কনফারেন্সের ব্যাপারটা। আপনি অ্যাটেনডেন্সের কথা বলছেন। সময়ে এলাম, সময়ে গেলাম—এটা তো রুটিন ব্যাপার। প্রশ্ন হল তার মধ্যে আমি কাজ করলাম কিনা। দিল্লিতে ইনটিগ্রেটেড ফিনান্সিয়াল অ্যাডভাইসরি সিসটেম রয়েছে। আপনি করেছেন? তার উল্লেখ নেই। কেউ সেটা বললেনও না। আপনি সময় বাঁচাতে অর্থ বরাদ্দ কমাচ্ছেন, আপনি কোথাও কাজ করতে পারেন নি, কেন্দ্রের টাকা ফেরত চলে যায়, নিজেদের অর্থ আটকে যায়। ডেস্ক সিসটেম দিল্লিতে চালু আছে। আপনি করেছেন? একটা ফাইল নিচে ১০ জন দেখবে তারপর সেটা নিচ থেকে উপরে যাবে, উপরে আবার ১০ জন সেই ফাইল দেখবে, তারপর সেই ফাইল নিচে নামবে। এভাবে একটা ফাইল ২০ জনের দেখার কি দরকার? আপনি একজন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি বা ডেপুটি সেক্রেটারিকে ডেপুট করুন, তিনি এটাকে ইনিশিয়েট করবেন, কাকে দেখাতে হবে তিনিই করবেন। এই ইরেসপেকটিভ অব ইমপরট্যান্স, সমস্ত ফাইল সকলের দেখার কি আছে? এতে অনেক সময় অনেক গুরুত্বপূর্ণ খবর বাইরে চলে যায়। আপনি গ্রিভান্স রিড্রেসাল সেলের কথা বলেছেন। এটা বহুবার শুনেছি। টাস্ক ফোর্স, গ্রিভান্স রিড্রেসাল সেল তথ্যকেন্দ্র থেকে রাইটার্সে গিয়ে তারপর সেটা উঠে গেছে। চিফ সেক্রেটারির নেতৃত্বে টাস্ক ফোর্স করলেন। কিন্তু কোথায় আজকে তারা? সেই টাস্কও নেই, ফোর্সও নেই। সবটা ফার্স হয়ে গেছে। এই আপনার অ্যাডমিনিস্ট্রেশন। এই আপনার অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস ইন লাস্ট ২৪ ইয়ার্স। টোটালি কোনও ট্রান্সফার্ড পলিসি নেই। কয়েকজন সন্তুষ্ট করলেই ভাল পোস্টিং হবে। আপনি কিছুদিন আগে বলেছিলেন, ৪ জন ডাব্লু.বি.সি.এস. কে ডি.এম. করা হবে। আপনি একজনও ডাব্লু.বি.সি.এস. অফিসারকে ডি.এম. করেছেন? ট্রান্সফার পলিসি নেই, ডিসস্যাটিসফ্যাকশন, ফ্রাসটেশন লিড করছে। কাজ পাবেন তাদের কাছ থেকে? আপনি ইনক্রিমেন্ট, রিটায়ারমেন্ট এগুলো কি জানেন? আপনি জানেন কি যে, আপনার আমলাদের, ডাব্লু.বি.সি.এস. অফিসারদের দীর্ঘদিন নিজেদের ইনক্রিমেন্ট নিজেদের লিখতে হয়, তাঁদের রিটায়ারমেন্টের কখন সময় হবে সেগুলোও তাঁদের নিজেদের লিখতে হচ্ছে? এগুলো ডাব্লু.বি.সি.এস. অফিসারদের নিজেদের লিখতে হচ্ছে। এই হচ্ছে আপনার অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস ইন লাস্ট ২৪ ইয়ার্স। গভর্নমেন্ট একটা সার্কুলার দিয়েছিলেন রাইটার্স বিল্ডিং-এর চার তলা থেকে। কো-

অর্ডিনেশন কমিটি আপনার বশংবদ, এঁরা সাংবাদিকদের পেটালেন, কিন্তু আজও পর্যন্ত তাদের কোনও শাস্তি হল না। সত্যজিৎ রায়ের অন্ত্যেষ্টির সময় একজন দুষ্কৃতি, পুলিশের একজনকে 'সাহাদা' বলেছিলেন বলে তাকে সরিয়ে দিলেন। আর আপনার একজন ক্যাবিনেট কলিগ, প্রমাণিত হয়ে গেছে তিনি সমাজবিরোধীদের পৃষ্ঠপোষক, তাঁর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারছেন না। সল্টলেকে সরকারি বাসভবনে একজন বেসরকারি বৃদ্ধ ভদ্রলোক বসে আছেন।

[5-10 — 5-20 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রী, সে জবাব দেওয়ার দায়িত্ব আপনার। আপনি তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেননি। আপনার প্রশাসন আজ এমন জায়গায় এসে দাঁড়িয়েছে যে, আপনার পাশে বসে থাকা নিরুপম সেনকে শিক্ষকদের হুমকি দিতে হচ্ছে। কর্ম-সংস্কৃতিকে কোথায় এনে দাঁড় করিয়েছেন! আপনি জাতীয় শিক্ষক জ্যোতি বিকাশ মিত্র'র প্রিয় ছাত্র। আপনি রবীন্দ্র অনুরাগী এবং কবি সুকান্তর ভ্রাতুষ্পুত্র। কবি সুকান্তর জন্য আমরা গর্ববোধ করি। কবি সুকান্ত বলেছিলেন,—

"এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি—

নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।"

এই অঙ্গীকারের কথা আপনিও বলেন, কিন্তু আজ যে শিশু জন্ম-গ্রহণ করলো বা গতকাল যে শিশু জন্ম-গ্রহণ করেছে সে যখন আপনার কাছে সুভাষবাবুর ঘটনা নিয়ে প্রশ্ন তুলবে তখন আপনি তার কি জবাব দেবেন? আপনি নিজের চোখে হাত দিচ্ছেন, না জনগণের চোখে হাত দিচ্ছেন, না বিবেকের চোখে হাত চাপা দিচ্ছেন? আপনি কম্প্রোমাইজ করছেন। আপনি সৎ নিষ্ঠাবান, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু আপনি এই মেরুদন্ড নিয়ে, এই ব্যক্তিত্ব নিয়ে বাংলার প্রশাসনকে সংবেদনশীল, স্বচ্ছ, গতিশীল, দুর্নীতি মুক্ত করতে পারবেন না। তাই আমি আপনার ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে, কাট মোশন সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১৮নং ও ১৯নং দাবির অধীনে ব্যয়-বরাদ্দ মঞ্জুর সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী যে বক্তব্য পেশ করেছেন আমি তার বিরোধিতা করে, আমার কাট মোশনের সমর্থনে বক্তব্য পেশ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সরকার যে মৌলিক দৃষ্টিভঙ্গি নিয়ে প্রশাসন পরিচালনা করছেন তাতে আমাদের মনে প্রশ্ন জাগছে একটা বুর্জোয়া দল পরিচালিত

সরকারের প্রশাসন এবং বামপন্থী দল পরিচালিত সরকারের প্রশাসনের মধ্যে মৌলিক পার্থক্যটা কোথায়? এখানে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর সরকারের জন্য উন্নয়ন, গতিশীলতা এবং কর্ম-সংস্কৃতির স্লোগান তুলেছেন। এই প্রসঙ্গে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যেটা বলতে চাই, সেটা হচ্ছে এই যে উন্নয়ন বলছেন, শিল্পায়ণের কথা বলছেন, আমাদের ভারতবর্ষের মতো শ্রেণী বিভক্ত সমাজে শাসক এবং শোষিত, মালিক এবং শ্রমিক, উভয়ে পরস্পর বিরোধী শ্রেণী স্বার্থ নিয়ে অবস্থান করছে, এই সমাজে উন্নয়ন কার স্বার্থে ঘটাবেন? মালিক শ্রেণীর স্বার্থে, না শ্রমিক শ্রেণীর স্বার্থে?

অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, উন্নয়নের যে দৃষ্টিভঙ্গি আপনারা গ্রহণ করেছেন তাতে মার্কসবাদ তো দূরের কথা বাম-পন্থার ন্যূনতম দৃষ্টিভঙ্গিও পরিলক্ষিত হচ্ছে না।

বিগত ২৪ বছর ধরে এই সরকার উন্নয়নের নামে মালিক শ্রেণীর স্বার্থ রক্ষা করতে, তাদের তুষ্ট করতে ব্যস্ত। এই পরিস্থিতিতে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা - তাঁদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী এই সমাজের শ্রমিক, ক্ষেতমজুর, গরিব-চাষী, নিম্ন-মধ্যবিত্ত, মধ্যবিত্ত, শিক্ষিত বঞ্চিত ছাত্র প্রভৃতি সর্বস্তরের খেটে খাওয়া মানুষদের স্বার্থ রক্ষায় সরকারের ভূমিকা কি? আজকে এই সমাজের উপর দাঁড়িয়ে পশ্চিমবাংলার মতোন একটি অঙ্গরাজ্য যদি কেন্দ্রের ক্ষমতায় আসে এবং যুক্তির খাতিরে, তর্কের খাতিরে ধরে নিই যে সি.পি.এমের মতো একটা যথার্থ বামপন্থী দল, বিপ্লবী দল তারা নিরপেক্ষ, সৎ দৃষ্টিভঙ্গি নিয়ে, জনমুখি দৃষ্টিভঙ্গি নিয়ে সরকার পরিচালনা করবেন, প্রশাসন পরিচালনা করবেন। তাসত্বেও এই শোষণমূলক আর্থ-সামাজিক কাঠামোকে অব্যাহত রেখে জনগণের মৌলিক সমস্যার সমাধান করা কি সম্ভব হবে? মার্কসবাদের শিক্ষা কি? স্বাভাবিকভাবে এই ব্যবস্থার আমূল পরিবর্তন। বিপ্লব যেখানে অপরিহার্য সেই সমাজ ব্যবস্থার আমূল পরিবর্তনের যে লক্ষ সেই উদ্দেশ্য যদি পূরণ করা না যায় তাহলে জনগণের মৌলিক সমস্যার সমাধান করা যাবে না। যথার্থ বামপন্থী দল পরিচালিত সরকার এই প্রশাসন পরিচালনার ক্ষেত্রে তার মূল লক্ষ আমূল মৌলিক পরিবর্তনের পরিপূরক পরিবেশ হবে গণ-আন্দোলন, জনমুখি আন্দোলন, শ্রেণী আন্দোলন এবং তার মধ্য দিয়েই সমাজকে এগিয়ে নিয়ে যাবার স্বার্থে সরকার পরিচালিত হবে। কিন্তু সেখানে আমরা কি দেখতে পাচ্ছি? সেখানে আমরা দেখতে পাচ্ছি, আজকে শিল্পপতি, পুঁজিপতিদের তুষ্ট করার স্বার্থে

গণ-আন্দোলন, শ্রেণী-আন্দোলন, শ্রেণী সংগ্রাম - এগুলি যেখানে উজ্জীবিত হবে, শক্তিশালী হবে সেখানে এই বামপন্থী সরকারের আমলে গণ-আন্দোলন, শ্রেণী সংগ্রাম দুর্বল হচ্ছে এবং স্বাভাবিকভাবেই মালিক শ্রেণী এদের আশীর্বাদে পুষ্ট হচ্ছে।

আজকে কর্ম-সংস্কৃতির কথা বলেছেন। কর্মসংস্কৃতি নেই। সেই কর্ম-সংস্কৃতির উন্নতি হবে সরকারি কর্মচারিদের মধ্যে এবং বিভিন্ন ক্ষেত্রে-একথা তিনি বলেছেন। আমার জিজ্ঞাস্য অত্যন্ত বিনীতভাবে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, গত ২৪ বছর ধরে আপনারাই তো ক্ষমতায় রয়েছেন, ২৪ বছরের রাজত্বে যদি যথার্থ বামপন্থার আদর্শ নিয়ে চলতেন তাহলে এই সরকারি কর্মচারিদের মধ্যে কর্মসংস্কৃতির ছাপ থাকতো। যথার্থ বামপন্থার চর্চা করলে সেটাই কিন্তু আসে। কিন্তু ২৪ বছরের রাজত্বে ঘটনা ঘটেছে উল্টো। সেখানে সি.পি.এম যারা করেছে বা সি.পি.এমকে যারা সমর্থন করেছে তাদের কাজ না করলেও হবে - এইরকম একটা অবস্থা। যিনি যত বড় নেতা, তার তত স্বাধীনতা। ফলে স্বাভাবিকভাবেই আজকে শুধু সরকারি কর্মচারীদের ক্ষেত্রে নয়, শিক্ষা দপ্তরে শিক্ষার ক্ষেত্রে, হাসপাতালে চিকিৎসকদের ক্ষেত্রে সর্বত্র কাজে কর্মসংস্কৃতি লাটে উঠেছে। অথচ যথার্থ বৈপ্লবিক রাজনীতিতে কি একথা বলে? আজকে বৈপ্লবিক রাজনীতি, বামপন্থার রাজনীতির চর্চা করলে কি এরকম হতো? আজকে যারা গোটা সমাজের পরিবর্তনের জন্য সমাজ পরিবর্তনের সংগ্রামে নিজেদের উৎসর্গ করেছে তারা আজ সমাজ পরিবর্তনের জন্য দায়বদ্ধ থাকবে। কিন্তু আজকে দায়বদ্ধতার ক্ষেত্রে এই ডিসিপ্লিন, এই শৃঙ্খলাবোধ এটা উপর থেকে চাপিয়ে দেওয়া হচ্ছে। একটা সুপারইমপোজড মিলিটারি ডিসিপ্লিনের মতো। সেল্ফ ইমপোজড ডিসিপ্লিন - যারা স্বেচ্ছায় সমাজ মুক্তির প্রয়োজনে - একটা সমাজে যারা লাঞ্ছিত, শোষিত, নিপীড়িত সেইসব মানুষদের উন্নতির জন্য যে মূল্যবোধ সেই আদর্শে দীক্ষিত যে, সে কখনও শৃঙ্খলাহীন হতে পারে, সে কখনও জন-বিমুখ হতে পারে? সমাজের প্রতি তার একটা দায়বদ্ধতা আছে সুতরাং সমাজের প্রতি তার দায়বদ্ধতা বাড়বে, না কমবে? কিন্তু আপনারা যে বামপন্থার রাজনীতির চর্চা করলেন গত ২৪ বছর ধরে, তার ফলে কর্ম সংস্কৃতি আজকে এই অবস্থায় এসেছে। সেইজন্য আজকে কর্ম সংস্কৃতির জন্য বলতে হচ্ছে। ফলে যথার্থ বামপন্থার চর্চা হয়েছে কি? কিন্তু এই জিনিস হওয়ার তো কথা নয়। এমন কি উন্নত যে সমস্ত পশ্চিমী দেশগুলি যারা বুর্জোয়া বিপ্লবের মধ্য দিয়ে সেই রাষ্ট্রগুলিতে কায়েম হয়েছিল, যতটুকু নীতি-নৈতিকতা, মূল্যবোধ, আদর্শ কাজ করেছে, এখানে সেটা করেনি।

[5-20 — 5-30 p.m.]

আজকে বামপন্থার নামে অধিকার বলতে রাইটস উইদাউট অবলিগেশন, শেয়ার প্রিভিলেজেস আপনি জানেন, '৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে - সেই সরকারে আমরাও ছিলাম, সেই যুক্তফ্রন্টের আমলে একটা দৃষ্টিভঙ্গি যে গণ আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না।। ন্যায় সঙ্গত গণ আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না। সাধারণ গরিব মানুষ শ্রমিক কর্মচারী, খেটে খাওয়া মানুষ তাদের স্বার্থে তাদের যে ন্যায়সঙ্গত আন্দোলন সেই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার পথে সরকার বাধা হয়ে দাঁড়াবে না, অন্তরায় হবে না এবং পুলিশ তাতে হস্তক্ষেপ করবে না। তখনকার যুক্তফ্রন্টের অন্যান্য দৃষ্টিভঙ্গির মধ্যে এটা ছিল একটা অন্যতম দৃষ্টিভঙ্গি। তখনকার যুক্তফ্রন্ট সরকার ছিল সাধারণ খেটে খাওয়া মানুষদের সংগ্রামের হাতিয়ার। আর আজকের এই বামফ্রন্ট সরকার, এই সরকার বামপন্থার লেবেল লাগিয়ে কার্যত শিল্পপতি এবং ব্যবসাদারদের স্বার্থ রক্ষা করে চলেছেন, পৃষ্ঠপোষকতা করে চলেছেন। শ্রমিক, কর্মচারী, মেহনতী মানুষদের স্বার্থ বিসর্জন দিয়ে এই বামফ্রন্ট সরকার তার প্রশাসনকে পরিচালনা করছেন। আজকে গণ আন্দোলনকে দমন করা হচ্ছে। আজকে মুখ্যমন্ত্রীকে বলতে হচ্ছে যে গণ আন্দোলনকে দমন করা হবে না, জঙ্গী আন্দোলন নয়। জঙ্গী আন্দোলন মানে কি? আজকে কি রকম একতরফাভাবে শ্রমিক কর্মচারিদের উপর শিল্পপতিরা এবং মালিকরা আক্রমণ নামিয়ে আনছে তা আমরা সকলেই জানি। শ্রমিক কর্মচারিদের পি.এফের টাকা মালিকরা আত্মসাত করছে, তাদের ই.এস.আই, গ্রাচুয়িটির টাকা দিচ্ছে না—সমস্ত দিক থেকে মালিকরা কর্মচারিদের বঞ্চিত করছে। আর সরকার থেকে বলা হচ্ছে যে তার বিরুদ্ধে প্রতিরোধ করা চলবে না। তাহলে কাদের স্বার্থে এই সরকার এবং এই সরকারের প্রশাসন পরিচালিত হচ্ছে সেটাই হচ্ছে বিবেচ্য বিষয়। এই বামফ্রন্ট সরকার যে অবাম নীতি এবং অবাম দৃষ্টিভঙ্গি নিয়ে প্রশাসনকে পরিচালিত করছেন তারজন্য আমি এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করছি এবং আমার কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮ এবং ১৯নং দাবির অধীন পারসোনাল অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ রিফরমস ডিপার্টমেন্টের ব্যয় বরাদ্দ মঞ্জুর সম্পর্কে আজ এই সভায় যে আলোচনা চলছে তা এখন শেষ পর্যায়ে এসেছে। বিতর্কের শেষ পর্যায়ে আমি আমার বক্তব্য রাখছি। আমি সমস্ত বক্তাদের বক্তব্য

শুনেছি বিশেষ করে বিরোধীদের। যে কয়েকটি বিষয় নিয়ে বলা দরকার আমি সেই কয়েকটি বিষয় নিয়ে বলব। প্রথমত আমি কয়েকটি তথ্য দিয়ে দিতে চাই। ভিজিলেন্স কমিশনের রিপোর্ট সম্পর্কে এখানে সঠিকভাবেই বলেছেন— আমরা জমা দিয়েছি '৯৮ সাল পর্যন্ত। '৯৯ সালের রিপোর্ট-টা প্রস্তুত হয়ে গেছে, এই অধিবেশনের মধ্যেই অবশ্যই জমা দেব। আর ২০০০ সালের রিপোর্ট, সেটাও ভিজিলেন্স কমিশন হোম সেক্রেটারিকে জমা দিয়েছেন। অ্যাকশন টেকেন রিপোর্ট ডিপার্টমেন্ট থেকে নিতে হয়। সেটা নিয়ে প্রস্তুত হতে আর একটু সময় লাগবে। কাজেই সেটা এই অধিবেশনে দেওয়া যাবে না। কিন্তু '৯৯ সালেরটা অবশ্যই আমরা জমা দেব। আর একটা কথা সঠিক ভাবেই বলা হয়েছে, এই দুটি দপ্তরের ভেতরে - পুরানো দিন থেকেই এটা হয়ে আছে, এই ভূমিসংস্কার, অর্থ, বিচার, আইন, পৌর বিষয়ক, পূর্ত, খাদ্য ও সরবরাহ ইত্যাদি কয়েকটি বিভাগেরও প্রশাসনিক খরচটা এরমধ্যে দেখনো হয়। এটা আমি গতবার থেকে বলতে আরম্ভ করেছি, এবারে শেষ মুহূর্তে পারা গেল না কিন্তু পরের বছর থেকে অবশ্যই ওটা আমরা সংশ্লিষ্ট বিভাগগুলির মধ্যে দিয়ে দেব। এটা এই হেডে থাকবে না। আর একটা বিষয় বলা হয়েছে যে বরাদ্দ কমেছে। ঠিকই, কমেছে। ঐ হোম পলিটিক্যালটা ওখান থেকে সরে যাবার ফলে ঐ বাজেট হেডে মাহিনা একটু কমে এসেছে। তৃতীয় বিষয় হচ্ছে, বিরোধীরা যা বললেন তাতে একজন বললেন টাকা কমে গিয়েছে, আর একজন বললেন বেড়েছে। প্রকৃতপক্ষে একটু কমেছে। আর যিনি বেড়েছে বলে বক্তৃতা করলেন তিনি বলতে আরম্ভ করলেন নতুন কোনও পরিকল্পনা নেই তাহলে টাকাটা বাড়ছে কেন? আমি তাকে শুধু এইটুকু বলতে চাই, এই বিভাগের যেটা সবচেয়ে বড় সমস্যা সেটা হচ্ছে আমরা যেটুকু প্রশাসনিক সংস্কার করেছি—এখন পর্যন্ত মনে করুন আমাদের সামনে সবচেয়ে বড় সমস্যা এতোগুলি সাব-ডিভিসন করেছি। সাবডিভিসনগুলি হল বিধাননগর, ক্যানিং, কাকদ্বীপ, বারুইপুর, তেহট্ট, খড়গপুর, গঙ্গারামপুর, ডোমকল, চাঁচল এবং মাল। অনেক জায়গায় বাড়ি তৈরির মতো টাকা দিতে পারিনি। এরজন্য আরও বেশি টাকা দরকার ছিল আমার। সঠিকভাবেই বলছিলেন যে, বাড়ি করতে পারিনি, কোনওরকমে চলছে। কাজেই এক্ষেত্রে টাকা আরও বেশি দরকার ইতিমধ্যে যে কয়েকটি সাব-ডিভিসন করেছি তারজন্য, না হলে সমস্যা হচ্ছে। সঠিক সমালোচনাই হয়েছে সেটা জেলা পরিষদে কাজ বেড়েছে, কিন্তু সে তুলনায় ইনফ্রাস্ট্রাকচার নেই। আমি কিছুদিন আগে এই নিয়ে সমস্ত জেলাশাসক এবং জেলা সভাধিপতিদের ডেকেছিলাম। আমি সেই মিটিংয়ে তাদের বলেছিলাম, 'আমরা বলব

*না, আপনারা বলুন।' তাতে দেখা গেছে সভাধিপতিরা বলেছেন যে, তাঁরা কি করে* কাজ করবেন অতগুলো কমিটিতে। তাই কমিটির সংখ্যা দশে নামিয়ে আনতে চাইছি। ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেট রয়েছে জেলা পরিষদে, ব্লকে রয়েছে ইঞ্জিনিয়ারিং উইং। একে আরও স্ট্রেনদেন করতে হবে, না হলে কাজ করা যাচ্ছে না। দ্বিতীয়তঃ অ্যাকাউন্টসের ব্যাপারে আরও খানিকটা শক্তি বাড়াতে হবে, না হলে এটা তাঁরা করতে পারছেন না। আরও কয়েকটি সমস্যা আছে। সেখানে ইরিগেশন, পি.ডব্লু.ডি., স্মল ইরিগেশনে অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কাজের পরিমান ডিসেন্ট্রালাইজেশনের কারণে বেড়ে গেছে, তাই ইঞ্জিনিয়ারিং এবং অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট খানিকটা শক্তি বাড়াতে হবে। তারসঙ্গে সেখানে কাজের পদ্ধতির মধ্যে সঙ্গতি আনা দরকার। সরকারের নীতি হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন। আমরা চাই ক্ষমতা রাইটার্স থেকে জেলায় যাক, জেলা থেকে ব্লকে যাক, ব্লক থেকে গ্রামে যাক। কিন্তু তা থেকে যে সমস্যা উঠে এসেছে, তারফলে একটা সমস্যা দেখা দিয়েছে - সেই ক্ষমতা তাঁদের আছে কিনা। সেটা বুঝতে পেরেছি এবং আস্তে আস্তে সমাধানের পথে যাব।

তারপর একটা প্রশ্ন উঠেছে, এভাবে না উঠলেই হত। প্রশাসনে অতীতে ছিল হোম (পার)। এখন হোম বাদ দিয়ে - এটা ডঃ অশোক মিত্র কমিশনের রিপোর্টে ছিল পারসোনেল অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ করেছি এটা। তাদের কাজ হচ্ছে ট্রান্সফার, পোস্টিং ইত্যাদি। সম্পূর্ণ আলাদা একটা উইং করেছি অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস। চিন্তা-ভাবনা করেই এটা করেছি। এখন অ্যাটেনডেন্স অ্যান্ড পারফর্মেন্স, এটা একজনকে দেখতে হবে এবং তার অনেকটা অংশ কম্পিউটারে করতে হবে এবং সেটা দেখাশুনা করার জন্য একজন সিনিয়র আই.এ.এস. না থাকলে সেটা করা যাবে না। যদি সত্যিই সরকারে অ্যাটেনডেন্স এবং পারফরমেন্স উন্নতি করতে হয় তাহলে সমস্ত বিষয়গুলি দেখা গেছে হোম (পি.এ.) ডিপার্টমেন্ট দিয়ে হবে না। তারজন্য আলাদা পোস্ট সৃষ্টি করা হয়েছে। শুধু পোস্ট সৃষ্টি নয়, আলাদা সেল দরকার। একটা আলাদা অ্যাটেনডেন্স রেজিস্টার করলেই হবে না, পারফরমেন্স ডায়েরি কম্পিউটার দিয়ে করতে হবে এবং সেটা করতে হলে শক্ত হাতে করতে হবে। তারজন্য পদটা সৃষ্টি করা হয়েছে।

তারপর প্রশ্ন উঠেছে, গুরুত্বপূর্ণ প্রশ্ন। আমাদের সাব-ডিভিসন ভাগ হয়েছে। এ বছর হয়েছে চাঁচোল এবং মাল এবং তার আগের বছরে অনেকগুলো করেছি।

সাব-ডিভিসন ভাগ হয়েছে, কিন্তু আলিপুরদুয়ার ভাগ করতে পারবো না, এই মুহূর্তে ভাগের কোনও প্রস্তাব নেই। বর্ধমান জেলাকেও ভাগ করে আসানসোল জেলা আমরা করতে পারব না। এই মুহূর্তে ঐ জেলা ভাগের প্রস্তাব নেই। তবে মেদিনীপুর জেলাকে অবশ্যই ভাগ করব। এরজন্য পুরানো কথায় যেতে হবে না, হান্টার কমিটি রিপোর্টেও যেতে হবে না। মেদিনীপুর জেলা ইউরোপের অনেক রাষ্ট্র থেকে বড়। এ ব্যাপারে বিরোধীদের ডেকেছিলাম তাই নয়, গতবারও এ নিয়ে বিরোধীদলের সঙ্গে কথা বলেছিলাম। সেখানে বিরোধী দল বললেন, 'আমরা বলব না, আপনি প্রস্তাব নিয়ে আসুন।' আমি বলছি, প্রশাসনিক দিক থেকে এ সম্বন্ধে প্রস্তাব তৈরি হয়ে আছে।

[5-30 — 5-40 p.m.]

একই হয়ে আছে। নির্বাচনের আগে এই সব কথা-বার্তা তুলিনি, ঠিক হতো না। আমরা প্রস্তুত, এই বিধানসভায় আলোচনা করতে পারি। দুর্ভাগ্য হচ্ছে যে এখানে আমরা এতো ব্যাডলি ডিভাইডেড এই অবস্থা, এই পক্ষ ওই পক্ষ, এই সময় এই প্রস্তাব, একটা জেলা ভাগ করতে চাই, একটু সুস্থ মাথায় ছাড়া হবে না বলে মনে হচ্ছে আমার। একটু থিতিয়ে আসুক। আপনারা একটু শান্ত হন, আমরাও একটু শান্ত হই। এটা কোনও অসুবিধা হবে না। কিন্তু এই ধরনের একটা পরিবেশের মধ্যে তাড়াহুড়ো করে - ঠিকই ৯ই আগস্ট আমাদের স্বাধীনতা আন্দোলনের একটা পবিত্র দিন - কিন্তু জুলাইতে চলে এসেছি আমরা, এই কয়দিনের মধ্যে অসুবিধা আছে। প্রশাসনিক দিক থেকে আমরা প্রস্তুত, আমাদের প্রস্তাব প্রস্তুত। এটা শুধু বলতে চাই, আপনাদের যে কথাটা বলব ৯ই আগস্টের মধ্যে হবে না, কিন্তু আপনারা যদি সহযোগিতা করতে চান, যে কথা বারে বারে বলছি এই সহযোগিতার পরিবেশ যদি থাকে তাহলে আমরা আলোচনা করতে যে কোনও সময় রাজি। এই কয়েকদিন যা চললো আমি তো সাহসই পাচ্ছি না কথাবার্তা বলতে। কার সঙ্গে বলব তাই বুঝতে পারছি না। এখন আমরা বলতে পারছি, আমরা প্রস্তুত, এর মধ্যে আমি আপনাদের সঙ্গে কথা বলব। এই অধিবেশনের মধ্যে মিটিং ডাকা যায় কিনা। আমরা প্রস্তুত আছি, দেখি এই পরিবেশটা থাকুক, আমরা ডাকব। তারপর এখানে আর একটা কথা বলা হচ্ছে যে একটা অভিযোগ কেন্দ্র করা হল - সি.আই.সি ইনফরমেশন সেন্টার সেটা তুলে দেওয়া হল। রাইটার্স বিল্ডিং-এ হয়েছে, কিছুই হচ্ছে না। ঠিক অবস্থাটা এতো খারাপ নয়। আমি গত ১ বছরের হিসাব

বলছি, রাইটার্স বিল্ডিং-এ আমরা কমপ্লেন পেয়েছি ৩,৫৩০টি আর সমস্ত ডিস্ট্রিক্ট সেন্টার আমাদের আছে গ্রিভান্স সেল ডি.এম.-এর অফিসে। সেখানে আমরা পেয়েছি ১৩,২৫০টি। আমি যা ফিগার পেয়েছি, জেলাওয়ারি ধরে সবটা অঙ্ক করে আমি বলতে পারছি না, মোটামুটি ৭০ শতাংশ থেকে ৭৫ শতাংশ সমাধান পাওয়া গিয়েছে, কিছুটা ক্ষেত্রে আরও ১০ ভাগ বলছি উত্তর দেওয়া হয়েছে যেটা করা সম্ভব নয়, আরও ১০-১৫ ভাগ উত্তরই দেওয়া হয়নি। কিন্তু ৭০ থেকে ৭৫ ভাগ উত্তর দেওয়া গিয়েছে। জন সংযোগ, এখন এই গ্রিভান্স সেলও যেটা আমরা করেছি রাইটার্স বিল্ডিং-এ এটাকে আমরা বলছি, আপনাদের কাছে যেটা আমি বললাম অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস যে সেল হচ্ছে তার মধ্যে এই গ্রিভান্স সেলটা নিয়ে আসব বলে আমরা ঠিক করেছি। গ্রিভান্স সেলটাকে গুরুত্ব দেবার জন্য। এটা হচ্ছে আমাদের অভিযোগ সংক্রান্ত আমাদের যে বক্তব্য, সেই সম্পর্কে আমি বললাম। এরপর যে কথাটা উঠেছে বাংলা ভাষা উর্দু ভাষা নেপালি ভাষা ইত্যাদি, আমাদের সরকারি অবস্থানটা কি- সরকারি ভাষা হচ্ছে বাংলা ভাষা। বাংলা ভাষায়, আমি অন্তত কয়েকটি দপ্তর বলতে পারি যেমন পঞ্চায়েত ভূমিসংস্কার, কৃষি সমবায় এবং সাম্প্রতিকালে আমি জোর করে শুরু করেছি পুলিশ এবং স্বাস্থ্য। প্রাইমারি হেলথ সেন্টারে একটা ফর্ম ফিলাপ করতে হবে ইংরাজিতে? ইংরাজি ফর্ম থাকবে কেন? রাইটার্স বিল্ডিং-এ আমরা ফাইল কি ভাষায় লিখি সেটা বড় কথা নয়। সেখানে ইংরাজি অনেক ক্ষেত্রে অনিবার্য, বাইরের রাজ্য আছে দিল্লি আছে ইত্যাদি, এটা আমরা জানি। কিন্তু যেখানে মানুষের সঙ্গে সরকারের প্রত্যক্ষ সম্পর্ক, সমবায় পঞ্চায়েত কৃষি পুলিশ স্বাস্থ্য এখানে আমরা অনেকটা ঘুরে এসেছি। আগামী দিনে আরও ঘোরাতে পারব। আর নেপালির ক্ষেত্রে হচ্ছে—এটাও আমাদের সরকারি ভাষা। ৩টি সাব ডিভিসনে সেখানে ১০০ পারসেন্ট নেপালি ভাষা প্রয়োগ করা হয়। উর্দু সম্পর্কে এখানে বলা হয়েছে আমাদের সরকারের অবস্থানটা কি? আমাদের সিদ্ধান্ত হচ্ছে ইসলামপুর, আসানসোল এবং গার্ডেনরিচ এখানে কেউ উর্দুতে চিঠি দিলে উর্দুতে উত্তর পাবে। এর বেশি কিন্তু নয়। একজন বলতে গিয়ে একটা ভুল বলেছেন ২৩ পারসেন্ট আমাদের এখানে মাইনরিটি, ২৩ পারসেন্ট মহামাডান বলেছেন কথাটা। ২৩ পারসেন্ট মাইনরিটি কিন্তু তারা ২৩ পারসেন্ট উর্দু স্পিকিংস নয়। এখানে সংখ্যা গরিষ্ঠ হচ্ছে বাঙালি মুসলিম। তাদের এই সমস্যা নেই। আমাদের আপাতত সিদ্ধান্ত আসানসোল, ইসলামপুর এবং গার্ডেনরিচ। গাডেনরিচ কলিকাতার মধ্যে পড়ে, গার্ডেনরিচ মেটিয়াবুরুজ। পরবর্তীকালে এইসব প্রশ্ন আসলে দেখব।

কিন্তু সরকারি ভাষা নয় এটা। এটা হচ্ছে উর্দুতে চিঠি লিখলে উর্দুতে উত্তর পাবেন। আর একটা অদ্ভুত কথা এখানে বলা হয়েছে। অতীতে শুনতাম সদস্য, যারা প্রশাসনের খবর রাখেন তাঁরা জানেন বুরোক্রাট এবং টেকনোক্রাটদের মধ্যে গোলমাল আর কোথাও নেই। উপর স্তরে নেই। ছোটখাটো তলায় কোনও এস.ডি.ও-র সঙ্গে ইঞ্জিনিয়ারের ঝগড়া হয়ে থাকলে হতে পারে। কিন্তু অতীতে আমরা সরকারে আসার পরে এই রকম একটা টেনশনের মধ্যে ছিলাম। এখন কার্যত এটা কোনও সমস্যাই নয়। বুরোক্রাট এবং টেকনোক্রাটের মধ্যে মারামারি হচ্ছে, এটা কংগ্রেসের একজন বলেছেন। কিন্তু যারা খবর রাখেন প্রশাসনের, এটা কোনও ঘটনা নয়। দায়িত্ব নিয়ে বলছি এটা কোনও ঘটনা নয়।

আর একটা কথা বলতে গিয়ে বলেছেন বোধহয় অসিতবাবু বলেছেন - আপনাদের ট্রেনিং সেন্টারটেন্টার করে কি লাভ? আপনাদের কাছ থেকে বা সিপিএমের কাছ থেকে ট্রেনিং নিতে হবে। আমাদের অফিসাররা আপনাদের দলের মতো এত আত্মমর্যাদাহীন নয়। এ কেউ করতে পারবেন না। আমাদের অফিসিয়ালরা এত আত্মমর্যাদাহীন নয় যে, এ.টি.আই.'এর কাছ থেকে ট্রেনিং নেওয়ার পর আমার কাছ থেকে পলিটিক্যাল ট্রেনিং নেবেন। এইসব কথা বলবেন না। এইসব কথা বলে অফিসারদের চটিয়ে দিচ্ছেন। এখন আই.টি'র কথায় আসছি - যেটাকে আমরা ই গভর্ননেন্স বলি - আমাদের ভাষায় ই. গভর্ননেন্স আমরা খুবই চেষ্টা করছি। আপনাদের কাছে বলছি, আমরা আন্তরিকভাবে চেষ্টা করছি। অতীতেও চেষ্টা চলেছে। আমাদের রাজ্যে কয়েকটি মূল বিভাগ আছে - যেমন মনে করুন, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউ। আমাদের ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউয়ে - একজন বললেন - ল্যান্ড রেকর্ডস পাওয়া যায় না। ল্যান্ড রেকর্ডস আমরা সম্পূর্ণ কম্পিউটারাইজড করে ফেলেছি। ৯৫ পারসেন্ট কমপ্লিট হয়ে গেছে। ওয়াটার রিসোর্সেস সম্পূর্ণ কম্পিউটারাইজড হয়ে গেছে। বাজেট, ফিনান্স ডিপার্টমেন্ট কম্পিউটারাইজড হয়ে গেছে। আমাদের যে কটা সাব-ডিভিসনে ট্রেজারি আছে - সম্পূর্ণ কম্পিউটারাইজড হয়ে গেছে ট্রেজারিগুলো। পুলিশের ক্রাইমস এবং ক্রিমিন্যাল রেকর্ডস কম্পিউটারাইজড করেছি। এগুলো আমাদের অনেক আগে থেকে শুরু হয়ে গেছে। আমাদের ওয়েবসাইট কিছু কিছু হয়ে গেছে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট, ইন্ডাস্ট্রি চলে এসেছে। ডব্লু.বি.এস.ই.বি.ও এসেছে। এগুলোর ওয়েবসাইট হয়ে গেছে। আর যেটা শুনলেন, কিছুদিন আগে আমি ভারত সরকারকেও অভিনন্দন জানিয়েছি। রাইটার্সের সঙ্গে জেলার কানেকটিভিটি পাওয়া গেছে। মুর্শিদাবাদ, মেদিনীপুরের কানেকটিভিটি এনেছি

- এটা ট্রায়াল স্তরে আছে। এরফলে, ইমেজ, ভয়েজ এবং ভিডিও কনফারেন্সিংয়ের জায়গায় এসে গেছে। এখন আমরা একটা জায়গায় দাঁড়িয়ে আছি। এটা হবে। তবে আমরা বিশালভাবে - বিগ ওয়েতে এগোনোর কথা ভাবছি না - তাতে আমরা আর্থিক দায়িত্ব ভাবনা-চিন্তা করে এগোচ্ছি। আমাদের অন্য কোনও রাজ্যের মডেল দরকার নেই। আমরা কাউকে দেখে উদাহরণ নিতে চাই না। যদি কাজের গতি বাড়ে, তাহলে আই.টি. ইন্ট্রোডিউস করতে হবে। সেটা আমরা করব। মানুষকে রিলিফ দিতে এটা আমরা করব। আমরা ট্রান্সপোর্টকে যেমন করেছি, তেমনি মোটর ভেইকেলসকেও করেছি। আমরা সেলস ট্যাক্সেও করেছি। ওখানেও অনেক কাজের চাপ আছে। সার্ভিসের উন্নতি করতে গেলে, কাজের গতিবেগ আনতে গেলে এটা করতে হবে। 'বাংলার' ব্যাপারে আমরা সফট ওয়্যার কি-বোর্ড করেছি। আমরা যেহেতু সরকার থেকে করছি, সেজন্য একটা মডেল তো আমাদের করতেই হবে। আমরা এবং ওয়েবল মিলে বাংলায় একটা সফট ওয়্যার করেছি, আর কি-বোর্ড করেছি। এটা কেউ করতে পারেনি। এর অনেকগুলো অ্যাডভান্টেজও আছে, এতে বানান বিশুদ্ধ হবে। এখন অবশ্য আমরা ডাটা বেস করছি। আপনাকে অনুরোধ রইলো, 'ক্যালকাটা ইনফর্মেশন' কেন্দ্রে একদিন গিয়ে দেখে আসবেন, আমাদের বাংলাতে কি এগিয়েছে। কি বলেন, যদি পারেন পরামর্শ দিয়ে আসবেন। আর একটা কথা এখানে উঠেছে, এই যে আপনারা চেষ্টা করছেন কাজের উন্নতি ঘটাতে, বিরোধী দলের কয়েকজন সদস্য বলেছেন, কিন্তু এটা কিভাবে হবে? কয়েকটি বাস্তব কথা বলেছেন। রাইটার্সের যে চেহারা, ওখানে যে চাপাচাপি, ধাক্কা-ধাক্কি, কি করে হবে ওখানে? এটা আমরা স্বীকার করছি। আমরা যেমন সল্টলেকে সেচ দপ্তরকে, শিক্ষা দপ্তরকে নিয়ে গিয়েছি, আগামী সেপ্টেম্বরে সুবিধা এসে যাবে। ক্যামাক স্ট্রিটে পি.ডব্লু.ডি. অফিস ভবন যেটা করেছে, সেখানে পি.ডব্লু.ডি. ছাড়াও অন্য কয়েকটিকে দিতে পারব সেপ্টেম্বরেই। আর রাইটার্সের পেছনে 'জেসপ' এর যে বিল্ডিং আছে, যেটি আমরা সংস্কার করছি, সেখানে আরও দু'তিনটিকে - রাইটার্সের পেছনে জেসপের বাড়িতে নিয়ে যেতে পারব। তাহলে কাজের নিশ্চয়ই উন্নতি ঘটবে।

[5-40 — 5-50 p.m.]

আর এই অভিযোগ শুনতে রাজী নই, পরিবহনের পরিবেশের উন্নতি না হলে কি করে উন্নতি হবে? প্রাইভেট কোম্পানি শুনবে? কোনও প্রাইভেট ফার্ম শুনবে?

ব্যাঙ্ক শুনবে? কোনও মাল্টি ন্যাশনাল কোম্পানি শুনবে? দশটার জায়গায় দশটা বেজে এক হলে মাইনে কাটবে। কাজেই. পরিবহনের দুর্বলতা বলে আমরা রাইটার্সে আসতে পারি না, এটা মনোভাবের অভাব। মনোভাব তৈরি করতে না পারলে এটা পারা যাবে না। আমার আর বিশেষ বক্তব্য নেই। ভিজিলেন্সের কথা তো বললাম, রিপোর্ট জমা দেবে বলেছে। সর্বশেষে বলব এখানে দু-তিনজনের বক্তব্য রেখেছেন, সেটা হচ্ছে ওই স্টেডিয়ামের উপরে। স্টেডিয়ামের ঘটনাটা কি তার উপরে। এই ডিমান্ডের উপরে স্টেডিয়ামের ঘটনা কি করে আসে বুঝি না। এর উত্তর আমি দিচ্ছি না, স্টেডিয়াম নিয়ে অনেক কাহিনী শুনলাম। আপনারা যথা সময়ে শুনবেন, এতো তৎপরতা কেন। যিনি স্টেডিয়াম নিয়ে বলে সময় নষ্ট করলেন, তিনি তো সরকারে ছিলেন। তিনি যদি ভিজিলেন্স নিয়ে বলতেন তাহলে আমাদের একটু উপকার হত। আমার একটু উপকার হত, সবার উপকার হত। ভিজিলেন্স নিয়ে বললে ভাল হত। ভিজিলেন্সে কি সমস্যা হয়, সেটা নিয়ে বললে সুবিধা হত। আমি সবশেষে বলব এস ইউ সি আইয়ের নেতা তিনি যা বলেছেন — একটা মার্কসবাদের সহজপাঠ শুনলাম আমরা বসে ঠিকই, মৌলিক সমস্যার সমাধান করা যাবে বলে আমরা সরকারে আসিনি। আমরা যতদূর পারব করব। ওই যে তাপসবাবু বললেন না — প্রাণপণে সরাব জঞ্জাল—আমরা জঞ্জাল সরাতে সরাতে চলব, তারপরে শেষ কথা কে বলবে। কিন্তু আমরা একটা বাস্তবতার মধ্যে আছি। এই বাস্তবতা হচ্ছে কোনও আমলাতন্ত্র, কোনও বিচার, কোনও আইন আদালত, এসব কি আপনারা বোঝেন না? এসব বুঝেও আপনি যেকথাগুলো বললেন এইকথাগুলো আমি বুঝলাম না। আরেকটা কথা বললেন গণ আন্দোলনকে আমরা পিছিয়ে দিচ্ছি — না, দিই নি, গণ আন্দোলন, শ্রেণী আন্দোলন চলছে। শ্রেণী আন্দোলনের বিকৃতি চাই না। ঘেরাও হবে না এই হচ্ছে আমাদের নীতি। ঘেরাও আমরা অতীতে করেছি, ভুল করেছি। গণ আন্দোলন চলবে, শ্রেণী সংগ্রাম চলবে, শিল্পের স্বার্থও দেখতে হবে। তাইজন্য ঘেরাও, মারামারি এসব চলবে না এই হচ্ছে আমাদের নতুন নীতি। আপনাদের অপছন্দ হলে আমাদের কিছু করার নেই। আমরা চাইছি কর্মসংস্কৃতির পরিবর্তন করতে, এর একটা মানবিক দিক আছে। একটা বলতে পারেন টেকনিক্যাল দিকও আছে। অর্থাৎ আপনার ইনফ্রাস্ট্রাকচার কি আছে যে আপনারা উন্নতি করতে পারবেন। আমরা দায়বদ্ধতা আনতে চাই। সেই দায়বদ্ধতা আনতে গেলে আপনার অ্যাটেনডেন্সকে নিখুঁত করতে হবে, পারফরমেন্সকে নিখুঁত করতে হবে। এইভাবে একটা দিক আর আরেকটা দিক হচ্ছে মনোভাব পাল্টাতে হবে। মনোভাব পাল্টানোর

উপরে আমরা বিশেষ জোর দিয়েছি। আমরা চাই দুর্নীতির থেকে মুক্ত হতে আমরা চাই গতিবেগ বাড়াতে, আমরা চাই দায়বদ্ধতা বাড়াতে, আমরা চাই সংবেদনশীল হতে। সরকারি প্রশাসনে এই চেষ্টা খুব কঠিন কাজ। কিন্তু এই চেষ্টা আমরা চালিয়ে যাব কারণ মানুষের সমর্থন আমাদের সঙ্গে আছে। ধন্যবাদ, এইকথা বলে আমার দাবীর পক্ষে আমি সমর্থন জানিয়ে কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য আমি শেষ করলাম।

**Demand No. 18**

**Mr. Speaker :** There are 23 cut motions on Demand No.18. All the cut motions are in order and taken as moved except cut motions Nos. 3, 4, 5, 7, 10, 19 & 20 on which I think division will be taken.

All the cut motions except Nos.3, 4, 5, 7, 10, 19 & 20 were then put and lost.

Cut motions No.3, 4, 5, 7, 10, 19 & 20 were then put to vote and a Division was taken with the following results :—

**NOES**

Acharya, Shri Manik Lal

Adhikary, Shri Nisith

Badal Zamadar, Shri

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Kiriti

Barman, Shri Jogesh Chandra

Basu, Shri Badal

Bera, Shri Dipak

Bera, Shri Nityananda

Bhattacharjee, Shri Buddhadeb

Bhowal, Shri Subrata

Bhowmick, Shri Prafulla Kumar

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshmi

Biswas, Smt. Susmita

Bose, Shri Subrata

Chatterjee, Smt. Nirupama

Chaudhuri, Shri Amar

Choudhuri, Shri Nripen

Choudhuri, Smt. Asima

Choudhury, Shri Bansagopal

Choudhury, Shri Biswanath

Choudhury, Shri Subhendu

Dal, Smt. Nanda Rani

Das, Shri Ananda Gopal

Das, Dr. Debesh

Das, Shri Jajneswar

Das, Shri Nirmal

Das, Shri Paresh Nath

Das, Shri Ratan

Das Mohapatra, Shri Kamakhya Nandan

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padma Nidhi

Duley, Shri Krishna Prasad

Dutta, Smt. Sarmistha

Ganguly, Smt. Kanika

Ganguly, Shri Kanti

Gayen, Shri Nripen

Ghosh, Shri Bankim

Ghosh, Shri Bhakti Pada

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Susanta

Hembrom, Shri Jadu

Hore, Shri Tapan

Id Mohammad, Shri

Kabi, Shri Pelab

Kanji, Shri Bansari Mohan

Khan, Shri Sukhendu

Kisku, Shri Upen

Kundu, Shri Ranjit

Laya, Dr. Tushar Kanti

Mafuja Khatun, Smt.

Mahata, Shri Khagendranath

Mallik, Smt. Sadhana

Mandi, Shri Sambhu Nath

Mondal, Shri Biswanath

Mondal, Shri Sailen

Md. Yakmb, Shri

Mehbub Mondal, Shri

Mehta, Shri Nishi Kanta

Modak, Shri Dhananjoy

Mohammed Amin, Shri

Mojibor Rahaman, Shri

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Braja

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Manas

Mukherjee, Smt. Nabanita

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Pratyush

Mukherjee, Dr. Srikumar

Mukhopadhyay, Shri Ashutosh

Murmu, Shri Maheswar

Nanda, Shri Brahmamoy

Nazmul Haque, Shri

Noorar Rahman, Shri

Paik, Shri Sunirmal

Pakhira, Shri Ratan

Pal, Shri Shyama Prosad

Pan, Shri Bhakta Ram

Qamre Elahi, Dr.

Roy, Shri Amalendralal

Roy, Shri Gokul

Roy, Shri Narmada Chandra

Roy, Shri Nripendra Nath

Roy, Shri Samar

Saha, Shri Kripa Sindhu

Sahis, Smt. Bilasibala

Samanta, Shri Rampada

Sanatani, Smt. Mina

Sanyal, Shri Kamalendu

Saren, Shri Bhutnath

Sarkar, Shri Dipak Chandra

Sarkar, Shri Nayan

Seal, Shri Sudhangshu

Singh, Smt. Jyotsna

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sk. Jahangir Karim, Shri

Sk. Majed Ali, Shri

Soren, Shri Khara

Tudu, Shri Makar

**AYES**

Bakshi, Shri Subrata

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Pankaj

Bhadra, Shri Arup

Bhunia, Shri Ajit

Chattopadhyay, Shri Sobhandeb

De (Nag), Dr. Ratna

Ghosh, Shri Dipak Kumar

Giri, Shri Akhil

Guha. Smt. Sonali

Haldar, Shri Jagaranjan

Hazra, Shri Bankim Chandra

Kar, Shri Jyotirmoy

Khan, Shri Kallol

Mallik, Shri Jyoti Priya

Mishra, Shri Kashinath.

Mukherjee, Shri Ashoke (Gopal)

Paul, Shri Tapas

Ray, Shri Nirbed

Raychowdhury, Shri Biplab

Abu Hasem Khan Choudhury, Shri

Mahato, Shri Santiram

Mahabubul Haque (Badal), Shri

Mitra, Shri Asit

Mitra, Smt. Sabitri

Mostaque Alam, Shri

Sinha, Shri Atish Chandra

Abu Taher Khan, Shri

**Abstentions**

Sarkar, Shri Deba Prasad

The Motions (the cut motions nos. 3 and 4) that the amount of the demand be reduced to Rs.1 and the motions (the cut motion Nos. 5, 7, 10, 19 and 20) that the amount of the demand be reduced by Rs.100 were then put and a division was taken the following results.

Ayes - 28

Noes - 100

The Motions were lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.77,52,00,000 be granted for expenditure under Demand No.18 Major Head : "2052 - Secretariat - General Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs.25,77,00,000 already voted on account in February, 2001.) was then put and agreed to.

**Demand No. 19**

**Mr. Speaker :** There are 31 cut Motions on Demand No. 19. Now I put to vote all the cut motions except the cut motions Nos. 3, 12, 14, 21, 25, 30 on which I understand a division will be demanded.

The Motions (the cut motions Nos. 1 and 2) that the amount of the demand be reduced to Rs.1 and the motions (Cut motion No. 4-11, 13, 15-20, 22-24, 26-29, 31) that the amount of the demand be reduced by Rs.100 were then put and lost.

[5-50 — 5-56 p.m.]

The motions (cut motion Nos. 3.12, 14, 21, 25, 30) that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and a Division was taken with the following results :

**NOES**

Acharya, Shri Manik Lal

Adhikary, Shri Nisith

Badal Zamadar, Shri

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Kiriti

Bala, Dr. Asim

Barman, Shri Jogesh Chandra

Basu, Shri Badal

Bera, Shri Dipak

Bera, Shri Nityananda

Bhattacharjee, Shri Buddhadeb

Bhattacharjee, Shri Nanda Gopal

Bhowal, Shri Subrata

Bhowmick, Shri Prafulla Kumar

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshmi

Biswas, Smt. Susmita

Bose, Shri Subrata

Chatterjee, Smt. Nirupama

Chaudhuri, Shri Amar

Choudhuri, Shri Nripen

Choudhury, Shri Bansagopal

Choudhury, Shri Biswanath

Choudhury, Shri Nanigopal

Choudhury, Shri Subhendu

Dal, Smt. Nanda Rani

Das, Shri Ananda Gopal

Das, Dr. Debesh

Das, Shri Jajneswar

Das, Shri Nirmal

Das, Shri Paresh Nath

Das, Shri Ratan

Das Mohapatra, Shri Kamakhya Nandan

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padma Nidhi

Duley, Shri Krishna Prasad

Dutta, Smt. Sarmistha

Ganguly, Smt. Kanika

Ganguly, Shri Kanti

Gayen, Shri Nripen

Ghosh, Shri Bankim

Ghosh, Shri Bhakti Pada

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Susanta

Hatial, Shri Bhabani Sankar

Hembrom, Shri Jadu

Hore, Shri Tapan

Id Mohammad, Shri

Kabi, Shri Pelab

Kanji, Shri Bansari Mohan

Khan, Shri Sukhendu

Kisku, Shri Upen

Kundu, Shri Ranjit

Laha, Dr. Tushar Kanti

Let, Shri Bishnu

Mafuja Khatun, Smt.

Mahata, Shri Khagendranath

Mallik, Smt. Sadhana

Mandi, Shri Sambhu Nath

Mondal, Shri Biswanath

Mondal, Shri Sailen

Md. Yakub, Shri

Mehbub Mondal, Shri

Mehta, Shri Nishi Kanta

Modak, Shri Dhananjoy

Mohammed Amin, Shri

Mojibor Rahaman, Shri

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Manas

Mukherjee, Smt. Nabanita

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Pratyush

Mukherjee, Dr. Srikumar

Mukhopadhyay, Shri Ashutosh

Murmu, Shri Maheswar

Nanda, Shri Brahmamoy

Nazmul Haque, Shri

Noorar Rahman, Shri

Paik, Shri Sunirmal

Pakhira, Shri Ratan

Pal, Shri Shyama Prosad

Ray, Shri Pramatha Nath

Roy, Shri Amalendralal

Roy, Shri Gokul

Roy, Shri Narmada Chandra

Roy, Shri Samar

Saha, Shri Kripa Sindhu

Sahis, Smt. Bilasibala

Samanta, Shri Rampada

Sanatani, Smt. Mina

Sanyal, Shri Kamalendu

Saren, Shri Bhutnath

Sarkar, Shri Dipak Chandra

Sarkar, Shri Nayan

Seal, Shri Sudhangshu

Sen, Shri Nirupam

Singh, Smt. Jyotsna

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sk. Jahangir Karim, Shri

Sk. Majed Ali, Shri

Soren, Shri Khara

Thakur, Shri Akshoy

Tudu, Shri Makar

**AYES**

Bakshi, Shri Subrata

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Pankaj

Bhadra, Shri Arup

Bhunia, Shri Ajit

Chattopadhyay, Shri Sobhandeb

De (Nag), Dr. Ratna

Ghosh, Shri Dipak Kumar

Giri, Shri Akhil

Guha, Smt. Sonali

Haldar, Shri Jagaranjan

Hazra, Shri Bankim Chandra

Kar, Shri Jyotirmoy

Khan, Shri Kallol

Mallik, Shri Jyoti Priya

Mishra, Shri Kashinath

Mukherjee, Shri Ashoke (Gopal)

Ray, Shri Nirbed

Raychowdhury, Shri Biplab

Roy, Shri Tapas

Abu Hasem Khan Choudhury, Shri

Golam Kibria Miya, Shri

Mahato, Shri Santiram

Mahabubul Haque (Badal), Shri

Mitra, Shri Asit

Mitra, Smt. Sabitri

Mostaque Alam, Shri

Sinha, Shri Atish Chandra

Mahato, Shri Nepal

**Abstentions**

Purkait, Shri Prabodh

D'Costa Hart, Smt. Gillian Rosemary

The Ayes being 29 and Noes : 106, the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.67,52,67,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "2053-District Administration" during the year 2001-2002. (This is inclusive of a total sum of Rs.22,50,89,000 already voted on account in February, 2001).

Was then put and agreed to.

## POINT OF INFORMATION

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পয়েন্ট অব ইনফর্মেশন, আমাদের রাজ্যের উচ্চ মাধ্যমিকের ফলাফল উনপঞ্চাশ দিনের মাথায় আজকে প্রকাশিত হয়েছে। ৩,৭৭,৩৭৭ জন পরীক্ষা দিয়েছিল, তার মধ্যে ২,২১,৬৩৪ জন পাশ করেছে, ৬৬.৪৫ শতাংশ পাশ করেছে। স্যার, হাওড়া জেলা স্কুলের ছাত্র অয়ন পাল ৯৫৫ পেয়ে প্রথম হয়েছে। বিরোধীরা যারা আমাদের শিক্ষা নিয়ে সমালোচনা করে তাদের জ্ঞাতার্থে বলছি, এক থেকে দশ অবধি এগারো জন হয়েছে এবং তাদের মধ্যে বেশিরভাগই হচ্ছে জেলা থেকে, কেবলমাত্র সেকেন্ড এবং সিক্সথ হচ্ছে সাউথ পয়েন্ট থেকে। উত্তরবাংলার কুচবিহার থেকে শুরু করে বর্ধমান, মেদিনীপুর, সাউথ ২৪ পরগনা, সমস্ত জেলা থেকেই এর মধ্যে আছে। প্রথম কুড়ি জনের মধ্যে এসেছে সাতাশ জন। এই সাতাশ জনের মধ্যে ষোলোজন হচ্ছে জেলার এবং এগারো জন হচ্ছে শহরাঞ্চলের। সকাল দশটায় ওয়েব সাইডে রেজাল্ট বেরিয়েছে, এবং ঐ একই দিনে সার্টিফিকেট ও মার্কশিট স্কুলে পৌঁছে গিয়েছে। আমি একটা সময় গিয়ে সার্টিফিকেট এবং মার্কশিট এনেছি। এটা আপনার জ্ঞাতার্থে হাউসকে জানালাম।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, পয়েন্ট অব ইনফর্মেশন, আমার বিধানসভা কেন্দ্রে আম পাড়াকে কেন্দ্র করে ঘোষ ভার্সেস মুসলিমদের মধ্যে মারামারি হয় এবং সেটা একটা কমিউনাল আকার ধারণ করে। এই ব্যাপারে আমি জেলার এস.পি-র সাথেও কথা বলেছি। জেলার অবস্থা এখন খুবই থমথমে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে সত্বর ওখানে শান্তির জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়। এই ব্যাপারটা খুবই গুরুত্বপূর্ণ।

### Adjournment

The House was then adjourned at 5.56 p.m. till 11 a.m. on Friday, the 6th July. 2001 at the Assembly House Kolkata.

## Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 6th July, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 05 Ministers of State and 151 Members.

[11-00 — 11-10 a.m.]

## STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### বারুইপুর শহরে বাইপাশ নির্মাণ

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

দক্ষিণ ২৪ পরগনা জেলায় বারুইপুর শহরের বাইপাস তৈরির কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**শ্রী অমর চৌধুরী ঃ**

প্রকল্পটির অংশ বিশেষ নাবার্ড (এন. এ. বি. এ. আর. ডি.) কর্তৃক আর. আই. ডি. এফ. ৬-এর অধীনে মঞ্জুরিকৃত হয়েছে। যেহেতু দক্ষিণ-২৪ পরগণা জেলা পরিষদ কর্তৃক উক্ত প্রকল্পটির বাস্তবায়ন হওয়ার কথা, সে জন্য এই মুহূর্তে মন্তব্য করা সম্ভব নয়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, ৯৫ সালে আমরা প্রকল্পটি জমা দিয়েছিলাম তখন যিনি পি. ডব্লু. ডি. মিনিস্টার ছিলেন তাঁর কাছে জমা দিয়েছিলাম। তখন থেকেই প্রোজেক্টটি নিয়ে দুবার উদ্বোধন করা হয়েছে। একবার ৯৬ সালে আরেকবার ২০০১ সালে উদ্বোধন করা হল। ৯৬ সালে মন্ত্রী পাথর বসিয়ে এলেন রাস্তা শুরু হবে বলে। আবার ২০০১ সালে কিছু মাটি ফেলে দেওয়া হল, নির্বাচনের আগে

তখন যিনি বিধায়ক ছিলেন সুজন চক্রবর্তীকে নিয়ে মন্ত্রী উদ্বোধন করে এলেন। এখন আপনি বলছেন যে এই ব্যাপারে কোন কিছু জানেন না। অ্যাকচুয়ালি এই প্রোজেক্টটা কত টাকার এবং কবে নাগাদ এই প্রোজেক্ট শুরু হবে?

**শ্রী অমর চৌধুরী ঃ** আমি জানি না এইকথা বলিনি। আপনার প্রশ্নের উত্তরে যেটা বলব সেটা হল বারুইপুরের পদ্মপুকুর থেকে শাসন পর্যন্ত তিন কিলোমিটার রাস্তা করা হবে এবং এটা ন্যাবার্ডের আর. আই. ডি. এফ. (৬) এ গৃহীত হয়েছে এবং এস্টিমেট হচ্ছে ৩ কোটি ২৮ লক্ষ টাকা।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** এই যে প্রকল্পটা জমা পড়েছিল পুরমন্ত্রী অশোক ভট্টাচার্য্য প্রণব মুখার্জিকে চিঠি লিখেছিলেন যে এই ব্যাপারে কোনও কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায় কিনা? তখন এই প্রকল্পের কস্ট ছিল ৮ কোটি ৩০ লক্ষ ৬৭ হাজার ৯৮১ টাকা। আর আপনি বলছেন তিন কোটি টাকা। যে রাস্তাটা বাইপাসের সঙ্গে তার কতটা অংশ হবে?

**শ্রী অমর চৌধুরী ঃ** মোটামুটিভাবে এটা বলা যায় যে এটা অর্ধেক হবে। তারপর শাসন থেকে জয়নগর, সদাব্রতঘাট পর্যন্ত আরও ৩ কিলোমিটার রাস্তা নেওয়া হবে দ্বিতীয় পর্যায়ে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** দুটো পর্যায়ে ভাগ করেছেন ঠিক আছে। এই বাইপাস রাস্তা না হলে জনগণ খুবই অসুবিধা মধ্যে পড়ে যাবে, কুলপী রেলওয়ে বন্ধ হয়ে যাবে রেললাইন হওয়ার জন্য। কবে নাগাদ এই কাজটা শুরু করবেন।

**শ্রী অমর চৌধুরী ঃ** প্রথম পর্যায়ে কাজ শুরু হতে যাচ্ছে, আর. আই. ডি. এফ (৬)-এ গৃহীত হয়েছে। কাজটা বর্ষার পর শুরু হবে।

**শ্রী অরূপ ভদ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি। নির্বাচনের আগে একটা লিফ-লেট বের করা হয়েছিল তাতে মন্ত্রীর ছবি ছিল এবং উদ্বোধন করেছেন ৮ই মার্চ ২০০১। বারুইপুরে বাইপাস রাস্তা হবে জেনে বারুইপুরের মানুয আনন্দিত। কিন্তু আপনি দয়া করে জানাবেন কি এটা অর্থমন্ত্রককে কোন ডেটে পাঠানো হয়েছে? ডেট-টা মেনশন করলে ভাল হয়।

**শ্রী অমর চৌধুরী ঃ** এটা স্যাংশন হয়েছে, জেলাপরিযদের মাধ্যমে কাজ হবে, কাজটা শুরু করব। ৩ কোটি ২৮ লক্ষ টাকা স্যাংশন হয়েছে।

**শ্রী অরূপ ভদ্র ঃ** যে ডেটে মঞ্জুরি হয়েছে সেই ডেটটা বললে ভালো হয়।

**শ্রী অমর চৌধুরী ঃ** টাকা স্যাংশন হয়েছে, কাজও শুরু হবে। কিন্তু ডেটটা এখন বলতে পারব না, এর জন্য নোটিশ দিতে হবে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত প্রশ্ন মাননীয় পূর্তমন্ত্রী জানিয়েছেন বারুইপুরে বাইপাস হবে এবং একটা পর্যায়ের জন্য ৩ কোটি ২৮ লক্ষ টাকা বরাদ্দ করেছেন এবং কাজটা কিছু দিনের মধ্যেই শুরু হবে। আমি জানতে চাইছি দক্ষিণ ২৪ পরগণা জেলায় বাইপাস অনেকগুলি আছে এবং অনেকগুলি সম্পন্ন হয়েছে, বিশেষ করে পূর্ব কলকাতার সায়েন্স সিটি থেকে সোনারপুর পর্যন্ত কাজটা আটকে আছে এটা গড়িয়া পর্যন্ত হওয়ার কথা ছিল। এই সম্পর্কে জানাবেন? এই বাইপাশ করতে কারা কারা বাধা সৃষ্টি করেছিল, এমনকি কবিতা লেখা হয়েছিল, বাইপাসে শুয়ে পড়ে বাধা দেওয়া হয়েছিল। নজরুল ইসলাম এভিনিউতে এবং যাদবপুরে যেটা ডিরোজিওর নামে উৎসর্গীকৃত হয়েছে সেটাতে বাইপাস কবে হবে বললে ভালো হয়।

**শ্রী অমর চৌধুরী ঃ** অনেকগুলি বাইপাস করার কথা আছে, আমরা দেখছি। নির্দিষ্ট ভাবে বাইপাসগুলির কথা জানতে গেলে নোটিশ দিতে হবে, তা নাহলে আমি আপনাকে সন্তোষজনক উত্তর দিতে পারব না।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** আর. আই. ডি. এফ.-৬ এই প্রকল্পের কাজ শুরুর সাথে মুর্শিদাবাদ........

**মিঃ স্পিকার ঃ** না না হবে না, নট অ্যালাউড।

**কাকদ্বীপে মৎস্যবন্দর নির্মাণ**

***১৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০৩) **শ্রী মন্টুরাম পাখিরা ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগণা জেলার কাকদ্বীপে মৎস্যবন্দর স্থাপণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তাবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী কিরণময় নন্দ :**

(ক) হ্যাঁ।

(খ) একটি বন্দরের কাজ শীঘ্রই শুরু করার জন্য পদ্ধতিগত কাজ চালু হয়েছে। অন্য প্রস্তাবগুলি কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী মন্টুরাম পাখিরা :** তাহলে কি একাধিক বন্দর তৈরি করার পরিকল্পনা সরকারের আছে? যদি থাকে তাহলে কোথায় কোথায় করার পরিকল্পনা আছে?

**শ্রী কিরণময় নন্দ :** দক্ষিণ ২৪ পরগণায় কয়েকটা বন্দর এবং অবতরণ কেন্দ্র করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে কাকদ্বীপে মৎস বন্দর করার অনুমোদন পাওয়া গেছে। গত মার্চ মাসে কেন্দ্রীয় সরকার টাকা মঞ্জুর করার ফলে। কিন্তু যেহেতু টাকাটি রাজ্য কোষাগারে জমা পড়েনি, আবার কেন্দ্রীয় সরকারের অনুমোদন চাওয়া হয়েছে টাকা যাতে আমরা তুলতে পারি। আর, আমাদের মৎস দপ্তর থেকে ইতিমধ্যে দেড় কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের টাকার অনুমোদন পাওয়ার পরে আমরা ওখানে কাজটা শুরু করব। এই কাজের জন্য খরচ হবে ১৩ কোটি ৫০ লক্ষ টাকা। দ্বিতীয় মৎস বন্দরের কাজ আমাদের ডায়মন্ড হারবারে হবে। এর কাজ চলছে, আশা করছি ২০০২ সালের মার্চ মাসের মধ্যে কাজটা শেষ হবে। আরেকটা মৎস বন্দর রায়দীঘিতে যাতে করা যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমরা প্রস্তাব পাঠিয়েছি। ইতিমধ্যে কেন্দ্রীয় পর্যবেক্ষক দল, তারা জায়গাটি ঘুরে দেখে গিয়েছেন। আরো তিনটে জায়গায় আমরা মৎস অবতরণ কেন্দ্র করব। সাগরে যেটা হচ্ছে মায়াগোয়ালিনির ঘাট। আরেকটা পাথরের রামগঙ্গাতে। আরেকটা কাঁটামারিতে। এগুলো হলে দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন এলাকায় মোটামুটি বন্দরের কাজ আমরা পুরোপুরি করতে পারব যাতে করে মৎসজীবীরা সুবিধা পায়।

**শ্রী মন্টুরাম পাখিরা :** আপনি কাকদ্বীপে যে মৎস বন্দর তৈরির পরিকল্পনা গ্রহণ করেছেন তার জন্য কত টাকা ব্যয় বরাদ্দ করেছেন?

**শ্রী কিরণময় নন্দ :** আমি তো আগেই বলেছি, ১৩ কোটি ৫০ লক্ষ টাকা এর জন্য মঞ্জুর হয়েছে। কেন্দ্রীয় সরকার সাড়ে ৬ কোটি টাকা এবং রাজ্য সরকার সাড়ে ৬ কোটি টাকা দেবেন। ইতিমধ্যে রাজ্য সরকার দেড় কোটি টাকা এই বন্দরের জন্য

মঞ্জুর করেছেন। কেন্দ্রীয় সরকার ৩ কোটি টাকা যেটা দিয়েছিলেন সেটা মার্চের শেষে দিয়েছিলেন বলে টাকাটা তুলতে পারা যায়নি। এজন্য আবার কেন্দ্রীয় সরকারের অনুমোদন চেয়েছি।

**শ্রী মন্টুরাম পাখিরা ঃ** অন্য প্রস্তাবগুলো কি ধরনের জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** রায়দীঘিতে একটা মৎস বন্দর তৈরি হবে। মায়াগোয়ালিনির ঘাটে একটা বড় মৎস অবতরণ কেন্দ্র তৈরি হবে। বড় ধরনের পাথরপ্রতিমাতে রামগঙ্গায় একটা বড় মৎস অবতরণ কেন্দ্র তৈরি হবে। আর, কাঁটামারিতে বড় ধরনের একটা মৎস অবতরণ কেন্দ্র তৈরি হবে এবং যেগুলোর আনুমানিক ব্যয় এখন করা হয়েছে দেড় কোটি টাকা। আর রায়দিঘীর ব্যাপারে বলি কেন্দ্রীয় সরকারের যারা এই প্রকল্প করেন তারা বাঙ্গালোর থেকে টিম নিয়ে এসেছিলেন। প্রকল্পটা তৈরি চলছে, হলে আমি জানতে পারব কত টাকা লাগবে।

**শ্রী মন্টুরাম পাখিরা ঃ** যতদিন না এই বন্দর চালু হচ্ছে ততদিন পর্যন্ত মৎসজীবীদের স্বার্থে সরকারের কোনও সাহায্য, অন্য কোনও পরিকল্পনা আছে কিনা।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মৎসজীবীদের স্বার্থে পরিকল্পনা করা আলাদা, বন্দর আলাদা। বন্দর হচ্ছে একটা পরিকাঠামো যেখন থেকে মৎসজীবীরা উপকরণ নিয়ে সমুদ্রে মাছ ধরতে যাবে এবং ফিরে এসে যেখানে মাছ নামাবে। আর, মৎসজীবীদের স্বার্থে আমাদের অনেক পরিকল্পনা আছে। আপনি নোটিশ দেবেন আমি তার উত্তর দিয়ে দেব।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অনেকগুলো মৎস বন্দর তৈরির কথা বললেন। ইতিমধ্যে যে মৎস বন্দর করেছেন, ফ্রেজারগঞ্জে এবং আপনার জেলাতে দীঘা, শঙ্করপুর, ইত্যাদি জায়গায় হয়েছে। মৎস বন্দরের যে জেটিগুলো তৈরি করছেন দেখা যাচ্ছে ব্যবহার করার কিছু দিন পরে পলি পড়ে এমন অবস্থা হচ্ছে যে তাতে ট্রলার আসতে পারছে না। সেন্ট্রাল অ্যাসিসটেন্স নিয়ে তো জেটিগুলো তৈরি করেছিলেন। কিন্তু তারপর এগুলো মেন্টেনেন্স করার জন্য কোনও হেডে টাকা না থাকার জন্য যে অসুবিধাগুলো হচ্ছে, তাতে হয় কি জেটিগুলেরে নির্মাণই ব্যর্থ হয়ে যাচ্ছে। পলিগুলো একটা কন্টিনিউয়াস প্রসেসের মধ্যে দিয়ে কাটিয়ে যাতে করে জেটিতে ট্রলার আসতে পারে তার জন্য কোনও ব্যবস্থা রাখছেন কিনা? ড্রেজিং-এর জন্য কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই প্রকল্পগুলো কেন্দ্রীয় সরকার সার্ভে করে অনুমোদন দেওয়ার পর আমরা করতে পারি। এই ধরনের যে প্রকল্পগুলো রূপায়িত হয়েছে, বিশেষ করে ফ্রেজারগঞ্জে এবং শঙ্করপুরে যে অসুবিধার কথা বললেন সেটা সাংঘাতিক ভাবে দেখা দিয়েছিল। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছিলাম। দীর্ঘদিন ধরে এই জেটিগুলোকে কার্যকর করতে গেলে এগুলোকে ড্রেজিং করার দরকার আছে যাতে সব সময়ের জন্য আমাদের ট্রলারগুলো ওখানে ঢুকতে পারে। তাতে ওরা বলেছিলেন, এগুলো হচ্ছে, টাইডাল হারবার। অর্থাৎ যখন পুরো জোয়ার থাকবে তখন এই বন্দর চালু থাকবে। যখন থাকবে না তখন আর নৌকাগুলো ঢুকতে পারবে না। তাই আমরা ওদের অপেক্ষায় না থেকে, ইতিমধ্যে রাজ্য সরকার থেকে টাকা মঞ্জুর করেছি এবং আমাদের শঙ্করপুরে ড্রেজিং-এর কাজ শুরু হয়েছে যাতে সব সময় ধরে সারা বছর ধরে ওখানে ট্রলারগুলো ঢুকতে পারে, বেরুতে পারে। এছাড়া ফ্রেজারগঞ্জেও আমরা এজন্য টাকা অনুমোদন করেছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** কাকদ্বীপে যে বন্দর হয়েছে সেই বন্দর নির্মাণে কেন্দ্রীয় সরকার কত পরিমান অর্থ দিয়েছেন, রাজ্য সরকার কত দিচ্ছেন এবং অনাবাসী ভারতীয়রা কোনও অর্থ এর মধ্যে দিয়েছেন কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** সেন্ট্রাল অ্যাসিসট্যান্সে এই প্রকল্প হয়েছে। এই প্রকল্প যে ব্যয় হবে তার ৫০ ভাগ দেন কেন্দ্রীয় সরকার, আর বাকি ৫০ ভাগ দেন রাজ্য সরকার। এই প্রকল্প সাড়ে ১৩ কোটি টাকা ব্যয় হবে। এর অর্ধেক পরিমাণ অর্থ কেন্দ্রীয় সরকার দেবেন আর বাকি অর্থ রাজ্য সরকার দেবেন। অনাবাসী ভারতীয়দের কোনও টাকা এর মধ্যে নেই বা সে প্রশ্ন উঠে না।

**শ্রী অখিল গিরি ঃ** শঙ্করপুর মৎস্য বন্দর দিনের পর দিন ধ্বংস হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, সেই মৎস্য বন্দরকে রক্ষা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি? এছাড়া শঙ্করপুরে যে বাঁধ বা সি-বিচ আছে সেটা দিনের পর দিন ক্ষয়ে যাচ্ছে। সেটাকে রক্ষা করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** সি-বিচ আমার দপ্তরের আওতার মধ্যে পড়ে না। সি-বিচ সেচ দপ্তরের আওতার মধ্যে পড়ে, তাঁরা এব্যাপারে পরিকল্পনা নেবেন। শঙ্করপুরের মৎস্য বন্দর ধ্বংস হচ্ছে না। মাননীয় বিধায়ক শ্রী আবদুল মান্নান

মহাশয় তাঁর প্রশ্নের মধ্যে বললেন যে, সেখানে পলি পড়ে যাচ্ছে। এই পলি যাতে না পড়ে তারজন্য আমরা ড্রেজিং-এর ব্যবস্থা করেছি। সেখানে যে নৌকাগুলো সমুদ্রের মাঝখান পর্যন্ত দাঁড়িয়ে থাকে সেখানে সমুদ্রের মাঝখান পর্যন্ত যাতে ড্রেজিং করা যায় সেই ব্যবস্থা করা হয়েছে। শঙ্করপুরের মৎস্য বন্দর ধ্বংস হয়ে যাচ্ছে না। এটা এত কার্যকর হয়েছে যে, যখন এর ফার্স্ট ফেজ প্রকল্প ১৯৮৭ সলে উদ্বোধন করা হয় তখন তাতে ১৫০ টি ট্রলার চলার কথা ছিল, কিন্তু এখন সেখানে ১০০০টি ট্রলার চলছে এবং সেজন্য কেন্দ্রীয় সরকার এই মৎস্য বন্দরের এক্সটেনশনের জন্য এর সেকেন্ড ফেজের কাজ অনুমোদন করেছেন।

**শ্রী মহববুল হক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি বললেন যে, কেন্দ্রীয় সমীক্ষক দল এটা দেখে গিয়েছেন আপনার এই প্রকল্প কেন্দ্রীয় সরকার যাতে অনুমোদন করেন তার জন্য কেন্দ্রীয় সমীক্ষক দল এটা দেখে গিয়েছেন। আমরা সংবাদপত্রে দেখেছি যে, যখনই পশ্চিমবঙ্গের কোনও ডিপার্টমেন্টের কোনও কাজের অনুমোদনের ব্যাপারে কেন্দ্রীয় সমীক্ষক দল এখানে আসেন তখন সেই ডিপার্টমেন্টের পক্ষ থেকে কেন্দ্রীয় সমীক্ষক দলের কিছু উপহার দেওয়ার ব্যবস্থা করা হয়। আপনার ডিপার্টমেন্ট থেকেও তাঁদেরকে কোনও উপহার দেওয়া হয়েছে কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এটা অবান্তর প্রশ্ন। কেন্দ্রীয় সমীক্ষক দল এসে টেকনিক্যাল ম্যাটার দেখেন, সাইট দেখেন, সমস্ত ফিজিবিলিটি দেখেন। সুতরাং উপহার দেওয়ার প্রশ্ন উঠে না। আপনার এই প্রশ্নের জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি না।

**শ্রী মুস্তাফা বিন কাশিম ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে শঙ্করপুর মৎস্য বন্দরে যে ব্যবস্থা তাতে সেখানে থেকে ১০০০টি ট্রলার চলতে পারবে। আবার কিছু বন্দর আছে যেখানে এর থেকে কম সংখ্যায় ট্রলার চলে। অর্থাৎ কিছু বন্দরে আছে বড় মাপের, কিছু বন্দর আছে মাঝারি মাপের আর কিছু বন্দর আছে ছোট মাপের। আমার প্রশ্ন কাকদ্বীপের প্রস্তাবিত বন্দর সম্পন্ন হলে সেটা বড়, ছোট, না মাঝারি—কোন পর্যায়ের বন্দর হবে? শঙ্করপুরে দ্বিতীয় ফেজে যেটা আধুনিক মৎস্য বন্দর হবে সেখানে কোনও বিশেষ ব্যবস্থা আশা করা যায়। অন্যান্য বন্দরগুলোর তুলনায় সেখানে কি বিশেষ ব্যবস্থা, কি কি সুযোগ-সুবিধা থাকবে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** সমস্ত মৎস্য বন্দরগুলোতে যে সুযোগ-সুবিধাগুলো থাকে সেগুলো সারা ভারতবর্ষের মধ্যে যত মৎস্য বন্দরগুলো আছে সেগুলোর সবই

একই রকম প্যাটার্ণের তৈরি হয়। কাকদ্বীপের আগে আমরা ৩টে মৎস্য বন্দরের কাজ শেষ করেছি। চতুর্থ মৎস বন্দর ডায়মন্ডহারবারে হবে, ২০০২ সালের মধ্যে এর কাজ শেষ করব।

এটা আমাদের ৫ম মৎস্য-বন্দর এবং সবচেয়ে বৃহৎ মৎস্য বন্দর। অন্যান্য মৎস্য বন্দরে যা যা সুযোগ সুবিধা থাকে এখানেও তা থাকবে। তবে কাকদ্বীপে যতগুলো ট্রলার নৌকা ইত্যাদি ঢোকার ব্যবস্থা করার পরিকল্পনা আছে তা ফাস্ট ফেজের কাজে সম্পন্ন হবেনা। প্রয়োজন অনুযায়ী সমস্ত কিছু সম্পূর্ণ করতে আমাদের সেকেন্ড ফেজে যেতে হবে।

**শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** সাগর ব্লকের মায়া গায়ালিনির ঘাটের জন্য যে পরিকল্পনা করা হয়েছে তা কার্যকর করতে কত টাকা খরচ হবে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** যে পরিকল্পনা রচিত হয়েছে তাতে আনুমানিক দেড় কোটি টাকা ধরা হয়েছে। কেন্দ্রীয় সরকার অর্ধেক টাকা দেবেন এবং রাজ্য সরকার অর্ধেক টাকা দেবেন।

### বালি খালের উপর সেতু সংস্কার

***১৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৯) **শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বালি খালের উপর বর্তমান সেতুটি সংস্কারের একটি পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত সেতুটির সংস্কারের কাজ শুরু করা হবে বলে আশা করা যায়?

**শ্রী অমর চৌধুরী ঃ**

(ক) উক্ত সেতুটির উল্লেখযোগ্য, সংস্কারের কোনও পরিকল্পনা বর্তমানে নেই।

(খ) প্রতি বছরের মতো উহার রুটিন মেরামতির কাজ এ বছরেও করা হবে।

[11-20 — 11-30 a.m.]

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** স্যার, উনি বললেন, 'প্রতি বছরের মতো উহার রুটিন মেরামতির কাজ এ বছরেও করা হবে।' কিন্তু আমরা বিগত পাঁচ বছরের মধ্যে এই সেতুর কোনও রকম সংস্কার কাজ দেখিনি। স্বাভাবিকভাবেই মন্ত্রিমহাশয়ের ঐ কথাটা বুঝতে পারলামনা। এই সেতুটি উত্তর ২৪ পরগণা, হুগলি এবং হাওড়ার মধ্যে সংযোগ-রক্ষাকারী সেতু। দিনের পর দিন ওখানে যান চলাচল বৃদ্ধি পাচ্ছে। সেতুটির অবস্থা খুবই খারাপ। এই মুহূর্তে শুধু সংস্কার নয়, পুনর্নিমানের মতো ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তা না হলে যে কোন মুহূর্তে সেতুটি ভেঙে পড়বে। তা ছাড়া সেতুটি প্রশস্ত করার প্রয়োজন আছে। সুতরাং প্রতি বছরের মতো সংস্কার নয়, ওখানে বিশেষ ব্যবস্থা নেওয়ার প্রয়োজন আছে। সেই ব্যবস্থা নেবেন কিনা তা আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি।

**শ্রী অমর চৌধুরী ঃ** গত আড়াই মাস আগে ইন্সপেকশন করে দেখা গিয়েছে ঐ সেতুটির সংস্কার কাজ করার দরকার আছে। সে কাজ এ বছরই শুরু হবে। তবে মাননীয় সদস্যা যতটা বলছেন সেতুটি বর্তমানে ততটা বিপদজনক নয়। সেতুটি নিশ্চয়ই খুবই গুরুত্বপূর্ণ সেতু। অতএব মাননীয় সদস্যার প্রস্তাব বিবেচনা করে দেখা হবে।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় ঠিকই বলেছেন, আড়াই মাস আগে পি. ডব্লু. ডি.-র ইঞ্জিনিয়াররা ওখানে ইন্সপেকশনে গিয়েছিলেন এবং খালের নিচ দিয়ে সেতুটির অবস্থা দেখে তাঁরা আমাদের সঙ্গে সহমত পোষণ করেছেন যে, সত্যিই সেতুটি বিপদজনক হয়ে পড়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞেস করছি—তিনি এই সেতুটির পূর্ণ সংস্কার এবং প্রশস্ত করার প্রস্তাব রাখলে গ্রহণ করবেন কিনা?

**শ্রী অমর চৌধুরী ঃ** আপনার এই প্রস্তাব নিশ্চয়ই বিবেচনা করা যেতে পারে। আপনাকে এইটুকু আশ্বস্ত করতে পারি, আমাদের যে ইন্সপেকশন হয়েছে তার রিপোর্টের ভিত্তিতে যদি দেখা যায় আপাতত এই প্রশস্ত রেখেই সংস্কার করলে এই সেতুটি চলবে তাহলে সেইভাবে কাজ হবে আর যদি মনে করেন প্রশস্ত হওয়া দরকার তাহলে নতুন করে পরিকল্পনা করতে হবে। এ ব্যাপারে আমি আপনার সাথে বসে আলোচনা করতে রাজি আছি।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** এই খালের পাড় ভেঙে যাওয়ার ফলে পূর্ত দপ্তরের সঙ্গে আলোচনার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্তে আসা হয়েছিল যে ইরিগেশন ডিপার্টমেন্টের সঙ্গে সহযোগিতা করে একসঙ্গে সেটা খতিয়ে দেখা হবে এবং পরবর্তীকালে খাল সংস্কার বা পাড় বাঁধিয়ে সেতুর সংস্কার একসাথে করা হবে। সুতরাং ইরিগেশন দপ্তরের সঙ্গে এ বিষয়ে পূর্ত দপ্তরের কথা হয়েছে কিনা? হয়ে থাকলে কতদূর পর্যন্ত হয়েছে?

**শ্রী অমর চৌধুরী ঃ** আমার মনে হয় সাধারণত ইরিগেশন ডিপার্টমেন্ট খালের সঙ্গে সম্পর্কিত। ইরিগেশন ডিপার্টমেন্টের সঙ্গে যুক্ত হয়েই এ ব্যাপারে আলোচনা করে থাকেন। এখন সেটা করা হয়েছে কিনা এক্ষেত্রে, আমি নিশ্চয়ই খবর নেব। তবে আমি আশ্বস্ত করতে পারি, আপনার সুচিন্তিত অভিমত নিয়ে ইরিগেশন দপ্তরের সঙ্গে আলোচনা করে এ বিষয়ে সংস্কারের কাজ কিভাবে কি করা যায় সেটা দেখব।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় সদস্যা শ্রীমতী কণিকা গাঙ্গুলি সংস্কারের প্রয়োজনীয়তার কথা বললেন। এই. ব্রিজটা বৃটিশ আমলে তৈরি হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত তার সংস্কার কোনও দিন হয়নি। আপনি নিজেই জানেন, এই ব্রিজের পাশেই আপনার কনস্টিটুয়েন্সি, নদীর এপার আর ওপার। এমনিতেই এই ব্রিজটি অপ্রশস্ত। এই ব্রিজের ফুটপাত দিয়ে চলাচল করা যায় না, কারণ দোকান ঘরগুলি সব দখল করে নিয়েছে। এই ব্রিজের পাশে ফুটপাতে সমস্ত প্রাইভেট কার, ট্যাক্সি স্ট্যান্ড হয়ে গেছে। একটা রিক্সা নিয়েও ক্রস করা যায় না, গাড়ি তো দূরের কথা। তারপর বাসরুট আছে। আপনি ব্রিজটির সংস্কার করবেন, রিপোর্টের অপেক্ষায় আছেন। কিন্তু তার আগে এই ব্রীজটির উপর দিয়ে যাতায়াতের জন্য যে সমস্ত দোকান ঘরগুলি দখল করে আছে, আন-অথরাইজড অকুপায়েড হয়ে আছে এবং ট্যাক্সি স্ট্যান্ড হয়ে আছে ওখানে প্রাইভেটকার ভাড়া দেবার জন্য, তাকে দখলমুক্ত করে যেটুকু ফুটপাত আছে তাকে ইউটিলাইজ করবেন কিনা? কারণ, মানুষরা হেঁটে যেতে পারে না।

**শ্রী অমর চৌধুরী ঃ** দখলমুক্ত করার জন্য আপনাদের সকলের সহযোগিতা আমি আশা করব।

**শ্রী তাপস রায় ঃ** আমি প্রথমত পূর্তমন্ত্রীকে অভিনন্দন জানাই, অমরবাবুকে, ক্ষিতিবাবু ভাঙাচোরা বন্দোবস্ত ওনার উপর চাপিয়ে দিয়ে গেছেন। তারপর কণিকা

গাঙ্গুলির প্রশ্নে তিনি একেবারে জর্জরিত। একটা কাগজে দেখলাম—যদিও প্রশ্নটা অপ্রাসঙ্গিক—ক্ষিতিবাবু আপনার উপর খবরদারী করবেন। আমার প্রশ্ন, মন্ত্রী কে? আপনি, না ক্ষিতিবাবু? এই যে আপনি প্রশ্নের উত্তর দেবেন সেটা কি ক্ষিতিবাবুকে জিজ্ঞাসা করে তবেই আপনাকে উত্তর দিতে হবে?

**মিঃ স্পিকার ঃ** নট্ অ্যালাউড।

**শ্রী অশোক দেব ঃ** বালি খাল ছাড়াও এমন অনেক সেতু আছে যে সেতুগুলির অবস্থা বেহাল এবং ভয়াবহ। সেই সেতুগুলি সারাবার জন্য বা রিপেয়ার করার জন্য সরকার কোনও ভূমিকা পালন করছেন কিনা?

**শ্রী অমর চৌধুরী ঃ** বহু সেতু সংস্কার করেছি, রিপেয়ার করেছি। আপনি কোন সেতুর কথা বলছেন সেটা নির্দিষ্টভাবে জানালে বলা যাবে। আপনি নোটিশ দেবেন।

**মিঃ স্পিকার ঃ** তাপসবাবু, আমার মনে হয় আপনার এটাই জিজ্ঞাস্য, তৃণমূল কংগ্রেস চালাচ্ছে, না কংগ্রেস তৃণমূল চালাচ্ছে—এই প্রশ্ন তো?

## বাৎসরিক মাছের চাহিদা ও উৎপাদন

***১৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১৮) **শ্রী কমল মুখার্জি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে বাৎসরিক মাছের চাহিদা ও উৎপাদনের পরিমাণ কত; এবং

(খ) রাজ্যে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) বিগত ২০০০-২০০১ বছরে রাজ্যে মাছের চাহিদার মোট পরিমাণ ছিল ১১.৩৫ লক্ষ টন এবং ঐ বছর রাজ্যে মোট মাছ উৎপাদিত হয়েছে ১০.৬০ লক্ষ টন।

(খ) সরকার বিভিন্ন সময়ে নিম্নোক্ত বিভিন্ন প্রকল্পের নির্ধারণ ও তার রূপায়ণের মাধ্যমে উৎসাহী মৎস্য চাষীগণের মধ্যে মৎস্য চাষের প্রসার ঘটিয়ে মাছের উৎপাদন বৃদ্ধির প্রয়াস নিয়েছেন ঃ

(১) মিষ্টি জলাশয়ের মৎস্যচাষী উন্নয়ন সংস্থা (এফ. এফ. ডি. এ.) এবং নোনাজলের জলাশয়ের অন্তর্গত মৎস্যচাষী উন্নয়ন সংস্থা (বি. এফ. ডি. এ.)-র মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধির **প্রকল্প** নেওয়া হয়েছে;

(২) বিল, বাওড় ইত্যাদি বড় জলাশয়গুলিতে বিভিন্ন জেলা ও প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতির মাধ্যমে এবং জাতীয় সমবায় উন্নয়ন সংস্থায় আর্থিক সাহায্যে (এন. সি. ডি. সি.) মাছের উৎপাদন বৃদ্ধি করার প্রকল্প নেওয়া হয়েছে;

(৩) বিভিন্ন প্রতিষ্ঠানের আওতাভুক্ত জলাশয় গুলিতে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য "সামাজিক মৎস্যচাষ" প্রকল্পের সাহায্য নেওয়া হয়েছে এবং মাছের উৎপাদন বৃদ্ধি পেয়েছে;

(৪) বিভিন্ন নদীতে প্রয়োজনীয় ডিমপোনা উৎপাদন ও প্রজননক্ষম মাছের উপস্থিতি বৃদ্ধির লক্ষ্যে "মৎস্যসঞ্চার প্রকল্পে"-র মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করা হচ্ছে;

(৫) বেনফিশের মাধ্যমে এবং জাতীয় সমবায় উন্নয়ন সংস্থার (এন. সি. ডি. সি.) আর্থিক সাহায্যে মৎস্য শিকারীদের সমবায়গুলিতে যন্ত্রচালিত নৌকা (ট্রলার) প্রদান করে সামুদ্রিক মৎস্য উৎপাদন বৃদ্ধির প্রকল্প গ্রহণ করা হয়েছে; এবং

(৬) ব্যক্তিগত মৎস্যজীবী ও মৎস্যশিকারীদের রাজ্যভিত্তিক সরকারি মৎস্যচাষ প্রশিক্ষণের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি করার প্রচেষ্টা নেওয়া হয়েছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের দেওয়া তথ্য থেকে দেখা যাচ্ছে যে এখানে মাছের উৎপাদনের তুলনায় চাহিদা বেশি। চাহিদা মেটানোর জন্য উৎপাদন বৃদ্ধির জন্য মাছ উৎপাদনের যে জায়গাগুলি যেমন পুকুর, জলাশয় ইত্যাদি দেখা যাচ্ছে ভরাট হয়ে যাচ্ছে। আমার প্রশ্ন, পুকুর এবং জলাশয় ভরাট করার জন্য গত বছর কতজনকে গ্রেপ্তার করেছেন জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** গ্রেপ্তার তো আমি করব না, পুলিশ দপ্তর করবে।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এ ব্যাপারে কতগুলি অভিযোগ তিনি পেয়েছেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** মৎস্য দপ্তরের বাজেটের দিন আপনারা বিধানসভায় উপস্থিত ছিলেন না। সেদিন আমি বলেছিলাম এই ধরণের কতগুলি অভিযোগ পেয়েছি, কতগুলির ক্ষেত্রে ব্যবস্থা নিয়েছি, কতগুলি ক্ষেত্রে এফ. আই. আর. করা হয়েছে ইত্যাদি। সেই তথ্যটা এখনই আমার কাছে নেই, আপনি নোটিশ দিলে দিয়ে দিতে পারি।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন চাহিদা মেটানোর জন্য গত বছর কত পরিমাণ রুই মাছ অন্ধ্রপ্রদেশ থেকে এবং কত পরিমাণ ইলিশ মাছ বাংলাদেশ থেকে আমদানি করতে বাধ্য হয়েছেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমদানি তো আমি করি না, বেসরকারি পর্যায়ে আসে। শুধু অন্ধ্র থেকে নয়, বিভিন্ন রাজ্য থেকে আসে। ৭০/৮০ হাজার মেট্রিক টন মাছ আসে। বাংলাদেশ থেকে গত বছর সামান্য ইলিশ মাছ এসেছিল।

**শ্রী কমল মুখার্জি ঃ** বারবার আপনারা দাবী করেন যে মাছ উৎপাদনে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করে আসছে। তাহলে আমাদের এখানে যে মাছ উৎপাদন হচ্ছে, বিশেষ করে চারা মাছ সেগুলি যাচ্ছে কোথায়? অন্য রাজ্য থেকে তাহলে মাছ আনছেন কেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** উৎপাদনে প্রথম হলেও চাহিদা মিটে যাবে তার কোনও মানে নেই। আমি আগেই উল্লেখ করেছি যে আমাদের চাহিদার তুলনায় উৎপাদনে সর্টফল আছে ৭০ হাজার টন। সেটা বাইরে থেকে অর্থাৎ ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে আসে। বাইরের রাজ্য থেকে অবাধে আসতে পারে। আমরা যদি লক্ষ্য মাত্রায় পৌঁছেও যাই তাহলেও বিভিন্ন রাজ্য থেকে আসা অন্যায় নয়। তাদের রাজ্যে চলে না তাই আসে। অন্ধ্রে উৎপাদন ২ লক্ষ টন আর আমাদের মাছের উৎপাদন কত সেটা আগেই উল্লেখ করেছি। অন্ধ্রপ্রদেশে, তারা এই মিষ্টি জলের মাছ খায় না, আমাদের এখানে পাঠিয়ে দেয় চাহিদা পূরণের জন্য।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি তো প্রতি বছর বাংলাদেশের সুস্বাদু ইলিশের ব্যবস্থা করেন। এবারে কি খরব দেবেন জানি না। সকলে বলেন,

মেদিনীপুর জেলাকে কেন্দ্র করে মৎস্য দপ্তরের যতো কর্মকান্ড। আপনি অন্যান্য জেলাতেও এটা বিস্তৃত করার চেষ্টা করছেন। আমাদের উত্তরবঙ্গের জেলা হেডকোয়ার্টার এবং মহকুমা হেডকোয়ার্টারগুলিতে প্রচুর ঝিল রয়েছে। অথচ আমাদের অন্ধ্র থেকে মাছ আনতে হচ্ছে, কিন্তু তাতেও প্রয়োজন মিটছে না। অবশ্য ভারতবর্ষের নিরিখে মৎস্য উৎপাদনে প্রথম স্থান অধিকার করছি বারেবারে। সেক্ষেত্রে এ ঝিলগুলিকে ব্যবহার করার যে প্রস্তাব দেওয়া হয়েছে সেটা করছেন কিনা? আর ইলিশ যাতে মানুষরা পায় তার জন্যই বা কি ব্যবস্থা করছেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ঐ যে বড় জলাশয় তারমধ্যে খুব কম সংখ্যকই আছে মৎস্য দপ্তরের অধীনে। অধিকাংশ জলাশয় বিভিন্ন ডিপার্টমেন্টের অধীনে রয়েছে। যেগুলো মৎস্য দপ্তরের হাতে এসেছে সেখানে মৎস্যজীবী সমবায় সমিতি তাদের হাতে অর্পণ করা হয়েছে। যে সব জলাশয় আমাদের নয় সেখানে কোনও প্রকল্প করবার অধিকার আমাদের নেই। এমন কোনও জলাশয় থেকে থাকে যা আমাদের অর্পণ করা হয়েছে, অথচ মৎস্যজীবী সমবায় গঠিত হয়নি, নোটিশে আনুন, মৎসজীবী সমবায় সমিতি তৈরি করে দেব। ইতিমধ্যে আমাদের পক্ষ থেকে সমস্ত দপ্তরকে বলা হয়েছে, তাদের হাতে যেসব জলাশয় রয়েছে সেখানে যাতে মৎস্যজীবী সমবায় সমিতি গড়ে দিতে পারি তারজন্য আমাদের অধিকার দিন।

ইলিশ দু'তিন বছর আগে বাংলাদেশ থেকে এনেছিলাম, কিন্তু তার দাম এত বেড়ে যাচ্ছে, উপরন্তু বেসরকারি ব্যবসায়ীরা যে দামে আনছেন, আমাদেরও সেই একই দামে আনতে হচ্ছিল। সরকারকে এভাবে প্রতিযোগিতায় যাওয়া উচিত নয় বলে ইলিশ আমদানি করা ছেড়ে দিয়েছি। আর ইলিশের আমদানি নির্ভর করে সমুদ্র-নদী থেকে সেটা কতটা উঠছে তার উপর। প্রকৃত কারণ, গত বছর আমাদের দেশে এবং বাংলাদেশে সে রকম ইলিশ আসেনি, যার জন্য ইলিশের যোগান কম ছিল। এ বছর কি অবস্থা হবে বলতে পারছি না।

**শ্রী অখিল গিরি ঃ** আমাদের কনফিউশন হয় উৎপাদন সম্পর্কে, উৎপাদনশীলতা এবং ক্যাপাসিটি সম্পর্কে। আমার অতিরিক্ত প্রশ্ন, রাজ্যে মাছের উৎপাদন বছরে কত, রাজ্যের বাইরে যায় কত, আসেই বা কত? এটা ওজনগতভাবে বললে ভাল হয়।

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমার বাজেট বক্তৃতার সময় সমস্ত পরিসংখ্যান আমি দিয়েছিলাম। মাননীয় সদস্যরা সেদিন বিধানসভায় উপস্থিত ছিলেন না। সামগ্রিকভাবে

যে কোনও রাজ্যের তুলনায় আমরা উৎপাদনে এগিয়ে রয়েছি। বাইরের রাজ্যের বিল-বাওড়ে প্রতি হেকটরে ১০০ থেকে ২০০ কেজি যেখানে উৎপাদন, সেখানে আমাদের উৎপাদন ৮০০ থেকে ১,২০০ কেজি। আমাদের এফ. এফ. ডি. এ.-এর মাধ্যমে অন্তর্দেশিয় মৎস্য চাষ হয়। এক্ষেত্রে অন্যান্য রাজ্যে যেখানে পার হেকটর মৎস্য উৎপাদন হয় ৪০০ ৫০০ কেজি। সেখানে আমাদের রাজ্যে ৩,০০০ থেকে ৪,০০০ কেজি।

আমাদের রাজ্যে প্রতি বছর বাইরের রাজ্য থেকে ৭০ থেকে ৮০ হাজার মেট্রিক টন মাছ আসছে এবং ৪০-৫০ হাজার মেট্রিক টন সমুদ্রজাত মাছ বিদেশে যাচ্ছে। ভারতের মধ্যে আমাদের রাজ্যে মৎস্য উৎপাদন সব থেকে বেশি, উৎপাদনশীলতাও আমাদের বেশি। সারা ভারতবর্ষের মাছের মোট উৎপাদনের এক-তৃতীয়াংশ উৎপাদন পশ্চিমবঙ্গে হয়।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** আমার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের খোশালপুর মৎস্যজীবী সমবায় সমিতি এবং ফরিদপুর গ্রাম পঞ্চায়েতে হাজরা পোতা মৎস্যজীবী সমবায় সমিতি রয়েছে। সেখানে ভাগীরথীতে রিং হয়ে গেছে।

সমিতি গঠন হয়েছে। কিন্তু প্রতিকূল অবস্থার মধ্যে দিয়ে মাছ চাষ করতে হয়। এই বিষয়ে আমার প্রস্তাব যে ওদের প্রটেকশন দেবার কোনও ব্যবস্থা করা যায় কিনা এবং মৎস প্রকল্প করা যায় কিনা ছাড়ি গঙ্গায়, এই রকম সুনির্দিষ্ট প্রস্তাব আপনার আছে কি জানাবেন?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** আপনি পার্টিকুলারলি একটা ব্লকের কথা বলছেন। আপনি লিখিত দিন, যদি সেখানে কোনও ব্যবস্থা নেওয়ার দরকার হয় চেষ্টা করব নিতে।

**শ্রী মলয় ঘটক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আসানসোল শিল্পাঞ্চলে যে খোলা মুখ কয়লা খনি আছে, সেখানে কয়লা কেটে নেওয়ার পর সেখানে একটা বিরাট জলাশয় তৈরি হয়। এই জলাধারে মৎস চাষ করার কোনও পরিকল্পনা আপনার আছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ইতিমধ্যে ই. সি. এল. কর্তৃপক্ষ আমাদের কাছে বেশ কিছু জলাশয় হস্তান্তর করেছে। সেইগুলিকে নিয়ে আমরা সমবায় সমিতি তৈরি

করার প্রকল্প হাতে নিয়েছি। আরো কিছু এই ধরণের জলাশয় ই. সি. এল কর্তৃপক্ষের কাছে চাওয়া হয়েছে। যখন পাবো তখন আমরা সমবায় সমিতি তৈরি করে দেব।

**শ্রী মহববুল হক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। আমাদের দেশ থেকে অনেক চিংড়ি মাছ বিদেশে রপ্তানি হয়। আমাদের এখানে যে চিংড়ি উৎপাদন হচ্ছে, সেই চিংড়ির মধ্যে হোয়াইট স্পট থাকার জন্য বিদেশে চিংড়ি নিচ্ছে না আমাদের এখন কত চিংড়ি রপ্তানি হচ্ছে জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই ধরণের একটা প্রশ্ন পরেও আছে, আপনি যেহেতু প্রশ্ন করেছেন তাই উত্তর দিচ্ছি। গত বছর আমাদের ২২ লক্ষ মেট্রিক টন চিংড়ি রপ্তানি হয়েছে বিদেশে এবং তার টাকার মূল্য হচ্ছে ৬৯০ কোটি ডলার। এই বছর আরো বাড়বে, বছরের শেষে বলতে পারব কি পরিমাণ চিংড়ি রপ্তানি হয়েছে এবং টাকার মূল্যে সেই অংকটা কত।

### কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার চালুকরণ

***১৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৮) **শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সমস্ত কর্মবিনিয়োগ কেন্দ্রে এখনও কম্পিউটার চালু করা সম্ভব হয় নি;

(খ) সত্যি হলে, কারণ কী; এবং

(গ) ৩১.৩.২০০১ পর্যন্ত রাজ্যের কতগুলি কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার চালু করা সম্ভব হয়েছে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ**

(ক) হ্যাঁ, ৭১টি কর্মবিনিয়োগ কেন্দ্রের মধ্যে ৪৩টি কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার চালু করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) পরিকল্পনা খাতে বার্ষিক অর্থ বরাদ্দের উপর কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার চালু করা নির্ভর করে।

(গ) ৩১.৩.২০০১ পর্যন্ত ১২টি কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার মাধ্যমে নথিভুক্ত সংক্রান্ত কার্যাবলী চালু করা হয়েছে।

**শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। সমস্ত কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটারাইজ হবে কিনা এবং করলে কত দিনের মধ্যে হবে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এইগুলো আর্থিক বরাদ্দের উপর নির্ভর করে। বর্তমান বছরে আমরা বাজেট প্রস্তাব রেখেছি প্রায় ৩ কোটি ৩০ লক্ষ টাকা। এতে আরো অনেকটা কাজ করা সম্ভব হবে।

**শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** এই কম্পিউটারাইজ করার জন্য কোনও বিশেষ সংস্থাকে নিয়োগ করা হয়েছিল কিনা, নাকি সরকার সরাসরি কম্পিউটার ক্রয় করে কর্ম বিনিয়োগ কেন্দ্রে প্রেরণ করেছে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** সরকারের যে নিয়ম আছে সেই অনুযায়ী হয়েছে। এই কাজগুলির জন্য টেন্ডার করে আমাদের সরকারের অধীনস্থ সংস্থা ওয়েবেল এবং নিক্কোকে নিয়ে কাজ করানো হয়ে থাকে। প্রথমে আমরা নিক্কোকে দিয়ে কাজ করিয়ে ছিলাম। পরে কাজের ব্যাপারে এখনও কোনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নি।

**শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** যে সমস্ত কর্ম বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটারাইজ করা হয়েছে তাতে কাজের কি সুবিধা হয়েছে? এর জন্য কোনও কর্মী নিয়োগ করতে হয়েছে কিনা?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এর জন্য নূতন করে কর্মী নিয়োগ করার প্রয়োজন হয় নি। কাজের সুবিধা অবশ্যই হয়েছে। কাজের সুবিধা বলতে রেকর্ড রাখা, কার্ড রিনিউ করার জন্য যাতে সময় বেশি না লাগে, অযথা হয়রানি না হতে হয়। যখন থেকে কম্পিউটার চালু করতে পেরেছি তখন থেকে এই সুবিধা হয়েছে। এখন কম সময়ের মধ্যে কর্ম বিনিয়োগ কেন্দ্রে কার্ড রিনিউ হয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** কর্ম বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটারাইজ করছেন। ২০০১ সালের জুন মাসে পশ্চিমবঙ্গের কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে কত জন যুবক এবং যুবতীর নাম লিপিবদ্ধ করা হয়েছে? তার মধ্যে শিক্ষিত কত, এবং অর্দ্ধশিক্ষিত কত?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** প্রশ্নটা কম্পিউটার সংক্রান্ত। আপনি নোটিশ দেবেন, উত্তর দেব।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** একবার নাম নথিভুক্ত করলে দশ বছর সেই নাম নথিভুক্ত থাকবে—আপনি কি এই ব্যবস্থা করেছেন?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এটা কিন্তু এই প্রশ্নের সঙ্গে সংযুক্ত নয়। এইজন্য আলাদা প্রশ্ন করলে উত্তর দেব, না হলে বিরোধী দলনেতা বলবেন, 'আমি প্রশ্ন করেছিলাম, উত্তর দেন নি।'

**শ্রী দীপক সরকার ঃ** আমরা আমাদের জেলাতে দেখেছি, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে বিভিন্ন যুবকের নাম তালিকা করে লোনের জন্য ব্যাঙ্কে নাম পাঠানো হয়। ব্যাঙ্কগুলো 'সেস্রু' প্রকল্পে ঋণগুলো দেয় না। এ সম্পর্কে মাননীয় মন্ত্রিমহোদয় কি ভাবছেন?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** ব্যাঙ্কের নিয়ন্ত্রণ ভার আমার ওপরে নয়। এই ব্যাপারে আপনার অভিজ্ঞতা এবং আমার অভিজ্ঞতা একই। আলাদা করে বলার কিছু নেই। প্রশ্নটি কম্পিউটার সংক্রান্ত, এর সঙ্গে এটি সম্পর্কযুক্ত নয়।

## নতুন রেল লাইন স্থাপন

***১৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৮) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

সাম্প্রতিক কালে রাজ্যে নতুন করে রেল লাইন স্থাপনের জন্য কোন কোন প্রকল্পে ভারতীয় রেল রাজ্য সরকারের কাছে জমি চেয়েছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ**

ভারতীয় রেল নূতন রেল লাইন স্থাপনের জন্য নিম্নলিখিত প্রকল্পে জমি চেয়েছেন—

১। তমলুক-দীঘা-বি.জি. রেল লাইন প্রকল্প

২। একলাখি-বালুরঘাট রেল লাইন প্রকল্প

৩। তারকেশ্বর-বিষ্ণুপুর বি.জি. রেল লাইন

৪। হাওড়া-আমতা বি.জি. রেল লাইন

৫। লক্ষ্মীকান্তপুর-নামখানা বি.জি. রেল লাইন

এই পাঁচটি প্রকল্প ছাড়া নিউ ময়নাগুড়ি যোগিগোপা প্রকল্পটি অনুমোদন পেয়েছে, কিন্তু রেল কর্তৃপক্ষ জমি চাওয়ার পূর্ববর্তী প্রক্রিয়া এখনও সম্পূর্ণ করেননি।

রেল কর্তৃপক্ষ বাঁকুড়া-দামোদর রেল লাইনের গেজ পরিবর্তনের জন্যও জমি চেয়েছেন। তবে এটি নতুন রেল লাইনের সংজ্ঞার মধ্যে পড়ে না।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রিমহোদয় দয়া করে জানাবেন কি, এরমধ্যে কত জমি রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় রেল দপ্তরকে হস্তান্তর করা হয়েছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** তাহলে তো পাঁচটিকে ধরে ধরে বলতে হয় একলাখি-বালুরঘাটের দৈর্ঘ্য হচ্ছে ৮৭.১৯ কিমি.। এরজন্য জমি দেওয়া হয়েছে ১৫৬৬.৬৭ একর। আর এর মধ্যে তারকেশ্বর-বিষ্ণুপুরের জন্য, হুগলিতে ১৪ কিমি., এবং বাঁকুড়াতে ৩৫ কিমি.। হাওড়া-আমতা বি.জি. লাইনের জন্য ৩৯ কিমি., জমির পরিমাণ ১০৭ একর। আর সাঁতরাগাছি-বড়গাছিয়া, মুন্সীরহাট পর্যন্ত—এর জমিটা অধিগ্রহণ করা হয়েছে। লক্ষ্মীকান্তপুর-নামখানা বি.জি. লাইনের দৈর্ঘ্য ৪৭.৪৮ কিমি., জমি দেওয়া হয়েছে ৭০৭ একর। আর বি.ডি.আর. রেলওয়ে, বাঁকুড়ায় এ পর্যন্ত প্রথম পর্যায়ে ৮.৮৩ একর জমি অধিগ্রহণের প্রস্তাব গেছে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বাকী জমি কবে নাগাদ রেলকে হস্তান্তর করা হবে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** বাকী জমির জন্য আমাদের কিছু জায়গায় সেকশন-৪ এবং সেকশন ৪(সি)-র কাজ হচ্ছে। কিছু ক্ষেত্রে জমি দেওয়ার জন্য কিছু টার্গেট ফিক্সড করেছি। সেই টার্গেটের মধ্যে আমরা বাকী জমিটা দিয়ে দিতে পারব।

[11-50 — 12-00 a.m.]

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনি যেটা বললেন বি.ডি.আর-বাঁকুড়া দামোদর রিভার রেলওয়ে তার নির্দিষ্ট জমি ৯৭ কি.মি. রায়না পর্যন্ত যেটা আছে, আর রায়নগর-চাঁচাই একস্টেনশন এবং বাঁকুড়া টু মুকুটমণিপুর পর্যন্ত কত জমি চাওয়া হয়েছে, কত জমি দেওয়া হয়েছে বলবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** বাঁকুড়া এলাকার রেল লাইনটি বন বিভাগের জমি। সেটা যে পরিমাণে চেয়েছে তা আমরা দেব কিন্তু যেহেতু বন বিভাগের জমি সেই কারণে সম পরিমাণ জমি বন বিভাগকে দিতে হবে। তার মধ্যে খাস জমি ৬২.১৫ একর, রায়ত জমি ৫৭.২৯ একর। সুতরাং মোট ১১৯.৪৪ একর জমি অধিগ্রহণ করে বন দপ্তরকে দিতে হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** এখানে যে টাকা এসেছে সেই টাকার মধ্যে কি চাঁচাইয়ের প্রোপজাল এসেছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** না, চাঁচাইয়ের কোনও প্রোপজাল আসে নি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিষ্ণুপুর-তারকেশ্বরের কোনও প্রোপজাল এসেছে কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের প্রোপজাল আছে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিষ্ণুপুর-তারকেশ্বর সম্পর্কে যদি বলে দেন ভাল হয়।

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** না, ওই দুটোর জন্য কোনও প্রোপজাল আসে নি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** আপনার যে প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের প্রোপজাল বললেন সেটা তাহলে কোনটার জানাবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** বি.ডি.আরের প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের যে প্রোপজাল তাতে ১৮ একর জমি গ্রহণ করা হয় প্রথম পর্যায়ে ২৬.৩.২০০১ সালে। এর মধ্যে ৯.১৩ একর জমি হস্তান্তর করা হয়েছে আর ৪.০৬ একর জমি সেকশন সেভেনের আদেশে দেওয়া হয়েছে।

**শ্রী সুখেন্দু খান ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বাঁকুড়া দামোদর রিভার রেলওয়ে যা একস্টেনশন তারকেশ্বর পর্যন্ত এবং মুকুটমণিপুর পর্যন্ত যেটা আছে তাতে তো জমির অগ্রগতির কাজ ব্যাহত হওয়ার আশঙ্কা আছে বলে মনে হয়?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মুকুটমণিপুরের একস্টেনশন প্রোপজালে নেই।

**শ্রী চৌধুরী মোহন জাটুয়া ঃ** মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, আমাদের দীর্ঘা পর্যন্ত যে রেল লাইন প্রকল্প সেটা কমপ্লিট হয় নি, এর জন্য যে প্রয়োজনীয় জমি যেটা রেল আপনাদের কাছে চেয়েছে বা চেয়েছিল সেটা আপনারা কি দিয়েছেন, না দিলে সেটা কতদিনের মধ্যে দেওয়া সম্ভব হবে জানাবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** দীঘা-তমলুক রেলওয়ে প্রকল্প দীর্ঘদিনের প্রকল্প, এর দৈঘ্য ৮৯.১ কি.মি., এরজন্য জমি লাগবে ১৩১৪.২১৮ একর। এই প্রকল্পটি ১৯৮৩-৮৪ সালে সম্পন্ন হওরার কথা ছিল। ৩০.৪.২০০০ তারিখের মধ্যে জমির হস্তান্তর হয়েছে। মোট প্রদত্ত ক্ষতির পরিমাণ ২১ কোটি ১৭ লক্ষ ৬৮ হাজার ৯৮৭ টাকা। তার মধ্যে ক্ষতি পূরণের কাগজ-পত্র কিছু ঠিক না থাকার জন্য ১ কোটি ৫০ লক্ষ আমরা দিতে পারিনি। আর রেল দপ্তর আমাদের কাছে ২৮ কোটি ১২ লক্ষ ৫৩ হাজার ৫৪০ টাকা দিয়ে রেখেছে, সেটা আমরা দিয়ে দেব।

**শ্রী বিমান চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন, আপনি বলেছেন হাওড়া আমতা লাইন ৩৯ কি.মি. এবং ১০৭ একর যে জমি দেওয়া হয়েছে, এখানে হাওড়া থেকে মহেন্দ্রনগর পর্যন্ত যে স্টেশন হয়েছে, মহেন্দ্রনগরের পর থেকে আমতা পর্যন্ত কতটা জায়গা কতটা রাস্তা এবং কতটা জমি মোট দেওয়া হবে, তা জানালে ভাল হয়?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে বলি, হাওড়া আমতা রেল লাইন প্রকল্পর দৈর্ঘ্য হচ্ছে ৩৯ কি.মি. (১০৭.৮৭২৫ একর)। এই প্রকল্পটি '৭৪-'৭৫ সালে অনুমোদিত। সাঁতরাগাছি থেকে বড়গাছিয়া পর্যন্ত '৮৪ সালে হয়েছিল, মার্চ ২০০১ এ মুন্সীরহাট পর্যন্ত ৩২ কি.মি. (৫৩৯.৮৬ একর) জায়গা অধিগ্রহণ হয়েছে। চুক্তি অনুসারে এই প্রকল্পে জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণ ভারতীয় রেল দেয়না। এই খরচ রাজ্য সরকারকে বহন করতে হয়। আমাদের পি. ই. ডিপার্টেমেন্টকে ক্ষতিপূরণের টাকা দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। মুন্সীরহাট পর্যন্ত ৫৩৯.৮৬ একর, মুন্সীরহাট এর পরে ২৩৭.১২ একর, জগৎবল্লভপুর থানা এবং বাকি জমি আমতা থানা নিয়ে পি. ই. ডিপার্টমেন্ট-এর কাছ থেকে টাকা চেয়েছে। এ যাবৎ মোট ২.৩৯ কোটি টাকা দিয়েছে আরো ১ কোটি ২১ লক্ষ টাকা দেওয়ার কথা জগৎবল্লভপুর পর্যন্ত। আমতার জন্য প্রয়োজনীয় টাকা পরে দেওয়া হবে।

**রাজ্যে বাগদা চিংড়ি চাষ**

***১৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৪) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সরকারি, বেসরকারি বা সমবায় ভিত্তিতে কত পরিমাণ এলাকাতে বাগদা চিংড়ি চাষ হচ্ছে; এবং

(খ) বিগত আর্থিক বছরে কী পরিমাণ বাগদা চিংড়ি বিদেশে রপ্তানি হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) মোট ৪২,৭৫০.০০ হেক্টর পরিমাণ এলাকায় বাগদা চিংড়ি চাষ হচ্ছে।

(খ) বিগত আর্থিক বছরে মোট ২২০০৪ মেট্রিক টন বাগদা চিংড়ি বিদেশে রপ্তানি হয়েছিল।

**শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বাগদা চিংড়ি রপ্তানি বাবদ এই পর্যন্ত রাজ্য সরকারের কত টাকা আয় হয়েছে, দয়া করে কি জানাবেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এখানে রাজ্য সরকারের আয় হয়নি। কেন্দ্রীয় সরকারের আয় হয়েছে ৫৯০ কোটি টাকা বিদেশিমুদ্রা।

**শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বাগদা চিংড়ি চাযের জন্য বিশ্বব্যাঙ্ক থেকে কোনও ঋণ নিয়েছেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** বাগদা চিংড়ি চাযের জন্য সেইভাবে ঋণ নেওয়া হয়নি। তবে ৪টি প্রকল্প বিশ্বব্যাঙ্কের সহায়তায় গড়ে উঠেছে। একটা ক্যানিং-এ, দীঘিরপার, দক্ষিণ ২৪ পরগণায় মেদিনীপুরের দাদনপাত্র ও দীঘাতে।

**শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** এ পর্যন্ত কত টাকা নেওয়া হয়েছে, পরিমাণটা কত জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এর মধ্যে অনেকগুলি প্রকল্প আছে। চাষ হচ্ছে, আমার যতটুকু স্মরণ আছে, আমার কাছে এখনি নেই, তথ্য নেই, তবে ৩৭ থেকে ৪০ কোটি টাকা।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার বিনীত প্রশ্ন, এখন কলকাতায় যেটা চালু আছে, চিংড়ি মাছ বাইরে যা রপ্তানি করা হয় আগে ইউরোপ কান্ট্রিতে হোত, এখন তারা নিচ্ছে না এখন বিক্রি করতে হচ্ছে জাপানে, জাপান থেকে ইউরোপের বিভিন্ন জায়গায় যাচ্ছে। যার ফলে আমাদের ব্যবসার ক্ষতি হচ্ছে। এই ব্যাপারে মন্ত্রীর কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** হ্যাঁ, আমি বিষয়টার সম্বন্ধে অবগত আছি। কেননা সম্পূর্ণ বেসরকারি উদ্যোগে এই রপ্তানিটা হয়। কিছু কিছু অভিযোগ পাওয়া গেছে রপ্তানিজাত দ্রব্যের কোয়ালিটির গুণগত মান বহু জায়গায় ঠিকমতো রাখা হচ্ছে না। ইতিমধ্যে আমি সমস্ত এক্সপোর্ট হাউসকে নির্দেশ দিয়েছি কোনও জায়গায় যদি গুণগত মানের তারতম্য ঘটে, আন্তর্জার্তিক বাজারের সঙ্গে প্রতিযোগিতা করতে হচ্ছে তার এর সঙ্গে মৎস্য চাষও যুক্ত আছে তাহলে সেই প্রসেসিং প্লান্ট-এর বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। এবং আমরা গোটা ভারতবর্ষের মধ্যে প্রথম আধুনিক পর্যায়ে একটা ইনডাস্ট্রিয়াল জোন গড়ে তুলছি—এটা আগেই আমি বিধানসভায় প্রশ্নে বলেছি, এই বছরে সেই কাজ আমরা শুধু করব এবং তিন বছরের মধ্যে শেষ করব ১৬ কোটি টাকা ইতিমধ্যে এর জন্য মঞ্জুর হয়েছে এবং তাতে করে ১০টি প্রসেসিং ইউনিট সেখানে তৈরি হবে যাতে আন্তর্জাতিক মান নির্ণয়ের ক্ষেত্রে তারা প্রতিযোগিতায় দাঁড়াতে পারে।

**মিঃ স্পিকার ঃ** মিঃ তপন হোড় ইউ কনডাকটিং দিস ওয়ে ইজ নট প্রপার, এটা করবেন না। ডোন্ট ডু ইট ফিউচার। আমি আর বেশি ইলাবোরেট করছি না। আপনি যা করতে পারবেন, ওরাও ঐটা করতে পারবে। উভয়পক্ষেই ঐটা চলবে। এটা ঠিক নয়। উভয় পক্ষকে আমি আবেদন করব সভ্যতার সঙ্গে আচরণ করুন। উভয়পক্ষকে অ্যাপিল করব—এটা পার্লামেন্ট, এটা সংসদ।

## STARRED QUESTION

### (to which answer was laid on the Table)

### পশ্চিমবঙ্গ সমবায় বিধি পরিবর্তন

***১৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১২৪) **শ্রী জ্যোতির্ময় কর ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সমবায় বিধি এবং উপবিধির আমূল পরিবর্তনের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিবর্তনের কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ, বিবেচনাধীন আছে।

(খ) এই আর্থিক বৎসরের মধ্যে উক্ত পরিবর্তন সংশোধন এর কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়।

*** Questions No. 175 and 180 Held over.**

[12-00 — 12-10 p.m.]

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 5th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the Fifth Report of the Business Advisory Committee. The Committee met in my chamber and recommended the following Programme of Business from the 10th July to the 17th July, 2001.

| | | | | |
|---|---|---|---|---|
| 10.7.2001, Tuesday : | (i) | Demand No. 47 | Agriculture | |
| | (ii) | Demand No. 48 | Agricultural | .. 3 hours |
| | (iii) | Demand No. 55 | Marketing | |
| | (iv) | Demand No. 58 | Department | |
| | (v) | Demand No. 56 | Food Processing & Horticulture Deptt. | .. 1 hour |
| 11.7.2001, Wednesday : | (i) | Demand No. 73 | Cottage & Small Scale Inds. Deptt. | .. 2 hours |
| | (ii) | Demand No. 4 | Judicial Department | .. 1 hour |

| | | | | |
|---|---|---|---|---|
| | (iii) | Demand No. 40 | Refugee Relief & Rehabilitation Deptt. | .. 1 hour |
| 12.7.2001, Thursday : | (i) | Demand No. 45 | Information Technology Department | 2 hours |
| | (ii) | Demand No. 38 | Information & Cultural Affairs Department | 2 hours |
| 13.7.2001, Friday : | (i) | The WAKF (West Bengal Second Amendment) Bill, 2001 (Introduction, Consideration & Passing) | | .. 1 hour |
| | (ii) | Demand No. 36 | Housing Department | 1 hour |
| | (iii) | Demand No. 35 | Public Health Engineering Department | 1 hour |
| | (iv) | Demand No. 44 | Relief Department | 1 hour |
| 16.7.2001, Monday : | (i) | Demand No. 12 | Transport Department | 2 hours |
| | (ii) | Demand No. 77 | | |
| | (iii) | Demand No. 78 | | |
| | (iv) | Demand No. 80 | | |
| | (v) | Demand No. 81 | | |
| | (vi) | Demand No. 66 | Irrigation & Waterways Deptt. | .. 2 hours |
| | (vii) | Demand No. 68 | | |
| 17.7.2001, Tuesday : | (i) | Demand No. 57 | Co-operation Deptt. | .. 2 hours |
| | (ii) | Demand No. 49 | Animal Resources Development Deptt. | .. 1 hour |
| | (iii) | Demand No. 50 | | |
| | (iv) | Demand No. 84 | Tourism Department | 1 hour |

Now Minister-in-charge of the Parliamentary Affairs may move the motion for acceptance of the House.

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির পঞ্চম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপিত করছি।

The motion was then put and agreed to.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion. The first one is from Shri Asish Banerjee on the subject of problem of admission in Higher Secondary Course. The second one is from Smt. Sonali Guha and Shri Kashi Nath Mishra on the subject of celebration of birthday of Shymaprasad Mukherjee by the State Government and the third one is from Shri Sisir Adhikari and Smt. Ratna Dey on the subject of absconding of an anti-social from the police custody in North 24-Parganas on 4.7.2001.

On the subject matter of the first motion a notice of Adjournment Motion was received by me on 21.6.2001, consent to which was withheld by me. Another notice on the same subject was received on 26.6.2001 and was rejected by me. The present notice is also thus out of order and I reject it.

The subject matter of the second Motion is not such that may call for adjournment of the business of the House. The subject matter of the third Motion relates to day to day administration of the Government and does not call for adjournment of the business of the House. Moreover, the members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grants of the concerned Departments which is now going on. The members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Question, Mention etc. I, therefore, withheld my consent to both the Motions.

One member of the party. may, however, read the text of the motion as amended.

**শ্রীমতী সোনালী গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতবী রাখছে। বিষয়টি হ'ল—

'২৪ বছরের ইতিহাসে এই প্রথম শ্যামাপ্রসাদ-এর জন্মদিন ৬ই জুলাই, বামফ্রন্ট সরকার-এর পক্ষে রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা জানাবেন। এতদিন রাজ্য সরকারি অফিসাররা সাত সকালে চুপি চুপি মালা দান করতেন। শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মশতবর্ষ পূর্তি উপলক্ষে সরকারের মুখপত্র 'পশ্চিমবঙ্গ'-এর বিশেষ সংখ্যা বার করা হবে। এই উপলক্ষ্যে ৩০শে জুলাই রাজ্য সরকারের গণ মাধ্যম কেন্দ্রের উদ্যোগে বাংলা একাডেমিতে শ্যামাপ্রসাদ মুখার্জির কর্ম ও জীবন নিয়ে আলোচনা চক্রের আয়োজন করা হয়েছে এবং হীরেন মুখোপাধ্যায় ও প্রতাপ চন্দ্র চন্দ বক্তব্য রাখবেন।' ধন্যবাদ।

**মিঃ স্পিকার ঃ** না করলেও আপনাদের আপত্তি, করলেও আপত্তি। আপনাদের অবস্থা হচ্ছে কি কন্যা সন্তান হলেও কান্না, খোকা সন্তান হলেও কান্না। আপনাদের কিসে আনন্দ জানি না।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received six notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | | Name |
|---|---|---|
| i) Alleged irregularities at Rampurhat Sub-Divisional Hospital | : | Dr. Ashish Banerjee |
| ii) Scarcity of drinking water at Hirapur | : | Shri Molay Ghatak |
| iii) Reported escape of one | : | Shri Kashinath Misra and |

| | |
|---|---|
| Madan Adhikari, prisoner from police custody on 2.7.2001 at Barasat Court. | : Shri Sobhandeb Chattopadhyay |
| iv) Alleged deplorable condition of Chandigarh Special Cadre Primary School at Gaighata | : Shri Jyotipriya Mallick |
| v) Reported misappropriation of crores of rupees at Calcutta Municipal Corporation | : Shri Nirmal Das |
| vi) Repairing of galleries of three football grounds at Kolkata Maidan | : Shri Tapan Hore |

I have selected the notice of Shri Nirmal Das on the subject of Reported misappropriation of crores of rupees at Kolkata Municipal Corporation.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 12th of July'01.

## LAYING OF REPORTS

### Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Ltd. for the year 1999-2000.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Ltd. for the year 1999-2000.

**Annual Reports of the Webel Electronics Communications Systems Ltd. for the years 1996-97, 1997-98 & 1998-99.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Annual Reports of the Webel Electronics Communication Systems Ltd. for the years 1996-97, 1997-98 and 1998-99.

**Report & Annual Accounts of the West Bengal Informatics Ltd. for the years 1996-97, 1997-98 and 1998-99.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Report and Annual Accounts of the Webel Informatics Ltd. for the years 1996-97, 1997-98 and 1998-99.

**Mr. Speaker :** Now, Mention Cases. Today, being the Friday, the House will adjourn at 12.15 p.m. So as many mentions can be taken up will be taken. Please be very short as not more than half a minute can be allowed.

## MENTION CASES

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য ও সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা ইছামতি এবং যমুনা নদীর খালগুলো সংস্কারের কাজ সম্পূর্ণ ভাবে করেছেন বলে মনে করছেন, কিন্তু সেই কোটি কোটি টাকাতে পানা তোলা ছাড়া কিছু হয়নি। ইছামতির সারাউন্ডিং বেল্টে ১৩টি এবং যমুনার সারাউন্ডিং বেল্টে ১০টি ইঁটভাটা এবং ভেড়ি আছে, লেফট ফ্রন্টের তাবড় তাবড় নেতারা যেগুলো চালাচ্ছে। সেইগুলো অবিলম্বে বন্ধ করার দাবি জানাচ্ছি।

**শ্রী মানিকলাল আচার্য্য ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। টিসকো-রামনগর কোলিয়ারি ৫ নং প্রায় ১৭৯টি পরিবার থাকে, আর তার ৫০ ফিট দূরেই ব্লাস্টিং হচ্ছে, তার ফলে কয়লা, পাথরের চাঁই তাদের ঘরে এসে পড়ছে। কয়েকদিন আগে একটা ছাগল মারা গেছে। যে কোনও সময় মানুষও মারা যেতে পারে। ডি. জি.

এম.-কেও বলা হয়েছে—হয় ব্লাস্টিং বন্ধ করা হোক, নাহলে সেখানকার মানুষদের অন্যত্র সরিয়ে নেওয়া হোক। কিন্তু কিছুই হয়নি। অবিলম্বে ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।

**শ্রী যোগরঞ্জন হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুলপী বিধানসভা কেন্দ্রের মধ্যে বেলপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৬টি নন-ডায়েট বেড অনুমোদিত আছে এবং একজন চিকিৎসক আছেন। কিন্তু তিনি আসেন না, সপ্তাহে তিনদিন আসেন, সেখানে থাকেনও না। যাতে ঐ ডাক্তারবাবু সেখানে থাকেন এবং মানুষ পরিসেবা পায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী নৃপেন্দ্রনাথ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ-বাংলাদেশ সীমান্ত এলাকায় ২২০০ কিলোমিটারে কেন্দ্রীয় সরকার কাঁটা তারের বেড়া দিয়েছে এবং রাস্তা হয়েছে। যতটা বেড়া দেওয়ার কথা ছিল, ততটা হয়নি, কোথাও ৫০০, কোথাও ৭০০, কোথাও ৮০০ মিটার দেওয়া হয়েছে। এবং ৩ লক্ষ হেক্টর কৃষি জমি বাংলাদেশের মধ্যে ঢুকে গেছে। বি. এস. এফ. সহযোগিতা ঠিকমতো না করার জন্য চাষবাস করতে অসুবিধা হচ্ছে। সেখানে স্কুলও পড়ে গেছে, ছাত্রদের পড়াশোনা করতেও অসুবিধা হচ্ছে। কেন্দ্রীয় সরকার যাতে সীমান্ত এলাকার জনসাধারণের স্বার্থে, কৃষকদের স্বার্থে চাষবাসের সুযোগ করে দেয় এবং পড়াশোনারও সুযোগ করে দেয় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**ডঃ আশিষ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার রামপুরহাট বিধানসভা এলাকার বলরামপুর, রানিপুর, বাতিরাখা, ধল্লা ইত্যাদি গ্রামগুলির মানুষ এখন বন্যার আশংকায় ভুগছেন। আগে আমরা শুনতাম যে আল্লা মেঘ দে পানী দে বলে জলের জন্য চিৎকার করত। এখন মানুষ এটা ভাবছে যে, কেমন করে ধান চাষ হবে। আবার বন্যা হবে কিনা। তাই আমি বাঁধ সংস্কারের দাবি জানাচ্ছি এবং বন্যার জল জমিতে উঠে এসেছে এবং এরফলে জমিতে বালি পড়ে আছে। ফলে চাষ নষ্ট হয়ে গেছে। এই সমস্ত গ্রামগুলির রাস্তাঘাটও বন্যার কারণে নষ্ট হয়ে গেছে। তাই রাস্তাঘাট নির্মাণের জন্য দাবি জানাচ্ছি।

[12-10 — 1-30 p.m. including House adjourned]

**শ্রী বিজয় বাগদী ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার রায়নগরে কোনও কলেজ নেই। সেখানে উচ্চ মাধ্যমিক পাশ করার পরে ছেলেদের অনেক দূরে যেতে হয়। তারা রায়নগরে বাস ধরে অনেক দূরে-দূরান্তরে কলেজে যায়। তাই ছেলেদের অনেক অসুবিধা হয়। তাই রায়নগরে কলেজ স্থাপনের জন্য আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মলয় ঘটক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার হীরাপুর বিধানসভা কেন্দ্রে দুটো স্বাস্থ্য কেন্দ্র একটা ডিহিকা এবং কালাঝরিয়া। এটা কংগ্রেস আমলে হয়েছিল। কিন্তু এই স্বাস্থ্যকেন্দ্র এখন ডাক্তারবিহীন, সেখানে ডাক্তার যাচ্ছে না। ডাক্তারের অভাবে চিকিৎসা হচ্ছে না। এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যেন দৃষ্টি দেন।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতবার বিধ্বংসী বন্যায় পানিঘাটা দহ এলাকায় রায়পুর, মীর্জাপুর, শাজপুর, পানিঘাটা এবং পাগলার গ্রামের রাস্তাঘাট একেবারে নষ্ট হয়ে গেছে। এবারে ধানচাযের জামিতে বালি ভর্তি হয়ে গেছে। ওই বালি লিফটিং করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক এবং মাস্টার প্ল্যান তৈরি করে রাস্তাঘাট যেন অবিলম্বে সারানো হয়।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া মিউনিসিপ্যালিটি একেবারে অচল হয়ে গেছে। সেখানে বর্তমানে যে অবস্থার সৃষ্টি হয়েছে, সেটা হচ্ছে মাসে স্টাফেরা বেতন পায় না। ওখানে ৯০০-র উপর স্টাফ আছে। ৯৬ সালে ক্যাজুয়ালে ৩৫০ জন বামফ্রন্ট সরকার থেকে নেওয়া হয়েছিল। কিন্তু আজকে দেখা যাচ্ছে ডি. এল. ভি. ১১১ জনের নাম বাদ দিয়েছে। বেতন দিচ্ছে না। ১৭ লক্ষ টাকা বাকী আছে। ১ কোটি টাকা রাজ্য সরকারের কাছ থেকে পাওনা আছে, সেটা দিলে বেতন দেওয়া সম্ভব হবে।

**শ্রী আবুল হাসনাত ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গীপুর বিধানসভা কেন্দ্রের রামপুর, নতুন গঞ্জঘাট, তেঘরি, বিসিয়াডাঙ্গা, লক্ষী জলার রাস্তাঘাট যেন পাকা করা হয়। তাহলে ওই অঞ্চলের মানুষ খুবই উপকৃত হবে।

**শ্রী আবদুল মান্নান ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ডব্লু বি এস টি সি হাওড়া থেকে চাঁদপাল ঘাট লঞ্চ সার্ভিস চালাচ্ছে। গত সোমবার থেকে তারা ১০ মিনিটের জায়গায় ৩০ মিনিট পরপর লঞ্চ ছাড়ছে। অফিস যাত্রীদের যাতায়াত করতে অসুবিধা হচ্ছে। এমন কি অ্যাসেম্বলিরও অনেক স্টাফ এই লঞ্চে যাতায়াত করে। তাদের অসুবিধা যাতে না হয়, তারজন্য পূর্বে যেমন অবস্থায় ছিল, তেমনই অবস্থা যাতে চালু হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সামসুল-ইসলাম-মোল্লা ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার চ'পড়ার বেতাইয়াতে হঠাৎ কল সেন্টার তুলে নেওয়া হয়েছে। এর ফলে হাজার বিদ্যুৎ গ্রাহকদের প্রচন্ড অসুবিধা হচ্ছে। এই কল সেন্টার পুনরায় চালু করার জন্য আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যামে আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত নির্বাচনে রবীন্দ্রনাথ দাস ওরফে তপীকে পুলিশ এর এস. ই, ও. সি এবং কনস্টেবল মিলে মেরে ওখানকার সুভাষ সরোবরে তাকে ফেলে মারে এবং ডুবে গিয়ে সে মারা যায়। মারা যাওরার পর হাইকোর্টে কেস হয়। কেসে অর্ডার করা হয় এস. ই, ও. সি, কনস্টেবলকে গ্রেপ্তার করার জন্য কিন্তু এখন পর্যন্ত কোনও গ্রেপ্তার করা হয় নি। পুলিশমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে যেন তাদের গ্রেপ্তার করা হয়।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

(After Recess)

[1-30 — 1-40 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96, 97, 74, 92

**Mr. Speaker :** There are 10 cut motions on Demand No. 24, 3 cut motions on Demand No. 53, 14 cut motions on Demand No. 75, 1 cut motion on Demand No. 76, 3 cut motions on Demand No. 87, 4 cut motions on Demand No. 93, 13 cut motions on Demand No. 74, 2 cut motions on Demand No. 92. All the cut motions are in order and there are no cut motion on Demand No. 94, 95, 96 & 97.

**Demand No. 24**

| | |
|---|---|
| Shri Ashok Kumar Deb<br>Shri Saugata Roy<br>Shri Kamal Mukherjee<br>Shri Kashinath Misra<br>Shri Pankaj Banerjee<br>Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 53**

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee<br>Shri Manturam Pakhira<br>Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 75**

| | |
|---|---|
| Shri Subrata Bakshi<br>Shri Subrata Mukherjee<br>Shri Nirmal Ghosh<br>Shri Dipak Kumar Ghosh | Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/- |
| Shri Tamonash Ghosh<br>Shrimati Manju Basu<br>Shri Ashok Kumar Deb<br>Shri Deba Prasad Sarkar<br>Dr. Asish Banerjee<br>Shri Choudhury Mohan Jatua<br>Shri Abdul Mannan<br>Shri Subrata Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 76**

| | |
|---|---|
| Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 87**

| | |
|---|---|
| Shri Ashoke Kumar Deb<br>Shri Saugata Roy | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 93**

| | |
|---|---|
| Shri Subrata Mukherjee<br>Shri Ashok Kumar Deb<br>Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 74**

| | |
|---|---|
| Shri Kashinath Misra | Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/- |
| Shri Ashoke Kumar Deb<br>Shri Saugata Roy<br>Dr. Asish Banerjee<br>Shri Mostaque Alam<br>Shri Abu Taher Khan<br>Shri Kashinath Misra<br>Shri Tamonash Ghosh<br>Shri Joytipriya Mallick<br>Shri Abdul Mannan<br>Shri Molay Ghatak<br>Shri Partha Chatterjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 92**

| | |
|---|---|
| Shri Ashoke Kumar Deb<br>Shri Tamonash Ghosh | Sir. I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**শ্রী পার্থ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সরকারের আনা মাননীয় মন্ত্রী শ্রী নিরুপম সেন শিল্প-বাণিজ্য দপ্তরের যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশন কে সমর্থন করে আমি দু-চার কথা বলতে চাই। প্রথমেই আমি আপনাদের দৃষ্টি আকর্ষন করছি পশ্চিমবঙ্গের শিল্পের হার এই রকম হবে না কেন, যেখানে ২৯৪ জন বিধায়কের মধ্যে এখন কত জনই বা এই হাউসে উপস্থিত আছেন? মন্ত্রীরা যাঁরা উন্নত মানের সরকার করবেন বলছেন তাঁরাইবা কোথায়?

আপনারা ছিলেন থাকবেন। কিন্তু পশ্চিমবাংলাটা কোথায় যাচ্ছে? একবারও কি দয়া করে ভাববেন? আমি দেখলাম, একটা ভালো বিজ্ঞাপন—চেঁচান তাতে আপত্তি নেই, কিন্তু ধৈর্য ধরে শুনে চেঁচান। একটা ভালো বিজ্ঞাপনের জোরে একটা ভালো উৎপাদিত বস্তু বাজারে চলতে পারে, তার গ্রহণীয়তা আসতে পারে। কিন্তু তার টিকে থাকাটা নির্ভর করে তার গুণমানের উপর, তার ব্যবহার্যতার উপর। আজ আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী হয়তো একটা ভালো বিজ্ঞাপনের জোরে একটা নড়বড়ে বাড়ি রং-চং করে, আপনাদের সামনে শিল্প বা অর্থনীতির কথা যেটা বলতে চেয়েছেন তা যে কতটা অসাড় সে কথা আমি আজকে আপনাদের সামনে তুলে ধরতে চাই। আমি এটা বিজ্ঞাপণ দেখছিলাম ভালো লাগছিল। এটা বিজ্ঞাপণেরই যুগ। আমাদের সরকার থেকে বিজ্ঞাপণ গেছে। আসতে আসতে দেখছিলাম পশ্চিমবঙ্গ সরকার নতুন করে হোর্ডিং লিখেছেন—'দুর্নীতিমুক্ত, গতিশীল, দায়বদ্ধ, সংবেদনশীল প্রশাসন চাই'। আমার ভাবতে অবাক লাগে, ২৪ বছর ধরেও কি আপনারা এই কটা জিনিস বুঝতে পারেন নি। কোথায় আপনাদের দায়বদ্ধতা? কোথায় আপনাদের দুর্নীতি মুক্ততা, কোথায় আপনারা সংবেদনশীল? কাকে সঙ্গে নিয়েছেন, কাকে সঙ্গে পেয়েছেন? কোথায় নিয়ে গেছেন এই পশ্চিমবাংলাকে? আমি আপনার মাধ্যমে স্যার বিভিন্ন সময়ে যে বাজেট বিবৃতি কখনও মাননীয় শিল্পমন্ত্রী, কখনও মাননীয় মুখ্যমন্ত্রী, কখনও মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন এবং তার মধ্যে দিয়ে যে সমস্ত তথ্য মাননীয় বিধায়কদের দিয়েছেন, এই সভাকে জানিয়েছেন তার থেকে দু'একটা উল্লেখ

না করে পারছিনা। স্যার, শিল্পোৎপাদনের বার্ষিক হার নিয়ে ১৯৯৬-৯৭ সালের ২১-শ জুন এবং ১৯৯৭-৯৮ সালের ১৭ই মার্চ দুটো বাজেট বিবৃতিতে এনারা জানালেন আমাদেরকে যে ১৯৯৩-৯৪ সালে আমাদের শিল্পোৎপাদনের বার্ষিক হার ছিল ২.৯। আবার ১৯৯৭-৯৮ সালে আবার জানালেন, ঐ সময়ে শিল্পোৎপাদনের বার্ষিক হার ছিল ২.৮। ১৯৯৪-৯৫-এর ক্ষেত্রে বাজেট বিবৃতি ১৯৯৬-৯৭-এ বললেন ৫.৯। আবার, ১৯৯৭-৯৮ সালে ঐ সময়ে, অর্থাৎ ১৯৯৪-৯৫-এর বললেন ৬.৯। ১৯৯৫-৯৬-এ শিল্পোৎপাদনের বার্ষিক হার দিলেন ৮.৩। আর, ১৯৯৭-৯৮-এর বাজেট বিবৃতিতে বললেন ১৯৯৫-৯৬ সালের শিল্পোৎপাদনের হার ১০.৮। স্যার, আমরা একটু অবাক হয়ে ভাবছি যে, ১৯৯৬ সালের বাজেট বিবৃতিতে সরকার জানালেন যে, ১৯৬৫ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত—এই ৩০ বছরে শিল্পোৎপাদনের বার্ষিক হার ১৯৯৫-৯৬-এ ৮.৩ শতাংশ, যা সবচেয়ে উঁচুতে। এবং আপনারা আশা করলেন এবং আমরাও আশাবাদী হলাম যে আগামী বছর ১০ শতাংশ অতিক্রম করে যাবে। পেজ ১০, সিরিয়াল নম্বর ৩.৮ বাজেট বিবৃতি ১৯৯৬-৯৭ এই কথাগুলো বলেছেন। অথচ সেই সরকার ১৯৯৭-৯৮-এ বাজেট বিবৃতি বললেন ১৯৯৫-৯৬-এ, ঐ সালে, ঐ সময়ে শিল্পের বার্ষিক উৎপাদন ১০.৮। আপনারাই বলুন, সরকারই জানাক, আমরা কোনটা গ্রহণ করব?

দ্বিতীয় বিষয় হচ্ছে, আপনারা ঘটা করে বিনিয়োগের কথা, প্রকল্প রূপায়ণের কথা বলছেন। আমি বলব এর দুর্দশার কথা।

[1-40 — 1-50 p.m.]

স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই, ইনডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্টের সম্পর্কে বাজেট বিবৃতিতে ১৯৯৬-৯৭তে টোটাল ইনডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল কত বলা হয়েছে? ১৯৯১ সাল থেকে ধরে ৩৮৭। আবার ১৯৯১-৯৬ পর্যন্ত বেস ইয়ার ধরে—১৯৯৭-৯৮ এর বাজেট বিবৃতিতে টোটাল ইনডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল ১৪০৬। মাননীয় রাজ্যপাল মহাশয়ের বিবৃতিতে জানলাম ১৯৯১ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত এই টাইমের মধ্যে ইনডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল হয়েছে ২৫০১। কোনটাকে নেব? আজকে মাননীয় শিল্পমন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে বলেছেন ইনডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল হয়েছে ২৫৪৩। আমি একটি তথ্য দিচ্ছি। মাননীয় কাশেমবাবু, আপনি অনেক তথ্য দেন, এবার আমি বলছি সেটা শুনুন—১৯৯৬-৯৭ এ টোটাল ইনডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল ৩৮৭টি, ইনভেস্টমেন্ট হয়েছে ১০ হাজার ২৬২ কোটি টাকা, ঐ সময় প্রোজেক্ট

কমপ্লিট হয়েছে ৮০টি এবং এই ৮০টি প্রকল্পে বিনিয়োগ হয়েছে ২,২৪০ কোটি টাকা। ১৯৯৬-৯৭তে নিরুপম সেন ছিলেন না, তখন যিনি ছিলেন তিনি জানাতে পারলেন না যে, কর্মসংস্থান কতটা হয়েছে। ১৯৯১-৯৬ পর্যন্ত বেস ইয়ার ধরে জানানো হয়েছে যে ১৯৯৭-৯৮তে টোটাল ইনডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল হয়েছে ১৪০৬টি, আর ইনভেস্টমেন্ট হয়েছে ৩১ হাজার ৫২৭ কোটি টাকা, ঐ সময় প্রকল্প রূপায়িত হয়েছে ২১৪টি, ঐ রূপায়িত প্রোজেক্টে ইনভেস্টমেন্ট হয়েছে ৬ হাজার ৭২৮ কোটি টাকা এবং এমপ্লয়মেন্ট জেনারেটেড হয়েছে ১৯ হাজার ৯৪৩। এবং মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়ে গেছেন তাতে উনি জানিয়েছেন টোটাল ইনডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল হয়েছে ২৫০১, টোটাল ইনভেস্টমেন্ট হয়েছে ৫৪ হাজার ৯৯৭ কোটি টাকা এবং রূপায়িত প্রজেক্ট ৪৬৮, এই রূপায়িত প্রোজেক্টে বিনিয়োগ হয়েছে ১৭ হাজার ৮৩২ কোটি টাকা। মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় এক প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, এখানে কর্ম সংস্থানের সুযোগ ছিল ৪ লক্ষ ৬২ হাজার ৫৩৯ এর মতো। আমরা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনার কাছে জানাতে চাই যে, মাননীয় মুখ্যমন্ত্রী বেঙ্গল চেম্বার অব কমার্সের একটা মিটিং-এ বলেছিলেন, নভেম্বর ২০০০ সাল পর্যন্ত প্রোজেক্ট অনুমোদিত হয়েছে ২ হাজার ৩৫৪, ইনভেস্টমেন্ট হয়েছে ৫৪ হাজার ৪০৬ কোটি টাকা। আপনি পি. সি. সরকারকেও বোধহয় হারিয়ে দিয়েছেন। আর ডিসেম্বর ২০০০ সাল—এই এক মাসে সেটা বৃদ্ধি করে করলেন ২৩৫৪ থেকে ২৫০১। অর্থাৎ একমাসে তা বেড়ে দাঁড়াল ১৪৭টি প্রকল্প, তার ইনভেস্টমেন্ট হল ৫ হাজার ৫৯১ কোটি টাকা।

ভাবতে খুব অবাক লাগছে, এরকম যদি হয় তাহলে আমি আমার কলিগদের বলব বাহবা দেওয়া উচিত। কিন্তু প্রকৃতই তা নয়। আরেকটা তথ্য হল, সেক্রেটারিয়েট অব ইন্ডাস্ট্রিয়াল অ্যাসিস্ট্যান্স, গভর্নমেন্ট অব ইন্ডিয়া তাঁরা বাজেট সম্পর্কে কি বলেছেন? তাঁরা বলেছেন—অনুমোদিত প্রকল্প ১৭৮০ এবং তার মধ্যে আপনার প্রোজেক্ট ইনভেস্টমেন্ট ২৭ হাজার ৯৬৮ কোটি টাকা, প্রোপোজড এমপ্লয়মেন্ট ২ লক্ষ ৭৫ হাজার ৫০৮, লেটার অব ইনটেন্ড ৮২টি। প্রোপোজড ইনভেস্টমেন্ট বা লেটার অব ইনটেন্ট পেয়েছেন ৩,৯৫৬ কোটি টাকার। আর প্রোপোজড এমপ্লয়মেন্ট ১০৮৬৫২টি। কোন তথ্যের ভিত্তিতে এটা বলা হচ্ছে? কোন ইনভেস্টররা আপনাদের কাছে আসছেন? যেখানে অঙ্কে এত গরমিল সেখানে আপনারা বিরোধীদের বলছেন,—তোমরা সাহায্য করতে এগিয়ে এসো, আমরা একটা নতুন বাংলা তৈরি করব। আসলে আপনারা প্রোমোটর রাজ তৈরি করতে, তোলাবাজী করতে অঙ্কে

কিছু গোজামিল দিয়ে এই বাজেট প্রস্তাব এখানে পেশ করেছেন। জেওফ্রিমাস বলেছিলেন "To keep your tongue at one with your heart to speak the truth." পশ্চিমবাংলা সরকার যা করতে চাইছেন তা তাঁরা অন্তরের সঙ্গে বলুন, জিব দিয়ে কথা বলবেন না। আপনারা শিল্পনীতির কথা বলছেন। কেন্দ্রীয় সরকার ১৯৯১ সালে তাঁদের শিল্পনীতি ঘোষণা করেছিলেন। আর আমাদের রাজ্য সরকার তাঁর ঘোযিত নতুন শিল্পনীতি ঘোষণা করলেন ১৯৯৪ সালে। মাঝের তিন বছর কখনো সরকারি দলের ট্রেড ইউনিয়নের বাধায়, কখনো তাঁদের নিজেদের অন্তর্দ্বন্দ্বের জন্য, কখনো চিন্তা-ভাবনার দ্বিচারিতার জন্য, কখনও সম্পূর্ণ বেসরকারিকরণ, না যৌথ উদ্যোগ, আবার কখনো শ্রমিকদের কিভাবে বাঁচাবেন, কখনো মালিকদের কিভাবে দেখবেন ইত্যাদি করে করে কাটিয়ে দিলেন। শেষে ১৯৯৪ সালে নতুন শিল্পনীতি ঘোষিত হ'ল। আর ঐ তিন বছরের মধ্যে অন্ধ্রপ্রদেশ এগিয়ে গেল, ঐ সময়ে কর্ণাটক এগিয়ে গেল, গুজরাট এগিয়ে গেল, মহারাষ্ট্র ঐ সময়ে এগিয়ে গেল, হরিয়ানা এগিয়ে গেল, পাঞ্জাব এগিয়ে গেল। আর বাংলার কেশরীদের শুধুই কেশর গর্জন। আমাদের নেতা পঙ্কজ ব্যানার্জি বলেছেন বর্তমান বাংলার ইতিহাস শুধুই পিছিয়ে পড়ার ইতিহাস। আমরা আর কবে এগোব, কবে বড় হব? আমরা এল. পি. জি. নিয়ে মাঝে মাঝেই আন্দোলন করি। কিন্তু আর একটা এল. পি. জি.-র জন্য আন্দোলন করি না। আমরা সে আন্দোলনের জন্য প্রস্তুত নই। সেটা হচ্ছে লিবারেলাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবালাইজেশন। প্রথম অবস্থায় নানান বাধা-বিপত্তিতে এই সরকার তা গ্রহণ করতে পারেনি। আজ নিখিলবাবু এখানে থাকলে ভাল হ'ত। সেদিন উনি খুব কাব্যময় বক্তৃতা দিলেন। বেসরকারিকরণের একদম বিরোধিতা করে বললেন,—বেসরকারিকরণ হলে রক্ত গঙ্গা বয়ে যাবে। অথচ ওঁর পার্টির ম্যানিফেস্টোটা পড়লে আমরা কি দেখতে পাই? আমি ওঁকে ওঁর পার্টির সিপিএম পার্টির ম্যানিফেস্টোটা একটু পড়ে দেখতে অনুরোধ করছি। লাভজনক হচ্ছে না এমন শিল্পগুলির বেসরকারিকরণের কোনও উপযুকত প্রস্তাব এলে তা বিবেচনা করার এবং বেসরকারি উদ্যোগকে সর্বপ্রকার সাহায্য দানের আশ্বাস দেয়া হয়েছে। হ্যাঁ, আমরাও তাই চাই। পশ্চিমবাংলাকে বাঁচাতে হলে, শ্রমিকদের স্বার্থ রক্ষা করতে হলে, শিল্পকে বাঁচিয়ে রাখতে এবং নতুন শিল্প গড়তে সংশ্লিষ্ট লোকেদের স্বার্থের দিকে আমাদের লক্ষ্য দিতেই হবে। আগে বাংলা বাঁচুক। শুধু পতাকা দিয়ে বেসরকারিকরণ আটকানো যাবেনা, বাংলাকে বাঁচানো যাবেনা, এটা আপনারা আজকে বুঝেছেন। এটা আগে বুঝতে পারেননি, ২৪ বছর

পরে বুঝলেন। আপনাদের পার্টি যা বলে দেয় আপনারা তাই বলেন এবং করেন। আপনাদের নিজস্ব কোনও গুরুত্ব নেই। একজন মুখ্যমন্ত্রী থাকা সত্বেও আর একজন মন্ত্রীর কাছে আপনাদের হিসাব-নিকাশ দাখিল করতে হয়। এই হচ্ছে আপনাদের অবস্থা! আপনারা বেঙ্গল চেম্বারস অব কমার্সের নাম নিশ্চয়ই শুনেছেন। আপনাদের প্রক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু, বর্তমান মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু, নিরুপমবাবু, অর্থমন্ত্রী অসীমবাবু, এঁরা মাঝে মাঝে সেখানে যান। সেই বেঙ্গল চেম্বরস অব কমার্স থেকে এই সরকারের কাছে একটা প্রোপোজাল দিয়েছিল-এ টুয়েলভ পয়েন্ট অ্যাজেন্ডা ফর নিউ লুক অব ওয়েস্ট বেঙ্গল। আমি মাননীয় শিল্পমন্ত্রীর কাছে আবেদন করছি—আপনি মন্ত্রী হওয়ার আগে বিভিন্ন বিতর্ক সভায় গিয়েছেন, আলোচনায় অংশ নিয়েছেন, তাই আপনার কাছে আমার আবেদন—যা কিছু বিষন্ন তাকেই ভালবাসা বলে চালাবার চেষ্টা করবেন না। আপনি অন্তত কিছু করে দেখান।

[1-50 — 2-00 p.m.]

সেই ১২ নম্বর অ্যাজেন্ডায় আছে "Symbiotic relationship with the central government, information development, development of roads, streamling of industrial approvals of industry—A single comprehensive application form should be implemented." আপনারা একটা জানালা করেছেন, খোলা জানালা হয়নি। আপনার জানালায় মানুষ ঢোকে কিন্তু বেরুতে পারছে না। জানালাকে এমনভাবে ব্যবহার করতে দিন যাতে সহজ, সরল এবং বিশ্বাসযোগ্যতা পায়। Advance acquisition proceedural and institutional এখনো হয়নি। আপনাদের সদিচ্ছা থাকলে আগেই তা হতো। একথা আমার নয়, চেয়ারম্যান বলেছিলেন, আমরা যা করতে চেয়েছিলাম তা করতে পারিনি। সুতরাং কতদূর কি করতে পেরেছেন তা বুঝতে পারছেন। তারপর ফোকাস অন জাপান। যা ইনভেস্টমেন্ট আসছে তার বেশিরভাগই জাপন থেকে আসছে। অর্থাৎ জাপানের ইনভেস্টররা মনে করছে ওয়েস্ট বেঙ্গলে ইনভেস্টমেন্ট হওয়া সম্ভব। তার দিকেই দৃষ্টি দিন যাতে বিনিয়োগ বাড়ে। ৭ নম্বরে আছে, ডেভেলপমেন্ট অব সার্ভিস সেক্টর। আমি নতুন করে বলব না, আপনি নিজেই জানেন যে, সার্ভিস সেক্টরে কি অবস্থা হয়েছে, ইনফরমেশন টেক্‌নোলজি সেক্টরে কি অবস্থা হয়েছে? আজকে ক্যালকাটা পোর্টের বর্তমান অবস্থা কি? আর কলকাতায় মিলেনিয়াম প্ল্যানের যে ক্রাস প্রোগ্রাম আমাদের হাতে দেওয়া হয়েছিল সেই সম্পর্কে কোনও ব্যবস্থা নিলেন না। এই ডিসপারসাল আউট অব ক্যালকাটা খুলে রেখে বলছেন, করব।

ডাঃ বিধান রায়ের পর কল্যাণী হয়েছে, দুর্গাপুর হয়েছে, হাওড়া ছিল, হাইকোর্ট হয়েছে, তারাতলা ছিল, বেহালা ছিল। আর আজকে নতুন সুযোগ করে দিতে পারলেন না যেখানে লোককে নিয়ে যেতে পারতেন। আর একটি কথা বলি, যেহেতু, আমার সময় সংক্ষিপ্ত, অনেক কিছু বলার ছিল। আপনারা টাস্ক ফোর্স করেছেন ৬টি বিষয়ে। সেই টাস্ক ফোর্সে ছিল, "Information Technology, Agro Industry, Development of service of sector, Holdia infrastructure and down stream industries for Holdia Petro-chemicals, Infrastructure, Simplification of procedure for industry." এরা মাথায় রেখেছেন চিফ সেক্রেটারি মণীষ গুপ্তকে। উনি কোনওটারই হিসাব মেলাতে পারছেন না। উনি পারতেন, কিন্তু উনি জ্যাক অব অল ট্রেড, মাস্টার অব নান। তাই বলছি, আপনি একটা কিছু করুন, একটা কিছু ভাবুন। টাস্ক ফোর্সের রিপোর্ট করে টেবিলে দিলেন, কিন্তু সরকারের কোনও ট্রান্সপারেন্সি নেই। কোনও স্পিডি ডিসিশন নিতে পারছেন না। যদি সিমপ্লিফিকেশন করতে পারেন, স্পিডি ডিসিশন নিতে পারেন তাহলে হবে। ফাইল ম্যানেজমেন্টের ক্ষেত্রে যদি মনে করেন ফাইল ম্যানেজমেন্ট সেন্ট্রালাইজ কম্পিউটারাইজড ম্যানেজমেন্ট করে মানুষের সামনে আপনারা হাজির করতে পারেন, স্পিডি ডিসিশন নিতে পারেন। এইভাবে মানুষের সমস্যা মেটাতে পারেন। সেইদিকে নজর কেন দেখছি না। আর দল বলছে শিল্পায়ন হবে। এর ফলে কোন শিল্প আসবে? দ্বিতীয় প্রশ্ন, ইনফরমেশন টেকনোলজি নিয়ে মাননীয় জ্যোতি বসু ১৯৯৮ সালে বি. সি. সি. আইতে যে অ্যাড্রেস দিলেন সেটা আপনারা শুনুন। আপনাদের কমরেড জ্যোতি বসু ২৭ অক্টোবর, ১৯৯৮ সালে বি. সি. সি. আইয়ের অ্যানুয়াল জেনারেল মিটিং-এ বলেছিলেন, সরকারের সমস্ত কাজে তথ্য প্রযুক্তি ব্যবহার করব এবং এটাই আমাদের প্রায়োরিটি। আর তার সরকারের মন্ত্রী শ্রী বুদ্ধদেববাবু জানুয়ারি ২০০০ সালে বলেছিলেন, আমরা ইনফরমেশন টেকনোলজির নীতি চালু করেছি, আর একটা জায়গায় অর্থাৎ বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইনডাস্ট্রিতে গিয়ে বলেছিলেন, আমি ১৯৯৯ সালের ডিসেম্বর মাস থেকে চালু করেছি। আমি ডেট নিয়ে কিছু ভাবছি না। আমি খালি মুখ্যমন্ত্রীর পেপারগুলি উল্লেখ করছি। আপনাদের যদি সন্দেহ থাকে তাহলে আমার সঙ্গে দেখা করে জেনে নেবেন যে এটা অর্ধ সত্য, না পুরো সত্য। আমি কাগজ দেখেই বলছি। তাই বলছি, আজও আপনারা বসে আছেন। আজকে বিভিন্ন বিভাগে কম্পিউটারাইজেশন হয়নি। বিধায়করা পর্যন্ত লাইন দিয়ে দাঁড়িয়ে থাকে, এই তো সব দেখছি। এখনো ম্যানুয়াল টাইপ-রাইটারে লেখা চলে। আপনাদের দৃষ্টিভঙ্গির কোনও তফাৎ হয়নি।

আপনারা লিখেছেন বাজেট বইতে যে ওয়েবেল একটা বাংলা এম. এস. অফিস প্যাকেজ তৈরি করছে। স্যার মাননীয় মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত নেই, তার কাছে আপনার মাধ্যমে জানতে চাই, কোথায় এই এম. এস. অফিস ব্যবহার করছেন? ইংরাজিতেই এম. এস. অফিস চালু করতে পারলেন না, সেখানে ওয়েবেলের মাধ্যমে বাংলায় এম. এস. প্যাকেজ তৈরি করে সর্বত্র বিলোচ্ছেন বলছেন কি করে আমি বুঝতে পাছি না, আশা করি সেটা বলবেন। আমি বলব, আগে মানুষকে সচেতন করুন, আগে রাইটার্স বিল্ডিংটাকে সচেতন করে বলুন যে ওখানে আমি এম. এস. অফিস চালাতে চাই তারপর অন্য জায়গার কথা বলবেন। আপনার বিনিয়োগের দরকার সেই বিনিয়োগ আসবে কিন্তু তারজন্য যা মিনিমাম দরকার—পরিকাঠামো, ইনফর**মেশন** টেকনোলজি, তার বিস্তার, তা কি আমরা আশা করতে পারি না? আমি সেন্ট্রালাইজ ফাইলের ব্যাপারে আপনাকে একটা সাজেসন দিতে চাই। রাইটার্স বিল্ডিং-এ আপনি একটা সেন্ট্রালাইজ মণিটারিং কম্পিউটারইজড সেল করুন। তা করলে একজনের অনুপস্থিতিতে আর একজন কাজ করতে পারবে। অফিসার আসলো তো ক্লার্ক আসলো না—এই যে অবস্থা এর থেকে মুক্তি পাওয়ার জন্য এটা ট্রান্সপারেন্ট করে দিন। দিন না এটা ল্যাবে ফেলে এবং দেখান না লোককে যে কত ফাস্ট মুভ করতে পারা যায়। তাতে কিন্তু কর্মসংস্থান নষ্ট হয়না, কর্মীর সংখ্যা হয়ত বৃদ্ধিই হয়। শুধু ঐ ১০টার সময় এলো আর উল বুনলো বা পান খেলো তাতে কাজ হবে না। এ দিকটাতে নজর দিতে হবে। আপনি হলদিয়া পেট্রো কেমিক্যাল নিয়ে অনেক কথা বলেছেন। বংশগোপালবাবুর ভাল লাগছে না বলে হয়ত চলে গিয়েছেন, এই বংশগোপালবাবুই কিন্তু ঐ বেঙ্গল ন্যাশানাল চেম্বার অব কমার্সে ১১ই নভেম্বর, ২০০০ সালে বলেছিলেন যে হলদিয়া পেট্রো কেমিক্যাল এবং মিতশুবিশি were almost fully complete and were about to be formally dedicated or inaugurated. তারপর বুদ্ধদেববাবু সেখানে বললেন, with the commissioning of the Haldia petrochemical industrial prospects of the State have brightened. The position relating to down-stream industries of Haldia Petrochemical is encouraging. একজন বললেন এটার উদ্বোধন করা হবে আর মুখ্যমন্ত্রী মহাশয় বললেন এটা চালু হয়ে গিয়েছে এবং এর ডাউন স্ট্রিমে.—

(গোলমাল)

জানি আপনাদের ভাল লাগছে না। মুখ্যমন্ত্রী বললেন সেটা চালু হবার পর সে ডোমেস্টিক মার্কেট পেয়েছে ১০ পারসেন্ট এবং ইস্টার্ন রিজিওনের মার্কেট পেয়েছে ২০ পারসেন্ট। আর অপর দিকে অর্থমন্ত্রী ২১ শে জুন বাজেট বক্তৃতাতে বললেন ২২ পারসেন্ট এবং এমন কি ইস্টার্ন পার্টে মার্কেট পেয়েছে ৫৬ পারসেন্ট। আপনাদের কোন কথাটা সত্য বলবেন কি? তারপর কুলপি পোর্টের কথায় আসছি। কুলপি পোর্ট যেটা বেঙ্গল পোর্ট লিমিটেড এবং ডব্লু. বি. আই. ডি. সি-র তার স্টাটাস রির্পোটটা আপনি এখনও জানালেন না। তারপর দার্জিলিং-এর ব্যাপারে বলেছিলেন যে ২৫ কোটি টাকা বরাদ্দ করে সেখানে ফুল চাযের ব্যবস্থা করে রপ্তানি প্রকল্প করবেন। সেটা কি শুধু কাগজেই থাকবে, না কি বাস্তবে হবে, বর্তমানে তার অবস্থাটা কি বলবেন। আপনি এখানে ইনডাস্ট্রির প্রোপোজালের কথা বলেছেন, বিনিয়োগের কথা বলেছেন কিন্তু কত বাতিল হয়েছে প্রকল্প সেটা বলেন নি। কত প্রকল্প এখান থেকে অন্য রাজ্যে চলে গেল সেটাও বলেন নি। ক্যাপিটাল পাইপড এবং ক্যাপিটাল ইরোশানের জন্য আপনাদের অনেক বেশি ক্ষতি হয়েছে। আপনারা একে বাঁচান। জাগো, ওঠো। আপনারা দৌড়ান যতক্ষণ না পর্যন্ত অভিষ্টে আপনারা পৌঁছাতে পারবেন। ধন্যবাদ।

[2-00 — 2-10 p.m.]

**श्री लगन देव सिंह** : माननीय डिपुटी स्पिकर सर, सबसे पहले माननीय मंत्री द्वारा प्रस्तुत डिमाण्ड नं २४, ५३, ७५, ७६ एवं अन्य डिमाण्ड आज आपके माध्यम से सदन के सामने प्रस्तुत किए है मै इसका समर्थन करता हूँ और समर्थन करते हुए विरोधी सदस्यों द्वारा प्रस्तुत कट-मोशन का विरोध करता हूँ। टी०एम०सी० की ओर से यह बजट भाषण पर बोलते हुए माननीय पार्थ चटर्जी जो कुछ भी कहें, उनके पास इस बजट पर कहने को इसके अलावा कुछ भी नही था। उनकी ओर से तरह-तरह के सवालों और तथ्यों को रखने की कोशिश की गई। मगर उनका विरोध टिकाउ नहीं था, बल्कि हास्यास्पद विरोध प्रस्तुत किए और इससे जाहिर हो गया कि मौजुदा जो हमलोगों की सरकार है, वामफ्रन्ट सरकार उसके विरोध में उनके पास कोई ठोस सबुत नहीं है। साथ ही पार्थ चटर्जी कांग्रेस के साथ तो उनका गठजोड़ है वे अपने पुराने सम? को भूल गए है। उनका भी पश्चिम बंगाल में शासन था, उनके समय मे उधोगों की क्या हालत थी। और आज वो आंकड़े बता रहें है। आपको

मै बताना चाहता हूं जिनके मकान खुद शीशे के हो वे दूसरों पर पत्थर नहीं मारते। आज वे विरोध कर रहे है। कांग्रेस-टी०एम०सी० नीति का फल ही है कि आज देश रसातल की ओर जा रहा है। अतीश बाबु बैठे है शायद वो भी टी०एम०सी० से गठजोड़ के बाद पुराने दिनों को भूल गए हैं।

सर, पश्चिम बंगाल में कांग्रेस के शासन काल में उत्पादनशीलता में गिरावट आई थी न कि आज १९५१ में आपके जमाने में उत्पादनशीलता २४% थी। १९६० में उत्पादनशीलता २२ फिसदी हुई। १९७० में १४.४ फिसदी और १९७५-७६ में ११.५ फिसदी हो गई। २४ वर्षो के कांग्रेस के शासन में, १९५१ से १९७५-७६ तक, बीज के एक डेढ़ साल उन का शासन नहीं था। इन २४ वर्षो में उत्पादनशीलता ५० फिसदी कम हुई थी। उस समय तो बामफ्रन्ट सरकार नही थी। उस समय तो किसी तरह का विरोध नहीं था। उस समय तो आपके पास काफी समय था। १९६० के बाद पब्लिक सेक्टर में कोई बड़ा इनवेस्टमेन्ट नही हुआ। उस समय पश्चिम बंगाल में आपलोगों की सरकार थी, दिल्ली में आपकी सरकार थी। और आज १९९१ से १९९९ तक ४७,३९४ करोड़ रुपये का निवेश किया गया है फिर भी आपलोग सदन को, और लोगों को गुमराह कर रहे हैं। मै विरोधी बन्धु से पूछना चाहता हूं कि ४७,३९४ करोड़ का इनवेस्ट क्या कोई मायने नही रखता। मै आपलोगों से अनुरोध करता हूं कि सिर्फ विरोधी के नाते सिर्फ विरोध न करें। सरकार के सकारात्मक कामों में सहयोग करें। सर, विरोधी औधोगिकरण के नाम पर बार-बार कुप्रचार करते है। जबकि खुद सी०आई०आई० ने अपनी रिपोर्ट में कहा है कि भारतवर्ष की आर्थिक स्थिति खाराब है लेकिन पश्चिम बंगाल की स्थिति सुधरी है। यह वेस्ट बंगाल सरकार की रिपोर्ट नहीं है। यह सी०आई०आई० के इस्टर्न जोन के अधिकारी सुमित मजुमदार ने खुद स्वीकार किया है कि इस सम? वेस्ट बंगाल में उत्पानशीलता की रेट आफ ग्राथ ६.९ फिसदी है। क्या इसे एक बार भी स्वीकार नही करेगें। हमारे विरोधी बन्धु पंजाब, राजस्थान, उत्तर प्रदेश की उत्पादनशीलता का उल्लेख करते है। ये आकड़े भी टी०एम०सी० जिस बी०जे०पी० के साथ सत्ता सुख भोग रही थी और फिर वहीं जाने की तैयारी कर रही है ये आकड़े उसी सरकार की है। उनके खुद केन्द्रीय मंत्री अरुण शोरी क्या कहते है। आर्थिक विकास के मामले में पश्चिम बंगाल काफी आगे है। १९९३-९४ से १९९७-९८ के बीच आर्थिक विकास के मामले में पश्चिम बंगाल के बारे में क्या बात

कही जा रही है। सर, बिहार और मध्य प्रदेश को छोड़ दे। राजस्थान ५० फिसदी, कर्नाटक ८५ फिसदी, तामिलनाडु ८८ फिसदी त्रिपुरा १०१ फिसदी है। केरल १४० फिसदी और पश्चिम बंगाल १८० फिसदी है। क्या यह गर्व की बात नहीं है? क्या यह विकाश नहीं है?

मिस्टर डिपुटी स्पिकर सर, आज जबकि ग्लोबलाइजेशन के नाम पर बहुराष्ट्री? कम्पनी के लिए देश का दरबाजा खोला जा रहा है। जहां तक इन्डस्ट्रीयलाइजेशन का सबाल है, बामफ्रन्ट सरकार स्वतंत्र नहीं है। लाइसेन्स देने का मामला केन्द्र का है। और आप अच्छी तरह जानते है केन्द्रीय सरकार द्वारा ओधोगिकीकरण के मामले मे राज्य की हमेशा उपेक्षा की गई है। १२ वर्ष तक सिफारिश करने पर हल्दिया पेट्रोकेमिकांल की अनुमति मिली, वक्रेश्वर के मामले में ८ वर्ष तक सेन्ट्रल इलेक्ट्रीसीटी ने मंजूरी नही दी। हमेशा पश्चिम बंगाल के साथ सौतेला व्यवहार किया जाता है। इसके बाद भी आपलोग विकास की बात करते है। आज जबकि पश्चिम बंगाल में ५६ लाख रजिस्टर्ड बेकार है। इस बारे में केन्द्र सरकार का नजरिया क्या है, केन्द्र सरकार क्या सोचती है। क्या इसके लिए टी०एम०सी०-कांग्रेस जिम्मेबार नही है। आज आप सभी जानते है कि पूरे देश में इण्डस्ट्री की अवस्था क्या है। पूरे देश से अलग कर पश्चिम बंगाल के बारे में इण्डस्ट्री के सबाल पर विचार करना उचित नहीं है, वाजिव नहीं है। हिन्दी में एक कहावत है "एक बाल्टी गरम पानी से अगर कोई चाहे कि एक ग्लास ठण्डा पानी निकालना तो यह नामुमकिन है। ठीक इसी तरह अगर हम सोचते है कि पश्चिम बंगाल एक अलग राज्य है, यह राज्य सिर्फ विकास का काम करेगी। पूरे देश की परिस्थिति का प्रभाव इस पर नहीं पड़ेगी तो यह संभव नही है। वामफ्रन्ट सरकार के पास कोई अलादीन का चिराग नही है कि बोले और काम हो गया।

[2-10 — 2-20 p.m.]

मिस्टर डिपुटी स्पिकार सर, २००० साल में ३४१ शिल्प स्थापना की कोशिश की गई जिसमें २२२०.१९ करोड़ रुपये का विनियोग हुआ। १९९१ से २००० तक २४७४ शिल्प स्थापना का प्रस्ताव था जिसमें ५४८५७.२९ करोड़ विनियोग की बात की गई हैं। आज हमारे विरोधी इस बात का उल्लेख क्यो नही करते है। आज जबकि शिल्प स्थापना के लिए अनुकूल माहौल तैयार

है। १९९९-२००० साल से विनियोग में बढ़ोत्तरी हो रही है और ४५१ प्रकल्प स्थापित हुआ है। आप जानते है कि इसके अलावा ४४४३ करोड़ की लागत से १५२ उधोग लगाने का काम हो रहा है जो जल्द ही पूरा होने जा रहा है। पेज ४.२ पेज ४५ इकानोमिक रिभ्यू मे देख सकते है। इसके साथ ही मै यह कहना चाहता हूं कि हमारा विरोधी बन्धु पश्चिम बंगाल में कल-कारखाने की बढ़ोत्तरी की बात करते है। मगर किन कारणों से विकाश की ओर ध्यान न देकर लोगों को गुमराह करने की कोशिश कर रहे है। १९९१ में कांग्रेस ने साम्राज्यवादियों के दबाब में जो उदारीकरण की नीति अपनाई गई। उन्ही नीति पर चलने से देश का बंटा धार हो गया उनकी उदारीकरण ग्लोबलाइजेशन की बजह से एवं गैर सरकारीकरण को बढ़ावा देकर देश की आर्थिक आत्म निर्भरता को पंगु कर दिया गया। आज विदेशी कम्पनी को घुसपैठ की खुली छूट दे दी गई है। गैर सरकारीकरण को बढ़ावा दिया जा रहा है। आज भी टी०एम०सी० समर्थित बी०जे०पी० सरकार हैं। उसने भी कांग्रेस की ही नीति को अपनाया। आज आप बड़ी-बड़ी बाते करतें है। आज की स्थिति के लिए पूरी तरह से कांग्रेस जिम्मेदार है। १९९१ साल में जो आर्थिक नीति कांग्रस अपनाई, उदारीकरण की नीति अपनाई, उसी का नतीजा है। फलस्वरुप राष्ट्रीय उधोग बन्द किये जाने लगे। मुनाफा में चल रहे राष्ट्रीय उधोगों के शेयर बेचे जाने लगे हैं। आपके लिए शर्म की बात है। आपको तो गैरत होना चाहिए।

सर, आज पब्लिक सेक्टर को बन्द करने का फैसला लेने के लिए एक केन्द्रीय मंत्री बनाया गया है। सभी पब्लिक सेक्टर को प्राइवेट सेक्टर में तब्दीली कर रही है। गैर सरकारीकरण किया जा रहा है। देश में कभी पब्लिक सेक्टर पर जोर दिया गया था। एक समय दुर्गापूर मे निवेश का काम हुआ था। कई कारखाने लगे। लेकिन सेन्ट्रल गर्वनमेन्ट की स्टील पॉलीसी के कारण विदेशी इस्पात की आमदनी बढ़ी है। आज टाटा के टेल्को, हिन्द मोटर तथा अशोक लाइलैण्ड भी बन्दी के कगार पर पहूंच गई है। आज इनका उधोग भी मन्दा है यही अन्तर है। केन्द्र सरकार भी०आर०एस० लागू करती है और पश्चिम बंगाल सरकार न्यू जॉब ओरिएन्टेशन करना चाहती है। केन्द्र सरकार वेगन इण्डस्ट्री बन्द करने की लगातार कोशिश कर रही है। जेसप, वर्न और ब्रेथवेट कम्पनी का आर्डर कम कर दिया जा रहा है। केन्द्र सरकार इन कम्पनी को बन्द करने

का बहाना ढूढ़ रही है। ३०००-३५०० बर्कर अप्रैल से सैलशी से बंचीत है। जबकि बी०आइ०एफ०आर० के रिकोमेन्डेशन के आधार पर १०५० स्पेशल वेगन आर्डर इन कम्पनी को दिया जाएगा। जबकि १९९९ में ४०० आर्डर इनपुट किया गया। टी०एम०सी० तो केन्द्र सरकार में शामिल पार्टी रही है। आपकी इस नीति में क्या रोल था बताएगें। आज गेस्टकीन बिलियम इस कम्पीटीशन में पिछड़ रही है। बाहर से स्टील मंगाकर नट और बोल्ट बनाने की बात कर रही है। जी०के०डब्लू को रिकन्सट्रकसन डिपार्टमेन्ट ने ३ करोड़ का मदद किया है पर मैनेजमेन्ट का रोल सकारात्मक नहीं है। यहां टी०एम०सी० का रोल भी एन्टी वर्कर है। केन्द्र सरकार कोयला शिल्प पर चरम संकट लादना चाहती है इनके आदेश पर ६४ खादानों को बन्द करने का शिफारिश किया गया और ८ खादानों को बन्द कर दिया गया। उस समय कांग्रेस और टी०एम०सी० क्या कर रही थी।

इसी के साथ इस कॉमर्स एण्ड इण्डस्ट्री डिपार्टमेन्ट का जो बजट माननीय मंत्री पेश किए है उसका समर्थन करते हुए और विरोधी दल के सदस्यों द्वारा पेश समस्त कट-मोशन का विरोधिता करते हुए अपनी बात समाप्त करता हूं।

**শ্রী আবু হাসেম খান চৌধুরী ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি বাজেটের বিরোধিতা করে আমাদের আনা কাটমোশনকে সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি কিছু বলতে চাই সেটা হচ্ছে যে, ওয়েস্ট বেঙ্গলকে যদি বলা হয় ইন্ডাস্ট্রিয়ালি ল্যাগিং বিহাইন্ড তাহলে বোধহয় সত্যি কথা বলা হচ্ছে না। অ্যাজ এ ম্যাটার অব ফ্যাক্ট ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে ওয়েস্ট বেঙ্গল ইজ ফার্স্ট ডিকলাইন। তারপর ইলেকট্রিসিটি কনজাম্পশনকে যদি ইন্ডিকেটর ধরা হয় তাহলে ইন্ডাস্ট্রিগুলো চলবে কি করে? স্যার, তারসঙ্গে আরো দু-একটি কথা বলি—২৪ বছরে যখন থেকে লেফট ফ্রন্ট এসেছে আমাদের পশ্চিমবঙ্গে তখন থেকেই ৬৫ হাজার মিডিয়াম, লার্জ, স্মল সেক্টরের ফ্যাকটারিগুলো বন্ধ হয়ে গেছে। ২৫০ জন ওয়ার্কার আত্মহত্যা করেছে। ওয়েস্ট বেঙ্গল রেজিস্টার্ড আন এমপ্লয়েডের সংখ্যা হল ৬৫ লক্ষ। স্যার ইলেকট্রিসিটি যদি ইন্ডাস্ট্রিয়াল গ্রোথের একটা ইন্ডিকেটর হয় তাহলে একটা একজ্যাম্পেল দিচ্ছি যে, ডব্লিউ. এস. ই. বি. ৩ হাজার ৩৭৪ মেগাওয়াট ইলেকট্রিসিটি দেয়। এর ২৮ পার্সেন্ট ইন্ডাস্ট্রিতে খরচ হয় আর মহারাষ্ট্রে ইলেকট্রিসিটি জেনারেশন হয় ৯ হাজার ৬৬৭ মেগাওয়াটে, এর ৩৮ পার্সেন্ট ইন্ডাস্ট্রিয়াল খাতে খরচ হয়। এটা ভেঙ্গে

আনলে দেখা যায় যে, ৭০৮ মেগাওয়াট ওয়েস্ট বেঙ্গলে খরচ হয়। আর মহারাষ্ট্রে ৩ হাজার ৬৭৩ মেগাওয়াট। আর বোধহয় আমাকে হাউসকে কনভিন্স করার দরকার নেই যে ওয়েস্ট বেঙ্গল ডিকলাইন হচ্ছে। ইন্ডাস্ট্রির দিক থেকে ওয়েস্ট বেঙ্গলে একটা রিসারজেন্সি আসছে সরকারের দিক থেকে বলা হয়েছে। কই তার তো কোনও লক্ষণই দেখতে পাচ্ছি না। এক সময়ে কোল, লেদার, স্টিল, আটোমোবাইল, জুট, টি সবেতেই ওয়েস্ট বেঙ্গল ওয়াজ ইন দি টপ। হঠাৎ কি হল, আমাদের অপরাধটা কি বুঝতে পারলাম না। এই কথাটা আপনাদের জিজ্ঞাসা করতে চাই এবং আমাদেরকেও জিজ্ঞাসা করতে চাই কি এমন অপরাধ করলাম যে এইরকম হল। একটা জিনিস আমরা দেখছি ইন্ডাস্ট্রিতে, ট্র্যাডিশনাল ইন্ডাস্ট্রিতে অনেকগুলো প্রবলেম হয়েছিল এটা সত্যি—যেমন জুটের ক্ষেত্রে ম্যান মেড মেটেরিয়াল এসেছে, বাল্ক হ্যান্ডিলিং টেকনোলজি এসেছে। তাতে জুটের অনেক ক্ষতি করেছে। কিন্তু সবচেয়ে ক্ষতি করেছে এই লেফট ফ্রন্ট সরকার, লেফট ফ্রন্ট সরকারের হপ নবিং ইউনিয়ন এর কালেকটিভ বার্গেনিং।

[2-20 — 2-30 p.m.]

এন্ট্র্যাপ্র্যান্যাররা ইনভেস্টরসরা পছন্দ করেননি, তারা সন্দেহ করেছে বামফ্রন্ট সরকারকে, যে এরা কোন দিকে কি করত চায় এদের অপসেশন কি। ওরা জানতে চায় না জানতে পারে, তাদের যে ইনভেস্টমেন্ট করার দরকার ছিল ট্রাডিশনাল ইনডাস্ট্রিগুলিতে তা করা হয়নি। স্যার, যেখানে গভর্নমেন্ট এবং ইউনিয়ন একজোট হয়েছে, হব নবিং করেছে, ইনডাস্ট্রি ডিক্লাইন হয়েছে। তার একটা একজ্যাম্পেল হল, ইস্ট ইউরোপ এবং ওয়েস্ট ইউরোপ, এর মধ্যে ওয়েস্টার্ন ইউরোপ যখন এগিয়ে যাচ্ছে অ্যাগ্রেসিভলি ইন্ডাস্ট্রিতে এবং কালেকটিভ বারগেনিং করে, হবনবিং করছে, করেও তারা পিছিয়ে গেল। কাজেই আমাদের ওয়েস্ট বেঙ্গলের যা দশা হয়েছে তার জন্য আমরা সম্পূর্ণভাবে এই সরকারের পলিসিকে দোষ দিই। স্যার মহারাষ্ট্রে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অনেক বেশি হয়েছে, কিন্তু সেখানকার সরকার একটা জিনিস করেছেন যে তারা কোনও রোল নেননি। কালকটিভ বার্গেনিং এর সঙ্গে বা ইউনিয়ন এর সঙ্গে। They maintained a distinction between the Government role and the union role তার জন্য ডিসপিউট হলেও ইনভেস্টাররা তাদেরকে সন্দেহ করেননি এবং প্রচুর ইনভেস্টর মহারাষ্ট্রে আসছে বাইরে থেকে। স্যার এন্ট্র্যাপ্র্যান্যাররা ট্রাডিশনাল ইনডাস্ট্রিতে ডিড নট অ্যাকসেপ্ট দি

নিউ চ্যালেঞ্জেস। The industry was challenged, as I said, due to man made materials and bulk handling technology. The situation was not very seriously foreseen by the investors and they were scared to invest the money and that also gave rise the hopnobbing, the militancy of the Union and stories spread that Bengal is a bad place in the west. Situation in tea industry was somewhat different.

আমাদের কস্ট অব প্রোডাকশন বাড়লে আমাদের প্রতিবেশি দেশগুলি আমাদের চেয়ে সস্তায় চা দিতে লাগল। আমাদের অনেক কোম্পানি যেমন আমি টাটাকে জানি তারা বাইরে থেকে চা এনে ব্লেন্ডিং করে আবার নিয়ে যাচ্ছেন—থ্যাঙ্কস দি লিবারালাইজেশন পলিসি। এই লিবারালাইজেশন পলিসি না হলে সেটা সম্ভব হতো না। স্যার, অটো সেক্টরে আমাদের গাড়ি ছিল অ্যাম্বাসাডার। এই অটো সেক্টরে একই ধরণের গাড়ি ৪০ বছর ধরে বানাতে লাগল, Government did not intervene the model change. এর কালার চেঞ্জ করতে হবে। ওরা মনোপলি করলেন। ফলে আউটপুট কমতে লাগল। এই ক্যালাসনেসের জন্য আমরা অটোমোবাইল ইন্ডাস্ট্রিকে হারালাম। অন্যান রাজ্যের গাড়ি আসতে লাগল। লোকে ছোট ছোট গাড়ি পছন্দ করল। যদি আমাদের মনোপলিসটিক ইন্ডাস্ট্রিরা ছোট গাড়ি করতেন তাহলে হয়ত আমাদের অ্যাম্বসাডারই ভালভাবে চলত। স্যার, লেদার ইন্ডাস্ট্রি ভাল ছিল। আমাদের মনোপলি বায়ার ছিল রাশিয়া। রাশিয়া চলে যাওয়ার সঙ্গে সঙ্গে আমাদের প্রবলেম হল। মনোপলি ইন্ডাস্ট্রি ডিক্লাইন করলো। কেউ বোম্বে, কেউ গুজরাটে, কেউ হরিয়াণায় চলে গেল। ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি এখানে শুধু ডিক্লাইনই করলো না, তার সঙ্গে সঙ্গে প্যাকেজিং ইন্ডাস্ট্রিও চলে গেল। আপনারা পেট্রোকেমিকেল ইন্ডাস্ট্রি করছেন ভালো কথা, ইউ শুড হ্যাভ গিভেন মোর থটস্। শুনছি যেগুলো এনড্ প্রডকট্ হবে, সেই ডাউন স্ট্রিমের ইন্ডাস্ট্রিগুলো এখনো ঠিকমতো তৈরি হয়নি, সেখানে প্রবলেম হচ্ছে। উই হোপ ইন্ডিয়ান অয়েল উইল কাম। ইন্ডিয়ান অয়েল আসুক এবং প্রেট্রোকেমিকেল ইন্ডাস্ট্রি সাহায্য করুক। দি প্রবলেম উইথ কারেন্ট ইন্ডাস্ট্রি, এই যে নতুন ইন্ডাস্ট্রিগুলো করছেন, সেগুলো কিন্তু লেবার ইনটেনসিভ নয়, এতে চাকরি বেশি হবে না। Government of West Bengal appeard to blame the lack-lustre performance of liberalisation. আপনারা বলছেন, লিবারাইজেশন পলিসি, ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন এবং আই. এম. এফ-এর লোন

আমাদের দেশের ক্ষতি করছে, আমরা মার খাচ্ছি। কিন্তু মহারাষ্ট্র, গুজরাট এর মধ্যে দিয়েই কাজে এগিয়ে যাচ্ছে। আর কমিউনিস্ট কান্ট্রি চিন একটা পাইওনিয়ার এগজাম্পেল। এই রকম একটা চ্যাম্পিয়ন কান্ট্রি হয়েও ওরা এর মধ্যে ভালো কাজ করছে। Sir, todays world is a world of problems and uncertainty. We must participate in the new modern concept of work that we no longer own a job. As a society we must be mobile. We must go where the jobs are আগে একটা ট্রাডিশনাল জায়গা ছিল, এই জায়গায় সে চাকরি পাবে, এই জায়গায় সে চাকরি করবে, কিন্তু এখন আর সেটা হবে না। The society is completely committed. কিন্তু ধরনের প্রডাকট আসবে সেটা মার্কেটের উপরে ডিপেন্ড করতে হবে এবং আমাদের লোকেদের সেই রকমই শেখাতে হবে। আমরা যব ওন করিনা। যেখানে চাকরি হবে, সেখানে যেতে হবে। স্যার, আমাদের ওয়ার্কার্সদের যদি চাকরি চলে যায় যাবে। বিদেশে যেমন আন-এমপ্লয়মেন্ট ইনসিওরেন্স আছে, ইনসিওরেন্স বেনিফিট গিভেন বাই দি এমপ্লয়ার টু দি এমপ্লয়ি। যখন চাকরি চলে যাবে, লে-অফ হবে তাদের সেই টাকাটা দেওয়া হবে এবং তা দিয়ে এক, দুই বছর চালানো যেতে পারে। Sir, our industrial growth will only be possible if we have enough power, if we have enough transmission and distribution. But we do not have that. Our power is wasted in transmission and distribution. আমি মালদহ জেলা থেকে আসছি, সেখানে অ্যাভারেজে চার ঘন্টা পাওয়ার থাকেনা। আমি নিজে সিনসিয়ারলি ফ্যাকটারি করতে চাই, কিন্তু সব সময় আমার ভয় লাগে। কালকেও আমি কথা বলেছি, ওরা যদি আমাকে কথা দেন, ওরা আমাকে পাওয়ার দিতে পারবেন। তাহলে আমি ফ্যাক্টরি করব। Sir, there is a big challenge in the new world. We wish you good luck and thank you.

[2-30 — 2-40 p.m.]

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীরা যে কাটমোশন এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখতে চাই।

বামফ্রন্ট নির্বাচনের আগে ইস্তাহার প্রকাশ করেছে। মাননীয় শিল্পমন্ত্রী বাজেটে সেটাই উপস্থাপন করেছেন—শিল্পক্ষেত্রে আমাদের যে মতামত বা বক্তব্য ছিল

ইস্তাহারে। বিরোধীরা ২৪ বছর ধরে বলে আসছে—পশ্চিমবাংলায় শিল্প ধ্বংস হয়ে গেল। কেন ধ্বংস হচ্ছে, সেটা ওরাও বোঝেন, কিন্তু বিরোধিতা করতে হবে, সেইজন্য এরকম বলেন। কৃষির গর্ভে শিল্পের বিকাশ, এটা সকলেই জানে। কিন্তু কৃষির অবস্থা কোথায়? ভারতবর্ষের শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামঞ্চলে বসবাস করে এবং তাদের আয়ের উৎস হচ্ছে জমি। ভূমি সংস্কার ঠিকমতো না হওয়ার ফলে দেশের প্রায় অর্ধেক মানুষ দারিদ্র সীমার নিচে বাস করছে। পশ্চিমবঙ্গে যেমন ভূমি সংস্কার হয়েছে, দেশের অন্য কোথাও তেমন হয়নি।

শিল্পোৎপাদিত পণ্যের বাজার আমাদের দেশে তেজী হতে পারেনি। এবং পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার যে শিল্প নীতি এবং অন্যান নীতি গ্রহণ করেছেন, তার ফলে ভারতবর্ষের প্রায় ৫ লক্ষ ছোট-বড় কারখানা বন্ধ হয়ে গেছে। বিরোধী বন্ধুরা বললেন পশ্চিমবঙ্গে শিল্প হচ্ছে না। আপনাদের নিশ্চয় স্মরণ আছে—১৯৭৭ সালে কানাইলাল ভট্টাচার্য্য, শিল্পমন্ত্রী, তিনি হলদিয়া পেট্রোকেমিকেলসের জন্য লাইসেন্স চেয়ে আবেদন করেছিলেন। কিন্তু তা মঞ্জুর হতে লাগল ১১ বছর। তাহলে শিল্প হবে কি করে। শিল্পের এই অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় শিল্পমন্ত্রী যেসব কর্মদ্যোগগুলো নিয়েছেন, সেইগুলো পরিস্কার উল্লেখ করেছেন।

জুট ইন্ডাস্ট্রি নিয়ে বিরোধী বন্ধুরা কিছু কথা বলেছেন। আমাদের রাজ্যে চটকল বা জুট ইন্ডাস্ট্রির ইতিহাস ১০০ বছরের। ভারতবর্ষের ৭৪টি চটকলের মধ্যে পশ্চিমবাংলায় ৫৯টি। এর মধ্যে ১৫টি এখন বন্ধ আছে। জুট ইন্ডাস্ট্রিতে এখন প্রায় ২ লক্ষ কর্মচারী কাজ করেন। যে ১৫টি জুটমিল বন্ধ আছে, তাতে ৪০ হাজার কর্মচারী কর্মচ্যুত হয়েছে। আমাদের রাজ্যে ৪০ হাজার পাটচাষী আছে, তাদের পরিবার মিলিয়ে, পাট চাষে যারা যুক্ত, ক্ষেত মজুর, মুটিয়া, মজদুর, ভ্যানওয়ালা, সব ধরলে প্রায় ৩ লক্ষ মানুষ পাটের সঙ্গে সম্পর্কিত।

আজকে পাটের এমন হল কেন? আপনারা জানেন যে, স্বাধীনতার আগে পাট চাষের এলাকা ছিল পূর্ব পাকিস্তান। স্বাধীনতার পরে পাটকলগুলি এপারে থাকল এবং ওপারে থাকল পাটচাষের জমি। স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় সরকার বলেছিল ধানচাষ পরিবর্তন করে পাটচাষ করা হোক এবং খাদ্যের যে সংকট দেখা দেবে, সেটা কেন্দ্রীয় সরকার দায়িত্ব নেবে। কিন্তু কেন্দ্রীয় সরকার দায়িত্ব গ্রহণ করেন নি। স্যার, আমাদের রাজ্যে ১০০ লক্ষ পাটের গাঁট উৎপাদন হয়। কিন্তু লক্ষণীয় বিষয় হল যে, আমাদের রাজ্যে পাট চাষীরা বাজারে পাটের দাম পাচ্ছে না। যখন পাট

প্রথম ওঠে তখন ১৫০০ টাকা কুইন্টাল হচ্ছে পাটের দাম। এই পাট ওঠা শুরু হলে ৭০০-৮০০তে নেমে আসে। এই পাটচাষীদের বাঁচাবার জন্য যে জে. সি. আই. তৈরি হয়েছিল। সেই জে. সি. আই. ও এখন দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। ওরা ৪৩টি প্রোকিওরমেন্ট সেন্টার তুলে দিয়েছে। প্রকৃতপক্ষে তারা চটকল মালিকদের সাহায্য করছে। তারা কৃষকদের কাছ থেকে যে পাট কেনে টি. ডি. ফোর, সেটাকে টি. ডি. ফাইভ হিসাবে কিনে নেয় চটকল মালিকরা। জুট হাউসে পাট কেনা হয়। জুট হাউস সিস্টেম কি? আজকে বলতে চাই যে কিভাবে আমাদের পাট শিল্প ধ্বংস হয়ে যাচ্ছে। ১৫০০ টাকার পাটের কুইন্টাল, ১৫০০ টাকায় ঠিক হল। দালালরা তাদের কাছ থেকে মাল কিনবে ১৫০০ টাকায়। অথচ তারা ১৬০০ টাকার চেক দেবে। ওই যে বাকী ১০০ টাকা তাদের দিতে হবে। তার মানে প্রতি কুইন্টালে একশো টাকা করে চুরি করছে। ব্ল্যাক মানি নিয়ে নিচ্ছে। জুট ইন্ডাস্ট্রিতে ঢোকার আগে ব্ল্যাক হয়ে যাচ্ছে। আজকে জুট ইন্ডাস্ট্রিতে অবস্থা এই রকম হবে না কেন? আজকে জুট ইন্ডাস্ট্রিকে বাঁচানোর জন্য কোনও পদক্ষেপ নেই। আজকে জুটের বদলে সিন্থেটিক লবির দিকে ঝোঁক বেড়েছে। স্যার, এই ব্যাপারটা আরও ভয়াবহ। স্যার, এই ব্যাপারে যদি কোনও পদক্ষেপ না নেয়, তাহলে আগামী দিনে বিপদ আরও বাড়বে। স্যার, ব্যারাকপুরে যে জে. আর. আই. আছে, সেটা মানধাতার আমল থেকে পড়ে আছে।

[2-40 — 2-50 p.m.]

এখনও সেই একই অবস্থায় আছে। পাট উৎপাদনের দিক থেকে আমরা বেশি এগোতে পারি নি। আমরা ধান বা অন্যান্য ফসল এর উৎপাদন বাড়াতে পেরেছি, কিন্তু পাট উৎপাদন আমরা বাড়াতে পারি নি। কি করে পাটের উৎপাদন বাড়ানো যায়, সেকথা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকার উভয়কে ভাবতে হবে। জুট ইন্ডাস্ট্রি যদি আমরা রক্ষা করতে না পারি তাহলে পশ্চিমবাংলায় সমূহ বিপদ দেখা দেবে। আমার এলাকায় টায়ার কর্পোরেশন অব ইন্ডিয়া ৮৪ সালে জাতীয়করণ হয়েছিল। ১২৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছিল। ৮৬ সালে টায়ার প্রোজেক্ট ডিক্লেয়ার হয়। ওয়ার্কিং ক্যাপিটাল ৩০ কোটি টাকা দেওয়ার কথা ছিল। আজ পর্যন্ত সেই টাকা কেন্দ্রীয় সরকার দেয়নি। এর ফলে, ওয়ার্কিং ক্যাপিটাল না পাওয়ার ফলে টায়ার কর্পোরেশন, অ্যাপোলো, জে. কে. টায়ার, ডানলপ এই সমস্ত সংস্থাগুলোর কাছে টায়ার উৎপাদন করে বিক্রি করে দেয় এবং এর মধ্যে দিয়ে কারখানাগুলো

কোটি কোটি টাকা মুনাফা অর্জন করছে। টায়ার কর্পোরেশনের শ্রমিকরা আজকে নিরপত্তাহীনতার মধ্যে দিন কাটাচ্ছে। কল্যাণীতে ইনচেক টায়ার ছিল, বন্ধ হয়েছে। ট্যাংরার যে কারখানাটা সেটা নিয়ে আজকে দিল্লিতে আলোচনা চলছে সেটাও ক্লোজার হয়ে যাবে। স্বাভাবিকভাবে টায়ার কর্পোরেশন এর বিপদ দেখা দিয়েছে। এই কারখানা প্রতি মাসে ৫ হাজার টায়ার উৎপাদন করতে পারে এবং শ্রমিকরা ৩৮শো টায়ার উৎপাদন করে দেখিয়ে দিয়েছে। ৩৮শো টায়ার যদি ওই কারখানা উৎপাদন করতে পারে তাহলে প্রতি মাসে ৩ কোটি টাকা লাভ হতে পারে। কেন্দ্রীয় সরকার ৩০ কোটি টাকা দিল না। শুধু টাকা দিল না তাই নয়, কেন্দ্রীয় সরকার যদি দায়িত্ব নিত তাহলে ব্যাঙ্ক টাকা দিতে রাজী ছিল। কেন্দ্রীয় সরকার দায়িত্ব নিল না। টায়ার কর্পোরেশন এবং তার শ্রমিকরা সংকটের মধ্যে পড়বে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা প্রস্তাব আনছি, আমি বলতে চাই যে, আমাদের রাজ্য সরকার ইতিপূর্বে যে একশো কোটি টাকার ফান্ড নিয়ে রুগ্ন এবং বন্ধ শিল্পের সহায়তার জন্য এগিয়ে এসেছিলেন। আমাদের টায়ার কর্পোরেশনের জন্য ওই ১০০ কোটি টাকার ফান্ড থেকে ৩০ কোটি টাকা দেওয়া হোক। প্রতি মাসে ৩ কোটি টাকা প্রফিট হতে পারবে। রাজ্য সরকারের যে টায়ার প্রয়োজন সেই টায়ার যদি টায়ার কর্পোরেশন থেকে কিনে নেওয়া যায় তাহলে টায়ারের কারখানা একটা লাভজনক কারখানাতে পরিগণিত হতে পারে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমার এলাকার আরেকটি মিল হচ্ছে ডানবার কটন মিল। ১৫ বছরে ধরে বন্ধ হয়ে আছে। শ্রমিক সংখ্যা ৩ হাজার ৯শো। ৫.১১.২০০০ তারিখে মৌ সই হয়। সব ইউনিয়নগুলি ঐক্যমত্য হয়ে সই করে। ১৩.২. ২০০১ তারিখে মন্ত্রী মৃণাল ব্যানার্জির ঘরে সব ইউনিয়নগুলি সভা করে একমত হয়ে মিল খোলার জন্য। পশ্চিমবঙ্গ সরকার ২৭.২.২০০১ তারিখে ৭ কোটি টাকা বরাদ্দ করে, একশো কোটি টাকার ফান্ড থেকে। মালিক পক্ষ ২ কোটি ৩৫ লক্ষ টাকা জমা করে ওখানকার গাড়ুলিয়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, কেদার সিং। সে ২৬.৬.২০০১ তারিখে একটা বোর্ড মিটিং ডাকে, তিনি INTUC লিডার বলেন যে এফিডেবিট করার জন্য পারমিশন নিন এই বোর্ড মিটিং-এ যে ওই মিল ১ কোটি ৭৪ লক্ষ টাকা ট্যাক্স বাকি আছে। তার জন্য ওই মিলটি মিউনিসিপ্যালিটি নিয়ে নেয়। সেই মিলটির পাশাপাশি আরেকটি মিল আছে এবং সেই গৌরিশঙ্কর মিলটি চালু আছে। গৌরিশঙ্কর মিলের ১ কোটি টাকার উপর ট্যাক্স বাকি আছে। সেখানে মামলা হয়। ডানবার মিলটি যখন খোলার সময় হয়েছে যেটা ১৫ বছর যাবত বন্ধ ছিল তখন তাঁরা সেই মিলটির উপর সেই দরদ দেখান

নি। ওই মিলটির ৩ কোটি টাকা বাকি ছিল সি. ই. এস. সি.-র কাছে। গাড়ুলিয়া মিউনিসিপ্যালিটির উপর, সরকার এটাকে অ্যাডজাস্টমেন্ট করছে। আজকে এর দ্বারাই প্রকাশিত হয় যে আই. এন. টি. ইউ. সি., কংগ্রেস কি করতে চাইছে। এই ডানবার কটন মিলকে ওঁরা বন্ধ করে রাখতে চাইছেন। আজকে গৌরীশঙ্কর কটন মিলের কোয়ার্টার্লি ট্যাক্স ৩ লক্ষ টাকা, সেই ট্যাক্সকে কমিয়ে এটাকে ৭৪ হাজার টাকায় নিয়ে এসেছে। এতে মানুষের মনে প্রশ্ন দেখা দিয়েছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই এই ডানবার কটন মিলটি যাতে তাড়াতাড়ি খোলা যায় তার জন্য পদক্ষেপ গ্রহণ করুন। কারণ ৩৯০০ জন শ্রমিক কর্মচারী আজকে ১৫ বছর যাবৎ কর্মহীন হয়ে আছে। এই মিলটি খোলার জন্য সরকার উদ্যোগ গ্রহণ করেছে এবং ৭ কোটি টাকা দিয়েছে। কিন্তু তা সত্ত্বেও মিলটি খোলা যাচ্ছে না। আর এখানে এঁদের মুখে শুনতে হবে পশ্চিমবঙ্গের শিল্পের কথা। যে আই. এন. টি. ইউ. সি.-র লিডার মৌ-তে সই করলেন কারখানাটি খোলার জন্য। মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান হিসাবে হাইকোর্টে পিটিশন করলেন, এফিডেবিট করলেন, মৌ সই করলেন। চোরের মুখে রামনাম। পরে তিনিই আবার হাইকোর্টে পিটিশন দিয়ে এফিডেবিট করলেন, অবাক লাগে। আমাদের দেশে শিল্প ধ্বংস হওয়ার জন্য এই কংগ্রেস দায়ী, তৃণমূল কংগ্রেসই দায়ী। কংগ্রেস বিগত দিনের যে শিল্পনীতি গ্রহণ করেছিলো এবং বর্তমানে কেন্দ্রে বি. জে. পি. এবং এন. ডি. এ. জোট সরকার চালাচ্ছে যার মাধ্যমে গোটা দেশের ইন্ডাস্ট্রিকে শ্মশানে পরিণত করছেন। বিদেশ থেকে আমদানিকৃত পণ্য আমাদের দেশের বাজার ছেড়ে গেছে। ১৪০০-র বেশি নিত্য প্রয়োজনীয় জিনিস ভারতবর্ষে অবাধে ঢুকছে। আর এঁরা এখানে শিল্প গেল গেল বলে চিৎকার করছেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী মলয় ঘটক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রীর আনা বাজেট প্রস্তাবের বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাটমোশনের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আমার বক্তব্য শুধু করার আগে আমি আমার পূর্ববর্তী বক্তা শ্রী হরিপদ বিশ্বাস মহাশয় যে কথা বললেন আমি তার আসল তথ্যটা জানিয়ে দিই। তিনি তাঁর এলাকার যে কারখানাটির কথা বললেন সেই মিলটি লিকুইডেশনে আছে হাইকোর্টে। মাননীয় অর্থমন্ত্রী অসীম কুমার

দাশগুপ্তর এলাকার একটা কারখানা যেটা হাইকোর্টে লিকুইডেশনে আছে যেটা মে মাসে প্রতিষ্ঠিত হয়েছে, যার পেড-আপ ক্যাপিটাল মাত্র ১ লক্ষ টাকা, ক্যাশ ইন হ্যান্ড মাত্র ৩০ হাজার টাকা। সেই অসীমবাবু, হাইকোর্টে গিয়ে বলেছেন ওই কোম্পানিটি এই কারখানাকে দেওয়া হোক, তাহলে ৭ কোটি টাকা দেওয়া হবে। রাজ্যে একটা সরকার চলছে, কোনও টেন্ডার হবে না? রাজ্যের মানুষ জানবে না? রাজ্যের অন্যান্য ব্যবসায়ীরা জানবেন না যে যদি আমার কোম্পানিকে দেওয়া হয় তাহলে ৭ কোটি টাকা দেওয়া হবে। না হলে দেব না। এই জন্যই পশ্চিমবঙ্গের আজকে শিল্পের এই অবস্থা। মাননীয় মন্ত্রী বাজেট রেখেছেন, সেই বাজেটে তিনি দাবি করেছেন রাজ্যে 'গত ১০ বছরে ১৯৯১-২০০০ সাল পর্যন্ত যে কটি কারখানা পশ্চিমবঙ্গে অনুমতি পেয়েছে এবং সেই কারখানাগুলির যে কটি আজ পর্যন্ত চালু আছে তাতে ১১ হাজার লোক চাকরি পাবে।

তিনি দাবি রেখেছেন তাতে ভারতবর্ষের যে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ, তার থেকে নাকি আবার পশ্চিমবঙ্গর ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ বেশি। কিন্তু তিনি কোথাও লেখেননি এই ২৫৪১টা কারখানা, যে কারখানাগুলো পশ্চিমবাংলায় পার্মিশন পেয়েছে, টোটাল ভারতবর্ষের ১৯৯১ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত যতসংখ্যাক কারখানা পার্মিশন পেয়েছে শতাংশ হিসাবে সেটা হচ্ছে ৫.২ পার্সেন্ট। কিন্তু ঐ সময়ের মধ্যে যে কারখানাগুলো পশ্চিমবঙ্গে এসেছে তার সংখ্যা হচ্ছে ২.৫ পার্সেন্ট। কিন্তু তিনি বাজেটে এটা উল্লেখ করেন নি, বইয়ে এটা উল্লেখ করেন নি। মাননীয় অর্থমন্ত্রী বাজেট ভাষণে বলা হয়েছে, সারা ভারতবর্ষে ৪ কোটি বেকার। কিন্তু কোথাও লেখেননি এই ৪ কোটির মধ্যে পশ্চিমবাংলায় বেকারের সংখ্যা কত। পশ্চিমবঙ্গে বর্তমানে বেকারের সংখ্যা প্রায় ৬৫ লক্ষ। অর্থাৎ ৪ কোটির ৬ ভাগের এক ভাগ বেকার এখানে। ইউনিয়ন টেরিটিরি নিয়ে এখন রাজ্যের সংখ্যা ৩২। কিন্তু পশ্চিমবাংলা যে পিছিয়ে গিয়েছে, যাচ্ছে, এটা তিনি স্বীকার করতে চাইছেন না। আপনারা এই রাজ্যকে ২৫ বছর ধরে পেছনের দিকে নিয়ে গিয়েছেন। কিন্তু আসুন এই রাজ্যকে এগিয়ে নিয়ে যাই। যাতে শিল্পে উন্নতি করা যায় তার জন্য সচেষ্ট হই। স্যার আমার এলাকার কারখানার কথা বলব। উনি বাজেটের ১.৫, ১.৬ এবং ১.৭— তিনটি অনুচ্ছেদে বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রয়ত্ব উদ্যোগ সংক্রান্ত নীতি যথেষ্ট উদ্বেগজনক। কিন্তু এখানে রাজ্য সরকার নিয়ন্ত্রিত সংস্থার কথা বলা হয়নি। ১.৬-তে বলা হয়েছে, কেন্দ্রীয় সরকারেব ঔদাসীন্যে এম. এ. এম. সি., সাইকেল কর্পোরেশন অব ইন্ডিয়া, প্রভৃতি সংস্থা বন্ধ হয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের

কারখানগুলো বন্ধ হতে বসেছে। এটা কি শুধু কেন্দ্রীয় সরকারের দোষ, রাজ্য সরকারের দোষ নেই, রাজ্য সরকারের করার কিছু নেই? আমার এলাকায় ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি আছে। তারা ইস্পাত তৈরি করে। আরেকটা আছে কুলটিতে, সেখানে স্প্যান পাইপ তৈরি করে। স্প্যান পাইপ দিয়ে জল বা লিক্যুইড পদার্থ যায়। ৬ ইঞ্চি থেকে ৬ ফুট ডায়ামিটারের স্প্যান পাইপ কুলটি ওয়ার্কসে তৈরি করা হচ্ছে। এটা ভারতবর্ষের প্রথম লৌহ-ইস্পাত কারখানা। কিন্তু সেই কারখানা বহু দিন ধরে স্প্যান পাইপ বিক্রি করতে পারছে না, কেউ কিনছে না। এই স্প্যান পাইপ কেনে রাজ্য সরকার। কিন্তু রাজ্য সরকার সেটা এখন ওড়িষ্যার 'কলিঙ্গ স্টিল' থেকে কিনছে। অন্ধ্রপ্রদেশ নিজেরাই এই ইন্ডাস্ট্রি তৈরি করে নিয়েছে, তারা আমাদের ঐ কারখানা থেকে কিনছে না। আর পশ্চিমবঙ্গ সরকার 'মৌ' স্বাক্ষর করেছে ওড়িষ্যার ইলেকট্রো স্টিল কাস্টিং লিমিটেডের সঙ্গে। আমাদের রাজ্য সরকার 'মৌ' স্বাক্ষর করেছে যে যত স্প্যান পাইপ লাগবে ওড়িষ্যার ঐ কারখানা পশ্চিমবঙ্গকে দেবে। তাহলে পশ্চিমবঙ্গের কারখানা বন্ধ হবে না? আরেকটা বিষয় মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি। কোনও মাননীয় মন্ত্রী চুরি করেছেন এটা বলছি না। কিন্তু যেদিন 'মৌ' সই হয়েছে তার পরের বছরের যে ব্যালেন্স শিট, তাতে ঐ বছরের কোম্পানির মিসলেনিয়াস কস্ট ৩০ কোটি টাকা বেড়ে গেল। শুধু রাজ্য সরকারের সঙ্গে 'মৌ' সই করার পর কিভাবে এই সব জিনিস হয়? আপনি সেটা দেখবেন না? রাজ্যের একটা কারখানা বন্ধ হয়ে যাবে আর অন্য রাজ্যের প্রাইভেট কারখানা থেকে স্প্যান পাইপ কিনবেন?

বার্ন স্ট্যান্ডার্ড কোম্পানি ওয়াগান তৈরি করে। এখানে আপনাদের কয়েকজন সদস্য এব্যাপারে বললেন। প্রাক্তন রেলমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ঐ কারখানাকে ২৩ হাজার ওয়াগানের অর্ডার দিয়েছিলেন। কিন্তু আজকে সেটা কেটে ৫ হাজার করে দেওয়া হ'ল। এতে আমাদের কিছু করার নেই। কিন্তু রাজ্য সরকার এই সংস্থার ব্যাপারে কি করেছেন? রাজ্য সরকার কতগুলো টেন্ডার দিয়েছেন?

আমি স্যার টেন্ডার নম্বর বলছি। টেন্ডার নম্বর হচ্ছে—সিভিল ওয়ার্কস হুগলি (টু) অব ১৯৯৯-২০০০ টেন্ডার এল (ওয়ান) হয়েছিল বার্ণ স্ট্যান্ডার্ড কোম্পনি। এই বার্ণ স্ট্যান্ডার্ড কোম্পানিকে রাজ্য সরকার অর্ডার দেননি, তাকে বাদ দিয়ে একটা প্রাইভট কোম্পানিকে অর্ডার দেওয়া হয়েছে। এই বার্ণ স্ট্যান্ডার্ড কোম্পানি বহু জায়গায় রাজ্য সরকারের টেন্ডার কিনতে গেছে, কিন্তু টেন্ডার ইস্যু করা হয়নি

বার্ণ স্ট্যান্ডার্ড কোম্পানিকে। এগুলো রাজ্যসরকার দেখবেন না? ভারতবর্ষের মধ্যে কেন্দ্রীয় সরকারের প্রকল্পে সব থেকে বেশি লোক কাজ করতেন পশ্চিমবঙ্গে। কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলো শুধু কেন্দ্রীয় সরকারের জন্য বন্ধ হচ্ছে—একথা আমি সমর্থন করি না। কি করে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলো চালু রাখা যায় সেটা রাজ্য সরকারেরও দেখতে হবে। মাননীয় শিল্পমন্ত্রী দাবি করেছেন যে পশ্চিমবঙ্গে ১ কোটি কল-কারখানা হয়েছে। তিনি এমন ভাবে বাজেটে লিখেছেন যেন আজকে পশ্চিমবঙ্গে তিনি শিল্পের বন্যা বইয়ে দেবেন। কিন্তু প্রকৃত তথ্য হল পশ্চিমবঙ্গে ২৫৪১টি কল-কারখানার মধ্যে কর্ম সংস্থান হবে ১১ হাজার লোকের। অর্থাৎ প্রত্যেকটি কারখানা পিছু ২৬ জন বেকারের চাকরি হবে। একটা বড় দোকানে এর চেয়ে বেশি লোক কাজ করে। এই রাজ্যে ষষ্ঠ বার বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ২ মাসের মধ্যে ১৬টি জুট মিল বন্ধ হয়েছে এবং এর ফলে ৫৭ হাজার লোক বেকার হয়েছে। এই জুট মিলগুলো খোলার ব্যাপারে রাজ্য সরকারের ভূমিকা নেই? শুধু এন. ডি. এ. সরকার করছে বলে বসে থাকলে হবে? আজকে জুট মিলগুলো খোলার ব্যাপারে লড়াই করতে হবে, সেই লড়াই আমরাও করব। আজকে পশ্চিমবঙ্গ কোন অবস্থায় পৌঁছে গেছে সেই আসল তথ্যটা হয়তো আপনারা জানেন না। ১৯৯১ সাল থেকে ১৯৯৮ সাল পর্যন্ত বিভিন্ন কলকারখানায় যে ইনভেস্টমেন্ট হয়েছে তাতে পশ্চিমবঙ্গের স্থান নবম। সব থেকে বেশি ইনভেস্টমেন্ট হয়েছে গুজরাটে। গুজরাটে ইনভেস্টমেন্ট হয়েছে ৯৩ হাজার ৫৪৩ কোটি টাকা, তারপর মহারাষ্ট্রে ইনভেস্টমেন্ট হয়েছে ৮৭ হাজার ৩৯২ কোটি টাকা, অন্ধ্রপ্রদেশে ইনভেস্টমেন্ট হয়েছে ৪০ হাজার ৪৪৩ কোটি টাকা, উত্তরপ্রদেশে ইনভেস্টমেন্ট হয়েছে ৪৬ হাজার ৪২৩ কোটি টাকা, আর সেখানে ১৯৯৮ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে ইনভেস্টমেন্ট হয়েছে ১৪ হাজার ৯৭২ কোটি টাকা। যে ১৮টি রাজ্যে শিল্প আছে সেই ১৮টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ শিল্পে ১৫তম স্থানে আছে। অথচ আজ থেকে ৩০ বছর আগে শিল্পে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান ছিল প্রথম। তখন যেকোনও রাজ্যের থেকে পশ্চিমবঙ্গ শিল্পে এগিয়ে ছিল। সেই পশ্চিমবঙ্গ আজকে দিনের পর দিন পেছনের দিকে চলে যাচ্ছে। অনেক মিনিবাস কনডাক্টর বলেন, 'দাদা পিছনের দিকে এগিয়ে যান' ঠিক তেমনি বামফ্রন্ট সরকার রাজ্যের মানুষকে পিছিয়ে যান, পিছিয়ে যান বলছেন। এই রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী লক্ষ লক্ষ, কোটি কোটি খরচা করে ৬৫ বার বিদেশ গিয়েছিলেন পুঁজিপতি ধরে আনতে। তারপর বিদেশ থেকে যেদিন পুঁজিপতিরা কনকর্ড বিমানে করে কলকাতা বিমানবন্দরে নামলেন সেদিন

তাঁরা কি দেখলেন? সেদিন তাঁরা দেখলেন কলকাতার সমস্ত ডেইলি নিউজপেপারে হেড লাইনে বেরিয়েছে, মমতা ব্যানার্জি আক্রান্ত হয়ে প্রাণে বেঁচে গেলেন। যে পুঁজিপতিরা এসেছিলেন তাঁরা দেখলেন যে, যেখানে একজন এম. পি.-র প্রাণের দাম নেই সেখানে কোটি কোটি টাকা খরচা করে শিল্প প্রতিষ্ঠা করব? যে টাকা খরচা করব সেই টাকা জলে যাবে। সুতরাং পশ্চিমবঙ্গে শিল্পের উন্নয়ণ করতে গেলে আগে পশ্চিমবঙ্গে শান্তি স্থাপন করতে হবে। পশ্চিমবঙ্গে এমন অবস্থা সৃষ্টি করতে হবে যাতে শিল্পপতি, পুঁজিপতিরা মনে করেন যে, পশ্চিমবঙ্গে শিল্প প্রতিষ্ঠা করলে শিল্পে কোনও আঘাত আসবে না, শিল্পের মালিকদের উপর কোনও আঘাত আসবে না। হ্যাঁ, শিল্পের শ্রমিকদের ন্যায্য দাবি, লড়াই থাকবে। কিন্তু তার একটা সীমা থাকবে, সেই সীমা যতদিন বেঁধে দেওয়া না হচ্ছে ততদিন পর্যন্ত পশ্চিমবঙ্গে নতুন কোনও শিল্প স্থাপিত হতে পারে না। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত কাটমোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহোদয় দাবি নং ২৪, ৫৩, ৭৫, ৭৬, ৮৭, ৮৮, ৯৩ এবং ৯৪ অধীন যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। সাথে সাথে বিরোধীরা যে কাটমোশনগুলি নিয়ে এসেছেন তার বিরোধিতা করছি। আজকে এই বিতর্কে অংশ গ্রহণ করে বিরোধী দলের সদস্যরা যে মত প্রকাশ করলেন তাতে এটাই তাঁরা বলবার চেষ্টা করলেন যে, পশ্চিমবাংলার সব শিল্প নাকি ধ্বংস হয়ে গেছে! পশ্চিমবাংলায় শিল্পের কোনও উন্নতি হয়নি। পশ্চিমবঙ্গ পিছিয়ে গিয়েছে। তাঁদের বক্তব্য থেকে তাঁদের এই মতই প্রকাশ পেলো। যদি তাই হয়ে থাকে তাহলে তাঁদের কাছে আমার প্রশ্ন—এর জন্য দায়ী কারা? আমরা জানি দেশ ভাগের আগে পশ্চিমবঙ্গ গোটা দেশের মধ্যে শিল্পে প্রথম ছিল। শিল্পক্ষেত্রে পশ্চিমবঙ্গের একটা ঐতিহ্য ছিল। একটু আগে ফরোয়ার্ড ব্লকের মাননীয় সদস্য হরিপদ বিশ্বাস মহাশয় বলেছেন—দেশ ভাগের সময় চট শিল্পের সব কারখানাগুলি পশ্চিমবঙ্গের দিকে ছিল, আর পাট চাষের জমিগুলি সব পূর্ববঙ্গে ছিল। পরবর্তীকালে পশ্চিমবঙ্গে পাট চাষের ব্যাপক ব্যবস্থা হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের নীতির ফলে চট শিল্প দিনের পর দিন ধুঁকে ধুঁকে মরতে বসেছে। তাকে পুনরুজ্জীবিত করার জন্য কেন্দ্রীয় সরকার

কোনও পরিকল্পনা বা নীতি নির্ধারণ করেনি। আজকে কেন্দ্রীয় সরকার উদারীকরণ নীতি গ্রহণ করার ফলে দেশের সমস্ত রাষ্ট্রায়ত্ব শিল্প, কলকারখানাগুলি বেসরকারি শিল্পপতিদের কাছে বিদেশিদের হাতে বিক্রি হয়ে যাচ্ছে। এর পাশাপাশি বিদেশি শিল্পজাত পণ্য আমাদের দেশে চলে আসছে। বিদেশি শিল্পজাত এবং কৃষিজাত পণ্য যাতে আরো বেশি আমাদের দেশে বিদেশ থেকে আসতে পারে তার জন্য কেন্দ্রীয় সরকার আমদানি শুল্ক উঠিয়ে নিয়েছে। পক্ষান্তরে আমাদের দেশের উৎপাদিত ফসল এব্য অন্যান্য দ্রব্য বিদেশে রপ্তানি করার ক্ষেত্রে রপ্তানি শুল্ক বাড়িয়ে দিয়েছে। ফলে আমাদের দেশের তৈরি শিল্পজাত দ্রব্য বিদেশের বাজারে প্রতিযোগিতায় টিকে থাকতে পারছেনা। ফলে আমরা পিছিয়ে যাচ্ছি। এই অবস্থার জন্য দায়ী প্রথমে কংগ্রেসি সরকার এবং বর্তমানে এন. ডি. এ. সরকার। কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলেই আমাদের পশ্চিমবাংলায় কলকারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে। দীর্ঘদিন ধরে রাজ্যে শিল্প তৈরি করার অধিকার রাজ্য সরকারের হাতে ছিল না। আমাদের যেমন ছিল না, তেমন কোনও রাজ্য সরকারের হাতে সে ক্ষমতা ছিল না। লাইসেন্স দেয়ার অধিকার ছিল এক মাত্র কেন্দ্রীয় সরকারের হাতে। তার সাথে মাশুল সমীকরণ নীতি আমাদের রাজ্যে শিল্প তৈরির পথে বাধা হিসাবে দেখা দিয়েছিল। যার জন্য স্বাধীনতার পরবর্তীকালে আমাদের রাজ্যে শিল্প গড়ে উঠতে পারে নি। অবশেষে এই নীতির পরিবর্তন হয়েছে। পরিবর্তন হলে কি হবে, শিল্প গড়তে গেলে যে অর্থের প্রয়োজন, সেই অর্থের যোগান কে দেবে? সেই অর্থের যোগান না থাকায় এখন পর্যন্ত সঠিক পরিকাঠামো গড়ে তোলা যায়নি। বর্তমানে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে রাজ্যে শিল্পায়নের জন্য বহুমুখী প্রচেষ্টা নেয়া হচ্ছে। হরিপদ বিশ্বাস মহাশয় উল্লেখ করেছেন, ডঃ কানাইলাল ভট্টাচার্য্য এখানে প্রথম বামফ্রন্টের শিল্পমন্ত্রী ছিলেন। হলদিয়া পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রির জন্য তাঁর সময় থেকে আমাদের দীর্ঘ ১২ বছর অপেক্ষা করতে হয়েছিল, অনুমতি পাওয়া যায়নি। অবশেষে অনুমতি পাওয়া গিয়েছে। হলদিয়া পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে। এখন তাকে কেন্দ্র করে ডাউন স্ট্রিমে যে শিল্প বিকাশের সম্ভাবনা আছে তাকে আমাদের কাজে লাগাতে হবে। এই পরিস্থিতিতে শিল্পায়ন সম্প্রসারিত করতে বিদ্যুৎ এবং রাস্তাঘাটের উন্নতি দরকার। বিদ্যুৎ আছে, কিন্তু তার বন্টন ব্যবস্থাকে আরো উন্নত করার প্রয়োজন আছে। প্রস্তাবিত বলাগড় তাপ বিদ্যুৎ কেন্দ্র, সাগরদিঘি তাপ বিদ্যুৎ কেন্দ্র—এগুলি আমাদের তৈরি করতে হবে এবং এরজন্য রাস্তাঘাটের উন্নয়ন করতে হবে। দুর্গাপুর থেকে কলকাতা এক্সপ্রেস ওয়ে তৈরি হয়েছে। এরফলে দ্রুত যোগাযোগ ব্যবস্থা

হয়েছে। তেমনি প্রস্তাবিত হলদিয়া-ফারাক্কা জাতীয় সড়কের কাজ করতে হবে। এই জাতীয় সড়ক তৈরি হয়ে গেলে উত্তরবঙ্গ বিশেষ করে উত্তরাঞ্চলের সঙ্গে দক্ষিণ ভারতের যোগাযোগ হয়ে যাবে। সেই রাস্তা দিয়ে শিল্পজাত উৎপন্ন দ্রব্য এক প্রান্ত থেকে আর এক প্রান্তে নিয়ে যাবার সুযোগ ঘটবে। এখন পশ্চিমবাংলায় বিভিন্নভাবে অনেক নতুন নতুন কারখানা গড়ে উঠছে। তার পরিসংখ্যান দেওয়া আছে মাননীয় মন্ত্রিমহাশয়ের বাজেট বইতে। সল্টলেকে ইলেকট্রনিক্স কমপ্লেকস, ট্যানারি কমপ্লেক্স চর্মশিল্প নগরী এইরকম বহু ধরণের কলকারখানা তৈরি করা হচ্ছে। এই প্রসঙ্গে আমি বলব, শুধু শিল্পায়নের নামে শহরাঞ্চলের দিকে তাকালেই হবে না, গ্রামের দিকেও এগিয়ে যেতে হবে। আমাদের মুর্শিদাবাদ জেলা রেশম শিল্প ছিল। সারা পৃথিবীতে এই রেশম শিল্পের নাম ছিল। কিন্তু কেন্দ্রীয়সরকারের নীতির ফলে, সেরিকালচার দপ্তরের কোনও পরিকল্পনা না থাকার জন্য এই রেশম শিল্পটা মার খেয়ে যাচ্ছে। এখন আর তুঁত চাষ হচ্ছে না। মালদাতেও আগে তুঁত চাষ হতো। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে এইসব শিল্প বন্ধ হচ্ছে। এ ছাড়া কেন্দ্রীয় সরকারের উদারীকরণের ফলে আজকে চাইনিজ সিল্ক চলে আসছে কম দামে। কম্পিটিশনের বাজারে আমাদের এখানে সিল্কের যে প্রডাকশন কস্ট হচ্ছে তা কম্পিটিশনে দাঁড়াতে পারছে না। যারফলে আমাদের দেশের রেশম শিল্প মার খেয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে ট্যানারি কমপ্লেক্সের কথা বলেছেন। এখানে চর্মশিল্প নগরী তৈরি হচ্ছে। এই প্রসঙ্গে আমি বলতে চাই, আমার বাড়ি মুর্শিদাবাদ জেলায়। ভরতপুর সালারে কাঁচামাল পাওয়া যায়। মাননীয় মন্ত্রিমহাশয় জানবেন, কারণ মুর্শিদাবাদ এবং বর্ধমানের বর্ডারে ওনার বাড়ি। সুতরাং উনি সালার সম্পর্কে জানেন। সেখানে চামড়ার কোনও অভাব নেই। সালারের অবস্থান এমনিই, একদিকে বর্ধমান, বীরভূম এবং নদীয়া এই ৪টি জেলাকে কেন্দ্র করে সেখানে ট্যানারি করা গেলে ওখানে কাঁচামাল পাওয়া যাবে এবং তার সাথে সাথে কিছু লোকের কর্ম সংস্থানের ব্যবস্থা হবে। আমার জেলায় মনীন্দ্র বি. টি. মিল নামে একটি মিল আছে। আজকে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে সেই মিলটি বন্ধের পথে। আগে সেখানে ১২০০ কর্মচারী চাকরি করতো। কিন্তু কেন্দ্রীয় সরকারের গোল্ডেন সেক্ হ্যান্ডের নীতির ফলে কিছু কর্মচারীকে তাড়িয়ে দেয়। যেখানে ১২০০ কর্মচারী কাজ করতো আজ সেখানে ২৫০ কর্মচারী এসে ঠেকেছে এবং মিলটি যে কোনও সময়ে বন্ধ হয়ে যেতে পারে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই এই অবস্থার সৃষ্টি হয়েছে। ফারাক্কা তাপ বিদ্যুৎ কেন্দ্র যেটা তৈরি হয়েছে, সেটা যখন তৈরি হয় তখন কেন্দ্রীয় সরকারের নীতি

সেখানে গ্রহণ করা হয় যে তাপ বিদ্যুৎ কেন্দ্রটিকে ঘিরে ওখানে বিভিন্ন শিল্প তৈরি হবে, বিভিন্ন কলকারখানা তৈরি হবে এবং তারজন্য বহু জমি-জায়গা অ্যাকয়ার করা হয়। এখন সেইসব জায়গাগুলি পড়ে আছে ব্যবহৃত হচ্ছে না। ফারাক্কা তাপ বিদ্যুৎ কেন্দ্রে বিভিন্ন ধরণের কলকারখানা তৈরি হতে পারে, কারণ ওখানে বিভিন্ন ধরণের কাঁচামাল আছে, রাস্তাঘাট আছে, রেল-লাইন আছে, জল পথ আছে। সুতরাং সেখানে বিভিন্ন ধরণের কলকারখানা তৈরি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। আমাদের জেলায় বিশেষ করে নদীয়া এবং মুর্শিদাবাদের পলাশীর কাছে পলাশী সুগার মিল আছে। এই মিলের জমি হচ্ছে প্রায় ৩৩ হাজার বিঘা। সেই জমিতে আখ চাষ হয়। সেই মিলটি কিছুদিন আগে প্রায় বন্ধ হয়ে যায়। এখন ঐ মিলটি মিঃ খৈতান কেনে। কেনার পর আর সেখানে আখ চাষ করে না। কিছু জমিতে আখ চাষ করে আর বাদবাকি অর্থাৎ বেশিরভাগ জমি লিজ দিয়ে দিয়েছে। এই লিজ দেওয়ার পরিণাম হচ্ছে, বেকার কর্মীরা-কেউ রিটায়ার করলে আর নিয়োগ হচ্ছে না। ফলে সেখানে কোনও প্রডাকশন হচ্ছে না।

সেই ৩৩ হাজার বিঘা জমিতে যদি আখ চাষ হয় তাহলে সেখানে চিনির উৎপাদন বাড়তে পারে। এক সময় পলাশীর সুগার মিলে উন্নত মানের চিনি হত এবং সেই চিনি বিদেশে রপ্তানি হত কিন্তু সেই সুগার মিলটি এখন বন্ধের মুখে। তাকে দাঁড় করাবার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা জানি বিভিন্ন সময় সাহায্য করা হয়েছে এবং বিভিন্ন সুযোগ সুবিধাও দেওয়ার চেষ্টা করা হয়েছে কিন্তু সেই সুগার মিলটি ঠিকমতোন চলছে না। এই সুগার মিল এবং আমেদপুর সুগার মিলের জমিতে আখ চাষের জন্য চাষীদের সাহায্য করা দরকার এবং উৎসাহ দেওয়া দরকার এবং দেখা দরকার তারা জমি লিজ না দিয়ে যেন তাতে আখ চাষ করে। সেখানে আমরা দেখছি ধান, পাট চাষ করা হচ্ছে। এটা না করা হলে এবং আখ চাষ করা হলে নিজেদের জমির আখের উপর দাঁড়িয়ে এই সুগার মিলগুলি চলতে পারে। আমার এলাকায় ট্যানারি চালু করা এবং অন্যান্য শিল্পের জন্য উৎসাহ দিয়ে সেখানে যাতে শিল্প স্থাপিত হতে পারে তা দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। পরিশেষে আমি বেলডাঙ্গা সুগারমিলের কথাটা একটু বলব। এই সুগার মিলটি বন্ধ হয়ে যাওয়ার পর রাজ্যসরকার তা অধিগ্রহণ করেন। বলা হয়েছিল সেখানে বিট চাষ করে তার থেকে সুগার করা হবে। কিন্তু তা হয়নি। মিলটি বিক্রি হয়ে যায়। যে মালিক কিনেছিল সে বলেছিল সেখানে জুটের বাই প্রডাক্ট করা হবে। কিন্তু তাও হয়নি। মিলটির সমস্ত যন্ত্রপাতি সেই মালিক বিক্রি করে দিয়ে মিলটিকে ফাঁকা করে দিয়েছে এবং সেখানে একটা অচলাবস্থা চলছে। এ

দিকে দৃষ্টি দেওয়ার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে এবং বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী মইনুল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিল্প দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করা হয়েছে তার সম্পূর্ণ বিরোধিতা করে এবং বিরোধীদলের পক্ষ থেকে আনা সমস্ত কাটমোশন সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। এখানে মাননীয় সদস্যরা বলেছেন যে পশ্চিমবাংলায় আমরা শিল্পে পিছিয়ে যাচ্ছি। একদিকে যেমন এখানে রুগ্ন শিল্পের সংখ্যা বাড়ছে তেমনি অপর দিকে প্রতি বছর কোনও না কোনও কলকারখানা বন্ধ হচ্ছে। এখানে পুঁজিপতিরা নতুন করে টাকা লগ্নী করতে চাইছেন না। এরজন্য সরকারি দলের সদস্যরা কংগ্রেস দলকে দায়ী করছেন। এই প্রসঙ্গে আপনাদের মনে করিয়ে দিতে চাই '৭২ থেকে '৭৭ সালের কথা অর্থাৎ কংগ্রেস আমলের কথা। সেই সময় আমরা দেখেছি আজকে সরকারি দলে যারা আছেন তারা এখানকার শ্রমিকদের খেপিয়ে তোলার কাজটা সুন্দরভাবে করতেন। তারা শ্রমিকদের শিখিয়েছিলেন বলতে, 'দিতে হবে, দিতে হবে।' শুধু 'দিতে হবে' ছাড়া আর কোনও শ্লোগান তাদের ছিল না। ৭২ থেকে ৭৭ পর্যন্ত আপনারা শুধু চার্টার অব ডিমান্ড পেশ করেছেন। শুধু দাবি-দাওয়া আদায় করেছেন। আপনারা ওয়ার্কারদের, তাদের ন্যূনতম কাজ করতে হবে ৮ ঘন্টা, এই ওয়ার্ক কালচার শেখাননি। আজকে হঠাৎ করে আপনারা সেটা বুঝতে পেরেছেন এতদিন পরে। আমরা এর আগে শুনেছি, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পর্যন্ত বলেছেন, যেভাবে হোক ওয়ার্ক-কালচার ফেরাতে হবে। শুধু কথায় কথায় আন্দোলন করে কিন্তু এটা হবে না। আপনারা নিশ্চয়ই জানেন যে, আজকে প্রায় ৬৫,০০০ কলকারখানা বন্ধ ছোট-বড় মিলিয়ে। আজকে আমরা জানি, মাননীয় শিল্পমন্ত্রী ২০০১-০২ সালের জন্য ১৯ কোটি ৪১ লক্ষ ৫০ হাজার এই যে টাকাটা ধরেছেন এবং বন্ধ ও রুগ্ন কারখানাগুলির ব্যাপারে সাহায্য করবার জন্য যে পরিকল্পনা গ্রহণ করেছেন, আমার মনে হয় বাস্তবের সঙ্গে এর কোনও মিল নেই। আপনি ঐসব বন্ধ কলকারখানা এবং রুগ্ন কলকারখানা জমি এবং সম্পত্তি বিক্রি করে সেই টাকায় ঐসব কলকারখানাগুলিকে পুনরুজ্জীবিত করবেন বলে যা ভেবেছেন, আমার মনে হয় না সেটা আপনি পারবেন। যে টেকনোলজি ৫০ বছর আগে ছিল সেই টেকনোলজি দিয়ে যে বর্তমানের কাজ করা সম্ভব নয়, নতুন টেকনোলজি প্রয়োজন, সেটা

মাননীয় মন্ত্রী বুঝতে পেরেছেন। সেটা যদি করতে হয় তাহলে ঐ সামান্য টাকা দিয়ে কিছু হবে না, ঐ জমি বিক্রি করেও কিছু হবে না আপনাদের। আজকে ঐ সমস্ত কলকারখানা খুলতে গেলে অন্তত কয়েক হাজার শ্রমিককে ছাঁটাই করতে হবে। সেক্ষেত্রে প্রথম বাধা আপনি আপনার দল থেকে পাবেন। আপনার সেই ক্ষমতা নেই যে আপনি ছাঁটাই করে সেটা করবেন। সেটা পারবেন না। তাই দয়া করে বাস্তব কথাটা বলুন। আমরা জানি যে আজকে, বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় একজন মাননীয় সদস্য ফারাক্কা তাপ বিদ্যুৎ কেন্দ্র সম্পর্কে বলছিলেন। আমি ওখানকার সদস্য। ওটা ২১০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র। সেখানে ২১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হচ্ছে, অথচ রাজ্য সরকার তাদের বিদ্যুৎ নিচ্ছেন না, কারণ আপনাদের নাকি বাড়তি বিদ্যুৎ রয়েছে। আপনাদের নাকি বিদ্যুতের প্রয়োজন নেই। আপনারা সেখানে ১৯৭৭ সাল থেকে পঞ্চায়েত, বিধানসভা, লোকসভা এবং মিউনিসিপাল ইলেকশনে, প্রতিটি ইলেকশনে দেওয়াল লিখন লিখছেন—ফারাক্কায় শিল্প গড়ে তুলতে কাস্তে-হাতুড়ি-তারায় ছাপ দিন। কেন্দ্রীয় সরকার সেখানে থার্মাল পাওয়ার স্টেশন তৈরি করেছেন, কিন্তু রাজ্য সরকার কি কোনও উদ্যোগ নিয়েছেন সেখানে শিল্প গড়ার? কোনও উদ্যোগ আপনাদের তরফ থেকে নেওয়া হয়নি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই, এটা আপনার জানা দরকার, সেখানে চিমনী থেকে যে ছাই বেরোয় সেই ছাই থেকে অ্যাসবেস্টর তৈরি হয়, ঐ ছাই-এর সঙ্গে কেমিক্যাল মিশিয়ে ওয়াশিং পাউডার তৈরি হয়, অ্যালাম তৈরি হয়। আজকে ফারাক্কা থেকে সেই ছাই গৌহাটি অর্থাৎ আসামে যায়।

কিন্তু কোনও উদ্যোগ গ্রহণ করা হয় নি। সরকার কোনও উদ্যোগ গ্রহণ করেন নি। আজকে এটা জানা দরকার। মুর্শিদাবাদ জেলাতে আপনাদের রেশম ফ্যাকটারি করার জন্য বহুবার বলেছি, মন্ত্রিমহাশয় সেখানে গিয়ে বহুবার মিটিং করে বলেছেন জমি দেখতে। বহু জমি আছে ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টের, তাদের অনেক বাড়তি জমি আছে। সেই অধিগ্রহণ করতে রাজ্য সরকারের কোনও অসুবিধা নেই। কিন্তু আপনারা সেখানে রেশম ফ্যাক্টারি করেন নি। আপনাদের জানা দরকার মুর্শিদাবাদ জেলায় নূতন করে কোনও ফ্যাক্টারি করার পরিকল্পনা নেই। যেগুলি ছিল সেই নষ্ট হয়ে গেছে। কাঁসার বাসন, খাগড়া বিখ্যাত জায়গা সেই শিল্প মৃত। সোলা খাদি এই শিল্পগুলি সব মৃত। এই শিল্প গুলিকে বাঁচাবার কোন উদ্যোগ রাজ্য সরকারের পক্ষ থেকে করা হয়নি। শুধু তাই নয় ভাগীরথী দুগ্ধ প্রকল্প, আপনারা জানেন কয়েক দিন আগে সাংসদ নিজে অনশন করেছেন এই দুগ্ধ প্রকল্পকে বাঁচাবার জন্য।

আপনাদের সরকারের গাফিলতির জন্য এটা বন্ধ হতে চলেছে। আজকে তাই এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে বিরোধী দলের আনা কাটমোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, শিল্প এবং বাণিজ্য দপ্তরের ব্যয় বরাদ্দ মঞ্জুরিকে আমি সমর্থন জানাই। বিরোধীদের আনা কাটমোশনগুলির আমি বিরোধিতা করছি। বর্তমান ভারত সরকার যে নীতি গ্রহণ করেছেন কিংবা অতীতের কংগ্রেস জামানায় যে মাসুল সমীকরণ প্রথা চালু ছিল তার ফলে পশ্চিমবাংলার শিল্প এবং বাণিজ্য দুটই মার খেয়েছে দারুন ভাবে। আপনারা জানেন পশ্চিমবাংলায় খনিজ সম্পদ অফুরন্ত, ইস্পাত শিল্পর অবস্থা ভাল ছিল। আমাদের রাজ্যের উপর যখন মাসুল সমীকরণ প্রথা জারি ছিল তখন আপনারা জানেন আমরা কি ভাবে বঞ্চিত হয়েছি। লাইসেন্স প্রথা থাকার ফলে পশ্চিমবাংলার শিল্পায়নের গতি তারা রুদ্ধ করে দিয়েছিল। শিল্পতে রাজ্যের হাত নেই, শিল্প কেন্দ্রীয় সরকারের অধীনে ছিল। আর বর্তমানে কেন্দ্রীয় সরকারের নীতি ১৯৯১ সালে কংগ্রেস সরকার মুক্ত বাণিজ্যের নাম করে বিশ্ববাণিজ্য সংস্থার জন্য উদার নীতি, খোলা বাজার, বাজারী অর্থনীতি আর্থিক কর্মসূচির যে নীতি তাঁরা গ্রহন করেছিলেন এর মোদ্দা কথা হলো কর্মী বিহীন, জবলেস গ্রোথ। তার ফলে আমাদের দেশে শিল্প কারখানা ধুঁকতে শুরু করলো এবং একটার পর একটা কারখানা উঠে গেল। আপনারা লক্ষ্য করুন আমাদের এখানে শিল্প পুনর্গঠন মন্ত্রী রয়েছেন, শিল্পকে বাঁচাবার জন্য একজন মন্ত্রী রয়েছেন। আর কেন্দ্রে শিল্পে বিলগ্নিকরণ করার জন্য অর্থাৎ রাষ্ট্রায়ত্ব সংস্থা বিক্রি করে দেবার জন্য একজন মন্ত্রী রয়েছেন। এই মৌলিক পার্থক্যের জন্য পশ্চিমবাংলার যে সম্ভবনা ছিল তাতে প্রতিকুলতার মধ্যে দিয়ে চলতে হচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় শিল্পোন্নয়নের জন্য প্রচেষ্টা শুরু করেছি। বিরোধি সদস্যারা যদি এই বাস্তব সত্যটাকে অস্বীকার করেন তাহলে তাঁরা ভুল করবেন।

আপনারা লক্ষ্য করুন যে, এখানকার বার্ণ, টেক্সম্যাকো, জেশপ প্রভৃতি কারখানার হাজার হাজার শ্রমিক রয়েছে। এইসব কারখানায় আমরা আগে যেখানে ওয়াগনের অর্ডার পেতাম, এই বছর সেই ওয়াগনের অর্ডার কমিয়ে দিয়েছে, মাত্র পাঁচ হাজার ওয়াগনের অর্ডার দিয়েছে। তাহলে সেই কারখানা থাকবে? শুরু করবে কি ভাবে? এক সময়ে আমাদের এখানে চটশিল্প রমরমা অবস্থা ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার

১৯৯২ সালে এখানকার এন. জে. এম. সি.-র সঙ্গে চুক্তি করে সেই কারখানাগুলোকে, যে ছ'টি কারখানা রয়েছে সেগুলোকে ওয়াইন্ডিং আপ করার চেষ্টা করেছিল। আজকে কারখানার আধুনিকিকরণের নামে যে টাকা পাওয়া যায়, মালিকরা তা থেকে মুনাফা করেছে। ছ'টি চটকলকে কেন্দ্রীয় সরকার ওয়াইন্ডিং আপ করার জন্য ১৯৯৪ সালে একটা ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল। তাতে চুক্তির শর্ত ছিল এন জে এম সি রাষ্ট্রায়ত্ত হিসাবেই থাকবে, এন জে এম সি-র পুনরুজ্জীবনে ও আধুনিকিকরণে ইউনিয়ন পূর্ণ সহযোগিতা করবে, আধুনিকিকরণের পর দৈনিক উৎপাদনের লক্ষ্যমাত্রা হবে ৩৭৫ মেট্রিক টন এবং টন পিছু শ্রমিক কর্মচারীর সংখ্যা হবে ৪০-৫০ জন, প্রতিটি মিলের মেশিন অডিট সম্পূর্ণ করা হবে এবং সরকার পরিচালকমন্ডলিকে ঢেলে সাজাবার জন্য ব্যবস্থা গ্রহণ করবে। আজকে ছ'বছর হয়ে গেল, কিন্তু সেই চটকলগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য কোনও চেষ্টাই তারা করছে না। বরং ওয়াইন্ডিং আপ করে দিয়েছেন। আমরা চটকল শিল্পে দেখি, কোথাও কোথাও দুঃখজনক ঘটনা ঘটছে। এরজন্য কে দায়ী, কারা দায়ী? পি. এফ.-এর টাকা, ই. এস. আই.-এর টাকা কেন জমা পড়ছে না, এগুলো দেখতে হবে না? যেহেতু এখানে বামফ্রন্ট সরকার রয়েছে, সুতরাং তাকে তীব্র সমালোচনা করতে হবে? আমরা জানি যে, পশ্চিমবাংলায় ১৯টি যে অধিগৃহীত কারখানা রয়েছে—৪টি আমাদের আগে ছিল—সেগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য তারা বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন। তারা সেগুলিকে আধুনিকিকরণ করে অথবা অন্যভাবে ম্যানেজমেন্টকে আরও স্বচ্ছ করে আরও লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করবার চেষ্ঠা করছেন। কয়েকটি ক্ষেত্রে আমরা ইতিবাচক দিক লক্ষ্য করতে পারছি। আপনারা দেখেছেন, লাইসেন্স প্রথা থাকার ফলে পশ্চিমবাংলায় ১৩ বছর ধরে আমরা হলদিয়া পেট্রো রসায়ন করতে পারিনি। কিন্তু এখন আমরা হলদিয়া পেট্রো কেমিকেল কমপ্লেক্স চালু করেছি এবং তার ডাউন স্ট্রিমও হয়েছে। আপনারা শিল্প পরিকাঠামো, রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয় জলের সমালোচনা করেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সেদিকে সজাগ দৃষ্টি রেখে লাগাতার ভাবে সেই প্রচেষ্টা করে যাচ্ছে। পশ্চিমবাংলায় যাতে শিল্প আসে, তারজন্য পরিবেশ রক্ষা, রাস্তাঘাটের উন্নতি করার জন্য দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছে। আমাদের এখানকার শ্রমিক কর্মচারিদের মাঝখানে আমরা বলেছি, আমাদের আন্দোলন হবে শান্তিপূর্ণভাবে। আমাদের লড়াই হবে অন্যায়-এর বিরুদ্ধে। সেদিক থেকে এই বাজেটকে আমি সমর্থন জানাই এবং সেই আশারাখি যে আগামীদিনে পশ্চিমবঙ্গকে আমরা শিল্পে প্রথম স্থান দিতে পারব। এই বিশ্বাস রেখে, সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী তমোনাশ ঘোষ ঃ** চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে আজকে এই ব্যয় মঞ্জুরির বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনগুলোকে সমর্থন জানিয়ে এই সভায় দু'একটি কথা বলার চেষ্টা করছি। আজকে আমরা এই সভায় আলোচনা করছি, যেদিন থেকে বাজেট শুরু হয়েছে, সেদিন থেকে আলোচনায় অংশগ্রহণ করছি। যেহেতু আমরা বিরোধিরা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করি। সেই বিশ্বাস রেখেই একটু বোরফিল করছি যে, আমাদের বলতে হবে তাই বলছি, রেকর্ড করার জন্য বলতে হচ্ছে। কিন্তু আমাদের বলাতে কতটাই বা কর্ণপাত করছেন মাননীয় মন্ত্রী নিরুপমবাবু, কতটাই বা শুনবেন জানি না। কারণ আমরা জানি আপনারা মানুষের ভোট ক্ষমতায় আসেন নি। আপনারা ভোটের দিন একটা ওয়ান ডে ম্যাচ খেলেন। সেই ওয়ান ডে ম্যাচের যে পরিনতি, সেই পরিনতিতেই আপনারা ক্ষমতায় আসেন। তাতে শিল্প জাহান্নামে যাগ কি গোটা পশ্চিমবঙ্গ এগিয়ে গেল এই তোয়াক্কা আপনারা করেন না। আপনারা জানেন বাংলার মানুষের কাছে জবাব দিহির দায়বদ্ধতা আপনাদের নেই। এই প্রসঙ্গে আমি একটা ছোট্ট ঘটনার কথা বলব। আজকে শিল্প ব্যাণিজ্যমন্ত্রী তার বাজেট বইয়ে বলেছেন শিল্পে পশ্চিমবঙ্গ এগিয়ে যাচ্ছে। একটি সত্য ঘটনা বলি ট্রেজারি বেঞ্চের বন্ধুদের—আপনাদের নেতা ডঃ অশোক মিত্র বলেছিলেন কমিউনিস্টরা ভদ্রলোক হন না। এই কথা কিন্তু আমাদের নয়, আপনাদেরই নেতা ডঃ অশোক মিত্র বলেছিলেন যে কমিউনিস্টরা ভদ্রলোক হন না। আর পরবর্তী সুভাষবাবুও বলেছেন যে, দলটাতে অর্দ্ধশিক্ষিততে ভর্তি হয়ে গেছে। কাজেই শিল্পের ব্যাপারে বুঝতে পারবে না, লেখা-পড়া কম তো, আপনারা অধৈর্য হবেন না, মন দিয়ে শুনুন। আজকে শিল্প নিয়ে আলোচনা করতে গিয়ে গোটা পশ্চিমবঙ্গের দিকে তাকালে শিল্পের অগ্রগতি কোণায় আমরা তো দেখতে পাচ্ছি না। এই শিল্পের এই অবস্থা দেখে আগে শিল্পমন্ত্রী বিদ্যুৎ গাঙ্গুলি তার জ্বালায় নিজের ঘরে বসে আগুনে আত্মহত্যা করেছিলেন। নিরুপমবাবু অত্যন্ত ভদ্রলোক, তিনি দলের বদন্যতায় চলেন না। তিনি অন্তত মনে হয় পশ্চিমবঙ্গে শিল্পে কিছু করতে পারবেন। কিন্তু যদি কিছু করতে না পারেন তাহলে আপনার পরিণতিও বিদ্যুৎবাবুর মতো শেষকালে হবে একথা বলে রাখলাম। সুতরাং এইদিকে বিশেষ নজর দেবেন। একটা কথা বিশেষভাবে বলতে চাই ইলেকশনের আগে বরানগরে জুট মিলে গুলি চলেছিল। ওই গুলিতে মালিক মরে নি, মরেছিল শ্রমিক পক্ষের, জনৈক একজন শ্রমিক ওই গুলিতে মারা গেছিল। মারা যাবার ঘটনার তিন

দিন পরে আপনাদের সি আই টি ইউ সি-র শ্রমিক সংগঠন, যারা কেবল বলে বেড়ান, 'দুনিয়ার মজুদর এক হও', ওঁনারা সব মজুরের ইজারা নিয়েছেন কিন্তু শুধুই বিভাজন হয়ে যাচ্ছে। ওই সিটু একটা মিটিং ডেকেছিল তাতে দুজন ব্যক্তি উপস্থিত ছিলেন—ওই দুজনের মধ্যে একজন হচ্ছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী কমরেড জ্যোতি বসু এবং বর্তমান মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য। সেখানে যে কথা বলেছিলেন সেটা আমাদের কথা নয়, আপনাদেরই নেতা, তাঁর কথা। সেখানে গুলি চলার তিন দিন পরে সিটু প্রতিবাদ সভা ডাকলেন, তাতে কমরেড জ্যোতিবাবু প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং বর্তমান মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু ছিলেন। সেই সভাতে জ্যোতিবাবু একটা উক্তি করলেন যে, গত ২৪ বছরে এই রকম ঘটনা পশ্চিমবঙ্গে কোনওদিন হয় নি। বুদ্ধদেববাবুকে সেদিন ওই কথাটা হজম করতে হল যে ২৪ বছরে যে ঘটনা হয় নি, আজকে তা শুরু হয়েছে। বুদ্ধদেববাবুকে সেদিন হজম করতে হল কিন্তু তার প্রতিশোধ তিনি সাত দিন বাদেই নিলেন। অম্বুজা সিমেন্টের ফ্যাক্টরি ওপেন করতে গিয়ে হাওড়াতে, সেখানে বুদ্ধবাবু এবং জ্যোতিবাবু ছিলেন, সেখানে বর্তমান মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু বললেন যে, ২৪ বছরে পশ্চিমবঙ্গে কোনও শিল্পের উন্নতি হয় নি। আমার সময় থেকে শিল্পের উন্নতি শুরু হল। তাহলে বোঝাই যাচ্ছে এতোদিন কোনও শিল্পের উন্নতি হয়নি। এটা তো আর আমাদের কথা নয়, বুদ্ধদেববাবুর কথা। অম্বুজা সিমেন্ট কারখানা ওপেন করতে গিয়ে একথা বলেছেন। সুতরাং ২৪ বছর ধরে পশ্চিমবঙ্গে কিছুই হয়নি, শুধু কেন্দ্রের বঞ্চনার কথা পশ্চিমবঙ্গের মানুষের কাছে শুনিয়ে এসেছেন এবং রাজ্যকে দেও আর্থিক ক্ষমতা দিতে হবে এই কথা দেওয়ালে দেওয়ালে লিখে ভর্তি করেছেন।

এইটা বুঝতে আপনাদের ৫/৬ বছর চলে গেল। বামফ্রন্ট যখন প্রথম দায়িত্ব পেয়েছিল তখন শিল্প ছিল পশ্চিমবাংলায় চতুর্থ স্থানে। আপনারা দায়িত্ব পেয়ে সেটা ২৫ বছরে নামিয়ে নিয়ে এলেন ১৭তম স্থানে। আর বলতে শুরু করলেন কি, যে কেন্দ্রের বঞ্চনা। আপনাদের আমলে সেই ইস্যুর পরে আবার বলতে শুরু করলেন রাজ্যের হাতে অধিক ক্ষমতা চাই। রাজ্যের হাতে অধিক ক্ষমতা পেয়েছেন। এখন আবার যেন নুতন এসেছেন, এসে বলছেন উদার অর্থনীতির জন্য পশ্চিমবাংলায় শিল্পে সংকট। আপনারাই বলছেন শিক্ষকদের চাবুক মেরে সিধে করে দেব। শিক্ষকদের প্রাইভেট টিউশান চলবে না। শিল্পমন্ত্রীর মন ভাল, মন পরিস্কার, কিন্তু আপনাদের দল যে ভাবে আপনাদেরকে তৈরি করে পাঠায় যে ভাবে কথা বলতে বলেন সেইভাবে বলেন। আমার দৃঢ় বিশ্বাস, আপনি আপনার দলের বাইরে যেতে পারবেন

না। কালকে এখানে মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু বলছিলেন, ঘেরাও জঙ্গী আন্দোলন করতে দেব না। আমি জানতে চাই, বুদ্ধবেদবাবু তো এখানে ছিলেন সরকার ২৪ বছর ধরে, আমি এই সংখ্যাতত্ত্বের মধ্যে যেতে চাইছি না, কিন্তু বুদ্ধদেব বাবুর এই সরকারের আমলে ঘেরাও, হরতাল এই দুটো জিনিস প্রতিষ্ঠিত হয়ে গিয়েছিল। এটাকে তো স্বীকার করেন? আজকে তাহলে কি আপনারা সত্যি কথা বলছেন ২৫ বছর ধরে যা চলছিল তা ঠিক নয়? এটা কি মনের কথা? তখন তো আপনারাই এখানে ছিলেন, কংগ্রেস বা তৃণমূল ছিল না পশ্চিমবাংলার সরকারে। পশ্চিমবাংলায় এটাই প্রমাণ হচ্ছে, বুদ্ধদেববাবুর কথায় পশ্চিমবাংলা শিল্পক্ষেত্রে পিছিয়ে গিয়েছে। যেহেতু ঘেরাও, জঙ্গী আন্দোলন, ট্রেড ইউনিয়ন আন্দোলন, সিটুর আন্দোলন হচ্ছে তার জন্যই পশ্চিমবাংলার শিল্পে অধঃপতন হচ্ছে। পশ্চিমবাংলার শিল্পের অবস্থা খারাপ, এর আগে তো এখানে বামফ্রন্ট সরকার ছিল ২৪/২৫ বছর ধরে রাজত্ব করছে, কংগ্রেস বা তৃণমূল কংগ্রেস তো সরকারে ছিল না, আপনারাই তো এর আগে দায়িত্বে ছিলেন, আজকে সমস্ত কথাগুলি এমনভাবে বলার চেষ্টা করছেন, যেন নতুন করে বলার চেষ্টা করছেন। একটা কথা কিছুদিন আগে বলবার চেষ্টা করেছিলেন '৯৯ সালে রায়চকে—পশ্চিমবাংলার গন্তব্য স্থল বলে একটা সেমিনার করেছিলেন। সেখানে কিছু বড় বড় বিদেশি শিল্পপতিদের ডেকে এনেছিলেন। একবার বলছেন কেন্দ্রের উদার অর্থনীতির জন্য শিল্পে সংকট, উদার অর্থনীতির বিরোধিতা করছেন আবার তাদেরকেই ডেকে আনছেন কোন উদার অর্থনীতির জন্য? এখানে বিদেশি শিল্পপতিদের আনার চেষ্টা করছেন আপনারা, তার জন্য সোমনাথবাবু বছর বছর টাকা খরচ করে বিদেশে যাচ্ছেন, ঘুরছেন হংকং ব্যাঙ্কক, তাইওয়ান, রাশিয়া, চিন, লন্ডন। কিন্তু কি করছেন? কোটি কোটি টাকা খরচ করছেন, গাদা গাদা অফিসার নিয়ে যাচ্ছেন সঙ্গে করে। পশ্চিমবাংলার মানুষের এই ট্যাক্সের টাকায় আপনারা বলছেন বিদেশি ধরে এনে শিল্পপ্রতিষ্ঠান করবেন এখানে। আমার প্রশ্ন হচ্ছে, আপনারা এখানে স্ববিরোধিতায় ভুগছেন কিনা দেখুন। আপনারা কখনও বলছেন কেন্দ্রের বঞ্চনা, আবার বলছেন উদার অর্থনীতি দায়ী, আবার বিদেশি শিল্পপতিদের ডেকে আনছেন। আপনারা আবার জাপানকে এখানে আনছেন ব্রিজ করার জন্য। আমি জাপানে গিয়েছিলাম, আমার সঙ্গে সুব্রত বক্‌সিও ছিল, সেখানে সম্মেলনে গিয়েছিলাম, সেখানে মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু ছিলেন, সেখানকার কর্মসংস্কৃতি আমরা দেখেছি। জাপানের যেটা সবচেয়ে বড় ক্ষতিকারক দিকে আছে, যারা জন্য বিশ্বে কোথাও ওদের নিচ্ছে না, সেটা আমি পরে বলছি। দ্বিতীয় বিশ্বের

দেশগুলি একমাত্র নিচ্ছে। আপনারা বলেছেন, উদার অর্থনীতির জন্য শিল্প বাধাপ্রাপ্ত হচ্ছে। সেই অর্থনীতিকে চাঙ্গা করার জন্য জাপানি সংস্থাকে ডেকে আনছেন। যাতে বিদেশি পুঁজি এখানে লগ্নী হয়।

শিল্পের উন্নতি করতে হবে এই কথাটা ভাবতেই আপনাদের পঁচিশ বছর লেগে গেল। আজকে সাধুপুরুষ সেজে সগতোক্তি করছেন আমাদের ভুল হয়েছে আপনাদের এটা ঠিক না ভুল, এই পরিণামটা কাদের ক্ষতিগ্রস্থ করছে। পশ্চিমবঙ্গের মানুষকে ক্ষতিগ্রস্থ করছে। অনেক বামপন্থী নেতা, এক গাল দাঁড়িওয়ালা আমার বাঁ পাশে বসে আছেন, তাদের বলি—ছেঁড়া কাপড়, টালির চালের মানুষদের প্রতি আপনাদের এত অবজ্ঞা কেন। আজকে সেই ছেঁড়া কাপড়, টালির চালের নেত্রী পশ্চিমবাংলার মানুষের উন্নতির জন্য লড়াই করছেন। আজকে আপনারা পশ্চিমবাংলাকে এইভাবে ধ্বংস করে দেবেন না। আগে এই বামফ্রন্ট সরকার ঠিক করুন তারা এই উদার অর্থনীতির বিরোধিতা করবেন, না উদার অর্থনীতিকে নিয়ে এসে পশ্চিমবাংলার মানুষের উন্নতি করবেন। না, আপনাদের সমস্তটাই ভাঁওতা। তাই আপনাদের বলি, রাজনীতির উর্দ্ধে উঠে প্রকৃত অবস্থা অনুধাবন করে পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যেতে হবে। যেভাবে অন্ধ্রপ্রদেশ এগিয়ে যাচ্ছে, চোর লালু প্রসাদের সরকার একটা খৈনী কোম্পানি করেও বিহারকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে। তাই এই ব্যয় মঞ্জুরির বিরোধিতা করে এবং আমাদের আনীত কাটমোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় চেয়ারম্যান. স্যার, মাননীয় শিল্প বাণিজ্যমন্ত্রী ২০০১-২০০২ সালের জন্য যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং কাটমোশনের বিরোধিতা করছি। আমি সমর্থন করছি এই কারণে, পশ্চিমবাংলায় শিল্প স্থাপন করার ক্ষেত্রে যে জোয়ার সৃষ্টি হয়েছে সেই জোয়ারকে আরও গতিশীল করার জন্য, আরও উন্নত করার জন্য জনগণের মধ্যে একটা কর্মসংস্থানের ব্যাপক ব্যবস্থা করা হয়েছে, তাই এই বাজেটকে আমি সমর্থন করছি। আমরা আশা করেছিলাম বিরোধী পক্ষের সদস্যরা আত্মসমালোচনা করবেন। কেননা তারা দীর্ঘদিন ক্ষমতায় থেকেও—কেন্দ্রে এবং রাজ্যে শিল্প স্থাপন করতে পারেননি। কিন্তু তারা সেই আত্মবিশ্লেষণ করলেন না। হলদিয়া পেট্রোকেমিকেলের অনুমোদন দিতে কেন বারো বছর লাগল, ইলেকট্রনিক্স কমপ্লেকসের অনুমে'দন দিতে কেন তাদের তেরো বছর

লাগল, বক্রেশ্বর তাপ বিদুৎ কেন্দ্র গড়ে তোলার অনুমোদন দিতে কেন আট বছরেরও বেশি সময় লাগল। আজকে তারা বলছে, গুজরাট, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যের কথা তারা এগিয়ে যাচ্ছে, আর পশ্চিমবাংলা পিছিয়ে যাচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকার গুজরাট প্রভৃতি রাজ্যগুলিকে কিভাবে সাহায্য করছে এবং পশ্চিমবাংলাকে কিভাবে বঞ্চনা করছে সেটা আপনারা দেখবেন না? সামান্য একটা উদাহরণ আমি দিচ্ছি, আই. ডি. বি. আই. মহারাষ্ট্রকে সাহায্য দিয়েছে ১,৯৪৬.০৩ কোটি টাকা, গুজরাটে দিয়েছে ৮৬৮.০৬ কোটি টাকা, আর পশ্চিমবাংলাকে দিয়েছে ২৯০ কোটি টাকা, এটা আমি ১৯৯৩-৯৪ সালের হিসাব বললাম। এই বৈষ্যমের ব্যাপারে আপনারাতো কোনও সমালোচনা করেননা? স্বাধীনতার সময় থেকে পশ্চিমবাংলা শিল্পে প্রথম স্থান অধিকার করতো, তখন বার্ষিক শিল্প উৎপাদনের হার ছিল ২২ পারসেন্ট, ১৯৭৭ সালের আগে সেটা নেমে এসেছিল ১১.৪, এর কৈফিয়ত আপনারা দেবেন না?

অথচ পশ্চিমবাংলা একসময় ভারতবর্ষের মধ্যে শিল্পক্ষেত্রে প্রথম স্থানে ছিল। সেখান থেকে আপনারাই নামিয়ে এনেছেন। ১৯৭৭ সালে বামফ্রন্ট আসার পর একের পর এক জনদরদী পদক্ষেপ, পরিকল্পনা নিয়ে শিল্পায়ণকে এগিয়ে নিয়ে চলেছে, সেখানে আপনাদের সহযোগিতা নেই। মাসুল সমীকরণ, লাইসেন্স প্রথা, প্রভৃতি চাপিয়ে বারবার শিল্প স্থাপনের পথকে কন্টকিত করেছেন। উদার বাণিজ্যনীতির নাম করে একের পর এক ট্রিপ, ট্রিম, গ্যাটচুক্তি কার্যকর করতে গিয়ে এমন কতগুলো ব্যবস্থা নিচ্ছেন, যার ফলে সমস্ত ভারতবর্ষের শিল্পে বৈষম্যমূলক অবস্থা এসে যাবে। হলদিয়াতে ৫১৭৪ কোটি টাকার প্রকল্প হয়েছে ৬০০ কোটি টাকার মিৎসুবিসি—পি. টি. আই.-এর সংস্থা গড়ে তুলেছে, দুর্গাপুরে এক্সপোর্ট প্রমোশন ইন্ডাস্ট্রিয়াল পার্ক গড়ে তোলা হয়েছে, কুলপীতে বাণিজ্য বন্দরের কাজ এগিয়ে চলেছে, ১০০ একর জায়গা জুড়ে কলকাতায় লেদার কমপ্লেক্স গড়ে তোলা হয়েছে। এসব করেছে এই রাজ্য সরকার। কৃষি-উৎপাদন-ভিত্তিক শিল্পগুলোকে এখানে গুরুত্ব দেওয়া হয়েছে। এই কারণে এই বাজেটকে সমর্থন করে, বিরোধিদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

**श्री अर्जुन सिंह** : माननीय चेयर मैन सर, मैने आपके माध्यम से माननीय शिल्प एवं वाणिज्य मंत्री जो बजट पेश किया है उसका सम्पूर्ण रुप से विरोधिता

करते एवं विरोधी दल द्वारा पेश किया गया कट-मोशन का समर्थन करते हुए इस हाउस में २-४ बातें कहना चाहता हूं। बहुत देर से बहस चल रही है, डिसकसन हो रहा है। मै बहुत ध्यान से माननीय सदस्य, सी०पी०एम० के सदस्य का वक्तव्य सुन रहा था। पश्चिम बंगाल के माननीय सी०पी०एम० के सदस्य सिर्फ केन्द्र सरकार को दोष देते है। लेकिन जब इनका बन्धु सरकार विश्वनाथ प्रताप सिंह और इन्द्र कुमार गुजराल की सरकार थी। उस समय आपने क्या शिल्पायन के बारे में चिन्ता किए थे। आपने पश्चिम बंगाल का विकाश क्यो नहीं किया। उस समय कोई कानुन बनाकर पश्चिम बंगाल सरकार शिल्पायन में अग्रणी स्थान पाए ऐसा उपाय करते। मै शिल्प मंत्री से जानना चाहता हूं कि आपने कभी सोचा है कि आज शिल्प की क्या अवस्था है। आपलोगों ने आन्दोलन के नाम पर मजदूरों को उक्साकर सिर्फ अपना मतलव निकालते रहे है। मजदूरों में काम करने का उत्साह खत्म कर दिया।

सर, मै सर्वप्रथम उल्लेख करना चाहता हूं कि आज से २५ साल पहले जब कांग्रेस की सरकार थी। शिल्प और उधोग के प्रत्येक क्षेत्र में पश्चिम बंगाल का अपना एक अहम् स्थान था। पूरे भारत में मात्र महाराष्ट्र ही पश्चिम बंगाल के समकक्ष खड़ा हो सकता था। लेकिन आज २५ वर्ष के बामफन्ट के शासन में महाराष्ट्र की तो बात ही छोड़ दिया जाए। पश्चिम बंगाल बुरी तरह से पीछे छूट गया है। गुजरात महाराष्ट्र आदि को छोड़ भी दे तो पड़ोसी राज्य उड़ीसा और आन्ध्र प्रदेश हम से तेजी से आगे निकल रहे है। यहां तक कि आज की तारिख में कई मामलेमें बिहार से भी स्थिति खराब होती जा रही है। क्या इसके बाद भी माननीय मंत्री के बजट का समर्थन किया जाना चाहिए।

सर, आज यहां वर्क-कल्चर खत्म हो गया है। आर्थिक समीक्षा "में तथ्यों को पूरी तरह से छिपाया गया है। जो तथ्य इस समीक्षा में दिए गए है वो पूरी तरह से भ्रम पैदा करता है। जो आकड़े दिए गए है वो भूल और गलत है। आंकड़ों को अपने सुविधा में प्रयोग करने के उद्देश्य से "शिल्प उत्पादन के सूचक भित्ति वर्ष को १९८०-८१ से बदल कर १९९३-९४ कर दिया गया है" आर्थिक समीक्षा में जो कल्पना की गई है वो वास्तविक होती तो आज पश्चिम बंगाल की तस्वीर कुछ अलग होती। आज श्रमिकों की इतनी बदहाली नहीं होती। आपने कहने के लिए तो बहुतही कल्पनाशील और श्रमिकों को

स्वप्न दिखाने वाला बजट पेश किया है। लेकिन स्वप्न दिखाने से श्रमिकों के पेट नहीं भर जाएगें। आपने कभी भी सोचा है आज पश्चिम बंगाल मे हजारो-हजारों छोटे-बड़े कारखाने बन्द है और यह सिलसिला आज भी जारी है। और आज बड़े-बड़े दाबे करते है कि शिल्पायन करेगें। कभी केन्द्र सरकार को दोष देते है। इस बजट में यह स्पष्ट नहीं किए है कि किसतरह से शिल्पायन करेगें।

सर, नए कल-कारखानें की बात तो रही, जो श्रमिक कार्यरत थे, वे आज बेकार हो रहे हैं। मै माननीय श्रम मंत्री से जानना चाहता हूं कि आपका जो शिल्प दफ्तर है उस दफ्तर मे इन २४ वर्षो में कितना ट्रिपर्ट एग्रीमेन्ट हुआ। मै भाटपाड़ा क्षेत्र का विधायक हूं, जहां १४ बड़े कारखाने और १० छोटे कारखाने है। अभी ८ बड़े कारखाने बन्द पड़े है मगर सरकार को इसके बारे में तनिक भी चिन्ता नहीं है। सरकार उदासीन है। श्रमिक आज भूखमरी के शिकार हो रहे है। आप अपने को श्रमिक दरदी सरकार होने का दावा करते है। क्या एक बार भी इन श्रमिकों की ओर देखने का प्रयास किया है कि इनके बचे आज किस तरह की जिन्दगी गुजार रहे है। सर, पहले बिहार, यू०पी० से लोग पश्चिम बंगाल आते थे, उनको मालूम था कि पश्चिम बंगाल मे रोजी-रोटी की व्यवस्था हो जाएगी। आज पश्चिम बंगाल से लोग गुजरात और पंचाब की ओर रोजी-रोटी की तलाश में जाने लगे है। सर, जूट उधोग की हालत काफी खराब है। एक-एक कर जूट मिल बन्द हो रही है। सरकार इस ओर कोई सार्थक कदम नहीं उठा रही है। मै माननीय मंत्री को कहना चाहता हूं कि १९९८ में जहां उत्पादन १४.५० लाख मेट्रिक टन था, वह घाटकर १३.४८ लाख मेट्रिक टन १९९९ में हो गया है। और प्रथम ६ महीने में २००० माल का उत्पादन ६.५१ लाख मेट्रिक टन है। अर्थात उत्पादनशीलता में कमी आयी है। जबकि हमारे देश में ही जूट से बने बस्तुओं की मांग २००० साल में १४.२७ लाख मेट्रिक टन रही। जो जूट कभी बाहर के देशों भेजते थे तथा भारी मात्रा में बिदेशी डॅालर लाता था आज वो अपने देश में ही अपनी जरुरतों के लिए बगंलादेश और चीन की तरफ देख रहा है। मै माननीय शिल्प और वाणिज्य मंत्री से पूछना चाहता हूं कि आप बताए जो बन्द पड़ी जूट मील है उसको खुलवाने के लिए आपने कोई सार्थक प्रयास किया है। क्या आपने मजदूरों की सूध ली है। एक-एक कर जूट मील बन्द हो रही है। आपने कोई प्रयास किया है। मै स्वयं जूट उधोग की गतिविधियों से जुड़ा हुआ हूं।

इस उधोग की खराव अवस्था के कारण श्रमिक आत्महत्या तक करने को मजबूर हो रहे है।

सर, जूट उधोग के श्रमिकों का भविष्य अंधकारमय हैं। इनका पी०एफ० का बकाया १३८.३७ करोड़ रुपया और ई०एस०आई० का ७८.८८ करोड़ रुपया बजट में दिखाया गया है। पर सरकार इस स्थिति में क्या कर रही है इसका इस बजट में कोई जिक्र नही किया गया है। सर, मजदुरें के खून-पसीने की कमाई का जोपैसा है, आज उसका कोई हिसाब नहीं है। अभी तो स्थिति यह हो गई है कि श्रमिकों पर सरकारी पुलिस मालिकों का पक्ष लेकर गोलीया चलाती है। मजदूरों की पिटाई की जाती है। सर, राष्ट्रीय जूट उधोग की स्थिति भी चिन्तादायक और पीड़ादायक है। १६ कारखाने बन्द हो गये है। इन १६ कारखानों के वन्द होने के बाद भी हमारे माननीय मंत्री को जिस तत्परता से पहल करना चाहिए था, वह नहीं दिखाये। माननीय मंत्री को प्रयास करना चाहिए जिससे ये मील चालू हो सके। मै माननीय मंत्री से अनुरोध करुगा, दलगत राजनीति से उपर उठकर प्रयास करे और विरोधी दल के साथ भी मिलकर समस्या का समाधान हो, इस दिशा में कदम उठाए।

सर, १० वर्ष पहले महाराष्ट्र के मुख्य मंत्री श्री शरद पवार ने पश्चिम बंगाल की यात्रा करने के वाद कहा था "पश्चिम बंगाल में इन्फ्रास्ट्रकचर की अत्यधिक आवश्यकता है, वरना इस राज्य की उधोग जगत गुम हो जायगी।" अन्त में मै मंत्री महोदय से कहना चाहूंगा कि आपकी निष्क्रियता पूरे बंगाल को ले डूबेगी। दलगत राजनीति से उपर उठकर इस समस्या का समाधान करने की चेष्टा करें।

इसके साथ ही मै इस बजट का विरोधिता करते हुए और विरोधी दल द्वारा प्रस्तुत समस्त कट-मोशन का समर्थन करते हुए अपनी बात खत्म करता हूं।। धन्यवाद।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী তাপস চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাঁকে সমর্থন করছি। বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করছি। মাননীয় সদস্য মলয় ঘটক বলতে গিয়ে

বলেছেন যে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যে বিনিয়োগ হচ্ছে পশ্চিমবাংলায় সেভাবে বিনিয়োগ হচ্ছে না কিন্তু ময়লবাবু স্বীকার করেছেন যে এই রাজ্যেও বিনিয়োগ ঘটছে। ২৪ বছর পর বিরোধিরা অন্তত এবারে স্বীকার করেছেন যে এই রাজ্যেও বিনিয়োগ ঘটছে। অনুযোগ করেছেন যে কেন এত দেরি হল। শিল্পের ক্ষেত্রে এই রাজ্যে পদক্ষেপ নিতে কেন এত দেরি হল। বিরোধিদলের মাননীয় সদস্যদের জবাবদিহি করতে হবে এই রাজ্যে শিল্পের ক্ষেত্রে কেন এত দেরি হল? আপনারা যখন কেন্দ্রীয় সরকারে ছিলেন তখন শিল্পের লাইসেন্স দেওয়ার ক্ষমতা ছিল, ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে শিল্পের লাইসেন্স দিয়েছেন ৪০টি। ওই একই সময় মহারাষ্ট্রকে শিল্পের লাইসেন্স দিয়েছেন ১০৫টি। ১৯৮৫ সালে শিল্পে এই রাজ্যকে দিয়েছেন ৫১টি, আর ওই একই সময়ে মহারাষ্ট্রকে দিয়েছেন ১৩৪টি। শিল্পের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে এই রাজ্যকে বঞ্চনা করা হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান থেকে বিনিয়োগের ক্ষেত্রে এই রাজ্যকে পর্যায়ক্রমে ১৯৯৭ সালের মার্চ মাস পর্যন্ত হিসাব দিচ্ছি কেন্দ্রের আর্থিক প্রতিষ্ঠান থেকে মহারাষ্ট্রকে বরাদ্দ করা হয়েছে ২১ শতাংশ, গুজরাটকে ১৩.৫ শতাংশ, পশ্চিমবঙ্গকে ৩.৯ শতাংশ। স্বাভাবিক ভাবেই আর্থিক প্রতিষ্ঠান থেকে এই রাজ্যে বিনিয়োগের ক্ষেত্রেও বঞ্চনা করা হয়েছে একই ভাবে ব্যাঙ্কগুলি এ রাজ্য বিনিয়োগ করেছেন কম। কেন্দ্রীয় সরকারের হাতে ব্যাঙ্ক থাকে কিন্তু তা সত্বেও পশ্চিমবঙ্গকে বঞ্চনা করেছেন রাজনৈতিক উদ্দেশ্যকে সামনে রেখে। এই রাজ্যে আমানত জমার হার ভালো অন্ধ্রপ্রদেশ ৫.৩ শতাংশ, তামিলনাড়ু ৫.৩ শতাংশ, আর পশ্চিমবঙ্গ ৭.৫ শতাংশ। ব্যাঙ্কগুলি বিনিয়োগ করেছে এই রাজ্যে সবচেয়ে কম, আমানতের পরিমাণ বেশি থাকা সত্বেও। কিন্তু অন্য রাজ্যে বিনিয়োগ হয়েছে বেশি, যেমন মহারাষ্ট্রে ৭২.৩ শতাংশ, তামিলনাড়ু ৯৬.১ শতাংশ পশ্চিমবঙ্গে ৪৬.১ শতাংশ। শুধু এ ক্ষেত্রেই নয়, মাসুল সমীকরণ নীতির ক্ষেত্রেও আমাদের বঞ্চনা করা হয়েছে পরিকল্পিত ভাবে। খনিজ সম্পদ থেকে শিল্পকে আমরা কাজে লাগাতে পারতাম তার একটা সম্ভাবনাও আমাদের ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের মাসুল সমীকরণ নীতির ফলে ১ টন ইস্পাত দুর্গাপুর থেকে কলকাতায় নিয়ে আসতে ওয়াগান ভাড়া ৪৭০ টাকা লাগে, সেখানে তামিলনাড়ুতে নিয়ে যেতে ওয়াগান ভাড়াও ৪৭০ টাকা লাগে ওই একই পরিমাণ জিনিসের ক্ষেত্রে, অর্থাৎ তামিলনাড়ু ভরতুকি পাচ্ছে ১৭৫ টাকা। আমাদের রাজ্যের কলকাতার শিল্প প্রতিষ্ঠানকে নিকটবর্তী দুর্গাপুর থেকে নিয়ে যেতে ওয়াগান ভাড়া দিতে হয় ১৮০ টাকা, অর্থাৎ আমাদের বর্ধিত ভাড়া দিতে হচ্ছে। এই রাজ্যে শিল্পায়ণের পথে বাধা সৃষ্টি করেছেন। অষ্টম

অর্থ কমিশনের সুপারিশে পশ্চিমবঙ্গের প্রাপ্য ৩২৫ কোটি টাকা ঘোষিত হয়েছে, তাও রাজ্যকে দেয় নি কেন্দ্র। শুধু তাই নয় এই সাথে আপনারাও বাধা সৃষ্টি করেছেন। হলদিয়া পেট্রোকেমিক্যাল উদ্যোগ নিয়েছি, আপনারাই সেটার অনুমোদন দিতে সময় নিয়েছে ১১ বছর। গুজরাটের পেট্রোকেমিক্যালের ক্ষেত্রে আপনারা সহযোগিতা করেছেন বলেই গুজরাট এগিয়ে গেছে আজকে বিদ্যুৎ হচ্ছে শিল্পের ক্ষেত্রে সবচেয়ে বড় উপাদান আমরা একথা সকলেই মানি। কিন্তু সেই বিদ্যুৎ করতেও বাধা দিয়েছেন। বক্রেশ্বর করতে দেন নি, ৮ বছর অনুমোদন দেন নি। তাই আমাদের রাজ্য বিদ্যুতের ক্ষেত্রেও পিছিয়ে পড়েছে। কিন্তু আজকে সেই সমস্যা নেই। আমরা রাজ্যের বকেয়া প্রকল্পগুলিকে নিয়ে কি ভাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বের করে আনতে পারি রাজ্যের শিল্পায়ণের স্বার্থে তার জন্য প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর কাছে যাবার জন্য আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী একটা সভা ডেকে ছিলেন, সেই সময় সেই সভা থেকে আপনাদের দলের নেতা-নেত্রী মমতা ব্যানার্জি, অজিত পাঁজা, প্রিয়রঞ্জন দাসমুন্সী বেরিয়ে এসে ছিলেন, কোনও ভাবেই তাঁরা সাহায্য করেন নি। এই রাজ্যের স্বার্থে তাঁরা কথা বলেন নি। আপনারা জানেন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আজকে আর্থিক সংস্কার নীতি নেওয়া হয়েছে। এই আর্থিক সংস্কার নীতির ফলেই উদারিকরণ, বেসরকারিকরণ এবং ভূবনীকরণ হচ্ছে। এই ভাবে নির্বিচারে বেসরকারিকরণ করা হচ্ছে। আমরা আমাদের রাজ্যে শিল্পনীতি গ্রহণ করেছি। আপনারা জানেন কোনও একটা রাজ্য যখন শিল্পনীতি ঘোষণা করে তখন তারা পৃথক শিল্পনীতি ঘোষণা করতে পারে না। কিন্তু তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের যে শিল্পনীতি তার বিপরীতে দাঁড়িয়ে আমরা কি ভাবে চলব তা আমরাই ঠিক করি। আমরা আমাদের সিদ্ধান্ত ঘোষণা করেছি। আমরা বলেছি, আমরা যেখানে সক্ষম, স্বনির্ভর, সেখানে বাইরের থেকে সাহায্য নেব না। বাইরের অনুপ্রবেশ করতে দেবনা। কিন্তু যেখানে আমরা দুর্বল যেখানে সাহায্য নেওয়া দরকার সেখানে সাহায্য নেব। এবং এক্ষেত্রে আমরা পরিস্কার করে দিয়েছি কাদের সাহায্য আগে নেওয়া হবে। প্রথমে আমরা সাহায্য নেব রাজ্য সরকার যদি উদ্যোগ নেন কেন্দ্রীয় সরকারের। এবং সেই সাহায্য আমরা শিল্প গড়ে তুলব। তারপরে আমরা চাইব দেশিয় শিল্পপতিরা করুন। তা যদি না হয় তাহলে প্রবাসী ভারতীয়রা করুক। তাও যদি না হয় তাহলে আমরা বিদেশি বহুজাতীক সংস্থার সাহায্য নেব। আপনারা যেটা দেখাতে চাইছেন না, সে রকম কোনও ছুৎমার্গ আমাদের নেই কারো প্রতি। শিল্পপতি শিল্প করবে, শ্রমিক শিল্প করবে না—এটা আমরা জানি, বুঝি। আজকে কেন্দ্রীয় সরকারের

অবাধ উদারীকরণের নীতির ফলে একের পর এক রাষ্ট্রায়ত্ব শিল্প কারখানাগুলো বন্ধ করে দেওয়া হচ্ছে। এম. এ. এম. সি., বি. ও. জে. এল., সাইকেল কর্পোরেশন, ফার্টিলাইজার কর্পোরেশন, ওয়েবার্ড, প্রভৃতি রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রের বহু শিল্প সংস্থা বন্ধ হয়ে গেছে। আজকে আবার কেন্দ্রীয় বাজেটের মধ্যে দিয়ে নতুন করে ২৭টা রাষ্ট্রায়ত্ব কারখানাকে বিলগ্নীকরণ করা হবে। আমাদের দেশের কেন্দ্রীয় সরকার এমন একটি সরকার যারা দেশের সম্পদ বিক্রি করার জন্য বিলগ্নীকরণ মন্ত্রক খুলেছেন। আপনারা দেখলেন কিছু দিন আগে জলের দরে বালকো কারখানা বিক্রি করে দেওয়া হ'ল। আরো গুরুত্বপূর্ণ কারখানা বিক্রি করে দেওয়ার ষড়যন্ত্র চলছে।

আজকে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বিদায় নীতি ঘোষণা করা হয়েছে। একটা সরকারের এমন নীতি হতে পারে? বিদায় দেবে, আপনারা বলছেন কোনও শিল্প হচ্ছে না। আজকে যখন কেন্দ্রীয় সরকার গোটা দেশের শ্রমিকদের কারখানা থেকে উৎখাত করার নীতি গ্রহণ করেছেন তার বিরুদ্ধে দাড়িয়ে আমরা সমস্ত শিল্প কারখানার শ্রমিকদের স্বার্থ রক্ষা করতে পারিনা, আমাদের একার পক্ষে সম্ভব নয়। কিন্তু তা সত্ত্বেও আমরা চাইছি কেন্দ্রীয় সরকারের সেই নীতির বিপরীতে দাড়িয়ে, তাদের সেই অভিমুখ ঘুরিয়ে দিতে চাইছি। ওরা যখন বিলগ্নীকরণ দপ্তর খুলেছে তখন আমরা আমাদের রাজ্যে শিল্প পুনর্গঠন দপ্তর করেছি। বিপরীত অভিমুখে হাঁটছি। আজকে শিল্প পুনর্গঠন দপ্তরের পক্ষ থেকে ১৯৯৮-৯৯ সালে ২৩টা সংস্থাকে গ্রহণ করা হয়েছে। এবং তার মধ্যে ৫টা সংস্থা নেট লাভ করেছে। এই রাজ্যের ৯টা শিল্প সংস্থায় নগদ লোকসানের পরিমাণ কমিয়েছে, রাজ্য ব্যয়ভার থেকে কিছুটা মুক্ত হয়েছে। আপনারা জানেন চারটে রুগ্ন শিল্পের জমি বিক্রি করার মধ্যে দিয়ে তাদের আধুনিকীকরণ এবং পুনরুজ্জীবনের পথে ফিরিয়ে দেওয়া যেতে পারে এবং সেটাই এই দপ্তরের কাজ। আজকে বহুজাতীক পুঁজিপতিদের স্বার্থে কেন্দ্রীয় সরকার নির্বিচারে উদার আমদানি নীতি গ্রহণ করেছেন। এবং তার ফলে ১৪২৯টি পণ্য আমাদের দেশে ঢুকবে এবং এজন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ১৪২৯ কোটি টাকার শুল্ক ছাড় দেওয়া হয়েছে। অন্যদিকে দেশীয় শিল্পপতিদের উৎপাদিত পণ্যের উপর ৩২৫২ কোটি টাকার ট্যাক্স বসানো হয়েছে। এর ফলে আমাদের দেশের ক্ষুদ্র শিল্প আক্রান্ত হচ্ছে, উচ্ছন্নে যাচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকারকে যখন দেখা যাচ্ছে সেপটিপিন থেকে আরম্ভ করে আলপিন, আলতা, সিন্দুর, টিপ, মুড়ি বিদেশ থেকে আমাদের দেশে আমদানি করছেন ঠিক তখন তার বিপরীতে দাড়িয়ে রাজ্য সরকার আলতা, সিন্দুর, টিপের উপর থেকে ২০ শতাংশ বিক্রয় কর হ্রাস করেছেন। এবং

এর মধ্যে দিয়ে ছোট ছোট শিল্প উদ্যোগীদের পাশে দাড়ানোর চেষ্টা করেছেন। আজকে আমাদের রাজ্যের মানুষের অর্থনৈতিক শ্রীবৃদ্ধি ঘটার জন্য নতুন নতুন বাজার তৈরি হচ্ছে। আজকে গ্রামের মানুষের ১২ হাজার কোটি টাকার শিল্প পণ্য কেনার মতো ক্ষমতা তৈরি হয়েছে। আমার সময় শেষ হয়ে গেছে তাই স্যার আমি আর কিছু না বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী মুস্তাক আলম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধিদের আনীত কাটমোশনগুলোকে সমর্থন করে আজকে বাজেট বির্তকে কয়েকটি তথ্য আমি তুলে ধরতে চাইছি। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেটে সুচারু ভাবে কয়েকটি পয়েন্ট তুলে ধরেছেন এবং ড্র-ব্যাক্সগুলোকে কৌশলে এড়িয়ে গেছেন। আজকে আমরা জানি যে, যখন ন্যাচারাল ক্যালামিটি দেখা দেয় তখন সরকারের পক্ষ থেকে, বেসরকারি প্রতিষ্ঠানগুলোর পক্ষ থেকে, রাজনৈতিক দলগুলোর পক্ষ থেকে রিলিফ দেওয়া হয়। এখানে রুগ্ন শিল্পকে পুনর্জীবিত করার জন্য তিনি আজকে রিলিফ আন্ডারটেকিং স্কিম চালু করেছেন এবং রুগ্ন শিল্পগুলোকে পুনর্জীবিত করার জন্য আরও দুটো স্কিম চালু করেছেন, সেই স্কিম দুটো হল—বোর্ড অব ইন্টাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন এবং ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল রিনিউয়াল স্কিম ২০০১। মাননীয় মন্ত্রিমহোদয় পেশায় অধ্যাপক, উনি বিচক্ষণ লোক, আজকে বর্তমান মন্ত্রিসভায় তিনি সেকেন্ড ম্যান, দলগত দিক থেকে তিনি সুপ্রিম। আমি ৩টি বিষয় তুলে ধরতে চাই। শাসক দলের পক্ষ থেকে অনেক মাননীয় সদস্য যে তথ্যগুলো তুলে ধরেছেন— আমি রাজ্যের ভিতর বিনিয়োগ এবং কর্মসংস্থান এই দুটো জিনিস আজকে তুলে ধরলে সেই তথ্যগুলো খুব পরিস্কার হয়ে আসবে—শিল্প স্থাপন ও কর্মসংস্থানের ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত শিল্পে যেখানে ভারতবর্ষে চাকরির সুযোগ বেড়ছে ৬ লক্ষ ৬০ হাজার সেখানে পশ্চিমবঙ্গে কমেছে ৬৩ হাজার। ব্যক্তিগত মালিকানায় যেখানে ভারতবর্ষের চাকরির সুযোগ বেড়েছে ৯ লক্ষ ৩০ হাজার সেখানে পশ্চিমবঙ্গে কমেছে ৫৪ হাজার, সংগঠিত শিল্পে ভারতবর্ষে চাকরির সুযোগ বেড়েছে ১৫ লক্ষ ৯০ হাজার সেখানে পশ্চিমবঙ্গে ১ লক্ষ ৫৭ হাজার। শিল্পে তুলনামূলক ভাবে ১৯৯১ সালের আগস্ট থেকে ১৯৯৮ সালের ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন রাজ্যগুলোতে যে ইনভেস্টমেন্ট হয়েছে তাতে গুজরাট ফার্স্ট, গুজরাটে ইনভেস্টমেন্ট হয়েছে ৯৩

হাজার ৫৪৩ কোটি টাকা, সেখানে পশ্চিমবঙ্গে ইনভেস্টমেন্ট হয়েছে ১৪ হাজার ৯৭২ কোটি টাকা। শাসক দলের মাননীয় সদস্যগণ বলছিলেন যে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেন্ট্রাল বঞ্চিত করছেন। পশ্চিমবঙ্গের সঙ্গে সেন্ট্রালের হেল অ্যান্ড হেভেন পার্থক্য। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যদি সেন্ট্রাল বঞ্চিত করেন তাহলে অন্য রাজ্যগুলো বেশি ইনভেস্টমেন্ট আনছে কি করে? আজকে রূপায়ণের ক্ষেত্রে যে পরিসংখ্যান আমরা দেখছি তাতে এটা ক্লিয়ার যে, গুজরাট ৩৬ পারসেন্ট, মহারাষ্ট্র ৩১ পারসেন্ট এবং পশ্চিমবঙ্গ ২৫ পারসেন্ট রূপায়ণ করেছে। শাসক দলের অনেকে প্রায় বলেন যে, 'কংগ্রেস যখন ছিলেন তখন তাঁরা কিছুই করেন নি'। দয়া করে তাঁদেরকে বলব, তাঁদেরকে স্মরণ করাতে চাই—১৯৪৮-৪৯ সালে পশ্চিমবঙ্গে রেজিস্টার্ড কোম্পানি ছিল ২২ শতাংশ, আর ২০০০-২০০১ এ এটা কমে দাঁড়িয়েছে ৩ শতাংশে। ১৯৪৮ সালে পশ্চিমবঙ্গে উৎপাদিত দ্রব্যের শতকরা বৃদ্ধির হার ছিল ২৮ ভাগ এখন সেটা কমে দাঁড়িয়েছে ৪.৫ পারসেন্ট। তখন পশ্চিমবঙ্গে বৃহৎ, মাঝারি শিল্পের সাফল্যের হার ছিল ৩৫ ভাগ। এর থেকে আমরা বুঝতে পারছি অন্য রাজ্য এবং পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কি হার আছে। এর পাশাপাশি আরেকটা জিনিস বলছি, বিগত দিনগুলোতে পশ্চিমবঙ্গে রাজস্ব কিভাবে উদ্বৃত্ত হয়েছে আর বর্তমানে কি অবস্থা আছে—১৯৬৩-৬৪ সালে পশ্চিমবঙ্গে রাজস্ব উদ্বৃত্ত হয়েছে ৯ কোটি ৭০ লক্ষ টাকা, ১৯৭৪-৭৫ সালে রাজস্ব উদ্বৃত্ত হয়েছে ৮ কোটি ৩৯ লক্ষ টাকা, ১৯৭৬-৭৭ সালে রাজস্ব উদ্বৃত্ত হয়েছে ২৩ কোটি ৯০ লক্ষ টাকা। ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় লেফ্‌ট ফ্রন্ট আসার পরেই ঘাটতি শুরু হয়ে গেল। ১৯৭৮-৭৯ সালে রাজস্ব ঘাটতি ছিল ১ কোটি ৮১ লক্ষ টাকা। ২০০০-০১ সালে সেই রাজস্ব ঘাটতি বেড়ে হয়েছে ৭ হাজার ৬১৪ কোটি ৯৯ লক্ষ টাকা। ১৯৯৩ সাল থেকে ১৯৯৮ সাল পর্যন্ত পাঁচ বছরে পশ্চিমবাংলাকে সুদ দিতে হয়েছে ৮৪৩২ কোটি টাকা। অর্থাৎ মোট রাজস্ব আদায়ে ৪৩% শুধু সুদ দিতে হয়েছে। এর থেকেই আজকে পরিস্কার হয়ে যাচ্ছে যে, পশ্চিমবাংলায় শিল্পের অবস্থা কি রকম। সবচেয়ে বড় কথা হচ্ছে আমরা মূল কথা এড়িয়ে গিয়ে বলতে চাইছি যে, উদার নীতির জন্যই পশ্চিমবাংলায় শিল্প হচ্ছে না। কখনো বলছি বিশ্বব্যাঙ্কের জন্য শিল্প হচ্ছে না, ওরা টাকা দিচ্ছে না। আবার কখনো বলছি ওরা টাকা দিতে চাইছে, কিন্তু আমরা নেবনা। এইভাবে মানুষকে ভুল বোঝানো হচ্ছে। সাধারণ মানুষের স্মৃতি খুবই ক্ষীণ। ১৯৯২ সাল থেকে উদার নীতি চালু হয়েছে। তার আগেই পশ্চিমবাংলায় অতগুলো কলকারখানা বন্ধ হয়ে গিয়েছিল কেন? এটা আজ ভেবে দেখা দরকার। আমরা অনেকেই আজকে

বিশ্বব্যাঙ্কের সমালোচনা করছি। শাসক দলের সদস্যদের আমি স্মরণ করিয়ে দিচ্ছি—তাঁরা মুখে এক কথা বলেন, এখানে ভাষণ রাখেন আর এক কথা বলে, আবার সরকার থেকে আর এক কথা বলা হয়, এটা ঠিক নয়। আমি তাঁদের স্মরণ করতে বলি—পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৮ সালে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে কলকাতার ডেভেলপমেন্টের জন্য ৮ কোটি ৭০ লক্ষ ডলার নিয়েছিলেন। ১৯৮৩ সালে আবার পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ১৪ কোটি ৭০ লক্ষ ডলার নিয়েছেন। ১৯৮০ সালে বামফ্রন্ট সরকার ট্রাম কোম্পানির জন্য ৫ কোটি ৬০ লক্ষ ডলার নিয়েছেন। আপনারা শিল্পের কথা বলেন, শ্রমিকদের প্রতি দরদের কথা বলেন। বামফ্রন্ট সরকার বিশ্বব্যাঙ্কের শর্ত মেনে নিয়ে কলকাতায় ট্রামের সংখ্যা ২৫ থেকে টেনে ১৩-তে নামিয়েছেন। আপনারা অভিযোগ করছেন বিদেশিদের কাছে কেন্দ্রীয় সরকার সব বিক্রি করে দিচ্ছে বলে। তাহলে আমি আপনাদের কাছে প্রশ্ন করছি, গ্রেট ইস্টার্ণ হোটেল ফরাসি কোম্পানির হাতে তুলে দেয়া হচ্ছে কেন? হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রোজেক্টকে মার্কিন সংস্থার হাতে তুলে দেয়া হল কেন, কার স্বার্থে? দয়া করে একটু উত্তর দেবেন। অবশ্য আমি জানি আপনারা উত্তর দিতে পারবেননা। হ্যাঁ, নিশ্চয়ই রাজ্যে শিল্প হচ্ছে। কিন্তু কি শিল্প হচ্ছে তা আমি আপনাদের একটু স্মরণ করিয়ে দিতে চাই। একটু আগে সরকার পক্ষের একজন মাননীয় সদস্য প্রশ্ন রাখলেন, 'কংগ্রেস আমলে কি হয়েছে? আমরা এখন করছি।' আপনাদের কথাই হচ্ছে—করছি, করব। সীমিত ক্ষমতায় নির্বাচনে জেতা যায়, সীমিত ক্ষমতায় পার্টি ফাণ্ড বাড়ানো যায়, সীমিত ক্ষমতায় অন্যান্য আরো অনেক কিছু করা যায়, কিন্তু সীমিত ক্ষমতায় পশ্চিমবাংলায় শিল্প করা যায় না—এটা কি মানা যায়? এটা মানা যায় না। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা দেখেছি মাত্র চার বছরে মাত্র ২৮ কোটি টাকা খরচ করে দুর্গাপুর থেকে শুরু করে কল্যাণী পর্যন্ত অনেক ডেভেলপমেন্ট ওয়ার্ক হয়েছিল। আর আজকে আমরা কি দেখছি? ক্ষমতা ডিসেন্ট্রালাইজেশনের নাম করে পঞ্চায়েতের মধ্যে দিয়ে কোরাপশন ডিসেন্ট্রালাইজ করে শুধু পার্টি ফাণ্ড বাড়ানো হচ্ছে। মাত্র চার বছরে মাত্র ২৮ কোটি টাকা খরচ করে পশ্চিমবাংলায় যে অ্যাসেট তৈরি করা হয়েছিল, আমার জানা নেই পরবর্তীকালে আর কখনো তা হয়েছে কিনা। এখন পশ্চিমবাংলায় একটা জিনিস হয়েছে, পঞ্চায়েতের প্রতিটি জব অ্যাসিস্টেন্টের একটা করে মটোর সাইকেল হয়েছে, পাকা বাড়ি হয়েছে। আর কি হয়েছে? মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পার্টি ফাণ্ড বাড়ানো হয়েছে। ১৯৭৮ সালে যা ছিল ৩৭ লক্ষ টাকা, সেখান থেকে তা ১৯৮৮ সালে পঞ্চায়েতের মাধ্যমে

য়ে চুয়ে চুরি করে, মেরে ১২ কোটি টাকা হয়েছিল। এখন কত হয়েছে? এ জিনিস পশ্চিমবাংলা ছাড়া বিশ্বের আর কোথাও দেখা যায় না। পশ্চিমবাংলায় প্রতিটি জেলায়, প্রতিটি থানায় কোটি কোটি টাকা খরচ করে পার্টি অফিস করা হয়েছে। এই অবস্থায় পশ্চিমবাংলায় শিল্প হতে পারে না। শিল্প হবে কি করে, বিদ্যুৎ নেই, রাস্তাঘাট নেই। বিদেশ থেকে যাঁরা ইনভেস্টমেন্ট করতে আসবেন তাঁরা কিসের জন্য আসবেন। এখানে শ্রমিকদের, কর্মচারিদের কো-অর্ডিনেশন কমিটি বলবে—তোমাদের কাজ করতে হবে না, তোমরা আমাদের কো-অর্ডিনেশন কমিটিতে নাম লেখাও তাহলেই হবে। কাজ না করেই মাইনে নিয়ে যাও। এই যদি শ্লোগান হয় তাহলে বাইরে থেকে কেউ আসবেন না এখানে শিল্প করতে। ফলে এখানে কোনও বড় ইনভেস্টমেন্ট হবে না। শুধু তাই নয়, আমরা জানি অনেক সময়ই কিছু মালিক শ্রমিকদের ফাঁকি দেয়ার চেষ্টা করে। সেই জন্য আমি সরকারকে বলব রাজ্যের ইনট্যালেকচ্যুয়াল পার্সনদের নিয়ে একটা কমিশন তৈরি করে তাঁদের পরামর্শ নিয়ে শিল্পায়ণের চেষ্টা করুন। তাহলে কিছু হলেও হতে পারে। এই ক'টি কথা বলে, এই ব্যয়-বরাদ্দের দাবির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী নেপাল মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের বাজেট পেশ করেছেন সেই বাজেটের আমি বিরোধিতা করে বিরোধীপক্ষের সমস্ত কাটমোশনের সমর্থনে আজকে আমি এই সভাকে এবং মাননীয় মন্ত্রিমহাশয়কে কিছু বলতে চাই। দীর্ঘক্ষণ ধরে বক্তৃতা চলছে। আমরা শিল্পের ব্যয়-বরাদ্দের উপর বক্তৃতা রাখছি। এই প্রসঙ্গে অনেক মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন। এখন খুব বেশি কিছু বলার নেই। তার কারণ, মাননীয় শিল্পমন্ত্রী আগেই স্বীকার করে নিয়েছেন দীর্ঘ ২৪ বছরে বামফ্রন্ট সরকারের আমলে শিল্পে তারা অগ্রগতি ঘটাতে পারেনি। তিনি নিজেই স্বীকার করেছেন এবং বিভিন্ন সংবাদপত্রে তিনি বিবৃতিও দিয়েছেন। সেইজন্য ঐ বিষয়ে না গিয়ে আমি বর্তমান যা পরিস্থিতি সেই পরিস্থিতির কথা বলছি। নির্বাচনের পূর্বে ১৯৯১ সাল থেকে ২০০০ সাল এই ৯ বছরে বামফ্রন্ট সরকার কোটি কোটি টাকা খরচ করে বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করেছিলেন যে ৫৪ হাজার কোটি টাকা শিল্পে বরাদ্দ করেছেন। কিন্তু অসীমবাবু যে ইকনমিক রিভিউ বের করেছেন তার ১১২ পাতায় তিনি লিখেছেন, ১৯৯১-২০০০ সালে মোট ১০ হাজার ২৯৯ কোটি টাকা শিল্পের জন্য বিনিয়োগ করা হয়েছে। এরা ২ জন খুবই গুরুত্বপূর্ণ মন্ত্রী।

সংবাদপত্রে যে বিবৃতি দিয়েছেন তাতে বলছেন ৫৪ হাজার কোটি টাকা বিনিয়োগ হয়েছে আর মাননীয় অর্থমন্ত্রী তার ইকনমিক রিভিউতে বলছেন ১০ হাজার ২৯৯ কোটি টাকা বিনিয়োগ করে ৪৩৯টি নতুন শিল্প হয়েছে। আমার বক্তব্য, এত তফাৎ কেন? এটা মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে হবে। তার মানে ধরে নেওয়া যেতে পারে, ১৯৯১ সাল থেকে ২০০০ পর্যন্ত যে ৫৪ হাজার কোটি টাকা বিনিয়োগের কথা বলা হয়েছে সেটা বিনিয়োগ হয়নি, শুধু চুক্তি হয়েছে। অথচ বিনিয়োগের কথা বলা হচ্ছে। আজকে স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে কয়েকটি বিষয়ে দৃষ্টিপাত করতে অনুরোধ করছি। অনেকদিন ধরে হলদিয়া পেট্রোকেমিক্যালসের কথা বলছেন। হলদিয়া পেট্রোকেমিক্যালসে নাকি লক্ষ লক্ষ বেকার ছেলেদের চাকরি দেবেন এবং এই ইস্যু নিয়ে অনেকেই নির্বাচনে জিতেছেন। আমি কয়েকটি প্রশ্ন রাখতে চাই, হলদিয়া পেট্রোকেমিকালস কারখানায় বর্তমানে কতজন চাকরি করেন? আমার কাছে যে তথ্য আছে তাতে মাত্র ১৩০০ জন সেখানে চাকরি করছেন এত টাকা বিনিয়োগ করে। আরো যেটা তথ্য সেটা হচ্ছে, প্রত্যেকদিন হলদিয়া পেট্রোকেমিক্যালসে গড়ে ২ কোটি টাকা করে লোকসান হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে এই সম্পর্কে উত্তর দিতে হবে। ১৯৯১ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত বিভিন্নভাবে শিল্পের কথা বলা হয়েছে। কিন্তু শিল্প বাড়ার সঙ্গে সঙ্গেই তো কর্ম সংস্থান বাড়বে এবং সেটাই তো হওয়া উচিত। আমাদের নীতিতে তাই হওয়া উচিত। কোনও ইন্ডাস্ট্রিতে যদি আমরা ১০ হাজার টাকা ইনভেস্ট করে সেখানে চাকরি মাত্র ৫০০ জনের হয় আর কোনও ইন্ডাস্ট্রিতে ১০০ কোটি টাকা বিনিয়োগ করে বেশি চাকরি পায় তাহলে আমার মনে হয় পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই নীতিই বেশি অ্যাপলিকেবল।

তার কারণ ৬৪ লক্ষ বেকারকে অ্যাকোমোডেশন দিতে গেলে শিল্পে ইনভেস্টমেন্টের সাথে সাথে কর্মসংস্থান কতটা হচ্ছে সে সম্বন্ধেও চিন্তা ভাবনা করার দরকার আছে। আমরা দেখছি, ১৯৯০ সালে পাবলিক সেক্টারে কর্মী ছিলেন ১৬ লক্ষ ৮৬ হাজার, অর্গানাইজড সেকটারে ছিলেন ৮ লক্ষ ৯০ হাজার, মোট ২৫ লক্ষ ৭৬ হাজার, আর ২০০০ সালে দেখছি পাবলিক সেক্টারে ছিল ১৬ লক্ষ ১০ হাজার, অর্গানাইজড সেক্টারে ৮ লক্ষ ৭২ হাজার, টোটাল হচ্ছে ২৪ লক্ষ ১৭ হাজার। তার মানে হিসাব বলছে ১০ বছরে ১ লক্ষ ৫৯ হাজার চাকুরি সংকুচিত হয়েছে, কম গিয়েছে। অর্থাৎ আমরা এতো ইনডাস্ট্রি খোলার পর, এতো কথা বলার পর কার্যত দেখা যাচ্ছে ১০ বছরে কর্মসংস্থান বাড়ে নি বরং কমে গিয়েছে, কর্মী

সংখ্যা কমে গিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে তাই অনুরোধ, আপনি এমন একটা শিল্প নীতি ঘোষণা করুন যাতে কম বিনিয়োগের মাধ্যমে কর্মসংস্থান বেশি হবে। আপনারা জানেন পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি ঘন বসতি। পার ক্যাপিটা ল্যান্ড হোল্ডিং পয়েন্ট এইট একর এখানে চাষযোগ্য জমি আছে। মন্ত্রিমহাশয় কিছু দিন আগে একটা বিবৃতিতে বলেছেন যে তিনি চাষযোগ্য জমির উপর শিল্প স্থাপন করার অনুমতি দেবেন। আমি এর তীব্র বিরোধিতা করছি। কারণ সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি ঘনত্ব এই পশ্চিমবাংলায়, পয়েন্ট এইট একর পার ক্যাপিটা ল্যানড হোলডিং। এখানে কৃষি জমিতে যদি শিল্প করতে দেওয়া হয় তাহলে অসাধু ব্যবসায়ীরা শিল্পের নামে জমি নেওয়ার চেষ্টা করবে। পরিশেষে ঝালদায় বিড়ি শিল্প যে বন্ধ হয়ে যাচ্ছে সে দিকে নজর দিতে বলব। বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী নিত্যানন্দ বেরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প বাণিজ্য মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধিপক্ষের আনা সমস্ত কাটমোশানের বিরোধিতা করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। স্যার, বামফ্রন্ট সরকার ২৪ বছর পশ্চিমবঙ্গে ক্ষমতায় আছেন। বামফ্রন্ট সরকার এ রাজ্যে ক্ষমতায় আসীন হয়ে এ রাজ্যে ভূমি সংস্কার, কৃষির বিকাশ, গ্রাম উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে নিষ্ঠার সঙ্গে কাজ করে অনেক সাফল্য অর্জন করেছেন। কিন্তু শিল্পের ক্ষেত্রে সেই সাফল্য আমরা অর্জন করতে পারি নি। কেন পারি নি তা আমাদের বিরোধীদের বন্ধুরা ভালভাবেই জানেন। স্বাধীনতার পর আমাদের দেশের কেন্দ্রীয় সরকার শিল্প স্থাপনের প্রশ্নে যে নীতি গ্রহণ করেছিলেন সেখানে আমাদের রাজ্যের ক্ষেত্রে শিল্প প্রসারে প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছিল মাশুল সমীকরণ নীতি। সেই '৫১ সালে থেকে একদম '৯১ সালের ১৫ জানুয়ারি পর্যন্ত এই মাশুল সমীকরণ নীতি চালু থাকায় আমাদের পশ্চিমবঙ্গ শিল্পের ক্ষেত্রে পিছিয়ে গিয়েছে। কেন্দ্রীয় সরকার আমাদের পিছিয়ে দিয়েছেন। পশ্চিমবঙ্গের লোহা, ইস্পাত এখান থেকে বাইরে যাবে সুসম বিকাশের জন্য এবং তারা ভরতুকি পাবে, অথচ আমাদের পশ্চিমবঙ্গে শিল্পের জন্য মাশুল দিতে হবে। ১৯৮২ সালে কেন্দ্রীয় সরকার যখন মাশুল সমীকরণের ব্যাপারে বি. ডি. পান্ডে কমিটি করেছিলেন তখন বিভিন্ন সংগঠন গণ-আন্দোলন করেছিলেন, শ্রমিকরা আন্দোলন করে তখন বলেছিলেন, এই মাশুল

প্রত্যাহার করতে হবে। কিন্তু আমরা দেখলাম, ১৯৮২ থেকে ১৯৯১ পর্যন্ত মাশুল সমীকরণ নীতি প্রত্যাহার করা হল না। তখন শিল্পে লাইসেন্স প্রথাও চালু ছিল। সেই লাইসেন্স প্রথার ফলে পশ্চিমবঙ্গে শিল্পের ক্ষেত্রে বাধা সৃষ্টি করেছিলেন কেন্দ্রীয় সরকার। ১৯৭৫ সালে সারা দেশে শিল্প-লাইসেন্স দেওয়া হয়েছে ১,০২৬টি। তারমধ্যে পশ্চিমবঙ্গ পেয়েছে ৭২টি। ১৯৭৪ সালে তাদের স্যাংশনড লাইসেন্সের সংখ্যা ৯৮৫, পশ্চিমবঙ্গকে ৫১টি, ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গের জন্য যে ১৯টি লাইসেন্স পাঠানো হয়েছিল তার লেটার অব ইনডেন্ট পরে বাতিল করা হয়েছে। এইজন্য আমরা শিল্পের ক্ষেত্রে অগ্রগতি দেখতে পারিনি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি যে অর্থ বিভিন্ন দিক থেকে আমানত হিসাবে লাভ করে, তার বিনিয়োগের দিকটা আমি তুলে ধরতে চাই। যেখানে পশ্চিমবঙ্গে আমানত সংগ্রহ করে ব্যাঙ্কে জমা হয় তার পরিমাণ ৫২,৯৪৪ কোটি টাকা, সেখানে তারা বিনিয়োগ করেন ২২,২০১ কোটি টাকা। এখানে অনুপাত হার ৪২.৯৩ শতাংশ। অন্ধ্রপ্রদেশে তাদের আমানত সংগ্রহ হয় ৩৯,২৭৫.৯১ কোটি টাকা, সেখানে বিনিয়োগ কর হয় ২৫,৬৬৫.৬৭ কোটি টাকা, অনুপাতের হার ৬৫.৩৫ শতাংশ। তামিলনাড়ুতে আমানত সংগ্রহের পরিমাণ ৪৬,৯০৩.৪৬ কোটি টাকা, বিনিয়োগ করা হয় ৩২,৬৪২.৬০ কোটি টাকা, অনুপাতের হার ৯০.৯২ শতাংশ। কর্নাটকে আমানত সংগ্রহের পরিমা ৩৮,৩২৩.৭২ কোটি টাকা, বিনিয়োগের পরিমাণ ২৩,৪১১.৯৭ কোটি টাকা, অনুপাতের হার ৬১.০শতাংশ। সঠিকভাবেই পশ্চিমবঙ্গে শিল্প বিকাশে রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলির অর্থ বিনিয়োগের এই বৈষম্য একটা বাধা ছিল। আমরা দেখেছি, রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে ষাটের দশক থেকে কোনও বিনিয়োগ পশ্চিমবঙ্গে করা হয়নি। ১৯৯৫/৯৬ সালে রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে বিনিয়োগ করেছে মহারাষ্ট্রে ৮,৯৬১ কোটি টাকা, সেখানে পশ্চিমবঙ্গে ৩,৯৯১ কোটি টাকা। ১৯৮১ সাালে কেন্দ্রীয় সরকারের বিনিয়োগের হার পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৮.২ শতাংশ, মহারাষ্ট্রে ক্ষেত্রে ৮.৬ শতাংশ। ১৯৯১-৯২ সালে পশ্চিমবঙ্গে যেখানে ৭ পারসেন্ট টাকা বিনিয়োগ করা হয়েছে, সেখানে মহারাষ্ট্রে এর পরিমান ১৬.৩ শতাংশ। স্বাভাবিকভাবেই আমরা মনে করি, কেন্দ্রীয় সরকারের বাধার জন্য আমরা পশ্চিমবঙ্গে শিল্পে অগ্রগতি ঘটাতে পারিনি। ১৯৯২ সালে কেন্দ্রীয় সরকার মাশুল সমীকরণ নীতি, লাইসেন্স প্রথা তুলে দেওয়ার ফলে রাজ্য শিল্পের সম্ভাবনা দেখা দিয়েছে। এখন পর্যন্ত ১৯৯১ সালি থেকে ২০০১ পর্যন্ত প্রায় ২,৪৩৫টি শিল্প অনুমোদন লাভ করেছে। এর বিনিয়োগের পরিমাণ ৫৫,১৩৮.৪ কোটি টাকা। ইতিমধ্যে পশ্চিমবঙ্গে ৪৬৮ শিল্পে উৎপাদন শুরু

হয়েছে, যার বিনিয়োগের পরিমাণ ১৭,৮৩১.৫১ কোটি টাকা। সামগ্রিকভাবে আমরা মনে করি, আমাদের রাজ্যে শিল্পায়নে বৃদ্ধির হার প্রতি বছর প্রায় ৭.৩ শতাংশ। সেখানে সারা ভারতবর্ষের ক্ষেত্রে ৫.৮ শতাংশ। স্বাভাবিক ভাবে ১৯৯৪ সাল থেকে যে শিল্প নীতি ঘোষণা করা হয়েছে এবং বর্তমান মুখ্যমন্ত্রী আগামী দিনে শিল্পকে শুরু করার জন্য যে পদক্ষেপ নিয়েছেন তাতে আগামী দিনে পশ্চিমবঙ্গে শিল্পের ক্ষেত্রে নুতন দিগন্তের উন্মোচন হবে। অনেকে হলদিয়ার কথা বলেছেন। বলেছেন হলদিয়ায় কি হয় নি। আমি হলদিয়া সম্বন্ধে বলতে চাই এই হলদিয়া শুরু হয়েছিল ষাটের দশক থেকে। সেই ষাটের দশকে হলদিয়া বন্দর প্রতিষ্ঠিত হয়েছিল। কিন্তু সেই বন্দরের জন্য কেন্দ্রীয় সরকারের কোনও পরিকল্পনা ছিল না। সেই আমলে কংগ্রেস সরকার এবং বন্দর কর্তৃপক্ষ বন্দরের জন্য যে জমি অধিগ্রহণ করেছিল, সেখানকার ১৩০০ পরিবারকে পুনর্বাসন দেন নি। হলদিয়ায় কংগ্রেস সরকার কেবলমাত্র বন্দরই প্রতিষ্ঠা করেছিল মাত্র। পরবর্তীকালে আই. ও. সি., হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন হয়েছিল। কেন্দ্রীয় সরকারের চক্রান্তের জন্য সেই হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন আজ পর্যন্ত বাণিজ্যিক উৎপাদনই শুরু হয়নি। আপনারা জানেন কংগ্রেস সরকার থাকা কালীন হলদিয়া সম্পর্কে পরিকাঠামোগত কোনও উন্নয়ন গড়ে উঠতে দেন নি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর হলদিয়া এলাকায় শিল্পোন্নয়নের গতি আসে। হলদিয়া পেট্রো কেমিক্যালসের কথা বলেছেন। সারা ভারতবর্ষে কেন সারা পৃথিবীতে এই রকম কোনও নজীর নেই নির্দ্দিষ্ট সময়ের ৪ মাস আগে নির্মান হয়েছে। সেখানে এক দিনের জন্যও শ্রমিক ধর্মঘট হয় নি। হলদিয়া শ্রমিক আন্দোলন সম্পর্কে শ্রমিক কর্মচারী বিক্ষোভ সম্পর্কে একটা বিরোধী প্রচার ছিল। সেটা ভুল প্রমাণিত হয়েছে। আজকে দেশ-বিদেশ থেকে এখানে বিনিয়োগ করার জন্য এগিয়ে এসেছে। হলদিয়ার সামগ্রিক উন্নয়নের জন্য আমাদের সরকার আরো উদ্যোগ গ্রহন করবেন। তাই আমি বাজেটের সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নিরুপম সেন মহাশয় যে বাজেট প্রস্তাব পেশ করেছেন ৩টি আলাদা আলাদা ভাবে, দাবি গুলি হলে ২৪, ৫৩, ৭৪, ৭৫, ৭৬, ৮৭, ৮৮, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭ আমি সেই বাজেটের বিরোধিতা করছি। এই কারণের বিরোধিতা করছি যে এই সরকারের দৃষ্টিভঙ্গি নিয়ে। শিল্পোন্নয়ন সম্পর্কে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির আমি বিরোধী। সেটা আমি আমার কাগজপত্র

দিয়ে প্রমাণ করব। আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যে কাটমোশন আনা হয়েছে তাকে সমর্থন করে দু-চারটি কথা আপনাদের কাছে বলতে চাই। আমার যেটা মনে হয়েছে, গত ১০ বছর ধরে আমি যে কথা বলছি যে বামফ্রন্ট সরকার যে শিল্পোন্নয়ন করতে পারবে না এমন কথা মনে করি না, আমরা চাই শিল্পোন্নয়ন হোক এই রাজ্যের মানুষের স্বার্থে, তাতে যদি আমাদের সহযোগিতার প্রশ্ন থাকে আমরা নিশ্চয়ই করব। আপনাদের দৃষ্টিভঙ্গির দিকে তাকিয়ে আমার বার বার মনে হয়েছে, আপনি নুতন মানুষ, আপনার কথাবার্তা শুনে মনে হচ্ছে কিছু করতে পারবেন, আমার যেটা মনে হয়েছে, আপনাদের দৃষ্টিভঙ্গিতে যেটা আনা দরকার সেটা হল স্বচ্ছতা। আপনি কি চাইছেন এবং আপনি কি কি করবেন। আপনার কাছে প্রথমে আমি একটা কথা বলি। সেটা হচ্ছে কয়েক দিন আগে, সংবাদপত্রে বার হয়েছিল, শিক্ষকদের সম্পর্কে আপনি যেটা বলেছেন—ঠিক ওই কথাই বলেছেন কিনা জানিনা—শিক্ষকদের সম্পর্কে কঠোর মনোভাব নিলেন। তারপর পশ্চিমবাংলার পাতি কিছু ব্যবসায়ী তাদের সঙ্গে বসে হাসছেন। পশ্চিমবাংলার কিছু পাতি ব্যবসায়ী ল্যান্ড গ্রেভার, বড় ব্যবসায়ী নয় তাদের সঙ্গে বসে আপনি হাসছেন আর যারা পশ্চিমবাংলায় মানুষ গড়ার কাজে লিপ্ত সেই শিক্ষকদের সম্পর্কে আপনি যে মন্তব্য করলেন আমার মনে হয় এটা ঠিক হয় নি।

[4-40 — 4-50 p.m.]

আপনি যদি না বলে থাকেন তাহলে আমার কিছু বলার নেই। আমি আপনার দলের ইস্তাহার থেকে বলছি, তাতে কি লিখেছেন দেখুন—'বহুজাতিক সংস্থাগুলোর কাছে কেন্দ্রীয় সরকার আত্মসমর্পন করেছে।' এই কথাগুলো আপনারা বলেছেন। এখানে বাজার পাবার জন্য, ভোট পাবার জন্য এই ইস্তাহারে এক কথা বলেছেন, আর কি করেছেন—আপনারা কি ধরণের হিপোক্রিট, রাজনৈতিক হিপোক্রিট দেখুন। 'গণশক্তি', ১৯৯৪ সালে ৭ই মার্চ, অর্থাৎ যখন বাজার অর্থনীতি চালু হয়ে গেছে দেশে, তখন আপনারা লিখেছেন—'ম্যায় নেহি মাখন খ্যাঁয়ো।' এটা আপনাদের পত্রিকা। এতে লিখেছেন—'সাম্রাজবাদের কাছে, মাল্টি ন্যাশানালের কাছে কেন্দ্রীয় সরকার আত্মসমর্পন করেছে।' আরও অবাক করে দিয়ে, সেই একই কাগজে মাল্টি ন্যাশানাল সাহেবদের ছবি ছাপিয়ে বিজ্ঞাপন ছাপলেন। কতখানি হিপোক্রিট, কতখানি ভন্ড আপনারা—১৯৯৪ সালে যখন মাল্টি ন্যাশানালদের বিরুদ্ধে বলছেন, ঠিক সেই সময়েই আবার মাল্টি ন্যাশানাল সাহেবদের ছবি ছাপিয়ে বিজ্ঞাপন ছাপলেন।

'কোকাকোলা'র বিজ্ঞাপন ছাপালেন। আপনারা এই রাজনৈতিক হিপোক্রাসি থেকে স্বচ্ছতায় আসুন। আপনাদের দৃষ্টিভঙ্গিকে আগে ঠিক করুন। আমরা কমিউনিস্ট আন্দোলনের প্রথম দিন থেকে একটা শ্লোগান শুনে আসছি—'দুনিয়ার মজদুর এক হও।' দুনিয়ার মজদুর এক হলো না, ভারতবর্ষে হলো না, পশ্চিমবঙ্গে হতে পারলো না। আপনারা বলছেন, পুঁজিবাদ নিজেদের অন্তর্দ্বন্দ্বে ধ্বংস হয়ে যাবে। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি—পুঁজিবাদ আরও কাছাকাছি চলে এসেছে। তারা ঐক্যবদ্ধ হয়েছে। মাল্টি ন্যাশানালরা আরও কাছাকাছি এসেছে, সমস্ত ব্যবসায়ীরা তাদের স্বার্থ রক্ষা করার জন্য কাছাকাছি চলে এসেছে। তারা কতটা শোষণ করছে, কতটা বঞ্চনা করছে, সেটা অন্য কথা। সারা পৃথিবীতে তারা কাছাকাছি চলে এসেছে। তারা ঐক্যবদ্ধ হয়ে গেল। আর আমরা হয়ে গেলাম বিচ্ছিন্ন। প্রথম কমিউনিস্ট আন্দোলন থেকে আজ পর্যন্ত আপনারা বক্তৃতা করে যাচ্ছেন। আমি আপনাদের বলি, আপনাদের একটা স্বচ্ছতা থাকা দরকার ছিল। আজকে চিন কি করেছে—সে বাজার ধরে নিচ্ছে। চিন তো সত্তরের দশক থেকে তার দেশের ব্যবসাগুলোকে বেসরকারিকরণ করেছে। রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোকে বেসরকারিকরণ করেছে। সেখানে বিশ্বের বিভিন্ন মাল্টি ন্যাশানালরা এসেছে। সেখানে আমাদের দেশের চাইতে অনেক অনেক গুণ বেশি ইনভেস্টমেন্ট হয়েছে। হলদিয়ায় আপনারা মিৎসুবিসি, সম্প্রতি উইপ্রোকে ডেকে এনেছেন। আমাদের রাজ্যে তাদের ডেকে এনেছেন। এরা তো মাল্টিন্যাশনাল। আজকে আপনাকে পরিস্কার করে বলতে হবে। রাস্তায় মিছিল করে মাল্টিন্যাশনালদের বিরুদ্ধে বলবেন ভোট চাইবার জন্য, আবার মাল্টিন্যাশনালদের ডেকে আনবেন, বলবেন, মাল্টি ন্যাশানাল ব্যবসায়ীদর যে তোমরা এখানে ব্যবসা কর—আপনাদের এই স্বচ্ছতার অভাবের জন্যই আমরা পিছিয়ে আছি। বৃটিশরা বোকা ছিল না। তারা কেন বেছে নিয়েছিল পশ্চিমবঙ্গকে, এই কোলকাতাকে? এখানে কেউ কেউ বলছিলেন, আমাদের রাজ্যে অমুক হয়েছে, তমুক হয়েছে, অন্য রাজ্য পিছিয়ে আছে। আপনি পন্ডিত মানুষ বলে আমি শুনেছি। আমি আপনার কাছে ক্যাটাগোরিক্যালি জানতে চাই, এই মাশুল সমীকরণের ফলে আমরা শিল্পে কত পারসেন্ট মার খেয়েছি? আপনি আপনার অফিসারদের জিজ্ঞাসা করেছেন? এটা সিম্পল একটা ক্যাল্পেন। সারা ভারতবর্ষে ব্যবসা বানিজ্য যাতে সমান ভাবে গড়ে ওঠে তার জন্য এই মাশুল সমীকরণ হয়েছিল। আপনি বলবেন, ঠিক কত পার্সেন্ট আমরা ক্ষতিগ্রস্ত হয়েছি। এই মাশুল সমীকরণের পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার দুটি কমিশন বসিয়েছিলেন। একটি রানাডে কমিশন এবং আর একটি পান্ডে কমিশন। সত্তরের দশকে বসেছিল রানাডে কমিশন

এবং আশির দশকে বসেছিল পান্ডে কমিশন। সেই কমিশনের রায় অনুযায়ী মাশুল সমীকরণ আস্তে আস্তে তুলে দেওয়া হয়, সেই পদ্ধতি তুলে দেওয়া হয় এবং ব্যবসা বানিজ্য অবাধ করে দেওয়া হয়। এই মাশুল সমীকরণের জন্য শিল্পে পশ্চিমবঙ্গে আমরা কত পার্সেন্ট ক্ষতিগ্রস্ত হয়েছি, সেটা আপনার কাছ থেকে আজকে জানতে চাই।

গতকালই বুদ্ধদেববাবু একটা সময়ে হাউসে বিবৃতি দিয়েছেন, আমিও তখন হাউসে ছিলাম এবং কাগজেও দিয়েছে যে, তিনি বলেছেন অতীতে আমরা ভুল করেছি ঘেরাও করে, আমরা ঘেরাও, মারামারি আর বরদাস্ত করব না। ষাটের দশকে যখন ঘেরাও শুরু হল তখন আপনাদের ভ্রান্ত রাজনীতির ফলে ১১ হাজার কোটি টাকার ক্যাপিটাল ইনভেস্টমেন্ট পশ্চিমবঙ্গ থেকে বাইরে চলে গেছে। আমাদের এখানকার মূলধন নষ্ট হয়ে গেছে। আপনারা হাওড়ায় চলুন কি অবস্থা সেখানে দেখবেন। ব্যারাকপুর, দুর্গাপুর চলুন, আসানসোলে চলুন—কি অবস্থা সেখানে দেখবেন। এরফলে আমাদের রাজ্য থেকে ক্যাপিটাল ইরোট করে গেছে। লেটেস্ট টাইমে ফিলিপস্ পর্যন্ত আমাদের রাজ্য থেকে চলে গেছে। আপনারা নাকি বিনিয়োগ এখানে আনবেন ঠিক হয়েছে। তবে এটাও ঠিক আমাদের রাজ্যের কলকারখানা যেমন বন্ধ হচ্ছে তেমনি বাইরের রাজ্যেও বন্ধ হচ্ছে। মহারাষ্ট্রে আমাদের রাজ্যের থেকে বেশি কারখানা বন্ধ হয়েছে। স্যায়মালটেনাসলি গ্রোথ কিন্তু মহারাষ্ট্রে হচ্ছে। সেখানে পশ্চিমবঙ্গ, আমাদের রাজ্য সেই গ্রোথ কিন্তু আনতে পারে নি। অর্থাৎ আমাদের রাজ্যে একটা ইমব্যালেন্স তৈরি হল। সেই ইমব্যালেন্সটা এই জায়গায় এসে পৌঁছে গেল যে আমি তথ্য দিয়ে বলছি। তবে আমাদের রাজ্যে বিনিয়োগ হবে এবং এই বিনিয়োগকে উৎসাহিত করে ভালই হয়েছে। আপনাদেরই কথামতো বিনিয়োগ নাকি আমাদের রাজ্যে দারুণ হচ্ছে। কেন্দ্রীয় সরকারের একটা বই আপনারাই বিলি করেছেন, আপনাদের কাছ থেকে রিপোর্ট পেয়ে পড়ছি, এই বইতেই দেখেছি, আপনাদেরই হিসাব ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্টের প্রোপোজাল ১৯৯১ সাল এর আগস্ট থেকে ১৯৯৯ সালের ডিসেম্বর পর্যন্ত আমাদের রাজ্য কিছুটা বেড়েছে। সেই সময়ের মধ্যে আমরা দেখতে পাচ্ছি ইন্ডাস্ট্রিয়ালি এনটারপ্রেনিয়রসের মেমোরানডাম, লেটার অব ইনডেন্ট ১ কোটি ৬৮ লক্ষ ৩৬ হাজার। এটা আমাদের হিসাব নয়, আপনাদেরই বই থেকে লেখা, আর এতে চাকরির সুযোগ কত হবে—১৪ লক্ষ ৬৫ হাজার ৬৫১ জনের। এটা কিছুই নয়, দিজ ইজ এ প্রোপজাল মাত্র। আমরা দেখব এটা কতটা মেটারালাইজ হয়। আমার কাছে স্ট্যাটিসটিকস্ আছে এবং প্রোপজাল ও

ইনভেস্টমেন্টের তথ্যও আছে—যেমন গুজরাটে ১,৫৩,৪৫৩ কোটি টাকা প্রোপজাল এবং ইনভেস্টমেন্টের জন্য ধরা ছিল, তাতে এমপ্লয়মেন্ট প্রোটেনশিয়ালিটি জেনারেট করবে ১১ হাজার ২০৬ জনের, অন্ধ্রপ্রদেশে ধরা আছে, ৬৭ হাজার ১৭০ কোটি টাকা আর এতে এমপ্লয়মেন্ট প্রোটেনশিয়ালিটি জেনারেট করবে ৪ লক্ষ ৮৬ হাজার ৪৩৩ জনের। কর্ণাটকে এরই সঙ্গে প্রোপজাল যেগুলো আছে তা হচ্ছে ৪৫ হাজার ১৩৭ আর ওখানে এমপ্লয়মেন্ট জেনারেট করবে ২ লক্ষ ৯৫ হাজার ৬৪৪ জনের। সেখানে পশ্চিমবঙ্গের অবস্থা—আমাদের এখানে প্রোপজাল হচ্ছে ১.৭৫০ কোটি টাকা আর ইনভেস্টমেন্ট ১৯৯৯ সালের আগস্ট মাস থেকে ২০০০ সাল পর্যন্ত অর্থাৎ ১৯৯৯ সালের শেষ পর্যন্ত ৩১ হাজার ৬৫১ কোটি টাকা। এই হিসাবটা আপনারাই দিয়েছেন। আপনাদেরই পত্রিকাতে এই ইনভেস্টমেন্টের কথা বলা হয়েছে। তারপরে মেটারালাইজ হচ্ছে ১৪ হাজার। এখানে আপনারা যদি তথ্যকে কারচুপি দিয়ে না থাকেন তবে এই সংখ্যা হচ্ছে। আর আপনাকে যেটা জানাচ্ছি এমপ্লয়মেন্ট প্রোটেনশিয়ালিটি জেনারেট করবে ২ লক্ষ ৯১ হাজার ৩৪৭ জনের। সেখানে পাঞ্জাবে কত—ইনভেস্টমেন্ট ৩৯ হাজার ২৮০ কোটি টাকা আর এমপ্লয়মেন্ট জেনারেট হবে ৪ লক্ষ ৯০ হাজার ৬৭২ জনের। আমাদের এখানে ৩১.২৮০ কোটি টাকা। আর পাঞ্জাবে ইনভেস্টমেন্ট ৩৯ হাজার ২৮০ কোটি টাকা। ইনভেস্টমেন্টে খুব একটা তফাৎ নেই কিন্তু ফারাক হয়ে যাচ্ছে এমপ্লয়মেন্ট প্রোটেনশিয়ালিটি জেনারেট করার ক্ষেত্রে। পাঞ্জাবে এমপ্লয়মেন্ট প্রোটেনশিয়ালিটি জেনারেট করবে ৪ লক্ষ ৯০ হাজার ৬৭২ জনের, সেখানে আমাদের রাজ্যে পশ্চিমবঙ্গে ২ লক্ষ ৯২ হাজার ৩৪০ জনের। আপনারা পাঞ্জাবের মতো করতে পেরেছেন? কিন্তু সেখানে আপনারা শিল্পের স্বপ্নের কথা বলেছেন, আবার আপনারাই আই ডি সি-র মাধ্যমে একটা চুক্তি সই হয়েছে বলে বললেন।

[4-50 — 5-00 p.m.]

ডাবলিউ. বি. আই. ডি. সি.-র মাধ্যমে চুক্তি সই হচ্ছে বলে বলছেন। আপনি প্রশ্ন করতে পারবেন ডাবলিউ. বি. আই. ডি. সি.-র চেয়ারম্যানকে এই যে ২২ লক্ষ ২৮ হাজার ৮২৪ টাকা ২৭ পয়সা খরচ হয়েছে—এটা আপনারই উত্তর—এটা কি কারণে? কত টাকা বিদেশ থেকে আনতে পেরেছেন? আমার কাছে স্ট্যাটিস্টিকস আছে, ডাইরেক্ট ফরেন ইনভেস্টমেন্ট আপনারই উত্তর অনুযায়ী বলছি, এই যে ২২ লক্ষ এটা শুধু ওনার খরচ, এছাড়া ওনার পারিষদরা আছে; ইজরায়েল থেকে

ধানের ব্যাপারে শিখতে চলে গেলেন, এর জন্যও খরচ হচ্ছে। এখানে পশ্চিমবাংলা উপকৃত হচ্ছে কিনা সেটা বুঝতে হবে। আমরা চাই ইনভেস্টমেন্ট আসুক। ইনভেস্টমেন্ট এর সবচেয়ে বড় ক্রাইটেরিয়া হচ্ছে স্টেবিলিটি অব দি গভর্নমেন্ট, ইউ গট দ্যাট। আপনাদের ২৪ বছরের সরকার তাহলে অন্যান্য রাজ্যের তুলনায় কেন পিছিয়ে গেল? সেই কথাই আপনাকে বলতে চেষ্টা করছিলাম, আপনি কি চাইছেন আর কোথায় এগুবেন, এটার মধ্যে যদি সমতা থাকে তাহলে আমার মনে হয় অসুবিধা হবে না। আমি শুধু দু-একটি সাজেশন দিয়ে আমার বক্তব্য শেষ করব। বড় বড় ইন্ডাস্ট্রি, ইনভেস্টমেন্ট হলেই কি আরো অনেক চাকুরি হয়ে যাবে? তা নয়। প্রথমে ইন্ডাস্ট্রিকে আসতে হবে। আপনি আপনার বক্তব্যের মধ্যে বলেছেন অ্যাগ্রোবেসড ইনডাষ্ট্রি তৈরি করা, তার সাথে সাথে নুতন নুতন শিল্প তৈরি করা এবং তাকে ডিসেন্ট্রালাইজ করা। একটা বড় শিল্প হলে অনেকের চাকরি হয়ে যাবে আর তার সঙ্গে অনুসারী শিল্প হবে। এখানেই অসীমবাবু স্ট্যাটিসটিক্যাল জাগলারি করেন। আমি আপনার কাছে প্রস্তাব দেব—আমরা অনেকদিন থেকে শুনে আসছি—শিল্প এখানে আসছে, স্বল্প সঞ্চয়ে আমরা ফার্স্ট, কিন্তু আপনারা শিল্পে বিনিয়োগ-এ লাস্ট। এখানে বিনিয়োগকারিদের উৎসাহ দিয়ে আমাদের রাজ্যে শিল্পকেন্দ্রীক কৃষি ভিত্তিক যে শিল্প সেই শিল্প যদি বাড়াতে না পারেন শুধু হেভি ইন্ডাস্ট্রি করে রাজ্যের সমস্যার সমাধান হবে না। আমাদের রাজ্যে ৬০ লক্ষ বেকার, এটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বেকার, এর বাইরে যে মানুষগুলি আছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ নাম লেখাননি তাদের সংখ্যাটাও অনেক। তাই আমি বলব ভাবের ঘরে চুরি করে লাভ নেই। এর জন্য ভণিতারও দরকার নেই। এর জন্য স্বদিচ্ছা ও শুভবুদ্ধি নিয়ে সচেতনভাবে এগিয়ে আসবেন ভাবগম্ভীর বক্তব্য রেখে আর মাশুল সমীকরণ নিয়ে বস্তাপচা বক্তব্য রেখে আর লাভ নেই। যেটা সত্য, সেই সত্যকে স্বীকার করুন বাংলার স্বার্থে, বাংলার মানুষের স্বার্থে যেদিন সত্যিকারের চিন্তা করবেন সেদিন কো-অপারেশন পাবেন। তাই নীতি বিরোধিতার কারণেই নীতিহীন বাজেটের বিরোধিতা করছি। আমাদের দেওয়া কাটমোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিরুপম সেন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রথমেই বলি, আজকের এই সভায় মাননীয় সদস্যরা, আমার বাজেটের উপর যে বক্তব্য রেখেছেন এবং যেভাবে এই সভাকে তার সমৃদ্ধ করেছেন তার জন্য আমি সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আজকের এই আলোচনার একটা মৌলিক প্রশ্ন উঠেছে,

আমি যেটা নিয়ে আলোচনাটা শুরু করতে চাই, সেটা হল, এই শিল্প সম্পর্কে, শিল্প নীতি সম্পর্কে অর্থনীতি সম্পর্কে আমার দৃষ্টিভঙ্গি কি? আমাদের মাননীয় বিরোধী দলের সদস্যরা তারা যে কথা বলেছেন আমার মনে হয়েছে সেই কথার মধ্যে একটা স্ববিরোধিতা লক্ষ্য করেছি, যেমন মাননীয় বিরোধী সদস্যরা অনেকে মনে করেন এই উদারীকরণ নীতি সম্বন্ধে স্বদিচ্ছা না থাকার জন্য আমাদের পশ্চিমবাংলা শিল্প ক্ষেত্রে পিছিয়ে পড়েছে। আবার ঠিক সেই সময়ে মাননীয় বিরোধী সদস্যরা প্রশ্ন করেন রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলি বাঁচিয়ে রাখার জন্য রাজ্য সরকারের কি কোনও ভূমিকা নেই? এখানে মাননীয় সদস্য প্রথমে যিনি আলোচনায় উঠলেন তিনি বলেছেন রাজ্য সরকার পরে বুঝেছে যে বেসরকারিকরণ করতে হবে।

তার অর্থ এই নয় তারা বেসরকারিকরণের নীতিটিকে সমর্থন করে না। আরেকজন মাননীয় সদস্য বলেছেন, মলয় ঘটক, তিনি এখন সভায় নেই, তিনি আমার জেলা থেকেই নির্বাচিত হয়ে এসেছেন, তিনি বললেন—কূলটি বার্ণস্ট্যান্ডার্ড এইগুলো রক্ষা করার ক্ষেত্রে রাজ্য সরকার কি করছেন? মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই, কেন্দ্রীয় সরকারের যে উদার নীতি, তার প্রধান কথাই হল বে-সরকারিকরণ। সেই নীতির আরেকটা বড় কথা যে কোনও সরকারি ক্ষেত্রে, সরকারের কাছে কোনও সুযোগ পাবার অধিকার তাদের নেই। প্রধান যে ওয়াগান শিল্পের কথা উঠেছে, আমি আপনাদের বলি কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত করল যে ওয়াগানের বরাত ওপেন টেন্ডারের মাধ্যমে দেওয়া হবে। তাহলে এই উদারনীতির অন্যতম একটা লক্ষ্য আপনারা জানেন যে আমাদের সারা ভারতবর্ষে যে ওয়াগান শিল্প আছে তার সব থেকে বড় অংশ আমাদের রাজ্যে উৎপাদন হয় এবং তার সবটা প্রায় রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে। এখানে কেন্দ্রীয় সরকার যখন এই সিদ্ধান্ত গ্রহণ করেন, তখন আমাদের রাজ্যের ওয়াগান শিল্প কিভাবে বাঁচবে, এই প্রশ্নের উত্তর দেওয়ার দায়িত্বতো আপনাদের নিতে হবে। এই উদারীকরণ নীতিকে আপনারা সমর্থন করেন?

আজকে এখানে স্বচ্ছতার কথা বলা হয়েছে। মাননীয় সদস্য শোভনদেববাবু বলেছেন, আমরা কি চাই। আপনারা কি চান সেটাও তো আমাদের জানার দরকার আছে! আমরা উদারীকরণ নীতির বিরুদ্ধে। আমাদের মতো তৃতীয় দুনিয়ার দেশে এই উদারীকরণ কোনও কল্যাণ করতে পারছে না। আমি বামপন্থী বলেই আপনারা মনে করতে পারেন এই বক্তব্যের মধ্যে যে কথাটা বলা হচ্ছে সেটা কিছুটা রক্ষণশীল।

রাষ্ট্রসংঘের মহাসচিব গত ১৩ই ডিসেম্বর, ২০০০, একটা বক্তব্য রেখেছিলেন making Globalisation work for the poor, সেই বক্তৃতার তিনি আরও বলেছেন, Rich countries have an indispensible role to play. For them the preach the virtue of open market to developing countries is mere hypocrisy. They do not open their own market to those developing countries' product. They continue to flood the world market with subsidised food exports and making it impossible for the farmers in the poor countries to ocmplete. আমাদের দেশে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সর্বাপেক্ষা প্রশংসা পেয়েছে যে রাজ্যটি, যারা উদারীকরণকে অত্যন্ত গভীর বিশ্বাসের সঙ্গে তাদের রাজ্যে প্রয়োগ করে চলছে এবং এই সভায় কয়েকজনের বক্তব্য শোনার সুযোগ আমার হয়েছে। আমাদের অনেক বিরোধী সদস্যই সেই রাজ্যের সঙ্গে অন্য রাজ্যের তুলনা টেনে এনে আমাদের রাজ্যকে কটাক্ষ করেছেন। ভিশান ২০২০ একটা ডকুমেন্ট তৈরি করা হয়েছিল এবং সেইসব রাজ্যগুলিকে নিয়ে একটা মাইক্রোস্টাডি করা হয়েছে। অন্ধ্রপ্রদেশ সরকারের উপরে তারা একটা রিপোর্ট তৈরি করেছে, Council for Social Development and Research, August, 2000, পেপারটার নাম হচ্ছে প্যাথলজি। 'Pathology of the Poverty'—A Micro Study in November. The reality is that the commodity market is not friendly to the poor and has become an exploitive force both in buying and selling of commodities, the poor are getting exploited in the market. আমাদের মাননীয় বিরোধী সদস্যরা আমাদের নীতি সম্বন্ধে স্ববিরোধিতা খুঁজে পেয়েছেন। হ্যাঁ, স্ব-বিরোধিতা আছে। পশ্চিমবঙ্গ যদি একটা সার্বভৌম রাজ্য হত, তাহলে আমাদের মধ্যে এই স্ব-বিরোধিতা লক্ষ্য করতে পারতেন না। পশ্চিমবঙ্গ রাজ্যটা হচ্ছে একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে এবং সংবিধান প্রদত্ত যে ক্ষমতা রাজ্য সরকারের আছে তার মধ্যে দাঁড়িয়েই আমাদের কাজ করতে হয়।

আমাদের রাজ্যের ২২টি কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রয়ত্ব শিল্প সবই হয় বি. এফ. আই. আর.-এ গেছে অথবা বি. এফ. আই. আর.-এ পাঠানোর মুখে। তার মধ্যে কয়েকটিকে বি. এফ. আই. আর. গুটিয়ে নেওয়া পরামর্শ দিয়েছে এবং সেইগুলোকে বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছে। এসব বহু আলোচিত, তার মধ্যে আর যাচ্ছি না, তাহলে পার্থক্য কোথায়? হ্যাঁ, কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গির সাথে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গির পার্থক্য আছে বৈকি।

[5-00 — 5-10 p.m.]

ময়লবাবু বললেন, কুলটি ওয়ার্কসে রাজ্য সরকার অর্ডার দেয় নি। মাননীয় সদস্য এখানে নেই এখন, তার জ্ঞাতার্থে জানাই—গত বছর এই কুলটিতে পি. এইচ. ই. ডিপার্টমেন্ট তাদের পাইপ কেনার জন্য সাড়ে তিন কোটি টাকার অর্ডার দিয়েছে। এই বছরেও সাড়ে চার কোটি টাকার অর্ডার দেওয়া হয়েছে এবং আরও যাতে দেওয়া হয় তার কথা বলা হয়েছে। যদিও একথা আমরা যেমন জানি মাননীয় সদস্যরাও জানেন—কুলপি কারখানাকে রাজ্য সরকার অর্ডার দিয়ে বাঁচাতে পারবে না, যদি না কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি পাল্টায়। এই যে ২২টি রাষ্ট্রায়ত্ব কারখানা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে, এই প্রত্যেকটি ক্ষেত্রে রাজ্য সরকার এগিয়ে এসেছে যাতে বন্ধ করা না হয়। আপনারা সকলেই জানেন কি পরিমাণ অর্থ এই সংস্থাগুলোকে বাঁচানোর জন্য এই সময়কালে সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছে বা যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনাদের জানা দরকার, এক্ষেত্রে বিক্রয় কর ছাড়, সফট্ লোন এসবও আছে। আপনারা জানেন, রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের অধীগৃহীত সংস্থাগুলোকে বাঁচানোর জন্য ৪৭ কোটি ৭ লক্ষ ৭৮ হাজার টাকা ব্যয় করা হয়েছে। বেসরকারি ক্ষেত্রেও আমরা ৩২ কোটি ৪৬ লক্ষ টাকা দিয়েছি। আমরা চেষ্টা করছি এখানকার রাষ্ট্রায়ত্ব সংস্থাগুলোকে বাঁচাবার জন্য। মাননীয় সদস্যরা জানেন, হিন্দুস্থান কেবল্‌সে সিদ্ধান্ত হল, রাজ্য সরকার তার জন্য সেলস ট্যাক্স ছাড় দিল, একটা প্যাকেজ তৈরি হল, ঠিক হল এই কারখানাকে বাঁচাতে হবেই। শ্রমিকরা স্যাক্রিফাইস করল। তারপর সেই কারখানায় উৎপাদন শুরু হল। ভালো ভাবে কাজ শুরু হল। এখন কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত করল, সেই কারখানায় ডিস-ইনভেস্টমেন্ট হবে। তার জন্য বাইরে থেকে লোক পাঠানো হয়েছে। তাহলে আপনারা কোন নীতিকে সমর্থন করেন। আপনারা হয়ত জানেন না যে চিত্তরঞ্জন কারখানা ইঞ্জিনের উৎপাদন করতে পারছে না, কেননা তাদের ইঞ্জিনের অর্ডার নেই। কত অর্ডার এসেছে ওয়াগান কারখানাতে? আমাদের কাছে যে হিসেব আছে ১৯৯৯-২০০০ সালে ১০০০০ ওয়াগানের জন্য ঐ কারখানায় অর্ডার দিয়েছে ওয়াগান ইন্ডিয়ার মাধ্যমে। ২০০০-২০০১ সালে ৮,১০০, এই বছর এখনও একটাও অর্ডার আসেনি। আপনারা জানেন আসানসোলের বার্ণপুর স্ট্যান্ডার্ড ওয়াগান কারখানা আছে, সেটা লাভ করেছে। শ্রমিকরা অসাধারণ দক্ষতায় সেটা করেছে, সর্বস্তরে সেটা স্বীকৃতও হয়েছে। আজকে সেই কারখানায় সমস্ত শ্রমিক হাত ধুয়ে বসে আছে—একটাও অর্ডার নেই ওয়াগানের। এর জন্য দায়ী কে? আমি

জানি আমাদের সাংসদরাও বলেছেন, সেইজন্য আমি আনন্দিত। কিন্তু যখন এই কথা বলেন, তখন তো বলতে হবে, আপনারা উদার নীতি সমর্থন করেন না করেন না। আজকে এই কথা বললে হবে না। বিপরীত নীতি কিছু দেখতে পেলেন না? আমরা বলিনা যে পশ্চিমবাংলায় সরকারে এসে এখানে সমাজতন্ত্র নির্বাণ করব। আমরা বলি, এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের এই ভূমিকা পালন করতে হবে। এটা ঠিকই যে ১৯৯১-৯২ সালে কেন্দ্রীয় সরকার যে নয়া আর্থিক নীতি ঘোষণা করেছিল, সেই পটভূমিতে যে পরিস্থিতি হল, সেই পরিস্থিতির মোকাবিলা করার উদ্দেশ্যে আমাদের রাজ্য সরকার ১৯৯৪ সালে নতুন শিল্প-নীতি গ্রহণ করে এবং সেই নীতি নিয়ে আমরা আজ পর্যন্ত চলছি। একথা অনেক সদস্য বলার চেষ্টা করেন যে, ২০০০ -২০০১ সাল থেকেই বামফ্রন্ট সরকার এটা নিয়ে এসেছে।

আমরা যে সাফল্য আজকে পশ্চিমবঙ্গে অর্জন করেছি, সেই সাফল্য হচ্ছে বিগত ২৪ বছরে পশ্চিমবঙ্গ সরকারের যে অবদান এবং তার যে ভূমিকা মানুষের কল্যাণে সে রাখতে পেরেছে, তারই উপর দাঁড়িয়ে সাধারণ মানুষ আমাদের সমর্থন করেছে এবং ভবিষ্যতে যে কাজ করবে বলে প্রতিশ্রুতি দিয়েছে, তার উপর দাঁড়িয়ে মানুষ আমাদের সমর্থন করেছে। মাননীয় সদস্যরা একটা কথা বলতে চেয়েছেন, হ্যাঁ, আপনারা আত্মহত্যা করার কথাই যখন বললেন, তখন আপনাদের এইকথা জানা দরকার যে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বিশেষ করে অন্ধ্র, মহারাষ্ট্র, গুজরাট, পাঞ্জাবে এই সময়কালের মধ্যে কতজন কৃষক ঋণ-এর দায়ে আত্মহত্যা করেছে, সেই খবরটা যদি বলতেন, তাহলে ভাল হত। কিন্তু সেই কথায় আমি যাচ্ছি না। এখন প্রশ্নটা হচ্ছে এই যে বিকল্প দৃষ্টিভঙ্গির কথা বললেন আমরা আজ পর্যন্ত রাজ্য সরকার যেসব কারখানা পরিচালনা করেন, আজও পর্যন্ত কোনও কারখানাকে আমরা বি আই এফ আর-এ পাঠায় নি। আমরা আপ্রাণ চেষ্টা করছি যাতে আমরা আমাদের এই কারখানাগুলিকে লাভজনক করে তুলতে পারি এবং আপনারা জানেন মাননীয় সদস্যরা, আরও আমাদের রাজ্য সরকারের যে কারখানাগুলি আছে, সেই কারখানাগুলির মধ্যে ৭টি কারখানাকে আমরা লাভজনক করে তুলতে পেরেছি। আমরা অনেকগুলি কারখানা প্রায় ৮টি কারখানার ক্ষতির পরিমাণ আমরা কমিয়ে আনতে পেরেছি। আমরা চেষ্টা করছি যাতে এই সমস্ত কারখানাগুলিকে এগিয়ে নিয়ে যেতে পারব। কিন্তু এই কথার মানে এই নয়। আমরা এই কথা বিশ্বাস করিনা এইকথা এই সদস্যদের সামনে বলা দরকার যে, আজকে বেসরকারিকরণের বিরোধিতা করি মানে এই কথা আমরা মনে করি না যে রাষ্ট্রায়ত্ব কোনও সংস্থাগুলি

দীর্ঘদিন ধরে ক্ষতিতেই চলতে থাকে এবং সেটাই চলতে দেওয়া হোক, না— আমরা মনে করি রাষ্ট্রায়ত্ব সংস্থাকে লাভজনক হতে হবে। রাষ্ট্রায়ত্ব সংস্থাগুলিকেও তার ক্ষতির পরিমাণ কমাতে হবে। কোন সংস্থার গুরুত্ব কতখানি সেই ভিত্তিতে সেই মর্যাদার গুরুত্ব ঠিক করতে হবে। নির্বিচারে বিরাষ্ট্রীয়করণের আমরা বিরোধিতা করছি। আমাদের সরকারের যে কর্মকান্ড তার মধ্যে দিয়ে আমরা সেই দৃষ্টিভঙ্গিতে প্রতিফলন রাখার চেষ্টা করছি। আমাদের রাজ্যের রাষ্ট্রায়ত্ব উদ্যোগগুলিকে বাঁচিয়ে তোলার জন্য যে প্রয়াস, সেই প্রয়াসের মধ্যে সেই বিকল্প ধারণার প্রতিচ্ছবি আপনারা পাবেন, তার প্রতিফলন আপনারা পাবেন যদি আপনারা একটু ভালো করে লক্ষ করেন। অনেক মাননীয় সদস্য আমাদের রাজ্যের শিল্পায়ণ নিয়ে কথা বলেছেন এবং কিছু পরিসংখ্যানগত ত্রুটিবিচ্যুতির কথা উল্লেখ করেছেন। ঠিক আমি দিতে পারিনি। পরিসংখ্যানের কথা বললেন, কিন্তু আপনারা জানেন যে সব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এইসব হিসাব আসে আমাদের কাছে, তার উপরই দাঁড়িয়ে আমাদের কত ইন্ডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল এসেছে, সেগুলি হচ্ছে যে সংখ্যা আছে, সেই সংখ্যা আমরা জানিয়ে থাকি। সেই সংখ্যা আমাদের এখানে যা এসেছে, তার উপরই ভিত্তি করে আপনাদের কাছে যে তথ্য এসেছে, সেই তথ্যই আপনাদের জানাতে চাই। ৩১.১২.৯৬ এবং এক্ষেত্রে একটা কথা আপনাদের বলে রাখি সেটা হচ্ছে পার্থবাবু আপনার জানা দরকার, কেন্দ্রীয় সরকার যে তথ্যগুলি দেন সেটা হচ্ছে ক্যালেন্ডার ইয়ার ধরে দেন, অর্থাৎ ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত যেভাবে তথ্য আসে, সেই তথ্য ধরে যখন মাননীয় সদস্য প্রশ্ন করেন কোনও ফিনানসিয়াল ইয়ারে, তখন পরবর্তী ৩ মাসে যেটা হচ্ছে ৩১শে মার্চ পর্যন্ত সেটা যোগ করে আমাদের সেই তথ্যগুলি সাজিয়ে দিতে হয়। এছাড়া ৩১.১২.৯৬ তারিখ পর্যন্ত আমাদের এখানে ইন্ডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল, তার সংখ্যা হচ্ছে ১৪৩৯, এবং ৩১.১২.৯৭ আপনি ৯৬-৯৭ তুলেছিলেন—সেই কারণে বলি এই সময়ে আমাদের ইন্ডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল হচ্ছে ১৭০৩। আর ৩০.৪.২০০১ পর্যন্ত ইন্ডাস্ট্রিয়াল অ্যাপ্রুভাল তার সংখ্যা আমি আগেই বলেছি ২ হাজার ৫৪৩ এবং এতেই যে এমপ্লয়মেন্টের কথা বলা থাকে, এই প্রজেকটেড এমপ্লয়মেন্টের সংখ্যা হচ্ছে সাধারণ ভাবে দেওয়া থাকে। কারণ এই প্রোজেক্ট এমপ্লয়মেন্ট হল বা হচ্ছে কেন। সেটা সব তথ্যে কখনও দেওয়া সম্ভব হয় না এবং সেই তথ্য আমরা দিয়ে থাকি না। সুতরাং এইকথা আপনাকে বলেছি। এবার শিল্পায়ন সংক্রান্ত প্রশ্নে আসছি। এটা ঠিকই যে আপনারা জানেন যে, শিল্পায়নের ক্ষেত্রে সারা ভারতবর্ষের অগ্রগতির চিত্র খুব

আশাব্যঞ্জক নয়। বিশেষ করে গত কয়েকদিন আগে কেন্দ্রীয় সরকারের যে স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশন আছে, তারা যে পরিসংখ্যান দিয়েছে, তাও আপনারা খবরের কাগজে দেখেছেন এবং এছাড়াও আমি এটা বলি শিল্পায়নের ক্ষেত্রে এটা ঠিক আমি মাননীয় সদস্যের সঙ্গে একমত যে অনেকগুলি রাজ্যে শিল্পের অগ্রগতি আমাদের থেকে কিছুটা এগিয়ে আছে।

[5-10 — 5-20 p.m.]

এই নিয়ে অনেক কথা হয়েছে। এই সম্পর্কে একটা কথা উঠেছে। এই প্রশ্ন শোভনদেববাবু তুলেছেন সেটা হচ্ছে মাশুল সমীকরণ নীতি, লাইসেন্সিং প্রথা, তা আমাদের পশ্চিমবাংলায় শিল্পের ক্ষেত্রে কোনও ক্ষতিকর প্রভাব ফেলছে কিনা? তারা কতগুলো তথ্য চেয়েছেন। ওইভাবে কত পার্সেন্টেজ, কত কি, কি কারণে বন্ধ হল এটা এইভাবে তথ্য দিয়ে বলা যাবে না। আপনি জানেন, মাননীয় সদস্যকে একটা কথা বলি যে চিকিৎসকদের কারখানা যদি বন্ধ হয়ে যায়, কোনও মানুষ যদি মারা যায়, ধরুন সে অনাহারে মারা গেল, কোনও ডাক্তারবাবু লিখতে পারেন না সে অনাহারে মারা গিয়েছে। কেন এই কথা বলি যে ৫০-৫১ সালে আপনারা জানেন পশ্চিমবাংলায় ভারতবর্ষের মোট শিল্প তার অংশ ছিল ২৪ শতাংশ। তখন মহারাষ্ট্রের অংশ ছিল ২২ শতাংশ। ৮০ সালে, ৮১, ৮২ সালে এই সময়কালের মধ্যের হিসাব বলছি, তখন পশ্চিমবাংলায় শিল্পে শেয়ারের সংখ্যা কমে আসে ৮ শতাংশ। আপনারা অনেকে অনেক তথ্য চেয়েছেন। শুধু শোভনদেববাবুকে বলব যে আনন্দবাজারে বিশিষ্ট সাংবাদিক ছিলেন প্রয়াত রণজিৎ রায়, তিনি একটা বই লিখেছিলেন অ্যাগনি অব ওয়েস্ট বেঙ্গল। বইটি নিশ্চয়ই আপনি পড়েছেন বলে আমার নিজের ধারণা। আপনি পড়েন নি তা হতে পারে না, এবং সেখানে বিভিন্ন তথ্য দিয়ে দেখানো হয়েছে যে পশ্চিমবঙ্গে শিল্পের এই অবস্থা কি কি কারণের জন্য ঘটল। মাননীয় সদস্যকে আকেরটা রেফারেন্স দিতে পারি। ৯৮ সালে ইকনমিক অ্যান্ড পলিটিক্যাল পত্রিকাতে কয়েকজন গবেষক পশ্চিমবাংলার শিল্প পরিস্থিতির উপর অনেকগুলো গবেষণামূলক প্রবন্ধ রচনা করেন। যদি একটু সময় করতে পারেন তাহলে সেই প্রবন্ধগুলো যদি পড়ে নেন আমার মনে হয় আপনার ধারণা স্বচ্ছ হতে পারে যে, কেন পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে অনগ্রসর হয়ে গেল, কেন এগোতে পারল না, এই সম্পর্কে তার মূল্যায়ন করে দেওয়া আছে। একজন মাননীয় সদস্য বলেছেন ৭০-৭৭ সাল পর্যন্ত নাকি শ্রমিক আন্দোলনের জন্য আমাদের

রাজ্যের কারখানাগুলো বন্ধ হয়ে গিয়েছে। আমি আপনাদের অবগতির জন্য জানাই যে ৭০-৭৭ সাল পর্যন্ত আমাদের, আমরা এখন যারা ট্রেজারি বেঞ্চে আছি আমাদের আন্দোলন করার কোনও সুযোগ আপনারা দেন নি। কারণ আমাদের বেশিরভাগ হয় তখন কারান্তরালে অথবা নিহত হয়ে রাস্তায় ঝুলেছে আর নাহলে আত্মগোপন করে দিনের পর দিন থাকতে হয়েছে। সেদিন তখনকার সমস্ত ট্রেড ইউনিয়নগুলোর লাল ঝান্ডাকে নামিয়ে দেওয়া হয়েছে, তেরঙা ঝান্ডাগুলো তুলে দিয়ে সেখানকার ট্রেড ইউনিয়নগুলোকে দখল করে নেওয়া হয়েছিল সেই কারণেই ট্রেড ইউনিয়ন আন্দোলন করা হয়েছিল। এতদসত্ত্বেও আমি আপনাদের বলি যে না, শ্রমিক আন্দোলনের জন্য পশ্চিমবাংলার এই অবস্থা হয় নি। এটা ভুল কথা। এই তথ্য ঠিক না। আমি আপনাদের বলি রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে তথ্য আছে ভারতবর্ষের সিকনেসের জন্য, কি কি কারণে সেই সিকনেস, তার মধে শ্রমিক আন্দোলনকে সবচেয়ে নিচের দিকে গুরুত্ব দেওয়া হয়েছে। তার সঙ্গে অনেক গুরুত্বপূর্ণ বিষয় দেওয়া হয়েছে ম্যানেজমেন্টের প্রশ্ন গুরুত্ব দেওয়া হয়েছে। তার মধ্যেকার এই সম্পর্কে অনেক তথ্য আছে। সুতরাং এটা আমি সর্ব্বভারতীয় প্রেক্ষাপটে যে যে মূল্যায়নের যে কথা বলেছেন আর যদি বলেন ধর্মঘটের প্রশ্ন, ম্যানডেজ লসের প্রশ্ন, আপনি জানেন আজকে পশ্চিমবাংলায় ম্যানডেজ লস ডিউটু স্ট্রাইক সেখানে পশ্চিমবাংলার স্থান হচ্ছে একাদশ। আমাদের থেকে অনেক রাজ্যে অনেক বেশি। ধর্মঘট, আন্দোলন এসব সব রাজ্যেই হয়। সুতরাং শ্রমিকদের উপর দোযারোপ করা ঠিক নয়। আপনারাও শ্রমজীবী মানুষের অংশ, আমারও শ্রমজীবি মানুযের অংশ। একটু আগে শোভনদেববাবু বললেন যে আমি কেন শিল্পপতিদের সঙ্গে হেসে কথা বলি। আমার ধারণা ছিল না শিল্পপতিদের সঙ্গে কথা বলতে গেলে কাঁদতে কাঁদতে বা গম্ভীর হয়ে কথা বলতে হবে। যিনিই আসবেন আমি তাঁর সঙ্গেই হেসে কথা বলব এটাই সৌজন্য বোধ এবং সেই সৌজন্য বোধ আমাদের রাখতে হবে। আর শিক্ষকদের সম্পর্কে যে কথা বলছেন আপনি শোভনদেববাবু, আপনাকে বলব, আমার পুরো বক্তৃতাটি আমার শিক্ষকদের সম্পর্কে আমি যা বলেছি, তার পুরো বক্তৃতাটি প্রতিদিন পত্রিকা দুটো সংখ্যাতে আমার ক্যাসেট ধৃত, বক্তৃতার পুরোটাই তারা লিখে দিয়েছেন। খবরের কাগজে যে খবর বেরিয়েছে তার উপর বিশ্বাস না করে প্রতিদিন কাগজের প্রবন্ধটি যদি পড়ে নেন আমার পক্ষেও সুবিধা হয়, আপনার বোঝার পক্ষেও সুবিধা হয়।

কিছু মাননীয় সদস্য হলদিয়া পেট্রো-কেমিক্যালসের কথা বলেছেন, আমি এই বিষয়ে বিস্তর আলোচনার মধ্যে যেতে চাইছি না যে, হলদিয়ার কি হয়েছে? কত দেরি হয়েছে? কত দিন হলদিয়ার জন্য আমরা আটকে ছিলাম? কেন এত দিন করতে পারি নি ইত্যাদি ইত্যাদি। অনেক সদস্যই সেই বিষয়ে উল্লেখ করেছেন আমি তার পুনরুক্তি করতে চাই না। আপনাদের আশ্বস্ত করতে চাই হলদিয়া পেট্রো-কেমিক্যাল যখন আমরা তৈরি করি তখন আমরা জানতাম এই পেট্রো-কেমিক্যালটি আধুনীক প্রযুক্তি নিয়ে তৈরি হবে এবং তাতে কর্মসংস্থানের সুযোগ সেই পেট্রো-কেমিক্যাল কারখানায় অত্যন্ত অল্প। তবুও কেন আমরা পেট্রো-কেমিক্যালের দাবি তুলে ছিলাম? পশ্চিমবঙ্গে পেট্রো-কেমিক্যালের দাবি এই জন্য তুলেছিলাম মাননীয় সদস্যরা এক মত হবেন যে পশ্চিমবঙ্গ যে শিল্পের উপর দাঁড়িয়ে গড়ে উঠেছিল স্বাধীনতার আগে এবং স্বাধীনতার অব্যবহিত পরে সেই শিল্পযুগের পরিবর্তনের সাথে সাথে অনেক শিল্পের প্রয়োজনীয়তা অনেকখানি কমে গেছে। আমাদের রাজ্যে যেটা প্রয়োজন ছিল সুর্য্যোদয়ের শিল্প। আগামী শতকের জন্য যে সব শিল্পের নতুন যে চাহিদা মানুষের তৈরি হয়েছে, বিজ্ঞান প্রযুক্তির অগ্রগতি হয়েছে, তার সঙ্গে সঙ্গতি রেখে নতুন ধরণের শিল্পের কাঁচা মালের সরবরাহের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সেই উদ্দেশ্যে হলদিয়া পেট্রো-কেমিক্যাল গড়ে তুলতে হবে। সেই জন্যই বারে বারে শুরু থেকে হলদিয়া পেট্রো-কেমিক্যালস গড়ে তোলার জন্য আমরা দাবি জানিয়ে ছিলাম। সেই কারণেই ইলেকট্রনিক্স শিল্প গড়তে দাবি জানিয়ে ছিলাম, আমরা এটা এমনি তুলি না। আমাদের পশ্চিমবঙ্গে আমরা জানতাম আমাদের এখানে যে ধরণের শিল্প স্বাধীনতার আগে এবং পরে গড়ে উঠেছে সেই শিল্প যুগের নিয়মে প্রযুক্তির অগ্রগতির সাথে সাথে তার চাহিদা কমে গেছে, সেই জন্যই চেয়েছিলাম। মাননীয় সদস্যরা জানেন এটা দুঃখজনক হলেও এটা সত্য আমরা পারি নি। আমি অনেক জায়গায় বলি যে ৮০ দশকের গোড়ায় যদি এই পেট্রো-কেমিক্যাল পশ্চিমবঙ্গে হতো তাহলে ভারতবর্ষে পেট্রো-কেমিক্যাল শিল্পে পশ্চিমবঙ্গে অবস্থান হতো, সবার আগে, সবার উপরে এবং এর ফলে ভারতবর্ষের উদ্যোগ যা গড়ে উঠেছিল তার চেহারাটা পাল্টে যেত। আমাদের দুর্ভাগ্য সেদিন আমরা পারি নি। কেন পারি নি মাননীয় সদস্যরা তা জানেন। ইলেকট্রনিকস আমরা করতে পারি নি। মাননীয় সদস্যদের স্মরণ থাকতে পারে তৎকালীন কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছে চিঠি লিখে ছিলেন। কি চিঠি লিখে ছিলেন? লিখে ছিলেন সল্টলেকে ইলেকট্রনিক্স শিল্প করতে দেওয়া যাবে না। কারণ হচ্ছে

পশ্চিমবঙ্গ সীমান্ত রাজ্য। যে রাজ্য সীমান্তে নয়, সেই চন্ডীগড়ে এটা করতে দেওয়া অনুমোদন নাকি দেওয়া হয়েছিল। এই সব অতীত ইতিহাস আমি নতুন করে আপনাদের সামনে আনতে চাই না। পেট্রো-কেমিক্যালের মূলে ছিল অনুসারী শিল্প। পেট্রো-কেমিক্যাল হওয়ার পরে অনুসারী শিল্প গড়ে উঠেছে এবং আমাদের যা আশা ছিল তার থেকেও বেশি সংখ্যাক অনুসারী শিল্প গড়ে উঠেছে। আমরা আশা করছি হলদিয়া পেট্রো-কেমিক্যালকে ঘিরে যে শিল্পের তালুক তৈরি করেছি একটা আলাদা কেবলমাত্র পেট্রো-কেমিক্যালের জন্য। আমার ধারণা আধুনীক পেট্রো-কেমিক্যালের অনুসারী শিল্প আরও গড়ে উঠবে এবং অচিরেই সেই শিল্পের সাফল্য প্রমাণ করতে পারব। মাননীয় সদস্যরা অনেকেই বলেছেন আমাদের রাজ্যের অন্তর্গত ঐহিত্যবাহী জুট শিল্পের সম্বন্ধে। এটা ঠিক আমাদের রাজ্যে পাট শিল্প একটা ঐহিত্যবাহী শিল্প। আপনারা জানেন কিছু কিছু ক্ষেত্রে এই শিল্পে সংকট দেখা দিয়েছে, কয়েকটি শিল্প বি. আই. এফ. আরে গেছে। আমরা রাজ্য সরকার এ ব্যাপারে সচেতন। মাননীয় সদস্যরা জানেন এই জুট শিল্পকে কি ভাবে গড়ে তুলতে পারি সে ব্যাপরে নির্দিষ্ট পদক্ষেপ আমরা গ্রহণ করেছি, আমরা জুট সেল তৈরি করেছি। কি ভাবে এই জুটের সমস্যাতে হস্তক্ষেপ করতে পারি সেই নিয়েও আলোচনা হচ্ছে। সাম্প্রতিক যে জুট কারখানা বন্ধ হয়েছে তার কারণ আপনারা জানেন, হঠাৎ করে কাঁচা পাটের দাম দ্রুত বেড়ে যাচ্ছে, বাংলাদেশ থেকে আমদানির পরিমাণ কমে যায়, ফলে কাঁচা মাল সরবরাহের ক্ষেত্রে একটা সংকট তৈরি হয়েছে। এছাড়াও যারা জুট শিল্পের সঙ্গে যুক্ত তারা জানেন এই সময়কালে স্বাভাবিক ভাবেই জুট শিল্পের কর্মচারী যাদের একটা বড় অংশ আমাদের রাজ্যের বাইরে থেকে আসেন। তারা এই সময় অনেকে নিজের দেশে ফিরে যান। এটা একটা কারণ। তা সত্ত্বেও আমরা মনে করি জুট শিল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ, রাজ্য সরকার যা করছে এবং সেই পদক্ষেপ আমরা গ্রহর করব। এ সম্পর্কে আমাদের একটা কমিটি তৈরি হয়েছিল। সেই কমিটি কিছু সুপারিশ করেছেন। সেগুলো ধরে ধরে রূপায়ণ করতে অগ্রসর হব।

[5-20 — 5-30 p.m.]

কিছু কিছু মাননীয় সদস্য প্রশ্ন করেছেন আই. টি. সেক্টর সম্বন্ধে। তারা বলেছেন, আমাদের রাজ্যে ইনফর্মেশন টেকনোলজি সেক্টরে কি হচ্ছে? ফুড প্রসেসিং-এর ব্যাপারে আপনারা জানেন আমরা গুরুত্ব দিয়েছি এবং আলাদা একজনকে দায়িত্ব দিয়ে

আলাদা দপ্তর করা হয়েছে। আমাদের রাজ্যে তথ্য-প্রযুক্তিকে কি ভাবে প্রশাসনিক কাজে ব্যবহার করতে পারি, ই-গভর্নেন্স চালু করতে পারি—এই বিষয়টা তথ্য প্রযুক্তির, এর জন্য আলাদা দপ্তরে একজনকে দায়িত্ব দেওয়া হয়েছে, তিনি এটা দেখছেন। তিনি যখন এব্যাপারে আলোচনা করবেন আপনারা তাঁর থেকে জানতে পারবেন। অ্যাগ্রো-ইন্ডাস্ট্রির ক্ষেত্রে ফুড প্রসেসিং-এর গুরুত্বপুর্ণ ক্ষেত্র আছে। আপনারাও নিশ্চয় এ বিষয়ে একমত হবেন। সেইজন্য একটা আলাদা দপ্তর তৈরি করা হয়েছে এবং মন্ত্রিসভার একজন সদস্যকে দায়িত্ব দেওয়া হয়েছে এবং তিনি সেটা দেখছেন। এবিষয়ে আমরা কতখানি অগ্রসর হতে পেরেছি, সেটা সেই মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে পারবেন।

এখানে আপনারা যে কথা বলেছেন তার মধ্যে একটা হচ্ছে, আমি প্রশ্নোত্তরের সময় শুনেছি, ডব্লু. বি. আই. ডি. সি.-র ভূমিকা নিয়ে। ডব্লু. বি. আই. ডি. সি.-র পক্ষ থেকে মাননীয় সদস্যদের বিদেশে পাঠানো হয়েছে এবং বিভিন্ন রাজ্যেও গিয়েছেন। কেন গিয়েছেন? সেটা কি প্রয়োজন? এটাকে সব সময় যেভাবে বিচার করতে চয়েছেন —কত বিনিয়োগ আমরা এনেছি এ রাজ্যে, কোন কোন বিদেশি সংস্থা বিনিয়োগ করেছে। এখানে বক্তৃতা করার সময় একজন মাননীয় সদস্য জাপানের কথা উল্লেখ করেছেন। অর্থাৎ বোঝা গেল জাপান আমাদের এখানে আসছে। এবং বক্তা তার বক্তৃতার সময় ইয়েন-রুপির এক্সচেঞ্জের ব্যাপারে শর্তক করেছেন। কিন্তু ডলার-রুপির এক্সচেঞ্জ নিয়ে কথা বললেন না। কি ভাবে ডলারের দাম টাকার তুলনায় বেড়ে যাচ্ছে সেটা আপনারা জানেন। যাইহোক, এর থেকে প্রমাণিত হল জাপান আমাদের রাজ্যে আসছে এবং উদ্যোগে আগ্রহী। যারা আমাদের রাজ্যে শিল্প তৈরি করেছেন তারা ইতিবাচক মনোভাব ব্যক্ত করেছেন। সুতরাং ডব্লু. বি. আই. ডি. সি.-র সব সফর ব্যর্থ হয়েছে সেটা পোষণ করি না। কিন্তু যেটা এর সঙ্গে বলতে চাই মাননীয় শোভনদেববাবুকে সেটা হচ্ছে, এটা তো আপনারা স্বীকার করবেন, আজকে এই যে উদারীকরণ নীতি চালু হওয়ার পর, যেমন আপনি একটা কথা বলেছেন, ১৯৫৬ সালে যে শিল্প নীতি ঘোষণা হয়েছিল, কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিলেন, যদি আমাকে বলেন আমি কি সেই নীতির বিরুদ্ধে? না। কারণ, একটা দৃষ্টিভঙ্গি ছিল। সেই দৃষ্টিভঙ্গি ছিল আমাদের দেশের বিকাশ যেহেতু অসম তার পটভূমিতে দাঁড়িয়ে যেসব জায়গা অপেক্ষাকৃত দুর্বল, পিছিয়ে পড়া, সেই সব রাজ্য, জায়গায় শিল্প যাতে গড়ে ওঠতে পারে তার জন্য কেন্দ্রীয় সরকার শিল্প গড়ে তোলার উদ্যোগ নেবে এবং তার জন্য এই পদ্ধতি তারা এনেছিলেন। কিন্তু

তা কার্যকর করা হয়নি। তা যে কার্যকর করা হয়নি তা আজকে ভারতবর্ষের দিকে তাকালে বুঝতে পারবেন। অসম, বিহার, ওড়িষ্যার দিকে তাকিয়ে দেখুন, পূর্বাঞ্চলের রাজ্য, আমাদের রাজ্যের দিকে তাকিয়ে দেখুন। সুসম বিকাশের কথা যেটা বলা হয়েছিল রাজনৈতিক সদিচ্ছার অভাবে, রাজনৈতিক সংকীর্ণ দৃষ্টিভঙ্গির কারণে আমাদের দেশে সেই নীতি ব্যর্থ হয়েছে। এবং এই ব্যর্থতার পটভূমিতে দাড়িয়ে আজকে যেসব রাজ্য এগিয়ে ছিল তারা পিছিয়ে গেল এবং রাজনৈতিক সদিচ্ছার কারণে এটা ঘটলো। আমি তাতেও যেতে চাইছি না। এই নীতি গ্রহণ করার পর, উদারীকরণ নীতি গ্রহণ করার পর কি হল? সরকার যখন বিনিয়োগ থেকে নিজেকে তুলে নিলো, নিজে বিনিয়োগে আসবে না, পরিকাঠামোর ক্ষেত্রে হোক বা অন্য শিল্প স্থাপনের ক্ষেত্রেই হোক।

তা হলে সমস্ত বিনিয়োগের জন্য দেশি ও বিদেশি বেসরকারি বিনিয়োগের উপর নির্ভর করতে হয়। তাছাড়া রাজ্যের উপর এখন একটা দায়িত্ব এসে পড়ে যে, বেসরকারি বিনিয়োগকে আকর্ষণ করতে হবে। আমাদের বিভিন্ন রাজ্যগুলোর মধ্যে প্রতিযোগিতা শুরু হল যে, কোন রাজ্য কত বেশি বেসরকারি বিনিয়োগ টেনে আনতে পারে। এই প্রতিযোগিতায় প্রত্যেকটি রাজ্যকে অংশগ্রহণ করতে হবে। আজকে সারা ভারতবর্ষের রাজ্যগুলোর মধ্যে এই বিনিয়োগ আকর্ষণের একটা প্রতিযোগিতা চলছে। সেই প্রতিযোগিতার সবটাই শুভ, আমি তা মনে করি না। কিন্তু একটা প্রতিযোগিতা আছে। এই বাস্তবতাকে আমরা অস্বীকার করতে পারি না। আমাদের রাজ্যে যদি শিল্পের বিকাশ ঘটাতে হয়, আমরা সুনির্দিষ্ট ভাবে বলেছি—সরকার যেখানে বিনিয়োগ থেকে হাত গুটিয়ে নিয়েছেন সেখানে বেসরকারি বিনিয়োগ ঘটানোর জন্য আমাদের উদ্যোগী হতে হবে। আর আমাদের যদি উদ্যোগী হতে হয় তাহলে বেসরকারি বিনিয়োগকে আকর্ষণ করতে হবে, বেসরকারি বিনিয়োগকে যদি আকর্ষণ করতে হয় তাহলে আমাদের রাজ্যের কথা বাইরের রাজ্যে, বাইরের দেশে আমাদের প্রচার করতে হবে। আমাদের ভাবমূর্তিকে গড়ে তুলতে হবে। আমাদের সব থেকে দুর্ভাগ্য এটা যে, আপনারা যাঁরা মনে করেন আমাদের রাজ্যে শিল্পায়ণ হওয়া উচিত—আমার সব থেকে কষ্ট হয় যখন আপনারা আমাদের বিরোধিতা করতে গিয়ে আমাদের রাজ্যের মানুষের, আমাদের রাজ্যের স্বার্থের বিরোধিতা করেন। আমি মনে করি যে, আপনারা সবাই মিলে আসুন—আমি এইখানেই আপনাদের সহযোগিতা চাই—আমাদের রাজ্য সম্পর্কে যে ভাবমূর্তি তৈরি করার চেষ্টা হচ্ছে, যে নেতিবাচক মনোভাব তৈরি করার চেষ্টা হচ্ছে তার বিরুদ্ধে দাঁড়িয়ে আমাদের

সকলকে সেই ক্ষেত্রে অংশগ্রহ করতে হবে। আপনারা অনেকে বিদেশে যান। আমি শুনলাম আপনারা জাপনে গেছেন, বিভিন্ন দেশে দেশে গেছেন, আমি খুব খুশি হয়েছি, আপনারা যাঁরা বিভিন্ন দেশে দেশে গেছেন, আপনারা সেই সব দেশে গিয়ে তাদেরকে বলুন আমাদের রাজ্যে আসার জন্য। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে আপনাদের বলছি, যে আপনারা সেই বিনিয়োগকারিদের আকর্ষণ করে নিয়ে আসুন। রাজ্য সরকারের যে সামর্থ আছে সেই সামর্থ দিয়ে আমাদের যেটুকু করণীয় আছে সেই কাজ আমরা করব, আমরা সেই উদ্যোগ নিয়েছি। আসুন আপনারা সকলে মিলে, শিল্পের এই জায়গা থেকে এই রাজ্যকে সামনের সারিতে নিয়ে যাই এবং সেই কারণে আমরা রাজ্যসরকারের পক্ষ থেকে অনেকগুলো উদ্যোগ গ্রহণ করেছি। আমাদের ডব্ল. বি. আই. ডি. সি.-র অফিসকে আমরা নতুন করে তৈরি করেছি, আমাদের সেখানে ইলেকট্রনিকস গভর্ননেন্স চালু করার ব্যস্থা করেছি। আমরা সেখানে সিংগল উইনডো সিসটেম চালু করেছি।

তার যে সব জায়গাগুলো দুর্বল আছে সেগুলো আইডেনটিফাই করে সেগুলো উন্নতি করার চেষ্টা করছি। আমাদের লক্ষ্য হচ্ছে যে, যাতে শিল্পের ক্ষেত্রে সরকারের যে কাজ করণীয় সেই করণীয় কাজগুলো যাতে সরকার দ্রুত ভাবে করতে পারেন। সে ক্ষেত্রেও যদি আপনাদের কোনও পরামর্শ থাকে, যদি কোনও সাজেশন থাকে আমি মুক্ত কণ্ঠে আপনাদের কাছে বলছি যে আসুন আমরা সবাই মিলে আমাদের রাজ্যে শিল্পায়ণের যে গতিবেগ আমরা তৈরি করতে পেরেছি, যে ইতিবাচক মনোভাব তৈরি হয়েছে, আমরা সবাই মিলে আমাদের রাজ্যে সেটাকে আরেকটু, গড়ে তুলি, রাজ্যের শিল্প স্থাপনের যে ক্ষেত্র তাকে আরও প্রসারিত করি এবং আমাদের রাজ্যকে আবার আমাদের যে হৃত গৌরব সেই হৃত গৌরবকে পুনরুদ্ধার করি। এই কথা বলে আপনাদের সকলকে আরেকবার আমার পক্ষ থেকে অভিনন্দন জানিয়ে যে কাটমোশনগুলো এখানে আনা হয়েছে সেগুলোকে আমি বিরোধিতা করছি এবং যে ডিমান্ড আমি এখানে পেশ করেছি তাকে সমর্থন করার জন্য আপনাদের আমি অনুরোধ করছি।

**Voting on Demand No. 24**

The Motions of Shri Ashok Kr. Deb, Shri Saugata Roy, Shri Kamal Mukherjee, Shri Kashinath Misra, Shri Pankaj Banerjee and Shri Abdul Mannan, that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,61,49,000 be granted for expenditure under Demand No. 24, Major Head: "2058—Stationery and Printing" during the year 2001-2002

(This is inclusive of a total sum of Rs. 6,53,83,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

[5-30 — 5-40 p.m.]

**Demand No. 53**

The motions of Shri Kamal Mukherjee, Shri Manturam Pakhira and Shri Abdul Mannan that the amount of the Demand be reduced by Rs.100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,50,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads: "4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1,50,00,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

**Demand No. 75**

The motions of Shri Subrata Bakshi, Shri Subrata Mukherjee and Shri Nirmal Ghosh, and Shri Dipak Kumar Ghosh that the amount of the Demand be reduced to Re. 1/- —were then put and lost.

The motions of Tamonash Ghosh, Smt. Manju Basu, Shri Ashok Kumar Deb, Shri Deba Prasad Sarkar, Dr. Ashish Banerjee, Shri Chowdhury Mohan Jatua, Shri Abdul Mannan and Shri Subrata

Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- —were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 144,91,28,000 be granted for expenditure during the year 2001-2002 under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries and Food & Beverages)".

(This is inclusive of a total sum of Rs. 48,30,43,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

**Demand No. 76**

The motions of Shri Abdul Mannan that the amount of the Demand be reduced by Rs. 100/- —was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,57,33,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 1,19,11,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

**Demand No. 87**

The motions of Shri Ashok Kumar Deb and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 13,05,00,000 be granted for expenditure under Demand No. 87, Major Heads : "5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 4,35,00,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

**Demand No. 88**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,76,91,000 be granted for expenditure under Demand No. 88, Major Head : "3475—Other General Economic Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 2,58,97,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

**Demand No. 93**

The motion of Shri Subrata Mukherjee, Shri Ashok Kumar Deb and Shri Kashinath Mishra that the amount of the demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motions of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 113,86,70,000 be granted for expenditure under Demand No. 93, Major Heads : "4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 37,95,56,000 already voted on account in February, 2001.

was then put and agreed to.

**Demand No. 94**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 20,25,00,000 be granted for expenditure under Demand No. 94, Major Heads : "4859—Capital Outlay on Telecommunication & Electronics Industries and 6859—Loans for Telecommunication & Electronics Industries" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,75,00,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

**Demand No. 95**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 53,50,30,000 be granted for expenditure under Demand No. 95, Major Heads : "4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries and Foods & Beverages), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries and Foods & Beverages)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 17,83,43,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

**Demand No. 96**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 12,17,60,000 be granted for expenditure under Demand No. 96, Major Heads : "6875—Loans for Other Industries (Excluding Closed & Sick Industries) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 4,05,87,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

[5-40 — 5-43 p.m.]

**Demand No. 97**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 80,00,000 be granted for expenditure under Demand No. 97, Major Head : "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 26,67,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

**Demand No. 74**

The motion of Shri Kashinath Mishra (cut motion no. 1), that the Amount of the Demand be Reduced to Re. 1/- was then put and lost.

The motion of Shri Ashok Deb (cut motion no. 2), Shri Saugata Roy (cut motion no. 3), Dr. Asish Banerjee (cut motion no. 4), Shri Mostaque Alam (cut motion no. 5), Shri Abu Taher Khan (cut motion no. 6), Shri Kashinath Misra (cut motion no. 7 & 8), Shri Tamonash Ghosh (cut motion no. 9), Shri Jyotipriya Mallick (cut motion no. 10), Shri Abdul Mannan (cut motion no. 11), Shri Molay Ghatak (cut motion no. 12) and Shri Partha Chatterjee (cut motion no. 13) That the Amount of the Demand be reduced by Rs. 100/ - was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,41,50,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2852—Industries (Closed and Sick Industries), 4858-Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital. outlay on other Industries (Closed and Sick Industries), 4885—Capital Outlay on Industries and Minerals (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Cloased and Sick Industries)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 6,47,16,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

**Demand No. 92**

The motion of Shri Ashok Kumar Deb (No. 1) and Shri Tamonash Ghosh (cut motion no. 2) That the Amount of the Demand be Reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of ₹s. 95,14,50,000 be granted for expenditure under Demand No. 92, Major Heads: "4858—Capital Outlay on Engineering Industries Public Undertakings), 5075—Capital Outlay on Other Transport ervices (Public Undertakings), 6857—Loans for Chemical and harmaceutical Industries (Public Undertakings) and 6860—Loans or Consumer Industries (Public Undertakings)" during the year 001-2002.

(This is inclusive of a total sum of Rs. 31,71,50,000 already oted on account in February, 2001)

was then put and agreed to.

**Adjournment**

At this stage the House was adjourned at 5.43 p.m. till 11 a.m. n Monday, the 9th July, 2001, at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 9th July, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 06 Ministers of State and 144 Members.

[11-00 — 11-10 a.m.]

## OBITUARY

**Mr. Speaker :** Before commencement of business of the day I rise to perform a melencholy duty to refer to the sad demise of Shri Debnath Murmu, former memeber of this Assembly and Shri Amiya Bhusan Majumder a writer.

Shri Debnath Murmu, member of this House, breathed his last on the 6th July, 2001 at Sub-divisional Hospital, Malda following a brief illness. He was 43.

Born August 7, 1958 Shri Murmu had his education at Bul Bul Chandi High School, Malda. By profession he was a teacher. He was associated with many political organisations. He was also a philanthropist.

He was elected to the West Bengal Legislative Assembly in 1991 and in 1996 from Gajol (S.T.) constituancy as a C.P.I.(M) candidate.

At his death we have lost a promising political leader and social activist.

**Shri Amiya Bhusan Majumder,** one of the pioneers in prose fiction breathed his last on the 8th July, 2001 at a Nursing Home in Kolkata after a protected illness. He was 84.

Shri Majumder was born on 22nd March, 1918. He had his education at Jankin's School and Victoria College of Cooch Behar. He started his literary works while college student. Though he could not earn mass popularity through his 60 years literary performances yet he succeeded to establish himself as a creator of unique style. His first story 'Pramilar Biay' was published in the daily 'Purbasha'. In the 50's his two more collection of stories 'Dipitar Gharey Ratri' and 'Pancha Ranga' were also published. As a novelist he had for more creations in his credit. Some of his remarkable novels are 'Gar Sreekhanda' 'Rajnagar' 'Nayan Tara' 'Dukhiyar Kuti' 'Uttarpureesh' etc. He was honoured with Sahitya Akademy and Bankim Awards for his novel 'Rajnagar'. His favourite subject was the first phase of colonialism and the contradictions of the contemporary time. In his works contained reflections of consciousness of age. Socialism and artistic skill.

At his death the world of Bengali Literature has sustained a great loss that is hard to repair.

(At this stage the Hon'ble Members rose in their seats and observed silence for two minutes)

**Mr. Speaker :** Thank you, Ladies and Gentlemen, Secretary will send the message of condolence to the members of bereaved families of the deceased.

(গোলমাল)

(ভয়েস ফ্রম আপোজিশানঃ বিধানসভার রিপোর্টাররা মাঝখানে বসতেন ওনাদের ওখানে তুলে দিলেন কেন? এটা বহু দিনের ঐতিহ্য।)

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন নিজেরা নিজেদের জিজ্ঞাসা করবেন কেন হলো?

## HELD OVER STARRED QUESTION
### (to which oral answers were given)

### কলকাতা হাইকোর্টে বিচারপতির শূন্য পদ

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা হাইকোর্টে দীর্ঘদিন ধরে বিচারপতিদের বহুসংখ্যাক পদ শূন্য অবস্থায় আছে;

(খ) সত্যি হলে, শূন্য পদের সংখ্যা কত আছে; এবং

(গ) উক্ত পদগুলি কবে নাগাদ পূরণ করা হবে বলে আশা করা যায়?

**শ্রী নিশীথ অধিকারী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১০ (দশ)।

(গ) এখনই বলা সম্ভব নয়।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে দীর্ঘ দিন ধরে এই সমস্ত শূন্য পদ পড়ে আছে, এখন বলা সম্ভব নয়। নিয়োগের ব্যাপারে আমি জানতে চাই, এই নিয়োগের মূল দায়িত্ব কার, কি ভাবে নিয়োগ করা হয় এবং রাজ্য সরকারের তাতে প্রত্যক্ষ এবং পরোক্ষ ভূমিকা আছে কিনা? আর রাজ্য সরকার সেই দায়িত্ব পালন করছে কিনা এবং করেছেন কিনা জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** ভারতীয় সংবিধানের ২১৭ ধারা অনুযায়ী হাই কোর্টের বিচারপতি নিয়োগের দায়িত্ব রাষ্ট্রপতি অর্থাৎ কেন্দ্রীয় সরকারের। এর সঙ্গে বলা আছে যে নিয়োগের সময় রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সংশ্লিষ্ট হাই-

কোর্টের প্রধান বিচারপতি এবং রাজ্যপাল অর্থাৎ রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করবেন। ১৯৯৩ সালের সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী এবং পরবর্তীকালে ১৯৯৮ সালের সুপ্রিম কোর্টের আবার একটা রায় অনুযায়ী যে পদ্ধতি বর্তমানে চালু আছে তাতে হাই-কোর্টের প্রধান বিচারপতি এবং কলিজিয়ান আরো তিন জন বিচারপতিকে নিয়ে ঠিক করেন কে কে বিচারপতি হবেন সেই প্রস্তাব আসে এবং সেটা রাজ্য সরকারের কাছে আসে। তারপর কেন্দ্রীয় সরকার এবং সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির কাছে যায়। এই প্রস্তাব আসার পর সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এবং তাঁর কলিজিয়ান প্রাইমাফেসি দেখেন। তারপর রাষ্ট্রপতি কেন্দ্রীয় সরকারকে তাঁর যে আদেশ সেই আদেশ দেন এবং বিচারপতি নিযুক্ত হন। সুতরাং রাজ্য সরকারের হাই-কোর্টের বিচারপতি নিয়োগের ক্ষেত্রে দায়িত্ব প্রত্যক্ষ ভাবে নেই। তাঁরা শুধু তাঁদের যে মতামত সেটা দিতে পারেন, এবং ছ' সপ্তাহের মধ্যে মতামত না দিলে ধরে নেওয়া হয় তাঁদের মতামত নেই।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিচারপতি নিয়োগের ক্ষেত্রে তাঁদের মাসিক আয়ের ন্যূনতম আয়কে ভিত্তি করা হয় কিনা এবং বয়সকে ভিত্তি করা হয় কিনা?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** আমি মাননীয় সদস্যকে আমাদের যে কার্যপ্রণালী নিয়মাবলী আছে ৪৩(১)৭, তার প্রতি দৃষ্টি আকৃর্ষণ করছি। তাতে বলা আছে, রাজ্য সরকার মুখ্যত সংশ্লিষ্ট নয়, এরূপ কোনও প্রসঙ্গে জিজ্ঞাসা চলবে না। তবু উনি জিজ্ঞাসা করেছেন, আমি ওঁকে জানাচ্ছি। সম্প্রতি কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে একটি প্রস্তাব রেখেছেন—আয়ের ক্ষেত্রে বিচারপতি হিসাবে যাঁকে নিয়োগ করা হবে, তাঁর যদি বার্ষিক আয় সাড়ে তিন লক্ষ না থাকে, তাহলে তাঁকে নিয়োগ করা যাবে না। এমন একটা কথা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে জানিয়েছেন। আর বয়সের ক্ষেত্রে আগে যেটা বেশি ছিল ৫০, সেটা কমিয়ে, একসেপশন্যাল সারকামস্ট্যান্সে ৪০ পর্যন্ত করা চলবে। এমন কথাও বলেছেন, অর্থ আয়ের ক্ষেত্রে প্রফেসন্যাল আয়ের, আর্থৎ পেশাদারী আয়ের কথা বলা হয়নি। আয়ের ক্ষেত্রে যেটা বলা হয়েছে, তাতে বিতর্কের সুযোগ আছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহোদয় বললেন, শুধু যোগাযোগ রাখা ছাড়া রাজ্য সরকারের প্রত্যক্ষ ভূমিকা নেই। দীর্ঘদিন পদগুলো পূরণ না হওয়ার

কারণে মামলা ক্রমশ জমছে। বর্তমানে বকেয়া মামলার সংখ্যা কত, কত সংখ্যক নতুন মামলা নথিভুক্ত হচ্ছে, এবং কত সংখ্যক নিষ্পত্তি হচ্ছে দয়া করে জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী** ঃ এই ক্ষেত্রে আমি ৪৩-এর যে নিয়ম, তার প্রতি মাননীয় সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। মূলপ্রশ্নের সঙ্গে এটি সম্পর্কযুক্ত নয়। তবু আমি জানিয়ে দিচ্ছি, আমাদের কাছে শেষ খবর পাওয়া পর্যন্ত হাইকোর্টে জমে থাকা মামলার সংখ্যা প্রায় তিন লক্ষ পঁচিশ হাজারের মতো। আর এমনি যে খবর পাওয়া যায়, তাতে ষাট হাজার মামলা প্রতি বছর জমা হয়, আর গড়ে প্রায় কুড়ি হাজার মামলার নিষ্পত্তি হয়। তবে বর্তমানে এর সংখ্যাটা বাড়ছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা** ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, হাইকোর্টে প্রচুর বিচারপতি যে নিয়োগ করা যাচ্ছে না, তারজন্য বাজেটে যে টাকা বরাদ্দ আছে তা কি পর্যাপ্ত নয়? বাজেটে কি বরাদ্দ আছে, এবং বাজেটে কি কি ক্ষেত্রে খরচ হয়, এটা জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী** ঃ আপনি এই প্রশ্নটি আলাদা করে দিন, আমি নিশ্চয়ই বলতে পারব। বাজেটে এই বিচারপতি নিয়োগের প্রশ্নটি সরাসরি সম্পর্কযুক্ত নয়। তার কারণ বিচারপতি যিনি নিযুক্ত হবেন, তা ধরেই তো ঠিক করা আছে।

**শ্রী চৌধুরী মোহন জাটুয়া** ঃ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইবো—কত সংখ্যক মামলা হাইকোর্টে পেন্ডিং আছে এবং নানা কারণে জাজদের নিয়োগ করা যাচ্ছে না, সে সম্বন্ধে উনি বললেন—অ্যাড হক সিস্টেমে জাজ নিয়োগ করা যায় কিনা?

হেলথ সার্ভিসে ডাক্তার না পাওয়া গেলে আপনারা অ্যাড হক হিসাবে কনট্রাক্ট বেসিসে ডাক্তার নিয়োগ করেন সেইরকম জাজেদের ক্ষেত্রেও অ্যাড হক বেসিসে নিয়োগ করে সমস্যার সমাধান করা যায় কিনা জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী** ঃ মাননীয় সদস্যার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ৪৩-এর (১) (৪) বলা আছে—ইহাতে কোনও মতামত প্রকাশ, আইন তৈরি, মিমাংসা বা কল্পিত সমস্যার সমাধান চাওয়া চলিবে না।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, হাইকোর্টের কতগুলি মামলা লোক আদালতের মাধ্যমে আপনারা মিমাংসা করার ব্যবস্থা করেছেন কিনা এবং প্রকৃতপক্ষে কতগুলোর মিমাংসা হয়েছে জানাবেন কি?

**মিঃ স্পীকার ঃ** এটা হয় না।

**শ্রী দীপকচন্দ্র সরকার ঃ** মাননীয় আইন ও বিচার বিভাগের মন্ত্রী জানাবেন কি উত্তরবঙ্গে হাইকোর্টের সার্টিক বেঞ্চ কবে নাগাদ চালু হতে পারে এবং যদি দেরি হয়, তার কারণ কি জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** আমাদের কাছে যতটুকু সংবাদ এসেছে তাতে জানাই যে, কেন্দ্রীয় সরকারের আইনমন্ত্রী বলেছেন খুব শীঘ্রই উত্তরবঙ্গে সার্কিট বেঞ্চ চালু করার কথা ভাবছেন।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আমাদের রাজ্যের হাইকোর্টের তুলনায় অন্য রাজ্যের হাইকোর্টের বিচার পতিদের সুযোগ-সুবিধা অনেক বেশি এবং সেইকারণে সুনির্দিষ্ট প্রস্তাবও এসেছে যে, আমাদের রাজ্য কি বিচারপতি হতে চাইছেন না কারণ আমাদের রাজ্যের সুযোগ সুবিধা কম বলে। এই ব্যাপারে আপনার কাছে কোনও প্রস্তাব এসেছে কিনা জানবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** এইকথা সত্য নয় যে আমাদের রাজ্যে হাইকোর্টে বিচারপতিদের সুবিধা কম। এই যে সব সুযোগ সুবিধা তা অন্য হাইকোর্টের নেই, সুতরাং প্রস্তাব আনার কোনও প্রশ্নই আসে না।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে, জেলার স্বার্থে মেদিনপুর থেকে মহকুমা আদালত স্থানান্তরিত করবার কোনও পরিকল্পনা রয়েছে কিনা জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এটা হয় না।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি নিশ্চয় জানেন যে, হাইকোর্টে ছুটির পরিমাণ খুব বেশি এবং সেইকারণে সমস্যার সমাধান করা যায় না। সেইকারণে আমার জিজ্ঞাস্য যে, ছুটির পরিমাণ কমাবার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** হাইকোর্টে কত ছুটি হবে, সেটা রাজ্য সরকার ঠিক করেন না, সেটা হাইকোর্টে নিজেরাই ঠিক করে। তবে এটুকু আমি মনে করছি এটা ৪৩-এর ১(৭)-এ আটকে যাচ্ছে।

## STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### স্ব-নিযুক্তি প্রকল্প

***১৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্ব-নিযুক্তি প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে চালু স্ব-নিযুক্তি প্রকল্প-এর সংখ্যা কত; এবং

(খ) বিগত আর্থিক বছরে (২০০০-২০০১)

(১) কতজনকে উক্ত প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে; এবং

(২) লক্ষ্যমাত্রা কত ছিল?

**শ্রী মহম্মদ সেলিম ঃ**

(ক) যুব কল্যাণ দপ্তরে বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প নামে একটি স্বনিযুক্তি প্রকল্প চালু আছে। এছাড়াও অন্যান্য দপ্তরে স্বনিযুক্তি প্রকল্প চালু আছে।

(১) বিগত ২০০০-২০০১ আর্থিক বছরে বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে ২৬৬৬ জন কর্মদ্যোগী তথা Entrepreneur-কে উক্ত প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে। উক্ত প্রকল্প বিগত আর্থিক বছরেই (২০০০-২০০১) চালু হয়েছিল এবং ঐ বছরে শেষ তিনমাস প্রকল্প রূপায়নের জন্য সময় পাওয়া গিয়েছিল

(২) লক্ষমাত্রা ছিল ২০,০০০ কর্মদ্যোগীকে উক্ত প্রকল্পের আওতায় আনা। প্রকল্প রূপায়নের জন্য মাত্র তিন মাস সময় হাতে ছিল। তাই লক্ষমাত্রা পূরণ সম্ভব হয়নি।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, আমার প্রশ্নের সঙ্গে উত্তরটার কোনও মিল নেই। আমার প্রশ্ন ছিল, রাজ্যে স্ব-নিযুক্তি প্রকল্পের সংখ্যা কত এবং নামগুলি কি কি? রিভিন্ন ধরণের প্রকল্প আছে, আপনি সেই রাস্তায় মাড়ালেন না, অন্য রাস্তায় গিয়ে উত্তর দিলেন। আমার প্রশ্ন ছিল, বাংলা স্ব-নির্ভর কর্মসংস্থান প্রকল্প নামে একটি স্ব-নিযুক্তি প্রকল্প চালু আছে—এই ব্যাপারে আমি আপনাকে স্পেশিফিক প্রশ্ন করেছি আপনি স্পেশিফিক উত্তর দিন, আমি তার সঙ্গে অ্যাড করছি সেই প্রকল্পগুলির নাম কি কি?

**শ্রী মহম্মদ সেলিম ঃ** স্যার, বিধানসভার রুলস অব বিজনেস অনুযায়ী আমার ডিপার্টমেন্ট রিলেটেড প্রশ্নের উত্তর দিতে অবশ্যই বাধ্য। সেই ব্যাপারে প্রশ্ন কর্তা ভেটারেন্ট অ্যাসেম্বলির সদস্য, তাঁর প্রশ্ন (ক) রাজ্যে চালু স্ব-নিযুক্ত প্রকল্পের সংখ্যা কত? এখানে কোনও নামের প্রশ্ন ছিল না। আমার দপ্তরে একটি মাত্র প্রকল্প চালু আছে, তার নাম দিয়েছি। উনি যদি পারসিস্ট করেন আমি সমস্ত তথ্য ইনফর্মেশন কালেক্ট করে লে করে দিতে পারব তবে ইট উইল টেক টাইম।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** আমাদের রাজ্যে স্ব-নিযুক্তি প্রকল্পের পরিস্থিতি ভাল নয়। বিগত বছরে আমরা দেখেছি আপনারা এখানে লক্ষ্যমাত্রা করেছেন ২০ হাজার, পেয়েছেন বেনিফিসিয়ারি ২ হাজার ৬৬৬ জন। এই ২ হাজার ৬৬৬ জন মোট কত টাকা তারা পেয়েছে, এই কাজ করার জন্য, এটা যদি আপনি আমাদেরকে জানান তাহলে ভাল হয়।

**শ্রী মহম্মদ সেলিম ঃ** মিঃ স্পিকার স্যার, এখানে লক্ষ্যমাত্রা ২০ হাজার ছিল এবং প্রকল্পর নিয়ম অনুযায়ী ব্যাঙ্কগুলির উপর আমাদের নির্ভর করতে হয়। কারণ ৭৫ শতাংশ ঋণ হিসাবে ব্যাঙ্ক থেকে আসে। আমরা গত বছরে ১২ হাজার ৮০০ কেস বেনিফিসিয়ারি আইডেন্টিফাই করি। ব্যাঙ্কের কিছু স্পনসর্ড ছিল ব্যাঙ্কগুলি ২ হাজার ৬৬৬ জনের প্রকল্প স্যাংশন করেছেন এবং বাকি ৭ হাজার ২৯টি তাদের কাছে আছে। কারণ ডি আর এস হচ্ছে বলে এখন ব্যাঙ্কের কর্মী সংখ্যা কম সেটা তারা জানিয়েছেন। তাতে সবটা তারা মার্চ মাসের মধ্যে করতে পারেননি। আমি নিজে উদ্যোগ নিয়েছি এবং ব্যাঙ্ক ওয়াইজ রিভিউ করছি, গত এক বছরে পেন্ডিং

কেস আছে, সেইগুলি স্যাংশন হয়নি। ২০০০-০১ সালের আর্থিক বছরে বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে ২,৬৬৬ জন কর্মদ্যোগীকে উক্ত প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে। বাকি ৭,৩২৯টি বাতিল হয়নি, ব্যাঙ্কগুলি করছে আস্তে আস্তে। আমরা চেষ্টা করছি যাতে দ্রুত হয়। ২ হাজার ৬৬৬টি প্রকল্পের জন্য মোট অর্থ হচ্ছে ৫২ কোটি ২৩ লক্ষ ৯৮ হাজার ৭৮৫ টাকার কিছু বেশি। অর্থাৎ আমরা যেহেতু ১৫ শতাংশ সাবসিডিতে ইনভলভ স্টেট বাজেটে এটা আমরা বাজেট থেকে পাই, সেটা হচ্ছে, ৭ কোটি ৮৬ লক্ষ ৪৯ হাজার ৬৪৩ টাকা এটা রাজ্য সরকারের।

অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যের যিনি অর্থমন্ত্রী তিনি স্বপ্নবিলাসী, স্বপ্ন দেখতে ভালেবাসেন এবং রাজ্যের মানুষকে স্বপ্ন দেখাতে ভালোবাসেন রাজ্যের মানুষের সাথে তার কোনও সম্পর্ক নেই। আপনি বললেন, ২,৬৬৬, আর মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন এই সামগ্রিক প্রস্তুতি নিয়ে আমরা বর্তমান বছরে এক লক্ষ লোককে স্ব-নিযুক্তি প্রকল্পে নিয়ে আসার জন্য ১০০ কোটি টাকার বরাদ্দ রেখেছি। আপনার টার্গেট ছিল চল্লিশ হাজার, ২,৬৬৬ জন এন্টারপ্রেনারসকে সাহায্য করতে পেরেছেন। এই যে এক লক্ষ লোককে স্ব-নিযুক্তি প্রকল্পে যুক্ত করবেন বলেছেন এর ভিত্তিটা কি?

**শ্রী মহম্মদ সেলিম ঃ** মাননীয় সদস্য সংখ্যাটা খুব তাড়াতাড়ি ভুলে গেছেন। কুড়ি হাজার টার্গেট ছিল, আপনি বললেন চল্লিশ হাজার। কুড়ি হাজার এবং চল্লিশ হাজারের মধ্যে তফাৎ আছে। মাননীয় অর্থমন্ত্রী কয়েকদিন আগে বাজেট প্রস্তাব রেখেছেন এবং সেখানে তিনি বলেছেন এক লক্ষ করবেন। শুধু আমার ডিপার্টমেন্ট নয়, আরও অনেক ডিপার্টমেন্টকে নিয়ে এই কর্মসূচি চলছে। সেখানে আমাদের টার্গেট শহর এলাকার জন্য তিরিশ হাজার। আর গত বছরের জন্য যেগুলো পেন্ডিং আছে সেগুলোর কাজও চলবে, ব্যাঙ্কও তাদের টাকা দেবে। আমরা নতুন করে আরও ত্রিশ হাজার আরও অন্তর্ভুক্ত করব। আর এক লক্ষ যেটা বাজেটে বলা হয়েছে অর্থমন্ত্রীকে প্রশ্ন করলে তার ডিটেইলস্‌টা পেয়ে যাবেন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** আমাদের যে স্ট্যাটিসটিকাল অ্যাপেনডিক্স আছে সেখানে আপনি দেখবেন গত দশ বছরের চাকরি হয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে প্রতি বছর দশ হাজার, এটা কোনও বছর একটু কম বা কোনও বছর একটু বেশি হতে পারে। প্রথম তিন মাসের বাজেটে বলেছেন রাজ্য সরকার চাকরি দেবেন বলেছেন আট লক্ষ, পরবর্তী সময়ে সেটা কমে ছয় লক্ষতে দাঁড়াল। দুই

লক্ষ মানুষের চাকরি কমে গেল। অ্যাভারেজ দশ হাজার করে পার ইয়ার মানুষের চাকরি যদি হয়, তাহলে ছয় থেকে দশ বাদ দিলে পাঁচ লক্ষ নব্বুই হাজার মানুষের চাকরি আপনি কোন প্রকল্পের মাধ্যমে দেবেন?

**শ্রী মহম্মদ সেলিম ঃ** আমাদের দেশের দুর্ভাগ্য, প্রশাসন, রাজনীতিবিদ, জনপ্রতিনিধি, আমাদের সকলের দুর্বলতা আছে। প্রশ্নটা ছিল কর্মসংস্থান, স্ব-নির্ভর কর্মসংস্থান। আপনি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে চাকরির কথা বললেন। মাননীয় অর্থমন্ত্রী যে ছয় লক্ষ কর্মসংস্থানের কথা বলেছেন বা গোটা দেশের যে নীতি এবং আমাদের রাজ্য সরকার যেটা বলছেন স্ব-নির্ভর কর্মসূচি কর্মসংস্থান, সো ইট ইনভল্‌ড সো মেনি আদার প্রোজেক্ট। আমি বাংলা স্ব-নির্ভর কর্মসূচির কথা বলেছি। আর এমপ্লয়মেন্টের এক্সচেঞ্জ থেকে চাকরির ব্যাপারে জানতে গেলে শ্রম দপ্তরে আলাদা করে নোটিশ দিলে এর উত্তরটা পাবেন। দোহাই এই রং ম্যাসেজ মানুষের মধ্যে এবং নিজের মধ্যে ছড়াবেন না। চাকরি এবং স্ব-নির্ভর কর্মসূচি এই দুটো আলাদা, এটা বুঝতে হবে।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** অর্থমন্ত্রী মহাশয় বলেছেন ৬ লক্ষ মানুষকে কর্মসংস্থানের আওতায় আনবেন। এটা কিসের ভিত্তিতে? কেননা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যদি বছরে ১০ হাজার জনের চাকরি হয়, তাহলে বাকি ৫ লক্ষ ৯০ হাজার জনের চাকরি কি করে হবে বা নিজেদের রোজগার কি ভাবে করবে?

**শ্রী মহম্মদ সেলিম ঃ** মাননীয় সদস্য সেল্ফ এমপ্লয়মেন্টের মাঝখানে যে একটাহাইফেল আছে, সেটা ভুলে গিয়ে সেল্ফ বলতে নিজের আর এমপ্লয়মেন্ট বলতে চাকরি, এটাই বুঝেছেন।

**শ্রী বিনয় দত্ত ঃ** বাংলা স্ব-নিযুক্ত প্রকল্পে কত দরখাস্ত পড়েছিল এবং সেটা জেলাওয়ারি কি জানানো কি সম্ভব?

**শ্রী মহম্মদ সেলিম ঃ** আমাদের টার্গেট ছিল ২০ হাজার, আমরা ব্যাঙ্কে পাঠিয়েছি ১২,৮০০। এর কারণ, সেটা প্রথম বছর ছিল, সময় কম ছিল এবং একটা প্রাইমারি স্ক্রিনিং করা হচ্ছিল। কতগুলোতে টেকনিক্যালি ভুল ছিল আর কিছু ফর্মে ভুল ছিল, মটিভেটর, মিউনিসিপ্যাল অফিসার মিলে ব্যাঙ্কের অফিসারদের সাথে কথা বলে

যাতে পাঠানো যায়, ভুল বোঝাবুঝি না থাকে সেইভাবে বলা হয়েছে। জেলাওয়ারি বলছি—স্কিম এবং টার্গেট। ২৪ পরগণায় টার্গেট ছিল ২৭৫, ব্যাঙ্কের পাঠানো হয়েছে ২,৯১৭টি। স্যাংশন হয়েছে ৩২১। দক্ষিণ ২৪ পরগণা টার্গেট ছিল ৮২৫, ব্যাঙ্কের পাঠিয়েছি ৪৫১। কলকাতা টার্গেট ৫,০০০ ব্যাঙ্কে পাঠিয়েছি ১,৭৯৯।

স্যার, মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে অনুরোধ করব নতুন প্রকল্প প্রথম শুরু হয়েছে এবং এটাকে পলিটিক্যালি কনট্রোভার্সিয়াল ইস্যু না করে কেন কম হয়েছে এই ব্যাপারে আমাদের মাথা ঘামানো উচিত অবশ্য এবং এইজন্য আপনাদেরই মানুষকে ইনভলভ করা দরকার যে কেন ব্যাঙ্ক স্ব-নির্ভর কর্মসূচির ক্ষেত্রে ঋণ দিচ্ছে না। এই প্রশ্নটি রাজ্য সরকারের কাছে করার থেকে ভালো হচ্ছে ব্যাঙ্ক অথরিটি এবং দিল্লির ফিনান্স মিনিস্টারের কাছে যাওয়া উচিত যে কেন দেওয়া হচ্ছে না। কেন সেলফ এমপ্লয়মেন্ট কেসগুলি পেন্ডিং থাকছে। অন্তত নিজেদের কন্সটিটিয়েনশীর ব্যাপারটা বলুন। স্যার, আমি জেলাওয়ারি কত পাঠানো হয়েছে সেটা বলছি—কলকাতা ১৭৯৯, হওড়ার ৫৯২, হুগলি ৩৬৯, বাঁকুড়া ৩৮৪, বীরভূম ৩২৬।

**মিঃ স্পিকার ঃ** যদি আপনাদের শোনার ধৈর্য্য না থাকে, তাহলে সাপ্লিমেন্টারি জিজ্ঞাসা করে লাভ নেই। রুলিং পার্টি যখন জিজ্ঞাসা করবেন, আপনারা তখন ডিসটার্ব করবেন, অপজিশন বললে তখন ওরা চিৎকার করবে। তাহলে সাপ্লিমেন্টারি বন্ধ করে দিন। উত্তরটা কি আপনাদের মনের মতো হতে হবে। ওঁনারা ফাইল অনুযায়ীই তো উনি উত্তর দেবেন। নাকি আপনাদের মনের মতো হলে তবেই ঠিক হবে।

**শ্রী অশোক মুখার্জি ঃ** এই প্রকল্প সারা ভারতবর্ষে চালু আছে কিনা। পশ্চিমবঙ্গে যে এই কর্মসংস্থান প্রকল্প চালু করেছেন, এতে দেখছি যে, সাধারণত যারা ফর্ম পেয়েছেন, তারা পার্টির লোক। তারা এই স্ব-নির্ভর প্রকল্পের আওতায় আসছে। এই ফর্ম দেওয়ার ব্যাপারে স্ব-নির্ভর প্রকল্পের আওতায় কারা আসবে। এই সম্পর্কে পরিকল্পনা কি এবং কিভাবে পাবে আর কেন পাবে এই ব্যাপারে বলেন তাহলে ভালো হয়।

**শ্রী মহম্মদ সেলিম ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের দুটো অংশ আছে। প্রথম অংশ হচ্ছে—বিভিন্ন রাজ্যে এই ধরণের প্রকল্প চালু হয়েছে কিনা এবং আমাদের রাজ্যে

এই প্রকল্প যে চালু হয়েছে। বিভিন্ন রাজ্যে বিশেষত দক্ষিণ এবং পশ্চিম ভারতের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি আছে তাদের দিয়ে রিজার্ভ ব্যাঙ্কের সার্কুলার অনুযায়ী মিনিস্ট্রি অব ফিনান্সের সার্কুলার অনুযায়ী, এই ধরণের ক্ষুদ্র যে ব্যবসা তাকে গড়ে তোলার জন্য জেলাওয়ারি এবং রাজ্যওয়ারি স্কিম তৈরি করে স্ব-নির্ভর প্রকল্প পপুলারাইজ করে অ্যাওয়ারনেস ডেভেলপ করে এবং স্কিম তৈরি করে বেকার যুবকদের সাহায্য করা হয়। দুর্ভাগ্যবশত পূর্ব ভারত এবং উত্তর পূর্ব অঞ্চলের, পশ্চিমবঙ্গের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি করেনি যেকোনও কারণেই হোক করেনি। আমরা রাজ্য সরকার ব্যাঙ্কের সেই অসম্পূর্ণ কাজকে রূপদানের জন্য এই প্রকল্প রচনা করেছি এবং আমাদের মানুষের কাছে কমিটমেন্ট আছে তাই ব্যাঙ্কের ঋণ নিয়ে মানুষকে ইনভলভ করে এটা করেছি। তবে সংখ্যাটা যখন তফাৎ হচ্ছে, স্পনসর্ড কেস, তারসঙ্গে স্যাংশনড কেস, ডিসবার্সড কেস—তার পিছনে কারণ হচ্ছে ব্যাঙ্কগুলির মধ্যে অনীহা আছে। বেকারদের ঋণ দেবার ব্যাপারে অনীহা আছে।

[11-40 — 11-50 a.m.]

আমাদের যে ডিস্ট্রিক্ট ইওথ অফিসার তিনি হচ্ছেন মেন নোডাল পয়েন্ট। জেলা এবং যেহেতু শহরাঞ্চলের প্রকল্প সেজন্য মিউনিসিপ্যালিটি ইওথ অফিসার তার চেয়াম্যান, এম. আই. সি যদি থাকেন তা না হলে অন্য যাকে দায়িত্ব দেওয়া আছে তাদেরকে ইনভলভ করে থ্রু কলকাতার ক্ষেত্রে বরো আর জেলাগুলোর ক্ষেত্রে মিউনিসিপ্যালিটি একটা ইউনিট ধরে নিয়ে মিউনিসিপ্যালিটি ইওথ অফিসার অথবা বরো ইওথ অফিসার তাঁরা হচ্ছেন এর মেন ড্রাইভিং অফিসার এবং তাঁর সঙ্গে আমরা মোটিভেটর নিয়োগ করেছি যে, মোটিভেটর কোনও সরকারি নিয়োগপ্রাপ্ত নয়। তিনি হচ্ছেন ধরণের স্যাংশন হলে ব্যাঙ্ক স্পনসর করে পাঠালে তিনি একশো টাকা করে পাবেন। পার কেস এবং যদি ঋণটা রিপেমেনট হয় এবং যখন স্যাংশন হয়ে যাবে যখন টাকাটা পাবে সেই বেকার তখন সে পাবে ৪ শো টাকা। যদি সফলতার সঙ্গে সে করতে পারে ব্যাঙ্ক যখন টাকা ডিসবার্স করবে সে চারশো টাকা পাবে কেস হিসাবে এবং রিকভারির জন্য যত টাকা ঋণ শোধ হবে তার উপর এক পার্সেন্ট করে দেওয়া হবে। ব্যাঙ্ক এই টাকা দিতে চান নি কারণ রিকভারি হয় নি বলে। রিকভারির জন্য আমরা ব্যাঙ্ককে অ্যাসিওর করছি যে ব্যাঙ্কের টাকা ব্যাঙ্ক যাতে শোধ পায় তার মাঝখানে মোটিভেটর যদি সাহায্য করে রিপেমেন্টের জন্য, যেমন দরখাস্ত করার জন্য সাহায্য করছে, স্কিম করার জন্য

সাহায্য করছে তাহলে সেই এক পার্সেন্ট করে রিকভারি কমিশন পাবে। এই স্কিমটা আমরা আরও রিভিউ করছি। এই সরকার নতুন করে আসার পর, নতুন করে আমরা দায়িত্ব নেবার পর, আমরা সকলের যারা বেনিফিসিয়ারি, যারা সফল এবং অসফল ব্যাঙ্ক স্টেট লেভেল, ব্রাঞ্চ লেভেলে আমাদের জেলা অফিসার্স থেকে তাদের সঙ্গে আমরা জেলাওয়ারি বসে রিভিউ করে এটাকে আরও স্ট্রং এবং স্ট্রেংথফুল করতে চাইছি যাতে ব্যাঙ্ক আরও এগিয়ে আসে, টাকা দিতে পারে। প্রোজেকটগুলো ব্যাঙ্কেবল হয়, কোন স্কিম করার জন্য দরখাস্তকারীকে বেশি ছোটাছুটি করতে না হয় আরও সহজ এবং সরল করে আমরা এই মাসের মধ্যে সম্পূর্ণ করে ২০০১ এবং ২০০২ সালে আমরা আরও ভাল করে উন্নতি করে স্কিমটা রিলঞ্চ করব।

**শ্রী ইউনুস সরকার ঃ** স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে মন্ত্রী বলেছেন স্ব-নিযুক্তি প্রকল্পের ক্ষেত্রে ব্যাঙ্ক একটা বাধা এবং ব্যাঙ্কের বাধা দুর করার জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে। আমি নির্দিষ্টভাবে জানতে চাইছি যে টি. এল. আর. সি মিটিং যেটা জেলাওয়ারি হচ্ছে সেই মিটিংটা নির্দিষ্ট সময়ে হচ্ছে কিনা? হাউস চলা কালীন এইরকম কোনও সভা হচ্ছে কিনা? এই ব্যাপারে ওঁর দপ্তর থেকে ক্লিয়ার কোনও নির্দেশ বা অনুরোধ এই ক্ষেত্রে করা আছে কিনা এটাই আমি জানতে চাইছি।

**শ্রী মহম্মদ সেলিম ঃ** স্যার, আপনার মাধ্যমে জানাই যে এই প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে ব্যাঙ্কগুলোর ভূমিকা এবং আমাদের দিক থেকে কি মনিটরিং হচ্ছে এবং কোন লেভেলে হচ্ছে সেটা জানতে চেয়েছেন। সাধারণত স্টেট লেভেল ব্যাঙ্কারস কমিটি আছে এবং ডিস্ট্রিকট লেভেলে যেটা আছে সেটা আমাদের অর্থ দপ্তর এবং পরিকল্পনা দপ্তর তাদের যোগাযোগের মধ্যে দিয়ে আমাদের ডিস্ট্রিকট প্ল্যানিং অফিসার আছেন এবং জেলা ম্যাজিস্ট্রেট নিয়ে আছেন লিড ব্যাঙ্কের সাহায্য তারা এই ধরণের মিটিংগুলো করেন কিন্তু তাদের কাছে এমন অনেক প্রায়োরিটি থাকে যে এটা হয়তো স্ব-নির্ভর কর্মসূচি গুলো খুব বেশি করে প্রায়োরিটি পায় না। সেজন্য আমরা মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী সকালে বসেছিলাম এবং সেখানে যাতে অর্থ দপ্তর বেশি করে এই ব্যাপারটাতে গুরুত্ব দেয় এবং স্টেট লেভেল ব্যাঙ্কারস এবং ডিস্ট্রিকট লেভেল ব্যাঙ্কারস যে কমিটিগুলো আছে তাতে যেন গুরুত্ব পায়। এটা ছাড়াও যেহেতু আমরা জানতে পারলাম এই কমিটি মিটিং হচ্ছে, তারও পাঁচটা বিষয় থাকে বলে আমি নিজে আলাদা ভাবে ডি. এম.-কে নিয়ে এবং সমস্ত ব্রাঞ্চে সেই জেলায়

যে ব্যাঙ্কগুলো আছে সেখানে জেলাওয়ারি বসার চেষ্টা করেছি। ইতি মধ্যে চার পাঁচটা জেলায় আমরা এক মাসে সম্পূর্ণ করেছি। আগামী এক দেড় মাসের মধ্যে বাকী জেলাগুলো রিভিউ করা যাবে। আসলে এটা হচ্ছে সেনসিটাইজ করার বিষয়। ইস্যুটাকে তাদের কাছে নিয়ে যাওয়া এক ব্যাঙ্কারদের যে অসুবিধা আছে সেটা উপলব্ধিতে নিয়ে আসা যে কেন দিচ্ছেন না, কোথায় বাধা। সেই বাধাটা কি করে দূর করতে পারি, আমাদের দেশে এক একটা ব্যাঙ্ক স্ক্যাম, শেয়ার স্ক্যাম হওয়ার পর এমন একটা একটা ভয় তাদের কাছে ঢুকে গেছে যে তাদের কাছে টাকা থাকলেও বিভিন্ন লেভেলে সিদ্ধান্ত নিতে একটা অসুবিধা হয়েছে।

ব্যাঙ্কার্সদের একটা ভয় ঢুকে গেছে, বিশেষত ইকনমিক ইন্টারেস্ট না সামনে রেখে, ইন্ডাস্ট্রিয়াল ইন্টারেস্ট না সামনে রেখে, পলিটিক্যাল ইন্টারেস্টকে মাথায় রেখে, ব্যাঙ্কিং সিদ্ধান্ত সামনে রেখে পাশাপাশি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি হাজার হাজার কোটি টাকা বকেয়া পড়ে আছে বড় বড় শিল্পগোষ্ঠীর কাছে। অবশ্য এগুলি পার্লামেন্টের বিষয়, এগুলি সেখানে আলোচনা হচ্ছে। আমরা সেই জন্য ব্যাঙ্কগুলির অসুবিধাগুলিকে বোঝার চেষ্টা করছি। এগুলিকে মাথায় রেখে স্কিমটাকে আরও আপগ্রেড করার চেষ্টা করছি, কিন্তু ব্যাঙ্কগুলিকে আমরা এটা বুঝিয়েছি এবং মাননীয় অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রী নিজে স্টেট লেভেলে এবং জোনাল লেভেলে যে ব্যাঙ্কার্সরা আছে তাদের কে নিয়ে খুব দ্রুত আমরা একটা মিটিং ডাকব, সেখানে আমরা বসব আমাদের কাছে কিছু কিছু ইন্সট্রুমেন্টস আছে, ব্যাঙ্কে রাজ্যের যে ডিপোজিটগুলি থাকে স্টেট গভর্নমেন্ট পরিচালিত সংস্থা, পঞ্চায়েত এবং আমাদের বিভিন্ন সংস্থা, বিভাগ আমরা এই ডিপোজিটকে ইন্সট্রুমেন্টস হিসাবে বিবেচনা করব। কোন ব্যাঙ্কে আমরা টাকা জমা দেব সেই ব্যাঙ্ক বেকার ছেলেমেয়েদের ঋণ দেওয়ার সময় গড়িমসি করবে, সেই ব্যাঙ্কে আমরা টাকা জমা দেব কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব আমাদের আছে এবং আমরা একদিকে যেমন ব্যাঙ্কগুলিকে মনিটর করব, ঠিক তেমনি এই রাজ্যের ব্যাঙ্কগুলি এই রাজ্যের যে টাকা আমানত হিসাবে সংগ্রহ করছে তারা এখানে ক্ষুদ্র শিল্প গড়ে তোলার ক্ষেত্রে সেল্ফ এম্প্লয়মেন্ট প্রোজেক্ট-এ যদি টাকা না দেয় সরকারি প্রয়াসের পাশাপাশি বিরোধীদের সাথে নিয়ে আমরা রাজ্যে এই রকম একটা আবহাওয়া গড়ে তুলেব যাতে রাজ্যের টাকা বিনিয়োগ হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী স্ব-নিযুক্তি প্রকল্পের যে তথ্য দিলেন তাতে আপনার পরিবেশিত তথ্য থেকে, জানা যাচ্ছে যে টার্গেট, সেখানে স্পনসর্ড

একচুয়াল স্কিম নাম্বার, একচুয়াল এগজিকিউশন বা ইমপ্লিমেন্টেশন-এর সংখ্যাটা খুব কম। আমার জিজ্ঞাস্য এখানে ব্যাঙ্ক টাকা-পয়সা দেওয়ার ক্ষেত্রে তাদের অনীহার কথা বলেছেন, আমি এই প্রসঙ্গে যে কথাটা জানতে চাইছি যে এই স্ব-নিযুক্তি প্রকল্পে প্রতি বছরেই বাজেটে একটা ভালো কর্মসংস্থানের কথা বলা হয়, কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেছে অতীতের স্ট্যাটিস্টিকস থেকে দেখা গেছে এই সংখ্যাটা খুব কম। অথচ বাজেটে এটা ইউটিলাইজ করা হচ্ছে। আমার জিজ্ঞাস্য ব্যাঙ্ক যেখানে টাকা-পয়সা দিতে অস্বীকার করছে এবং কার্যক্ষেত্রে টার্গেট ফুলফিল হচ্ছে না, তো সেখানে পরিস্থিতিটা বা প্রকৃত অবস্থা যদি জনগণ জানতে পারে এবং যেখানে টাকা পরিশোধ হচ্ছে না এবং আপনি এটা বললেন যে ঋণ পরিশোধ হচ্ছে না সেই জন্যই ব্যাঙ্কের একটা অনীহা। আজকের দিনে প্রতিযোগিতার যুগে একচেটিয়া শিল্প. সাধারণ শিল্পগুলি মার খাচ্ছে, লালবাতি জ্বলছে সেখানে এই প্রকল্পগুলি কত ইকনমিক্যালি ভায়াবেল সেটাতো দেখা দরকার যে কেন পরিশোধ করতে পারছে না। সেগুলি বিবেচনা করছেন কি? তা নাহলে কতগুলি প্রকল্প বেঁধে দিলেন তাতে স্ব-নিযুক্তি হয়ে যাবে, কিন্তু কার্যক্ষেত্রে ঋণ পরিশোধ করতে পারছে না, সুদ দিতে পারছে না এবং তাদের ধরার জন্য পুলিশ ঘুরছে। তার ফলে এর ভায়াবিলিটির দিকটাতো বিবেচনা করার আছে যে ইকনমিক্যালি ভায়াবেল স্ব-নিযুক্তি প্রকল্পতে কর্মসংস্থান হবে কি না?

**শ্রী মহম্মদ সেলিম ঃ** মাননীয় সদস্য প্রশ্নের মধ্যে কতগুলি মূল্যবান মতামত এবং সাজেশন এবং কতগুলি বাস্তব সমস্যার মুখোমুখি এই ধরণের প্রকল্পে হয়ে থাকে গোটা দেশজুড়ে এবং আমাদের রাজ্যেও সেই দিকে দিক নির্দেশ করেছেন। তার মধ্যে কয়েকটা আমি এর আগেই বলে দিয়েছি। নাম্বার অব স্পনসর্ড কেসের এবং নাম্বার অব স্যাংশন এই যে ডিফারেন্সটা আছে সেটা হচ্ছে পেন্ডিং ইন দা ব্যাঙ্ক। ব্যাঙ্কের কাছে স্পনসর্ড করে পাঠানো হয়েছে এবং স্পনসর্ড করার সময় আমাদের প্রোজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি করেছি জেলা লেভেলে তাতে কিন্তু ব্যাঙ্কার্স রিপ্রেজেন্টেটিভও আছেন। তাঁরাই স্কিম করেন তার পরে ব্যাঙ্কে পাঠাচ্ছেন। কিন্তু ব্যাঙ্ক আরও বেশি করে এনকয়্যারি করে দেখে নেয় ঠিকমতো প্রকল্পটা আছে কিনা? টেকনিক্যালি, ইকনমিক্যালি ভায়াবিলিটি ইত্যাদি দেখে নেয়। এটা করতে গিয়েই বিলম্ব হয়।

[11-50 — 12-00 Noon]

বিলম্বের কারণ আমি বললাম, ব্যাঙ্কের রেগুলার স্টাফ যারা আছেন রেগুলার কাস্টমার অ্যাটেনড করতে গিয়ে তারা অসুবিধার সম্মুখীন হচ্ছেন। তবে এমন নয় যে বাতিল হয়ে গিয়েছে, করে উঠতে পারছেন না। এগুলোর একটা মোটিভেশনও লাগে। সেনসিটিভ করাও দরকার আছে। তার সঙ্গে যেটা হচ্ছে, ব্যাঙ্কের অনীহা আছে, সেটা ক্ষুদ্র ঋণের ব্যাপার। তাদের কতগুলো পাস্ট এক্সপেরিয়েন্স থাকে সেখানে। আমরা সেই জন্য রিকভারি ক্লাইমেটের উপর জোর দিচ্ছি। আগের কোনও স্ব-নির্ভর কর্মসূচি কেন্দ্রের এবং রাজ্যের, কেন্দ্রীয় সরকারের দ্বারা যেগুলো স্পনসোর্ড ছিল তাতে রিকভারি পার্টের উপর জোর দেওয়া হয়নি। আমরা সেটা মোটিভেট করতে চাই। তাদের কোনও মাইনে করা নয়, রিকভারির উপর ওয়ান পারসেন্ট করে তারা পাবে। যাতে সেই ধরনের কেস করতে পারে যেখানে রিকভারির একটা গ্যারান্টি হয়, তার জন্য কিছুটা আরো অন্য ব্যবস্থা করা হয়েছে ভায়োবিলিটি অব দি স্কিমের ব্যাপারে। আমরা এজন্য স্টেট লেভেল লিস্ট করে দিয়েছি। এই ধরনের অ্যাকটিভিটিস কিন্তু এক-একটা জেলায়, এক-একটা মহাকুমায়, এক-একটা শহরের স্পেসিফিক কন্ডিশন, সেখানকার র-মেটিরিয়ালস, সেখানে দক্ষতার লেভেল, সেখানকার বাজারের কন্ডিশন এবং মার্কেট, এগুলোকে দেখে এক্সেস টু ক্রেডিটের কথা বলছি। এক্সেস টু টেকনোলজি এবং এক্সেস টু মার্কেট-টাকে মাথায় রেখেই সেটা কি ভাবে ভায়েবেল স্কিম হতে পারে এই জন্য আমরা কনস্ট্যান্টলি মনিটর করব। প্রত্যেক ব্যাঙ্ক, লক্ষ্য করছি হয়তো কিছু প্রকল্প গত বছরে ভালো ছিল, কোনও একটা জেলায়, এ বছর সেটা নাও হতে পারে এবং ব্যাঙ্কগুলোর অনীহা এজন্য থাকতে পারে। একই প্রকল্পে যদি হাজার হাজার দরখাস্ত পড়ে তাহলে একই সঙ্গে একই শহরে হাজার হাজার বেকার যুবক একই কাজ করতে গিয়ে কখনই লাভ করতে পারে না। এই জন্য আমরা মোটিভেটরদের ট্রেনিং দিয়ে যেসব এন্টারপ্রেনারস আছে, তাদের মধ্যে থেকে পোটেনশিয়াল এন্টারপ্রেনারসদের খুঁজে, হয়তো একটা ব্যবসা সে করতে চাইছে, তাকে ট্রেনিং দিয়ে আরেকটা ব্যবসায় সিফট করানো, সেটা ভায়োবেল হতে পারে। সেই চেষ্টাও আমরা করছি। তার সঙ্গে আপনি যে প্রশ্ন করেছেন, রিকভারির ব্যাপারে বলেছেন। রিকভারির ব্যাপারে ডেভেলপ করার জন্য এবং প্রকল্পগুলোকে, আরো ভায়োবেল প্রকল্প খুঁজে বার করার জন্য আপনাদের যে মতামত আছে সেটা নিয়ে আমরা আরো রিসোর্স পারসনের সাথে আলোচনা করে, বিশেযজ্ঞদের মতামত নিয়ে ইমপ্রুভ করব স্কিমটাকে।

(Noise)

(At this stage Shri Tapas Roy wanted to raise a supplementary Question)

(Noise)

**Mr. Speaker :** No more question. Mr. Roy, please take your seat. The rules of questions are that five supplementaries are to be allowed if the questions are from the Opposition. The Opposition makes two extra supplementaries and the ruling party will get three supplementaries. Mr. Sobhandeb Chattopadhyay's question was there. One supplementary was given to the Trinamul Congress and another one was given to Deba Prasad Sarkar. Two supplementaries the Opposition has got. The question does not arise whether the Leader of the Opposition wanted one or anybody else wanted one. You have to comply with the rules. Mr. Roy, you came late. You have just arrived. You were not present when the supplementaries were asked. Please take your seat.

(NOISE)

Please don't disturb. When supplementaries were asked you were not present in the House. You don't know. You don't know how many people have asked. Two opposition members have already asked. The matter ends over there.

Please take your seat.

**সম্মান প্রাপ্ত বিশ্ববিদ্যালয়**

***১৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) এটা কি সত্যি যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বিচারের সম্প্রতি এ রাজ্যের একটা বিশ্ববিদ্যালয়কে "ইউনিভার্সিটি উইথ পোটেনশিয়াল ফর এক্সেলেন্স" সম্মান প্রদান করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, (১) কোন বিশ্ববিদ্যালয়কে, ও (২) কবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ, ইহা সত্যি।

(খ) সম্মান প্রাপক—(১) যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলিকাতা, (২) মার্চ, ২০০১ সন।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আমাদের দেশের ২৫০টা বিশ্ব-বিদ্যালয়ের মধ্যে যাদবপুর বিশ্ব-বিদ্যালয় সেন্টার অব এক্সেলেন্সের দুর্লভ সম্মানের অধিকারী হয়েছে। আমার প্রশ্ন সারা ভারতবর্ষের মধ্যে নির্বাচিত কয়েকটা বিশ্ব-বিদ্যালয়ের মধ্যে যাদবপুর বিশ্ব-বিদ্যালয়ের এই দুর্লভ সম্মান পাওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য ক্ষেত্রগুলো কি কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে অনুরোধ করব দয়া করে শুনুন, আমাদের রাজ্যের একটা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয় যেটা মাননীয় পংকজবাবুর এলাকার কাছাকাছি সেই যাদবপুর বিশ্ববিদ্যালয় এই সম্মান লাভ করেছে। ভারতবর্ষের অনেকগুলো বিশ্ববিদ্যালয়, তারা ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের কাছে তাদের কাগজ-পত্র পাঠিয়ে দেন। সেই সব বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিষয়ে পারফরমেন্সের ব্যাপারে ইউনিভার্সিটির গ্র্যান্টস কমিশনের এক্সপার্ট কমিটি তাঁরা এই সমস্ত বিশ্ববিদ্যালয়ের পাঠানো কাগজ-পত্রগুলো পরীক্ষা করেন এবং এই বিশ্ববিদ্যালয়গুলো থেকে প্রতিনিধি ডেকে পাঠান, তাঁদের সঙ্গে কথাবার্তা বলেন, তারপর এই সমস্ত বিশ্ববিদ্যালয়ের পারফরমেন্সের ভিত্তিতে ইউনিভার্সিটি ফর পোটেনশিয়াল এক্সিলেন্স তাঁদেরকে সেই রকম সার্টিফিকেট দেন। আমাদের রাজ্যের যাদবপুর বিশ্ববিদ্যালয়, তাঁরা তাঁদের সামগ্রিক পারফরমেন্সের জন্য এবং বিশেষ করে ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজির ক্ষেত্রে পারফরমেন্সের জন্য তাঁরা এই স্ট্যাটাস পেয়েছেন। এটা সামগ্রিক পারফরমেন্সের জন্য তাঁরা পেয়েছেন।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, আমাদের রাজ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয়কে বাদ দিয়ে আরও যে সমস্ত বিশ্ববিদ্যালয় আছে তাঁরা তাঁদের রিপোর্ট পাঠিয়ে ছিলেন, সেগুলো অ্যাসেসমেন্ট হয়েছে। অ্যাসেসমেন্টের নিরিখে সেই বিশ্ববিদ্যালয়গুলো কোন স্থানে অবস্থান করছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আমাদের রাজ্যে অন্যান্য যে বিশ্ববিদ্যালয়গুলো তারা ভারতবর্ষে যে "ন্যাক" আছে সেই অ্যাকটিভেশন কাউন্সিল তারা অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোর পাঠানো কাগজ-পত্র দেখে তাঁরা আমাদের রাজ্যে এসে এই বিশ্ববিদ্যালয়গুলো তাঁরা পরিদর্শন করে, বিভিন্ন বিভাগ দেখে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের

সঙ্গে কথা বলেছে। তার ভিত্তিতে কলকাতা বিশ্ববিদ্যালয় পাঁচ তারা স্ট্যাটাস পায়, বর্ধমান বিশ্ববিদ্যালয় চার তারা স্ট্যাটাস পায়, কল্যাণী এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় তিন তারা স্ট্যাটাস পেয়েছে। ভারতবর্ষের ৫টি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি ফর পোটেনশিয়াল এক্সিলেন্স থেকে যে স্ট্যাটাস পেয়েছে তার ভিত্তিতে সেগুলো হল—জওহরলাল ইউনিভার্সিটি, ম্যাড্রাস ইউনিভার্সিটি, পুনে ইউনিভার্সিটি এবং হায়দ্রাবাদ ইউনিভার্সিটি এবং আরেকটা হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তাদের নিরিখে এই যে দুর্লভ সম্মানের অধিকারী হল তারা, এরজন্য ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন তাদেরকে আরও এগিয়ে যাওয়ার জন্য তাদেরকে কোনও আর্থিক সহায়তা দিয়েছে কিনা? যদি কোন আর্থিক সহায়তা দিয়ে থাকে তা হলে তার পরিমাণ কত?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন ওদেরকে যে চিঠি দিয়েছেন সেই চিঠিতে তাঁরা জানিয়েছেন, এই যে যে স্ট্যাটাস তাদেরকে দেওয়া হল তার সঙ্গে সঙ্গে তাঁরা যাদবপুর বিশ্ববিদ্যালয়কে ৫ কোটি টাকা দিয়েছেন এবং সেই চিঠিতে বলা হয়েছে যে, তাঁদের ভবিষ্যৎ কর্মসূচি কি সেটা ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের কাছে পাঠালে তার ভিত্তিতে তাঁরা আরও বিচার-বিবেচনা করে পরবর্তী সময় ঠিক করবেন যে তাঁরা আরও কত টাকা দেবেন। আগামী ২৩শে জুলাই যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের কাছে যাবেন, সেখানে ওঁদের পাঠানো কাগজ-পত্র পরীক্ষা করার পর ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন সিদ্ধান্ত নেবেন যে আগামীদিনে তাঁরা আরও কত টাকা যাদবপুর বিশ্ববিদ্যালয়কে দেবেন।

### বিজ্ঞান বিভাগহীন মহাবিদ্যালয়

***১৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭১) **শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

রাজ্যে কতগুলো মহাবিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ চালু নেই?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

১৫২টি মহাবিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ নেই।

(No Supplementary)

**প্রাথমিক শিক্ষক**

***১৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৮) **শ্রী তপন হোড় ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে (মার্চ ২০০১ পর্যন্ত) রাজ্যে প্রাথমিক শিক্ষকের মোট সংখ্যা কত; এবং

(খ) উক্ত শিক্ষকদের বেতন বাবদ বছরে গড়ে কী পরিমাণ অর্থ ব্যয়িত হয়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) বর্তমানে মার্চ ২০০১ পর্যন্ত রাজ্যে কর্মরত প্রাথমিক শিক্ষকের মোট সংখ্যা এক লক্ষ ছাপান্ন হাজার তেতাল্লিশ জন (১,৫৬,০৪৩)।

(খ) উক্ত শিক্ষকদের বেতন ভাতা বাবদ বছরে গড়ে এক হাজার তিন শত উনত্রিশ কোটি সাত লক্ষ টাকা অর্থ ব্যয়িত হয়।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী বললেন, ১,৫৬,০৪৩ জন প্রাথমিক শিক্ষক বর্তমানে রাজ্যে কর্মরত আছেন। বিগত চার বছরে কত জন প্রাথমিক শিক্ষক পশ্চিমবাংলার বিভিন্ন প্রাইমারি স্কুলে কর্মে নিযুক্ত হয়েছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** গত চার বছরে পশ্চিমবাংলায় ৩১,০০০ প্রাথমিক শিক্ষক বিভিন্ন জেলায় নিযুক্ত হয়েছেন।

**শ্রী তপন হোড় ঃ** প্রাথমিক শিক্ষকদের সামাজিক দায়বদ্ধতার বিষয়কে কেন্দ্র করে একটা বিতর্ক সৃষ্টি হয়েছে। প্রাথমিক শিক্ষকদের সামাজিক দায়বদ্ধতার ভিত্তিতে কাজ করার ব্যাপারে আপনার দপ্তর এখন পর্যন্ত কি উদ্যোগ নিয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রাথমিক শিক্ষকরা যাতে শ্রেণীকক্ষে নিজ নিজ দায় যাথযথভাবে প্রতিপালন করেন তার জন্য সরকারের পক্ষ থেকে একটা 'শিক্ষকদের আচরণ-বিধি' বিধি আকারে প্রকাশ করা হয়েছে। কি কি আচরণ করতে হবে, কি কি করা যাবে না—এই ধরনের একটা আচরণ বিধি সম্প্রতি সরকারের পক্ষ থেকে প্রকাশ এবং প্রচার করা হয়েছে। সরকার আরও চিন্তা করছে—শিক্ষকগণ যাতে

সামাজিক দায়বদ্ধতায় উদ্বুদ্ধ হয়ে তাঁদের দায়িত্ব পালন করেন তার জন্য সরকারের পক্ষ থেকে আরো চিন্তা-ভাবনা করা হচ্ছে।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় প্রাথমিক স্কুলের শিক্ষকদের দায়বদ্ধতার কথা বললেন, তার জন্য তাঁকে ধন্যবাদ। কিন্তু প্রাথমিক স্কুলে শিক্ষক নিয়োগের যে ফর্মুলা এখন আছে, সেই ফর্মুলা হচ্ছে ১০০ নম্বরের মধ্যে ৯০ নম্বর বিভিন্ন পরীক্ষায় প্রার্থীদের প্রাপ্ত নম্বরের নিরিখে ধার্য হচ্ছে, তার ১০ নম্বর লিখিত বা মৌলিক নিয়োগের পরীক্ষায় ধার্য হচ্ছে। এই যে পদ্ধতি চালু আছে, এটা নিয়ে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন মহল থেকে প্রশ্ন উঠছে। প্রশ্ন উঠছে, যোগ্যতা থাকা সত্ত্বেও যোগ্য ব্যক্তিকে এই পদ্ধতিতে নিয়োগ করা হচ্ছে না। সে জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি—প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রাথমিক স্কুল সার্ভিস কমিশন করার কথা বিবেচনা করবেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এখনো পর্যন্ত পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৭৩, তার ধারা অনুসারে জেলায় জেলায় প্রাথমিক শিক্ষা সংসদ প্রাথমিক শিক্ষক নিয়োগ করার সম্পূর্ণ অধিকারী। তারপর আমরা স্কুল সার্ভিস কমিশন গঠন করেছি মাধ্যমিক শিক্ষকদের শূন্য পদ পূরণ করার জন্য। সেখানে আমরা ভাল ফল পাচ্ছি। যদি দেখা যায় প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য বিদ্যালয় কৃত্যক আয়োগে স্কুল সার্ভিস কমিশনের মতো সুযোগের অধিকার প্রসারিত করা উচিৎ তখন সেটা চিন্তা-ভাবনা করা যাবে।

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### মাদ্রাসা বিদ্যালয়

***১৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৩) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে মাদ্রাসা বিদ্যালয়ের (নিম্ন ও মাধ্যমিক) সংখ্যা কত;

(খ) সাগর বিধানসভা কেন্দ্রে মাদ্রাসা বিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মাধ্যমিক মাদ্রাসা বলে কিছু এই রাজ্যে নেই। তবে উচ্চ মাদ্রাসা আছে— তার সংখ্যা ২৩৪ এবং নিম্ন মাধ্যমিক মাদ্রাসা সংখ্যা ১৭০।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

## CONSTRUCTION OF COURT BUILDING

***188.** (Admitted Question No. *1191) **Shri Gyan Singh Sohanpal :** Will the Miniter-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether the Government have taken over possession of the land selected at Kharagpur for Construction of Court building and quarters for Judicial Officers of Courts of Kharagpur Sub-Division; and

(b) if so, when the construction work is expected to begin?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। এখনো দখল নেওয়া যায়নি—তবে পদক্ষেপ নেওয়া হচ্ছে।

(খ) দখল নেওয়ার পরই গৃহ নির্মাণের কাজ শুরু করার ব্যাপারে পদক্ষেপ নেওয়া হবে বলে আশা করা যায়।

## ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি

***১৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭২) **শ্রী সুব্রত বক্সী ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

রাজ্যে ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালগুলিতে প্রতি বছরে গড়ে কতজন ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগলাভ করে থাকে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

২০০০-২০০১ শিক্ষাবর্ষে এই রাজ্যের বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি কলেজ শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের বিভাগগুলিতে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির বিভিন্ন স্নাতক শিক্ষাক্রমে ৬৩৭৭ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছেন।

## হ্যান্ডলুম টেকনোলজি কলেজ

*১৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৪) **শ্রী অজয় দে ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তন্তুজীবীদের উন্নতিকল্পে রাজ্যে হ্যান্ডলুম টেকনোলজি কলেজ জাতীয় কোনও মহাবিদ্যালয় স্থাপনের পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হতে পারে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। এখনই এ জাতীয় শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের কোনও পরিকল্পনা উচ্চশিক্ষা দপ্তরের নেই।

(খ) এই প্রসঙ্গে প্রশ্ন ওঠে না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received five notices of Adjournment Motion. The first one is from Shri Kashinath Mishra on the subject of land slide in the coal mines area in Asansol and Raniganj area and consequential situation arisen. The second one is from Shri Abdul Mannan on the subject of closure of Howrah Jute Mill and consequential situation arisen. The third one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of steps taken by the State Government on the Yubabharati issue. The fourth one is from Shri Jyotirmoy Kar on the subject of alleged supply of polluted water in five government hospitals in Kolkata and the Fifth one is

from Shri Ashok Kumar Deb on the subject of spurt in dacoity in the state.

On the subject matter of the Third motion a notice of adjournment motion was received on 5.7.2001 consent to which was withheld by me. The notice is thus out of order and I reject it.

The context of the Second motion relates to the Labour Department, budget discussion of which will be held today and members may get ample scope to raise the matter in the discussion.

The subject matters of the first, fourth and the fifth motions relate to day to day administration of the Government and do not call for adjournment of the business of the House. The member may also invite attention of the Ministers concerned through Calling Attention, Mention and Question etc. I therefore, withhold my consent to the first, second, fourth and the fifth motions.

One member of the party may however, read the text of the motion as amended.

(pause)

There is none to read out the motion. O.K. Abdul Mannan, read your motion.

**শ্রী আবদুল মান্নান ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল ঃ

রাজ্যের চটকলগুলি একের পর এক বন্ধ হয়ে যাচ্ছে। গত পরশু থেকে হাওড়া জুটমিল আবার বন্ধ হয়ে গেছে। এর ফলে আজ পর্যন্ত ১৭টি জুট মিল বন্ধ হলো। প্রায় এক লক্ষ শ্রমিক বেকার হয়ে পড়েছে। রাজ্যসরকার জুটমিলগুলি খোলার

বিষয়ে কোনও উদ্যোগ নিচ্ছে না। মিল এলাকাগুলিতে প্রচণ্ডভাবে বিশৃঙ্খলা দেখা দিয়েছে। শ্রমিকদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। মিলগুলি খোলার ব্যবস্থা না করলে এক ভয়াবহ পরিস্থিতির উদ্ভব হবে। অবিলম্বে মিলগুলি খোলার ব্যবস্থা করা হোক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | Name |
| --- | --- |
| i) Apprehended load shedding due to short supply of electricity from N.T.P.C. | : Shri Kashinath Misra |
| ii) Alleged retrenchment of huge number of workers of Hindustan Motors in Hooghly. | : Shri Abdul Mannan |
| iii) Reported lathi charge at the gate of Howrah Jute Mills on 7.7.2001. | : Shri Sobhandeb Chattopadhyay |
| iv) Alleged non-availability of doctors due to non-filling up of vacant posts in the district Hospital, North 24-Parganas. | : Shri Tapan Hore |
| v) Introduction of Alchiki language at Secondary land | : Shri Tapan Hore |

I have the notice of Shri Kashinath Mishra on the subject of apprehended load shedding due to short supply of electricity from N.T.P.C.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 13th July, 2001.

## LAYING OF RULES

### The West Bengal Minorities' Commission (Recruitment to the Posts of Officers and Other Employees) Rules, 2001.

**Shri Md. Salim :** Sir, I beg to lay The West Bengal Minorities' Commission (Recruitment to the Posts of Officers and Other Employees) Rules, 2001, published in Kolkata Gazette (Extraordinary) dated May 29, 2001 under Notification No. 760-MW dated 29.5.2001.

## POINT OF ORDER

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি একটি কথা বলতে চাই। আজকে আমরা বিধানসভায় অংশ গ্রহণ করতে যখন ঢুকলাম তখন আমরা দেখলাম যে, আমাদের সরিয়ে নিয়ে গ্যালারিতে পাঠিয়ে দেওয়া হয়েছে। আমরা যখন প্রথমে প্রতিবাদ করেছিলাম, আপনি বলেছিলেন কেন সরিয়ে দিয়েছি আপনারাই জানেন। আমি গিয়ে যিনি চিফ রিপোর্টার আছে তাঁর সঙ্গে কথা বলেছি। তাঁকে জিজ্ঞাসা করেছি তাদের কোনও রকম অসুবিধা হয়েছিল কিনা ওয়েলে বসতে, সেখানে কাজ করতে, তাদের নোট নিতে বা তাদের দায়িত্ব পালন করতে কোনও অসুবিধা হয়েছিল কিনা? তিনি বলেছেন যে, তাদের কোনও অসুবিধা হচ্ছিলো না। উপরন্তু তাদের সরিয়ে দেওরা হয়েছে। তিনি বলেছিলেন, এত দূরে বসে লেখা হওতো আমাদের পক্ষে কষ্টকর হবে।

[12-10 — 12-20 p.m.]

আপনি বলেছিলেন, অন্যান্য বিধানসভায় এবং পার্লামেন্টে আপনি দেখেছেন যে সেখানে ওয়েলে বসে না, তারা গ্যালারিতে বসে, তাই করেছেন। আপনি করেছেন নিজের ইচ্ছামত, নিজের পছন্দমত আর আপনি দায়িত্ব চাপিয়ে দিচ্ছেন বিরোধীপক্ষের উপর। এটা অত্যন্ত গর্হিত ব্যাপার। আমরা লক্ষ্য করছি কয়েকদিন ধরে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিরোধীপক্ষকে তাদের যে অধিকার সেই অধিকার থেকে বঞ্চিত করছেন। আমরা যে প্রশ্নগুলি তুলতে চাইছি সময় বুঝে সেই প্রশ্ন আপনি

নাকচ করে দিচ্ছেন। আপনি আমাদের বক্তব্য মাঝপথে থামিয়ে দিচ্ছেন এবং একটা একপেশে চিন্তাধারা আমরা লক্ষ্য করছি যেটা অত্যন্ত দুঃখের। আমরা চাই এই সভা আপনি দায়িত্ব নিয়ে পরিচালনা করবেন এবং আমরাও দায়িত্বপূর্ণ বিরোধীপক্ষের সদস্য হিসাবে পশ্চিমবাংলার মানুষের কাছে আমাদের যে দায়িত্ব আছে সেটা পালন করব, তাদের কথা তুলে ধরব। কিন্তু আজকে এই রাইটারদের তুলে দেওয়াটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত বিসদৃশ্য। যখন ওদের কোনও আপত্তি নেই, অসুবিধা নেই, তখন আপনি একতরফাভাবে সিদ্ধান্ত নেওয়ার আগে এ ব্যাপারে বিরোধীপক্ষের তরফ থেকে আমাদের ডাকতে পারতেন, সরকারপক্ষকে ডাকতে পারতেন কিন্তু তা না করে আপনি নিজে একটা সিদ্ধান্ত নিলেন এবং সেই সিদ্ধান্তের দায়ভার বিরোধীপক্ষ-এর উপর চাপিয়ে দিয়ে আপনি তাদের দিকে কালি ছিটিয়ে দেওয়ার যে চেষ্টা করছেন তার আমি তীব্র বিরোধিতা করছি। এই বিরোধিতার অঙ্গ হিসাবে আজকে মেনশন আওয়ারে এবং জিরো আওয়ারে বলার জন্য আমাদের পক্ষ থেকে যেসব নাম দিয়েছিলাম, আপনি ডাকলে আমরা সভায় বসে থাকব কিন্তু আপনার ডাকে সাড়া দিয়ে বলার জন্য উঠে দাঁড়াব না—এরজন্য আমরা দুঃখিত।

## RULING FROM THE CHAIR

(On the point of order of Shri Pankaj Banerjee)

**Mr. Speaker :** Thank you Mr. Banerjee for raising this issue. টেকনিক্যালি বিধানসভার প্রশাসনিক ব্যাপার হাউসের মধ্যে তোলা যায় না। কিন্তু আপনি যখন মনে করেছেন তুলবেন, তুলতেও দিয়েছি, আমি বলেছি, 'এটা নিজেকে প্রশ্ন জিজ্ঞাসা করতে হয়।' কয়েকদিন ধরে হাউসের মধ্যে যা হয়েছে—আপনার মেম্বাররা নোট বই হাত থেকে নিয়ে ছিঁড়েছেন, টেবিলের উপর উঠে নেচেছেন, অশান্তির সৃষ্টি করেছেন। আমার কোনও স্টাফের ক্ষেত্রে ভায়োলেন্সের সম্ভাবনা থাকলে তার দায়িত্ব আমার। আমি এই হাউসের স্পিকার। তারা আমার অধীনে কাজ করে। তাদের নিরাপত্তা, তাদের সিকিওরিটি আমাকে গ্যারান্টি করতে হবে। কয়েকদিনের মধ্যে আমার কয়েকজন স্টাফ আহত হয়েছেন—একথা বুঝতে হবে। অ্যাসেম্বলির সম্পত্তি ভাঙ্গা হয়েছে, নষ্ট করা হয়েছে, প্রসিডিংসগুলি ছেঁড়া হয়েছে।

(গোলমাল)

আমার টেবিল থেকে কেশ্চেনগুলি তুলে নেওয়া হয়েছে।

(গোলমাল)

এই তো অ্যাটিচুড।

(গোলমাল)

আমি বলতে পারছি না, আমাকে বলতে দেওয়া হয়না। এই হচ্ছে কথা এবং এইজন্যই ওরা ওখানে বসেছেন। নাউ মেনশন।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** পঙ্কজবাবু, আপনার পয়েন্ট অব ইনফরমেশন কি আছে বলুন।

## POINT OF INFORMATION

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, আপনাকে ধন্যবাদ দিচ্ছি আমাদের বলার সুযোগ দেওয়ার জন্য।

স্যার বিধানসভার মাননীয় সদস্য, সাগর থেকে নির্বাচিত শ্রী বঙ্কিম হাজারা গতকাল যখন পথসভা করছিলেন আগামী ২১শে জুলাই কলকাতায় শহিদ দিবস উপলক্ষে সাগরের লোকে সংঘবদ্ধ করার জন্য, তখন চিমাগুড়ি গ্রামে একদল দুর্বৃত্ত তাকে আক্রমণ করে লাল পতাকা নিয়ে। তাতে তিনি গুরুতর আহত হন এবং তাঁকে হাসপাতালে ভর্তি করাতে হয়েছে।

স্যার, এখন হাউস চলছে এবং এই হাউস চলার সময় সকল সদস্যদের দায়-দায়িত্ব হচ্ছে এলাকার এবং গোটা পশ্চিমবাংলার মানুষের সুখ-সুবিধার কথা এখানে উপস্থাপিত করা। কিন্তু আমাদের দুর্ভাগ্য, আমাদের পশ্চিমবাংলায় এরকম একটা অবস্থা চলছে—একজন নির্বাচিত সদস্য পথসভা করতে পারবেন না, জনসভা করতে পারবেন না, অন্য কোথাও যেতে পারবেন না, মানুষকে সংঘবদ্ধ করতে পারবেন না, সরকারের কাছে তাদের কথা বলতে পারবেন না—এই অগণতান্ত্রিক ফ্যাসিস্ট ব্যবস্থা এখানে কায়েম হয়েছে।

স্যার, আপনার মাধ্যমে অনুরোধ করছি, অবিলম্বে এই আহত বিধায়ককে কলকাতায় নিয়ে এসে তার চিকিৎসার ব্যবস্থা করুন। তিনি গ্রামে আহত হয়ে পড়ে আছেন। আমি দাবি করছি—তাঁর দায়-দায়িত্ব গ্রহণ করে তার চিকিৎসা, সেবা-শুশ্রুষার ব্যবস্থা সরকারকে করতে হবে।

## MENTION CASES

**Shri Kalipada Mandal:** (did not mention)

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জামালপুর বিধানসভার কেন্দ্রের মধ্যে ৩৩ একর অর্থাৎ ৯৯ বিঘার একটি জলকর আছে, তার নাম হচ্ছে রঙ্কিনী মহলা দ। এই দ-তে রাজ্য মৎস্য দপ্তর থেকে মাছ চাষ হত কিন্তু গত দু বছর যাবৎ তা আর হচ্ছে না। মাননীয় মন্ত্রীর কাছে আবেদন, এই যে ৯৯ বিঘার জলকর, যেটা পার্ট বাই পার্ট ভাগ করা আছে সেটা পঞ্চায়েত সমিতির হাতে দেওয়া হোক এবং কো-অপারেটিভ সিস্টেম করে সেখানে মাছ চাষের ব্যবস্থা করা হোক। এতে অনেক বেকারের কর্মসংস্থান হবে।

(গোলমাল)

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত সোমবার দিন মাননীয় মুখ্যমন্ত্রী এখানে একটা বিবৃতি দিয়েছিলেন এবং তাতে তিনি বলেছিলেন যে সল্টলেক স্টেডিয়ামে ক্রিমিন্যালদের যে আশ্রয় দেওয়া হয়েছিল সে ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রীকে রিপোর্ট দিতে বলা হয়েছে। আমরা সংবাদপত্রে দেখলাম, সংশ্লিষ্ট মন্ত্রী সেই রিপোর্ট দিয়েছেন। এবং সেই রিপোর্ট বিকৃতরূপে বেরোচ্ছে খবরের কাগজগুলিতে। কোথাও বলা হচ্ছে, ক্রীড়া মন্ত্রীকে যে রিপোর্ট তৈরি করে দেওয়া হয়েছিল মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে সেই রিপোর্ট তাঁকে জমা দিতে বলা হয়েছে, কিন্তু সুভাষবাবু তাতে রাজি হননি। এরকম সব গুজব কাগজ ছড়াচ্ছে। সুভাষবাবুকে যে রিপোর্ট তৈরি করতে বলা হয়েছিল তাতে তিনি নাকি আলিমুদ্দিন স্ট্রিটের কর্মকর্তাদের দায়ী করেছেন। তিনি তাতে এমন কখনও নাকি বলেছেন যে, রিগিং-এর জন্যে আলিমুদ্দিন স্ট্রিট দায়ী। এরকম সব সংবাদ বিভিন্ন সংবাদপত্রে বেরোচ্ছে। যেহেতু তিনি রিপোর্টটা জমা দিয়েছেন মুখ্যমন্ত্রীর কাছে তারজন্য সেটা সম্বন্ধে আমরা জানতে চাই। এর আগে ওয়াকফ কেলেঙ্কারী নিয়ে যে কমিটি হয়েছিল সেই রিপোর্ট হাউসে পেশ করা হয়েছিল। তারজন্য যে রিপোর্ট তিনি মুখ্যমন্ত্রীর কাছে পেশ করেছেন সেটা সভায় পেশ করুন, এটা বাংলার মানুষের দাবি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পুর এবং নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাই। আমরা দেখেছি, আমাদের রাজ্যের বিভিন্ন প্রান্তে বিরোধীদল পরিচালিত কতগুলো মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন রয়েছে। কর্পোরেশনটি হ'ল কলকাতা কর্পোরেশন। এই কর্পোরেশনের এক বছর পূর্তি হয়েছে গতকাল। এজন্য সরকার

তথা জনগণের টাকা খরচ করে বর্ষপূর্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল, কিন্তু নিজেদের অন্তর্দলীয় কোন্দলের জন্য তারা ঐ অনুষ্ঠানে করতে পারেননি। এরজন্য ৩ কোটি জনগণের টাকা ব্যয়ের অভিযোগ সরকারের কাছে এসেছে। সেজন্য নগর উন্নয়ন মন্ত্রীর কাছে জানাচ্ছি যে, ১৯০ জন ব্লক সরকারকে নিয়োগপত্র দেওয়া হয়নি। আজকে সেখানে চলছে দুর্নীতি, চলছে হানাহানি। তারজন্য কলকাতা নগরবাসী যন্ত্রণা ভোগ করছেন, জল সরবরাহ ব্যবস্থা এবং নিকাশি ব্যবস্থা আজকে বিঘ্নিত হচ্ছে। তারজন্য নগর উন্নয়ন মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অতিশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে আবদুল মান্নান যে দাবি করেছেন—সুভাষবাবু পেশ করা রিপোর্ট আমাদের সামনে পেশ করা হোক, তা না হলে এ নিয়ে নানারকম জল্পনাকল্পনা হচ্ছে, সংবাদপত্রে নানারকম খবর বেরোচ্ছে। এটা, আমরা মনে করি, ঠিক নয়। তাই যে রিপোর্ট তিনি দিয়েছেন আমাদের মুখ্যমন্ত্রীর কাছে সেটা এই হাউসের কাছে পেশ করা হোক। আমরা জানতে চাই, তিনি কি জানিয়েছেন স্টেডিয়ামে সমাজবিরোধীদের ধরা সম্পর্কে, কারণ আমরা শুনেছি তাঁর আশ্রয়ে ছিল তারা। আমরা জানতে চাই, তিনি যে রিপোর্ট জমা দিয়েছেন সেই রিপোর্ট কবে হাউসে পেশ করা হবে।

**শ্রী কমলাক্ষি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাগদা বিধানসভা কেন্দ্রে অম্বিকাপুর মামুদপুর দারুল উলু নামে যে সিনিয়র মাদ্রাসাটি রয়েছে সেটা ৪০-৫০ বছর ধরে চলছে। সেটা অনুমোদন দেবার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

(এই সময় কংগ্রেস পক্ষের মাননীয় সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করে চলে যান)

**শ্রী অখিল গিরি ঃ** নট মেনশনড্।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন ধরে প্রচণ্ড লোডশেডিং চলছে। আমরা খবর নিয়ে জেনেছি, রাজ্যের বিভিন্ন তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতে প্রয়োজনীয় কয়লা সরবরাহ করা হচ্ছে না। যেটুকু হচ্ছে সেটা নিম্নমানের কয়লা সরবরাহ করা হচ্ছে। বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রে প্রয়োজনীয় কয়লা সরবরাহ করা হয়নি। আমাদের রাজ্য আসানসোল এবং রানিগঞ্জ এলাকায় উন্নতমানের কয়লা আছে। কিন্তু তা সত্ত্বেও অস্ট্রেলিয়া থেকে নিম্নমানের কয়লা আমদানি করা হচ্ছে এবং সেই কয়লা সরবরাহ করা হচ্ছে। সেই কয়লা ব্যবহার না করে অস্ট্রেলিয়া থেকে বেশি দাম দিয়ে কয়লা আনা হচ্ছে। রাজ্যে এই রকম একটা ভয়ঙ্কর সংকট

চলছে সেই অবস্থার কথা না বলে সুভাষবাবুর ঘটনাকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রীর ঘটনাকে কেন্দ্র করে ওনারা আজেবাজে কথা বলছেন, জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমি আপনার মাধ্যমে এই যে উন্নত মানের কয়লা বন্ধ করে দিয়ে নিম্ন মানের কয়লা দেওয়া হচ্ছে তার আমি প্রতিবাদ করছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** (নট মেনশানড)

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত শেরপুর সারকিট হাউস বাঁধ ৩৩ কিলোমিটার বিস্তৃত বাঁধ। এই বাঁধের তিন দিকে তিনটি নদী আছে, একদিকে ঝুমঝুমি, এক দিকে দ্বারোকেশ্বর এবং আর এক দিকে শিলাবতী। এই ৩৩ কিলোমিটার বাঁধের মধ্যে ১৬ কিলোমিটার হয়েছে ১৭ কিলোমিটার হয় নি। এই নদীগুলিতে জলস্ফিতি হওয়ার ফলে এই এলাকার ৩৩টি মৌজা প্রতি বছর এমনভাবে প্লাবিত হয় যে বর্ষার সময় ধান এবং অন্যান্য ফসল হয় নি। মানুষের ঘর বাড়ি ভেঙে যায়, মানুষের প্রচুর ক্ষতি হয়। শুধু তাই নয় রবি শষ্যের সময় নদীতে জল না থাকার ফলে রবি শষ্য হয় না। এই ব্যাপারে আমর কতকগুলি প্রস্তাব আছে। এই এলাকাকে কেন্দ্র করে মাস্টার প্লান করা হোক এবং এই এলাকার বাঁধ ১৭ কিলোমিটার যেটা বাকি আছে সেটা যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করা হোক। রবি মরসুমে এই এলাকার ধান এবং অন্যান্য চাষ হতে পারে তার জন্য মিনি ডিপটিউবওয়েল এবং অন্যান্য জিনিসের ব্যবস্থা করা হোক।

**শ্রী অসিত মাল ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী জানে আলম মিঞা ঃ** মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর সাব-ডিভিসনে বিড়ি শ্রমিক অধ্যুষিত এলাকা। তাদের ওয়ারকাররা বুকে যক্ষা নিয়ে দীর্ঘ দিন ধরে দাবি করে আসছিল যে একটা যক্ষা হাসপাতালের জন্য। কেন্দ্রের শ্রম দপ্তর ধুলিয়াতে একটা যক্ষা হাসপাতাল প্রতিষ্ঠিত করেছে, সেই হাসপাতালটা এখনও পূর্ণভাবে চালু হয়নি। এই হাসপাতালের বহির্বিভাগ এবং অন্তর্বিভাগ চালু করবার জন্য বামফ্রন্ট সরকারকে উদ্যোগ নেবার জন্য আমি দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, উনি এখানে উপস্থিত আছেন। এটা একটা গুরুতর ব্যাপার। গত ৬.৭.২০০১ তারিখে উচ্চশিক্ষা সংসদের উচ্চ পর্যায়ের

বৈঠকে ঠিক হয়েছে কলেজ এবং বিশ্ববিদ্যালয় স্তরে একটা অস্বাভাবিক ফিজ বৃদ্ধি করা হবে এবং তার একটা পরিকাঠামো তৈরি হয়। কলেজে যেখানে ১২ টাকা থেকে ১৮ টাকা ফিজ ছিল এবং ইঞ্জিনিয়ারিং কলেজে ২০০ টাকা ফিজ ছিল, যাদবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ১৮ টাকা মাত্র ফিজ ছিল সেখানে কলেজে নূন্যতম ৫০ টাকা, বিশ্ববিদ্যালয়ে টিউশন ফিজ ১২৫ টাকা এবং ইঞ্জিনিয়ারিং কলেজে করা হয়েছে ৫০০ টাকা। এ ছাড়া ল্যাবোরেটরি ফিজ, কম্পিউটার ফিজ থাকছে স্যার। এই রকম একটা মারাত্মক অবস্থা তৈরি হয়েছে। শুধু সরকারি কলেজগুলি নয়, বেসরকারি কলেজ যেগুলি সরকারি অনুদান পায় তাদেরও এই ফিজ চালু করতে হবে। তা না হলে অনুদান বন্ধ হয়ে যাবে। আজকে দক্ষিণ পন্থী দলগুলি নিজস্ব সরকার গুলির ক্ষেত্রে যে ভাবে ডবলু.টি.ও.-র নির্দেশ মেনে জন-কল্যাণ মূলক খাতের ব্যয় কমিয়ে দিচ্ছে আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার মুখে বিরোধিতা করে জন-কল্যানমূলক খাতে ব্যয় কমিয়ে দিচ্ছে।

এইভাবে শিক্ষার ব্যয় অস্বাভাবিক ভাবে বাড়িয়ে দিচ্ছেন। আর একটা দিক, যেভাবে শিক্ষিত বেকারের সংখ্যা বাড়ছে, তাকে কমাবার জন্য, আজকে মূল্যবৃদ্ধি এই সমস্ত সমস্যায় মানুষ যেখানে জর্জরিত, সেখানে শিক্ষিত মানুষের সংখ্যা যাতে কমে যায়, উচ্চশিক্ষার দরজা যাতে সাধারণ মানুষের কাছে বন্ধ হয়ে যায়, তারজন্য এই সিদ্ধান্ত নিয়েছেন। আমরা এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** অনারেবল স্পিকার, স্যার, দেগঙ্গা বিধানসভা কেন্দ্রের কোটরা মোক্তারপুরের অন্তর্গত বিদ্যাধরী খালে কোটরা অঞ্চলে বিদ্যাধরীতে যে সেতু নির্মানের কাজ চলছিল, গত দু'বছর ধরে সেই কাজ বন্ধ আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, বিদ্যাধরীর ওপরে নির্মিয়মান সেতুর কাজ আরম্ভ করার জন্য যাতে বিশেষ ভাবে দৃষ্টি দেন, তারজন্য আমি তাঁকে অনুরোধ করছি।

**শ্রী অসিত মাল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গ্রাম সংসদের নামে সারা পশ্চিমবাংলার গ্রামোন্নয়ন করা হবে বলে রাজ্য সরকার যে সিদ্ধান্ত নিয়েছিলেন, গ্রামোন্নয়নের সেই ব্যবস্থাকে একটা প্রহসনে পরিণত করছে সি পি এমের সমাজবিরোধীরা। যেখানে গ্রাম সংসদের মাধ্যমে উন্নয়নের কথা বলা হচ্ছে। যেখানে কোনও সভা ডাকলে মানুষ হাজির হচ্ছে, সেখানে সি পি এমের সমাজবিরোধীরা গ্রামোন্নয়নের ব্যবস্থাটাকে টুকরো

টুকরো করে দিতে চাইছে। গত ৭ তারিখে গ্রাম প্রধানের অনুপস্থিতিতে আর. এস. পি'র শ্রীমতী শ্রীলা খাতুন কুমারসান্ডাতে একটি সভা ডেকেছিলেন। সেখানে শতাধিক লোক উপস্থিত হয়েছিলেন। সি পি এমের সদস্যরা সেই মহিলাকে মারধোর করে হাসপাতালে পাঠিয়ে দিয়েছে। তাই আমি আপনার মাধ্যমে এর বিরুদ্ধে প্রতিকারের দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র উলুবেড়িয়া ১নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত দুটি যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে (১) ধুলাশিমলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, এবং (২) হাটগাছিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, এই দুটি স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই, কোনও মেডিসিন নেই। স্বাস্থ্যকেন্দ্র দুটি ভগ্ন অবস্থায় পড়ে আছে। এস. ডি. এম. ও. এবং সি. এম. ও. এইচ. তাঁরা কোনওদিন তদন্ত করেন নি। এস. ডি. এম. ও. এবং সি. এম. ও. এইচ. তাঁরা চুপচাপ বসে আছেন। এরফলে গ্রামের গরিব মানুষ উক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসা পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি উক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলি তদন্ত করে চালুর ব্যবস্থা করেন।

**শ্রী সুব্রত বক্সী ঃ** (নট রেসপন্ডেড)

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য মন্ত্রীসভার এবং সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলায় এই সময়ে একটা ভয়ানক বিপদ হয়। এবারে প্রথম রানিনগর ব্লকের অধীন রাজাপুর গ্রাম পঞ্চায়েত পদ্মা নদীতে ভাঙন শুরু হয়েছে। ওখানে রাজানগর গ্রামে পাঁচ-সাতটি বাড়ি ইতিমধ্যেই নদীর মধ্যে চলে গেছে। ওখানে বাকী যারা আছে, তাদের মধ্যে একটা আতংকের সৃষ্টি হয়েছে। এখুনি ভাঙন প্রতিরোধ করা যাবে না ঠিকই, কিন্তু টেম্পোরারি একটা ব্যবস্থা করা এবং যারা ভাঙনের মধ্যে পড়ছে, তাদের যাতে অন্যত্র সরানো যায়, তারজন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নির্মলচন্দ্র মন্ডল ঃ** (নট রেসপন্ডেড)

**শ্রী মানস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাইছি। ১৯৫৬ সালে কেন্দ্রীয় সরকার যে সমস্ত

উদ্বাস্তু পূর্ববাংলো থেকে, অধুনা বাংলাদেশ থেকে পশ্চিমবাংলায় এসেছিলেন, তাঁদের জন্য আর. আই. সি.-র অধীনে মোট ৮টি শিল্প তৈরি করেছিলেন। কেন্দ্রীয় সরকার যে শিল্পগুলো তুলে দিতে চাইছে তারমধ্যে বরানগরের বনহুগলিতে আর আই সি একটি লাভজনক প্রতিষ্ঠানটির কর্মচারিদের ভলেনটারি রিটায়ারমেন্ট করবার জন্য বারবার বলা হচ্ছে। শ্রমিকরা বিভিন্ন উপায়ে আন্দোলন করে আটকে রাখার চেষ্টা করছে। লাভজনক প্রতিষ্ঠান বলে কেন্দ্রীয় সরকারের কাছে জানানো সত্ত্বেও ওই প্রতিষ্ঠানটি বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে এবং শ্রমিকরা অবসরও গ্রহণ করছে। কিন্তু ৩৫৬ জন শ্রমিক অবসর গ্রহণ করেন নি। কেন্দ্রীয় সরকার নোটিশ করেছেন আগামী দশ দিনের মধ্যে ওই শ্রমিকরা অবসর গ্রহণ না করলে তাদের ক্লোজ আপ বেনিফিট দেওয়া হবে না। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** নট কলড্।

**ডাঃ কামরে ইলাহী ঃ** নট রেসপনডেড্।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** নট রেসপনডেড্।

[12-30 — 12-40 p.m.]

**শ্রীমতী মিনা সনাতানি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষন করছি। একটি গভীর উদ্বেগের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আর এস এস পরিচালিত ৩০ হাজার বিদ্যাভারতী স্কুলের মাধ্যমে মৌলবাদী ভাবনা সারা দেশে ছড়িয়ে পড়ছে। অন্যদিকে কেন্দ্রের এন ডি এ সরকার জ্যোতিষ শাস্ত্রের মতো অবৈজ্ঞানিক বিষয়কে উচ্চ শিক্ষাসূচিতে অন্তর্ভুক্ত করার মধ্য দিয়ে দেশের শিক্ষায় অন্ধত্ব, কুসংস্কার ও আদিম বর্বরতা সূচনা করতে চায়। আমাদের আশা এই অবৈজ্ঞানিক সিলেবাসের বিরুদ্ধে সর্বত্র প্রতিবাদ ধ্বনিত হবে। ধন্যবাদ।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** নট রেসপনডেড্

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেলুড় স্টেশন অঞ্চলে, স্টেশনের তলায় একটা সাবওয়ে করার দাবি পূর্তদপ্তরের কাছে রাখছি। বিষয়টি যেহেতু স্টেশনের তলায় সেইজন্য স্বাভাবিকভাবেই রেল দপ্তরের সঙ্গে যুক্ত। সেইকারণে বিষয়টি রেল দপ্তরের

নজরে এনে তাদের কাছে বিষয়টি আমরা প্রস্তাবাকারে রাখার দাবি জানাচ্ছি। রেল লাইনটি উঁচু করার যে পরিকল্পনা তাতে ইঞ্জিনিয়ারেরও ব্যবস্থা আছে এরফলে সারা বছর যে এক হাঁটু জল জমে থাকে, ওই সাবওয়েটি নির্মাণ হলে পরে বেলুড় শহরাঞ্চলের সঙ্গে গ্রামাঞ্চলের যোগাযোগ হতে পারবে। এখানে বিশাল নগরায়নের মধ্যে দিয়ে উন্নতি সাধন করছে। সেখানে যাতায়াতের বিষয়টি এমনই যে, ওই এক হাঁটু জল জমে থাকার ফলে যাতায়াতের ভীষণ অসুবিধা হচ্ছে। এর আগে প্রাক্তন রেলমন্ত্রীর কাছে দরবার করা হয়েছিল, তিনি বলেছিলেন বেলুড় স্টেশনটিকে একটি মডেল স্টেশন হিসাবে রূপান্তরিত করব। সেখানে আমরা প্রস্তাব রেখেছিলাম বেলুড় স্টেশনের নিচে এক হাঁটু জল সারা বছর জমে থাকছে। তিনি বলেছিলেন বেলুড় স্টেশনটিকে বেলুর মঠের অনুরূপে একটা স্টেশন হিসাবে তৈরি করবেন। তাঁর কথায় মনে হয়েছে গরিব মানুষ যখন রুটি খেতে চায় তখন তাকে বিরিয়ানি তিনি খাওয়ানোর ব্যবস্থা করবেন। যাইহোক এই ব্যাপারে পূর্ত দপ্তরকে বিশেষ উদ্যোগ নেবার জন্য অনুরোধ রাখছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি** ঃ নট রেসপনডেড্।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** ঃ নট রেসপনডেড্।

**শ্রী মোহন মন্ডল** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ার উলুবেড়িয়া কনস্টিটিউয়েন্সির বিধানসভা কেন্দ্রের মধ্যে কানোরিয়া জুট মিল, প্রেমচাঁদ জুট মিল এভং বাউড়িয়া জুট মিল রয়েছে। এই ৩টে জুট মিলেই বহু শ্রমিক কাজ করে। তারমধ্যে বাউড়িয়া জুট মিলে ১১ হাজার শ্রমিক কাজ করে। বাউড়িয়া জুট মিলটি এশিয়ার মধ্যে সর্ব বৃহৎ কটনমিল এবং সবচেয়ে আধুনিক মেশিন এখানে আছে। আমি একজন কানোরিয়া জুট মিলের শ্রমিক। এটি একটি লাভজনক সংস্থা। ওখানকার প্রোমোটর এস এস কসাবি যখন তখন কারখানাটি বন্ধ করে দেন। আমেরিকান সাম্রাজাবদী পুঁজিপতির দালাল প্রফুল্ল চক্রবর্তী নামে একজন ব্যক্তি, সংগ্রামী ইউনিয়নের নামে পরিকল্পিতভাবে ঐ কারখানা যখন তখন বন্ধ করার চক্রান্ত সৃষ্টি করেন। স্যার, ঐ কারখানটি খোলার জন্য, কানোরিয়া জুটমিল, প্রেমচাঁদ জুটমিল, বাউড়িয়া কটনমিল খোলার ব্যাপারে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্ত্বর ঐ কারখানাটি খোলা যায়।

**শ্রী শীতল কুমার সর্দার** ঃ (নট কল্‌ড্)

**শ্রী অশোক দেব** : (নট কল্‌ড্‌)

**শ্রী বিমান চক্রবর্তী** : (নট কল্‌ড্‌)

**শ্রী মন্টুরাম পাখিরা** : (নট কল্‌ড্‌)

**ডঃ রত্না দে** : (নট কল্‌ড্‌)

**শ্রীমতী মঞ্জু বসু** : (নট কল্‌ড্‌)

**শ্রী অর্জুন সিং** : (নট কল্‌ড্‌)

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি** : (নট কল্‌ড্‌)

## ZERO HOUR

**শ্রী কমলাক্ষি বিশ্বাস** : মাননীয় স্পিকার স্যার, আমার এলাকায় তৃণমূলের অত্যাচার আরম্ভ হয়েছে। ৩/৪ দিন আগে মালিপোতা গ্রাম পঞ্চায়েতে একজন মানুষকে রাতের অন্ধকারে খুন করে ফেলে রেখে গিয়েছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে বলতে চাই, অবিলম্বে যেন আসামী ধরা হয়, এই ধরনের কাজ যেন না হয়, তাই এই ব্যাপারে পুলিশি ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : (নট কল্‌ড্‌)

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : (নট কল্‌ড্‌)

**শ্রী অশোক দেব** : (নট কল্‌ড্‌)

**শ্রী অশোক মুখার্জি** : (নট কল্‌ড্‌)

**শ্রী মানস মুখার্জি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে দক্ষিনবঙ্গের বেশ কয়েকটি জেলায় লোডশেডিং একটু বেড়েছে। ইতিমধ্যে মাননীয় সদস্য তপন হোড় এই বিষয়ে বলেছেন। কিন্তু এন টি পি সি হচ্ছে কেন্দ্রীয় সরকারের সংস্থা তারা আমাদের প্রয়োজনের তুলনায় দিনে ৫/৬ শত মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করছেন গত শনিবার পর্যন্ত। তারা ৪৭ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করেছেন। কিন্তু গতকাল হঠাৎ করে বিদ্যুৎ সরবরাহ কমিয়ে ১১০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ

করেছেন। এই জিনিস যদি চলতে থাকে তাহলে শুধু আমাদের পশ্চিমবঙ্গে নয়, গোটা পূর্বাঞ্চলে ভয়াবহ বিদ্যুৎ সংকট দেখা দেবে এবং আমাদের দক্ষিণবঙ্গের জেলাগুলি ও উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী দিনে ভয়ঙ্কর অবস্থা তৈরি হবে। কেন্দ্রীয় সরকার যাতে এন টি পি সি-র সঙ্গে আমাদের রাজ্য সরকার কথা বলেন, কথা বলে অবিলম্বে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয় যাতে লোডশেডিং এর প্রকোপ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে কমতে পারে। এর সঙ্গে জড়িত আছে গোটা পূর্ব ভারত এর সমস্যা। আমি আশাকরি রাজ্য সরকার সেইভাবে গুরুত্ব দিয়ে দেখবেন এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিশেষ করে এন টি পি সি-র সঙ্গে কথা বলবেন।

[12-40 — 1-30 p.m. including adjournment]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, মেদিনীপুর জেলায় ভারতবর্ষের ১ শতাংশ মানুষ অর্থাৎ প্রায় ১ কোটি মানুষ বসবাস করেন। কিন্তু সেই জেলার সদর হাসপাতালে ইনটেনসিভ কেয়ার ইউনিট নেই। গত বছরে স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন, সেই ব্যাপারে বিবেচনা করবেন। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে মেদিনীপুর এর সদর হাসপাতালে অবিলম্বে যাতে এই আই সি ইউ চালু করা যায় সেই ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য আহ্বান জানাচ্ছি।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঃ** (নট কল্‌ড্)

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে অবিলম্বে কথা বলার জন্য অনুরোধ করছি। মণিপুরে যে ঘটনাটা ঘটেছে তা গভীর উদ্বেগের বিষয় এবং কেন্দ্রীয় সরকারের একগুয়েমি দৃষ্টিভঙ্গি নিয়ে বৃহৎ নাগাচুক্তি করেছেন এবং তাতে যে অবস্থার উদ্ভুত হয়েছে তা ভয়ঙ্কর উদ্বেগের বিষয়। কাশ্মীর নিয়ে কেন্দ্রীয় সরকার নানাজনের সঙ্গে কথা বলছেন। কিন্তু মণিপুরে নির্বাচিত বিধানসভা আছে এবং আরও নানাসংস্থা আছে তাদের সঙ্গে কথা বলার তারা প্রয়োজন মনে করেনি। মণিপুরে একটা গভীর সঙ্কট তারা তৈরি করেছেন। আমরা দেখছি এই সঙ্কটে অন্যরা আমাদের বিরোধী পক্ষ যারা আছেন তারা সেইভাবে মাথা ঘামাচ্ছেন না। আমাদের বামপন্থী সাংসদদের একটি টিম সোমনাথ চট্টোপাধ্যায়ের নেতৃত্বে ওখানে গিয়েছেন। বৃহৎ নাগাচুক্তিকে কেন্দ্র করে মণিপুরে যে সমস্যা সৃষ্টি হয়েছে, কেন্দ্রীয়

সরকার সেখানে অবিলম্বে যে নির্বাচিত সংস্থা আছে তাদের সঙ্গে কথা বলুন এবং এই সঙ্কট নিরসনের জন্য যাবতীয় উদ্যোগ গ্রহণ করুন। সেখানে বামপন্থী সাংসদদের যে টিম গেছে তারা সেখানে নানাজনের সঙ্গে কথাবার্তা বলেছেন, সেখানে বামপন্থীদের প্রতি একটা আস্থালক্ষ্য করা যাচ্ছে। আমি অনুরোধ করব বামফ্রন্ট সরকারের যিনি মুখ্যমন্ত্রী আছেন তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে কথা বলুন। এই সঙ্কট শুধু মণিপুরের মধ্যেই সীমাবদ্ধ নয়, গোটা পূর্বাঞ্চলের মধ্যে এটা সীমাবদ্ধ, রাজ্য সরকার এই ব্যাপারে দৃষ্টি দেবেন।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার মিলিত হব ১.৩০টার সময়।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1-30 — 1-40 p.m. After recess]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Discussion on Demand No. 39

**Mr. Deputy Speaker :** There are 60 cut motions on Demand No. 60. All the cut motions are in order and Members may now move their motions.

Shri Kashinath Mishra
Shri Subrata Mukherjee
Shri Abdul Mannan

Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Dr. Asish Banerjee
Shri Ardhendu Maity
Shri Pankaj Banerjee
Shri Tamonash Ghosh
Shri Molay Ghatak
Shri Ashok Kumar Deb
Dr. Ratan De (Nag)
Dr. Soumen Kumar Mahapatra

| | |
|---|---|
| Shri Deba Prasad Sarkar<br>Shri Bankim Chandra Mazra<br>Shri Mahabubul Haque<br>Shri Gyan Singh Sohanpal<br>Shri Mostaque Alam<br>Shri Joytipriya Mallick<br>Shrimati Manju Basu<br>Shri Abdul Mannan<br>Shri Kamal Mukherjee<br>Shri Saugata Roy<br>Shri Dipak Kumar Ghosh<br>Shri Biman Chakrabarty<br>Shri Mohan Jatua Chowdhury<br>Shri Kashinath Misra | Sir, I beg to move that the amount of the Demand be ruduced by Rs. 100/- |

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী এখানে ৩৯নং দাবির পরিপ্রেক্ষিতে যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

মাননীয় মন্ত্রী, যিনি ৫০ বছরেরও বেশি সময় ধরে ট্রেড-ইউনিয়নের সঙ্গে যুক্ত, দীর্ঘদিন যিনি বামফ্রন্টের মন্ত্রী থেকেছেন, আমার বলার আগেই তিনি নিশ্চয় উপলব্ধি করতে পারছেন যে, কি সরকারি, কি বে-সরকারি অথবা যে কোনও পরিচালকদের কি সুপরিকল্পিত আক্রমণ এখানকার শ্রমিকশ্রেণীর উপর চলছে। সারা ভারতবর্ষের মধ্যে এই পশ্চিমবাংলায় সব থেকে বেশি স্কিল্ড ওয়ার্কার, তারা এই সুনাম অর্জন করেছে। কিন্তু তারাই এই রাজ্যের কি ইঞ্জিনিয়ারিংয়ে, কি জুটের, কি টেক্সটাইলসে, কি কেমিক্যালে সব থেকে বেশি নির্যাতন, নিপীড়নের মধ্যে আছে। এই রাজ্যে ক্রমবর্ধমান লক-আউটের জন্য পরিচালকদের, মালিকদের যে রাজ এখানে ধীরে ধীরে মাথা চাড়া দিচ্ছে, তার ফল শ্রমিকশ্রেণী ভোগ করছে।

একটা সরকার বামফ্রন্টের নামে যারা মালিকের বিরোধী, যারা টাটার বিরোধী, যারা গোয়েনকার বিরোধী, যারা মাল্টি ন্যাশানালদের বিরোধী, যেকথা আপনার সরকার নীতিগতভাবে বলে থাকেন, কিন্তু বাস্তবিকপক্ষে আমরা দেখছি যে, আপনার

সরকার এই যে আত্মসমর্পন করেছেন এটা ঘটনা। তাই আজকে পশ্চিমবঙ্গে সবথেকে বেশি শ্রমদিবস নষ্ট হয়েছে এবং তারজন্য দায়ী এই মালিক এবং পরিচালক বর্গ। স্যার, আমি সেই সম্পর্কে আপনার কাছে তথ্য দেব। স্যার, এটা বলছি যে, এই পশ্চিমবঙ্গই শ্রমিক আন্দোলন করে গোটা ভারতবর্ষকে পথ দেখিয়েছে। গ্র্যাচুয়িটি অ্যাক্টের ক্ষেত্রে পথ দেখিয়েছে, বোনাস অ্যাক্টের ক্ষেত্রে পথ দেখিয়েছে। সমস্ত ব্যাপারেই আমাদের পশ্চিমবঙ্গ পথ দেখিয়েছে। স্যার, আপনি জানেন যে, ২ বছর পার হতে যাচ্ছে আজকে বামফ্রন্ট সরকার একটা আইন পশ্চিমবঙ্গের শ্রমিকদের জন্য করেন নি। স্যার, শ্রমিকদের প্রোটেকশনের জন্য করেন নি। আপনারা একটা আইন তৈরি করেছেন শ্রমিকদের প্রোটেকশনের জন্য বলতে পারবেন? আমরা বারবার বলেছি হাউস রেন্টের কথা। আপনারা পরিবর্তন করুন। কিন্তু আপনারা পরিবর্তন করতে পারেন নি। এটা সরকারের শুধু ব্যর্থতা নয়, এই ব্যর্থতা নিয়ে আপনি ব্যয়বরাদ্দ চেয়েছেন, তাই এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করছি। কর্মসংস্কৃতির কথা আপনার প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছেন—কাকে বলব কাজ করার কথা। তিনি বলেছেন চেয়ারগুলি পড়ে আছে। এদিকে রাজ্যের মুখ্যমন্ত্রী যদি বলেন যে, কি বলব, তাহলে এরচেয়ে বেশি লজ্জার আর কি থাকতে পারে? মুখ্যমন্ত্রী মালিকদের কোথায় ডেকে নিয়ে গেলেন? যদি বুঝতাম যে তিনি চেম্বার অব কমার্সে মিটিং করছেন, তিনি তাদের রাইটার্স বিল্ডিং এর রোটান্ডায় ডেকে মিটিং করছেন তাহলে না হয় একটা কথা ছিল। স্যার, মালিকরা দাঁড়িয়ে থেকে শ্রমিকদের গুলি করে হত্যা করল। আপনার পুলিশ শ্রমিকদের উপর গুলি চালিয়ে হত্যা করল। তার কলঙ্কিত ইতিহাস হচ্ছে গ্যাজেন্স জুটমিল। কোথায় লজ্জা রাখবেন? বুভুক্ষু শ্রমিকরা বলছে তারা মাইনে চায়, তারা গ্র্যাচুয়িটি চায়। তারা চাকরি চায়। তারা বাঁচতে চায়। আপনার পুলিশ বলছে চাকরী চাইছ—গুলি খাও। তোমাকে গুলি খেয়ে মরতে হবে। সব থেকে বড় কথা হচ্ছে আপনি আলিমুদ্দিন স্ট্রিটে ডেকে পাঠালেন। আজকে মেটাল বক্সের মতো বড় কারখানা বন্ধ হয়ে আছে। ৩ লক্ষ শ্রমিক চাকরি হারিয়ে বসে আছে। আজকে জুট ইন্ডাস্ট্রির এগ্রিমেন্ট ৩ বছর শেষ হয়ে গেছে। রিনিউ করতে পারলেন না। টেকস্‌টাইল এগ্রিমেন্ট সাড়ে ৩ বছর, ৪ বছর হচ্ছে রিনিউ করতে পারছেন না। ইঞ্জিনিয়ারিং এগ্রিমেন্ট শেষ হয়ে গেল, আপনি রিনিউ করতে পারলেন না। স্যার, আজকে আমি ই. এস. আইতে আসছি। লেবার ইন ওয়েস্ট বেঙ্গলের পরিসংখ্যানে দেখা যায় যে, এই রাজ্যের প্রায় ১৩০ কোটি টাকার কাছাকাছি আজকে রয়েছে। ২০০ কোটি টাকার বেশি প্রভিডেন্ট ফাণ্ড বাকী আছে।

ভারতবর্ষের একটা রাজ্যের নাম বলতে পারবেন না যে, কোনও রাজ্যে এত বেশি টাকা মালিক পরিচালকবর্গ আত্মসাত করেছে। তারা শ্রমিকদের খেটে খাওয়া টাকা আত্মসাত করেছে।

[1-40 — 1-50 p.m.]

ঠিক আছে আমরা কি দেখছি। রাজ্যসরকারের ক্ষেত্রে ডিফল্টার। রাজ্য সরকার গ্যারান্টার, আজ হোক কাল হোক তারা টাকা পাবে। আমরা দেখছি যে সেন্ট্রাল গভর্নমেন্ট ডিউস, আমরা দেখছি যে Presidents of India stands for dues, Government of India stands for dues. State Government Stands for dues. আমরা জানি যে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা আজ হোক, কাল হোক তারা সুদ সহ ফেরত পাবেন। কিন্তু আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে ১৩৪ কোটি টাকার মতো শ্রমিকদের বাকী পড়ে আছে, জুট ব্যারনসর বামফ্রন্ট সরকারকে পরিচালনা করছে। তাদের অলিমুদ্দিন স্ট্রিটে ডেকে নিয়ে গিয়ে তাদের অভিনন্দন জানাচ্ছেন। লজ্জা হয় না ট্রেজারি বেঞ্চ এর? আজকে ই. এস. আই. প্রভিডেন্ট ফান্ডের টাকা পড়ে আছে। আমরা বার বার বলেছি, স্ট্যান্ডিং কমিটি থেকে বলা হয়েছে। সব দলের বিধায়করা বলেছেন। আমাদের রাজ্যে ১৩টা ই. এস. আই. হাসপাতাল আছে। তার মধ্যে কামারহাটি, মাণিকতলা আর দুর্গাপুর যেটা নতুন হয়েছে এই তিনটে বাদ দিলে আরগুলোতে গরু ছাগল থাকতে পারে। আপনি কত দিচ্ছেন ওয়ান এইটথ্। আট ভাগের এক ভাগ। অথচ মাতব্বরিটা আপনার। সেন্ট্রাল গভর্নমেন্ট বেনিফিট স্কিম বার বার মিটিং হয়েছে, My State Government remains always defaulter for sending the report, for asking for money, for implementing the scheme. আমাদের রাজ্যে সরকার এর পক্ষে কোনও বক্তব্য পাওয়া যায়নি বলে ই. এস. আই. ডিপার্টমেন্ট বলেছে যে ই. এস. আই. হাসপাতালগুলোকে আধুনিকীকরণ করা যায় নি। কেন করতে পারেন নি? রাজ্যের লক্ষ লক্ষ শ্রমিক ই. এস. আই. এর মধ্যে রয়েছে। হাসপাতালগুলোকে মর্ডানাইজ করতে পারেন নি। আজকে ই. এস. আই. ছেলেরা আধুনিক চিকিৎসার জন্য পি. জি-তে যাচ্ছে। ক্যালকাটা হসপিটালে যাচ্ছে, প্রাইভেট নার্সিং হোমে যাচ্ছে। তাদের যেতে হচ্ছে কারণ আপনি তাদের কোথাও দিতে পারছেন না। কামারহাটি ই. এস. আই. আপনার তৈরি নয়, কংগ্রেস সরকারের আমলে এই ই. এস. আই. এর স্থাপনা হয়েছিল। আপনি বলুন তো একটা ই. এস. আই. এর নাম যেখানে

মানুষ ঠিকমতো পরিষেবা পায়? শিয়ালদা ই. এস. আই. হসপিটাল, আপনি গেলে সেখানে লজ্জা পাবেন। আজকে ঠাকুরপুকুরের কথা আপনি আপনার বক্তব্যে রেখেছেন। ঠাকুরপুকুর হসপিটালে আপনার ক্রেডিট কিসের? এটা তো সরাসরি এম. পি. স্কিম। আপনার কোনও ক্রেডিট তো এতে নেই। আপনার কোনও বাহবা এতে নেই। মাণিকতলার মতো আরেকটা বড় হাসপাতাল আপনি করতে পেরেছেন? শ্যামনগর সেই ৭৪ সালে জমি নেওয়া হয়, এ ব্যাপারে আজ পর্যন্ত কোনও সিদ্ধান্ত আপনি নিতে পারেন নি। সেন্ট্রাল গভর্নমেন্ট বলছে যে রাজ্য সরকার চায় না, রাজ্য সরকারের অনীহা আছে। আজকে লেবার ইন ওয়েস্ট বেঙ্গল যেসব তথ্য দিয়েছেন, যেসব কথা বলেছেন এই বাজেট ভাষণে আমি আপনাকে বলতে চাই যে কর্মসংস্থানের জন্য যত লোক নাম লিখিয়েছে শুধুমাত্র আপনার গত বছর এর যদি আপনি দেখেন তাহলে দেখবেন যে এখন প্রায় ৬ লক্ষলোক নাম রেজিস্ট্রি করেছে। ৫ লক্ষ প্লাস। আপনার মাধ্যমে আপনি কতটা এমপ্লয়মেন্ট করতে পেরেছেন। আপনি হাস্যম্পদ হবেন। আপনি যদি পার্সেন্টেজ করেন, আপনি পার্সেন্টেজে আসুন, এই যে ৬ লক্ষ লোক এর নাম রয়েছে দেখবেন যে এখানে আরও যোগ দেব।

মোট কত আছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে, এই ওয়াজ সামথিং পার্সেন্ট অ্যাপ্রকসিমেট। অর্থাৎ ৫৯ লক্ষ বেকার আপনার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে আছে। আপনি বলছেন শুধু করবেন মর্ডানাইজেশন, অ্যাট এ গ্লান্স দেখার জন্য কটপিউটার বসাবেন। আজকে আমি যদি জানতে চাই যে আমি কোথায় আছি, আমার অবস্থানটা কোথায়, তাহলে আমাকে এটা জানার জন্য ২ ঘন্টা দাঁড়িয়ে থাকতে হবে। আপনি এখনও মর্ডান টেকনোলজির সুযোগ নিতে পারেন নি, কমপিউটার এবং ইলেকট্রনিকসের সুযোগ নিতে পারেন নি যাকে ডিসেন্ট্রালাইজ করে একটার মধ্যে আনা যায়। এটা আপনি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে করতে পারেন নি। ২০০১ সালে ইট উইল বি ৫৯ প্লাস, প্রায় ৬০ লক্ষ বেকারের বোঝা নিয়ে আপনি বসে আছেন। তার উপর যারা জুটমিলে চাকরি করতো—৪ লক্ষ ২৫ হাজার লোক জুটমিলে চাকরি করতো। আপনারা সরকারের ২৪ বছর পূর্তি উৎসব করছেন ষষ্ঠ বারের জন্য সরকারে এসেছেন। সেই সংখ্যাটা কমিয়ে ১ লক্ষ ২৪ হাজার করলেন। এখন ই. এস. আই., পি. এফ. আপনারা ঠিক মতো দিতে পারেন না, আপনারা জিরো-ওয়ার্কার চালু করলেন। কি চালু করলেন যার জন্য কারখানাটি বি. আই. এফ. আরে যাবে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করি শত শত বাইপার্টাইট এগ্রিমেন্ট হলো সেগুলিকে ক্রস

ভায়োলেশন অব ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট আছে সেগুলিকে ভেঙে দেওয়া হয়েছে। আপনি সেগুলিকে খারিজ না করে মেনে নিয়েছেন? তাই আপনার এই বাজেটকে বিরোধিতা করে এবং কাটমোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রাজদেও গোয়ালা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় শ্রমমন্ত্রী শ্রী মহঃ আমীন শ্রম দপ্তরের যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের ছাটাই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আমি বিরোধী দলের বক্তার বক্তব্য শুনলাম, উনি কার কথা বলছেন আমি বুঝতে পারলাম না। উনি রাজ্যের কথা বলছেন, না কি কেন্দ্রের কথা বলছেন বোঝা গেল না। সারা ভারতবর্ষে যে অবস্থা চলছে সেটা ওঁনাকে বুঝতে হবে। সারা ভাতবর্ষে যেখানে সাড়ে ৪ লক্ষ কারখানা বন্ধ কোনও নীতির জন্য? যে কথা একটু আগে বলা হয়েছিল আগের বাজেটে শান্তিবাবু বলেছিলেন এই নীতির কেন পরিবর্তন ঘটেছে, কেন এটা হয়নি। যেটা ঘটেছে সেটা হলো ছাঁটাই এবং নতুন নতুন আইন এনেছেন যাদের বিরুদ্ধে কোনও কথা বলতে পারবেন না। যে আইন নিয়ে এসেছেন কোনও রাজ্য সরকারই সে আমাদের কংগ্রেস সরকারই হোক বা বি. জে. পি. সরকারই হোক কোনও রাজ্য সরকারই সেখানে হস্তক্ষেপ করতে পারবে না। এখন যা আছে যে ১ হাজার পর্যন্ত লোক যেখানে চাকরি করে সেখানে মালিকদের উপর ছেড়ে দেওয়া হয়েছে। তারা সেখানে লক-আউট ক্লোজার, ছাঁটাই করতে পারবে না। এই আইন এনেছেন। এখন ওয়াগান কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। এটা কি আজকের কথা? ওয়াগান শিল্প বার্ন এবং ব্রেথওয়েটে ছাটাই হচ্ছে। বিদেশ থেকে ওয়াগান আসছে। আপনি যদি ভারতবর্ষের পশ্চিমবঙ্গের মানুষ হন তাহলে এটার বিরোধিতা করুন। ত্রুটি থাকলে নিশ্চয়ই আমাদের সমালোচনা করবেন যাতে আমরা সঠিক পথে যেতে পারি। কিন্তু আমরা সেটা দেখতে পাচ্ছি না।

[1-50 — 2-00 p.m.]

এটা আমরা আশা করি। কৈ তা তো দেখছি না। ওয়াগান কেন পাচ্ছিনা? কেন জেশপ, ব্রেথওয়েট বন্ধ হয়ে যাচ্ছে? আপনাদের মাননীয়া মন্ত্রী থাকা সত্ত্বেও কেন রেলের এক লক্ষ খালি পোস্টে বেকার ছেলেরা চাকরি পেল না? আমরা এটা বুঝতে পারছি না। আপনার ১০০-১৫০ গজের মধ্যে এখানে এক রকম বলছেন,

বাইরে অন্য রকম বলছেন। আপনারা আজকে ছোটাছুটি করছেন কে আগে গিয়ে অটলবিহারীর আশীর্বাদ পেতে পারেন। এবং এই জন্য আজকে রেস হচ্ছে। সেখানে এই যে বি. এম. এস. ট্রেড ইউনিয়ন, নিশ্চয় প্রস্তাব পাঠিয়েছেন এবং তাতে বলেছেন, কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন তা ঐক্যবদ্ধ ভাবে সমস্ত শ্রমিক শ্রেণীকে লড়াই করে, একই সাথে না এগোতে পারলে দেশের সর্বনাশ। শুধু তা বলেনি আই. এন. টি. সি. লালবাহাদুর সিং নিজেও ছিলেন, বি. এম. এস.-র প্রস্তাব লঙ্ঘন করেছিলেন। তারা কি বলছেন? শুধু তাই নয়, কংগ্রেস সরকার যখন থেকে ছিল শ্রমিক ছাঁটাই হয়েছে। এর বিরুদ্ধে আমাদের লড়াই করতে হয়েছে, লড়াই করে আইন পাল্টাতে হয়েছে, তখনও ছিল। কিন্তু বিপদ কোথায় জানেন? সেটা একটু ভাবুন। বড় বিপদ। আপনি প্রস্তাব বলেছেন, প্রস্তাবটা পড়বেন, ডিফেন্সের সমস্ত কিছু আজকে ওপেন করে দেওয়া হচ্ছে বিদেশিদের কাছে, সব কিছু। আমাদের কাশীপুর, ইছাপুর গান অ্যান্ড সেল ফ্যাক্টরির কি হবে? সেগুলো ক্লোজ করা হচ্ছে, লোক ছাঁটাই করা হচ্ছে। শুধু ছাঁটাই করছে না, দেশের অভ্যান্তরীণ বিষয় তারা সাম্রাজ্যবাদীদের সঙ্গে চুক্তি করে ওপেন করে দিয়েছে। আপনারা বলেছেন এই প্রস্তাবের মধ্যে। কিন্তু বিধানসভার মধ্যে বক্তৃতা দেবার সময় বলেছেন বামফ্রন্ট কি করেছে? হ্যাঁ, এই সময়ের মধ্যে বামফ্রন্ট সরকার কিছু বন্ধ কারখানা খোলার ব্যবস্থা করেছে। আমরা শ্রমিকদের পাশে দাঁড়াবার চেষ্টা করেছি, করছি। আমরা বন্ধ কারখানার শ্রমিকদের ৫০০ টাকা বেশি দিতে পারিনি। কেননা নোট ছাপাবার অধিকার আমাদের নেই। আইন করার দরকার ছিল কিন্তু নেই। কিন্তু আপনারা জানেন আমরা বন্ধ কারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে দিচ্ছি। এবং যারা সই করেছেন, এ্যাপ্লিকেশন করেছেন তাদের মান্থলি ৫০০ টাকা করে দিচ্ছি। আজকে এক লক্ষ কারখানা বন্ধ আছে। আমরা জানি এই ৫০০ টাকা করে দেওয়াটা যথেষ্ট নয়। কিন্তু টোকেন হিসাবে এটা আমরা দিচ্ছি। আপনারা জানেন, আন-অর্গানাইজড ওয়ার্কারদের জন্য প্রভিডেন্ট ফাণ্ডের ব্যবস্থা করা হয়েছে। মাননীয় আসীমবাবু যখন বাজেট পড়ছিলেন তখন আপনারা এটা দেখেছেন, শুনেছেন। তবে আপনারা শুনেছেন কিনা জানিনা, চলে গিয়েছিলেন বোধ হয়, তাহলে ঘরে গিয়ে শুনেছেন। কাজেই আমরা চেষ্টা করছি। আমরা তো আজ নয়, অনেকদিন আগে থেকেই চেষ্টা করেছি কেন্দ্রে কংগ্রেস সরকার যখন ১৯৯১ সালে এই উদারীকরণের সিদ্ধান্ত নিল আমরা তখনই বলেছিলাম ওরা দেশটাকে সর্বনাশের দিকে নিয়ে যাচ্ছে। আমরা বলেছিলাম এই চুক্তি দেশকে বিকিয়ে দেবে। শুধু ওয়াগান নয় আজকে ১,৪২৯টা জিনিসের

জন্য বিদেশির কাছে দরজা খুলে দেওয়া হয়েছে। আসুন না আমরা এর বিরুদ্ধে একসঙ্গে বসে এর নিন্দা করি এবং দিল্লিতে যাই। আপনারা বাইরে বলছেন কিন্তু ভেতরে এসে আপনারা অন্য কথা বলছেন। আপনারা জানেন আমাদের দেশ, বিশেষ করে পশ্চিমবঙ্গে ইঞ্জিনিয়ারিং শিল্পের একটা বিশেষ স্থান রয়েছে।

সেই ইঞ্জিনিয়ারিং শিল্পের অবস্থা কি করেছেন? আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি, সেই বেলগাছিয়া ওয়েস্টে দেখেছি যে, সেখানে উষা আটোমোবাইল, ইস্টার্ণ ইঞ্জিনিয়ারিং ইত্যাদি অর্ডার না পাওয়ার জন্য বন্ধ হয়ে গেছে। অথচ আপনারা বলছেন বিদেশ থেকে জিনিস নিয়ে আসবে। এখন বিদেশ থেকে গম আসবে, চাল আসবে। এর ফলে শুধু শ্রমিক শ্রেণী নয়, কৃষকরাও ক্ষতিগ্রস্থ হচ্ছে—এটা আপনারা স্বীকার করুন। অস্ট্রেলিয়া থেকে গম আসবে, থাইল্যান্ড থেকে চাল আসবে, ওমুক জায়গা থেকে জামা-কাপড় আসবে ইত্যাদি। তাহলে আমাদের দেশের যাঁরা দোরজি আছেন তাঁরা কি করবেন? দোরজিরা লেবার নয়? আগে বুঝে নিন, কোনটা লেবার এবং কোনটা লেবার নয়। আপনারা জানেন না, বুঝে নিয়ে বলুন। আমার আপত্তি নেই। এই যে জামা-কাপড় বিদেশ থেকে আসছে, তাহলে আমাদের দেশে কুটির শিল্পী হিসেবে যে লাখখানেক দোরজি শ্রমিক আছে তাহলে তাঁদের কি হবে? তাঁদের এরকম অবস্থা কে করছে? কেন্দ্রীয় সরকার করছে না? সেখানে আপনারা দৌড়াচ্ছেন—কে আগে ধরতে পারে, কে আগে আশীর্বাদ পেতে পারে। বলছেন না? এ বলতেই হবে। পশ্চিমবঙ্গ সরকার ভারতবর্ষের এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে একটা কথা বলছেন যে, 'সব আমরা পারছি না, কিন্তু আমাদের চেষ্টা আছে এবং চেষ্টা আমরা করছি।' কলকারখানা আপনাদের জন্য হয় নি, নাহলে আমরা আরেকটু এগোতাম। আপনারা স্মরণ করেন না বা গোপন করছেন, সল্টলেকে জমি নিয়ে ইলেকট্রনিকস কারখানা করার কথা কবে? দেন নি তো। আপনারা এখন লাইসেন্স প্রথা তুলে দিয়েছেন—আপনারা এটা পশ্চিমবঙ্গ কে ভালবেসে করেন নি, ঐ সাম্রাজ্যবাদীদের সঙ্গে চুক্তির দায়ে লাইসেন্স প্রথা তুলে দিয়েছেন। যার ফলে আমরা কিছু কাজ করতে পারছি, যার ফলে একটু এগোনোর চেষ্টা করছি। হ্যাঁ, এটা ঠিক যে, আমরা একসাথে এগোতে পারব না, যদি একসাথে সমস্ত ভারতবর্ষের শ্রমিক, কর্মচারী, মেহনতী মানুষকে একসঙ্গে যদি নিতে না পারি তাহলে আমরা একসাথে এগোতে পারব না। আপনি বলতে পারেন ভারতবর্ষে এমন একজনও আছে একটা ইনডাস্ট্রিতে, যারা আজ বিপদগ্রস্ত নয়? সে কয়লাখনি বলুন, সে ইঞ্জিনিয়ারিং কারখানা বলুন, বা চটকলের কথা বলুন—কেন্দ্রীয় সরকার কি স্টেপ নিয়েছে? আমরা তো

বলেছিলাম পলিথিন্ তুলে দেওয়ার কথা। কেন এটা আইন করা গেল না? আমরা তো বলেছিলাম, ১৭০০ কোটি টাকার পি. এফ., ই. এস. আই. জমা দিচ্ছে না। কেন তার জন্য আইন করছেন না? বলছেন না তো সেই কথা যে, আসুন, আমরা একসঙ্গে সেই আইনটাকে বদলানোর জন্য লড়াই করি, একসঙ্গে যাই, একসঙ্গে বলি। আপনারা পশ্চিমবঙ্গকে ভালবাসেন না। আপনারা যদি পশ্চিমবঙ্গকে ভালবাসতেন তাহলে আপনারা কেন্দ্রের নীতির বিরোধিতা করতেন। যা আপনারা বাইরে করছেন, কাগজে করছেন, কারণ সেখানে মানুষ আপনাদের রেহাই দেবে না। সেজন্য কাগজে প্রস্তাব নিচ্ছেন, খবরের কাগজে বেরোচ্ছে—আর এখানে এসে বামফ্রন্টের সমালোচনা করছেন, যে বামফ্রন্ট সারা ভারতবর্ষের শ্রমিক-কর্মচারীদের কাছে একটা আদর্শ স্থান নিয়ে দাঁড়িয়ে আছে। একটা ভুলে যাবেন না যে, আপনাদের জন্য আপনারা ওখানে আছেন আর আমরা এখানে আছি। আমরা ২৪ বছর ধরে আছি। আপনারা পশ্চিমবঙ্গের মানুষের সাথে এই পথে চলুন না। আরও ৫ বছর আছি এবং এটা মনে রাখবেন যে, আপনারা যে নীতি নিয়ে চলেন সেই নীতি নিয়ে যদি আপনারা চলেন তাহলে অনেকে যেমন আসতে পারেন নি তেমনি আপনাদের অনেকেই আসতে পারবেন না।

[2-00 — 2-10 p.m.]

কেন্দ্রীয় রাষ্ট্রায়ও সংস্থা বার্ন, জেসপ, ব্রেথওয়েট, হিন্দুস্থান ডেভেলপমেন্ট প্রভৃতি আজকে কাদের নীতির জন্য বন্ধ হয়ে যাচ্ছে? এটা আপনারা একটু ভেবে দেখলেন না? গোটা দেশটা আজকে সংকটের মধ্যে দিয়ে চলছে। কেন্দ্রীয় সরকারের নীতি দেশটাকে আজকে এমন একটা পর্যায়ে নিয়ে গিয়েছে যেখানে গোটা দেশের অস্তিত্ব বিপন্ন হয়ে পড়েছে। ১,৪২৯ টা জিনিস ছেড়ে দেবার পরে আর কি থাকবে? এই অবস্থার মধ্যেও যদি পশ্চিমবঙ্গকে বাঁচিয়ে রাখতে হয় তাহলে আমাদের সংগ্রাম, লড়াই বজায় রাখতে হবে। আমি বিরোধীদের বলছি, আপনারা সমালোচনা করুন, নিশ্চয়ই সমালোচনা করবেন, কিন্তু তা সঠিক হওয়া উচিত। সঠিক সমালোচনা করুন, পশ্চিমবঙ্গকে উন্নত করার জন্য সমালোচনা করুন। এই বাজেটের কোথাও যদি কিছু ত্রুটি থেকে থাকে সেটা বলুন। সেই সঙ্গে মনে রাখবেন সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে মাননীয় মন্ত্রী মহঃ আমিনকে এই বাজেট করতে হয়েছে। আপনারা অনেক সময়ই বলেন, 'এটা হলো না, সেটা হ'ল না।' এই সব কথা বলার সময় আপনাদের মনে রাখতে হবে সেগুলো করা সম্ভব, কি সম্ভব নয়। আগে সেটা আপনাদের

বোঝা উচিত। আমরা বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন ইস্যুতে বাইরে বিরোধী পক্ষের সাথে এক সাথে লড়াই করছি। ২৩/২৪ এবং ১৫ তারিখ আমাদের যৌথ কর্মসূচি আছে। সি আই টি ইউ, এ আই টি ইউ সি, আই এন টি ইউ সি, বি এম এস, ইউ টি ইউ সি, ইউ টি ইউ সি (লেঃ সঃ) টি ইউ সি সি, এইচ এম এস, এ আই সি সি সি টি ইউ, এন এফ আই টি ইউ সহ সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংগঠন, কেন্দ্র ও রাজ্য সরকারি কর্মচারী, সওদাগরী কর্মচারী, রেল, প্রতিরক্ষা, ব্যাংক, বীমা, টেলিকমিউনিকেশন প্রভৃতি শিল্প ফেডারেশনগুলির যুক্ত আহ্বানে ধর্মঘটের ডাক দেয়া হয়েছে। প্রথম দু দিন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশনগুলি ধর্মঘটের ডাক দিয়েছে। আর তৃতীয় দিন, ২৫ তারিখে রাজ্য ও কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের ধর্মঘট। সব পক্ষ মিটিং করে বলেছেন, 'হ্যাঁ, ধর্মঘট হওয়া উচিত।' কি কি কারণে ধর্মঘট হওয়া উচিত বলা হয়েছে—(১) প্রতিরক্ষা ক্ষেত্রের শিল্পগুলিসহ লাভজনক ও সম্ভাব্য লাভজনক রাষ্ট্রায়ত্ব শিল্পগুলির বেসরকারিকরণ চলবে না। (২) মালিক শ্রেণীর স্বার্থ রক্ষার অনুকুলে বর্তমান পরিমান গত আইন গুলির সংশোধন করা চলবে না। (৩) কৃষি শ্রমিকদের জন্য সর্বাঙ্গীন আইন প্রণয়ন করতে হবে। (৪) শিল্প ও কৃষি এবং সামজিকভাবে জাতীয় স্বার্থ রক্ষার পক্ষে ক্ষতিকারণ আমদানির উপর থেকে পরিমানগত নিয়ন্ত্রন তুলে নেয়া চলবেনা। (৫) তীব্র কর্মহীনতা এবং বেকারত্ব সৃষ্টিকারী নীতিগুলির পরিবর্তন করতে হবে। আপনারা, আমরা সবাই একসাথে মিটিং করে এক মত হয়ে কেন্দ্রীয় সরকারকে এই প্রস্তাব গ্রহণ করতে বলছি। আমরা দেখছি কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করছে তা দেশের শিল্পকে ধ্বংস করে দিচ্ছে। শুধু বীমা, ব্যাংক নয়, আমাদের দেশে যা কিছু শিল্প আছে সব ধ্বংস করে দিচ্ছে। আপনারা গান্ধীজীর কথা বলেন, স্বদেশিয়ানার কথা বলেন, বিদেশি কাপড় পোড়াবার কথা বলেন। অথচ আজকে আপনারাই বিদেশিদের ডেকে আনছেন। এটা ঘটনা কিনা বলুন? এই যদি চলতে থাকে তাহলে আজও আমাদের দেশে যতটুকু কলকারখানা আছে সব ধ্বংস হয়ে যাবে। আমরা এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গকে ঐক্যবদ্ধ করেছি। কিন্তু আমরা বুঝেছি শুধু পশ্চিমবঙ্গে আমরা দাঁড়িয়ে থাকতে পারব না—যে নীতি কেন্দ্র নিয়েছে সেই নীতি যদি বদলাতে না পারি, পাল্টাতে না পারি তাহলে পশ্চিমবঙ্গও বাঁচবে না। সে জন্য আমরা এই মুহূর্তে সমস্ত ভারতবর্ষের মানুষকে জাই ধর্ম বর্ণ ভেদে ঐক্যবদ্ধ করার চেষ্টা করছি। সে উদ্দেশ্য নিয়েই গোটা দেশের সমস্ত ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশন গুলি যে সির্দ্ধান্ত গ্রহণ করেছে সেই সিদ্ধান্তকে আমরা কার্যকর করতে চাই। আমি আশা

করব আপনারাও এই কাজে এগিয়ে আসবেন। সে জন্য আমি মনে করি আপনারা যে কাটমোশন দিয়েছেন তাতে কোনও লাভ হবে না। আমাদের লেবার মিনিস্টার আমিন সাহেব বলেছেন, এমন কি আমাদের চিফ মিনিস্টার বুদ্ধদেব ভট্টাচার্য বলেছেন—এই যে সংকটের মধ্যে আমরা পড়েছি, সকলকে সঙ্গে নিয়ে এই সংকট আমাদের দূর করতে হবে। তাই বলছি, এই সমস্ত জিনিসের কথার মধ্য দিয়ে যতটুকু পারি, আসুন, আমরা একসঙ্গে কাজ করি। এই যে ট্রেড ইউনিয়ন আইন পাল্টে দিচ্ছে, কই, একবারও তো এই সম্পর্কে বলছেন না যে না, ট্রেড ইউনিয়ন আইন পাল্টানো যাবেন না ট্রেড ইউনিয়নে বারগেনিং যদি না হয় তাহলে কি করে ট্রেড ইউনিয়ন করবেন? আপনারা যে ট্রেড ইউনিয়ন করতে দেবেন না এটাই ঠিক করেছেন আর বিকল্প পথ করেছেন, সাম্রাজ্যবাদীদের বলবেন, তোমরা এখানে এসে লুট করে নিয়ে যাও। আপনারা কেন্দ্রীয় সরকারের নীতির সঙ্গে একমত, না আমাদের প্রস্তাবের সঙ্গে একমত? যদি আমাদের প্রস্তাবের সঙ্গে একমত হ'ন তাহলে কাটমোশন নয়, আসুন, একসাথে মিলে এর বিরুদ্ধে লড়াই করি এবং বলি, এটা বন্ধ করতে হবে। আগামী ২৩, ২৪ এবং ২৫ তারিখে দেশের মানুষ এর বিরুদ্ধে ধর্মঘট করছেন। এমন কি ডিফেন্সের লোকেরাও বলছে, দেশকে রক্ষা করতে হবে। এই কথা বলে বাজেটকে আবার সমর্থন জানিয়ে এবং কাটমোশনের বিরোধিতা করে আমরা বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০০-২০০১ সালে শ্রম ও কর্ম বিনিয়োগ খাতে ব্যয়-বরাদ্দের প্রস্তাব মাননীয় মন্ত্রী মহঃ আমিন, মহঃ সেলিম এবং শ্রী সুশান্ত ঘোষ মহাশয় যেটা হাউসে প্লেস করেছেন তার তীব্র বিরোধিতা করে এবং কংগ্রেস ও বিরোধীদলের মাননীয় সদস্যরা যে কাটমোশন এনেছেন তার সমর্থন করে দু-একটা কথা আপনাদের সামনে পেশ করছি। স্যার, আপনি দেখবেন, যখন পশ্চিমবাংলায় কংগ্রেসি সরকার ছিল তখন একটা কালচার ছিল। শ্রমিকদের সঙ্গে মালিকদের একটা সমন্বয় ছিল। কিন্তু আপনারা শুধু রাজনীতি করতে গিয়ে বাংলার মানুষের স্বার্থের কথা না ভেবে বাংলার শ্রমিকদের মৃত্যু পথ যাত্রী করেছেন। আমি শুধু দু-একটা দৃষ্টান্ত দেব। মাননীয় বিধায়ক, শ্রী সৌগত রায়ের প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী বলেছিলেন ১৬টি চটকল বন্ধ ছিল। এখন বরানগর জুট মিল নিয়ে হয়েছে ১৭টি। এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা নিয়েছেন? শ্রমিকদের জন্য কি করেছেন? কোনও মালিককে ক'বার ডেকেছেন বা অল পার্টির সাহায্য নিয়েছেন কিনা? দীর্ঘ ২৪ বছর ধরে আপনারা বুঝতে পারছেন না কেন?

মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বসে আছেন। যে সমস্ত চটকলগুলি বন্ধ হয়ে আছে সেই চটকলগুলির মালিকদের মাননীয় মন্ত্রিমহাশয় ক'বার ডেকেছেন? আর ডাকলেও এরা আসবে না, কাঁচকলা দেখাবেন। কারণ সেইসব মালিকগুলি আজকে আলিমুদ্দিন স্ট্রিট কিনে রেখেছে। সেইজন্য তারা আসার প্রয়োজন মনে করেনি। যদি মানবিকতা বোধ থাকে তাহলে আপনি বলুন, কি ব্যবস্থা নিয়েছেন? সুতরাং আজকে নতুন করে বলতে লজ্জা করে না যে ওয়ার্ক কালচার ফিরিয়ে আনতে হবে? পরোক্ষভাবে স্বীকার করে নিন না যে, ২৪ বছরের রাজত্বে রাজনীতি করেছিলেন, সেইজন্য ওয়ার্ক কালচার শেষ হয়ে গেছে। এই কথা বলুন না? আমরা জানতে চাইছি। এখন ওয়ার্ক কালচার আবার ফিরিয়ে নিয়ে আসতে চাইছেন? ২৪ বছর ধরে রাজত্ব করে দেশটাকে তো ধ্বংস করলেন। কংগ্রেস সরকার বাংলার জাগরণের জন্য, বাংলার উন্নয়নের জন্য বাংলার মানুষের কাছে যেসব প্রকল্প পৌঁছে দিতে পেরেছিলেন, আপনারা এসে তার অপব্যাখ্যা করে যে ভুল ম্যাসেজ মানুষকে দিলেন তাতে বুঝতে পারছেন আজকে বাংলার কি হাল করেছেন? আপনারা তো ট্রেনে যান। ফার্স্ট ক্লাস বা এ. সি.-তে যাই না, সেকেন্ড ক্লাসে কোনও কোনও সময়ে যাই। যাবার সময়ে যখন দেখি, একজনের দুহাত কাটা বা একজনের দু-পা কাটা, চোখে দেখতে পায় না।

[2-10 — 2-20 p.m.]

চোখে দেখতে পাই না, আমি ভিখারি, আমাকে ভিক্ষা দাও। ঠিক সেই রকম পায়ে জুতো নেই, একটা প্যান্ট পরা, একজন কর্মচ্যুত শ্রমিক, দারিদ্রের জ্বালায় তাকে ভিক্ষা করতে হচ্ছে। একজন সাহেব এসব দেখে জিজ্ঞাসা করছেন, এর হয় হাত, পা নেই, ভিক্ষা করছে, ও না হয় চোখে দেখতে পায় না ভিক্ষা করছে কিন্তু এই লোকটি, এর হাত, পা রয়েছে, চোখে দেখতে পায়—এ কোন ক্যাটাগরির ভিখারি? বাংলার শ্রমিকদের কি দুঃখ, কি দুর্দশা—এই সরকার সেটা বোঝার চেষ্টা করেন না। এরা রেকর্ড করেছেন কিসে? আন্দোলনে। আর শ্রমিকদের পয়সা লুঠেপুটে খাওয়ার ব্যাপারে এরা রেকর্ড সৃষ্টি করেছেন। একজন সদস্য সঠিকভাবেই তাই বলছিলেন, এরা শ্রমিকদের জন্য দরদ দেখিয়ে বাইরে মালিকদের সঙ্গে ঝগড়া করেন কিন্তু ভেতরে ভেতরে মালিকদের সঙ্গে এদের মিল রয়েছে। এই নাটক আমরা করতে পারি না। শ্রমিকদের জন্য আন্দোলন করার কথা বলা এবং একই সঙ্গে শিল্পপতিদের কাছ থেকে পয়সা নেওয়া—এই দুটো জিনিস কখনও একসঙ্গে

*আমরা করতে পারি না। মানুষকে দেখাব এক আর কাজে করব আর এক—এ কখনও আমরা করতে পারি নি, পারবও না। স্যার, এই সরকার যে বই দিয়েছেন* তাতে দেখছি ২৭৪টি কারখানা বন্ধ এবং তার শ্রমিক বা কর্মচ্যুত হয়ে আছেন। তাহলে শ্রমিকদের জন্য এই সরকার কিছু করছেন এই চিত্র থেকে কি সেটা বোঝা যায়? এখানে শ্রম দপ্তরের যে মন্ত্রীরা আছেন তারমধ্যে দেখছি কারিগরি দপ্তরের যিনি মন্ত্রী সেই সেলিম সাহেব, তিনি এখানে সকাল সকাল পৌঁছাতে পারেন নি। আমার মনে হয় তিনি আলিমুদ্দিন স্ট্রিটে গিয়ে বসে আছেন কি উত্তর দিতে হবে তা জানতে। তাহলে কি পর্যায়ে এরা চলে গিয়েছেন একটু বুঝুন। আজকে বড় বড় কলকারখানার মালিকরা আরও বড় হচ্ছেন কিন্তু তারা শ্রমিকদের পি. এফ. গ্রাচুয়িটির টাকা মেরে দিলেও এই সরকার তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছেন না। এরা শ্রমিকদের নিয়ে আন্দোলনের কথা বলেন শুধু নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য এবং বাংলার মানুষকে বিভ্রান্ত করে ভোট কুড়োবার জন্য। আমি এর তীব্র বিরোধিতা করছি। এই যে সব কেন্দ্রীয় রাষ্ট্রায়াত্ব শিল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে, বলুন রাজ্য সরকারের কি এখানে কোনও ভূমিকা নেই? রাজ্য সরকার তো কেন্দ্রের বঞ্চনার প্রসঙ্গে অনেক কথা বলেন, অনেক নাটক করেন কিন্তু এই যে রাষ্ট্রায়াত্ব সংস্থাগুলি বন্ধ হয়ে যাচ্ছে এরজন্য রাজ্য সরকার কি ভূমিকা নিয়েছেন বলুন। এ ক্ষেত্রে রাজ্যসরকারের কোনও ভূমিকা আমরা দেখতে পাচ্ছি না। এই দু কান কাটা সরকার ২৪ বছর ধরে শাসন চালিয়ে যাচ্ছেন এবং একই ক্যাসেট বাজিয়ে চলছেন যার সঙ্গে বাস্তবের কোনও মিল নেই। ৬৬ হাজার ক্ষুদ্রশিল্প বন্ধ হয়ে রয়েছে তারজন্য কিন্তু এই সরকার কোনও দৃঢ় পদক্ষেপ নিচ্ছেন না। আজকে আবার বলছেন যে নতুন করে ৬ লক্ষ কর্মসংস্থান করবেন। সে কথা মন্ত্রিমহাশয়কে বলাতে প্রশ্নোত্তর পর্বে তিনি বললেন, ভুল ম্যাসেজ পৌঁছাবেন না, আমরা বলি নি, কর্মসংস্থান, আমরা বলেছি স্বনির্ভর। স্যার, আমি এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই।

আজকে রাজ্যে ৬৬,০০০ ক্ষুদ্র ও মাঝারী শিল্প বন্ধ হয়ে আছে এবং তারফলে ১.৬৪ লক্ষ শ্রমিকের ক্ষতি হচ্ছে। আজকে যদি সেই বন্ধ শিল্পগুলোকে খোলার ব্যবস্থা করে তাদের ফিরিয়ে নেওয়া যায় তাহলে কি সেটা কর্মসংস্থানের ব্যবস্থা হবে না? নাকি কর্মসংস্থান অন্য একটি বস্তু, তাই নতুন করে কর্মসংস্থানের ব্যবস্থা করবেন বলছেন। যদি বলেন, ওগুলো চলছে না, তাই নতুন কল-কারখানা করতে চলেছি

এবং তার মাধ্যমে লক্ষ লক্ষ কর্মহীন শ্রমিক উপকৃত হবেন, তাহলে সেটা তো ভাষণে লেখা থাকবে। কিন্তু সেটা তো লেখা নেই। এরজন্য কত টাকা মঞ্জুর করেছেন, তাদের সম্পর্কে কি চিন্তা-ভাবনা রয়েছে, সেসব কথা তো লেখা নেই। কারিগরী শিক্ষা প্রাপ্তদের স্বনির্ভরতার জন্য কি কি স্কিম তৈরি করেছেন সে কথা কিন্তু, বাজেট বক্তৃতায় লেখা নেই। তাদের কত ব্যাঙ্ক লোন দেবেন, কত আর্থিক অনুদান দেবেন, সেসব কোনও কথা লেখা নেই। মাননীয় কারিগরী বিভাগের মন্ত্রীও সভায় হাজির নেই, তাই যাঁরা হাজির আছেন তাঁরা দয়া করে মন্ত্রীকে বলবেন, স্বনির্ভরতার প্রশ্নে কি ব্যবস্থা তিনি নিয়েছেন সেটা দয়া করে তিনি যেন সভাকে জানান। আপনি জানেন যে, ১৯৭৭ সালে বিভ্রান্তিমূলক প্রচারের মাধ্যমে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে বলেছিলেন যে, তারা শ্রমিকের সরকার, মেহনতি মানুষের সরকার। কিন্তু আমরা যখন সরকার থেকে চলে যাই তখন পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা ছিল ১২ লক্ষ, আজকে ২৪ বছরের আপনাদের রাজত্বে বেকারের সেই সংখ্যাটা ৬০-৬৫ লক্ষে দাঁড়িয়েছে। এবং তারই জন্য আজকে ওয়ার্ক কালচারের প্রয়োজন হচ্ছে, নতুন করে কর্মসংস্থানের চিন্তা-ভাবনা করা হচ্ছে। আমি বুঝতে পারছি না, দীর্ঘ ২৪ বছর লাগলো এঁদের এটা বুঝতে যে, রবীন্দ্রনাথ বুর্জোয়া নন। আপনারা আগে চিৎকার করতেন রবীন্দ্রনাথকে বুর্জোয়া বলে। সুভাষচন্দ্রকে কি বলেছিলেন আপনারা? আজকে তাঁর মূর্তিতে মালা দিচ্ছেন, জন্মশতবার্ষিকী পালন করছেন। ২৪ বছরে এখনো পরিস্কার করতে পারলেন না যে, প্রাথমিক স্তর থেকে ইংরেজি তুলে দিয়ে ভাল করেছিলেন, না খারাপ করেছিলেন। এতদিন পর শ্যামাপ্রসাদের গলায় মালা দিলেন আপনারা। এই অবস্থার মধ্যে দিয়ে বাংলায় একটা সরকার চলছে। আজকে ১২ লক্ষ বেকার বাড়তে বাড়তে ৬৫ লক্ষ-এ পৌঁছে গেছে। কিন্তু তাদের আর্তনাদ মন্ত্রিমহাশয়ের কানে পৌঁছায় না। আমি বলছি, আজ থেকে ১৮ বছর আগে যারা নাম লিখিয়েছে তারাও কোনও কল পাননি। এদিকে বয়স অনেকেরই চলে গেছে। আজকে তাই বয়সের সীমা তুলে দিন, নতুবা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জই তুলে দিন, রিনিউয়লের ঝামেলা রেখে তাদের আর ব্যতিব্যস্ত করবেন না। বেকারদের ৫০ টাকা করে দিয়েছিলেন। একজন বেকার, হয়তো সে বিয়ে করেছে। ঐ টাকায় সে তার স্ত্রীকে স্নো পাউডারটুকুও দিতে পারছে না। অথচ আপনারা বলেছেন, বেকারদের ৫০ টাকা করে দিয়েছেন।

এইভাবে পশ্চিমবাংলার বেকারদের উন্নয়ন করা যায় না। উনি বলেছেন যে আমরা কিছু করিনি তাই আমরা এই দিকে ওনারা করেছেন তাই সরকারে। এবারে

যদি রিগিং না হতো তাহলে উল্টে যেত পালটে যেত, ওনারা এই দিকে থাকতেন আর আমাদের উত্তর দিতে হতো। আমি এই বাজেটের বিরোধিতা করে, বিরোধী দলের আনা কাটমোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী মেহেবুব মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এই যে বাজেট বরাদ্দ এখানে মন্ত্রিমহাশয় পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং এই বিষয়ে দু-চারটি কথা বলতে চাই। আজকে বিরোধী পক্ষের বক্তব্য আমি শুনলাম এবং তার উত্তর ওনাদের শোনার দরকার আছে। ওনারা অনেকক্ষণ ধরে বলেছেন। ওনারা রাষ্ট্রায়ত্ত শিল্প সম্পর্কে বললেন। মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন সেখানে আপনাদের জানা উচিত যে ইঞ্জিনিয়ারিং শিল্প আছে সেই ইঞ্জিনিয়ারিং শিল্পে প্রধান ৩টি বিষয় আছে, একটা হচ্ছে কয়লা, একটা হচ্ছে ইস্পাত এবং আর একটা হচ্ছে লোহা। আমি ইঞ্জিনিয়ারিং শিল্প সম্বন্ধে উদাহরণ দিচ্ছি। অনেক রাষ্ট্রায়ত্ত শিল্পের কথা বলেছেন। আজকে আপনি জানেন আসানসোল এবং দুর্গাপুর মহকুমা সেটা রূঢ় অঞ্চল। সেখানে বার্ন স্টান্ডার্ড কোম্পানি বার্নপুরে আছে, এটা একটা ওয়াগান তৈরির কারখানা। এই কারখানায় সাড়ে তিন শো ওয়াগন তৈরির ক্ষমতা ছিল। এখন রেলওয়ে বোর্ড সেটা কমিয়ে দিয়ে ২৩০৮টি ওয়াগানের তৈরি বরাত দিয়েছে। সেখানে একটি ওয়াগানের দাম ৭১ হাজার টাকা করে দেওয়া সত্ত্বেও অর্ডার কমিয়ে দেওয়া হচ্ছে। এটা কে করেছে? বার্ন স্টান্ডার্ডের হাওড়া ইউনিটটি তুলে দেওয়ার চক্রান্ত করছেন। এখানে প্রয়োজনীয় উপাদানের অভাবে সহস্রাধিক ফোর হুইল ইউনিটটিকে ওয়াগনের অর্ডার না দিয়ে তুলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। বি. আই. এফ. আর-এ রাষ্ট্রায়াত্ত্ব শিল্পের পুনর্গঠন প্রকল্প ছিল। হাওড়া ইউনিটের ব্যাপরে বি. আই. এফ. আর-এর কাছে বলা হয়েছিল কিন্তু বি. আই. এফ. আর-এ বলা সত্ত্বেও সেটা তুলে দেওয়ার চক্রান্ত করা হচ্ছে। আজকে বিলগ্নিকরণের নামে অবিবেচক মুনাফা লোভিদের জন্য সেন্টার পাবলিক সেকটার আনডারটেকিংকে কম মূল্যে বরাত দিচ্ছে এবং তুলে দেওয়ার চেষ্টা করছে। এই বার্ন স্টান্ডার্ডে দেড় হাজার কর্মচারী, এই কর্মচারিদের ছাঁটাই করে দেওয়ার চক্রান্ত শুরু করেছে। একটা স্কিম আছে, বি. আই. এফ. আর স্কিমে বলা হয়েছিল যে রিফ্যাকটারি ইউনিটগুলি বন্ধ করে দেওয়ার পর বার্ন স্টান্ডার্ডকে লাভজনক কোম্পানিতে পরিণত করবে। সেই সম্বন্ধে আমাদের বক্তব্য আছে। বার্ন স্টান্ডার্ডকে

বি. আই. এফ. আর স্কিমের মধ্যে রূপান্তরিত করা হোক এবং ট্রেড ইউনিয়ান, সাংসদ এবং এম. এল. এ তাদের নিয়ে বৈঠক করার প্রয়োজন আছে। এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখেছি এই আর্থিক বাজেটে রাজ্য সরকারের সহযোগিতায় বার্ন স্ট্যান্ডার্ডের সহযোগী হিসাবে ৯টি ক্ষুদ্র শিল্পগঠন করার উদ্যোগ নেওয়া হয়েছে।

সেইজন্য আমি আন্তরিক ভাবে সেই প্রচেষ্টাকে স্বাগত জানাই। একইসঙ্গে আমি বলতে চাই, এখানে বিরোধী পক্ষের অনেকে বলেছেন, চিত্তরঞ্জন রেলওয়ে ইঞ্জিন তৈরির যে কারখানা আছে, সেখানে প্রতারণা করেছেন। ঐ কারখানায় আগে যেখানে ১৬,৫০০ শ্রমিক কাজ করতো, আজকে তারা দুশ্চিন্তার মধ্যে কাটাচ্ছে। তারা চিন্তা করছে আগামী দিনে তারা কি করে খাবে? কারখানাটি আজকে বন্ধ হতে চলেছে। তারজন্য দায়ী কে? বিরোধী পক্ষের সদস্যদের এই কথাটি বলার প্রয়োজন আছে। চিত্তরঞ্জন রেলওয়ে ইঞ্জিন কারখানায় ৫ ধরণের বাষ্পীয় ইঞ্জিন তৈরি হোত। সেখানে ২,৩৫১টি বাষ্পীয় ইঞ্জিন তৈরি হয়েছে এবং ৭টি ডিজেল হাইড্রোলিক ইঞ্জিন এবং ১৪ রকমের বৈদ্যুতিক ইঞ্জিন তৈরি হয়েছে। ১৯৯১ সালের ৩১শে মার্চ পর্যন্ত সেখানে ৫,৮৭৭টি ইঞ্জিন তৈরি হয়েছে। এই পরিমাণ যেখানে উৎপাদন ঐ কারখানায়, যেখানে ৬০ থেকে বাড়িয়ে ১৭০টি ইঞ্জিন তৈরি করে বৈদ্যুতিক ইঞ্জিন, যেখানে অশ্বশক্তি ২৯০০ ছিল, তাকে ৬ হাজার করেছে, যেখানে ঘন্টায় গতিবেগ ৮০ থেকে বাড়িয়ে ১৪০ কিমি.-এ নিয়ে গিয়েছে—এগুলো কারা করেছিল? শ্রমিকরা তাদের শ্রম দিয়ে, তাদের মেহনত দিয়ে এটা করেছে। আজকে যারা স্বদেশি আওয়াজ তুলছে, তারা আমাদের দেশের কলঙ্ক। স্বদেশ-প্রেমের নমুনাটা কি—১৭০টি থেকে ৭০ করে দিয়েছেন। কিছুদিন আগে যিনি রেলমন্ত্রী ছিলেন, এখানে বিরোধী বন্ধু যাঁরা আছেন, তাঁদের অনেকে বলেছেন—নতুন করে রেল করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। তাঁদের কাছে প্রশ্ন রাখি, তাহলে ঐ সমস্ত জায়গায় কি রেল ইঞ্জিন লাগবে না? না কি দীর্ঘদিন ধরে যা বলে এসেছেন তা ভাওতা দেওয়া হয়েছে? রেল ইঞ্জিনের যে বরাদ্দ ছিল তাকে কমিয়ে দিয়েছেন। পুরনো যে ইঞ্জিন আছে, এই ২০০১ সালের মধ্যে তারমধ্যে ৩৫৬টি ইঞ্জিন অকেজো হয়ে যাবে। কিছুদিন আগে তৃণমূল নেত্রী যিনি ছিলেন, তিনি বরাত কমিয়ে দিয়ে রেল ইঞ্জিন কারখানাকে পঙ্গু করে দিয়েছেন। শুধু তাই নয়, উদারনীতির নাম করে যেটা আনতে চাইছেন—সুইজার ল্যান্ড থেকে এ. ভি. বি. ৩০টি ইঞ্জিন কিনেছেন ৭৫০ কোটি টাকায়। অথচ যে দাম দিয়ে ইঞ্জিনগুলো কেনা হয়েছে তার চাইতে অনেক

কম টাকায় আমাদের এই কারখানায় যে সমস্ত শ্রমিক আছেন তাঁরা এই ইঞ্জিন তৈরি করতে পারেন। এ কথাটা মনে রাখতে হবে যে, শুধু রেল ইঞ্জিন নয়, দুর্গাপুরে যে ইস্পাত কারখানা আছে, মিশ্র ইস্পাত কারখানা, ইঞ্জিনিয়ারিং শিল্পের সঙ্গে যুক্ত যে কারখানাগুলো আছে, সেগুলোকে কি ভাবে ধ্বংস করেছেন দেখুন। বিরোধী পক্ষের অনেকে বলেছেন। ১৯৯০-৯১ সালে কংগ্রেস যে নয়া শিল্পনীতি চালু করেছিল, তারফলে ১৯৯৮ সালে এই নয়া শিল্পনীতির এফেক্ট পড়তে আরম্ভ করেছে। আধুনিকীকরণের জন্য দুর্গাপুরে ইস্পাত কারখানায় ৫,৫০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে, অথচ সেখানে ৬০০ কোটি টাকা লোকসান হয়েছে, কেন হয়েছে? আধুনিকরণের জন্য ৫,৫০০ কোটি টাকা বিনিয়োগ করা সত্ত্বেও এই ক্ষতি কেন? ভারতের অন্য জায়গায় ইস্পাত কারখানাগুলিতে যেখানে গলিত ইস্পাত দিয়ে ৭০-৭৫ শতাংশ বিক্রয় যোগ্য ইস্পাত তৈরি করে, সেখানে এখানে গলিত ইস্পাত দিয়ে ৪০-৫০ শতাংশ বিক্রয়যোগ্য ইস্পাত তৈরি করে। বিদেশ থেকে আমদানি করা ১৪২৯টি জিনিসের মধ্যে রেল ইঞ্জিন আছে। তারমধ্যে যে বিম লাগে, যে রড্ লাগে, চ্যানেল লাগে, লম্বা ধরণের যে রড লাগে, এগুলো সব বিদেশ থেকে আসছে। শুধু তাই নয়, রেলের প্রয়োজনীয় ৫০ শতাংশ জিনিস এখন বিদেশ থেকে আসছে।

[2-30 — 2-40 p.m.]

আপনি শুনুন ভাল করে কিভাবে এবং কারা রাষ্ট্রায়ত্ব শিল্পকে ধ্বংস করছে। রাষ্ট্রায়ত্ব শিল্পর ক্ষেত্রে আমাদের দুর্গাপুরে যে স্টিল প্ল্যান্ট সেটা বন্ধ হতে চলেছে। কাঁচামাল সালমিঁে যে কেনা হয় সেটায় কেন্দ্রীয় সরকারের নীতির ফলে বন্ধ হতে চলেছে। বিভিন্ন চক্রান্ত করে দুর্গাপুরের কারখানাটিকে বন্ধ করে দিচ্ছে। শুধু বন্ধ করে দেওয়া নয়, বাইরের থেকে বিদেশ থেকে কাঁচা মাল আমদানি করছে। এরজন্য কারখানাটিকে টুকরো টুকরো করে বিক্রি করে দেওয়া যায় তার চেষ্টা হচ্ছে। এরফলে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট এবং অক্সিজেন পাওয়ার প্ল্যান্ট এগুলো বিক্রি করে দেওয়ার চক্রান্ত চলছে। বিদেশিরা লাভজনক সংস্থা কিনতে চায়, অলাভজনক সংস্থাকে কিনতে চায় না। সেই কারণে ইস্পাত কারখানাটিকে বিক্রি করার চক্রান্ত করে তাকে টুকরো টুকরো করে বিক্রি করে দিতে চাইছেন। এরফলে আসানসোল মহকুমা, বর্ধমান মহকুমার এবং পশ্চিমবঙ্গের বালকোকে এইভাবে সব রাষ্ট্রায়ত্ব শিল্পকে বিক্রি করে দেওয়ার চক্রান্ত চলছে। কেন্দ্রীয় সরকার ১৯৯৯ সালে ১৪টি

বেসরকারি কারখানায় ১৪ হাজার কোটি টাকা সাহায্য করেন এবং আরও ৫,২০০ কোটি টাকা ঋণ দেবার পুর্নব্যবস্থা করেন। সেখানে একটা প্রশ্ন থেকে যাচ্ছে কেন্দ্রীয় সরকার যেখানে ১৪টি বেসরকারি কারখানায় লোন দিচ্ছেন ১৪ হাজার কোটি টাকা এবং ৫২০০ কোটি টাকার ঋণের পুর্নব্যবস্থা করেছেন, সেখানে বেসরকারি সংস্থাগুলোকে ঋণ দিচ্ছেন তাহলে আমাদের যে কারখানাগুলো আছে সেগুলোতে ঋণ দেওয়া হচ্ছে না কেন এট্যাই আমার প্রশ্ন। এখানেও যাতে ঋণ দেওয়া হয় তার ব্যবস্থা করুন। সেইজন্য বিরোধীপক্ষের সদস্যরাও বলুন, আপনারাও আসুন এর বিরুদ্ধে প্রতিবাদ করুন। এই প্রসঙ্গে আরো উদাহরণ দিতে পারি ইস্কোকে কিস্কোর হাতে বসিয়ে দেবার চক্রান্ত চলছে। ২ লক্ষ কোটি টাকার প্রজেক্ট এই ইস্কো কারখানা একদিন হয়ত ইস্কো না হয়ে কিস্কো হবে এই পরিকল্পনাই আপনাদের মাথায় ঢুকেছে। কিভাবে বিক্রি করা যায় তারজন্য আপনারা ইতিমধ্যেই বাংলোগুলো বিক্রি করার ব্যবস্থা করছেন। এছাড়া বিভিন্ন যে কোয়াটারগুলো আছে সেখানেও জমিগুলো বিক্রি করা আরম্ভ করে দিয়েছেন। তাই আমি বলতে চাই যে, রাষ্ট্রায়ত্ব কারখানা আসানসোল যেটি রয়েছে, সেখানে ৭৭ হাজার মানুষ কাজ করত, তারা আজ সেখান থেকে বঞ্চিত হচ্ছে। আপনাদের এই উদারনীতির ফলে এসব জিনিস হচ্ছে এটা স্বীকার করতেই হবে। আপনারা জানেন যে, ক্যাপটিভ প্ল্যান্ট করতে গেলে কয়লা লাগবে, আজকে কয়লাখনিগুলোকে কিভাবে আপনারা বিক্রি করে দিয়েছেন। ২৬টি কয়লাখনি বন্ধ করে দিয়েছেন। আর যে চক্রান্ত হচ্ছে তাতে ৭২ হাজার শ্রমিক কাজ করত, তাদের জন্য একটা এস্টেট ছিল, সেটাকে ছোট ছোট ভাগে ভাগ করে লোক লাগিয়ে যাতে জীবন যাপন করতে পারে তার ব্যবস্থা করেছেন। এইভাবে আপনারা হাতে না মেরে ভাতে মারার ষড়যন্ত্র করেছেন। শুধু এইকথা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকার কয়লা খনির শ্রমিকদের জন্য পেনসন চালু করেছেন। ১৯৮৩ সালে ওই শ্রমিকদের কিভাবে প্রতারণা করলেন, যারফলে ৭৭ হাজার শ্রমিক আন্দোলন করল। ওই আন্দোলনের ফলে কেন্দ্রীয় সরকার পেনসন চালু করা হোক বললেন কিন্তু তারা তৃতীয় জাতীয় বেতন চুক্তি করলেন। এরফলে কয়লা প্রকল্প যেটা চালু ছিল সেটা ১৯৮৯ সালে ১লা এপ্রিল থেকে ঠিক হল যে শ্রমিকদের ২ পার্সেন্ট কেটে ২ পার্সেন্ট ম্যাচিং গ্রান্ট দেওয়া হবে এবং পেনসন চালু করা হবে।

কিন্তু আজ পযর্নত সেখানে কোনও পেনসন চালু করা হয়নি। এইভাবে আপনারা প্রতারণা করছেন। সেখানে অ্যাটোয়াল নামে একটা প্রাইভেট সংস্থাকে নেওয়া হয়েছে, কুলটি রামনগর খোলামুখ কোলিয়ারি গ্রহণ করা হবে বলে, সেটা তাদের হাতে

দিয়ে দেওয়া হয়েছে। তারা কি করছে—সেখানে চাষীদের জমি তারা নিয়ে নিয়েছে এবং কয়লাখনি করেছে। কিন্তু দেখা যাচ্ছে এটা করতে গিয়ে চাষীদের জমির পরিবর্তে কোনও টাকা বা চাকরি তাদের দিচ্ছে না। ওখানে যে ব্লাস্টিং করে কয়লা তোলা হচ্ছে, তার ফলে যে ভ্যাকান্ট সৃষ্টি হয় তাতে গ্রামের মাটির নিচে যে ফাঁক হচ্ছে, সেখানে ঘরবাড়ি স্কুল কলেজ মাটির তলায় চলে যাচ্ছে। এইগুলি দেখার প্রয়োজনীয়তা আছে। সেইদিকে আপনাদের দৃষ্টি নেই। সেই ব্যাপারে আপনারা চিন্তা-ভাবনাও করেন না। আপনারা রাষ্ট্রায়ত্ব শিল্পকে ধ্বংস করছেন। শ্রমিক কর্মচারী যারা আছেন তাদের সঙ্গে প্রতারণা করছেন। সঙ্গে সঙ্গে আমি বলতে চাই, পাট শিল্পের ক্ষেত্রে ৬টি কেন্দ্রীয় সরকারের সংস্থা এন জে এম সি-র আছে, তাদের বন্ধ করে দিতে চাচ্ছে। আমি বলছি, তাদের নাম, বেলেঘাটা ইউনিয়ন নর্থ জুটমিল, হাওড়ার ন্যাশানাল জুটমিল, উত্তর ২৪ পরগণার কিনিসন জুটমিল, উত্তর ২৪ পরগণার খড়দহ ও আলেকজান্ডার জুটমিল, কাটিহারের আর বি এইচ এম—এই ৬টি জুটমিল ওরা বন্ধ করে দিতে চাইছেন। কেন্দ্রীয় সরকারের এন জি এম সি সংস্থা তারা বন্ধ করে দিতে চাইছেন, এর ফলে ওখানে যে ২২ হাজার শ্রমিক কর্মচারী ছিল তাদের অবস্থা কি হবে? তারা তো কেন্দ্রীয় সরকারি সংস্থা হিসাবেই পরিচালিত হয়, তার জবাব কে দেবে? তাদের পেনসন তারা পাচ্ছেন না, তারা যে কাজ পাবে না তার জন্য আপনারা প্রতিবাদ কতটুকু করেছেন, সেটা আপনারা বিরোধী পক্ষে যারা আছেন তাদের জিজ্ঞেসা করতে চাই। শুধু তাই নয়, পাট এর ক্ষেত্রে যেটা হয়েছে, এটা স্বীকার করতে হয়, গ্যাঞ্জেস জুট মিল যেটা করা হয়েছে সেখানে পুলিশ যেভাবে গুলি চালিয়েছে সেটা সঠিক হয়নি। এই কারণেই হয়নি, সেখানে আগে টিয়ারগ্যাস বা অন্যান্য ভাবে প্রটেকশন নেওয়া উচিত ছিল। তারপরে গুলি করা উচিত ছিল। যাই হোক আমি এখানে যে কথাটা বলতে চাই, বিশ্বায়নের নাম করে যে ড্যাম গুড় গুড় বাদ্যি বাজাবার চেষ্টা করছেন, সেই ঢাক আনছেন সেই বিদেশি কোম্পানি, আমাদের দেশি কোম্পানিগুলিকে বিক্রি করে দেওয়ার চেষ্টা করছে এবং ঢাকের যে বাদক তাদেরও বিক্রি করে দেওয়ার চেষ্টা করছেন, এই কথা বলে বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অপূর্ব মুখার্জি ঃ** শ্রদ্ধেয় ডেপুটি স্পিকার স্যার, এখানে উপস্থিত মন্ত্রী মহাশয় এবং বিধানসভার কক্ষে উপস্থিত সমস্ত সদস্যবৃন্দ, আমি সেদিন বলেছিলাম, আমি দুর্গাপুর থেকে এসেছি, আমি শিল্পাঞ্চলের মানুষ। আজকে এখানে কথা হচ্ছে, শ্রম এবং এমপ্লয়মেন্ট নিয়ে, এই দুটো কথাই আমাদের ওখান থেকে উৎপত্তি

হয়েছিল। '৫২ সালে দুর্গাপুরের ইতিহাস রচনা হয়, এই রচনা সৃষ্টির কথা আমি সেদিনও এখানে দাঁড়িয়ে বলেছিলাম, স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায় সৃষ্ট ইতিহাস থেকে দুর্গাপুর আজকে ধাপে ধাপে এগিয়ে যাচ্ছে। আমরা তার যৌবনকে দেখিনি কিন্তু আজকে প্রৌঢ়ত্বকে দেখছি। আজকে সেই দুর্গাপুরের মানুষ আমি। শ্রম নিয়ে এখানে পক্ষে এবং বিপক্ষে অনেক আলোচনা হয়েছে।

[2-40 — 2-50 p.m.]

আমি একটা ছোট্ট উপমা দিয়ে আমার বক্তব্য শুরু করতে চাই। গোদা বাংলায় একটা কথা আছে 'বুজাইন দিলে পাল জোড়াটা দিব'। কথাটার মানেটা আমি ব্যাখ্যা করে দিচ্ছি, যদি বোঝাতে পার, আমি তোমাকে গরুরপাল দিয়ে দেব। বোঝার মানসিকতা আমার নেই। আজকে পরিস্থিতি সেই জায়গায় গিয়ে দাঁড়িয়েছে, এটা খুবই বাস্তব। আজকে দূর্গাপুরের শিল্প সম্পদ এবং এমপ্লয়মেন্ট নিয়ে কথা হচ্ছে। দুর্গাপুরের ব্যাপারে একটি ছোট্ট উপমা দিয়ে আমি শুরু করতে চাই। এখানে মাননীয় মন্ত্রিমহাশয় তার বাজেট বক্তৃতায় অনেক কথা লিখেছেন, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ও কিছু কথা বলেছেন। দুর্গাপুরে ছোট, বড় কিছু কারখানা পরে তৈরি হয়েছিল। ইন্ডাস্ট্রি ফর ইন্ডাস্ট্রি তৈরি করা হয়েছে। ডি. পি. এলে আগে ২৭টি বাই-প্রডাক্ট তৈরি হত, এখন সেখানে চারটি বাই-প্রডাক্ট তৈরি হচ্ছে। আগে সেখানে কর্মী সংখ্যা ছিল সাড়ে নয় থেকে দশ হাজার, এখন সেখানে কর্মীসংখ্যা দাঁড়িয়েছে সাড়ে চার হাজার। আমরা সেখানে দাঁড়িয়ে আজকে কেন্দ্রীয় সরকারের শ্রম নীতির কথা বলছি, কেন্দ্রীয় সরকারের শিল্প নীতির কথা বলছি। রাজ্য সরকারের অধীন কারখানা ডি. পি. এল. আজকে সঙ্কুচিত হতে হতে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। এবং যে কোনও দিন সেটা বন্ধ হয়ে যেতে পারে। কয়েকদিন আগে সেখানে একটা ঘটনা ঘটেছিল এবং সেটা কাগজেও বেরিয়েছিল, কাগজের কাটিংগুলো আমার কাছে আছে। দিন দুপুরে হার্ডকো সেখান থেকে বেরিয়ে যাচ্ছিল এবং শ্রমিকরা তার বিরোধিতা করেছিল ও ব্যাপক আকারে সোচ্চার হয়েছিল। সেখানে এমনই এক অবস্থার সৃষ্টি হয়েছিল যে মাননীয় মন্ত্রিমহাশয় দাঁড়িয়ে সেখানে বলেছিল এই ঘটনার তদন্ত হবে। কিন্তু সেই তদন্তর এখনো কোনও রিপোর্ট বেরোল না। ছয় গাড়ি মাল যখন রাত্রি বেলায় বেরিয়ে যাচ্ছিল এবং শ্রমিকরা যখন প্রতিরোধ করে ও সেই ঘটনার কোনও তদন্ত রিপোর্ট আজও পর্যন্ত বেরোল না। এই ব্যাপারে একদম নীরবতা বজায় রাখা হয়েছে। শুধু তাই নয়, অ-বামপন্থী শ্রমিকদেরকে আজকে

সাসপেন্ড করা হচ্ছে এবং তাদের কেস যখন কোর্টে গেছে তখন তারা বেল নিয়ে আসার পরেও তাদের ভুগতে হচ্ছে। কাউকে ২৪ ঘন্টা যদি জেল কাস্টডিতে রাখা হয় তাহলে তাকে সাসপেন্ড করা হয়। কিন্তু জেল হাজতে না গিয়েও তাদের সাসপেন্ড করে রাখা হয়েছে, তাদের কোনও প্রমোশন বা ইনক্রিমেন্ট হচ্ছে না। আজকে মাননীয় সদস্য মলয় ঘটক আমাকে বলছিলেন আসানসোলে যে লেবার ডিপার্টমেন্ট আছে, সেখানে ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালের দায়িত্বে থাকেন একজন ম্যাজিসট্রেট। তিন বছরে সেখানে কোনও লোক নেই, আজকে সেখানে শ্রমিকরা নীরবে নিভৃতে কাঁদছে। ১৯৫২ সালে দুর্গাপুর তৈরি হয়েছিল, সেই দুর্গাপুরের মর্ডানাইজেশনের জন্য শ্রদ্ধেয় রাজীব গান্ধী সাড়ে পাঁচ হাজার কোটি টাকা দিয়েছিলেন তার মর্ডানাইজেশনের জন্য। আজকে তার পরিস্থিতি কোথায়, তার একটা রিপোর্ট বলছে, ওখানে ব্লাস্ট ফার্নেস আছে, সেটাকে মাঝে মাঝে রিলাইন দরকার। ওখানকার ইঁটগুলোকে রিস্ট্রাকচার করে ফার্নেসগুলোকে রেডি করতে হয়। ওখানে মিঃ নায়ার বলে একজন চেয়ারম্যান ছিলেন, ওনার কাছে একটা প্রশ্ন রাখছেন। উনি আমাকে বললেন, আমার একটা কথার উত্তর দিনতো, ভিলাই বা রাউরকেল্লাতে যে ব্লাস্ট ফার্নেসগুলো আছে সেগুলোকে রিলাইন করতে সময় লাগে তিন মাস, কিন্তু আমাদের এখানে দু'বছর সময় লাগে কেন?

আমি বললাম মি. নারায়কে, আমি দুঃখিত, এর উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়, পরে সি. আই. টি. ইউ.-এর বন্ধুরা আসবেন, তাদের জিজ্ঞেস করবেন সাড়ে পাঁচ হাজার কোটি টাকার মর্ডানাইজেশন কি হ'ল? এর জন্য ভিজিল্যান্সে, সি. বি. আই. এনকোয়ারির দাবি করা হয়েছে। কেন ধরা পড়ল সেটা বড় নয়, কিন্তু শ্রমিকদের ব্যাপক ক্ষতি হয়ে গেল। দুর্গাপুর শিল্প নগরী একটা আদর্শ, একটা নীতি নিয়ে গঠিত হয়েছিল। তার ছিল একটা পরিকাঠামো, দুদিকে দুটো নদী, মাঝখানে জি. টি. রোড, বর্তমানে ন্যাশানাল হাইওয়ে-২, ছিল একটা রেললাইন, যার পরিধি কাশ্মীর থেকে কন্যাকুমারী পর্যন্ত, সেখান থেকে ২০ কিলোমিটারের মধ্যে কয়লাখনি। আজ তার অবস্থান কোথায়? একটা ছোট্ট উপমা দিলে বুঝতে পারবেন। ১৯৭৭ সালের পর কিছু কিছু ছোট কারখানা তৈরি হয়েছিল—কার্তিক অ্যালয়, ফেরো অ্যালয় ইত্যাদি, এইগুলো হচ্ছে দুর্গাপুর স্টিল প্ল্যান্টের ওরিয়েন্টেড অ্যানসিলিয়ারি প্রজেক্ট, যেটাকে আপনারা ডাউনস্ট্রিম বলেন। সেখানে কত লোক কাজ করে? কি তার পরিধি? দুর্গাপুর স্টিল প্ল্যান্টে এখনও প্রত্যক্ষ ও পরোক্ষ

ভাবে ৩০ হাজার মানুষ কাজ করেন। অ্যালয় স্টিলে কমতে কমতে এখন সাড়ে চার হাজার শ্রমিক, বি. পি. এল. এ কমতে কমতে সাড়ে ৪ হাজার এবং এফ. সি. আই. ধুঁকছে, বন্ধ হয়ে যেতে পারে। যখন কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার ছিল, তখন করেননি কেন। নিয়ম-নীতি পরিবর্তন করে করতে পারতেন। শুধু কেন্দ্রের উপর দোষ দিলে হবে না। মানসিকতা চাই। আমরা সাথে আছি, কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করব। আমরা দেখলাম, ইউনিয়নের রেট ৬৮ টাকা, শ্রমিকরা পাচ্ছে ৫০ টাকা, তা থেকে পি. এফ. এর জন্য কেটে রাখছে ৫ টাকা,—সাংবাদিক বন্ধুরাও জেনে রাখুন—সর্বসাকুল্যে তারা পায় ৪৫ টাকা এবং তার জন্য ১২ ঘন্টা কাজ করতে হয়। বামপন্থী বন্ধুরা, মাননীয় শ্রমমন্ত্রী এটা বলবেন—আপনারা তো নিজেদের শ্রমিক দরদি বলেন। একটু আগে কেউ ক্যাপটিভ্ প্ল্যান্টের কথা বললেন। দুর্গাপুর ক্যাপটিভ্ প্ল্যান্টে—বিদ্যুৎমন্ত্রী সই করে এসেছেন ঐ ক্যাপটিভ প্ল্যান্টকে বিক্রি করার জন্য। তিনি পারতেন অ্যাজিটেশন করতে। মানসিকতার অভাব আপনাদের রয়েছে। দুর্গাপুর হচ্ছে রুর অব বেঙ্গল। দুর্গাপুরকে তৈরি করতে হবে না, তৈরি হয়েই আছে, দরকার শুধু রক্ষা করার। তাই মাননীয় মন্ত্রীর আনিত ব্যয়বরাদ্দের দাবির বিরোধিতা করে এবং আমাদের আনা কাট-মোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রীমতী কুমারী কুজুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি এই ব্যয়-বরাদ্দের প্রস্তাবকে সমর্থন করছি। আমাদের ভারতবর্ষের সাংবিধানিক ব্যবস্থা অনুযায়ী অধিকাংশ শ্রম আইনই কেন্দ্রীয় সরকার প্রণয়ন করে। বামফ্রন্ট সরকার শ্রমিক-কর্মচারী, মেহনতী মানুষের স্বার্থে কাজ করলেও শ্রমিক স্বার্থ সুরক্ষায় রাজ্য সরকারের নানা সীমাবদ্ধতা আছে। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার উদারীকরণ এবং বিশ্বায়নের নামে বহুজাতিক কোম্পানিগুলোকে অবাধ লুণ্ঠনের ক্ষেত্র হিসাবে ভারতবর্ষকে বেছে নিয়েছে। কংগ্রেস থেকে শুরু করে বি. জে. পি., তৃণমূল এবং বর্তমানে এন. ডি. এ. সরকার তাকে মদত দিচ্ছে।

স্বাধীনতা পূর্ব থেকে বর্তমান কাল পর্যন্ত শ্রমিক-কর্মচারিবৃন্দ বহু আন্দোলন ও সংগ্রাম করে যে সমস্ত অধিকার পেয়েছে বর্তমানে কেন্দ্রীয় সরকার তা কেড়ে নিয়েছে। ট্রেড ইউনিয়ন অধিকার সংকুচিত হচ্ছে। অতীতে শ্রমিক কর্মচারীর দাবি

সনৎ পেশ করে মঞ্জুরি বৃদ্ধি সহ বিভিন্ন অধিকারের দাবি জানাত। বর্তমানে মালিক শ্রেণীর দাবি সনৎকে সরকারের হস্তক্ষেপ চেয়ে শ্রমিক কর্মচারিদের কোনও কোনও অধিকার কেড়ে নিতে দিলে কলকারখানা চালু রাখবে। সেই সব কথা বলে শ্রমিক কর্মচারিদেরকে ব্ল্যাকমেল করছে। অতীতে ইঞ্জিনিয়ারিং শিল্প পাটকল টেকসটাইল ইন্ডাস্ট্রির মাধ্যমে প্রচুর শ্রমিক কর্মচারী রোজগারের সুযোগ পেতো। তাও বর্তমানে সেইসব শিল্পমন্দা চলছে। কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্য একদা শিল্প সমৃদ্ধ পশ্চিমবাংলাকে পিছু হঠতে বাধ্য করছে। বর্তমানে বামফ্রন্ট সরকার ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছে। এই অবস্থায় শ্রমিক কর্মচারীর স্বার্থ সুরক্ষার জন্য শ্রম দপ্তর একপাক্ষিক চুক্তি পর্যন্ত করে চা শিল্পপতিরা নয়া গনতি ১০০০০ শ্রমিক নিয়োগ করতে বাধ্য হয়। স্বাস্থ্যের সুরক্ষার জন্য গ্রুপ হাসপাতাল গড়ে তুলে গৃহ নির্মান, পানীয় জল বিদ্যুৎ শিক্ষার ব্যবস্থা করে শ্রম দপ্তর তার নিশ্চয়তা করুন। অসংগঠিত শ্রমিকদের চরম দুরাবস্থা তারা নুন্যতম মজুরি পায় না। পি এফ এবং বোনাসের সুযোগ নাই। ঘন ঘন কর্মচুক্তির জন্য তাদের ভবিষ্যত অন্ধকার। শমিল, ইঁটভাটা, ছোট ছোট কলকারখানা মজুরদের মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর পি এফ ফান্ডের ইন্সপেক্টর এই সমস্ত শ্রমিক কর্মচারিদের স্বার্থ সঠিকভাবে পালন করে না। এই বিষয়ে মন্ত্রিমহাশয় দৃষ্টি দিবেন আশা করি। স্যার, এখানে বিরোধী পক্ষ থেকে যারা নির্বাচিত হয়ে এসেছেন। তারা শ্রমিকদের হয়ে কোনও কথা বলে না। বরং মালিক পক্ষকে তোষণ করেন। তাই তাদের এই শ্রম বাজেট নিয়ে কোনও কথা বলার অধিকার নেই। স্যার, আজকে বিশ্ববাণিজ্য সংস্থার বিশ্বব্যাঙ্কের নীতি নির্দেশে কেন্দ্রীয় সরকার শ্রমিকের বিরুদ্ধে নীতি নিয়েছেন। এরফলে লক্ষ লক্ষ শ্রমিক তার কাজ হারাচ্ছে। এই কথা বলে আমি পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় এখানে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, তাকে বিরোধীতা করে কাটমোশনের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। স্যার, যে কোনও বাজেট বক্তৃতায় আমরা দুটো জিনিস আশা করি। একটা হচ্ছে সরকারের নীতি কি সেটা স্পষ্টভাবে বলা। আর একটা হচ্ছে সেই নীতি রূপায়ণে সরকার কি কি কাজ করছেন এবং কি কি কাজ করতে চান। স্যার, এখানে ২৭ নম্বার পৃষ্ঠায় অনুচ্ছেদে পশ্চিমবঙ্গ সরকারের নীতি কি সেটা সম্বন্ধে একটা জিনিস দেখতে পাচ্ছি সেটা হচ্ছে ভারত সরকার যা করবেন তার বিরোধিতা করা। আমরা দেখছি সোভিয়েত রাশিয়ার পর রাষ্ট্রমন্ত্রী মলটভ তাকে বলা হত নায়ের মন্ত্রী অর্থাৎ যারা যে প্রস্তাবই দিত, তিনি বলতেন না হবে

না। কাজেই হবে না এটা বলাই হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের নীতি। একটা অসুবিধা হচ্ছে যে গত ১০ বছর ধরে পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত দপ্তর একটা গরুর রচনা মুখস্ত করেছেন। সমস্ত মন্ত্রীরা তাঁদের বাজেট বক্তৃতায় প্রথমেই একবার ভারত সরকারের গ্লোবালাইজেশন, ইন্টারন্যাশনালাইজেশন সমস্ত ব্যাপারে প্রথম কয়েকটা প্যারগ্রাফ রাখবেন। শেষে আরেকটা প্যারাগ্রাফ রাখবেন দেশে সাম্প্রদায়িকতা মাথাচাড়া দিচ্ছে। একে আটকানো দরকার। এখানে শ্রম দপ্তরে কি সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দিচ্ছে আমরা বুঝতে পারলাম না। ৬ নম্বর অনুচ্ছেদে লিখে দিলেন সাম্প্রদায়িক শক্তিকে প্রতিহত করতে হবে। এখানে আপনারা অনেকগুলো প্যারগ্রাফ লিখেছেন, লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বলে একটা বই আছে, সেই বইটা থেকে রিপ্রোডিউস করা হয়েছে। টুকে দেওয়া হয়েছে আমি একথা বলছি না, এটা সরকারের ব্যাপার সরকার করতেই পারেন। চ্যাপ্টারগুলো দেখলে বুঝা যাবে আমার একটা আপত্তি আছে। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ রেকর্ড, এটা ছাপার ভুল থাকতে পারে সেটা নজর এড়িয়ে যেতে পারে, জুটমিল ৯ নম্বর অনুচ্ছেদে গত যে জুটমিল স্ট্রাইক বিষয়ে বলতে গিয়ে বলা হচ্ছে, 'For the implementation of earlier industry wise settlement and stoppage of all irregular practices being followed by the jutemill employees.' এটা হবে এমপ্লয়ারস এমপ্লয়িরা ম্যাল প্র্যাকটিশ করে না, এমপ্লয়াররা করে। এমন কি সংখ্যা গুলো পর্যন্ত ভাল করে দেখে দেওয়া হয় নি। ৪৩ নম্বর অনুচ্ছেদে একটা বলেছেন যে ২৫৬টা ইন্ডাস্ট্রিয়াল ইউনিটের ৪০ হাজার ওয়ার্কারকে টাকা দিয়েছেন। লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে ৪১ থেকে ৪৭ পাতায় যে লিস্ট দিয়েছেন সেটা কিন্তু যে ইন্ডাস্ট্রিয়াল ইউনিটগুলো দিয়েছেন তার মধ্যে ২২টা বাদ যাবে। সেখানে আপনারা এক পয়সাও দেন নি। রাখা আছে ২৫৬ ওটা হবে ২৩৪টা ভবিষ্যতে ভাল করে দেখে দিলে আমাদের কাজ করতে সুবিধা হবে। যাই হোক আমি যেটা বলবার চেষ্টা করছি যে গত এক বছর যাবদ আপনারা দাবি করেছেন যে ইন্ডাস্ট্রিয়াল রিলেশন মোটের উপর শান্তিপূর্ণ আছে। হ্যাঁ, শান্তিপূর্ণ আছে তবে সেটা হয় শ্মশানের শান্তি না হলে সেটা ঝড়ের আগের শান্তি। এই ঝড় উঠেছে বরানগর জুটমিল, গ্যাঞ্জেস জুটমিল হাওড়া জুটমিলে এই ঝড় ওঠা আরম্ভ হয়েছে। এটা বহুদিন ধরে ছিল না যে তারা কেউ মালিকপক্ষকে গিয়ে আক্রমন করছে। সরাসরি এটা বুঝুন যে এটা ট্রেড ইউনিয়নের ফেলিওর এবং এটা সিটু ট্রেড ইউনিয়নের ফেলিওর। বরানগর জুটমিল নিয়ে হোম সেক্রেটারির যে রিপোর্ট আজ পর্যন্ত সেই রিপোর্ট হাউসে পাওয়া যায় নি। জিরো ওয়ার্কারদের

কাছে থেকে ট্রেড ইউনিয়ক দৈনিক ৬০ হাজার টাকা কাট মানি নেয়। ৬০ হাজার টাকা কি করে ভাগ বাঁটোয়ারা হবে সেটা নিয়ে বরানগর জুটমিল গোলমাল এবং গোলমালটা হচ্ছে সিটুর দুটো গ্রুপের মধ্যেই। আমি বেণী ইঞ্জিনিয়ারিং নিয়ে কোনও কথা বলতে চাই না। বেণী ইঞ্জিনিয়ারিং-এ আমি বেণী ইঞ্জিনিয়ারিং নিয়ে কথা বলতে চাই না। বিগত মন্ত্রী তিনি তো ৩৭ লক্ষ টাকা ঘুষ নিয়েছিলেন, আপনাদের আরেকজন প্রভাবশালী সিটু নেতা তাকে পুলিশ বাধ্য হয় এক বছর ধরে জেলে রাখতে। আমরা জানি যে এইগুলো আপনারা মানেন না। আপনাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে মালিকদের স্বার্থ রক্ষা করা। ট্রেড ইউনিয়ন করবেন, শ্রমিকদের আসনটা ডিল করবেন তা না করে আলিমুদ্দিন স্ট্রিটে বসে মালিকদের সঙ্গে ডিল করেন। এটাই আপনাদের আসল উদ্দেশ্য। এইগুলো এক এক করে ফুটে বেরোচ্ছে।

[3-00 — 3-10 p.m.]

গত বছর যখন জুটমিল ধর্মঘট হয় তখন একমাত্র ট্রেড ইউনিয়ন প্রথম থেকেই সাবধান করেছিল যে এই ধর্মঘটের মধ্যে শ্রমিকদের নিয়ে যাবেন না, রাখতে পারবেন না, যে অবস্থা জুটমিলে চলছে। আই. এন. টি. টি. ইউ. সি. তৃণমূলের একমাত্র ট্রেড নিউনিয়ন সতর্ক করে দিয়ে ছিলো। এই স্ট্রাইকের বিরোধিতা করেছিলেন। কি হলো? পরে দেখা গেল "কার আগে প্রাণ কে করিবে দান" মিলের গেট খোলার আগেই স্ট্রাইক ধরে রাখতে পারেন নি সিটুর নেতৃত্ব ভিতরে ঢুকে গেছেন। সরকারকে বলতে হলে মজুরি কম সেটেলমেন্টে রাজি হয়ে যায় তাহলে করবার কিছু থাকে না। করবার যদি কিছু না থাকে তাহলে উস্কাতে গিয়েছিলেন কেন? মজুরি কম সেটেলমেন্টে যেতে হলো এবং প্রোডাকশনও অনেক নষ্ট হলো। রাখতে পারবেন না, তার কারণ আপনাদের ভিতরটা ফোক্লা হয়ে গেছে, কম্প্রোমাইজ করতে করতে আর কাট-মানি খেতে খেতে আপনাদের ট্রেড ইউনিয়নের সমস্ত শক্তি নিঃশেষ হয়ে গেছে। আপনাদের শ্রমিকরা মালিকদের দিয়ে যায়। গ্যাঞ্জেস জুটমিল দেখেছি বড় বড় সিটুর নেতাদের বিলাসবহুল বাড়ি আক্রমণ করছে, তাদের টি.ভি., ফ্রিজ সব আগুন জালিয়ে দিচ্ছে। চোখের উপর এই জিনিস দেখছি। সিটুর নেতারা এই জায়গায় এসে দাঁড়িয়েছে। তারা শুধু জুটমিল নয়, যে কোনও ইন্ডাস্ট্রির নেতৃত্বেই ব্যর্থ হচ্ছেন। একটু আগে একজন সদস্য দুর্গাপুরের কথা বলছিলেন। এটা দুর্গাপুর, আসানসোলের কথা নয়, এটা সারা পশ্চিমবঙ্গের কথা আপনারা খুব কৃতিত্বের দাবি করছেন চা শিল্পের একটা ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট করেছেন। আমার

মনে হয় যখন বিনয় চৌধুরী ভূমি রাজস্বমন্ত্রী ছিলেন তিনি প্রাণপন বাধা দেওয়ার চেষ্টা করেছিলেন ছোট ছোট কৃষকের জমিকে দখল করে চা বাগানের মালিকরা যাতে সেখানে চা বাগান না করতে পারে তার জন্য। এটা আইন বিরুদ্ধ কাজ। কিন্তু আপনাদের কৃষক সভার নেতারাই সেদিন মালিকদের পিছনে পিছনে। ইসলামপুরে চোপড়া কৃষকদের জমি নিয়ে চা বাগান করে। তাদের কে সাপোর্ট করেছিলেন। চাঁদমনি চা বাগানে কি হয়েছে? শিলিগুড়ির সব চেয়ে বড় নামকরা যার চা বাগান চাঁদমনির সাথে ৯০ কোটি টাকা দামের চা বাগান। আপনাদের কমিশন দাম ঠিক করে দিলেন ৯০ কোটি টাকা। সেটা অ্যাক্সেপটেড হলো না। চা বাগানটা যাকে দেওয়া হয়েছিল। আবার কিছু দিন পরে অফিসাররা তদন্ত করে এটাকে ৫ কোটি টাকা কমিয়ে ৮৫ কোটি টাকা দাম ঠিক করে। অফিসাররা এর বেশি কমাতে পারেন না, আপনারা ডিরেকশন দিলেও না। তারপর দেখা গেল সেই ফাইলও হারিয়ে গেল। ২ বছর পরে এটাকে আবার আপনাদের সেক্রেটারিয়েটে রিকনস্ট্রাকশন করে ৯০ কোটি টাকা থেকে কমিয়ে ১৫ কোটি টাকায় নামিয়ে আনা হলো। এটাও দিতে চাই নি, তার কারণ কাটমানির ১.৫ কোটি টাকা এর মধ্যেই ধরা ছিল। অর্থাৎ শুধু সাড়ে ১৩ কোটি টাকা দিতে হবে ঠিক হলো। আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রীর বন্ধু চ্যাটার্জিকে দেওয়া হলো। আর ওই ১.৫ কোটি টাকা কাকে দেওয়া হয়েছিল সেটাও বলে দেব? এই হচ্ছে আপনাদের নীতি। সেই চা বাগান নিয়ে আপনারা প্রোমোটারকে দিয়ে ছিলেন। আপনারা যদি শিলিগুড়িতে যান তাহলে বাগডোগরা বিমান বন্দর থেকে শিলিগুড়ি সড়কের ডান দিকে দেখবেন বাড়ি তৈরি হচ্ছে। যেখানে ৯০ কোটি টাকা সরকারের আয় হতো, সেখানে সাড়ে ১৩ কোটি টাকায় প্রোমোটারকে দেওয়া হলো। তার মানে ৭৭ কোটি টাকা প্রোমোটারকে ভেট দেওয়া হলো। তাই বলছি চা বাগান নিয়ে গল্প করা আপনাদের সাজে না। সোনালী চা বাগান যেটা গোয়েনকারা ছেড়ে পালিয়ে গেলেন। আপনাদের সিটু নেতৃত্ব এটাকে চালাতে দেয় নি। তার কি অবস্থা? শ্রমিকরা বলেছিলেন এটাকে সমবায়ের মাধ্যমে চালাবেন। কিন্তু সিটু নেতৃত্ব এটাকে চালাতে দেয় নি। এটা ছোট বাগান এবং এর কারখানাও নেই। সেখানে একজন শ্রমিক নেতা যিনি আপনাদের বামফ্রন্টের মন্ত্রী ছিলেন তিনি এটা চলতে দেন নি।

এই তো আপনাদের শ্রমনীতি। আমি জুট সম্বন্ধে আরেকটা কথা বলব। আপনারা বলেছেন, জুট কর্পোরেশন কিছু করছে না। আপনাদের মনে আছে ১৯৭৭ সালে মোরারজী দেশাই-এর মন্ত্রীসভায় জর্জ ফার্নাণ্ডেজ যখন শিল্পমন্ত্রী ছিলেন, তিনি

বলেছিলেন, পশ্চিমবঙ্গে জুট কর্পোরেশনের মাধ্যমে পাট কিনতে হবে। এবং সেই জন্য পশ্চিমবাংলাকে তৈরি হতে হবে। এবং এজন্য বেনফেডের ২০০ গোডাউন নেওয়া হয়েছিল এবং ৪০০ ট্রাক কেনা হয়েছিল এন. সি. ডি. সি.-র লোন নিয়ে কিন্তু কেন পাট কেনা যাচ্ছে না? আপনারা চাননা পাট চাষীদের কাছ থেকে সরাসরি পাট কেনা হোক এবং সেই জন্য আপনাদের দলের ক্যাডারদের জুট কার্ড দেওয়া হয়েছে। এবং এর জন্য জুট কর্পোরেশন পরে জুট কেনা বন্ধ করে দিল। আজকে মহারাষ্ট্রের কটন কর্পোরেশন যদি একচেটিয়া কিনতে পারে, আখের রস থেকে যে সুগার হয়, তারা যদি কো-অপারেটিভ করে কিনতে পারে তাহলে জুট কর্পোরেশনের মতো, অর্থকরী ফসল, যেখানে দু লক্ষের মতো শ্রমিক কাজ করে, তারা কেন করতে পারছে না? আপনাদের ডিপার্টমেন্টের ইমপ্লিমেন্টেশন যদি দেখেন তাহলে দেখবেন ডিপার্টমেন্টে কিছুই কাজ হচ্ছে না।

আমি দু-একটা স্ট্যাটিস্টিক দেব আপনাদের বই থেকে। আমাদের এখানে ইনস্পেকশনগুলো করা হয়, কেস ধরা হয়, সেখানে কেস প্রায় হয়না বললেই চলে। এক লক্ষ চাইল্ড লেবার ইনস্পেকশন করে কেস দেওয়া হয়েছে দুটো। কি বলব, আমি তো বুঝতে পারছি না। বুঝতে পারছি না সত্যি সত্যি কি ভাবে কাজ হচ্ছে।

আমাদের শ্রমিক দরদি সরকার বিড়ি ওয়ার্কারদের সম্বন্ধে নানা কথা বলে থাকেন। বিড়ি শ্রমিকরা দরিদ্রতম শ্রমিক। কিন্তু তাদের ক্ষেত্রে মিনিমাম ওয়েজ ইমপ্লিমেন্ট করতে পারছেন না। মালিকরা দিচ্ছে না, আপনারাও অসহায়ের মতো বসে আছেন। বিড়ি শ্রমিকদের মধ্যে যক্ষ্মা রোগের প্রাদুর্ভাব আছে। কিন্তু মিনিমাম ওয়েজেস ইজ নট লিভন টু এ কেস। ৫৯-টা ক্ষেত্রের মধ্যে ২৫-টা ক্ষেত্রে আইনই করতে পারেননি এবং ইমপ্লিমেন্টের প্রশ্নই আসেনা।

ই. এস. আই. প্রভিডেন্ট ফাণ্ড সম্বন্ধে যত কম বলা যায় ততই ভালো। এখানে দেখতে পাচ্ছি জুট মিলগুলোর ১৪৪ কোটি টাকার প্রভিডেন্ট ফাণ্ড এবং ১০০ কোটি টাকার মতো ই. এস. আই. আপনারা আদায় করতে পারেননি। আর এটা হয়েছে আপনাদের পলিটিক্যাল উইল না থাকার জন্য। এবং সেই একই কারণে জি. পি. সারদাকে যখনই ধরতে যাওয়া হয় সে বেলভিউ নার্সিং হোমে ঢুকে যায়। কি করে সে নোটিশ পেয়ে যায় যে পুলিশ তাকে ধরতে আসছে? নাকি আপনারা তাকে ধরতেই চান না? কি চান আপনারা? আপনারা আজকে নীতি নিয়েছেন ভারত সরকার যাই বলবে তার বিরোধিতা করবেন। ভারত সরকারের

সমস্ত বক্তব্যের বিরোধিতা করাই আজকে আপনাদের নীতি হয়ে দাড়িয়েছে। সুতরাং এই বাজেট প্রস্তাবের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের আনা কাটমোশনের সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের বাজেটকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমরা বক্তব্য শুরু করছি। আমার পূর্ববর্তী বক্তা অনেক শোনা গল্প আমাদের কাছে শোনালেন। তার জন্য তাঁকে ধন্যবাদ। কারণ ইতিমধ্যে আমাদের অভিজ্ঞতার বলে আমরা যখন কারখানায় ধর্মঘট করতাম তখন মালিকদের পাশে দাড়াতেন আপনারা পোষা গুণ্ডাদের নিয়ে। কংগ্রেস তৃণমূল দুজনই এটা করেছেন। কিন্তু এখন তারা ট্যাক্সি বদল করেছেন। মালিকরা যেমন ট্যাক্সি বদল করেছেন ঠিক তেমনি। আগে মালিকদের লক্ষ্য ছিল মোর ইন্ডাস্ট্রিয়ালাইজেশন, মোর প্রফিট। আর, এখন মালিকের লক্ষ্য হচ্ছে সিলেকটেড ইন্ডাস্ট্রিজ করা এবং কম মজুরি দিয়ে কম শ্রমিক রেখে মোর প্রফিট করা। এবং এই কাজে তাদের সমর্থন যোগাচ্ছে তাদের যে কেন্দ্রীয় সরকার তাঁরা। তারা লিবারালাইজেশন, প্রাইভেটাইজেশন এবং গ্লোবালাইজেশন-এর নাম করে সারা বিশ্বের শ্রমিকদের সর্বনাশ করছে। কিন্তু বিশ্বের সমাজতান্ত্রিক কয়েকটা দেশে এই নীতি প্রযোজ্য নয়। আমাদের পশ্চিমবঙ্গেও এই আর্থিক কর্মসূচি, সংস্কারের ধাক্কা এসে গিয়েছে।

[3-10 — 3-20 p.m.]

এঁরা বলেন পশ্চিমবঙ্গে শিল্পে আমরা নাকি অশান্তি সৃষ্টি করেছি। কিন্তু মালিকরা আজকে বল্গাহীনভাবে শ্রমিকদের উপর আক্রমণ চালাচ্ছে। ১৯৯৯ সালে ৩৪টি ধর্মঘট হয়েছে, ২০০০ সালে ২৬টি ধর্মঘট হয়েছে। ১৯৯৯ সালে লক-আউট হয়েছে ১৪৯টি, ২০০০ সালে লক-আউট হয়েছে ২৭০টি। এ থেকে প্রমাণ হয় মালিকদের আক্রমণে কেন্দ্রীয় সরকারের মদতের ফলে শিল্প বিরোধী আইনকে তোয়াক্কা না করে বিভিন্ন জায়গায় সাসপেনশন অব ওয়ার্ক করেছে। শ্রমিকরা আন্দোলন করার যে অধিকার অর্জন করেছিলেন সেই অধিকার কেন্দ্রীয় সরকার কেড়ে নিচ্ছেন এবং মালিকদের পক্ষে বিভিন্ন ধরনের শিল্প বিরোধী আইন এখন আনছেন। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য। পশ্চিমবঙ্গ সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের জনগণকে কিছুটা রিলিফ দেওয়ার চেষ্টা করেছেন। আমরা এখানে সমাজতন্ত্র কায়েম করতে পারছি না। এবছর মালিক শ্রেণীর পক্ষ থেকে শিল্প

শ্রমিকদের উপর যে আক্রমণ হয়েছে সেই আক্রমণের কয়েকটি তথ্য বলছি। এখন পশ্চিমবঙ্গে সংঘটিত শিল্প ক্ষেত্রে ২২.৬৫ ভাগ শ্রমিক কাজ করেন, তার মধ্যে সরকারি ক্ষেত্রে ১৪.৫৪ ভাগ এবং বে-সরকারি ক্ষেত্রে ৮.১১ লক্ষ শ্রমিক কাজ করেন। সুতরাং সরকারি সংস্থাগুলোকে, রাষ্ট্রায়ত্ব সংস্থাগুলোকে কেন্দ্রীয় সরকার বে-সরকারিকরণ করে মালিকদের হাতে তুলে দিচ্ছে যাতে তারা মুনাফা করতে পারে তারজন্য। আমাদের এখানে চটকল মালিকরা প্রায় ১৪৪ কোটি টাকা পি. এফের টাকা তারা আটকে রেখেছে এবং গোটা পশ্চিমবঙ্গে ৩৩৬ কোটি ২৯ লক্ষ টাকা তারা আটকে রেখেছে, ই. এস. আই.-তে ৯১ কোটি টাকার উপর টাকা তারা দিচ্ছেনা। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে পারছেন না। এর কারণ প্রভিডেন্ট ফাণ্ডের ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের অধীন, তাঁরা যদি কিছু না করেন তাহলে পশ্চিমবঙ্গ সরকারের এই টাকা উদ্ধার করার জন্য পুলিশ পাঠাতে পারেন না। তাদের অ্যারেস্ট করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের একটা ভূমিকা রয়েছে। সুতরাং এই পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে, পশ্চিমবঙ্গ সরকার, তারা সংগঠিত শ্রমিক সংস্থার উপর মালিক শ্রেণীর বল্গাহীন আক্রমণ, চটকল, ইঞ্জিনিয়ারিং শিল্পের শ্রমিকদের উপর মালিকপক্ষের আক্রমণ দেখে নীরব দর্শক হয়ে দাঁড়িয়ে থাকতে পারেন না। আমরা শ্রমিক শ্রেণীর পাশে দাঁড়িয়ে যে সমস্ত শিল্পগুলো রুগ্ন হয়ে গেছে তাকে পুনরুদ্ধার করার চেষ্টা করছি, যে সমস্ত কারখানা লক-আউট করেছে সেই সমস্ত কারখানার শ্রমিকদের আমরা মাসে ৫০০ টাকা করে সহায়তা দান করছি। পশ্চিমবঙ্গে সংগঠিত শিল্পের শ্রমিকদের উপর যে আক্রমণ হচ্ছে সেই আক্রমণকে প্রতিহত করার জন্য আমরা সরকারি তরফ থেকে একটার পর একটা চেষ্টা চালাচ্ছি। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যে কর্মসূচি নিয়েছেন তাতে অসংগঠিত শ্রমিক শ্রেণী যেমন—তিনি বিড়ি শ্রমিক হতে পারে, যিনি কাঠের কাজ করেন এরকম শ্রমিক হতে পারেন, সিনেমা শিল্পের কর্মচারী হতে পারেন—এই যে লক্ষ লক্ষ অসংগঠিত শ্রমিক পশ্চিমবঙ্গে রয়েছেন তাঁদের কল্যাণের জন্য চেষ্টা করা হচ্ছে। ভারতবর্ষের আর কোন রাজ্য আছে যেখানে এই সমস্ত অসংগঠিত শ্রমিক শ্রেণীর কথা মনে করে তাঁদের কল্যাণের জন্য চেষ্টা করা হয়? আমরা পশ্চিমবঙ্গ সরকার শিশু শ্রমিক প্রথা লোপ করার জন্য চেষ্টা করছি। আমরা প্রতিটি ব্লকে একজন করে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর নিয়োগ করেছি। কিন্তু সেই মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর যে খুব তৎপরতার সঙ্গে কাজ করছেন সেকথা আমি বলব না। আমি এ কথা বলব না। কিন্তু এটা প্রচেষ্টা, একটা ধারাবাহিকতা বজায় রাখার জন্য

প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় মোট জনসংখ্যার শতকরা ২৬ থেকে ৩০ ভাগ মানুষই হচ্ছে ক্ষেতমজুর, তাদের স্বার্থের ন্যূনতম মজুরি আইন চালু করার প্রচেষ্টা চলছে। সিনেমা হলের শ্রমিকদের জন্য, বিড়ি শ্রমিকদের জন্য মালিকদের বিরুদ্ধে কেস দায়ের করা হয়েছে। বহু ক্ষেত্রে জরিমানা আদায় করা হয়েছে। আমি বিরোধী সদস্যদের বলছি, আপনারা এখানে অনেক লম্বা চওড়া বক্তৃতা করেন, আপনারা কি ভারতবর্ষের আর কোনও রাজ্যে এই জিনিস দেখাতে পারবেন? না, দেখাতে পারবেন না। গোটা ভারতবর্ষের প্রেক্ষাপটে একটা কল্যাণমুখী সরকার হিসাবে আমাদের পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার যে দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন তাতে রাজ্যের পিছিয়ে পড়া মানুষদের ওপরে তুলে আনার ক্ষেত্রে সরকারের একটা ভূমিকা আছে। সরকার সেদিকে নজর দিয়েই অগ্রসর হচ্ছেন। আগামী ২৪শে জুলাই সারা ভারতবর্ষ জুড়ে আন্দোলনের ডাক দেয়া হয়েছে। আগামী ২৫শে জুলাই সারা ভারতবর্ষের সরকারি কর্মচারীরা এক দিনের প্রতীক ধর্মঘট করবে। আগামী আগস্ট মাসে সারা দেশ জুড়ে সর্বস্তরের শ্রমিক কর্মচারিদের এক দিনের ধর্মঘটের ডাক দেয়া হয়েছে। আমরা জানি লড়াই, আন্দোলনের মধ্যে দিয়েই আমাদের অগ্রসর হতে হবে। সম্প্রতি সারা বিশ্বে লিবারালাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবালাইজেশন-এর নাম করে ৩০০ কোটি মানুষকে শোষণ করার জন্য ধনী সম্প্রদায় বদ্ধপরিকর। এই পরিস্থিতিতে আজ আমরা দেখতে পাচ্ছি ব্রেজিলের ধনী সম্প্রদায়ের মানুষরা স্থলপথে যাতায়াত করছেনা। তারা আকাশ পথে যাতায়াত করছে। কারণ দেশের গরিব মানুষদের তারা ভয় পাচ্ছে—গরীব মানুষরা হয়তো তাদের মারবে অথবা টাকা পয়সা কেড়ে নেবে। এই রকম একটা অস্বাভাবিক অবস্থার মধ্যে তারা বসবাস করছে। গোটা বিশ্বের এই পরিস্থিতির মধ্যেও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের গরীব জনগণকে বাঁচিয়ে রাখার চেষ্টা করছে। সে জন্য আমি এই সরকারকে অভিনন্দন জানাচ্ছি এবং এই বাজেটের সমর্থন জানাচ্ছি। ধন্যবাদ।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী মুস্তাক আলম ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, লেবার এবং এমপ্লয়মেন্ট ডিপার্টমেন্টের মন্ত্রীদের আনীত বাজেটের আমি আপনার মাধ্যমে বিরোধীতা করছি এবং ন্যায়-সঙ্গত কারণে বিরোধী পক্ষ থেকে আনা কাটমোশনের সমর্থনে আমার বক্তব্য পেশ করছি। বিরোধীতা করার সপক্ষে প্রথমেই আমি কিছু তথ্য তুলে ধরতে চাই। মন্ত্রিমহোদয়গণ বাজেটের মধ্যে বিস্তারিতভাবে অনেক কিছু লিখেছেন।

তা থেকে মনে হচ্ছে তাঁরা ইতিমধ্যেই অনেক কিছু করেছেন এবং ভবিষ্যতেও অনেক কিছু করবেন। কিন্তু আমাদের কাছে একটা জিনিস পরিস্কার যে, এই বাজেট স্ববিরোধী বাজেট। এতে আরো অনেক কিছু লেখা উচিত ছিল যা ওঁরা লেখেন নি। সারা রাজ্যের ১২ লক্ষ বিড়ি শ্রমিকদের কথা—যাঁদের বেশিরভাগেরই উত্তরবঙ্গে বাস, তাঁদের কথা এখানে বিশেষ কিছুই লেখা হয়নি। তাঁদের কর্মসংস্থানের ব্যাপারে এখানে কোনও নির্দিষ্ট গাইড লাইনের উল্লেখ করা হয়নি। পশ্চিমবাংলায় শিল্প কেন মার খাচ্ছে, কর্মসংস্থান কেন মার খাচ্ছে—মূল কারণ কি, সেসব এখানে উল্লেখ করেন নি। আজকে এখানে পশ্চিমবাংলার কলকারখানাগুলির কথা বলা হচ্ছে, কর্মসংস্থানের কথা বলা হচ্ছে। আমরা জানি বিভিন্ন দপ্তরের মাধ্যমে কর্মসংস্থানের যে সুযোগ আছে সেই সুযোগের ক্ষেত্রে—সেল্ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম, সেসরু প্রোগ্রাম, মাইনোরটি কমিশন লোন প্রভৃতির ক্ষেত্রে ব্যাঙ্কগুলির বেকার যুবকদের যেভাবে সাহায্য করা উচিত সেভাবে তারা সাহায্য করছেন কি করছে না, সে সবের এখানে কোনও উল্লেখ নেই। ব্যাঙ্ক বেকার যুবকদের এখন পর্যন্ত কত টাকা লোন দিয়েছে, কত টাকা তারা ফেরত পেয়েছে, এখনো কত টাকা পাবে, আগামী দিনে আর কত টাকা দেবে, সে-সব কিছুর এখানে উল্লেখ নেই। এখানে যখন আমাদের সহযোগিতা চাওয়া হচ্ছে তখন এসব আমাদের জানানো উচিত ছিল। যা সত্য, তা পরিস্কারভাবে আমাদের বলা উচিত ছিল।

যদি একজন রাজ্যের মুখ্যমন্ত্রীর ছেলে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে লোন শোধ না করে ক্ষমতার অপব্যবহার করে, লোন যদি তামাদি করে দেন তাহলে তার নমুনা স্বরূপ বাংলার বেকার যুবকরাও জানে, মুখ্যমন্ত্রীর ছেলে লোন নিয়ে সেই লোন যদি শোধ না করে, তাহলে এইসব বেকার যুবকরা বলে, আমারাও লোন নিয়েছি, শোধ করব কেন? আগে বাংলার বেকার যুবকদের এই শ্লোগান শেখানো হতো, হাত আছে, কাজ দাও, নইলে গদি ছেড়ে দাও। আজকে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে সব জর্জরিত হয়ে আছে। ফলে ব্যাঙ্ক আজ আর লোন দিতে চাইছে না। পঞ্চায়েত সমিতি এস. সি. অ্যাণ্ড এস. টি, এস. ই. পি. টি. এস. পি. এবং সেসরু প্রভৃতি প্রকল্পের জন্য ব্যাঙ্কের কাছে পারস্যু করছে। কিন্তু ব্যাঙ্ক বলছে, লোন দেব না। সরকার বলছে, আপনারা কিছু করুন, কিন্তু ব্যাঙ্ক বলছে কিছুই করার নেই। শুধু তাই নয়, সরকারি টাকায় এই রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার মাটিতে সারা বিশ্বে রেকর্ড সৃষ্টি করার জন্য, এখানে শিল্প আনবার জন্য বিদেশ গেলেন একবার, দুবার নয়, ২১ বার। আর যাদের শেখানো হয়েছিল শ্লোগান হাত আছে, কাজ

দাও,—হিসট্রি রিপিট ইটসেল্ফ—এখন তাদেরই পাল্টা শ্লোগান শেখানো হয়েছে, মুখ্যমন্ত্রী বাইরে গেছেন, শিল্প হবে, টাকা আনবে, কাজ হবে, চাকরি পাবে। সুতরাং ইউনিয়ন বানাও, কমিশন খাও, পেট চালাও। আপনার বাজেটে কোথাও বলেনি ক'বারের জন্য প্রাক্তন মুখ্যমন্ত্রী সরকারি খরচে বিদেশ গেছেন। তিনি ২১ বার বিদেশ গেছেন, ৪২০ দিন বিদেশে কাটিয়েছেন এবং ৫৪টি স্বাধীন রাষ্ট্রে ঘুরেছেন। তিনি যদি সফলতা লাভ করে থাকেন তাহলে সেই কথা বাজেটে উল্লেখ করা উচিত ছিল আর যদি কুফল হয়ে থাকে সেটাও উল্লেখ করা উচিত ছিল, কিন্তু কোথাও উল্লেখ করা হয়নি। ৬ বার ক্ষমতা দখল করে আপনারা সারা বিশ্বে রেকর্ড সৃষ্টি করেছেন বলছেন। অথচ রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার মানুষকে প্রতারণা করে সরকারি টাকায় বিদেশ যাত্রা করেছেন আর পশ্চিমবাংলার বেকার যুবকরা না খেয়ে মরছেন। বিনিময়ে তাদের শেখানো হয়েছিল একটি শ্লোগান, লাল গামছা ধরে নাও। মাথায় পরে তারা ঘুরছে, বিনিময়ে তাদের কোনও চাকরি হয়নি। সরকারের লেবার ডিপার্টমেন্টের পরিসংখ্যান তুলে ধরলেই পরিষ্কার হয়ে যাবে, ১৯৯৭ সালে কলকারখানা বন্ধ হয়েছিল পশ্চিমবঙ্গে ১৭ হাজার, এরফলে বেকার সৃষ্টি হয়েছে ৯৬ হাজার শ্রমিক আর শ্রম-দিবস নষ্ট হয়েছে ৯০ লক্ষ। শ্রমিক ধর্মঘটে কলকারখানা বন্ধ হয়েছে ২৪টি। ধর্মঘটে শ্রমিকরা অংশ নিয়েছিল ৭ হাজার ৯৩০ জন। শ্রম দিবস নষ্ট হয়েছিল ৬ লক্ষ ১০ হাজার। লক-আউটে বন্ধ কলকারখানার সংখ্যা ১৫০টি। লক-আউটের জন্য শ্রমিকরা বিপাকে পড়েছে ৮৮ হাজার ৪৯০ জন। আর শ্রমদিবস নষ্ট হয়েছে ৮০ লক্ষ ৫০ হাজার। ১৯৯৬ সালে কারখানা বন্ধ হয়েছে ১৬১টি। লক-আউটের জন্য নতুন বেকার সৃষ্টি হয়েছে ১ লক্ষ ২৯ হাজার। শ্রম দিবস নষ্ট হয়েছে ১ কোটি ২০ লক্ষ। ১৯৯৯ সালে পরিসংখ্যান একটু আগে আমাদের একজন মাননীয় সদস্য দিলেন। সুতরাং নতুন করে বলার আর প্রয়োজন মনে করি না। তবে এটা পরিষ্কার, আজকে শিল্পের কি অবস্থা? লেবারের কি অবস্থা আর এমপ্লয়মেন্টের কি অবস্থা? এর উত্তরে আমাদের শুনতে হবে, পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ, মেহনতি মানুষ, ক্ষেত-মজুর তারা নাকি সন্তুষ্ট হয়ে আপনাদের ক্ষমতায় এনেছেন। দয়া করে, একথা আর বলবেন না। তারপরেও একথা আমাদের শুনতে হচ্ছে, সীমিত ক্ষমতা। এই সীমিত ক্ষমতা দিয়ে অন্যান্য রাজ্য কি করে উন্নতি করতে পারে আর পশ্চিমবাংলা পারে না কেন? গুজরাট তার সীমিত ক্ষমতা দিয়ে করছে, অন্ধ্র তার সীমিত ক্ষমতা দিয়ে করছে, উড়িষ্যা তার সীমিত ক্ষমতা দিয়ে করছে, কর্ণাটকও করছে আর পশ্চিমবাংলা করতে

পারছে না কেন? আমি একটা লোকসভার পরিসংখ্যান তুলে ধরছি। ১৯৯৬ সালে গুজরাটে চাকরীর দাবিদার ছিল ৯ লক্ষ ৩১ হাজার আর চাকরী পেয়েছে সেখানে ৪০ হাজার। তামিলনাড়ুতে চাকরীর দাবিদার ছিল ৩৬ লক্ষ ৭ হাজার, আর সেখানে চাকরী পেয়েছে ২১ হাজার ৫০০ জন। মহারাষ্ট্রে চাকরীর দাবিদার ছিল ৩৮ লক্ষ ১৫ হাজার, সেখানে চাকরী পেয়েছে ২১ হাজার ২০০ জন। কর্ণাটকে চাকরীর দাবিদার ছিল ১৮ লক্ষ ৮ হাজার, সেখানে চাকরী হয়েছে ১৭ হাজার ৪০০। অন্ধ্রতে চাকরীর দাবিদার ছিল ২৯ লক্ষ ৩৭ হাজার আর সেখানে চাকরী পেয়েছে ১৩ লক্ষ ৮০০। বিহারে চাকরীর দাবিদার ছিল ৩৪ লক্ষ ৬৫ হাজার। সেখানে চাকরী পেয়েছে ১৩ লক্ষ ৩০০। ওয়েস্ট বেঙ্গল ৭ নম্বরে। ৫৪ লক্ষ ৬৮ হাজার কর্ম প্রার্থীর দাবিদার। সেখানে চাকরী পেয়েছে ৯ হাজার ৬০০। এটা হচ্ছে ১৯৯৬ সালের হিসাব।

'৯৭ সালে গুজরাটে চাকরীর দাবিদার ছিল ৯ লক্ষ ৪২ হাজার, চাকরী হয়েছে ৬৫ হাজার। তামিলানড়ুতে দাবিদার ছিল ৩৮ লক্ষ ৯৬ হাজার, চাকরী হয়েছে ২৯ হাজার তিনশো। কর্ণাটকে দাবিদার ছিল ১৮ লক্ষ ৩১ হাজার, চাকরী হয়েছে ২৬ হাজার ৯শো। মহারাষ্ট্রে দাবিদার ছিল ২৯ লক্ষ ২৩ হাজার চাকরী হয়েছে ২০ হাজার ৪শো। অন্ধ্রে দাবিদার ছিল ৩৩ লক্ষ ৮৭ হাজার, চাকরী হয়েছে ১৮ হাজার। পশ্চিমবঙ্গে দাবিদার ছিল ৫৭ লক্ষ ৯ হাজার, চাকরী হয়েছে ৮ হাজার ৮শো। বিহারে দাবিদার ছিল ৩৩ লক্ষ ৫১ হাজার, চাকরী হয়েছে ৬ হাজার ৯শো। পশ্চিমবঙ্গের অবস্থান ৬নং-এ। এই চিত্র থেকে পরিষ্কার যে মানসিকতা থাকলে কিছু করা যায়। অন্য রাজ্য যদি সীমিত ক্ষমতায় কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারে তাহলে পশ্চিমবঙ্গ করতে পারবে না কেন? কিন্তু আমরা জানি যে পশ্চিমবঙ্গ কোনওদিনই করতে পারবে না কারণ করার মানসিকতাটাই এই সরকারের নেই। অন্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গ তুলনাতেই আসে না। এর আগে আপনারা শ্লোগান শিখিয়েছিলেন যে 'হাত আছে কাজ দাও, নইলে গদি ছেড়ে দাও'। ক্ষমতায় আসার জন্য এই শ্লোগান শিখিয়েছিলেন আর ক্ষমতা পেয়ে এখন বলছেন ইউনিয়ান বানাও, কমিশন খাও, পেট ভরাও। আমরা দেখছি, শ্রমিকরা যখন নিজেরা ইউনিয়ান করতে চাইছে কোনও কোনও ক্ষেত্রে তখন তাদের উপর পুলিশ গুলি চালাচ্ছে, তাদের উপর অত্যাচার চালানো হচ্ছে। বাজেট বক্তৃতাতে বলা হয়েছে যে দ্বিপাক্ষিক, ত্রিপাক্ষিক বৈঠকের মাধ্যমে অনেকগুলি সমস্যার সুরাহা করা হয়েছে কিন্তু তার নিট ফল কি? তার নিট ফল হচ্ছে শ্রমিকরা মালিকদের কাছ থেকে কিছুই পাই নি।

পেয়েছে কারা? মালিকদের কাছে থেকে পেয়েছে এই যারা ক্ষমতায় আছেন তারা। তারা মোটা অংকের টাকা মালিকদের কাছে থেকে পেয়েছেন। পশ্চিমবঙ্গের মাটিতে আজকে শ্রমিকরা এই অবস্থায় এসে দাঁড়িয়েছেন। তারপর বাইরে থেকে যারা শিল্প করতে আসতে চাইছে তাদের সঙ্গে শুনছি অনেকগুলি চুক্তি হয়েছে কিন্তু দেখা যাচ্ছে সেগুলি বাস্তবায়িত হচ্ছে না। ৯৪ সালে ১২টি কোম্পানি সঙ্গে চুক্তি করা হয় এবং সেখানে অনেক কোটি টাকার ডিল হবার কথা হয় কিন্তু সেগুলি বাস্তবায়িত হল না। না হবার কারণ হচ্ছে কোনও নেতা টাকা পেলেন কি পেলেন না, কোথাও ল্যান্ডের প্রবলেম, কোথাও লোকেশনের প্রবলেম, কোথাও ইলেকট্রিসিটির প্রবলেম এইসব করে করে সেগুলি আর হল না। আজকে এই জিনিস পশ্চিমবঙ্গের মাটিতে চলছে। স্যার, আমাদের এই পশ্চিমবঙ্গে আজকে এমনই একটা বাতাবরণ সৃষ্টি হয়েছে যে এখানে কত লক্ষ শ্রমিক কারখানা বন্ধের জন্য ক্ষতিগ্রস্ত হয়েছেন তার সঠিক হিসাব নেই। এখানে শ্রমিকরা কত ইউনিয়ান গড়ে তুলেছে তার হিসাবও নেই, হদিশও নেই। এখানে শ্রমিকরা না খেয়ে মারা যাচ্ছেন কিন্তু তারজন্য সরকারের কোনও চিন্তাভাবনাও নেই। '৮৩ থেকে '৯৪ সাল পর্যন্ত ১১ বছরে মোট যত কলকারখানা এখানে বন্ধ হয়েছে এবং তারজন্য যত শ্রমিক এখানে অনাহারে মার গিয়েছেন তার সংখ্যা হচ্ছে ৯৮২ জন। অনেক শ্রমিক খিদের জ্বালা সহ্য করতে না পেরে আত্মহত্যা পর্যন্ত করেছেন। মাত্র ২৮টি শিল্প সংস্থায় আত্মহত্যা করেছেন ৪১ জন। ৩২টি কারখানাতে অনাহারে মৃত্যু বরন করেছেন ১৬০ জন শ্রমিক। ২২টি বন্ধ কারখানায় অনাহারে মৃত্যু বরণ করেছেন ৭৫ জন শ্রমিক। শুধু মেটাল বক্সেই অনাহারে মৃত্যু হয়েছে ১২০ জন শ্রমিকের। হিন্দুস্থান পিলকনে অনাহারে মারা গিয়েছেন ১৬১ জন এবং আত্মহত্যা করেছেন ১২ জন। এর পরও আপনাদের কাছ থেকে যদি শুনতে হয় শ্রমিকরা সন্তুষ্ট হয়ে আপনাদের ফের ক্ষমতায় এনেছেন তাহলে তার থেকে লজ্জার আর কিছু নেই। এরপর আমি মালদহ জেলার একটি ঘটনার কথা বলছি। এবং এ বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানি না তিনি ঘটনাটি জানেন কিনা? গত ৬ তারিখে মালদহ জেলাতে ৪ হাজার ৫০ জন শ্রমিক যারা মালদহে গুডস ট্রেন থেকে মাল লোডিং, আনলোডিং করে '৯৭/৯৮ সাল থেকে ২০০০ সালের মার্চ পর্য্যন্ত মার্চেন্ট অব কমার্সের সাথে ডি. এমের হস্তক্ষেপে তাদের রেটের ব্যাপারে একটা এগ্রিমেন্ট হয়। সেই এগ্রিমেন্ট ফলো আপ হয় '৯৭ সালের মার্চ থেকে ২০০০ সালের মার্চ পর্যন্ত—সেটা কনটিনিউ হয়ে এসেছে। কিন্তু মার্চ মাসের পর থেকে সেটা আর হচ্ছে না। সেখানে মালিকরা

ডি. এম. কে হাত করেছে, এস. পি. কে হাত করেছে, কিছু নেতাকে হাত করেছে। সেখানে নতুন এগ্রিমেন্টের জন্য শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে বারবার ডি. এমের কাছে ডেপুটেশন দেওয়া হলেও তা বাস্তবায়িত হচ্ছে না, তারা সেখানে বসতে চাইছে না। মালদহ টাউন ক্লাবে যে কোনওদিন রাত্রিবেলাতে গেলেই দেখা যাবে আমলা, নেতা এবং মার্চেন্ট অ্যাশোসিয়েশনের লোকরা বসে আছেন। সেখানে এক/দুই নয়, ৫ কোটি টাকার ডিল হয়েছে। সেখানে আমরা দেখলাম তার বিনিময়ে শুক্রবার যখন শ্রমিকরা আন্দোলন করছিল তখন মালদহ-এর অ্যাডিশনাল এস. পি'র নেতৃত্বে পুলিশ রাজমহল রোডে যেখানে শ্রমিকরা ধর্নায় বলেছিল তাদের উপর অত্যাচার চালিয়েছে। শুক্রবার দিন ঐ শ্রমিকরা যখন আন্দোলন করছিলেন তখন মালদার অ্যাডিশনাল এস. পি. ঐ শ্রমিকদের ইংলিশবাজার থানায় ধরে নিয়ে এসে তাদের উপর পাশবিক অত্যাচার চালিয়েছেন, বুট দিয়ে লাথি মেরেছেন এবং তার ফলে অনেককে হাসপাতালে পাঠাতে হয়েছে। তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা করে ৮২ জন শ্রমিকে হাজতে আটকে রাখা হয়েছে। তারজন্য আমি ঐ ঘটনার তদন্ত দাবি করছি এবং তারই জন্য শ্রম বাজেটের বিরোধিতা করে, আমাদের কাটমোশনকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী বাদল বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রীরা শ্রম ও কর্ম বিনিয়েগের উপর যে বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদলের কাটমোশনের বিরোধিতা করে এখানে দু'একটি কথা নিবেদন করতে চাই। এখানে অনেক বিরোধী বন্ধু এমন সব কথা বললেন যা শ্রম এবং কর্ম বিনিয়োগের সঙ্গে যুক্ত নয়, অর্থাৎ ধান ভানতে শিবের গীত গেয়ে গেলেন। মাননীয় সদস্য দীপকবাবু বলেছেন, আমরা নাকি সব সময় বিরোধী দলের বিরোধিতা করি, উদার নীতির বিরোধিতা করি। আমরা বলতে চাই, পশ্চিমবঙ্গের বামপন্থীরা কেন্দ্রীয় সরকারের অন্ধ বিরোধিতা করেন। স্বাধীনতার পর ভারতবর্ষ নিজের পায়ে দাঁড়াবার নীতি নিয়ে যখন রাষ্ট্রয়াত্ব শিল্প গড়ে তুলবার দিকে গেছে, তখন আমরা তাকে সমর্থন করেছি। নিজের পায়ে দাঁড়াবার স্বার্থে আমরা রাষ্ট্রায়ত্ব উদ্যোগকে সমর্থন করেছি। পরবর্তীকালে ব্যাঙ্ক, বীমা, কয়লাখনির জাতীয়করণকে আমরা সমর্থন করেছি। কখনো একথা বলিনি, স্বাধীনতার পর ভারতবর্ষে কিছু হয়নি। আমরা বলেছি, যেই নীতিতে বঞ্চিত কর্মী, সেই নীতির বিরোধিতা করেছি, স্বাধীনতার পর ভারতবর্ষের

কোটি কোটি মানুষ মেহনত করে যে সম্পদ সৃষ্টি করেছেন সেই সম্পদ থেকে তাদের বঞ্চিত করে ১৮ কোটি টাকার বিড়লাকে ১০ হাজার কোটি টাকার বিড়লায় পরিণত করার বিরুদ্ধে, ২২ কোটি টাকার টাটাকে ১০ হাজার কোটি টাকার টাটায় পরিণত করার বিরুদ্ধে কোটি কোটি মানুষের সর্বনাশ করার নীতির বিরুদ্ধে শিল্পের সঙ্গে শ্রমিকদের সম্পর্ক অঙ্গাঙ্গী ভাবে জড়িত। শিল্প না থাকলে শ্রমিক বাঁচতে পারে না। কেন্দ্রীয় সরকার আজকে নিজের পায়ে দাঁড়াবার অর্থনীতিকে ভেঙে দিয়ে সর্বনাশের পথে গিয়ে বিশ্বব্যাঙ্কের নির্দেশিত পথে ভারতবর্ষের শিল্পকে ধ্বংস করে দিয়ে যে রাষ্ট্রায়ত্ব উদ্যোগ, যার উপর দাঁড়িয়ে ভারতবর্ষে শিল্প, কৃষি, সমস্ত কিছুতে উন্নতি হচ্ছে, আজকে সেই রাষ্ট্রায়ত্ব উদ্যোগকে সম্পূর্ণ তুলে দেবার উদ্যোগ নেওয়া হয়েছে বিশ্বব্যাঙ্কের নির্দেশে। আপনারা জানেন, প্রতিটি দেশে নিজস্ব শিল্পকে রক্ষা করবার জন্য, মানুষের রুটি-রুজি রক্ষা করবার জন্য বিদেশি পণ্যর উপর কতগুলো বিধিনিষেধ থাকে। যে জিনিস আমাদের দেশে যথেষ্ট পরিমাণে আছে সেটা যাতে বাইরে থেকে আসতে না পারে সে ক্ষেত্রে আইনগত বিধিনিষেধ আমাদের দেশে ছিল, ট্যারিফ সিস্টেম ছিল। আমাদের দেশে শ্রমিকদের রুটি-রুজি বাঁচাবার জন্য বিদেশি পণ্যের উপর কাস্টম ডিউটি বেশি পরিমাণে বসিয়ে দেওয়া হ'ত যাতে ভারতীয় পণ্য বাজারে বিক্রি হতে পারে, যাতে দেশের শ্রমিকদের রুটি-রুজি বজায় থাকে।

আর্থিক সংস্কারের নামে যে সর্বনাশা নীতি চলছে, আজকের এই জিনিস ১৯৯১ সাল থেকে শুরু হয়েছিল। তখন মূল, তৃণমূল একই ছিল। তখন শুরু হয়েছিল যে এইসব বিনিনিষেধ বিদেশি পণ্যের ওপর থেকে তুলে দেওয়া হবে। ট্যারিফ সিস্টেম বদলে দিয়ে বিদেশি জিনিস অবাধে ঢুকতে দেওয়া হবে। বিদেশি জিনিসের ওপর কাস্টমস ডিউটি কমিয়ে দেওয়া হলো, অনেক ক্ষেত্রে তুলে দেওয়া হলো। আজ আমাদের দেশে যে মাল তৈরি হবে তার দাম যাতে বেড়ে যায় তারজন্য একসাইজ ডিউটি বাড়িয়ে দেওয়া হবে। কাঁচামাল, বিদ্যুৎ সহ বিভিন্ন জিনিসের দাম বাড়িয়ে দিয়ে দেশি জিনিসের দাম বাড়িয়ে দিয়ে বিদেশি মাল সস্তা করে দেওয়া হবে যাতে বিদেশি জিনিস আমাদের দেশে সস্তায় বিক্রি হতে পারে। এই নীতি ১৯৯১ সাল থেকে শুরু হয়েছিল। আজকে যাঁরা কেন্দ্রে আছেন, তাঁরা সেটা আরও তীব্রতর ভাবে চালিয়ে যাচ্ছেন। আপনারা জানেন, আজকে আমাদের রাজ্যে কর্মে নিযুক্ত কর্মীর সংখ্যা ২২.৬৫ লক্ষ। এই কর্মে নিযুক্ত মানুষের মধ্যে ১৪.৫৪ লক্ষ সরকারি ক্ষেত্রে নিযুক্ত। অর্থাৎ পশ্চিমবাংলায় বেশিরভাগ মানুষ সরকারি

ক্ষেত্রে নিযুক্ত। কেন্দ্রীয় সরকার প্রথমে বলেছে, যে শিল্পগুলো লোকসানে চলছে সেগুলো বন্ধ করে দেবে। এখন আবার বলছে, কোনও কিছুই রাখব না—লাভ হোক আর লোকসানই হোক, সব রাষ্ট্রায়ত্ব উদ্যোগ তুলে দেওয়া হবে। মাননীয় সদস্যরা শুনেছেন বাঙ্কোর কথা, এয়ার ইন্ডিয়ার কথা। আমাদের পশ্চিমবাংলায় পাঁচটি রাষ্ট্রায়ত্ব ক্ষেত্র বন্ধ করে কয়েক হাজার মানুষকে কাজ থেকে ছাড়িয়ে দেবার ব্যবস্থা করছে। বিরোধী দলের বন্ধুরা এর বিরুদ্ধে প্রতিবাদ না করে শুধু পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে একই ভাঙা রেকর্ড বাজিয়ে যাচ্ছেন। মাননীয় সদস্যদের কাছে বলতে চাই, আজকে পশ্চিমবাংলায় শিল্পের এই যে দুর্দশা, এরজন্য দায়ী কারা? এরজন্য কেন্দ্রীয় সরকারের নীতিই দায়ী। আজকে বিদেশিদের সামনে দেশের দরজা খুলে দেওয়া হয়েছে যাতে সস্তায় জিনিস ঢুকতে পারে। আজকে বিদেশ থেকে উন্নতমানের প্রযুক্তি এসে গেছে। তার সঙ্গে ম্যানুয়াল টাইপরাইটার কি করে চলবে? তারজন্য তো রেমিংটন বন্ধ হয়ে গেল। আপনারা তারজন্য দায়ী। আপনাদের ইউনিয়ন এই কারখানাকে বন্ধের পথে নিয়ে যায়। আমাদের বারবার বিরোধিতা সত্ত্বেও সি. আই. টি. ইউ কে বাদ দিয়ে আই. এন. টি. ইউ. সি. এবং আপনাদের আর একটা সুবিধাবাদী ইউনিয়ন মালিকদের সঙ্গে চুক্তি করে এই কারখানাকে ধ্বংসের দিকে নিয়ে গিয়েছে। জি. কে. ডব্লু-র স্টিল ডিভিসন বন্ধ হলো কেন? বিদেশ থেকে যে ইস্পাত আমদানির নীতি, তারফলেই হয়েছে। আমদানিকৃত ইস্পাতের সঙ্গে তারা পাল্লা দিতে পারলো না। এরজন্য স্টিল ডিভিশন বন্ধ হয়ে গেল। ৯০০-ব মতো শ্রমিক কেন্দ্রের ইস্পাত আমদানি নীতির ফলে বেকার হয়ে গেল। জি. কে. ডব্লু. খোলার জন্য বামফ্রন্ট সরকার তিন কোটি টাকা জি. কে. ডব্লু-র ম্যানেজমেন্টকে ধার দিয়ে যাতে কারখানা চালু করে এই ৯০০ লোকের রুটি-রুজির ব্যবস্থা করা যায়—এই পথে এই সরকার এখন অগ্রসর হচ্ছে। আইনগত বাধা থাকার ফলে কিছু দেরি হয়েছে। এই সময় তৃণমূল ইউনিয়ন, এখানে যাঁরা বসে আছেন, সেই তৃণমূল বন্ধুরা—তাঁদের ইউনিয়নের লোকেরা—কারখানার ভেতরে ঢুকে ভাঙচুর করলো, অফিসারদের মারধোর করলো। ফলে কি হলো, আরও যে ইউনিটগুলো চালু ছিল সেগুলো বন্ধ হয়ে গেল। এরফলে গত নভেম্বর মাসের ১৩ তারিখ থেকে আরও ১৩০০-১৪০০ লোকের রুটি-রুজি বন্ধ হয়ে গেল। আপনারা আবার গলা বাজিয়ে কথা বলেন।

(গোলমাল)

ফোরসোর রোডে টারটপ যে গার্মেন্টস্ কারখানা আছে, যেখানে ১৭৫ জন শ্রমিক কাজ করতেন। আপনাদের ইউনিয়ন সেই কারখানা বন্ধ করে দিয়ে হাওড়ায় ১৭৫ জন শ্রমিককে রাস্তায় নামিয়ে দিয়েছে।

গত পরশু দিন হাওড়া জুটমিলে সি আই টি ইউ-এর বিরুদ্ধে অনেক কথা বলেছেন। আসল কথা হচ্ছে, তৃনমূলকে মানুষ গ্রহণ করছে না। মানুষের কাছে তারা জায়গা করে নেবার জন্য নানা কথা বলে। জুটমিলের মালিকদের আপনারাই উৎসাহ দিচ্ছেন। আপনাদের সমর্থনে আজকে কেন্দ্র শ্রম আইন বদল করছে। স্বাধীনতার আগে ইংরেজ আমলে এবং স্বাধীনতার পরে অনেক লড়াই করে শ্রমিকদের জন্য যে আইন তৈরি হয়েছিল, আজকে সেই আইনকে বদলে দেওয়া হচ্ছে, যাতে ইচ্ছামত কলকারখানাকে তার লক-আউট করতে পারে, লে-অফ করতে পারে, শ্রমিকদের ছাঁটাই করতে পারে, আইন পরিবর্তনের মধ্যে দিয়ে সেই চেষ্টা করছে। চটকলের মালিক শ্রমিকদের বিরুদ্ধে নানাভাবে বঞ্চনা করছে। এরফলে শ্রমিকদের মধ্যে নানা অসন্তোষের সৃষ্টি হচ্ছে। এই সুযোগ নিয়ে শ্রমিকদের বিপথে নিয়ে যাবার চেষ্টা করছেন। পরশুদিন হাওড়া জুটমিলের যে ঘটনা ঘটেছে, তার আগেরদিন যেদিন মিল ছুটি, সেদিন টি. এম. সি., বি. জে. পি.-র লোকেরা মিটিং ডেকেছিলেন— ছ'টার সময়ে মিটিং ডেকেছিলেন। সেখানে কোরান হাতে নিয়ে মুসলমান শ্রমিকদের আর হিন্দু শ্রমিকদের একটা গরুকে ছুঁইয়ে প্রতিজ্ঞা করিয়েছিলেন। ওখানে যে সমস্ত মুসলমান শ্রমিক ছিলেন তাদের বলেছিলেন, কোরানে হাত দিয়ে বল, মিলেতে কোনও ইউনিয়ন থাকবে না, কোনও লিডার থাকবে না। শ্রমিকরা সবকিছু তারাই করবে।

(গোলমাল)

[3-40 — 3-50 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনাদের ওঁর কথা ভাল নাও লাগতে পারে। আবার আপনাদের কথা ওঁদের ভাল লাগতে নাও পারে। আপনাদের বক্তা আছেন, পরে রিপ্লাই দেবেন। আবার আপনারা বলবেন, পরে ওঁরা রিপ্লাই দেবেন। এইভাবে ইন্টারাপ্ট করবেন না।

**শ্রী বাদল বসু ঃ** ববিন ডিপার্টমেন্টে যে ১৫৪ জন ববিন কুলি আছে, তাদেরকে আপনারা খেপিয়ে দিলেন। তিনটে শিফটের কুলিরা সবাই একসঙ্গে—যেটা কখনও

হয় না—'এ' শিফটে চলে এলো। ম্যানেজমেন্টের সঙ্গে ওদের কি বোঝাপড়া ছিল জানি না। শ্রমিকরা এসে ম্যানেজমেন্টের লোকদের মারধোর করতে শুরু করলো, ভাঙচুর করলো। আজকে যে ভাবে শ্রমিকদের ওপরে ওয়ার্ক-লোড চাপিয়ে দেওয়া হচ্ছে—ম্যানিং ৩৯ থেকে নামিয়ে ৩১শে করে দেবার চেষ্টা করছে। সেখানে আমরা যে ক'টা রেকগনাইজড্ ইউনিয়ন আছি, তারমধ্যে আই-এন-টি-ইউ-সি. ও আছে। আমরা সিআইটিইউ. অন্য দুই ইউনিয়নকে সঙ্গে নিয়ে প্রতিরোধ করবার চেষ্টা করছি। সেইসব শ্রমিক যারা মারধোর করেছে এবং ভাঙচুর করেছে, তাদের দিয়ে চার হাজার লোকদের টিএমসি এবং বিজেপি জোট রাস্তায় দাঁড় করিয়ে দিয়েছে। আনন্দের কথা, বেশিরভাগ শ্রমিক এতে সামিল হয়নি। এরা চেয়েছিলেন আর একটা বাঁশবেড়িয়ার ঘটনা ঘটুক। শ্রমিকরা এমন অবস্থায় চলে যাক যাতে অ্যাডমিনিস্ট্রেশন বাধ্য হয় টিয়ারগ্যাস ছুঁড়তে, লাঠি চালাতে। সেই ঘটনা ঘটিয়ে রাজনৈতিক ফায়দা তুলতে চেয়েছিলেন আপনারা। কিন্তু সৌভাগ্যের কথা, এদের সেই চক্রান্তে শ্রমিকরা সামিল হয়নি। তারজন্য বাঁশবেড়িয়া বা বরানগরের ঘটনা ঘটানো সম্ভব হয়নি। ১৪ বছরে যে মিলে বন্ধের ঘটনা কখনও ঘটেনি, সেটা আজকে বন্ধ হয়েছে। আজকে এরা এখানে বড় বড় কথা বলছেন, বলছেন গোটা হাওড়াকে জ্বালিয়ে দিয়েছি। কারা হাওড়াকে জ্বালিয়ে দিয়েছে তা মানুষ জানে। বার্ন, ব্রেথওয়েট, চিত্তরঞ্জন ইঞ্জিন তৈরির কারখানা, দুর্গাপুর স্টিল কারখানা—এগুলো সব কেন্দ্রের কোম্পানি। এখানে বিরোধী পক্ষের কয়েকজন দুর্গাপুরকে বাঁচাবার কথা বলছিলেন। কি করে বাঁচাবেন? আপনারা যাদের কাছে বাঁচাবার জন্য যাবেন, তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন সব রাষ্ট্রায়ত্ব উদ্যোগ তুলে দেবেন। যাইহোক, এইসব জায়গায় উৎপাদন কমিয়ে দেওয়া হয়েছে। কোনও অর্ডার দেওয়া হচ্ছে না। শ্রমিক কর্মচারীরা আজকে চাকুরির নিরাপত্তার অভাব বোধ করছেন।

আপনারা জানেন যে, একটার পর একটা বড় শিল্পকে কেন্দ্র করে অসংখ্য ছোট ছোট ইউনিট গড়ে উঠে। হাজার হাজার মানুষ সেখানে চাকরি পায়। কিন্তু আজকে বার্নের ওয়াগান অর্ডারের অভাবে হাওড়াতে অসংখ্য ছোট কারখানাগুলোতে আজকে অর্ডার নেই। আজকে বার্নের ওয়ার্কাররা হয়ত কেন্দ্রীয় সরকারের কাছে সাময়িকভাবে বেতন পাবেন। কিন্তু এই বার্নের অর্ডার না করার ফলে ওই যে সমস্ত ছোটছোট কোম্পানি, যাদের অর্ডার বন্ধ হয়ে গেল, সেগুলো তো আজকে বন্ধ হচ্ছে এবং হাজার হাজার মানুষ আজকে কর্মচ্যুত হলেন। এরজন্য দায়ী কে—পশ্চিমবঙ্গের বামফ্রন্টের গভর্নমেন্ট, না ওই কেন্দ্রীয় সরকার—যাদের সঙ্গে আপনাদের

দহরম-মহরম চলছে। মাননীয় সদস্যগণ এইভাবে আজকে চিত্তরঞ্জনকে ভিত্তি করে অসংখ্য শিল্প গড়ে উঠল, সেগুলো আজকে বন্ধের দিকে গেছে। দুর্গাপুরকে ভিত্তি করে যে অসংখ্য ইউনিট গড়ে উঠল সেগুলো আজকে বন্ধ হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে। আজকে কেন্দ্রীয় সরকার শুধু পশ্চিমবঙ্গকে নয়, গোটা ভারতবর্ষকে ওই শিল্পমুক্ত করে দিতে চাইছে। ভারতবর্ষে আর কোনও শিল্প থাকবে না। কেবলমাত্র ওই পরিষেবা আর পরিকাঠামোর ক্ষেত্র ছাড়া। কারণ পরিষেবা তো আমেরিকা বা ইংল্যান্ড থেকে ভারতবর্ষকে দেওয়া সম্ভব নয়। কাজেই পরিষেবার আর পরিকাঠামোর ক্ষেত্রে ওই সাম্রাজ্যবাদীরা এখানে করবে আর বাকী সমস্ত জায়গাতে ওই মাল্টি ন্যাশানাল দৈত্যদের সামনে আজকে ভারতবর্ষের শিল্পকে অসম প্রতিযোগিতার দিকে ঠেলা হচ্ছে এইভাবে গোটা ভারতবর্ষের শিল্পকে ওরা তুলে দিতে চাইছে। ভারতবর্ষকে ওই নীতির থেকে বাদ হয়ে কতখানি তা আটকাতে পারবে। একটা রাজ্য সরকারের ক্ষমতা কতটুকু সেটা তো বুঝতে হবে। ওরা বুঝেও এই সমস্ত কথা বললেন শুধুমাত্র রাজনৈতিক ফায়দা তোলবার জন্য। পশ্চিমবঙ্গের শ্রমিকদের জন্য নাকি ওদের অনেক দরদ। আপনারা জানেন আমরা বামপন্থীরা বারে বারে দাবি করেছি ওই যখন মূল আর তৃনমূল একসঙ্গে ছিল, তখন তো ওরা কেন্দ্রীয় সরকারের মিনিস্ট্রিতে থাকার সুবাদে অনেক ওঁরা এনেছেন। কিন্তু আমরা বারেবারে চিৎকার করে বলেছি ছাঁটাই, লে অফ, লক আউটকে আপনারা বেআইনি করুন। ছাঁটাই, লে অফ, লক আউটকে বেআইনি করবার একটা আইন যদি আগে করতেন আজকে তাহলে এইকথা বলবার সুযোগ পশ্চিমবঙ্গের কারুর থাকত না। কারণ যেভাবে মালিকরা আজকে কেন্দ্রীয় সরকারের মদতে কলকারখানাগুলো বন্ধ করছে, তা তাদের বন্ধ হয়ে যেত। কিন্তু ওঁরা একে রোধ করেন নি। কেন্দ্রীয় অর্থমন্ত্রী গতবারের বাজেট উপস্থাপিত করতে গিয়ে ওই শ্রম আইন পরিবর্তনের কথা বলেছিলেন। তখন আপনারা তালি বাজিয়ে সমর্থন জানিয়েছিলেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্টের গভর্নমেন্ট আমাদের এই ট্রেড ইউনিয়ন আন্দোলনের উপরে কোনও হস্তক্ষেপ করেন নি। তাদের আমরা বারেবারে সুযোগ করে দিয়েছি। কিন্তু ওঁরা কি করেছেন—ওঁরা আজকে ভারতবর্ষের বিভিন্ন জায়গাতে শ্রমিক ধর্মঘটকে বেআইনি করবার জন্য এসমা প্রয়োগ করেছেন। আমরা কি সে সব ভুলে গেছি। আমার সময় ফুরিয়ে গেছে, এইকথা বলে মাননীয় মন্ত্রীদের বাজেটকে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী কালিপদ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীত্রয়গণ ৩৯নং দাবির উপরে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমাদের কাটমোশনকে সমর্থন করে বক্তব্য রাখছি। আমার পূর্ববর্তী বক্তা বক্তব্য রাখলেন। তিনি ভুলে গেছেন যে, আজকের বিতর্কের বিষয় ছিল শ্রম ও কর্মসংস্থানের। মাননীয় সদস্য শিল্প নিয়ে সমানে বললেন, বাহবাও নিলেন। যাত্রাস্থলে চারিদিকে খোলা মঞ্চে নাচলে বাহবা পাওয়া যায়, গাইলে হাত তালি পাওয়া যায়, ভাল অভিনয় করলে তারিফ পাওয়া যায়। কিন্তু বিধানসভা মঞ্চে এইরকম অসত্য ভাষণ দিলে যে বাহবা পাওয়া যায় এটা আমার ধারণা ছিল না। তাই আমি বলতে চাই মন্ত্রীত্রয়গণ তাঁদের মুখবন্ধে যে শব্দ উচ্চারণ—যথা উদারনীতি, বেসরকারিকরণ নীতি, খোলাবাজারি অর্থনীতি, এমন কি সাম্প্রদায়িক অসম্প্রীতির কথাও বলেছেন কিন্তু ততটা গুরুত্ব সহকারে বিবেচিত হয়নি। পশ্চিবাংলায় একটার পর একটা শিল্পে যেভাবে লক আউট, ক্লোজার এবং সাসপেনসান হয়ে যাচ্ছে বস্ত্রশিল্প এককালে পশ্চিমবাংলার গর্ব ছিল, বহু ঐতিহ্যমন্ডিত শিল্প ছিল, কিন্তু আমরা দেখলাম একটার পর একটা বস্ত্র শিল্প ক্লোজার হয়ে যাচ্ছে, বন্ধ হয়ে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি আমার শ্যামপুর বিধানসভা কেন্দ্রে একটা শিল্পের কথা উল্লেখ করেছেন অনন্তপুর টেক্সটাইলস মিল সম্বন্ধে, এই ব্যাপারে আলাপ আলোচনা চলছে, কিন্তু আমি জানি মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট আত্মীয় কর্ণধার আজকে ১৫শত শ্রমিক সেখানে অনাহারে অর্দ্ধাহারে মৃত্যুর সঙ্গে পাঞ্জা কষছেন, ২জন আত্মঘাতী হয়েছে এবং বহুদিনের শিল্প সেটা বন্ধ হয়ে যাচ্ছে। শ্রমিক স্বার্থ বিবেচনা করে সরকার যদি উৎকণ্ঠিতভাবে সহযোগিতার সঙ্গে সহানুভূতির সঙ্গে এই লক আউট সম্বন্ধে ধর্মঘট সম্বন্ধে বিচার বিবেচনা করতেন তাহলে পশ্চিমবঙ্গের শিল্পের এই হাল হোত না। আপনারা জানেন আমরা দেখেছি, যেভাবে লক আউট এবং ধর্মঘট হয়েছে '৯৯ সালে ৩৪টি ধর্মঘট, ৩ লক্ষ ৩০ হাজার শ্রম দিবস নষ্ট হয়েছে। শ্রমিকরা বঞ্চিত হয়েছে। ২ হাজার সালে ২৬টি ধর্মঘট হয়েছে, ১৭ হাজার ১২০ শ্রমদিবস নষ্ট হয়েছে। '৯৯ সালে ২৪৯টি লক আউট হয়েছে, ১ লক্ষ ২৯ হাজার শ্রমদিবস নষ্ট হয়েছে। ২ হাজার সালে ২৭০টি ধর্মঘট তাতে ১ লক্ষ ৫০ হাজার শ্রম দিবস নষ্ট হয়েছে। শ্রমিক মানুষের স্বার্থে এই সরকারের ঔদাসীন্য নীতির ফলে আজকে শ্রমিকরা বঞ্চিত হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়, মজুরি নীতির কথা বলেছেন, আপনারা জানেন কি '৯৮-'৯৯ সালে নূন্যতম মজুরি ছিল ৪৯.৯৬

টাকা। '৯৯-২০০০ সালে ৫৪.৮৬ টাকা। ২০০০-০১ সালে সেটা হয়েছে ৬০.৯৯ টাকা। এখানে অনেক মাননীয় সদস্য আছেন যারা পঞ্চায়েতের সঙ্গে যুক্ত আছেন, আপনারা জানেন, আমি '৯৯ সালের কথা বলি, ১০০ সি.এফ.টি মাটি কাটলে ৫৪.৮৬ টাকা অর্থাৎ ৫৫ টাকা পেত। কিন্তু ২০০০ সালে একটা সার্কুলার দেওয়া হয়েছে ১২০ সি.এফ.টি. মাটি কাটতে হবে। ২০০০ সালে মজুরি কত হল ৬০ টাকা ৯৯ পয়সা। ১২০ সি.এফ.টি. মাটি কাটলে হিসাব মতো কত পেতেন ৬৬ টাকা, এখন পাচ্ছেন ৬১ টাকা। তাহলে কি মজুরি বাড়ল না কমলো? ৬ টাকা কমলো। পিছন দিক থেকে শ্রমিকদের ছুরি মারা হলো। এই হচ্ছে শ্রমিক দরদি বন্ধু সরকার। পশ্চিমবাংলার সরকার বলেছেন, শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি চালু করবেন। শ্রমিকদের ২০ টাকা করে দিতে হবে, সরকার ২০ টাকা দেবে। সেই উত্তরটা কোথায়? উদ্ধৃতিটা খালি লিপিবদ্ধ হয়েছে। কর্মসংস্থানের কথা আপনারা বলেছেন, কর্মসংস্থানের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, '৯৭ সালে রেজিস্ট্রিকৃত ছিল ৫৭ লক্ষ ৫৭ হাজার, '৯৮ সালে ৫৬ লক্ষ ৬৮ হাজার ৮ শত। '৯৯ সালে ৫৫ লক্ষ ৫১ হাজার ৫ শত। ভ্যাকান্সি ঐ সময়ে ছিল '৯৭ সালে ২৯ হাজার ৯ শত, '৯৮ সালে ৯ হাজার ৩ শত, '৯৯ সালে ১৬ হাজার ৫ শত, আপনারা প্লেসমেন্ট কত করলেন—'৯৭ সালে পাবলিক সেক্টরে ৮,৪২৫; প্রাইভেট সেক্টরে ২,৫৪৬। প্রাইভেট সেক্টরে ২,৫৪৬, মোট ১০,৯৭১। ১৯৯৮ সালে পাবলিক সেক্টরে ৬,৮০২: প্রাইভেট সেক্টরে ২৪৯, মোট ৭,২৫১, ১৯৯৯ সালে পাবলিক সেক্টরে ১১,৯২৮; প্রাইভেট সেক্টরে ২,৫৩৭, মোট ১৪,৪৬৫। যেখানে লিপিবদ্ধ রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা পাঁচ লক্ষ করে প্রতি বছর বাড়ছে, সেখানে আপনারা শতকরা কুড়ি শতাংশ করেও নিয়োগ করতে পারছেন না। অথচ আপনারা নিজেদেরকে শ্রমিক দরদী বন্ধু হিসাবে নিজেদেরকে প্রমাণ করতে চাইছেন। প্রোগ্রেস আন্ডার ক্রেডিট লিঙ্কড সেল্ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রামস্, ইন ওয়েস্ট বেঙ্গল ২০০০-২০০১, এই সেলফ এমপ্লয়মেন্ট স্কিমে রেজিস্ট্রিকৃত আন-এমপ্লয়মেন্ট, যেটা রাজ্য সরকার পরিচালনা করে থাকে, সেখানে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ২৫ টাকা করে আমরা দেব, আর ৭৫ টাকা করে ব্যাঙ্ক দেবে। সেসরু - কেস স্পনসর্ড হয়েছে ৮৪৫, স্যাংসানড্ ২৫৪, কেস ডিসবার্সড হয়েছে ২৫৭; এস.জি.এস.আর.ওয়াই, - কেস স্পনসর্ড হয়েছে ২৩২১৪, স্যাংসানড্ ২৮৪৭, কেস ডিসবার্সড ৯০০; এস.এস.ই.পি - স্পনসর্ড ২৪১৮, স্যাংসানড্ ৩৭৫, ডিসবার্সড ৩০৭; পি.এম.আর.ওয়াই - স্পনসর্ড ১৬,৮০১, স্যাংসানড্ ১২৩২, ডিসবার্সড ২৭১; বি.এস.কে.পি - স্পনসর্ড ২১৮২, স্যাংসানড্ ৩৮, ডিসবার্সড শূণ্য;

এস.জি.এস.ওয়াই - কেস স্পনসর্ড ৩৩০৬, স্যাংসানড্ ১৭০৮, ডিসবার্সড ২৫৭৫। স্বর্ণজয়ন্তী রোজগার যোজনায় পনেরো টি রাজ্যের নিচে পশ্চিমবঙ্গের স্থান। তামিলনাড়ু-৮০.১৭ পারসেন্ট, পঞ্জাব-৭৭.৪৪ পারসেন্ট, কেরালা-৭১.১৮ পারসেন্ট; হরিয়ানা-৭০.২৭ পারসেন্ট; হিমাচলপ্রদেশ-৬৮.৩১ পারসেন্ট। এইভাবে নামতে নামতে পশ্চিমবঙ্গ আজকে পনেরোতম স্থানে এসেছে, পশ্চিমবঙ্গে হচ্ছে ৪.০৪ পারসেন্ট। তাই আমি বলি, 'ধন্য আশা কুহকিনী, তোমার মায়ায় মুগ্ধ মন, মুগ্ধ ত্রিভুবন'।

[4-00 — 4-10 p.m.]

**श्री अर्जुन सिंह :** माननीय डिपुटी स्पीकर सर, मै आपके माध्यम से लेबर मिनिस्टर और इम्पलाइमेन्ट मिनिस्टर जो बजट पेश किए है, इस बजट का सम्पूर्ण रुप से विरोध करते हुए एवं विरोधी दल द्वारा पेश समस्त कट-मोशन का समर्थन करते हुए दो-चार शब्द आपके सामने बोलना चाहूंगा। हमारे लेबर मिनिस्टर साहब को हमारे डिपुटी स्पीकर साहब अच्छे समय में, लेबर और इम्पलाइमेन्ट का बजट पेश करने को कहे हैं। हमारे लेबर मिनिस्टर को श्रमिको की कोई चिन्ता नही है और इम्पलाइमेन्ट मिनिस्टर इम्पलाइमेन्ट के बारे मे कोई जरुरत महसूस नही करते हैं। आज जो लेबर मिनिस्टर है वह बहुत दिनों तक हमारे क्षेत्र का प्रतिनिधित्व भी किए है। वहां दो प्रमुख मिलें है। टिटागढ़ पेपर मिल-1 जो कि टिटागढ़ में पड़ता है और टिटागढ़ पेपर मिल-२ जो कि भाटपाड़ा मे पड़ता है। १९८५ में मील क्लोज-अप हुआ। १९९४ मे बी०आई०एफ०आर० के स्कीम के तहत जे०पी०चौधरी को मील दे दिया गया। १९९५ अक्टूबर में पेपर मील न०। और १९९६ में पेपर मील न०-२ खुलने की बात हुई थी बी०आई०एफ०आर० के द्वारा, लेकिन मील मालिक ने माल निकालकर बेच दिया। और फिर से कारखाने के मजदूर सरकार की लापरवाही और गलत नीति की सजा भुगत रहे हैं। हमारे मंत्री महोदय अच्छी तरह से जानते है कि १९९६-९७ में वही जे०पी०चौधरी कलकत्ता के शेरिफ हुए थे। माननीय ज्योति बसु एक्स चीफ मिनिस्टर के प्रिय पात्र थे। जे०पी० चौधरी के पार्टी में शामिल हुआ करते थे। जे०पी० चौधरी कारखाने को बरबाद कर दिया। बी०आई०एफ०आर० के शर्तानुसार यह तय था कि ३०० करोड़ इनभेस्ट भी करेगें। लेकिन कुछ भी नहीं हुआ। माननीय मंत्री महोदय इसकी चर्चा भी नही किए। और अपने खास फायदे के लिए यह कारखाने चलाने

के लिए दिया गया। सबसे बड़ा आशचर्य यह लगता है कि आज हमारे माननीय मंत्री एक इकानोमिक रिपोर्ट में कहते हैं नबम्बर २००० से कारखाने में २७५ करोड़ रुपया और इनभेस्ट किया है। कह रहे है इनभेस्टमेन्ट हो रहा है। हमलोग वहां के रहने वाले हैं और हमलोगों को नही मालूम है कि इनभेस्टमेन्ट कहां हो रहा है।

मै माननीय मंत्री का ध्यान आकृष्ट कराना चाहता हूं कि पिछले साल २२-३ को ५२ जूट मिलों मे स्ट्राइक हुआ था। सभी श्रमिक संगठनों ने एक होकर इसमें शामिल हुआ था। लेकिन सी०आई०टी०यू० की मजदूर विरोधी नीति, मालिकों के प्रति वफादारी ने कोई सम्मानजनक समझौता होने के पहले ही आन्दोलन में विखराव ला दिया। मजदूरों के हक में लड़ाई का दावा करने वाले अपने हक में लड़ाई कर चुपचाप मालिकों से जा मिलें। जो मजदूरों के लिए घातक सिद्ध हुआ। सबसे ज्यादा दिनों तक जो बिरला जूट मील बन्द हुई थी। बिरला जूट मील १३९ दिन बन्द हुई वहाँ के मजदूरों का आन्दोलन बेकार हो गया। माननीय मंत्री जी, आप तो जूट इण्डस्ट्री से जुड़े रहे है। पिछले साल जब स्ट्राइक हुआ था उस समय टोटल मजदूरों की संख्या। लाख ५१ हजार ७८५ थी क्या आपने यह कभी सोचा है कि २४ वर्ष पहले कांग्रेस के समय में, जब कांग्रेस की सरकार थी उस समय जूट इण्डस्ट्री में लगभग साढ़ तीन लाख मजदूर कार्य करते थे २००० साल मे वही संख्या घटकर। लाख ५१ हजार ७८५ हो गयी, इस बात को वीकार नहीं कर रहे है। आपने जो यह किताब वितरण करवाए हैं। मै पूछता हूं वो जूट मील के श्रमिक कहां चले गए। यहां सत्ता पक्ष के सदस्य लम्बा-चौड़ा और हवाई वक्तव्य रख रहे थे। हाबड़ा के माननीय वुजुर्ग सदस्य अच्छे ढ़ग से यहां, आपलोगों के सामने वक्तव्य रखे कि टी०एम०सी० के लोग हर जगह गुण्डागर्दी करते है, हमला करते हैं। कारखानों को बन्द कराते हैं। क्या यह भूल रहे हैं यह काम सी०आई०टी०यू० का है। री-एलांयम जूट मील में सी०आई०टी०यू० के लोग अपने वजूद को कायम रखने के लिए कारखाने को बन्द कराकर रखे हैं।

माननीय डिपुटी स्पीकर सर, माननीय मंत्री को शायद मालूम ही है जूट इण्डस्ट्री में ट्रेड यूनियन की गतिविधियों में हिंसा का जो सहारा सी०आई०टी०यू० द्वारा लिया जाता है यह किसी से छुपा हुआ नही है। हिन्दुस्तान लीवर लिमिटेड

जो भारतवर्ष का एक नाम किया हुआ कारखाना है और आज वहां खाने के लाले पड़े हुए है। इम्पलाइमेन्ट मिनिस्टर से जानना चाहता हूं कोई नया इम्पलाइमेन्ट क्यों नही हो रहा है? इन्ही सब कारणों से माननीय मंत्री ने जो बजट पेश किए है, उसका सम्पूर्ण रुप से विरोधिता करता हूं। और विरोधी दल द्वारा लाया गया समस्त कट-मोशन का समर्थन करते हुए अपना वक्तव्य समाप्त करता हूं।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি সেই বাজেটের বিরোধিতা করে কাটমোশনের সমর্থনে আমার বক্তব্য পেশ করছি। স্যার, ৯০ এর দশকে দেশে যে উদার নীতি, আর্থিক সংস্কারের নীতি কেন্দ্রীয় সরকার অনুসৃত গোটা দেশে শ্রমজীবী মানুষের উপর আক্রমণ নেমে এসেছে এবং বর্তমানে সেই আক্রমণ আরও ভয়াবহ রূপ নিয়েছে। এই আক্রমণের সামনে দাঁড়িয়ে শ্রমিক কর্মচারিদের স্বার্থের এই আক্রমণের বিরুদ্ধে গিয়ে শ্রমিকদের পাশে দাঁড়িয়ে যে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া উচিত ছিল, শ্রমিক কর্মচারিদের আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে যে দৃষ্টান্তমূলক ভূমিকা গ্রহণ করা উচিত ছিল এবং যা শ্রমজীবী মানুষের প্রত্যাশা ছিল, তা পালন করতে বামফ্রন্ট সরকার শুধু ব্যর্থতা নয়, তারা আজকে পাল্লা দিয়ে শ্রমজীবী মানুষের স্বার্থ বিরোধী মালিকশ্রেণী তাদের সমর্থনে ব্যস্ত হয়ে উঠেছে। আজকে তাদের ভূমিকাতে তা প্রতিফলিত হচ্ছে। এখানে চটকলগুলিতে জঙ্গলের রাজত্ব চলছে। আজকে মালিকরা সরকারের মালিক তোষণ নীতির সুযোগ নিয়ে শ্রমিকদের উপর আক্রমণ করছে। মালিকরা ত্রিপাক্ষিক চুক্তি লঙ্ঘন করে শ্রমিকদের ন্যায্য মজুরি থেকে বঞ্চিত করছে। এই চুক্তি অনুযায়ী ১৫০ টাকা প্রাপ্য, সেখানে ৬০-৭০ টাকা তারা দিচ্ছে। কিন্তু রাজ্য সরকার এইব্যাপারে কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করেন নি। গৌরীপুর জুটমিল, হাওড়া জুটমিল সহ হাওড়া জেলার ১৭টি জুটমিল বন্ধ হয়ে গেল।

[4-10 — 4-20 p.m.]

৬০ হাজারের উপর শুধু নথিভুক্ত শ্রমিক তারা তাদের কাজ হারাল। আর নথিভুক্ত নয় এই রকম সংখ্যা তো বিরাট। এই যে লক আউট হচ্ছে, মাননীয় মন্ত্রী তার বাজেটে ভাষণে বলেছেন যে মালিকরা বে-আইনি কাজ করছে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই এই যে লক আউটগুলো হচ্ছে এইগুলো যদি বে-আইনি হয় সরকারের হাতে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতার বলে

১৭টা জুটমিলে লক আউট হচ্ছে একটা ক্ষেত্রে কি সেই আইনকে প্রয়োগ করে লক-আউট বে-আইনি ঘোষণা করেছেন? মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন। মাননীয় মন্ত্রিমহাশয়, তাঁর বাজেট ভাষণে বলেছেন মালিকরা জুটমিল গুলোতে ২৩৫ কোটি টাকার মতো প্রভিডেন্ট ফাণ্ড, ই. এস. আই-এর টাকা থেকে শ্রমিকদের বঞ্চিত করেছেন। শুধু তাই নয়, আমি জানতে চাইছি যে গ্র্যাচুইটির টাকা দুশো কোটি টাকার মতো, তারা শ্রমিকদের দিচ্ছেন না। এই যে বঞ্চনা শ্রমিকদের করা হচ্ছে, এর বিরুদ্ধে রাজ্যসরকার কি ব্যবস্থা নিয়েছে। স্টেট পাবলিক সেক্টরে শ্রমিকদের বকেয়া হচ্ছে ৪৫ কোটি টাকা। এটা তো কেন্দ্রীয় বিষয় নয়, এই ব্যাপারে সরকার কি পদক্ষেপ নিয়েছে। আপনি বলেছেন যে শিল্প সম্পর্কে ক্ষেত্রে বাজারী অর্থনীতি, উদার আমদানি কেন্দ্রীয় সরকারের নীতি বিরূপ পরিকল্পনা পশ্চিমবাংলার শিল্পের ক্ষেত্রে পড়েছে। কিন্তু শিল্পে শ্রমিক মালিক যে সম্পর্ক সেই সম্পর্ক শান্তিপূর্ণ। আপনি সন্তোষ প্রকাশ করেছেন যে শান্তি কিসের শান্তি। সত্যিই শ্রমিকদের স্বার্থে শান্তি নাকি মালিকদের শান্তি। আজকে লক-আউট হচ্ছে, লে অফ হচ্ছে, আজকে হাজার হাজার শ্রমিক কর্মচারী এই অবস্থার মধ্যে বছরের পর বছর চলছে। তারা আত্মহত্যা করছে। তারা না খেয়ে অনাহারে মারা যাচ্ছে। অথচ এই রকম একটা পরিস্থিতির মধ্যে শ্রমিকরা তাদের বিক্ষোভ জানাতে পারছে না। তাদের উপর ওয়ার্ক লোড চাপিয়ে দেওয়া হচ্ছে। তাদের মজুরি কমিয়ে দেওয়া হচ্ছে। ট্রাইপারটাট চুক্তিকে মানা হচ্ছে না। সব কিছু একতরফা ভাবে হচ্ছে। সরকার বলবে যে জঙ্গী আন্দোলন বরদাস্ত করা হবে না। আজকে কি সত্যিই শান্তি আছে? কাদের স্বার্থে শান্তি, এ শান্তি মালিকদের শান্তি। শ্রমিক কর্মচারিদের স্বার্থে শান্তি নয়। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ন্যূনতম মজুরি আইনের ক্ষেত্রে, প্রয়োজনের তুলনায় কম হলে ৪৮টা ক্ষেত্রে ন্যূনতম মজুরি আইনের আওতায় এসেছে। দু একটা বাদ দিলে আর কোনও ক্ষেত্রে ন্যূনতম মজুরি আইন প্রয়োগ করা হয়নি। কারণ আপনাদের কোনও ইনফ্রা-স্ট্রাকচার নেই। আপনার শ্রম দপ্তরে ৩৩টা অ্যাসিসট্যান্ট লেবার কমিশনারের পদ শূণ্য পড়ে আছে, অর্থ দপ্তর মঞ্জুর করছে না বলে সেই পদগুলো পূরণ করা যাচ্ছে না। নূন্যতম মজুরি আইনের ক্ষেত্রে সামান্যতম জায়গায় সরকারের কি ভূমিকা আছে সেটা আপনি বলবেন। শ্রমিকদের স্বার্থে আপনারা কি করতে চাইছেন? সেই আইন প্রয়োগ হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী চা বাগানের কথা বলেছেন। আমি বলব উত্তরবঙ্গের বহু গরিব চাষীর জমি জবর দখল করে শত শত চা বাগান মালিকরা গড়ে তুলছে আইন বহির্ভূত ভাবে, বে-

আইনি ভাবে এবং তার যদৃচ্ছা শ্রমিকদের শোষন করছেন। আর মুনাফা লুঠ করছে। এই সব চা বাগানগুলি রেজিস্ট্রিকৃত নয়, সে জন্য আপনার দপ্তর কোনও ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট দেখতে পাচ্ছে না যার ফলে মালিকরা শোষন করছে বে-আইনি ভাবে চা বাগানগুলি থেকে তারা লুণ্ঠন করছে, অবাধে শোষন করছে, এর বিরুদ্ধে এই সমস্ত চা বাগানগুলির শ্রমিকদের সংগঠিত করে তাদের যে পাওনা তাদের যা প্রাপ্য সেই আন্দোলন গড়ে তুলতে গিয়ে কয়েক বছর আগে ই. টি. সি.-র লেনিন সরনির তন্ময় মুখার্জি মালিকদের হাতে নৃশংস ভাবে হত্যা হলেন। এই আক্রমন চলছে শ্রমিকদের উপরে। করছে বে-আইনি চা বাগানের মালিকরা। সরকার এর কি ব্যবস্থা নিয়েছেন সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জবাবি ভাষণে জানাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি, শিশু শ্রমিকদের প্রশ্নে। তিনি এ সম্পর্কে অনেক কথা বলেছেন, আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাইছি সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী বিপদজনক, দুর্ঘটনা প্রবন শিল্প বা সংস্থার ক্ষেত্রে শিশু শ্রমিকদের উদ্ধার করে তাদের কত জন পরিবারকে পুনর্বাসনের ব্যবস্থা করেছেন। তার কোনও হিসাব বা কোনও বাস্তব চিত্র আপনি দিলেন না। শিশু শ্রমিকদের স্বার্থে সরকারের প্রকৃত ভূমিকা কি অন্তত সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী পালন করার ক্ষেত্রে সেটা আমাদের অবহিত করেন নি। অবহিত করলে খুশি হব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্মসংস্থানের ব্যাপারে অর্থমন্ত্রী বলেছেন এবং আপনিও বলেছেন। আজকে পশ্চিমবাংলায় কি অবস্থা কর্মসংস্থানের। আপনারা যখন ১৯৭৭ সালে যখন ক্ষমতায় এলেন তখন এই রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা ছিল ১৭ লক্ষ। আজকে সেই বেকারের সংখ্যা ৫৯ লক্ষ। ১ বছরে কয়েক লক্ষ শ্রমিক নতুন করে যুক্ত হলো যাদের। এই নথিভুক্ত হলো এগেনস্ট দ্যাট কর্ম সংস্থান হলো মাত্র ১৪ হাজারের। কোন পার্সেন্টেজেই আসে না। আপনারা কর্মসংস্থানের কথা বলছেন। শ্রমদপ্তর বলছে এবং অর্থমন্ত্রী বলেছেন আমরা ৬ লক্ষ নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করব। আপনারা স্বনিযুক্তির কথা বলছেন। শুধুই প্রতিশ্রুতিই শুনতে পাচ্ছি। বাস্তবে কর্মসংস্থান কোথায়? এই বাতাবরণ কেন সৃষ্টি করছেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে যে জিনিস পশ্চিমবাংলায় সৃষ্টি হয়েছে—শ্রমিক কর্মচারিদের উপর যে ভাবে মালিকদের আক্রমণ নেমে আসছে এই রকম একটা পরিস্থিতিতে শিল্পায়ণ, উন্নয়ণ, কর্মসংস্থান এই সমস্ত প্রতিশ্রুতি দিয়ে একটা শিল্পায়ণের, উন্নয়ণের, কর্মসংস্থানের বাতাবরণ সৃষ্টি করে সাধারণ মানুষের মধ্যে মোহজাল বিস্তার করার চেষ্টা করছেন। আপনি কি নিজে বিশ্বাস করেন এই আর্থসামাজিক অর্থনৈতিক

পরিকাঠামোর মধ্যে এই কর্মসংস্থান, শিল্পায়ণ, উন্নয়ণ সম্ভব? আপনি কি নিজে বিশ্বাস করেন স্বনিযুক্ত প্রকল্পের কথা? আজকে যেখানে সমস্ত শিল্পগুলি প্রতিযোগিতার বাজারে অনেক শিল্প লাল বাতি জ্বেলেছে, যেখানে কুটির শিল্প, ক্ষুদ্র শিল্প, তাঁত শিল্প প্রতিযোগিতার বাজারে শেষ হয়ে যাচ্ছে।

সেই রকম একটা জায়গায় কিছু টাকা দিয়ে স্বনিযুক্তি কর্ম প্রকল্প বা কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবেন এবং সেটা ভায়োবেল হবে ইকোনোমিক্যালি। এবং এর দ্বারা বেকারদের কর্মসংস্থানের সমস্যা মিটবে নাকি সেল্ফ এমপ্লয়মেন্টের নামে যে ডিসেপটিভ, বেকারদের প্রতারণার দিকে ঠেলে দিচ্ছেন। সমস্ত স্বনিযুক্তি প্রকল্পের অতীত ইতিহাস কি? আমরা দেখতে পাচ্ছি স্বনিযুক্তি প্রকল্পে যাদের সাহায্য দেওয়া হচ্ছে তারা সংস্থা দাঁড় করাতে পারছে না। দেনার দায়ে মূলধন দেওয়া তো দূরে থাক সুদই দিতে পারছে না এবং তাদের বিরুদ্ধে এরেস্ট ওয়ারেন্ট বেরোচ্ছে। আজকে তারা দাবি করছে ঋণ মকুব করুন। এই তো স্বনিযুক্তি প্রকল্পের ভবিষ্যৎ এবং কর্মসংস্থানের ভবিষ্যৎ। ফলে এই ধরনের মোহ সৃষ্টি না করে, শ্রমিক-কর্মচারিদের উপর যে আক্রমণ নেমে এসেছে সেই বাস্তব অবস্থার দিকে লক্ষ্য রেখে বলিষ্ট শ্রমনীতি মালিক শ্রেণীর বিরুদ্ধে দাড়িয়ে ঘোষণা করুন।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী তমোনাশ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আজকে আমি এই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করে ব্যয়-মঞ্জুরির বিরোধিতা করে এবং বিরোধীদের পক্ষ থেকে আনা কাটমোশনের সমর্থন করে কয়েকটা কথা বলছি। আমি ট্রেজারি বেঞ্চের বন্ধুদের গরম গরম বক্তৃতা রাখতে শুনলাম এবং সংখ্যাধিক্যের জোরে, টেবিল চাপড়ে সমর্থন জানাতে দেখলাম। কিন্তু দীর্ঘ ২৫ বছরের ফেলে আসা ব্যর্থতার দিকে বামপন্থী বন্ধুরা দেখছেন কিনা, বাস্তবকে স্বীকার করবেন কিনা জানিনা। ওরা মানুষের কাছে জবাবদিহি করতে চান না। পশ্চিমবাংলা কোথায় ছিল আর আজকে কোথায় এসে দাঁড়িয়েছে। চাকরিজীবি মানুষ হিসাবে যেখানে আমি কর্মরত আছি সেখানে আমাকে শ্রমিক আন্দোলনের সাথে থাকতে হয়। আজকে এখানে শ্রমিকদের ওয়েলফেয়ারের কথা কর্মসংস্থানের কথা বলা হচ্ছে। কিন্তু ঐ দুটো জিনিসের অসাড়তা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় গেলে বুঝতে পারবেন। নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং-এর যেখানে কনসিলিয়েশন করার জন্য সরকারের তরফ থেকে ব্যবস্থা আছে, মাননীয় দেবপ্রসাদবাবু, একটু আগে এ ব্যাপারে বলেছেন,

অফিসার নেই। যদি বা আছেন কোন পক্ষ—মালিক পক্ষ নেই, কর্মী নেই। না মালিক না শ্রমিক। জিজ্ঞাসা করলে বলেন, আমাদের কাছে কেউ আসে না। অথচ পশ্চিমবাংলার ৯০ শতাংশ ফ্যাক্টরি আজকে বন্ধ কিন্তু আলোচনার জন্য কেউ আসেনা। আজকে যখন এই রকম অবস্থায় দাঁড়িয়ে আলোচনা করছি তখন ট্রেজারি বেঞ্চের বন্ধুরা কিছু ভাবছেন কি? আপনারা ১০০ কোটি টাকা বরাদ্দ করেছেন বন্ধ কারখানার শ্রমিকদের মাসে ৫০০ টাকা করে দেবেন বলে। কিন্তু ২৫ কোটি টাকা তার মধ্যে রিলিজ করেছেন। তাহলে কি পশ্চিমবাংলার অধিকাংশ কারখানা চালু আছে? কিন্তু বাস্তব তো বলছে এখানকার অধিকাংশ কারখানা বন্ধ এবং খুব কম সংখ্যক কারখানা চালু আছে। আজকে আসানসোলের হিন্দুস্থান পিলকিংটন সিটুর জঙ্গী আন্দোলনে বন্ধ হয়ে গেছে। ব্যালেন্স সিট বলছে কারখানাটা প্রফিটে চলছিল। গত কয়েকদিন আগে এটা বন্ধ হয়েছে এবং তার পরিপ্রেক্ষিত ১২ জন শ্রমিক আত্মহত্যা করেছে।

আজকে বামফ্রন্ট সরকারের হোর্ডিং-এ দেখা যায় লেখা আছে 'বামফ্রন্ট সরকার শ্রমিকের সরকার একে নয়নের মণির মতো রক্ষা করতে হবে।' ২৫ বছর ধরে তারা এই সরকারকে বাঁচিয়ে রেখেছিল। কিন্তু বাস্তব হচ্ছে এই সরকার শ্রমিকদের উপর নির্ভর করেনা, সন্ত্রাসের উপর, রিগিং-এর উপর নির্ভর করে। মানুষের কোনও কথা, শ্রমিকের কোনও কথা এই সরকার ভাবে না। তাই যদি ভাবতো তাহলে জলপাইগুড়ির এক শ্রমিকের স্ত্রী তার শিশু সন্তানকে ৩০০ টাকায় বেচে দিত না। আপনারা এগুলো দেখছেন কিনা আমার জানা নেই।

কিন্তু যদি কেউ পিছন দিকে তাকিয়ে দেখেন তাহলে এটা বুঝতে পারবেন। মাননীয় সদস্য বলে গেছেন, রেমিংটন বন্ধ হয়ে গিয়েছে, সেখানে উনি চাকরি করতেন। আজ ঐ শ্রমিক দরদী নেতার চেহারার সঙ্গে শ্রমিকদের চেহারার কোনও মিল নেই, আজকে ঐ শ্রমিক দরদী নেতার চেহারা ভাল হয়েছে, আর শ্রমিকরা শুকিয়ে যাচ্ছে। আমি যে বিধানসভা কেন্দ্র থেকে জিতেছি সেই ফলতা বিধানসভা কেন্দ্রে বিড়ি তৈরি হয়, সেখানে বিড়ি শ্রমিক আছে, সেখানে হাতের গ্লাভস তৈরি হয়, সেখানে গ্লাভস তৈরির শ্রমিক আছে, সেখানে জরির কাজ হয়, সেখানে সেই শ্রমিক আছে আজকে এই সব শ্রমিকের উন্নতির কথা ভেবেছেন? সেই সব মানুষরা আজকে দু-বেলা পেট ভরে খেতে পান না। এঁদের ওয়েলফেয়ারের জন্য সরকার কি ভাবছেন? আজকে আপনারা পাওয়ারের কথা বলেন। কিন্তু আজকে সমস্ত গ্রামে বিদ্যুৎ পৌছায় নি। আপনারা বলছেন প্রত্যেকটি মৌজায় বিদুৎ পৌঁছেছে।

৩টি গ্রাম নিয়ে একটা মৌজা। আপনারা একটা গ্রামে বিদ্যুৎ দিয়ে বলছেন পুরো মৌজায় বিদ্যুৎ দিয়েছেন। এই বাজেট যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে সেটা সম্পূর্ণ ভাঁওতা। আপনারা আপনাদের কাজ করে যাবেন। আমরা বিরোধিতা করে যাব। (এখানে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী প্রকাশ মিঞ্জ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী ৩৯ নম্বরের দাবির অধীন যে ব্যয়বরাদ্দ এখানে উত্থাপন করেছেন সেই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনীত কাটমোশনকে বিরোধিতা করে আমি ২-১টি কথা বলতে চাই। আমি প্রথম থেকে বিরোধী বন্ধুদের বক্তব্য শুনলাম। বিরোধী বন্ধুগণ এখানে খুব জোর গলায় মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, গোটা ভারতবর্ষে উদারীকরণ, বিশ্বায়ন এবং পার্লামেন্টে যখন এই শ্রমিক বিরোধী আইন পাশ করা হচ্ছে তখন আপনারা হাত তুলে সমর্থন জানিয়েছিলেন। এখানে শুধু লাভের জন্য আপনারা শ্রমিকদের জন্য মায়াকান্না কাঁদছেন। আমি এখানে উত্তরবঙ্গের প্রধান শিল্প, চা-শিল্প এর উপরে কয়েকটি কথা বলতে চাই। এই শিল্পে ২ লক্ষ ৫০ হাজার স্থায়ী শ্রমিক কাজ করেন এবং ১ লক্ষ ৫০ হাজার অস্থায়ী শ্রমিক কাজ করেন। আপনারা ২৭ বছর যখন পশ্চিমবঙ্গে ছিলেন তখন চা-শিল্পের শ্রমিকদের মানুষ বলে গণ্য করা হত না, তাদের মজুরি ছিল ৪ টাকা ২৪ পয়সা, আজকে বামফ্রন্ট সরকারের আমলে তাদের মজুরি ১১ গুণ বেড়েছে। আজকে প্রত্যেক ৩ বছর পর পর শ্রমিক পক্ষ, মালিক পক্ষ এবং সরকার পক্ষের ত্রিপাক্ষিক চুক্তি হয় এবং প্রত্যেক ৩ বছর পর পর তাদের মজুরি বাড়ানো হয় এবং সেখানে শ্রমিকরা যে বাড়িতে থাকতেন, সেই বাড়ির অবস্থা ভাল ছিল না, আজকে সেই বাড়িগুলো পাকা কোর্য়াটার করা হয়েছে, সেখানে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে, চা-বাগানের শ্রমিকদের অনেকদিন ধরে বিজলী বাতির দাবি ছিল। বামফ্রন্ট সরকার আসবার পর সেই দাম মতো সেখানে প্রত্যেকটি শ্রমিকের বাড়িতে, রাস্তায় বিদ্যুতের ব্যবস্থা করা হয়েছে।

বিরোধী বন্ধুরা যখন এ রাজ্যে ক্ষমতায় ছিলেন তখন আমাদের রাজ্যের চা শিল্পের শ্রমিকরা মাত্র ৪ টাকা ২৪ পয়সা মজুরি পেতেন। তাঁরা ক্রীতদাসের মতো জীবন কাটাতেন। বামফ্রন্ট সরকার রাজ্যে ক্ষমতায় আসার পর চা-বাগান শ্রমিকদের জীবন-যাত্রার মানের অনেক উন্নতি হয়েছে। শ্রমিক পরিবারের ছেলে-মেয়েরা শিক্ষায় শিক্ষিত হয়েছে। চা-বাগান শ্রমিকদের ছেলে-মেয়েরা আজ আর শিশু শ্রমিক হিসাবে কাজ করতে যায় না। তারা আজ স্কুলে যাচ্ছে, শিক্ষায় শিক্ষিত হচ্ছে। তারা আজ

মাধ্যমিক পাশ করছে, হায়ার সেকেন্ডারি পাশ করছে। বহু শ্রমিক পরিবারের ছেলে-মেয়ে গ্র্যাজুয়েশন কমপ্লিট করেছে। আমাদের উত্তরবঙ্গে চা শিল্পে ৪ লক্ষ শ্রমিক কাজ করেন। বিরোধীরা যখন এখানে ক্ষমতায় ছিলেন তখন তাঁরা তাঁদের প্রতি কোন নজর দেন নি। আজকে কেন্দ্রীয় সরকার বিশ্বায়ন এবং উদারীকরণ নীতি গ্রহণ করার ফলে কেনিয়া এবং শ্রীলঙ্কা থেকে চা আসছে। ফলে আমাদের চা শিল্প আজকে বিপদের মুখে, সঙ্কটের মুখে এসে দাঁড়িয়েছে। গোটা দেশে এক মাত্র আমরা বামপন্থীরা বিশ্বায়ন এবং উদারীকরণের বিরুদ্ধে প্রতিবাদ করছি। গোটা দেশের শিল্প আজকে বিপদের সম্মুখীন, ফলে শ্রমিকরাও বিপদে পড়েছেন। এই অবস্থায় রাজ্য সরকার রাজ্যের শ্রমিকদের স্বার্থে আজকে এখানে যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন জানা চাচ্ছি এবং বিরোধীদের কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত তিন জন মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাটমোশনগুলিকে সমর্থন করে সংক্ষিপ্তভাবে মাত্র ১০ মিনিটে আমার বক্তব্য রাখছি। একটু আগে একজন মাননীয় সদস্য, সরকার পক্ষের সদস্য বক্তব্য রাখলেন, আমি ওঁর নাম জানিনা। উনি অনেক কথাই বললেন। আমাদের বিরুদ্ধে অভিযোগ করে বললেন, 'এখানে অনেক কথাই বলেন, আবার দিল্লিতে গিয়ে সরকারের পক্ষে ভোট দেন।' ঠিকই বলেছেন। কিন্তু এই প্রসঙ্গে মাননীয় সদস্যকে স্মরণ করতে বলি, আপনারা বা আপনাদের বন্ধু সরকার যখন কেন্দ্রে ক্ষমতায় ছিল তখন আপনারা কি করেছিলেন। ১৯৯৬ সালে কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার ছিল, কখনো দেবেগৌড়া, কখনো আই. কে. গুজরাল, আড়াই বছর তাঁরা সরকার চালিয়েছিলেন। আপনারাও সেই সরকারে ছিলেন। সে সময় আপনারা কেন এই সব কালা-চুক্তিগুলি বাতিল করলেন না? সে সময়ে তো পার্লামেন্টে সরকারের সংখ্যাগরিষ্ঠতা ছিল, তখন আপনারা কি করেছিলেন? আপনারা কেন্দ্রীয় সরকারের অংশীদার ছিলেন, হাউসে আপনাদের দলের সদস্যরা ছিল। তখন আপনারা কি করেছিলেন। আপনাদের এসব বিষয়ের প্রতি কি ভূমিকা ছিল? বাংলার মানুষের কথা কি তখন আপনাদের মনে ছিল না? আপনারা তো তখন বলতে পারতেন যে, আমরা ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশনে থাকব না, গ্যাট চুক্তি মানব না। আপনারা তো

তা বলেন নি। লোকসভায় ঐসব কথা না বলে, বাইরে বেরিয়ে এসে আপনারা ঐসব কথা বলেছেন। কেন্দ্রীয় মন্ত্রী সভার ওপর থেকে আপনারা কখনো সে সময়ে সমর্থন প্রত্যাহার করে নেননি, সর্বক্ষেত্রে তাঁদের সমর্থন করেছিলেন। আজকে এখানে মুদ্রাস্ফীতির কথা উল্লেখ করা হচ্ছে। অথচ আমরা লক্ষ্য করছি গত তিন বছর ধরে মুদ্রাস্ফীতি কথা উল্লেখ করা হচ্ছে। অথচ আমরা লক্ষ্য করছি গত তিন বছর ধরে মুদ্রাস্ফীতির একটা স্ট্যান্ডার্ড জায়গায় রয়েছে। লাস্ট যে পরিসংখ্যান তা গত পরশুর কাগজে বেরিয়েছে—৫.৪ পয়েন্ট হয়েছে। সুতরাং মুদ্রাস্ফীতি গত কয়েক বছরের মধ্যে বা তুলনায় অনেক ভাল আছে। সুতরাং এখানে যা বলা হচ্ছে—ব্যাপক মুদ্রাস্ফীতি ঘটছে, এটা সঠিক নয়। এখানে তৃতীয় যে কথাটা বলা হয়েছে কর্মহীনতা প্রসঙ্গে তা ঠিক্। কেন্দ্রীয় সরকার অনেকগুলো রাষ্ট্রীয় শিল্প বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়ার কর্মহীনতা সৃষ্টি হচ্ছে। এবিষয়ে আমি আপনাদের সঙ্গে একমত। আমাদের দলের এম. পি.-রা পার্লামেন্টের ফ্লোরে দাঁড়িয়ে সরাসরি কেন্দ্রীয় সরকারের ঐ নীতির বিরোধিতা করেছেন। এভাবে লাগাতার একটার পর একটা কারখানা বন্ধ করার বিরেধিতা করেছেন। সে বিরোধিতা আমাদের এখনো আছে। আমরা মনে করিনা যে আমাদের দেশের মতো ব্যাপক জনসংখ্যার দেশে সরাসরি এই রকম র‍্যান্ডম শিল্প সংস্থা বন্ধ করে দেয়া ঠিক হচ্ছে। আমরা মনে করি রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্থাগুলি এখনই বন্ধ করে না দিয়ে, এখনো ওগুলি নিয়ে ভাবনা চিন্তা করার অবকাশ আছে। বিরাট জনসংখ্যাকে কাজে লাগাবার জন্য এবিষয়ে অবশ্যই আমাদের ভাবনা-চিন্তা করতে হবে। আমাদের রাজ্যে যে কর্মহীনতা আমরা লক্ষ্য করছি তা আপনাদের কাছে থেকেই লিগ্যাসি হিসাবে আমরা ইনহেরিট করেছিলাম। ১৯৬৭ সালে আমাদের রাজ্যের একজন মন্ত্রীর নাম হয়ে গিয়েছিল 'ঘেরাও মন্ত্রী।' ভারতবর্ষের আর কোথাও ঐ জিনিস হয়নি। আজকে বুদ্ধদেববাবুর মতো বামপন্থী মানুষকে এখানে দাঁড়িয়ে বলতে হচ্ছে—ঘেরাও হতে দেবনা। আপনাদের নীতি, কর্মসূচি এবং হটকারিতার পরিণতিতে রাজ্যে হাজার হাজার কারখানা বন্ধ হয়ে গিয়েছিল এবং আজও বন্ধ হয়ে আছে। হাওড়া স্টেশন থেকে ট্রেনে উঠে স্যার আপনি যান রেল লাইনের দু-পাশের চিত্র দেখলে আপনার চোখ দিয়ে জল পড়বে, একটার পর একটা শিল্প বন্ধ হয়ে রয়েছে। আপনি শিয়ালদহ স্টেশনে গিয়ে ট্রেনে উঠলে উত্তরদিকে যতই যাবেন অর্থাৎ ব্যারাকপুর বেল্টে ততই দেখতে পাবেন কারখানাগুলিতে সব জঙ্গল গজিয়ে গেছে, জঙ্গলের স্তুপ হয়ে গেছে। এতে করে দেশ বাঁচবে? এখন আর কেউ ৪টার সময়ে, ৮টার সময়ে চাকরি করতে যায় না, বাঁশী বাজে না।

*এরজন্য দায়ী কে? এরজন্য কি কেন্দ্রীয় সরকার দায়ী? কেন্দ্রীয় সরকারের নীতি কি এরজন্য দায়ী?* আপনারা একটি কথা অন্যায়ভাবে বলছেন। শ্রীমতী মমতা ব্যানার্জি যখন রেলমন্ত্রী ছিলেন, তিনি থাকাকালীন এই পশ্চিমবাংলার জন্য ১ হাজার কোটি টাকার অর্ডার বাড়িয়ে দিয়েছিলেন রেল-ওয়াগনের ক্ষেত্রে। আপনি নিশ্চয়ই জানেন, ভাবের ঘরে চুরি করবেন না। আমি ট্রেড ইউনিয়ন করি, সব জায়গায় ঘুরি। ব্রেথওয়েট, বার্ন, জেশপে যে অর্ডার দিয়েছিলেন, তাদের যে পরিমাণ অর্ডার সাপ্লাই করার কথা ছিল, তারা সেই পরিমাণ অর্ডার সাপ্লাই করতে পেরেছে কিনা? আপনি সত্যটা উৎঘাটন করুন। যে কোটা তাদের সাপ্লাই দেবার কথা ছিল তারা তা পেরেছে কিনা? আমি নিজে জানি, আমি এম. ডি-র সঙ্গে দেখা করেছি। তিনি বলেছেন আমরা রিকোয়ারমেন্ট মিট্ করতে পারিনি। এটা ঠিকই, এটা প্রতিযোগিতার পথ তৈরি হয়েছে। আজকে প্রাইভেট এনট্রাপ্রেনিওরের সঙ্গে পাবলিক সেক্টর আন্ডারটেকিংকে প্রতিযোগিতায় আসতে হবে। এটা খুবই ডিফিকাল্ট। পাবলিক সেক্টর আন্ডারটেকিং যেটা করে, প্রাইভেট সেক্টরে যে অল্প সংখ্যক মানুষ রয়েছে তার সঙ্গে প্রতিযোগিতায় আসতে পারে না। আগে ১০ পারসেন্ট কমে পাবলিক সেক্টর আন্ডারটেকিং টেন্ডারে আসতে পারতো। এখন সেটা তুলে দিয়েছে। কিন্তু এর জন্য দায়ী—গ্লোবাল ইকনমি। কেন সোভিয়েতে রাশিয়ার পতন হল? কেন আজকে চিন ডব্লু. টি. ও.-র সদস্য হতে চাইছে? সুতরাং ভাবের ঘরে চুরি করে আজ আর কোনও লাভ নেই। ৭০ দশকে কতগুলি রাষ্ট্রায়ত্ব সরকারি সংস্থাকে বেসরকারি সংস্থায় পরিণত করা হয়েছে চিন দেশে এবং কিভাবে মাল্টি-ন্যাশনালের দরজা খুলে দেওয়া হয়েছিল। আমার কাছে সীতারাম ইয়েচুরির একটি বক্তব্য আছে। উনি তো আপনাদের দলের নেতা। এই ঘটনা ঘটার পরবর্তীকালে চিন দেশে একটা রিসেশন হয়েছিল, প্রচুর মানুষ বেকার হয়ে যায় একটা অবস্থা থেকে আর একটা অবস্থায় যেতে গিয়ে। ইট ওয়াজ দি কমপালশন। আমাদের মতো রাজ্যেও হবে, এটা আমরা মেনে নিতে বাধ্য। আজকে আপনি যে অর্থনীতির কথা বলছেন, যে রাজনীতির কথা বলছেন,—সোভিয়েত রাশিয়াকেও মেনে নিতে হয়েছে। সাবসিডাইজড ইকনমি পৃথিবীতে টেকেনি। ৭৫ বছর কমিউনিস্ট শাসনের পর রাশিয়ার মতো দেশ খোলার মতো ভেঙে টুকরো টুকরো হয়ে চলে গেছে সাবসিডাইজড ইকনমির জন্য। গোর্বাচেভ নিজেই বলেছেন, আমাদের রাষ্ট্রের কোনও কারখানায় নিজস্ব উৎপাদনের দ্বারা তাদের কর্মচারিদের মাহিনা দিতে হবে। এটা গোর্বাচভের কথা। সুতরাং বাঁচবার উপায় নেই। কিন্তু আপনারা সেই পথে হাঁটছেন না। আপনাদের বাজেট বইতে কি

বলেছেন, "উপরোক্ত পর্যালোচনায় যদি এমন দেখা যায় যে কিছু সরকারি সংস্থা বা কর্পোরেশন তাদের অস্তিত্ব রক্ষায় অক্ষম, সেক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থাগুলির শ্রমিক কর্মচারিদের স্বার্থ সুরক্ষা করার প্রশ্নে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।" আপনারাই তো করে দিয়েছেন, আপনারা গ্রেট-ইস্টার্ন হোটেল দেন নি? আপনারা স্বাস্থ্য দপ্তরে বে-সরকারিকরণ করছেন না? স্টেট ট্রান্সপোর্টের সমস্ত মেইনটেনান্স দিয়ে দিয়েছেন বেসরকারি সংস্থার হাতে। কেন দিয়েছেন? এখানে বসে সুভাষবাবু বলেছেন, দুর্গাপুরের বাসগুলি বে-সরকারির হাতে বিক্রি করে দিচ্ছি। ইট ইজ দি কমপালশন অব দি ডে। ঐ বালিতে মুখ গুঁজে যদি মনে করেন ঝড় হচ্ছে না, তাহলে ভুল করবেন, তাতে লাভ নেই। আমাদের রাজ্য যে জায়গায় দাঁড়িয়ে আছে, সেই জায়গায় দাঁড়িয়ে থাকবে। আমাদের পক্ষে সেই বিরাট ঝড়ের বাইরে যাওয়া সম্ভব হবে না। এই তো ডঃ অমর্ত্য সেন যখন কলকাতায় আসেন তখন আপনাদের মন্ত্রী তাকে কোলে তুলে নিয়ে ঘোরেন। সেই অমর্ত্য সেনকে বলতে হয়েছে, এই বিশ্বায়ন থেকে আমাদের শিক্ষা গ্রহন করতে হবে। যা কিছু ভাল তা গ্রহণ করতে হবে। এর বাইরে আমরা যেতে পারি না। আপনাদের অসীমবাবু তাকে কমিউনিস্ট ছাপ মেরে দেবার চেষ্টা করেছিলেন। সেই তিনিই বলেছিলেন, এই সুযোগ নিতে হবে। আজকে ইস্পাত শিল্পের কথা বললেন। শ্রীমতী মমতা ব্যানার্জি ৩৪৬ কোটি টাকার বেশি অর্ডার দিয়েছেন এবং শুনে রেখে দিন, আপনারা যা পারেন নি—তিনি তার একটি দপ্তরে ওয়ার্ল্ড ব্যাঙ্ক শর্ত সাপেক্ষে ঋণ দেবার কথা বলেছিলেন। তখন তিনি মন্ত্রী ছিলেন।

[4-40 — 4-50 p.m.]

সি ইজ দি অনলি লেডি ইন ইনডিয়া যে বলতে পেরেছিল কোনও শর্তের কাছে আমি মাথা নত করব না এবং বিশ্বব্যাঙ্কের ঋণ তিনি নেন নি। অপর দিকে আপনারা কতগুলি দপ্তর চালাচ্ছেন ঐ বিশ্বব্যাঙ্কের টাকায় সেটা বলবেন কি? ঐ শ্যামল চক্রবর্তী, তিনি তো যুব আন্দোলন করতে গিয়ে অন্ধকার করে দিয়েছিলেন সারা পশ্চিমবাংলাকে এই বিশ্বব্যাঙ্কের ব্যাপারে—সে কথা কি আপনারা ভুলে গেছেন? সময়ের অভাবে আমি বাজেটের বিস্তারিত আলোচনায় যেতে পারছি না। এমপ্লয়মেন্টের কথা বলেছেন। আমি বলছি, পশ্চিমবাংলায় এমপ্লয়মেন্ট জেনারেট করছে না আজকে সকালেই সেলিম সাহেব বলছিলেন ৬ লক্ষ মানুষের কর্মসংস্থানের কথা। কিন্তু এই কর্মসংস্থানটা করবেন কি দিয়ে? এই যে রিপোর্ট, এই রিপোর্টটা

কি আপনারা দেখেন নি? এখানে আপনাদের টার্গেট ছিল ১ লক্ষ ৪৫ হাজার ৭৯৬। ইট ওয়াজ ইয়োর টার্গেট। আর আপনাদের অ্যাচিভমেন্ট, মানে কাগজপত্র কত পাঠিয়েছেন? পাঠিয়েছেন ২৬ হাজার ৮৫৬। এটা ফার ফার বিলো ইয়োর টার্গেট। আপনারা মানুষকে হোকস দিচ্ছেন। আপনাদের বাজেট কর্মসংস্থানের বাজেট নয়। পরিশেষে আমি জুটমিলের শ্রমিকদের কথাটা একটু বলব। জুটমিলের শ্রমিকদের উপর যে শোষণ অত্যাচার চলছে সেটা আপনি স্বীকার করেছেন আপনার বক্তব্যে। অপর দিকে বুদ্ধদেববাবু বলছেন, ঘেরাও, ধর্মঘট করতে দেবেন না। তারপর বরাহনগর জুটমিলে মৃত্যু হয়েছে, অ্যাঙ্গাস জুট মিলে মৃত্যু হয়েছে হাওড়াতে গোলমাল হয়েছে। এই যে গন্ডগোল হচ্ছে এটা হচ্ছে মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠছে বলে। তার কারণ তারা তাদের নার্য্য পাওনা এবং অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। শ্রমিকরা তাদের পি. এফ. গ্র্যাচুয়িটির টাকা পাচ্ছে না, ই. এস. আই.-এর টাকা পাচ্ছে না ফলে তারা বিক্ষুব্ধ হচ্ছে। তারপর কনট্রাক্ট লেবার অ্যাক্ট যেটা আছে '৭০ সালের, '৮২ সালে সুপ্রিম কোর্ট তার উপর রায় দিয়েছেন। আজকে দেখুন দুর্গাপুর স্টিল প্ল্যান্টে এই কনট্রাক্ট লেবাররা কাজ পাচ্ছে না। তাই পশ্চিমবঙ্গে শ্রম দপ্তর আছে বলে আমাদের মনে হচ্ছে না। এই কারণে এই বাজেটের বিরোধিতা করে এবং কাটামোশনগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের যে ব্যয়বরাদ্দ এই সভায় উপস্থিত করা হয়েছে তার উপর দীর্ঘ সময় ধরে সরকারপক্ষ এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা তাদের বক্তব্য রেখেছেন। তাদের সকলের বক্তব্য আমি বোঝার চেষ্টা করেছি। ঠিকই, বক্তব্যের মধ্যে কিছু বিষয় আছে যা আমাদের চিন্তা-ভাবনার মধ্যে রাখা প্রয়োজন। তবে কিছু বিষয় বলা হয়েছে শুধু বলার জন্যই এবং শুধু বিরোধিতা করার জনাই। এমন কতগুলি অপ্রাসঙ্গিক বিষয়ের কেন অবতারণা করা হয়েছে যার সঙ্গে আমাদের বাজেটের কোনও সম্পর্ক নেই। বিরোধীদলের একজন মাননীয় সদস্য 'ধান ভাঙতে শিবের গীত আওয়ার' কথা বললেন। আমি গ্রামের মানুষ, আমাদের গ্রামে একটা কথা চালু আছে এই প্রসঙ্গে সেটা একটু বলে দিন।' মূলে মাসির বিয়ে হয়নি, মেসোর জন্য মশারি।' আপনাদের অবস্থাও হল তাই। তারপর একজন সদস্য বললেন, উনি অনেক কিছু জানেন এবং তিনি নাকি বলে দিতে পারেন। অনেক কিছু জানেন তো নিশ্চয়। এম. এস. গিলের চক্রান্তের কথা জানেন, দিল্লির সরকারের ষড়যন্ত্রের কথা জানেন—কাজেই জানেন তো নিশ্চয়। আবার নীতির কথা বললেন। ওদের নীতি কি? ওদের নীতি হচ্ছে,

যে করেই হোক পশ্চিমবঙ্গে ক্ষমতা দখল করতে হবে। এটাই হল ওদের নীতি। আর যদি ক্ষমতা দখল না হয় তাহলে মাথায় তেলও দেব না, চুলও বাঁধব না,— এই হল নীতি। এই নীতির প্রবক্তারা পশ্চিমবঙ্গের শ্রমিকদের স্বার্থে, কৃষকদের স্বার্থে এখানে কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। এর উপযুক্ত জবাব বাংলার মানুষ বিগত বিধানসভা নির্বাচনে ওদের দিয়েছে। ২৪ বছর ধরে চলার পর আরও ৫ বছরের জন্য বাংলার মানুষ বামফ্রন্টকে ক্ষমতায় প্রতিষ্ঠিত করেছে। সংসদীয় গণতন্ত্রর ইতিহাসে এর ফলে একটা নতুন অধ্যায়ের সংযোজন হয়েছে। এই ইতিহাস পশ্চিমবাংলায় আরও দীর্ঘায়িত হবে। আপনারা যদি শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করেন, আদর্শহীনভাবে যদি চলার চেষ্টা করেন তাহলে জানবেন বাংলার মানুষ কখনও আপনাদের এ দিকে আসার সুযোগ দেবেন না।

আমি শ্রম দপ্তরের মৌলিক বিষয়ে যাবো না। আমিন সাহেব, সেলিম সাহেব, তাঁরা সেটা বলবেন। আমরা কি করেছি, কি করিনি, তার হিসেব নেবার অধিকার জনগণের এবং তাঁরা সেই হিসাবের নিরিখেই তাঁদের দায়িত্ব তাঁরা পালন করেছেন। আপনারা ভাবুন, মানুষের কাছে আপনাদের বিশ্বাসহানীর জন্য কোন পথ আপনারা গ্রহণ করবেন। জানি না, যে পথে আছেন সেটা পরিত্যাগ করে আদর্শের পথে গ্রহণ করবেন কিনা। কর্মসংস্থানের কথা বলতে গিয়ে ওঁরা রাজ্যের কিছু হিসেব— ৫৯ লক্ষ বেকার, কত চাকরি পেয়েছে, এসব কথা বলেছেন। আমরা কর্মবিনিয়োগের কথা ঘোষণা করেছি। ওঁদের সময় সিগারেট প্যাকেটে চিরকুট লিখে চাকরি দেওয়া হত, দরখাস্তে লালকালি নীলকালিতে সই করা হত। টাকা যদি বেশি না দেওয়া হত তাহলে দরখাস্তে লালকালিতে সই করা হত, বেশি টাকা দিলে নীলকালিতে সই হত। দেশকে যে নীতি নিয়ে পরিচালিত করেছেন তারজন্য আপনাদের প্রায়শ্চিত্ত করতে হবে বহুদিন। আপনাদের কংগ্রেসি শাসন যতগুলি রাজ্যে চালাচ্ছিলেন তার সংখ্যা বর্তমানে কোথায় গিয়ে দাঁড়িয়েছে? এখন বলছেন, কে কার বোঝা। আজকে রাজ্যে ৫৯ লক্ষ বেকার। আমাদের গোটা রাজ্যে যে নীতি সেই নীতির মধ্যে দিয়ে আমরা ঐ বেকারদের নাম লিপিবদ্ধ করেছি। ঠিকই, বেকার যুবকদের চাকরির সম্ভাবনা সম্প্রসারিত হলে বাংলার অর্থনীতির অগ্রগতি ঘটবে। আমরা রাজ্যে অর্থনৈতিক এবং সাংবিধানিক সীমাবদ্ধতার মধ্যে কিভাবে কর্মসংস্থানের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি সেটা সাধারণ বাজেটে বলা হয়েছে। সেখানে আমরা বলেছি, কর্মসংস্থানের উপর জোর দিতে হবে। সেখানে ১৩ হাজারর বেশি চাকরির কথা বলেছি। আমাদের রাজ্যে কর্মসংস্থানের ক্ষেত্রে স্কুল সার্ভিস কমিশন, পাবলিক সার্ভিস কমিশন, কো-

অপারেটিভ সার্ভিস কমিশন, মিউনিসিপাল সার্ভিস কামিশন থেকে চাকরি হয়। শুধু স্কুল সার্ভিস কমিশন থেকে রাজ্যে শিক্ষক পদে নিয়োগের সংখ্যা ১৬ হাজারে দাঁড়িয়েছে। কাজেই ঐ সংখ্যার সঙ্গে এই সংখ্যা যোগ করলে কত দাঁড়ায়?....(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)....ঐ চিৎকারের ভাষা বাংলার মানুষ বুঝে নিয়েছেন, তাই বাংলার মানুষ আপনাদের সব চিৎকারে জল ঢেলে আপনাদের ওদিকে দাঁড় করিয়েছে। আগামী দিনে আপনাদের পরিণতি কোথায় দাঁড়াবে তার মধ্যে আমি যাব না। আপনারা বেকার ভাতার কথা বলেছেন। হ্যাঁ, বেকার ভাতা আছে। গত বছর ১৫ কোটি এ বাবদ খরচ করা হয়েছে, এ বছর ১৩.৫ কোটি টাকা বরাদ্দ করেছি তাদের দেবার জন্য। আমরা জানি বেকার ভাতার মধ্যে দিয়ে সার্বিক সমস্যার সমাধান হবে না, কিন্তু তাদের প্রতি আমাদের দায়বদ্ধতার পরিচয় এর মধ্যে রয়েছে। আপনাদের কথায় আমরা নীতি তৈরি করি না, আপনাদের কথায় এটা তুলতেও পারব না। বাংলার বেকারদের স্বার্থে আমাদের ক্ষমতার মধ্যে আমাদের কাজ করতে হবে। আপনারা ই. এস. আই. সম্পর্কে বলেছেন। এ ব্যাপারে আমি বেশি কথা বলব না। ই. এস. আই. নীতি তৈরি করবার ক্ষেত্রে আমাদের ক্ষমতা কতটুকু, সেসব কথা নিশ্চয়ই ব্যাখ্যা করে বুঝাবার প্রয়োজন নেই, কারণ আপনারা সেটা জানেন। আমাদের এক্ষেত্রে যতটুকু, সুযোগ রয়েছে আমরা শ্রমিকদের স্বার্থের ব্যবহার করবার চেষ্টা করছি। আমরা ই. এস. আই. স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আধুনিক চিকিৎসা-ব্যবস্থা সম্প্রসারিত করবার গত বছরে আমাদের যে বাজেট তাতে যে সংস্থান রেখেছিলাম তার মধ্যে দিয়ে কাজ করেছি।

[4-50 — 5-00 p.m.]

আমাদের শ্রমিকরা যাঁরা এই সুযোগ পেয়ে থাকেন, শুধু আমাদের রাজ্যের মধ্যে নয়, তাদের যদি বাইরে যাওয়ার প্রয়োজন হয় তাহলে সেই ক্ষেত্রে আমরা সেই সুযোগ তাঁদের দিয়ে থাকি। কিন্তু এই ক্ষেত্রে যে অর্থনৈতিক বিন্যাস সেই বিন্যাস আমরা চাইলেই পরিবর্তন করতে পারি না। ১ বছরের মধ্যে আমাদের দুর্গাপুরে যে ই. এস. আই. হাসপাতাল সেটা চালু করা হয়েছে। যাঁরা সমা[illegible]না করেন হাসপাতালে তাঁরা গিয়ে দেখে আসতে পারেন সেই হাসপাতাল। তাঁদে[illegible]দি কোনও মন্তব্য থাকে পরামর্শ থাকে তাহলে দেবেন, আমরা গ্রহণ করব। আ[illegible]র মানিকতলায় যে হাসপাতাল আছে তাকে উন্নত করার জন্য চেষ্টা করছি। [illegible]মরা জানি যে আমাদের সমস্যা আছে। সর্বক্ষেত্রে সমস্যা সম্পূর্ণভাবে মুক্ত এই রকম

একটা জায়গায় আমরা নেই। আমাদের যা আছে তার মধ্যে দাঁড়িয়ে তাদের সুযোগ কি ভাবে সম্প্রসারিত করা যায়, আরো বেশি সুযোগ কি করে মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় তার চেষ্টা করছি। আমাদের যে শ্রমিকরা চিকিৎসার জন্য আসে তাদের কাছে সুযোগ পৌঁছে দিতে হবে সেই দায় বদ্ধতার কথা আমরা জানি। সেই দায় বদ্ধতা নিয়েই আমরা কাজ করি। কিন্তু আপনাদের নীতিতে যদি শিল্প বন্ধ হয়, আপনাদের নীতিতে যদি শিল্প দুর্বল হয়, আপনাদের নীতিতে যদি ই. এস. আই. যে সুযোগ দেওয়ার জন্য যে টাকা দেওয়ার কথা মালিকদের, তারা যদি তালা বন্ধ করে দিয়ে চলে যায় তাহলে সেই ক্ষেত্রে আমাদের যা করণীয় আমরা তা করি। কিন্তু এই অবস্থার মধ্যে শ্রমিকদের যে সুযোগ দেওয়ার কথা সেটা সেই ভাবে সম্প্রসারিত করা সম্ভব হয় নি। আমরা জানি সেই সব কথা আপনাদের শুনতে খারাপ লাগবে, সেই সব কথা গায়ে বাজবে। কিন্তু গায়ে বাজলেও তো করার কিছু নেই। শ্রমিকদের স্বার্থে মানুষের স্বার্থে আমাদের বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি, যে দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা চলছি সেই দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা চলবো। যদি আপনারা আমাদের সঠিক সমালোচনা করেন, আমাদের চলার পথে আপনারা যদি পরামর্শ দেন এবং সেই পরামর্শ যদি গ্রহণযোগ্য হয় নিশ্চয়ই আমরা সেই পরামর্শ মেনে নেব। কিন্তু পরামর্শ বিহীন যদি সমালোচনা করেন এবং সমালোচনার নামে যদি কিছু সত্যের অপলাপ করে কিছু কথা এখানে উৎথাপন করেন তাহলে তাকে আমরা গ্রহণ করতে পারব না।

(গোলমাল)

আরো শুনতে হবে, আরো ২ জন আছে শুনতে হবে। আমার বাজেট বরাদ্দের যে দাবি সেই দাবির প্রতি যাঁরা সমর্থন জানিয়েছেন তাঁদের ধন্যবাদ জানাই, যারা বিরোধিতা করতে গিয়েও কিছু ভাল পরামর্শ দিয়েছেন সেই পরামর্শ গ্রহণ করে তাঁদেরকে ধন্যবাদ জানিয়ে এবং সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমাদের বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ সেলিম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শ্রম দপ্তর এবং কর্ম বিনিয়োগ ক্ষেত্রে যে ব্যয়-বরাদ্দ নিয়ে আলোচনা হচ্ছে তাতে আমার একটা ক্ষুদ্র বিষয় আছে। আমি মাননীয় সদস্যদের পাঁচ মিনিটের মতো ধৈর্য্য আশা করব। এখানে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় আছে যা নিয়ে আমরা সকলে সকাল থেকে এই পক্ষ ওই পক্ষ সবাই সেই বিষয় নিয়ে আমরা চিন্তিত। এখানে কয়েকটি বিষয় যা

এসেছে আলোচনার মধ্যে ঘুরে ফিরে, আমি সেই ব্যাপারে কয়েকটি কথা বলবো। আমার বিষয়টা হচ্ছে যে কারিগরি শিক্ষা এবং শিল্প বিষয়ক শিক্ষণ, তার যে প্রতিষ্ঠানগুলি আছে সেইগুলি চালানো শ্রম দপ্তর এবং আমাদের যে কর্মবিনিয়োগের বিষয় বা কর্মসংস্থান, সেই বিষয়টা আছে তার সঙ্গে যুক্ত। কাজেই বাজারে যে যুবক যুবতী প্রতি বছর প্রবেশ করছে, তাদেরকে তার উপযুক্ত করে, শিল্প কৃষি অর্থনীতি যে স্তরে বিকাশের উপর দাঁড়িয়ে তার উপযোগী করে প্রশিক্ষণ দিয়ে গোড়ে তোলার দায়িত্ব হচ্ছে আমদের এই দপ্তরের ক্ষুদ্র কাজ। সেটা ট্রাডিশনালি চলছিল এবং চলছেও। কিন্তু যে ভাবে আমরা একটা স্তরে পৌঁছেছি, এখন একটা টানজিশন চলছে তাতে কিন্তু সবাই আমরা চিন্তিত এবং সেটাই আজকে ঘুরে ফিরে আলোচনার মধ্যে আসছে। আজকে আমরা এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে দক্ষতার প্রশ্নে নতুন কিছু দক্ষতা নতুন কিছু পেশা সাধন করে নিতে হচ্ছে এবং আমরা বাধ্য হচ্ছি সেটা করতে। সবটা খুব স্বতঃপ্রণোদিত হচ্ছে তা নয়। আমরা যে শিল্পোন্নয়নের কথা বলছি আমাদের রাজ্যে এবং কর্মসংস্থানের উপর আমরা যে গুরুত্ব দিচ্ছি তার দিকে তাকিয়ে, আমাদের যে শিল্প শিক্ষার প্রতিষ্ঠান আছে সে পলিটেকনিক হোক আই. টি. আই. হোক কমিউনিটি পলিটেকনিক হোক অথবা সর্ট টার্ম ভোকেশনাল কোর্স হোক, আরো কিছু সরকারি এবং বে-সরকারি এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান গুলিকে যুক্ত করে আজকের কাজের বাজারের উপযোগী করে শিক্ষাকে আরো বেশি ডাইভারসিফাই করার চেষ্টা করছি, আধুনিকীকরণ করার চেষ্টা করছি।

আমরা আধুনিকরণের চেষ্টা করছি। আমাদের বাজেটে সেদিকে দিক নির্দ্দেশ করা হয়েছে। সেটা করতে গিয়ে আমাদের কিছু সাফল্য এসেছে, আবার কিছুটা অসুবিধারও সম্মুখীন হয়েছি। মাননীয় সদস্যরাও সেদিকেই নির্দেশ দিয়েছেন। আমি কিছু শিক্ষা শিক্ষণ এবং প্রশিক্ষণের কথা বলছি। আসলে আগে আমাদের দেশে যেটা ছিল, শ্রম-নিবিড় শিল্প তৈরি হয়েছিল। যার ফলে দক্ষ এবং অদক্ষ শ্রমিকদের দিয়ে কাজ চালানো যেত। কিছু ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং দিয়ে কাজ চালানো যেত। কিন্তু ক্রমাগত কাজটা যেদিকে যাচ্ছে, কাজটি ফর্মাল এবং নন-ফর্মালের দিকে শিফট করছে, যার ফলে রাজ্য সরকার আরও কিছু দ্রুত গতিতে যেতে চাইছে। এটা দেশব্যাপী শুধু নয়, পশ্চিমবঙ্গে সেটা করতে গিয়ে কিছু ট্রেপিংয়ের ব্যবস্থা হচ্ছে। সেটাকে কনস্ট্যান্টলি করানোর প্রচেষ্টা নিয়ে আমরা নতুন নতুন কারিকুলাম করেছি। আমাদের পলিটেকনিকগুলিতে ইলেকট্রনিক্স, কম্পিউটার এবং আরো বিভিন্ন বিষয়ে আমরা ট্রেনিং কোর্সগুলো চালু করেছি। আরও চালু করা হবে। এই বছর থেকে

আরও কিছু চালু করা হবে। আই. টি. আই.-তে যেসব বিষয়গুলো পড়ানো হোত না, আমরা সেগুলোকে পড়াচ্ছি। মাননীয় সদস্যদের কাছ থেকে আশা করি, সহযোগিতা পাওয়া যাবে। তাঁরা ভাবনা-চিন্তা করে আশা করি আমাদের পরামর্শ দিতে পারবেন। আমরা এই বিষয়ে কনস্ট্যান্টলি মণিটরিং করছি। আগে আমাদের দেশে অদক্ষ, অশিক্ষিত শ্রমিকদের যে কাজের বাজার ছিল, তা ক্রমাগত সংকুচিত হচ্ছে। আমাদের দেশে ৭০-৭৫ শতাংশ মানুষ কৃষি কাজের ওপরে সংযুক্ত ছিল। সেই ক্ষেত্রটা যখন ক্রমাগত কমে আসতে লাগলো, তখন তারা খনিতে কাজ করার জন্য আসতে শুরু করলো। খনিগুলো বন্ধ হয়ে আসছে। অনেক খনি মেকানাইজড হয়ে যাচ্ছে এবং অনেক খনি বেসরকারিকরণ হচ্ছে। এইভাবে অদক্ষ শ্রমিক যখন কাজের বাজারে কাজ পায় না, তখন তারা নির্মাণ শিল্পে যায়। এইক্ষেত্রে কাজ কিছু বেড়েছে। কিন্তু যেভাবে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপ করেছে এবং যে ভাবে হাইলি মেকানাইজড হয়ে যাচ্ছে, তাতে টেকনোলজি ইনটেনসিভ হয়ে যাওয়ার ফলে যে সমস্ত শর্তগুলো আরোপ করা হচ্ছে, তাতে দাঁড়িয়ে—যেভাগে টেন্ডার হচ্ছে, প্লান্টসে ইকুইপমেন্টগুলো বাইরে থেকে আসছে, ফলে ক্রমাগত কাজের জায়গা কমে যাচ্ছে। আমরা ক্রমশ টেকনোলজি ইনটেনসিভ এবং ক্যাপিটাল ইনটেনসিভের মধ্যে প্রবেশ করছি। ফলে শ্রমিকরা নির্মাণ শিল্প থেকে যেখানে আসছে, সেটি হচ্ছে ট্রানস্পোর্ট। সেখানে আমরা কিছু কাজ দিতে পারি। কিছু ট্রেনিং দিয়ে ট্রানস্পোর্ট শিল্পে—টু'র এবং ট্রাভেলসে কিছু কাজ দিতে পারি। সেজন্য ট্রানসপোর্ট শিল্পে আমরা তাদের প্রশিক্ষণের দিকে জোর দিচ্ছি। সার্ভিস সেক্টরে যে ফর্মেশন তাতে কিছুটা স্কিল বাড়াতে হবে। আমাদের দপ্তর এটাকে আপগ্রেড করার চেষ্টা করছে। সেদিকে আমাদের দপ্তর নজর দেবে। এখানে যে কথাগুলো সকাল থেকে বলা হয়েছে সেটা হচ্ছে চাকুরি। সেজন্য এই ধরণের বিষয়ের ওপরে আমরা গুরুত্ব বাড়াচ্ছি। সেজন্য আমি মনে করি, আমাদের বাজেটে যে প্রস্তাবগুলো আছে, তার গুরুত্বকে স্বীকার করে নিয়ে আপনারা একে সমর্থন জানাবেন। ধন্যবাদ।

**শ্রী মহম্মদ আমিন ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আজকের এই বাজেট বরাদ্দের দাবিতে প্রায় সাড়ে তিন ঘন্টা ধরে যে আলোচনা হলো, সেটা আমি মনোযোগ সহকারে শুনেছি। যাঁরা আলোচনা করেছেন তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি। যাঁরা আলোচনা করতে গিয়ে কতগুলো স্পেসিফিক প্রবলেমস্ নিয়ে কথা বলেছেন, সেগুলিকে আমি নোট করে নিয়েছি যাতে পরবর্তী সময়ে আলোচনা করতে সুবিধা হয়। শিল্পের পরিস্থিতিতে একটা জটিলতা সৃষ্টি হয়েছে, এটি সারাদেশে আছে,

এখানেও আছে। কলকারখানা বন্ধ সারাদেশে আছে, আমাদের এখানেও আছে। অর্থনীতি যেটা সারাদেশে আছে, সেটা সব রাজ্যেই থাকবে, কিছু তারতম্য এখানে থাকতে পারে। এই হেভি অডসু-এর বিরুদ্ধে মানুষকে কতটা রিলিফ দেওয়া যায়, কতটা উন্নতি করা যায়, 'লেবার ইন ওয়েস্ট বেঙ্গল তাতে আপনারা দেখেছেন, আমাদের সাফল্যের কথা আছে, আবার বিফলতার কথাও আছে।

[5-00 — 5-10 p.m.]

আমরা এই দাবিও করি না যে সব আমরা করে দেব, কেন না এটা সম্ভবও নয়। পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় কখনোই এই সমস্যার সমাধান করতে পারবে না। তাই আমরা এই ব্যবস্থার মধ্যে থেকে আমাদের ঐক্যতা থাকা সত্ত্বেও শ্রম দিয়েও এটাকে সম্পূর্ণ উল্টে দেওয়া যাবে না। এখানে কয়েকজন সদস্য বললেন আপনারা কথায় কথায় কেন্দ্রীয় সরকারকে দেখাচ্ছেন যে বিদেশ থেকে মাল আসছে বলে। বিদেশ থেকে বন্যার মতো এবং জলের মতো কাঁচা মাল আসছে আর একটার পর একটা কারখানা উঠে যাচ্ছে আর এরজন্য রাজ্য সরকারকে দায়ী করবেন আপনারা? বিদেশ থেকে যে মাল আসছে এবং এখানকার শিল্পের ক্ষতি হচ্ছে কে দায়ী তারজন্য বলুন। প্রথমেই আমি চট নিয়ে বলছি—এই যে বিদেশ থেকে ৬৫ হাজার টন চট এসেছে এতে কেন্দ্রীয় সরকারের নিষধাজ্ঞা জারি করেছেন যে খাদ্যশস্যের প্যাকেজিং এর ক্ষেত্রে এটা ব্যবহার করা হবে না। ওই নিষেধাজ্ঞা কাগজেই থেকে গেল—কে দেখবে বলুন। এরজন্য ওইকথা বলতে হচ্ছে। গত বছর ৬৫ হাজার টন চট এসেছে, এ বছর আরো বাড়বে আপনারা এটা বন্ধ করুন, এখানে লেবার মিনিস্টার কি করবেন। আমরা যখন ভোটের পরে শপথ নিচ্ছি তখন দেখলাম একটার পর একটা কারখানা বন্ধ হয়ে গেল। ১৮ তারিখে আমরা শপথ নিলাম, তারপরেই ওই মালিকদের আমরা ডাকলাম, বললাম আপনারা সরকারকে একবার জানানোর দরকার বলে মনে করলেন না। লক-আউট করার আগে একবার সরকারকে জানানোর দরকার বলে মনে করলেন না। আই ডি অ্যাক্টে তো একটা প্রভিশন আছে যে ইচ্ছা করলেই যখন তখন কলকারখানা বন্ধ করা যায় না। সেখানে আপনারা কাউকে না জানিয়েই কারখানা বন্ধ করে দিলেন। আগে তো লেবার কমিশনের কাছে আপনাদের আসতে হবে, চেষ্টা করতে হবে সমস্যার সমাধান করতে। এক্ষেত্রে অবশ্য আমি বলছি যে, শ্রমিকদের যেমন নায্য পাওনার দরকার তেমনি তাদেরও কর্তব্য পালন করতে হবে। শ্রমিকদের কোনও অংশ যদি তা না করে তাহলে

তাদেরকেও বঞ্চিত হতে হবে। তবে আমাদের পশ্চিমবঙ্গের ট্রেড ইউনিয়ন অনেক শক্তিশালী এবং এটা আমাদের কাছে একটা গর্বের বিষয়ও। এর যে কিছু দোষ-ত্রুটি নেই একথা বলছি না কিন্তু সচেতন এবং সংগতি ট্রেড-ইউনিয়ন থাকলে কাজ চালাতে সুবিধা হয়। এদিক থেকে পশ্চিমবঙ্গ এগিয়ে আছে। এসব ক্ষেত্রে আমাদের ইউনিয়ন এবং মালিকপক্ষকে ডাকতে হয়। মালিক পক্ষ তখন বলেন উৎপাদন আর না যদি বাড়ে তাহলে আমাদের কারখানা চালাব কি করে। এই প্রসঙ্গে আমি জানাই যে, আমি নিজে জুটমিলে ৫ বছর ধরে শ্রমিক হিসাবে কাজ করেছি। কাজ করেছি। পাঁচ বছর ধরে মেশিন চালিয়েছি। সুতরাং শ্রমিকদের দুঃখকষ্ট কি সেটা দেখার জন্য বই পড়ার দরকার নেই। আজকে ৫০ বছর ধরে চটকলের মালিকদের অবস্থা দেখে আসছি। তারা কখনোই বলবে না যে অবস্থা ভাল। সব সময়ে বলেন যে সংকট চলছে, মুনাফা হচ্ছে না ইত্যাদি। কিন্তু কারখানার ঠিকই প্রোডাকশন বেড়ে যাচ্ছে। যারফলে শ্রমিকরা কাজ করতে চায় না। এর কি জবাব দেবেন বলুন। গত বছরে জুট উৎপাদন হয়েছে ১৬ লক্ষ টন, এটা গত বছর বেড়েছে, এই বছর আবার বাড়বে। এই অবস্থার মধ্যে থেকে আমরা কারখানার মালিকদের বলি যে, আপনারা কারখানা বন্ধ করবেন না, খুলে দিন। আপনাদের সমস্যা থাকলে বসে আলোচনা করা যাবে। আরেকটা দুঃখজনক ঘটনা ঘটেছে সেটা হচ্ছে যে, বাঁশবেড়িয়া জুটমিল, গ্যানজেস জুটমিল, এবং কয়েকদিন আগে হাওড়া জুটমিল বন্ধ হয়ে গেছিল। বাঁশবেড়িয়া জুটমিল সম্পর্কে মালিকদের সঙ্গে বসে বলেছি খুলে দেবার জন্যে।

কারখানা চালু হয়ে গেছে। শ্রমিকদের কোনও দাবির ব্যাপার ছিল না। সমস্যা কিছু আছে এবং তারজন্য শ্রমিকদের সর্তক হতে হবে। শ্রমিকদের সমস্যা থাকলেই সেটা সমাধানের জন্য বাইরে থেকে কোনও লোককে নিয়ে এসে উত্তেজিত করে ভায়োলেন্স সৃষ্টি করে তো লাভ নেই। তাতে তো ক্ষতি হবে। জেনে রাখবেন ট্রেড ইউনিয়ন আন্দোলনে ভায়োলেন্সের কোনও জায়গা নেই, ঘেরাওয়ের কোনও জায়গা নেই। ১৯৬৭ সালে কি হয়েছিল এটা ধরে আজকে আলোচনা করে লাভ কি। শোভনবাবু আপনিও তো ট্রেড ইউনিয়ন করেন। দরকার কি ১৯৬৭ সালের কথা তুলে আপনাদের। শোভনবাবু, আপনি তো জানেন ট্রেড ইউনিয়নের একটা ফরম্ আছে, ফর্মের বাইরে যাবেন কেন ওতে তো শ্রমিকদের ক্ষতি হবে। অন্যায় যে করবে সে শাস্তি পাবে। এখানে যে প্রচেষ্টা চলছে তাতে ট্রেড ইউনিয়নের কিছু লোক, আমাদের কিছু প্রতিনিধি এবং রাজ্য সরকারের কিছু অফিসারদের নিয়ে ট্রাই পা ট্রাইট নেগোশিয়েশন শুরু করতে যাচ্ছি।

মোটামুটি সবাই রাজী হয়েছে যে আলোচনাটা হোক, খোলাখুলি আলোচনাটা হোক না। আলোচনায় কি সমস্যা আছে? তথ্য আছে, প্রমাণ দিতে হবে, বলতে হবে, তারপরে এটা চেষ্টা করতে হবে যাতে একটা জায়গায় আনা যায়। একজন মাননীয় সদস্য বললেন, বেকার ভাতা ৫০ টাকা ছিল, সেটা কোথায় গেল? বোধহয় উনি নতুন সদস্য, এর আগে বিধানসভায় ছিলেন না। গত বছরেই ৫০ টাকা বন্ধ করে, একসাথে আড়াই হাজার টাকা করে দেওয়া হয়েছে। এই টাকা ৫৩ হাজার রেজিস্টার্ড আন-এমপ্লয়েড বেকার যারা তারা পেয়েছেন। সারা পশ্চিমবাংলায় যারা এই টাকা পেয়েছেন তাদের আমরা বলেছি, এই যে আড়াই হাজার টাকা সরকার দিল এর সাথে আরো কিছু টাকা নিজেরাও যোগাড় করুন, যোগাড় করে কিছু ছোটখাটো কাজ করুন। এই স্কিমটাকে আরো উন্নতি করার ইচ্ছা আছে। এই ব্যাপারে ডিটেল কোনও সিদ্ধান্ত হয়নি। তাই আমি এখনি কিছু বলছি না। স্যার আর একটি কথা এখানে উঠেছে, এই সরকার শ্রমিক দরদি সরকার কেন দাবী করে? অনেকগুলি কাজ আমরা করেছি যেটা ভারতবর্ষের কোথাও নেই, এই যে ৪০ হাজার শ্রমিক যাদের কারখানা বন্ধ হয়ে গেছে তাদের মাসে মাসে ৫০০ টাকা আমরা দিচ্ছি, ওদের কংগ্রেস গভর্নমেন্ট তো অনেক জায়গায় আছে, দিল্লিতে আছে, রাজস্থানে আছে, এটা ভারতবর্ষের কোথাও আছে নাকি? একটা রাজ্য দেখিয়ে দিন না তাহলেই মেনে নেব। আমরা তো কিছু করে দেখিয়েছি, অন্য জায়গায় হচ্ছে না। এটা যদি তুলনামূলকভাবে স্টাডি না করেন তাহলে পশ্চিমবাংলায় আপনারা বুঝতে পারবেন না কি অবস্থা হয়েছে। শুধু বিরোধিতার জন্য বিরোধিতা না করে যেটা ভাল কাজ সেটাকে ভাল বুলন, বিরোধিরা যদি ভাল কিছু করে তাহলে সেটা ভাল বলতে কোনও দোষ নেই। একটা কথা ঠিকই বলেছেন এমপ্লয়ার না এমপ্লয়ি— এটা ছাপার ভুল, এটা এমপ্লয়ি হবে। এখানে দুইজন সদস্য বলেছেন যে বাজেট বক্তৃতার মধ্যে সাম্প্রদায়িকতার কথা কেন বলছেন? আমরা সাম্প্রদায়িকতার কথা বললে গায়ে লাগে। সাম্প্রদায়িকতার ভিত্তিতে আমাদের দেশটা ভাগাভাগি হয়ে গেল, ইতিহাসে এতবড় সর্বনাশ আর কোনওদিন হয়েছে নাকি? তার থেকে কি কোন শিক্ষা নেব না? সাবধান হবো না হুঁশিয়ার হবো না? সাম্প্রদায়িকতার কথা হলে শ্রমিকরা বিভক্ত হয়ে যাবে, রক্তা-রক্তি হয়ে যাবে, এতে মালিকপক্ষের লাভ হবে। এই যে পশ্চিমবাংলায় মানুষ আমাদের কথা শুনেছে, এটা আনন্দের কথা, আনন্দের বিষয়। আপনারা দেখবেন সাম্প্রদায়িকতার ভোট একটাও পায়নি, বি. জে. পি. ২৪০টা সিটে ক্যান্ডিডেট দিয়েছিল, একটাও জিততে পারেনি, জামানত বাজেয়াপ্তর

রেকর্ড করেছে। গতবারে এখানে একজন ছিল, এবারে নেই। মুসলিম লিগ তারা ৭টি সিটে প্রার্থীপদ দিয়েছিলেন, তারা একটি আসনের সিটেও জিততে পারেনি। পশ্চিমবাংলার মানুষ হিন্দু বলে মুসলমান বলে কাউকে ভোট দেয়নি। সেক্যুলারিজিম এর পক্ষে তারা ভোট দিয়েছে এটা আনন্দের কথা। আমরা সাম্প্রদায়িকতার কথা বললে খারাপ লাগে? যারা বলেন মন্দির এঁহি বানয়েঙ্গে—তখন সেটা খারাপ লাগে না? আর কি করতে চান, সেজন্য আমরা সাম্প্রদায়িকতার কথা বলে ঠিক করেছি। স্যার, আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত শিল্প আছে তাদের সবাইকে বাঁচাবার চেষ্টা করেছি, চা শিল্প এখনো ঠিক আছে।

[5-10 — 5-20 p.m.]

কিন্তু বাংলাদেশের চা, মালয়েশিয়ার চা, শ্রীলঙ্কার চা, এইসব বিদেশি চা যদি আমাদের এখানে ঢোকে তাহলে সঙ্কট দেখা দেবে। চটশিল্প সম্পর্কে আমি এখনও আশাবাদী। আশাবাদী এইজন্য ভারতবর্ষে খাদ্য উৎপাদন বাড়ছে, আমাদের খাদ্য উৎপাদন বাড়লেই চটের প্রয়োজনীয়তা হবে। মালিকরা যাই বলুক না কেন, চটশিল্পের ভবিষ্যৎ আছে। কিন্তু এর দুটো বিপদও আছে—একটা হচ্ছে, বাংলাদেশের চট, আরেকটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের সিনথেটিককে সাহায্য করা। আগে তো সিমেন্ট, ইউরিয়ার ক্ষেত্রে সিনথেটিক ছিল, এখন শুনছি যে খাদ্যশষ্য এবং সুগার এটারও টেন পার্সেন্ট চলে যাবে। আপনারা এটা বললেন না তো কেন্দ্রীয় সরকার অন্যায় কাজ করছে। চটশিল্পকে বাঁচাবার জন্য প্যাকেজিং মেটিরিয়াল অ্যাক্ট, যেটা কেন্দ্রীয় সরকারের হাতে, এটা তো আমাদের হাতে নয়, এই পরিস্থিতিতে যদি শ্রমিক, মালিক এবং সরকার, তিনজন মিলে বসে আলোচনা করে তাহলে কাজটা বোধহয় করা যাবে। একজন এখানে বলেছেন, চটকলের মালিকরা বে-আইনি কাজ করলে আপনার দপ্তর বা সরকার কোনও আইনি ব্যবস্থা নিচ্ছেন না কেন? অতীতে তিনটি কেসে সেকশন টেন (থ্রি) করা হয়েছিল। পরের দিনই মালিকরা হাইকোর্টে চলে যায়, স্টে অর্ডার নিয়ে চলে আসে। ট্রাইবুনালের রেফারেন্স নিয়ে ওরা বলছে মিলটি খোলা যাবে না। ফলে অচলাবস্থার সৃষ্টি হচ্ছে। আইনের তো একটা সীমাবদ্ধতা আছে, এটা না বুঝলে হবে না। আইনের ব্যবস্থা করার যে কথাটা বলছেন তার থেকেও ভালো হচ্ছে খোলাখুলি আলোচনা করে একটা জায়গায় নিয়ে আসা যায় কিনা। তা নাহলে সরকারকে অন্য ব্যবস্থা করে সমস্যার সমাধান করতে হবে। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। বিরোধী পক্ষের দু-তিনজনের কথা শুনে, আমার একটা

গল্প মনে পড়ে গেল। কুতুব মিনারের পাশ দিয়ে তিনটে লোক যাচ্ছিল, তারা আফিঙের গুলি খেয়ে টং হয়েছিল। তাদের মধ্যে একজন বলছে কুতুব মিনারটা এত লম্বা হল কি করে বলতো। প্রথম জন বলল, আগেকার মানুষরা সব বড় বড় ছিল, তাই আগেকার জিনিসগুলো সব লম্বা হত। দ্বিতীয় জন বলল, এই জিনিসটা, মাটিতে শুইয়ে ইটগুলো লাগানো হয়েছিল, কমপ্লিট হওয়ার পর সেটাকে সোজা করে দাঁড় করানো হয়েছিল। তৃতীয় জন বলল, তোরা দুজনই ইডিয়ট। এটা একটা গভীর কুয়ো ছিল। ভূমিকম্পে কুয়োটা উঠে কুতুব মিনার হয়ে গেছে। আজকে বিরোধী পক্ষের অবস্থা হয়েছে সেই রকম, ওরা শিল্পের সমস্যাগুলোও জানেনা, শিল্প জানেনা, ট্রেড ইউনিয়নও জানেনা। সর্বশেষে আমি বলব যারা বিরোধিতা করছেন তারা বিরোধিতা করে যান, আমরা আমাদের কথা ও কাজ করে যাব। আমার বক্তব্য শেষ করব মির্জা গালিবের শোক্র দিয়ে—

یارب وہ نہ سمجھے ہیں نہ سمجھیں گے میری بات

دے اور دل انکو جو نہ دے مجھکو زباں اور

## DEMAND NO. 39

The Motion of Shri Kashinath Mishra, Shri Subrata Mukherjee and Shri Abdul Mannan, that the amount of the Demand be reduced by Re. 1 and the motion Dr. Ashish Banerjee, Shri Ardhendu Maity, Shri Pankaj Banerjee, Shri Tomonash Ghosh, Shri Moloy Ghatak, Shri Ashok Kr. Deb, Dr. Ratna De (Nag), Dr. Soumen Kumar Mahapatra, Shri Debaprasad Sarkar, Shri Bankim Ch. Hazra, Shri Mahabubul Haque, Shri Gyan Singh Sohanpal, Shri Mostaque Alam, Shri Joytipriya Mallick, Shrimati Manju Basu, Shri Abdul Mannan, Shri Kamal Mukherjee, Shri Saugata Roy, Shri Dipak Kr. Ghosh, Shri Biman Chakraborty, Shri Mohan Jatua Chowdhury and Shri Kashinath Misra, that the amount of the demand be reduced by Rs. 100.

were then put and lost.

The Moton of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 76,98,07,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labour and Employment" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 25,66,02,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.17 p.m. till 11 a.m. on Tuesday, the 10th July, 2001 at the "Assembly House" Kolkata.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber in the Assembly House, Kolkata, on Tuesday, the 10th July, 2001 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 02 Ministers of State and 173, Members.

[11-00 — 11-10 a.m.]

## HELD OVER STARRED QUESTIONS
### (to which answers were given)

**বন্ধ কারখানা**

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭) **শ্রী নির্মল ঘোষ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জানুয়ারি-মে ২০০১ সময়কালে রাজ্যের বন্ধ কারখানাগুলি খোলার ব্যাপারে কি কি পরিকল্পনা গ্রহন করা হয়েছে?

**শ্রী মহম্মদ আমিন :**

সালিশী সভার মাধ্যমে বন্ধ কারখানাগুলি খোলার নিরন্তর প্রয়াস চালানো হচ্ছে।

**শ্রী নির্মল ঘোষ :** মাননীয় মন্ত্রী বলেছেন যে, শ্রম দপ্তর নিরন্তর প্রয়াস চালাচ্ছে। এই রাজ্যে সব ট্রেড ইউনিয়ন মিলে একটা অধিকার আমরা পেয়েছি। কিন্তু আপনি কি খবর রাখেন যে সমস্ত বাইপারটাইট এগ্রিমেন্ট সমস্ত এই অধিকারগুলিকে খর্ব করে তারা এগ্রিমেন্ট গুলিকে বাধ্য করছে ম্যানেজমেন্ট। পরবর্তীকালে গভর্নমেন্টই সেগুলিকে অ্যাপ্রুভাল দিয়ে দিচ্ছে। কেন আপনারা অ্যাপ্রুভাল দিচ্ছেন প্লিজ রিপ্লাই মি।

**শ্রী মহঃ আমিন :** কারখানা বন্ধ হয়ে যাওয়ার পরে ট্রাইপারটাইট মিটিং ডাকা হয়। অনেক সময় ট্রাইপারটাইট সেটেলমেন্ট হয়। আবার অনেক সময় মালিক পক্ষ

থেকে যখন কিছু দাবি করেন যেটা আইন বহির্ভূত। সেটা রাজ্য সরকার কখনই মানে না। কিন্তু অবস্থার চাপে পড়ে কোনও কোনও সময় শ্রমিকদের পিছনে হঠতে হয়। কিন্তু বাইপারটাইট এগ্রিমেন্ট যেটা আইন অনুযায়ী নয় সেটা রাজ্যে সরকার থেকে অনুমোদন করে না।

**শ্রী নির্মল ঘোষ :** মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন - বন্ধ কারখানা খোলার জন্য আর্থিক যে অসঙ্গতি রয়েছে, সেই কোম্পানিগুলির মধ্যে এবং শ্রম বিরোধের জন্য কোনও এক্সপার্ট কমিটি আপনি তৈরি করেছেন কিনা যে আর একটু থরো স্টাডি করার জন্য বি আই এফ আর স্টাডি করে যেগুলি রেফার করে দিয়েছে যে তাদের কিছু আর করার নেই। যেগুলি বি আই এফ আর এ নেই। সেগুলি ক্ষেত্রে আপনি কোনও মেশিনারি শ্রম দপ্তর থেকে বা ট্রেড ইউনিয়ন বা আমাদের অল পার্টির সদস্যদের নিয়ে কোনও এক্সপার্ট কমিটি করার কোনও পরিকল্পনা আছে কিনা বলবেন।

**শ্রী মহম্মদ আমিন :** মাননীয় সদস্য কালকের আলোচনায় শুনেছেন যে আমি বলেছি যে চটশিল্প নিয়ে খুবই জটিলতার সৃস্টি হয়েছে। এটা নিয়ে আমরা খুবই চিন্তিত আছি। চটশিল্প এর অবস্থটা একটা ডেলিকেট পোজিশনে চলে গেছে। কিন্তু আই-এফ আরে নাম গেছে কোনও সলিউশন হচ্ছে না। যে সমস্ত বি. আই. এফ. আর রেফার করা হয়েছে তারা যে প্যাকেজ দিচ্ছে তারপর ব্যাংকগুলো টাকা দিতে অস্বীকার করে। এর ফলে ব্যাপারটা কিছুই এগোয় না। কিছু মামলা হাইকোর্টে রয়েছে। আমরা শক্ত হাতে ধরেছি। আমরা ট্রেড ইউনিয়নগুলোর সাথে আলোচনা করেছি, মালিক পক্ষের সাথেও আলোচনা করেছি, এই প্রস্তাব রাখা হয়েছে যে ট্রেড ইউনিয়নের চারজন প্রতিনিধি, ৪ জন মালিকপক্ষের প্রতিনিধি এবং তিনজন রাজ্যসরকারের প্রতিনিধি হবে মোট ১১ জনের একটা কমিটি করা হবে। এই কমিটি সব বিষয় নিয়ে খোলা মনে আলোচনা করবে। যেগুলি মিটমাট হয়ে যাবে সেগুলি ঠিক আছে আর যেগুলি মিটমাট হবে না, সে ক্ষেত্রে রাজ্যসরকার পরবর্তী পদক্ষেপ নেবে।

**শ্রী নির্মল ঘোষ :** আপনি বলেছেন যে ১৯ জনের কমিটি করবেন। ঠিক আছে আমরা অপেক্ষা করে থাকব, দেখব কতদুর কি হয়। আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে যে যে সমস্ত কারখানা বন্ধ আছে, রাউন্ড অ্যাবাউট ৫৯ হাজার শ্রমিক কর্মচারী এর সাথে যুক্ত আছে। এর মধ্যে ৪০ হাজার শ্রমিক কে আপনি ৫শো

টাকা করে দেবেন বলে বলেছেন যাদের কারখানা বন্ধ আছে। আপনার দপ্তর কি করে ৪০ হাজার মানুষকে ডিটারমাইন করলেন যেখানে ছোট, বড়, মাঝারি শিল্প নিয়ে প্রায় দু লক্ষের বেশি মানুষ অ্যাফেকটেড হয়ে আছে। আপনার কি কোনও পরিকল্পনা আছে যারা অ্যাফেকটেড তাদের প্রত্যেককে কি আপনি ৫শো টাকা করে দেবেন। এই ব্যাপারে কি আপনি কিছু ঘোষনা করবেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এক বছর এর ওপর যে সমস্ত কারখানা বন্ধ আছে সেই শ্রমিকদেরই এই টাকা প্রাপ্য হয়। অল্প সময়ের মধ্যে যে কারখানা বন্ধ হয়ে থাকে সেখানে এই টাকা প্রাপ্য হয় না। এক মাসের পর যে কারখানা খুলে যাবে সেখানে কি করে এটা দেওয়া হবে। আর যেখানে টাকাটা আমাদের সীমিত, আমরা ২৫ কোটি টাকা ধরেছি, এর মধ্যেই আমাদের চলতে হবে। এক বছরের উপর বন্ধ আছে অথচ টাকা পায় নি এইরকম যদি কোনও কেস থাকে তাহলে আমাকে বলবেন আমি দেখব।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বি.আই.এফ.আর. এগুলির অবলুপ্তির নোটিশ জারি করেছে বলে শোনা গেছে। এই কারখানাগুলির ফেট কি হবে? রাজ্য সরকারের এতে কি ভূমিকা আছে এগুলিকে রক্ষা করার জন্য?

**শ্রী মহঃ আমিন ঃ** এই কারখানাগুলি বন্ধ আছে অনেকগুলি কারণে। মালিকদের ফিনানসিয়াল ইরেগুলারিটিজের জন্য হতে পারে, কাঁচা মাল পাওয়া যাচ্ছে না বলে হতে পারে, ফিনিসড গুডস বাজারে বিক্রি নেই বলে হতে পারে, বিদেশ থেকে যে মাল আসছে তার সাথে কমপিট করতে পারছে না বলে হতে পারে, তাদের লায়বিলিটিজ ইরোডেড হতে পারে, আবার কিছু কারখানায় মালিকানা নিয়ে মালিকদের মধ্যে ঝগড়া হচ্ছে কোর্টে মামলা আছে তার জন্যও হতে পারে। তবে রাজ্য সরকার ইচ অ্যান্ড এভরি কেস অ্যাটেন্ড করছে উইথ অ্যাটমোস্ট অ্যাটেনশন। কোনটা কি করলে খোলা যেতে পারে সেই প্রচেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি। তবে আমরা এ ব্যাপারে সমস্ত অপজিশন পার্টি এবং ট্রেড-ইউনিয়নের সাহায্য কামনা করি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী এই যে বন্ধ কলকারখানাগুলি রাজ্যে অ্যাফেকটেড সেখানে শ্রমিকদের সংখ্যা কতো এবং আপনাদের সরকারের ঘোষিত নীতি অনুযায়ী ৫০০ টাকা করে বন্ধ কলকারখানার শ্রমিকদের দেবেন, তাতে কত জন এই ৫০০ টাকা পেয়েছেন?

**শ্রী মহঃ আমিন :** সারা পশ্চিমবঙ্গে কত কারখানা বন্ধ আছে সেই ফাইলটা এখন নেই, নোটিশ দিলে আপনাকে জানিয়ে দেব। কিন্তু ৫০০ টাকা করে যারা পাচ্ছেন তাদের সংখ্যা ৪০ হাজারের মতো।

**শ্রী নির্মল দাস :** কলকাতা, হুগলিকে কেন্দ্র করে কারখানা বন্ধ হচ্ছে নানা কারনে তেমনি উত্তরবঙ্গে চা বাগিচা ভূবনীকরনের নাম করে হচ্ছে কি না জানি বহু কারখানা বন্ধ হচ্ছে এবং সেখানে প্রায় আড়াই লক্ষ লোক কাজ করে। আপনার দপ্তর থেকে এ ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে। এই অবস্থায় সেখানে কতগুলি কারখানা এবং চা বাগিচা বন্ধ আছে এবং খোলার জন্য কি উদ্যোগ নিয়েছেন? আরেকটা প্রশ্ন ডানলপ কারখানা পৃথিবী বিখ্যাত কারখানা, তারা কেন্দ্রীয় সরকারের কাছে অর্থ সাহায্য চেয়েছে, ঋন চেয়েছে। সেখানে প্রচুর শ্রমিক কাজ করে, এই বিষয়েও যদি আপনি সভাকে অবহিত করেন তাহলে বাধিত হব।

**শ্রী মহঃ আমিন :** ডানলপ, এটা কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট দেখে। এতে লেবার ডিসপিউট নেই, লেবার ডিসপিউট হলে আমাদের কাছে আসে। সম্প্রতি কতগুলি জুটমিল বন্ধ হয়েছে। তবে এটা প্রত্যেক বছর জুন জুলাই মাসে বন্ধ হয়। ওই সময় শ্রমিকদের একটা অংশ দেশে চলে যায় এবং গরমের দিনে এই জুটমিলগুলি নরকে পরিনত হয়। একে উন্নত করবার বা এয়ার কুলার লাগাবার কোন প্রচেষ্টাই মালিকরা করেন না। দ্বিতীয়ত কাঁচা পাটের দাম বেড়ে যায় ওই সিজনের শেষে। এই দুটি কারনে এবং আরও অনেক কারনে মালিকরা এটা বন্ধ করে দেয়। ওই সময় অপারেশনাল মুনাফা কমে যায় বা লসও হতে পারে। মাননীয় সদস্যদের স্মরন করাতে চাই, ১৯৬৭ সালের আগে এই জুটমিলগুলি ব্লক-ক্লোজার হতো , মানে এক সাথে ৭ দিন, ১৫ দিন সব কারখানাগুলি বন্ধ করে দিত সরকারের কাছে অনুমতি নিয়েই। ব্লক ক্লোজারের অনুমতি আমরা দিই না। তাই নানান কারন দেখিয়ে মিলগুলি বন্ধ করা হয়। জুলাই এর শেষা-শেষি যেগুলো বন্ধ আছে তার অধিকাংশই খুলো যাবে। একমাত্র যেখানে কোর্টের ইন্টারডেশন আছে, অর্ডার আছে সেগুলো খুলতে পারবে না । বাকিগুলো খুলে যাবে আর, চা-বাগানে একটা বন্ধ আছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** আজকাল নতুন নতুন অনেক জায়গায় কারখানা বন্ধ হচ্ছে। সাসপেনশন অব ওয়ার্কের নাম করে এবং আরো বিভিন্ন ভাবে হচ্ছে। কোথাও কোথাও লক-আউটও হচ্ছে এবং কিছু কিছু কারখানার ক্ষেত্রে দেখা যাচ্ছে

দীর্ঘদিন ধরে বন্ধ থাকার পর সেই সব কারখানার মালিকরা কারখানার কিছুটা জমি বিক্রি করে দিচ্ছেন এবং সেখানে প্রোমোটিং হচ্ছে। এই রকম ইন্ডাস্ট্রিয়াল ল্যান্ডকে মানুষের বসবাসের জন্য ডোমেস্টিক ল্যান্ডে পরিণত করার অনুমতি রাজ্য সরকার কাউকে দিয়েছেন কিনা? অফিসিয়ালি কাউকে কারখানা বন্ধ করে রেখে এবং কারখানারই জমির একটা অংশে বাড়ি তৈরি করার অনুমতি দিয়েছেন কিনা? এই রকম বহু জায়গায় আছে।

**শ্রী মহঃ আমিন :** কারখানা বন্ধ করার পর তার জমি বিক্রি করার অনুমতি রাজ্য সরকার দিয়েছেন—এই রকম কোনও রিপোর্ট আমার কাছে নেই। যদি আপনার কাছে থাকে আমাকে দেবেন, আমি দেখব। আই উইল লুক ইন দি ম্যাটার।

**শ্রী মেহেবুব মণ্ডল :** আমাদের রাজ্যে বিভিন্ন কারখানা বন্ধ হওয়ার পাশাপাশি দেখা যাচ্ছে এখানকার রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলোতে যে আমানতের টাকা জমা আছে পশ্চিমবঙ্গে তার ৫৫ শতাংশ দেওয়া হলেও মহারাষ্ট্রে ৮০ শতাংশ দেওয়া হয়। তাই আমার প্রশ্ন, বন্ধ কারখানাগুলো খোলার ব্যাপারে রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলো সাহায্য দিচ্ছে কিনা?

**শ্রী মহঃ আমিন :** যেগুলো বি. আই. এফ. আর—এ আছে, বি. আই. এফ. আর.—প্যাকেজ হলে টাকা অ্যাডভ্যান্স করার প্রস্তাব তাতে থাকে। কোনও জুটমিলকে ব্যাঙ্কের টাকা অ্যাডভ্যান্স করার কোনও রিপোর্ট আমার কাছে নেই। কিন্তু মালিকরা যখন লোন নেন, অনেক ক্ষেত্রে তারা পান আবার অনেক ক্ষেত্রে পাননা।

## JUTE MILL CLOSURE

***129.** (Admitted Question No. *684) **Shri Arjun Singh :** Will the Minister-in-charge of the Labour-Department be pleased to state—

(a) whether it is a fact that two Jute Mills under Bhatpara Assembly Constituency have been closed down since last Assembly Election; and

(b) If so, the steps taken by the Government to reopen the same ?

**Shri Md. Amin :**

(a) Three Jute Mills namely Kankinara Jute Mill and Auckland Jute Mill under Bhatpara Assembly Constituency have been closed down on account of suspension of work declared by the management on different dates since last Assembly Election.

(b) Number of bipartite and tripartite meetings with the parties had been convened by the Labour Commissioner's Office for reopening the aforesaid Jute Mills. Attempts are still on for the purpose of getting the Mills reopened early.

**শ্রী অর্জুন সিং :** আমাদের ভাটপাড়া এলাকায় চারটে জুটমিল বন্ধের ক্ষেত্রে দেখেছি যখন থেকে মিলটা বন্ধ হয় লোক্যাল থানা থেকে গিয়ে শ্রমিকদের মার-ধোর করে গেটের বাইরে বের করে দেওয়া হয়। আমি জানতে চাইছি, এক্ষেত্রে রাজ্য সরকারের কোনও ইন্সট্রাকশন আছে কি?

[11-20 — 11.30 p.m.]

**শ্রী মহম্মদ আমিন :** না, সেরকম কোনও ইন্সট্রাকশন নেই।

**শ্রী অর্জুন সিং :** আমার এলাকায় ৪টে কারখানা বন্ধ হয়ে গেছে। এ সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন?

**শ্রী মহম্মদ আমিন :** আপনি যখন বলছেন, আমি এনকোয়ারি করব।

**শ্রী অর্জুন সিং :** আমার এলাকায় এই যে জুটমিলগুলো বন্ধ হয়েছে সেখানে ইলেকশনের আগে মালিক পক্ষ থেকে কোনও ডিমান্ড দেওয়া হয় নি যে, আমার মিলে প্রোডাকশন কম হচ্ছে, ওয়ারকার ডিসপিউট হচ্ছে ইত্যাদি কিছু বলা হয় নি। কিন্তু ইলেকশনের পর মিলগুলো বন্ধ হয়ে গেল, বন্ধ হওয়ার পর মালিকদের কাছ থেকে এমন এমন ডিমান্ড আসছে যেগুলো কোনও ট্রেড-ইউনিয়নই মানতে পারবে না। শ্রম দপ্তরের আধিকারিকের কাছে মিটিং ডাকার কথা বললে তিনি বলেন আপনারা দ্বিপাক্ষিক ভাবে সমঝোতা করে নিন। এ ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, সরকার কি এরকম কোনও নির্দেশ দিয়েছেন?

**শ্রী মহম্মদ আমিন :** মালিকরা যে সমস্ত ডিমান্ড করেন সেগুলো শ্রমিক বিরোধী, আইন বহির্ভূত। গভর্নমেন্ট সেগুলো কখনও সমর্থন করবেন না। লেবার কমিশনারের অফিসে যদি মালিক পক্ষ থেকে এরকম কোনও প্রস্তাব আসে এবং ইউনিয়ন যদি এতে সম্মতি দেন তখন আমাদের বাধ্য হয়ে বলতে হয় যে, এটা আমাদের অফিসে হবে না। আপনারা নিজেরা আলোচনা করে যদি কিছু করতে পারেন সেটা দেখুন।

**শ্রী অর্জুন সিং :** একটু আগে একটি প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন যে, ১৯৬৭ সালের আগে গরমের সিজনে ১৫ থেকে ২০ দিন ধরে জুটমিলগুলোকে বন্ধ রাখতে বলা হতো। চিনি মিলগুলোর মতো এগুলোকে আপনাদের সরকার থেকে ৬ মাস বন্ধ এবং ৬ মাস খোলা রাখার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী মহম্মদ আমিন :** না, সেরকম কোনও পরিকল্পনা নেই।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আমাদের রাজ্যে জুটমিলগুলোতে শ্রমিকদের বকেয়া পি. এফ. এবং ই. এস. আইয়ের বকেয়া কোটি কোটি টাকা বকেয়া আছে সেগুলোকে আদায় করার ক্ষেত্রে কোনও ভূমিকা তিনি নিয়েছেন কি?

**শ্রী মহম্মদ আমিন :** এটা আদায় করার জন্য আইনে ব্যবস্থা আছে। অতীতে রাজ্য সরকার যখন সেই চেষ্টা করেছেন তখন সঙ্গে সঙ্গে মিলগুলো বন্ধ হয়ে গেছে। তখন মিলগুলোর ইউনিয়নের প্রতিনিধিরা আমাদের কাছে এসে বলেছেন যে, আগে মিল খোলার ব্যবস্থা করুন, পরে মিটিং করে ওগুলো আদায় করার জন্য প্রচেষ্টা চালাব। তাতে মালিকদের সমস্যা, শ্রমিকদের সমস্যা মেটানোর চেষ্টা হবে। সুতরাং এখানে একটা ডেলিকেসি রয়ে গেছে। টোটাল কত গ্র্যাচুইটি, পি. এফ. এবং ই. এস. আই. এর টাকা বকেয়া আছে সেটা হিসাব করা শুরু করে দিয়েছি। এর মীমাংসা যখন হবে তখন এটাও মীমাংসা করা হবে যাতে কত টাকা বাকি আছে সেটা একসঙ্গে কি করে পেমেন্ট করা যায় সেটা দেখা হবে।

**শ্রী আবদুল মান্নান :** কয়েকদিন আগে মাননীয় সদস্য শ্রী সৌগত রায়ের একটি লিখিত প্রশ্নের জবাবে আপনি বলেছিলেন, ১৬টি জুট মিল বন্ধ হয়েছে, তার মধ্যে ভাটপাড়া বিধানসভা কেন্দ্রও আছে। হাওড়া জুট মিল ২-৩ দিন আগে বন্ধ হয়েছে। মাননীয় সদস্য শ্রী অর্জুন সিং যেটা বললেন যে, এসব ক্ষেত্রে দেখা যাচ্ছে

যে, লেবার কমিশনারের কাছে গেলে তিনি বলেন আপনারা দ্বিপাক্ষিক আলোচনা করুন। আমি স্পেসিফিক ভাবে জানতে চাই যে, সরকার মধ্যস্থতা করে কতগুলো জুট মিলের ব্যাপারে ত্রিপাক্ষিক আলোচনার ব্যবস্থা করেছিলেন? এরকম ব্যবস্থা যদি করে থাকেন তাহলে তার রেজাল্ট কি হয়েছে? কতগুলোর ক্ষেত্রে মালিকরা আপনাদের ডাকে সাড়া না দিয়ে আপনাদের বয়কট করেছেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এটা ডিটেইলসে মনে রাখা যায় না। এটা জানতে গেলে আপনি নোটিশ দেবেন। আমি আপনাদের বলছি আপনারা এত ব্যস্ত হবেন না, কয়েকটা দিন অপেক্ষা করুন এবং তারপর দেখুন সরকার কি করে।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, অতীতে শ্রমিক-মালিক বিরোধ হলে, লক্ আউট ক্লোজার হলে ট্রাইপারটাইট আলোচনা হত লেবার কমিশনারের দপ্তরে এবং সেখানে মীমাংসা না হলে শ্রম মন্ত্রীর ঘরে বসে আলোচনা হত। এখন এই মিলগুলির ক্ষেত্রে সে রকম ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি; যদি হয়ে থাকে তাহলে এখন পর্যন্ত কটা মিল লেবার কমিশনের দপ্তরের আলোচনার মধ্যে দিয়ে খোলা সম্ভব হয়েছে?

**শ্রী মহঃ আমিন ঃ** আমার কাছে বন্ধ জুট মিলগুলির তালিকা আছে। সেগুলি হচ্ছে—শূর জুট মিল, কানোরিয়া জুট মিল, নিউ সেন্ট্রাল জুট মিল, প্রবর্তক জুট মিল, নর্থ বুক জুট মিল, প্রেমচাঁদ জুট মিল, কাঁকিনাড়া জুট মিল, বেলভিন জুট মিল, অকল্যান্ড জুট মিল, রিলায়েন্স জুট মিল, বরানগর জুট মিল, গ্যাঞ্জেস জুট মিল এবং গৌরীপুর জুট মিল। সব কটি মিল নিয়েই ট্রাইপারটাইট আলোচনা হয়েছে। এখন পর্যন্ত একটা জুট মিল, গ্যাঞ্জেস জুট মিল খুলে গেছে। আজকে হাওড়ার একটা জুট মিল নিয়ে ট্রাইপারটাইট মিটিং আছে। আগামী কাল বরানগর নিয়ে আমি মিটিং ডেকেছি। এইভাবে আমরা রোজই দুটো একটা করে কনসিলিয়েশন করে যাচ্ছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এই জুট মিলগুলি বন্ধ হওয়ার প্রকৃত কারণ কি?

**শ্রী মহঃ আমিন ঃ** আমি আগেই বলেছি এই সময় প্রতি বছর কাঁচা পাটের দাম বেড়ে যায় এবং শ্রমিকদের একটা অংশ ছুটিতে চলে যায়। এই দুটো কারণে প্রতি বছর এই সময় কিছু মিলে লক্ আউট হয়। জুলাই মাসের শেষাশেষি সব খুলে যাবে, চিন্তার কোনও কারণ নেই।

**শ্রী নির্মল ঘোষ ঃ** স্যার, পি. এফ. নিয়ে এখানে অনেক আলোচনা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় লেবার ডিপার্টমেন্টের ইন্-চার্জ। লেবার ডিপার্টমেন্টের পক্ষ থেকে বা পি. এফ. দপ্তর থেকে পুলিশের কাছে পি. এফ. কেসে ৪০৬ এবং ৪০৯ ধারায় এফ. আই. আর. করা হয়, কিন্তু সেগুলো পুলিশের কাছেই থেকে যায়। মালিকদের বিরুদ্ধে বহু পি. এফ. কেস পেন্ডিং আছে। অবশ্য জুট মিলের মালিকদেরই খুঁজে পাওয়া যায় না, বছরে দু-বার মালিক চেঞ্জ হয়। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের কি পরিকল্পনা আছে? আর আপনারা শুনলে দুঃখ পাবেন হলদিয়া পেট্রো-কেমিক্যাল এখনো কমার্সিয়াল প্রোডাকশনে আসেনি, এখনই তাদের পি. এফ.-এ ৬০ লক্ষ টাকার পেন্ডিং কেস। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই বিষয়টা একটু হাই লাইট করতে অনুরোধ করছি।

**শ্রী মহঃ আমিন ঃ** মূল প্রশ্ন থেকে এ প্রশ্ন আসে না।

## সিনেমা হলে ধর্মঘট

***১৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬২২) **শ্রী অশোক দেব ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) সাম্প্রতিককালে রাজ্যের সিনেমা হলগুলিতে ধর্মঘটের দরুন কতজন কর্মী বেকার হয়েছেন, এবং

(খ) সরকার এগুলি খোলার ব্যাপার কী কী পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) গত ২৩।৩।২০০১ থেকে ২০।৬।২০০১ পর্যন্ত রাজ্যের সিনেমা হলগুলির ধর্মঘটের দরুন প্রায় ১০,০০০ (দশ হাজার) শ্রমিক সাময়িকভাবে কর্মহীন হয়ে পড়েন।

(খ) সরকার বিষয়টি হস্তক্ষেপ করেন। অচলাবস্থা কাটানোর জন্য বেশ কয়েকটি ত্রিপাক্ষিক মিটিং করা হয়। শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর উপস্থিতিতে কতিপয় মিটিং করা হয়। অবশেষে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে গত ২০।৬।২০০১ তারিখ থেকে ধর্মঘট উঠে যায়।

[11-30 — 11-40 p.m.]

**শ্রী অশোক দেব ঃ** বিগত ২৪ বছর ধরে ধর্মঘট করা কিম্বা লক-আউট করা এই সমস্যা মেটাতে পারছেন না। এ ব্যাপারে আপনি পারমানেন্ট সলিউশনের কথা ভেবেছেন কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** শিল্প বিরোধে কোনও পারমানেন্ট সলিউশন নেই। প্রবলেম আসবে, সেটার সমাধান করতে হবে।

**শ্রী অশোক দেব ঃ** এই যে ১০ হাজার শ্রমিক যারা বেকার হয়ে যাচ্ছে ধর্মঘটের ফলে কিম্বা লক-আউটের ফলে, এদের বেতন দেবার ব্যবস্থা কিম্বা রিলিফ দেবার ব্যবস্থা সরকার পক্ষ থেকে করছেন কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** স্ট্রাইক পিরিওডের জন্য কোনও মাহিনা পান না, চুক্তিতে তাই আছে।

**শ্রী অশোক দেব ঃ** প্রায়ই দেখা যাচ্ছে, সিনেমা হলের মালিকপক্ষ কখনও কখনও টিকিটের হার বাড়াচ্ছে কিম্বা রেভেনিউ বাড়াচ্ছে। এর ফলে যারা কর্মচারী বা যারা গ্রাহক তারা সুযোগ পাচ্ছেন না। এই যে মালিকপক্ষ টিকিটের হার কিম্বা রেভেনিউ বাড়াচ্ছে এটা কি সরকারের সঙ্গে আলোচনার পরিপ্রেক্ষিতে করছেন, না ইচ্ছাকৃতভাবে করছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** টিকিটের দাম বাড়ানোর অধিকার আছে, সেইজন্য বাড়াচ্ছে। কিন্তু শ্রমিকদের চার্টার্ড অব ডিমান্ডের মধ্যে যে বেতন বাড়াবার দাবি ছিল সেটা ২৫ পারসেন্ট বাড়িয়েছে।

**শ্রী অশোক দেব ঃ** সিনেমা হলের বাইরে এবং ভিতরে অনেক সময়ে ইল্লিগাল শো দেখানো হয়। সরকারের পক্ষ থেকে এর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা, নিয়ে থাকলে কার কার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন বা কোনও রকম কোনও কেস জারি করেছেন কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** সেটা আমাদের আই. অ্যান্ড সি বিভাগ থেকে নজর রাখা হয়। বে আইনি কাজ যারা করবেন তারা শাস্তি পাবে।

**শ্রী আবদুল মান্নান ঃ** আপনার দপ্তরকে শ্রম দপ্তর না বলে মুচলেকা দপ্তর বললেই ভাল হয়। কারণ, যখন ধর্মঘট হয় বা যখন শ্রমিকরা তাদের ন্যায্য দাবি-দাওয়া নিয়ে আন্দোলন করেন তখন আপনার দপ্তর মধ্যস্থতা করে শ্রমিকদের দিয়ে মুচলেকা লিখিয়ে নেন। আমি জানতে চাইছি, দীর্ঘদিন যাবৎ সিনেমা হলের কর্মীরা যে স্ট্রাইক করলেন এবং তারা যে চুক্তির মধ্য দিয়ে পুনরায় কাজে যোগ দিলেন তাতে তাদের দাবি-দাওয়া কতটুকু পূরণ হয়েছে? কারণ, সরকার পক্ষ থেকে তো

কোনও সই করলেন না। সরকারি অফিসারদের মধ্যস্থতায় তো বৈঠক হল, ত্রিপাক্ষিক চুক্তি কেন করলেন না, দ্বিপাক্ষিক চুক্তি করার রিজিন কি?

**শ্রী মহঃ আমিন ঃ** ওদের চার্টার অব ডিমান্ডে গুরুত্বপূর্ণ দাবি ছিল বেসিক ওয়েজ ইনক্রিজ এবং বোনাস। বোনাস সম্পর্কে ওদের নিজেদের অ্যারেঞ্জমেন্ট আছে। যেটা আইনে আছে তার থেকে বেশি বোনাস পায়। যেখানে শ্রমিকরা বেশি বোনাস পায় সেখানে গভর্নমেন্ট থেকে ইন্টারভীন করি না, কেননা শ্রমিকরা ক্ষতিগ্রস্ত হোক এটা আমরা চাই না। আর আমার দপ্তরের নাম মুচলেকা দপ্তর হবে কিনা সেটা আপনার মতে হতে পারে, কিন্তু লেবার ডিপার্টমেন্ট is guided by the Industrial Disputes Act. Kindly look into it and then talk to me.

**শ্রী ইউনুস সরকার ঃ** সাম্প্রতিক কালে ধর্মঘটের জন্য সিনেমা হলগুলি বন্ধ থাকার কথা মাননীয় মন্ত্রিমহাশয় বললেন। আমার প্রশ্ন, মালিকরা ট্যাক্স ফাঁকি দিয়েছে সেইজন্য সরকার হল বন্ধ করে দিয়েছে অথবা মালিকানা নিয়ে গণ্ডগোল থাকার জন্য সিনেমা হল বন্ধ আছে এরকম সংখ্যা কত তা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রী মহম্মদ আমিন ঃ** ধর্মঘট হয়েছিল চার্টার অব ডিমান্ডের সমর্থনে, ইউনিয়ন নোটিশ দিয়ে স্ট্রাইক করেছিল। স্ট্রাইক চলেছিল ৯ মাস। এখানে রিলিফের প্রশ্ন যেটা এসেছে, যেহেতু এক বছর হয়নি সেইজন্য এই রিলিফের প্রশ্নটা আসে না। ৮শো হল যেটা বন্ধ ছিল খুলে গিয়েছে, দু/একটা মালিকানা নিয়ে গণ্ডগোল থাকার জন্য বন্ধ আছে। সেটার মামলা কোর্টে আছে, এ ক্ষেত্রে সরকারের কিছু করার নেই। রাজ্য সরকার চায় সিনেমা হলগুলি ঠিকমতন চলুক। তাতে সিনেমা ওনার, কর্মচারী, দর্শক সকলের ইন্টারেস্ট আছে। তা ছাড়া রাজ্য সরকার কিছু পায়।

**শ্রী জ্যোতির্ময় কর ঃ** আপনাদের আইন এবং দৃষ্টিভঙ্গি অনুযায়ী সিনেমাহলগুলির মালিকদের কর্মচারিদের জন্য যে প্রভিডেন্ট ফান্ডে টাকা জমা দেওয়ার কথা সে ক্ষেত্রে কত পারসেন্ট মালিক তাদের কর্মচারিদের জন্য পি. এফের টাকা ঠিকমতন জমা দিচ্ছেন তার তথ্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আছে কি?

**শ্রী মহম্মদ আমিন ঃ** না, তথ্যটি নেই। নোটিশ দিলে আমি কালেক্ট করে জানিয়ে দেব।

**শ্রী নির্মল দাস ঃ** কর্মচারিদের জন্য শুধু রাজ্যসরকারের নয়, কেন্দ্রীয় সরকারের শ্রম আইন আছে। কেন্দ্রীয় সরকার কিন্তু সেগুলি লাগু করার দায়িত্ব নেন না। রাজ্য সরকারের যে সমস্ত আইন আছে সেগুলি যা লাগু করা হয়েছে সে ক্ষেত্রে আমরা দেখছি, রাজ্য সরকারের আধিকারিকরা সিনেমাহলগুলি ঠিকমতন দেখেন না, কলকারখানাগুলি ঠিকমতন দেখেন না। অর্থাৎ লেবার ডিপার্টমেন্টের আইন অনুযায়ী যে সমস্ত সুযোগ সুবিধা কর্মচারিদের পাওয়ার কথা—মিনিমাম ওয়েজেস, পি. এফ. ইত্যাদি নানান বেনিফিট—সেই সমস্ত সুযোগ সুবিধা থেকে কর্মচারিরা বঞ্চিত হন বিশেষ করে আনঅর্গানাইজড সেক্টারের কর্মচারিরা। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, নতুন সরকার আসার পর এ ক্ষেত্রে রাজ্যের শ্রম দপ্তর নতুন কি উদ্যোগ নিয়েছেন যাতে সকলে সব সুযোগ সুবিধাগুলি পায়?

**শ্রী মহম্মদ আমিন ঃ** আইনগুলির কথা যেটা আপনি বললেন সবগুলিই সেন্ট্রাল অ্যাক্ট। সেন্ট্রাল অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট রাজ্য সরকার করতে পারে কিন্তু ঐ এখনও পর্য্যন্ত সে দিকে আমরা অ্যাটেনশন দিতে পারি নি, প্রয়োজন হলে করা যাবে। তবে আনঅর্গানাইজড সেক্টারের জন্য রাজ্য সরকার একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন। সেটা হচ্ছে তাদের জন্য পি. এফ. করা। এটাতে সব রকমের ওয়ার্কার থাকবেন—রিক্সা চালক থেকে শুরু করে, দোকানের কর্মচারী, দর্জির কাজ যারা করেন তারা, ইট ভাঁটার কর্মচারী, মুটিয়া, মজদুর, সব রকমের আনঅর্গানাইজড সেক্টারের লোকরা এতে থাকবেন। এই স্কিমটা হচ্ছে ২০ টাকা ওরা দেবেন এবং ২০ টাকা রাজ্য সরকার দেবেন এবং সেই টাকাটা ব্যাঙ্কে জমা থাকবে। সেটাতে ইন্টারেস্ট যুক্ত হবে। সর্বশেষ যেটা হয়েছে সেটা হল তিন বছর পরে যদি কেউ চান টাকাটা তুলতে পারেন অথবা লোন নিতে পারেন। এতবড় প্রকল্প—এটা চালু করতে সময় লাগবে। এতে কয়েক লক্ষ লোক বেনিফিটেড হবেন। এই রকম পরিকল্পনা পশ্চিমবঙ্গ প্রথম শুরু করেছে।

## STARRED QUESTIONS
### (to which answer's were given)

**Mr. Speaker :** Now the regular questions. The next question number is 192. The Minister has withdrawn the answer. The answer came but he is not satisfied with the answer. He wants to give more detailed answer. So he has withdrawn the answer. He has given me a letter also. So the question is held over.

***Question No. 192** ...........Held Over.

***Qestion No. 193** ..........Held Over.

**কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প**

***১৯৫**। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে "ন্যাশনাল ওয়াটার শেড ডেভেলপমেন্ট প্রোজেক্ট ফর রেন-ফেড এরিয়াস" নামে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট একটি প্রকল্প চালু করা হয়েছে;

(খ) সত্যি হলে, কবে থেকে প্রকল্পটি চালু করা হয়েছে; এবং

(গ) ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত মোট কত পরিমাণ জমিকে উক্ত প্রকল্পের আওতাভুক্ত করা গেছে?

**শ্রী কমল কান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ, এই রাজ্যে "ন্যাশানাল ওয়াটার শেড ডেভেলপমেন্ট প্রোজেক্ট ফর রেনফেড এরিয়াস" প্রকল্পটি চালু করা হয়েছে।

(খ) ১৯৯০-৯১ সাল থেকে প্রকল্পটি এই রাজ্যে চালু হয়েছে।

(গ) ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত মোট ১,৪২,৯২৪ হেক্টর জমিকে এই প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যে ১,৪২,৯২৪ হেক্টর জমিকে এই প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে বলে বললেন তার মধ্যে কত পরিমান জমিতে ওয়াটার শেড থেকে সেচের জল দেওয়া হচ্ছে দয়া করে জানাবেন কি?

**শ্রী কমল কান্তি গুহ ঃ** আমি তো আপনাকে বলেছি ৩১শে মার্চ পর্যন্ত মোট ১,৪২,৯২৪ হেক্টর জমিকে এই প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে। এখন যে নতুন

নীতি ঠিক হয়েছে সেই অনুসারে আমরা ৯টা স্কিম ধরেছি এবং তার মাধ্যমে কাজ শুরু করবার চেষ্টা করছি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** এই যে ৯টা স্কিম ধরা হয়েছে ঐ ৯টা স্কিম কিরূপ এবং তার কাজের অগ্রগতিই বা কিরূপ?

**শ্রী কমল কান্তি গুহ :** জায়গা, কমান্ড এরিয়া ঠিক করা হয়েছে, বাড়িঘর তৈরি হচ্ছে। এরপর কৃষকদের কাছে জল পৌঁছে দেবার জন্য মাঠে যে নিয়ম আছে সেই কাজটা অনুযায়ী কাজটা শুরু করবো।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আমাদের রাজ্যের সমস্ত জেলাগুলিতে, কলকাতা বাদ দিয়ে, কি এই স্কিম চালু করা হচ্ছে? সেক্ষেত্রে কতগুলো ব্লকে ব্লকে এই স্কিম চালু করা হচ্ছে সেটা জেলাভিত্তিক বলবেন কি?

**শ্রী কমল কান্তি গুহ :** জেলাগুলো এই বছর ১০টি স্কিম নতুন করে শুরু করবে। কাজটা জেলা স্তরে, রাজ্য স্তরে যে কমিটি আছে তারা কোথায় হবে সেটা ঠিক করে দেবেন।

**শ্রী অতীশ চন্দ্র সিংহ :** 'ন্যাশনাল ওয়াটার শেড ডেভেলপমেন্ট প্রজেক্ট ফর রেণফেড এরিয়াস' এই প্রজেক্টে কেন্দ্রীয় সরকার গত আর্থিক বছরে কত টাকা এবং তার আগের বছরে কত টাকা মঞ্জুর করেছিলেন এবং তার মধ্যে কত টাকা ইউটিলাইজ করতে পেরেছিলেন জানাবেন কি?

**শ্রী কমল কান্তি গুহ :** কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে ৩৯ কোটি ৪৫ লক্ষ টাকা দিয়েছিলেন এবং তার মধ্যে এখন পর্যন্ত ইউটিলাইজেশন সার্টিফিকেট যা পেয়েছি সেটা ১৮ কোটি ৮১ লক্ষ টাকার। এই টাকাটা খরচ হয়েছে।

**শ্রী নৃপেন গায়েন :** এই ওয়াটার শেড প্রকল্পে ব্লক লেভেল কমিটির আহ্বায়ক করা হয়েছে বি. ডি. ও. কে। আমার এলাকায় এরকম একটা কমিটি রয়েছে, কিন্তু দেখতে পাচ্ছি বি. ডি. ও. নানা কাজে ব্যস্ত থাকবার কারণে সময়ে এর মিটিং ডাকতে পারেন না, ফলে অসুবিধা হয়। আমি জানতে পেরেছি, যেহেতু আর্থিক দায়-দায়িত্ব রয়েছে সেজন্য বি. ডি. ও.-কে দায়িত্বটা দেওয়া হয়েছে। ব্লকে অ্যাডিশনাল বি. ডি. ও. একজন থাকেন। তাঁর দায়িত্বে যদি ঐ আহ্বায়ক পদটি দেওয়া হয় তাহলে আমার মনে হয় ঐ কমিটি প্রয়োজন মতো নির্দিষ্ট সময়ে বসতে পারবেন।

এই প্রস্তাব আপনি গ্রহন করুন। আমার এলাকায় দেখছি অসুবিধা হচ্ছে। প্রয়োজনীয় প্রকল্প গ্রহন করা স্থানীয় প্রকল্পটি দেখা, কমিটিকে নিয়ে চাষীদের নিয়ে বারে বারে বসা, এইগুলি খুব অসুবিধা হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করছি এই বিষয়টি নিয়ে আপনি চিন্তা করবেন কিনা, বি. ডি. ও.-র পরিবর্তে আহ্বায়ক পদের দায়িত্ব এ. ডি. ও.-কে দেওয়া যেতে পারে কিনা?

**শ্রী কমল কান্তি গুহ :** আমি আপনার কথা গুরুত্বের সঙ্গে উপলব্ধি করেছি। আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট পঞ্চায়েত মন্ত্রিমহাশয়ের সঙ্গে কথা বলব যে এই সমস্যা হচ্ছে। এটা কি ভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় কি ভাবে তরান্বিত করা যায় শীঘ্রই এই ব্যাপারে আমি পঞ্চায়েত মন্ত্রিমহাশয়ের সঙ্গে কথা বলে একটা সিদ্ধান্তে আসার ব্যবস্থা করব।

**শ্রী পরেশ নাথ দাস :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি এই যে ন্যাশনাল ওয়াটার শেড ডেভেলপমেন্ট প্রোজেক্ট ফর রেন-ফেড, এই স্কিমে জল সেচ দেওয়া ছাড়া আর কি কি ধরনের কাজ চাষীদের স্বার্থে হয়ে থাকে?

**শ্রী কমল কান্তি গুহ :** জল সেচ ছাড়াও যে বেনিফিসিয়ারি কমিটি করা হয়েছে একেবারে নিচের তলা পর্যন্ত যারা উপকৃত হবে, তারা যদি এর আওতায় থাকে তাহলে পশু পালন এবং অন্যান্য কিছু করতে চায় সেই গুলি তারা করতে পারে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি এখানে বলছেন মাননীয় সদস্য অতীশচন্দ্র সিনহা মহাশয়ের প্রশ্নে উত্তর যে কেন্দ্রীয় সরকার ৩৯ কোটি টাকা এই প্রোজেক্ট খরচ করার জন্য দিয়েছেন। আপনি ইউটালাইজেশন সার্টিফিকেট পেয়েছেন ১৮ কোটির টাকার। তাহলে যে টাকা খরচ করা গেল না, ইউটালাইজেশন সার্টিফিকেট জমা দেওয়া গেল না সেই টাকা কি আবার রাজ্যে খরচ করা যাবে না কি ফেরত চলে যাবে এটা জানতে চাই।

**শ্রী কমল কান্তি গুহ :** এই টাকা ফেরত যাবে না, আমরা চেষ্টা করছি ইউটালাইজেশন সার্টিফিকেট নিয়ে আসবার। কি কি কাজ হয়েছে তার জন্য আরো ঘনিষ্ঠ যোগাযোগ রেখে এগোতে চাচ্ছি। আমরা চেষ্টা করছি যত তাড়াতাড়ি সম্ভব করা যায়।

**শ্রী জ্ঞানে আলাম মিঞা :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এই জল বিভাজক প্রকল্প গ্রহন করার ফলে যে সেচের পরিধী বেড়েছে তাতে কি কি ফসল উৎপাদন হচ্ছে এবং তার পরিমান কত গুন বেড়েছে এটা জানালে উপকৃত হব।

**শ্রী কমল কান্তি গুহ :** এটা আপনাকে নোটিশ দিতে হবে তাই। নোটিশ দিলে ঠিকমতো উত্তর দিতে পারব।

## POINT OF INFORMATION

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** আমার একটা পয়েন্ট অব ইনফরমেশন আছে। এটা স্যার বঙ্কিমচন্দ্র হাজরার প্রশ্ন ছিল। কিন্তু গত পরশু দিন দলীয় জনসভা করতে গিয়ে দুর্বৃত্তদের হাতে পড়তে হয় এবং গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন হন। তার চিকিৎসার জন্য তিনি আসতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানিনা প্রশাসনের তরফ থেকে আপনাকে জানিয়েছে কি না। এই ব্যাপারে পুলিশ কেস হয়েছে, কেউ গ্রেপ্তার হয় নি। এই ব্যাপারে আপনার হস্তক্ষেপ দাবি করছি।

**মিঃ স্পিকার :** ঠিক আছে আমি দেখছি।

**শ্রী কমল কান্তি গুহ :** স্যার আপনার কাছে আমার একটা আবেদন আছে। আমি দেখতে পাচ্ছি এক দিন আগের কোশ্চেনগুলি আমার কাছে আসছে। আমার আবেদন এই যে এই কোশ্চেনগুলি যদি ৫ দিন আগে আসে তাহলে যথা সম্ভব সদস্যদের সন্তুষ্ট করতে পারি,, ক্লিয়ার করতে পারি।

**মিঃ স্পিকার :** আমার অফিস থেকে অনেক দিন আগেই কোশ্চেন আপনাদের কাছে পাঠিয়ে দেওয়া হয়। অন্তত ১০ দিন আগে পাঠিয়ে দেওয়া হয়। কোনও কোশ্চেন ১ দিন আগে পৌঁছনোর কথা নয়। ১০ দিন আগে পৌঁছে যাওয়ার কথা। কোন কোশ্চেন এক দিন আগে পৌঁছেছে সেটা যদি বলেন তাহলে আমি দেখবো হয়ত আপনার ডিপার্টমেন্ট থেকে পরে দিতে পারে।

## ভূগর্ভস্থ জলস্তর

***১৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৩) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অতিরিক্ত উত্তোলনের ফলে ভূগর্ভস্থ জলস্তর নেমে যাচ্ছে; এবং

(খ) সত্যি হলে, এর প্রতিবিধানে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শ্রী নন্দ গোপাল ভট্টাচার্য্য ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) ভূগর্ভস্থ জলস্তর নেমে যাওয়ায় এই বি পি অত্যন্ত উদ্বিগ্ন। বেপরোয়া জলোত্তলন প্রতিরোধ করার জন্য এই বিভাগ "পশ্চিমবঙ্গ জলসম্পদ পরিবহন সংরক্ষণ ও বিকাশ সাধন (পরিচালনা, নিয়ন্ত্রন ও প্রনিয়ন্ত্রন) বিধেয়ক—২০০০" এই শিরোনাম একটি বিল পেশ করে এবং সেটি সর্বসম্মতভাবে ২১ জুলাই, ২০০০-এ গৃহীত হয়। এরপর বিলটিকে পশ্চিমবঙ্গ-এর রাজ্যপাল রাষ্ট্রপতির সম্মতির জন্য নতুন দিল্লি পাঠিয়েছেন। এখনও অবধি ঐ সম্মতি আসে নি। এই ব্যাপারে সমস্ত স্তরে তদ্বির করা হচ্ছে। এই আইনটি কার্যকর হলে ভূগর্ভস্থ জলোত্তলন, জলসংরক্ষন ও ভূগর্ভে জল প্রেরণের ব্যবস্থা নেওয়া যাবে। বিলটিতে আইনি সম্মতি পাওয়ার সাপেক্ষে থেকেই কয়েকটি প্রশাসনিক পদক্ষেপ নেওয়া হয়েছে।

যেমন আদেশ অনুসারে রাজ্য জল অনুসন্ধান অধিকারের (সুইড) অনুমতি ছাড়া কোনও সাবমারসিবল পাম্প ব্যবহার করা যাবে না এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদ কোনও বিদ্যুৎ সংযোগ দেবে না।

এছাড়া খবর পেলেই প্রশাসনিকভাবে পুকুর ও জলাশয় ভরাট বাধা দেওয়া হয়। আরো কিছু প্রকল্পও পরীক্ষামূলকভাবে নেওয়া হচ্ছে যার মধ্যে বৃষ্টির জল ভূগর্ভে পাঠানোর ব্যবস্থা করা হবে। তবে খালবিল, পুকুর, বিল, হ্রদ—ইত্যাদি ভূ-পৃষ্ঠের জলাধারগুলির পলি পরিস্কার করিয়ে জলধারনের ক্ষমতা বাড়ানোর জন্য, বিভিন্ন জেলা পরিষদকে বলা হচ্ছে যাতে ভূপৃষ্ঠের জল ধরে রাখা সম্ভব হবে। ফলে মাটির তলায় জলের অনুপ্রবেশ ঘটানো সম্ভব হবে।

এই রকমেই বর্ষার উদ্বৃত্ত জলও পুরুলিয়া, বাঁকুড়া, হুগলি ও উত্তর ২৪-পরগনা জেলায় কৃত্রিম উপায়ে অনুপ্রবেশ করানোর ব্যবস্থা নেওয়া হয়েছে

এবং আরো কয়েকটি প্রকল্প রয়েছে যার মধ্যে কলকাতাও সামিল। এই প্রকল্পগুলি কেন্দ্রীয় সরকারের কাছে মঞ্জুরির জন্য পাঠানো হয়েছে। এই পরিকল্পনাগুলি যুগ্মভাবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডের সহযোগে কার্যকর করার পরিকল্পনা করা হয়েছে।

[11-50 — 12-00 noon]

**শ্রী শ্যামা প্রসাদ পাল :** আপনি যে ব্যবস্থাগুলোর জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে বলছেন, এর কি নিয়মিত মনিটারিংয়ের ব্যবস্থা আছে?

**শ্রী নন্দ গোপাল ভট্টাচার্য্য :** এগুলোর নিয়মিত মনিটারিংয়ের ব্যবস্থা আছে। আমাদের যে স্টেট ওয়াটার ইনভেস্টিগেশন ডাইরেক্টরেট আছে, তার দু'হাজার হাইড্রোগ্রাফ স্টেশন আছে এবং সেন্ট্রাল ল্যাবোরেটরি আছে। চারটে রিজিওন্যাল ল্যাবোরেটরি আছে। এই হাইড্রোগ্রাফ স্টেশনকে আরও বাড়ানোর চেষ্টা হচ্ছে। ল্যাবোরেটরিগুলোকে আরও উন্নত করার চেষ্টা করা হচ্ছে। মোবাইল ভ্যানও আছে। এইসবগুলোকে নিয়ে বছরে কমপক্ষে অন্তত দু'বার—আমরা চেষ্টা করি তিনবার—এটাকে মনিটারিং করার চেষ্টা করা হয়।

**শ্রী শ্যামা প্রসাদ পাল :** 'সুইড' এর অনুমতিতে পঞ্চায়েতের মাধ্যমে বা ব্যাঙ্কের মাধ্যমে যারা সাবমারসিবল পাম্প করছে, তাদের ক্ষেত্রে নেওয়ার ব্যবস্থা আছে শুনলাম। কিন্তু যে সমস্ত চাষীরা নিজেদের টাকায় করছে, যারা সুইডের কাছে যাচ্ছে না, সেক্ষেত্রে কি বাবস্থা নিচ্ছেন?

**শ্রী নন্দ গোপাল ভট্টাচার্য্য :** এর আগেই আমি বলেছি, যেদিন বাজেট পাশ হয় সেদিন আমি অনুরোধ করেছিলাম। বিরোধী দল এবং সবাই রাজী হয়েছেন। কি কারণে বিলটি দেড় বছরের ওপরে আটকে আছে জানি না। সবাই একযোগে যাওয়ার ব্যাপারে এগ্রি করেছেন। আমি বলছি, যদি কোনও প্রাইভেট চাষী সাবমারসিবল যুক্ত কোন টিউবওয়েল বসানোর চেষ্টা করে এবং কোনও রকম অনুমতি না নিয়ে করার চেষ্টা করে, তাহলে বিদ্যুৎ দেবে না, যতক্ষণ পর্যন্ত না 'সুইড' অনুমতি দিচ্ছে। কেননা, মাটির তলায় জলের অবস্থা, তার গুণমান, এগুলো পরীক্ষা করে সুইড পার্মিশন দেবে। এছাড়া পার্মিশন দেওয়া হয় না।

**শ্রী শ্যামা প্রসাদ পাল :** অতিরিক্ত প্রশ্ন—পাইপ লাইনের মধ্যে দিয়ে যে জায়গা দিয়ে জলের প্রবাহ হয় এইরকম জায়গায় ৩০, ৪০ ফুট নিচে পাইপ গেলে

রিচার্জ ক্রমে জলের লেয়ার তোলা যায় এইরকম ঘটনা দেখা গেছে বর্দ্ধমান জেলায়। এই বিষয়ে আপনার বিভাগ থেকে গবেষণা করে জলের স্তর তোলার কোনও ব্যবস্থার কথা ভাবছেন কিনা জানাবেন কি?

**শ্রী নন্দ গোপাল ভট্টাচার্য্য ঃ** আমি ইতিমধ্যেই পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আগেই বলেছি জলের স্তর কলকাতা সহ শহরের সব জলের লেবেল অর্থাৎ গ্রাউন্ড ওয়াটারে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছে। সুখা স্থানে বিশেষভাবে টিউবওয়েলগুলো যেগুলোর থেকে জল পাওয়া যায় না, এই যে দারুণ সংকট এর একটা বিস্তারিত তথ্য এবং চিত্র গ্রাউন্ড ওয়াটারের, ডিস্ট্রিক্টের বিভিন্ন মৌজার, এগুলো আমার কাছে আছে। আমি জেলার বিভিন্ন ম্যাপ তৈরি করেছি। জেলা ভিত্তিক ম্যাপের অ্যালবামও করে পাবলিশ করা হবে। কয়েকদিনের মধ্যেই সেগুলো আপনারা চেষ্টা করলে পেতে পারেন। ব্যাপার হচ্ছে এই যে, কৃত্রিম উপায়ে জলের স্তর রাতারাতি তোলা যাবে না। জলস্তর তুলতে অনেক সমস্যা আছে কারণ নদী, নালা, জলাশয়, পুষ্করিণী এবং নয়নজলী এগুলো ভরাট হয়ে গেছে। আবার একটা প্রবণতা এটা রোধ করার দরকার। তার কারণ আমাদের বিলেও এর জরিমানা ধার্য করা আছে, রাষ্ট্রপতির সম্মতি এলেই লাগু হবে এই প্রবণতা। মাটির উপরের জল, বৃষ্টির জল সমুদ্রে বিলীন হয়ে যায়। এই জলকে যদি ধরে রাখা যায় তাহলে দুটি কাজ হতে পারে। একটা হচ্ছে সেচের কাজে ব্যবহার করা ভূপৃষ্ঠের জল, আর আরেকটা হচ্ছে রিচার্জিং করে মাটির তলায় অনুপ্রবেশ ঘটানো, মাটির তলায় যদি জলের অনুপ্রবেশ না ঘটে, জলের লেবেল যদি আরো তলায় চলে যায় তাহলে অনেক ক্ষতি হবে। সেইকারণে মাটির তলায় জলের অনুপ্রবেশ আবশ্যক। কিন্তু নদী বেডগুলো, জলাশয়ের বেডগুলো এই জল ধারণের ক্ষমতা হারিয়ে ফেলেছে। কাজেই প্রথমেই প্রয়োজন এই বিষয়টা খতিয়ে দেখার। আমরা পরীক্ষামূলকভাবে বাঁকুড়া, পুরুলিয়া, হুগলি এবং উত্তর ২৪ পরগণায় এই ৪টি জেলায় পরীক্ষামূলকভাবে আর্টিফিসিয়াল রিচার্জিং অর্থাৎ কৃত্রিম উপায়ে অনুপ্রবেশ ঘটানোর জন্য আমরা প্রকল্প নিয়েছি। এবং কলকাতার উপরে একগুচ্ছ নিয়েছি, বিশেষভাবে উত্তর ২৪ পরগনার জন্য প্রকল্প, যেটা খুবই চিত্তাকর্ষক, তার কারণ ওখানে আমরা দেখেছি মাটির তলার জল যেমন উঠছে তেমনি জলের দূষণ, আর্সেনিক কর মাত্রার পরিমাণও কমবে। এটাই আমরা দেখছি। কাজেই আর্টিফিসিয়াল ওয়েতে রিচার্জিং-এর ব্যবস্থা আমরা নিয়েছি এবং কাজও করছি বিভিন্ন জায়গায় পরীক্ষামূলকভাবে। কিন্তু ব্যাপকভাবে কৃত্রিম জল পেতে গেলে নদী, নালা, বিল, পুষ্করিণী এবং নয়নজলগুলো সংস্কার করতে হবে। এগুলো

সংস্কার না করতে পারলে রিচার্জিং হবে না এবং জলও ব্যবহার করতে পারব না। আবার অতিরিক্ত বৃষ্টি হলে সেই বৃষ্টিতে মানুষের ধন সম্পত্তির ক্ষতি হচ্ছে। সুতরাং এই যে ভয়াবহ বন্যা হয় এই অবস্থার মধ্যে আমরা আছি।

## STARRED QUESTIONS
## (to which answer's were laid on the Table)

### কৃষি বিপণন মহাবিদ্যালয়

*১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯১২) **শ্রী কমল মুখার্জি ঃ** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষি বিপণন কর্মীদের জন্য কৃষি বিপণন মহাবিদ্যালয় গড়ার পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**কৃষি বিপনন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

পরিকল্পনার কথাটি আমি শুনেছি। বিষয়টি এখনও আলোচনার স্তরে আছে।

### পণ্যভিত্তিক গবেষণা কেন্দ্র

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৫) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কৃষি গবেষণা শাখার অধীনে পণ্যভিত্তিক গবেষণা কেন্দ্রের সংখ্যা কত (জেলাভিত্তিক)?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ—**

পশ্চিমবঙ্গ রাজ্য কৃষি গবেষণা শাখার অধীনে ছ'টি পণ্যভিত্তিক গবেষণা কেন্দ্র আছে। এগুলি হোল ঃ

১। ধান্য গবেষণা কেন্দ্র—চুঁচুড়া, হুগলি।

২। ফসল ও গম গবেষণা কেন্দ্র (ফিল্ড ক্রপ রিসার্চ স্টেশন)—বর্ধমান।

৩। ডালশস্য ও তৈলবীজ গবেষণা কেন্দ্র—বহরমপুর, মুর্শিদাবাদ।

৪। ইক্ষু গবেষণা কেন্দ্র—বেথুয়াডহরি, নদীয়া।

৫। ফসলের জলসেচ ও জলের ব্যবহার সংক্রান্ত গবেষণা কেন্দ্র—রানাঘাট, নদীয়া।

৬। আলু গবেষণা কেন্দ্র—আনন্দপুর, মেদিনীপুর।

**পাট উৎপাদন**

***১৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৪২) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৮-৯৯ আর্থিক বছরের তুলনায় ১৯৯৯-২০০০ আর্থিক বর্ষে রাজ্যে পাট উৎপাদন বৃদ্ধি পেয়েছে; এবং

(খ) ১৯৯৯-২০০০ সালে রাজ্যে পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা কত ছিল?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ২,১৯,৯৭০ বেল বৃদ্ধি পেয়েছে।

(খ) ১৯৯৯-২০০০ সালে রাজ্যে পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ৬৬,০০,০০০ বেল। কিন্তু উৎপাদন হয়েছিল ৭৫,৯৩,৬০০ বেল।

[১ বেল = ১৮০ কেজি]

**প্রাণিবিদ্যা বিশ্ববিদ্যালয়**

***১৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৫) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রাণিবিদ্যা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কটি ;

(খ) উক্ত বিশ্ববিদ্যালয়ে কী কী বিষয়ে পড়ানো হয়ে থাকে ; এবং

(গ) বর্তমানে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একটি

(খ) প্রধান বিষয় তিনটি—

১। ভেটারিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্স

২। ডেয়ারি টেকনোলজি

৩। ফিসারি সায়েন্স

(গ) মোট ৭৭৩ জন।

**সমবায়ের ভিত্তিতে হিমঘর**

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮১০) **শ্রী নিশিকান্ত মেহেতা :** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সমবায়ের ভিত্তিতে হিমঘর গড়ে তোলার জন্য সরকারের তরফ থেকে কী ধরণের সুযোগ দেওয়া হয়ে থাকে?

**কৃষি বিপনন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

সমবায়ের ভিত্তিতে হিমঘর গড়ে তোলার জন্য সমবায় দপ্তর থেকে বিভিন্ন সুযোগ সুবিধা দেওয়া হয়ে থাকে। বিপনন দপ্তর থেকে সমবায় হিমঘর গড়ে তোলার ব্যাপারে কোনও সুযোগ সুবিধা দেবার কোন বরাদ্দ নেই।

**পরিপূরক তথ্য**

পশ্চিমবঙ্গে মোট ৩৪১টি হিমঘর চালু আছে। যাদের মোট ধারন ক্ষমতা ৩৮.৫০ লক্ষ মেট্রিক টন। এর মধ্যে সমবায়ের উদ্যোগে ৪৬টি হিমঘর আছে। এদের ধারণ ক্ষমতা ২ লক্ষ মেট্রিক টনের সামান্য বেশি। বিপনন দপ্তরের অধীনে কালিয়াগঞ্জ নিয়ন্ত্রিত বাজার সমিতি রায়গঞ্জেও একটি হিমঘর চালু করার উদ্যোগ নিয়েছে। এর ধারন ক্ষমতা প্রায় ৪০০০ মেট্রিক টন। এছাড়া কল্যাণী নিয়ন্ত্রিত বাজার সমিতির উদ্যোগে রানাঘাটের কাছে নৈহাটিতে ফুল সংরক্ষণের জন্য হিমঘর নির্মাণ কার্য শুরু হয়েছে।

[12-00 — 12.10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker** : Today I have received nine notices of Adjournment Motion. The first one is from Shri Kashinath Mishra

and Shri Manturam Pakhira on the subject of modernisation of the State Electricity Board. The second one is from Shri Asit Kumar Mal and Shri Mahbubul Haque on the subject of power crisis in the State. The third one is from Jyotipriya Mallick, Shri Ashok Mukherjee and Shri Tanmoy Mondal on 'he subject of deplorable condition of the hospitals at Barasat, 24 Parganas (North). The fourth one is from Smt. Sonali Guha on the subject of reported non-conducting of the talent research examination by the IFMR. The fifth one is from Shri Kamal Mukherjee on the subject of outbreak of Malaria in the state. The sixth one is from Shri Abdul Mannan on the subject of alarming flood situation in the state. The seventh one is from Shri Ashok kumar Deb on the subject of reported unnatural death of Shri Bijoy Mallick, one prisoner of Alipur Central Jail on 8.7.2001. The eighth one is from Shri Nirmal Ghosh on the subject of alleged deterioration of law and order situation at North 24 Parganas. The ninth one is from Shri Jyotirmay Kar on the subject of appointment of additional security force in the Assembly Secretariat.

The subject matter of the ninth motion is purely administration concerned. As such as per convention no issue relating to the administration must not be discused in the floor of the House. As such it is out of order and I reject it.

The subject matter of the first, second, third, fourth, fifth, sixth, seventh, eighth motions are not such that may call for adjournment of the business of the House. Members will g ample scope to raise the matters through Calling Attention, Mention, Question, etc.

I therefore, withhold my consent to the first, second, third, fourth, fifth, sixth, seventh and the eighth motions.

One member of the Party may however, read the text of the motion as amended.

**শ্রী অশোক কুমার দেব :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—আলিপুর সেন্ট্রাল জেল-এ রবিবার এক বন্দীর অস্বাভাবিক মৃত্যু হয়। মৃতের নাম বিজয় মল্লিক। প্রশাসন নীরব। মৃত্যুর কারণ জানতে চাই এবং মৃত্যুর পিছনে কারুর ষড়যন্ত্র আছে কিনা তা সভায় জানানো হউক।

**শ্রী অসিতকুমার মাল :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—সারা রাজ্যে বিদ্যুৎ বিভ্রাট চলছে। কোনও কোনও সময় বিদ্যুৎ পাওয়া গেলেও লো ভোল্টেজ এর জন্য কোনও কাজ হচ্ছে না। কৃষি কাজ, কলকারখানায় উৎপাদন ব্যাহত। পানীয় জল সরবরাহ বিঘ্নিত। প্রচণ্ড গরমে বিদ্যুৎ এর জন্য মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে। তার উপর বিদ্যুৎ এর দাম বাড়ছে।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | | Name |
|---|---|---|
| (i) Spurt in the anti-social activities in the State | : | Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira |
| (ii) Apprehended closure of IISCO | : | Shri Moloy Ghatak |
| (iii) Reported cheating in the talent Search Examination | : | Shri Asit Kumar Mal |
| (iv) Looting of fish by antisocials at Duma,North 24-parganas | : | Shri Jyoti Priya Mallick |
| (v) Reported judgement of Hon'ble High Court on Howrah hat | : | Shri Mursalin Molla |

I have selected the notice of Shri Moloy Ghatak on the subject of "Apprehended closure of IISCO"

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 18th July, 2001.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Labour Department to make a statement on the subject of apprehended closure of Tyre Corporation of India Ltd. Tangra Unit.

(Attention called by Shri Debesh Das on the 2nd July, 2001.)

**Shri Md. Amin :**

Mr. Speaker, Sir, I beg your permission to place before the House the following statement in reply to the Calling Attention raised by Shri Debesh Das, MLA.

The Tyre Corporation of India Ltd. (TCIL) under the Union Ministry of Heavy Industry, a Central Public Sector Undertakings located in West Bengal has been under reference to the BIFR for more than eight years and yet its revival scheme could not be finalised on account of various factors including lack of appropriate support from the Government of India. TCIL had two Divisions, namely Tyre Division and Industrial Rubber Product Division located at Tangra. A revival scheme had been sanctioned by the BIFR in 1996 envisaging rehabilitation of both of its units viz. the Tyre Division and the IRP Division (Tangra Unit). Unfortunately the Government of India went to the appellate authority

with some objections, which were not related to the viability of the Company. The Company was there after referred back to the BIFR.

Apparently, the Government of India is not keen on reviving the IRP unit at Tangra though a revival scheme drawn up by all the Unions was submitted to the Government of India. The said scheme is also more or less self-financing for the Tangra unit as most of its revival cost could be available from sale of its surplus land. Moreover, many workers having accepted the V.R.S. the size of the workforce is also now considerably reduced.

In the context of the above, our State Govt. took up the matter with the Government of India to take a positive and constructive view on the revival of the IRP unit at Tangra but no such steps have been taken by the Government of India. Recently, it is learnt from a representation of the union and the management of Tyre Corporation of India Ltd. has applied on 22.5.2001 under section 25(0) of the ID Act to the Government of India, seeking permission to close down the IRP Division at Tangra after expiry of 90 days from the date of their application . In terms of the Notification dated 3.7.1998 issued by the Government of India, the State Government is the appropriate under the ID Act in respect of Tyre Corporation of India Ltd. but no reference for closing down the IRP unit at Tangra has been made by the management to the State Government.

On receipt of the above information regarding attempts to close down the IRP unit, I have recently written a D.O. letter to the Union Minister of Heavy Industry on 3.7.2001 urging upon him to take favourable view on the revival of IRP unit instead of taking resource to closure. I have however, not yet received any reply to my letter from Government of India. The matter is, however, kept under watch.

## MENTION CASES

**শ্রী মলয় ঘটক ঃ** স্যার আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। আমি হীরাপুর বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। সেখানে কুড়িটি গ্রাম আছে, যেখানে পানীয় জল সরবরাহের কোনও বন্দোবস্ত নেই। পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং-এর তরফ থেকে গত এক বছর আগে একটি ওয়াটার ট্যাঙ্ক করা হয়েছিল, কিন্তু সেই ট্যাঙ্ক থেকে এখনো পর্য্যন্ত জল সরবরাহের কোনও বন্দোবস্ত হয়নি। মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষন করে বলছি, যত তাড়াতাড়ি সম্ভব সেখানে জল সরবরাহের বন্দোবস্ত করা হয়। ঐ গ্রামগুলোতে জলকষ্ট যে ব্যাপক সেটা নিজের চোখে না দেখলে বুঝতে পরবেন না। নদীর ধারে দু-চারটি গ্রাম আছে, তারা নদীর জলই খেতে বাধ্য হয়। ঐ নদীর জলে এত বেশি শিল্পের পরিত্যক্ত জল থাকে, যে কোনও সময় মহামারী দেখা দিতে পারে। যেহেতু ট্যাঙ্ক তৈরি হয়ে পড়ে আছে, তাই গফিলতি না করে অতি সত্বর যাতে কাজটা শুরু করা হয় তার জন্য আবেদন করছি।

**শ্রী মানিকলাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আমি কুলটি থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেখানে দামোদর নদীর উপরে একটি সেতু নির্মানের কাজ চার-পাঁচ বছর আগে শুরু হয়েছিল এবং ২০০১ সালের মধ্যে কাজটা সম্পূর্ন হবে বলা হয়েছিল। কিন্তু এখনো পর্যন্ত সেই সেতুটির কাজ সম্পূর্ন হয়নি। এই সেতুটির কাজ সম্পূর্ন হলে বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া জেলার লোকদের সুবিধা হবে। সেতুটি সম্পূর্ন হলে সেতুটির নামকরন নেতাজি সুভাষচন্দ্র বসুর নামে করার জন্য আমি প্রস্তাব রাখছি। যাতে অবিলম্বে সেতুটির কাজ সম্পূর্ন হয় সেইজন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা রোজ সংবাদপত্রে দেখছি যে আলিমুদ্দিন স্ট্রিট থেকে মন্ত্রীদের উপর বাধা দেওয়া হচ্ছে, নির্দেশ দেওয়া হচ্ছে যেন সংবাদপত্রে বা বিধানসভায় মুখ না খোলেন। কতকগুলি গুরুত্বপূর্ন ইসুতে। অনেক গুরুত্বপূর্ন ঘটনা ঘটছে। কালকেও আমরা হাউস থেকে ওয়াকআউট করেছি। আমাদের সেই দাবি পুরন না হলে আগামী পরশুদিন থেকে আমরা ওয়েলে ধর্নায় বসতে বাধ্য হবো। মন্ত্রী সুভাষ চক্রবর্তী যে রিপোর্ট জমা দিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, সেই রিপোর্ট পেস করার জন্য বলেছি। আগে অনেক কিছুই জানতে পারতাম, কিন্তু তাকে নির্দেশ দেওয়া হয়েছে সংবাদপত্রে বা বিধানসভায় মুখ খুলতে পারবেন

না। এতে রাজ্যের মানুষকেও বঞ্চিত করা হচ্ছে, মন্ত্রী কি বলতে চাইছেন, কোন কোন সমাজবিরোধীদের প্রশ্রয় দিয়েছেন বামফ্রন্টের কোন কোন নেতাকে জেতানোর জন্য, সেটা জানার সুযোগ আমাদের নেই। আবার বলছি, সেই রিপোর্ট প্লেস করুন, নাহলে আগামী পরশুদিন থেকে আমরা ওয়েলে ধর্নায় বসতে বাধ্য হব।

**শ্রী দীপক চন্দ্র সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর—যিনি উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদের চেয়ারম্যানও বটে, এখন হাউসে নেই, কিন্তু উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদের ভাইস চেয়ারম্যান মাননীয় কৃষিমন্ত্রী আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কুচবিহার জেলায় একটি সরকারি ছাপাখানা আছে, অনেকদিন ধরে সেটা ভগ্ন, রুগ্ন দশায় আছে। সেখানে ৭২ জন কর্মীর পদ থাকলেও বর্তমানে ২২টি পদ খালি আছে। ৮টি মেশিনের মধ্যে ৫টি অকেজো হয়ে পড়ে আছে। বহু আবেদন-নিবেদন করেও সেটার জন্য আর্থিক সহায়তা পাওয়া যায়নি। আগামী ১৪ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী কুচবিহারে যাচ্ছেন উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদের মিটিং আছে, আমার আবেদন উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদ থেকে কুচবিহারের ছাপাখানাটির জন্য আর্থিক সাহায্য দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী অখিল গিরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীঘা পশ্চিমবঙ্গের মধ্যে একটি অন্যতম পর্যটন কেন্দ্র। প্রতি বছর সেখানে ৮।৯ লক্ষ মানুষ বেড়াতে যান। সেখানে একটি স্টেট জেনারেল হাসপাতাল আছে, কিন্তু ৬ বছর ধরে সেখানে কোনও সার্জেন নেই এবং ও. টি. তে পর্যাপ্ত যন্ত্রপাতি না থাকার জন্য রোগীদের অপারেশন করা যাচ্ছে না। সেখানে অবিলম্বে ডাক্তার দেওয়া এবং ও. টি. তে পর্যাপ্ত পরিমাণে যন্ত্রপাতির ব্যবস্থা করার জন্য আবেদন রাখছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় দমকল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রায়না ও খণ্ডঘোষ এলাকায় প্রতি বছর লক্ষ লক্ষ টাকার সম্পদ নষ্ট হয় আগুনে পুড়ে। ঐ এলাকায় সগরাইয়ে একটি অগ্নি নির্বাপক কেন্দ্র স্থাপনের জন্য অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমার জয়নগর কেন্দ্রের দক্ষিণ বারাসাত অঞ্চলে তিনটি ষাঁড়—বলা হচ্ছে "ধর্মের

ষাঁড়'—এমন উৎপাত করে বেড়াচ্ছে যে গোটা গ্রামের লোক অতিষ্ট হয়ে পড়েছে। চারজন লোক ইতিমধ্যে তার আক্রমণে মারা গেছে, অনেকে আহতও হয়েছে। দোকানে দোকানে ঢুকেও জিনিস খেয়ে নিচ্ছে। এই ব্যাপারে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

এই ষাঁড়গুলি ধরার জন্য কোনও ব্যবস্থা যাতে অবিলম্বে গ্রহণ করা হয় এবং এই ষাঁড়ের আক্রমণ থেকে অব্যাহতি পায়, তার জন্য সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এখানে মাননীয় সংসদীয় মন্ত্রী আছেন, তিনি যাতে এটা গুরুত্ব সহকারে দেখেন, তার জন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার ৪ জন মারা গেছে এবং বেশ কয়েকজন আহত। স্যার, এটা সিরিয়াস ব্যাপার।

**মিঃ স্পিকার ঃ** হ্যাঁ, আমিও খবরের কাগজে দেখেছিলাম বোধহয় একজন মারাও গেছে ষাঁড়ের উপদ্রবে। এখানে অ্যানিম্যাল হাজবেন্ড্রি ডিপার্টমেন্টের মন্ত্রী আছেন। তিনি এই ব্যাপারে নিশ্চয় ব্যবস্থা নেবেন। কি রকম সব ইনজেকশন আছে। দরকার হলে সেই ইনজেকশন দিন। কারণ স্থানীয় মানুষ বিপদে পড়েছে। আরও মানুষ অসুস্থ আহত হতে পারে। এই ব্যাপারে যাতে ব্যবস্থা গ্রহণ করা যায় দেখবেন। তদন্ত করে যত তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণ করা যায় সেটা দেখবেন।

**শ্রী আনিসুর রহমান ঃ** আমিও কাগজে এই ব্যাপারে দেখলাম। তবে আমার কাছে কোনও অভিযোগ আসেনি। আমরা ব্যবস্থা নিতে পারি যদি কোনও বাধা না থাকে। অনেক সময় ধর্মের ষাঁড় বলে সমস্যা হচ্ছে। যদি কোনও বাধা না তৈরি হয় তাহলে আমরা এই ব্যাপারে চেষ্টা করব।

**শ্রী সামসুল ইসলাম মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই যে, চাপলা বিধানসভা এলাকায় ৪-৫ হাজার শ্রমিক পাটকাঠি এবং বাঁশের সরবরাহের কাজে যুক্ত আছে। কিন্তু তাদের কোনও বৈধ অনুমতি বা লাইসেন্স না থাকার কারণে হয়রান হতে হচ্ছে। তাদের যাতে দ্রুত লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করা যায় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ তাঁরাও শান্তির কথা বলছেন, আর আমরাও শান্তি চাইছি। কোতলপুর থানার গোপীনাথপুর, শিহর, জগন্নাথপুর ইত্যাদি জায়গায় প্রায় ১৪টি অঞ্চলে বেশিরভাগ জায়গাতে প্রায় ৫০০ জমিতে চাষ হয়নি। সেখানে ধর্মঘট

চলছে। কৃষি জমিতে চাষ করতে দিচ্ছে না। সেখানে অনাথবন্ধু সিংহরায় বলে একজন মানুষ ১৪০৭ সালের আষাঢ় মাসে ঘরছাড়া হয়েছে। বর্তমানে তার দুই ছেলেকে যেতে দিয়েছে। কিন্তু অনাথবাবু, তাঁর স্ত্রী এবং বড় বড় দুই মেয়ে আছে, তাদের যেতে দিচ্ছে না। তাদের ভয় দেখানো হচ্ছে যে, গেলেই জমিগুলি বর্গা করে দেবে এবং ১ লক্ষ টাকা ফাইন দিতে হবে। স্যার, ওখানে এই রকম ভয়ংকর অবস্থা হয়ে রয়েছে। তাই আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাগদা বিধানসভা কেন্দ্রে বেতলা, ইছামতি এবং বেত্রাবতি নদীর বুক উঁচু হয়ে গেছে। ভরাট হয়ে গেছে। কচুরীপানার কারণে এই ঘটনা ঘটেছে। যে কোনও সময় ওই অঞ্চল বন্যা হতে পারে। তাই এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী অসিত মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গ সরকার কোটি কোটি টাকা রাজ্যের সমবায় সমিতিগুলিকে দিচ্ছে কিন্তু এতে রাজ্যের তাঁত শিল্পীদের কোনও উন্নতি হচ্ছে না, অথচ টাকা দেওয়া হচ্ছে তাদের উন্নয়নের স্বার্থে। দীর্ঘ কয়েক বৎসর ধরে এই রাজ চলছে। অথচ রাজ্য সরকারের কাছ থেকে খাদি বোর্ডের মাধ্যমে সেই সমিতিগুলো কোটি কোটি টাকা নিচ্ছে। তাঁত শিল্পীদের উন্নয়নের জন্য তাদের কাজ দেওয়ার জন্য কিন্তু তাদের উন্নয়ন তো দূরের কথা তারা না খেতে পেয়ে মারা যাচ্ছে, কেউ পালিয়ে যাচ্ছে। আর সমিতির ম্যানেজাররা ফুলে ফেঁপে উঠেছে। সমবায় সমিতিগুলো এক একটা দুর্নীতির আখড়াতে পরিণত হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার কোটি কোটি টাকা দিচ্ছে আর সেই টাকা তছরূপ করে ম্যানেজাররা রোজগার করছে। তাই আপনার কাছে বলতে চাই যে যারা কাজ হারিয়েছে তারা ক্রাশার মেশিনে কাজ করতে যাচ্ছে। অবিলম্বে এই বিষয়ের তদন্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পিংলা ব্লকে যে প্রাথমিক হেলথ সেন্টারটি রয়েছে, এই

হেলথ সেন্টারটিকে গ্রামীণ হাসপাতালে পরিণত করার জন্য পিংলার জনসাধারণ দীর্ঘদিন ধরে দাবি করে আসছে। পিংলার পাশাপাশি যে ব্লকগুলো রয়েছে প্রতিটি ব্লকে গ্রামীণ হাসপাতাল রয়েছে। পিংলার মানুষকে চিকিৎসার জন্য এরিয়ার বাইরে যেতে হয়। পিংলার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপায়ণ করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী দীপক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পঞ্চায়েতমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী তথ্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের পর থেকে মেদিনীপুর, হুগলি, এবং অন্যান্য জেলায় তৃণমূল, কংগ্রেস, বিজেপি নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের জোর করে পদত্যাগ পত্র লিখিয়ে নিয়েছে। এইভাবে নির্বাচিত পঞ্চায়েতের ক্ষমতা দখল করার চেষ্টা করছে। কতগুলো সুনির্দিষ্ট কেস আমরা ডি. এমের কাছে দিয়েছি। মুখ্যমন্ত্রীকে জানানো হয়েছে এই দুটো কেসের মধ্যে একটা হচ্ছে মেদিনীপুরের চন্দ্রকোণায় আমাদের পঞ্চায়েত সমিতির সভাপতি, সে তফসিলী জাতিভুক্ত মহিলা তাঁকে বাড়ি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে। সে শহরে আশ্রয় নিয়েছে। তার মেয়েকে ইজ্জত লোপের ভয় দেখানো হয়েছে। ডি. এম. অনেক চেষ্টায় পুলিশ দিয়ে তাকে অফিসে পাঠাচ্ছেন আবার মেদিনীপুর শহরে জমা করে দিচ্ছেন কিন্তু গ্রামে ফিরিয়ে দিতে পারছেন না। একজন মুসলমান ভদ্রলোক—রফিক, পঞ্চায়েত সমিতির সদস্য বাড়ি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে, তিনি মেদিনীপুর শহরে আশ্রয় নিয়েছেন। তিনি কো-অপারেটিভে চাকরি করেন। সেই কো-অপারেটিভ দখল করে চাকরি খেয়ে নেওয়া হয়েছে। হাইকোর্ট থেকে এ ব্যাপারে স্থগিতাদেশ দেওয়া হয়েছে। বিশেষ করে মহিলা প্রধানদের বাড়ি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে। থানায় ডায়েরি করতে গেলে ডায়েরি নেওয়া হচ্ছে না।

**শ্রী সুব্রত ভাওয়াল ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র পূর্বস্থলী এলাকায় বন্যার পর থেকে বেশ কিছু গ্রামে ভাঙন দেখা দিয়েছে। গত বন্যার পর থেকে বেশ কিছু গ্রাম ভেঙে গেছে তার মধ্যে তামাবাটা একটা। এই তামাবাটার ১০০ শতাংশ মানুষই তাঁতের উপর নির্ভরশীল এবং এর জন্য ৩ বার তারা রাষ্ট্রপতি পুরষ্কার পেয়েছে। সেই গ্রামের সমস্ত পাকা রাস্তাই নদীগর্ভে চলে গেছে। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়র ও দেখে গেছেন। আমি মাননীয় মন্ত্রীকে বলতে চাই অবিলম্বে ওই ব্যাপারে হস্তক্ষেপ করুন। এছাড়াও ঝাউডাঙ্গা, সিংপাড়া, কুটুরিয়া গ্রামগুলির ৫০ ভাগ ভেঙে গেছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তমোনাশ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল এই হাউসে শ্রম এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বাজেট নিয়ে আলোচনা হয়েছে। আমি একটা ছোট ঘটনা এখানে মেনশন করছি। আজকে সরকার শ্রমিক সম্পর্কে ভ্রান্ত নীতি নিয়ে চলছেন। কৃষি প্রযুক্তি সহায়ক বলে একটা পদ আছে এবং এর জন্য ২ বছরের একটা কোর্স আছে এবং এর জন্য স্কুলও আছে। ২ বছর পড়ার পরে এই ছাত্রছাত্রীরা পাশ করে কৃষি প্রযুক্তি সহায়ক পদে চাকরির সুযোগ পায়। দক্ষিণ ২৪ পরগনা জেলায় এই ধরনের পদে কিছু লোক নেওয়ার জন্য নোটিশ করা হয়েছিল। এখানে প্রশিক্ষনপ্রাপ্ত ছাত্রছাত্রীরা ২ বছরের কোর্স কমপ্লিট করে এই পদের জন্য অ্যাপ্লাই করেছিল, কিন্তু তাদের নেওয়া হয় নি। সবই জেনারেল ক্যাটাগরি থেকে নেওয়া হয়েছে। আজকে এগ্রিকালচার ডিপার্টমেন্টের বাজেট আছে, আমি মাননীয় মন্ত্রীকে বলব আপনি এই ব্যাপারে সভাকে জানান।

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র মঙ্গলকোট। সেখানে অজয় এবং কুনুর নদীতে প্রত্যেক বছরেই বন্যা হয়। এর ফলে বহু মানুষ আশ্রয়হীন হয় এবং ব্যাপক ফসল নষ্ট হয়। তাদের সাময়িক ভাবে আশ্রয় দেওয়ার জন্য কোনও ফ্লাড শেল্টার নেই। আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে অনুরোধ করছি চানক অঞ্চলে বালিডাঙ্গা যেখানে গত বন্যায় একজন মারা গেছে তার নাম রবীন্দ্র নাথ সে রেসকিউ করতে গিয়ে মারা গেছে এবং ভাল্যগ্রাম অঞ্চলে শ্যামবাজারে এবং মাঝিগ্রাম অঞ্চলের মাঝিগ্রামে ফ্লাড শেল্টার করার জন্য অনুরোধ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৭ই জুলাই থেকে পশ্চিমবঙ্গে বিদ্যুতের ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়েছে। আমরা সংবাদপত্রে এবং দূরদর্শনে মন্ত্রীর স্টেটমেন্টের মাধ্যমে জেনেছি এন. টি. পি. সি. পাওয়ার কার্টল করছে এবং সেই জন্যই বিদ্যুতের এই অবস্থা আমি মনে করি শুধু এন. টি. পি. সি. নয়, নদীয়া জেলায় আমি দেখেছি আমার কাছে স্ট্যাটিসটিকস আছে গত ৬ থেকে ৯ তারিখ পর্যন্ত দফায় দফায় ব্যাপক লোডশেডিং হয়েছে। এটা শুধুমাত্রা আন্ডার ফ্রিকোয়েন্সির জন্যই নয়, লোকাল ফল্ট আছে। এখন হাউস চলছে এবং বিদ্যুতের এই রকম ঘোরালো পরিস্থিতি চলছে। গতকাল নদীয়া জেলায় ১৪ বার দফায় দফায় লোডশেডিং হয়েছে। সংবাদপত্রের মাধ্যমে জানতে পারছি। এখন হাউস চলছে, আমি দাবি

করছি মন্ত্রিমহাশয় এখানে এসে একটা স্টেটমেন্ট দিন। বিদ্যুৎ ছাড়া এখন কোনও কাজ করা যায় না, বিদ্যুতের অভাবে অপারেশন বন্ধ, লোকাল সব কাজ বন্ধ, কৃষি কাজ বন্ধ। এই রকম পরিস্থিতিতে আপনি মন্ত্রিমহাশয়কে ডেকে পাঠান, তিনি একটা স্টেটমেন্ট দিন।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার নরঘাট বিধানসভার নন্দীগ্রাম ৩ নং ব্লক চন্ডীপুরে মগরাজপুর, ধান্যশ্রী, কলিকাখালি, সরিপুরে ক্যানেলগুলিতে তমলুক থেকে দীঘা রেল লাইন করতে গিয়ে কালভার্ট করার সময় বৃহদাংশে পলি পড়ে এবং তার ফলে জল নিকাসি সাংঘাতিকভাবে ব্যাহত হচ্ছে। এর প্রভাবে ৪টি গ্রাম পঞ্চায়েতের ৩০-৩৫ টি মৌজায় জল নিকাসি প্রচণ্ড ভাবে ক্ষতিগ্রস্ত হয়। এছাড়াও ছোট ছোট নালার উৎসমুখ বন্ধ হয়ে যাচ্ছে। হিউম পাইপগুলি দিয়ে বিজ্ঞানসম্মত ভাবে সেটিং করা হয় নি। গ্রাম পঞ্চায়েত প্রধানদের কোনও কথা রেল দপ্তর পাত্তা দেয় না।

তাই অবিলম্বে যাতে যন্ত্রের সাহায্যে ঐ পলির সংস্কার করে, নিষ্কাশন করা হয় তার জন্য মাননীয় সেচ মন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[12-30 —12-40 p.m.]

**শ্রী মুস্তাক আলম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকালও আমি এ ব্যাপারে বাজেট স্পিচে মেনশন করেছি। গত ৬ই জুলাই মালদা জেলার প্রায় সাড়ে ৪০০ শ্রমজীবীর উপর আক্রমণ হয়। তারা যখন তাদের ন্যায্য দাবি-দাওয়া নিয়ে আন্দোলন করছিল তখন অ্যাডিশনাল এস. পি. নিকেত কৌশিক তাদের ধরে নিয়ে যায় এবং ইংলিশবাজার থানায় নিয়ে গিয়ে বেয়নেট এবং বুট জুতো দিয়ে মার-ধোর করে। এই রকম পাশবিক ঘটনা স্বাধীন দেশে কোথাও দেখা যায় না। এই ম্যাটারটা অত্যন্ত ভাইটাল এবং যেহেতু মাননীয় মুখ্যমন্ত্রী স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তাই আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতি কনিকা গাঙ্গুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। কিছু দিন ধরে সংবাদ মাধ্যমের ভেতর দিয়ে দেখা যাচ্ছে একটা ব্যাপার দেশের আতঙ্কের কারণ হয়ে দাঁড়াচ্ছে। আজকে জাতীয় শিক্ষা

নীতির মধ্যে দিয়ে শিক্ষাকে গৈরিকীকরণ করার চেষ্টা হচ্ছে এবং তার মধ্যে শিক্ষাক্ষেত্রে আমাদের পিছিয়ে দেওয়ার একটা চেষ্টা হচ্ছে। আবার, তেমনিভাবে শিক্ষকদের বিদেশে যাওয়ার প্রশ্নে বা কোনও সেমিনার, আলোচনা সভায় অংশ গ্রহণের প্রশ্নে নিষেধাজ্ঞা জারি করা হচ্ছে এবং সেখানে দাড়িয়ে একটা অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। এবং যাতে কেউ কোনওভাবে কেন্দ্রীয় সরকারের অনুমতি ছাড়া বিদেশে যেতে না পারে তার চেষ্টা হচ্ছে। আজকে শিক্ষাকে কুক্ষিগত করার যে প্রচেষ্টা কেন্দ্রীয় সরকার চালাচ্ছে, তার সঙ্গে ওঁরাও যুক্ত ছিল, তার বিরুদ্ধে আমাদের একটা নিন্দা প্রস্তাব আনা উচিৎ বলে আমি মনে করি।

**শ্রী গোবিন্দ নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি সাবজেক্টটা একটু চেঞ্জ করে নিচ্ছি এবং একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করছি। সাগরে কলেরায় মৃত্যু শুরু হয়ে গেছে এবং নদী বাঁধ ভেঙ্গে গিয়ে হাটখোলা, রায়পুর, চুনমারি সমেত কয়েকটা জায়গায় সমুদ্রের লোনা জল ঢুকে গিয়েছে, সব ডুবে গিয়েছে। এবং জুবেদা নামে ৫০ বছরের এক বৃদ্ধা মারা গেছেন। ঘোড়ামারা দ্বীপে কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই। এখানে প্রায় সাড়ে ৪০০ মানুষ বসবাস করেন। অবিলম্বে যাতে এখানে ডাক্তারের ব্যবস্থা করা হয় এবং একটা মেডিকেল টিম পাঠানো হয় তার আবেদন জানাচ্ছি। এখানকার মানুষকে অশেষ দুর্ভোগের মধ্যে জীবন কাটাতে হচ্ছে এবং সাগর হাসপাতাল ছাড়া ধারে কাছে আর কোনও হাসপাতাল নেই। বিষয়টা ইতিপূর্বেও আমি উল্লেখ করছি।

**শ্রী তপন হোড় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইউ. জি. সি. যে 'নেট' পরীক্ষার ব্যবস্থা করেছে বাংলাতে তার প্রশ্নপত্র ভুলে ভরা এবং তাতে অসম্ভব রকমের বাংলা ভাষার বিকৃতি দেখা যাচ্ছে। সেখানে রবীন্দ্রনাথের 'চোখের বালি' হয়ে গেছে 'চোখের কালী', 'গীতবিতান' হয়ে গেছে 'গীতা বিতান'। আবার, হেমচন্দ্রের 'বিপ্রসংহার' হয়ে গেছে 'বিপ্র সংস্থার'। আজকে ২০০০ সালে এসেও এই ঘটনা ঘটতে দেখা যাচ্ছে।

এই বিকৃতির মধ্যে দিয়ে আমরা দেখছি যে, ভয়ংকর ভাবে বাংলা ভাষার প্রতি আক্রমণ আসছে। কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্যা বলছিলেন যে, শিক্ষার গৈরিকিকরণ হচ্ছে এবং ইচ্ছাকৃতভাবে বাংলা ভাষার বিকৃতিকরণ করা হচ্ছে। এ ব্যাপারে আমি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোককুমার দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিকের ফল প্রকাশিত হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত ছাত্র-ছাত্রীদের অনেকেই কলেজে, স্কুলে ভর্তি হতে পারে নি। এ ব্যাপারে সরকার নিরব, প্রশাসনও নিরব। আমি মাননীয় শিক্ষামন্ত্রীদ্বয়কে অনুরোধ করব যে, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে যারা প্রথম দশ জনের মধ্যে রয়েছেন তাঁদের পড়াশোনার জন্য সরকারের পক্ষ থেকে যেন সবরকম সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হয়। এবারে উচ্চ মাধ্যমিকে আমার জেলার নুঙ্গী হাইস্কুল থেকে সপ্তম স্থান অধিকার করেছে। সে খুব গরিব মানুষ, অনেক কষ্ট করে পড়াশোনা করেছে। সরকার থেকে যদি পড়াশোনার জন্য সব রকম সুযোগ-সুবিধা দেওয়া হয় তাহলে সে আরও অনেক দূর পর্যন্ত পড়াশোনা করতে পারবে। এ ব্যাপারে আমি মাননীয় শিক্ষামন্ত্রীদ্বয়কে অনুরোধ করব যাতে, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে যারা প্রথম দশ জনের মধ্যে রয়েছেন তাঁদের পড়াশোনার জন্য সরকারের পক্ষ থেকে যেন সবরকম সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হয়।

**শ্রী জানে আলম মিয়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় এই সময় গঙ্গা-পদ্মা ভাঙনে বন্যায় গোটা মুর্শিদাবাদ জেলাবাসী আতঙ্কগ্রস্থ হয়ে পড়েছে। আমার নির্বাচনী এলাকা সৃতীর নুরপুর গ্রামপঞ্চায়েতে চক-শহিদপুরে গত ৪-৫ দিন ব্যাপক হারে ভাঙন চলছে। সেই ভাঙনে ৮-১০টি বাড়ি জলের তলায় তলিয়ে গেছে, প্রায় শতাধিক চাযের জমি জলে ডুবে গেছে। অবিলম্বে এর প্রতিরোধের ব্যবস্থা করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মইনুল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার ধুলিয়ান একটা বাণিজ্যিক শহর, শুধু তাই নয় এটা একটা পুরোনো শহর সেখানে প্রায় ৯০ হাজার মানুয বসবাস করেন। মিউনিসিপ্যালিটি শহর হলেও সেই শহরে এখনও পর্যন্ত কোনও কলেজ নেই। এলাকার মানুষের দীর্ঘদিনের দাবি অবিলম্বে ধুলিয়ান শহরে একটি কলেজ নির্মাণ করা হক। আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি, অবিলম্বে ধুলিয়ান শহরে একটি কলেজ নির্মাণ করে সেই এলাকার ছাত্র-ছাত্রীদের যে সমস্যা আছে সেটা দূর করা হোক।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার পাঁচলা থানার গাববেড়িয়ায় একটা হাসপাতাল আছে, এই হাসপাতালটি মাননীয় কানাইলাল ভট্টাচার্য্য মহাশয় উদ্বোধন করেছিলেন। ইলেকশনের আগে গরিব রোগীদের জন্য এই হাসপাতালে একটা অ্যাম্বুলেন্স কেনা হয়। কিন্তু সেই অ্যাম্বুলেন্স সেই হাসপাতালের সি. এম. ও. এইচ. ব্যবহার করছেন, কোনও গরিব রোগী সেই অ্যাম্বুলেন্স পাচ্ছেন না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যে, অবিলম্বে তদন্ত করে দেখা হক গরিব রোগীদের জন্য ঐ হাসপাতালে যে অ্যাম্বুলেন্স কেনা হল সেটা ঐ হাসপাতালের সি. এম. ও. এইচ. কেন ব্যবহার করছেন? কেন অ্যাম্বুলেন্সটা ফেরত দেওয়া হচ্ছে না?

[12-40 — 12-50 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** স্যার, কর্মসংস্কৃতি নিয়ে গোটা রাজ্যে ব্যাপকভাবে আলোচনা চলছে। প্রতিদিন মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী কর্মসংস্কৃতির কথা বলছেন। নিশ্চয়ই কর্মসংস্কৃতি গড়ে ওঠা দরকার। পশ্চিমবাংলায় কর্মসংস্কৃতির অভাব আছে। অতএব মন্ত্রীদের সরকারি কর্মচারীদের প্রতি সর্বপ্রথম কর্মসংস্কৃতির আবেদন রাখা উচিত, তারপর রাজ্যের অন্যান্য মানুষদের কাছে, শিল্প শ্রমিকদের কাছে কর্মসংস্কৃতির আবেদন থাকবে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে মানুষগুলোকে নির্বাচনে রিগিং করার কাজে ব্যবহার করা হয়েছে তাদের কাছে এই আবেদন কি করে পৌঁছবে? রিগিং-এর মতো একটা অন্যায় দুর্নীতিমূলক কাজে এই সরকারের মন্ত্রীরা সরকারি কর্মচারীদের ব্যবহার করেছেন। এখন তাদের কাছে যতই কর্মসংস্কৃতির আবেদন জানানো হোক না কেন, তারা কি তা মানবে? আমরা জানি আপনি 'আচরি ধর্ম পরেরে শিখাও'— যাদের দিয়ে দুর্নীতি করাবেন তাদেরই আবার সংস্কৃতির কথা বলবেন, তারা তা মানবে কেন? আগে শুনতাম 'আসি যাই মাইনে পাই, কাজ করলে ওভার টাইম পাই।' এক সময় জ্যোতিবাবুকে বলতে হয়েছিল, 'আমি কাকে কাজ করতে বলব, চেয়ারকে? দপ্তরে তো চেয়ার ছাড়া আর কেউ থাকে না।' আজকে তার চেয়েও ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে—যে মানুষগুলোকে নির্বাচনে রিগিং করার কাজে ব্যবহার করা হয়েছে, সেই মানুষগুলোকে কর্মসংস্কৃতি ফিরিয়ে আনতে বলা হচ্ছে। তাদের কাছে আবেদন রাখা হচ্ছে, তারা কি এরপর আর ওঁদের আবেদনে সাড়া দিতে পারে? আমি বিশ্বাস করি যে মানুষ দুর্নীতিগ্রস্থ, সত নয়—জীবনে সত্ নয়,

কর্মজীবনে সত্ নয় তার আবেদনে কখনোই ভারতবর্ষের সাধারণ মানুষ সাড়া দিতে পারে না।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমার মেদিনীপুর জেলার নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের দক্ষিণাংশের শেষ প্রান্তের সঙ্গে এখনো আমাদের নদী পথে সংযোগ স্থাপন করে চলতে হচ্ছে। স্বাধীনতার পূর্বে বৃটিশরা যখন আমাদের দেশ শাসন করত তখন আমাদের গ্রামাঞ্চলের ব্যাপকভাবে রাস্তাঘাটের ব্যবস্থা ছিল না। যাতায়াতের ক্ষেত্রে নদীপথের গুরুত্বই ছিল সবচেয়ে বেশি। এখনো আমরা দেখছি, স্বাধীনতার পরেও আমার নন্দীগ্রাম বিধানসভার কেন্দ্রের মানুষদের সাগর-দ্বীপ, কাকদ্বীপে নৌকায় করে যাতায়াত করতে হচ্ছে। এখন ট্রলারে করে যাতায়াত করছে। যখন নদীতে ঝড়, ঝঞ্ঝা জলোচ্ছ্বাস দেখা দেয় তখন মানুষকে জীবনের ঝুঁকি নিয়ে নদী পারাপার করতে হয়। এই পরিপ্রেক্ষিতে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর কাছে আবেদন জানাচ্ছি, আমার নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের দক্ষিণাংশের শেষ প্রান্তের নদী তীরে অবিলম্বে একটা জেটি নির্মাণ করার ব্যবস্থা করুন এবং সেই জেটি থেকে ভেসেলের মাধ্যমে নদী পারাপারের ব্যবস্থা করুন। তাহলে ঐ এলাকার মানুষের খুবই উপকার হবে। ধন্যবাদ।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে উন্নয়ন এবং পি ডব্লু ডি. এই দুটি দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। দৈনিক লক্ষ লক্ষ মানুষ বি, টি, রোড দিয়ে যাতায়াত করে। অথচ অল্প বৃষ্টি হলেই বি. টি. রোডের দু পাশের ড্রেনগুলির সমস্ত নোংরা জল গোটা বি. টি. রোড প্লাবিত করে দেয়। তখন আর বি. টি. রোড যাতায়াত করার উপযোগী থাকে না। গত কয়েক বছর ধরে ড্রেন সংস্কার এবং পুনর্গঠনের কথাবার্তা চলছে। কিন্তু আশ্চর্যের বিষয় আজ পর্যন্ত সে কাজ শুরু করা হল না। তাই স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীদের বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে ঐ সংস্কার কার্য করতে অনুরোধ করছি। তা না হলে খড়দা, আমার কেন্দ্র পানিহাটি, বরানগর প্রভৃতি বিস্তীর্ণ অঞ্চলের মানুষদের অত্যন্ত দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। অতএব আমি শীঘ্র উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

**শ্রী শম্ভুনাথ মাণ্ডি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি তপসিলি জাতি এবং উপজাতি কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার বীনপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বীনপুর ২ নং পঞ্চায়েত সমিতির অধীনে যে সব জুনিয়র হাই স্কুল, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক হাইস্কুলগুলি আছে সেগুলির জন্য ওখানে তপসিলি জাতি এবং উপজাতির ছাত্রছাত্রীদের কোনও হস্টেল না থাকার ফলে অনেক গরীব আদিবাসী ছাত্রছাত্রী দূরবর্তী অঞ্চল থেকে এসে হস্টেলে থেকে লেখাপড়ার সুযোগ পাচ্ছে না। তারা লেখাপড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আমি ঐসব আদিবাসী ছাত্রছাত্রীদের পক্ষ থেকে মাননীয় মন্ত্রীর কাছে আবদেন করছি যত তাড়াতাড়ি পারেন ঐ এলাকায় হস্টেল নির্মাণের ব্যবস্থা করুন। ঐ এলাকার সাহারিতে অবিলম্বে আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য একটা হস্টেল নির্মাণের জন্য আমি তপসিলি জাতি উপজাতি কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রী শীতল সরদার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা এলাকার সাঁকরাইলে হাজি এস. টি. মল্লিক নামে একটি হেলথ সেন্টার আছে দীর্ঘদিন ধরে। ঐ এলাকার অধিকাংশ মানুষই তপসিলি জাতিভুক্ত এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। ওখানকার বেশিরভাগ মানুষই দারিদ্রসীমার নিচে বাস করেন। কিন্তু হাসপাতালটি এতই দুরবস্থা যে সেখানে কোনও সময়ে ডাক্তার থাকে না। হাসপাতালে রোগী থাকা সত্ত্বেও ডাক্তার নেই, ওষুধ নেই। হাসপাতালে গেলে দেখা যায় বেড়ে কুকুর শুয়ে আছে, না হয় ছাগল ঘুরছে। ঐ স্বাস্থ্য কেন্দ্রে যাতে সুচিকিৎসা হয় এবং রোগীরা যাতে ওষুধ পায় তার যথাযথ ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, এই পশ্চিমবাংলায় ১৯৭৭ সালে যে ১১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হতো সেটা এখন প্রায় ৮ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। তা সত্ত্বেও বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে যে ডিসট্রিবিউশন সিস্টেম তার গোলমালের জন্য আমাদের বাঁকুড়া বিষ্ণুপুর সহ গ্রামাঞ্চলে যতগুলি সাব-স্টেশন আছে সন্ধ্যা ৭টা থেকে রাত্রি ৯টা, ১০টা পর্যন্ত দুই কিম্বা ৩ ঘণ্টা ধরে লোডশেডিং হচ্ছে। এর ফলে ছেলে-মেয়েদের পড়াশুনা, কৃষি কাজ প্রভৃতি নানা ধরণের সমস্যার সৃষ্টি হচ্ছে। এই বিষয়টি যাতে গুরুত্ব সহকারে মন্ত্রিমহাশয় দেখেন তার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কালীপদ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার শ্যামপুর বিধানসভা কেন্দ্রে জানলাবাজ যে খালটি আছে তার বিস্তৃতি শাখা-প্রশাখা সহ প্রায় ১০ কিলোমিটার। এই খালটির সংস্কার না হওয়ার দরুন কৃষিজীবী মানুষেরা বিপদের সম্মুখীন। এমতাবস্থায় আমার অনুরোধ, কৃষি এবং কৃষকের স্বার্থে বিরাট ৪টি অঞ্চলের ৫০টি গ্রামের মানুষ ঐ খালের দ্বারা যাতে উপকৃত হয় তার জন্য খালটি সংস্কারের দাবি জানাচ্ছি।

**শ্রীমতী মানসী ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কোতলপুর কেন্দ্রে একটা বড় সব্জিহাট এবং গরুহাট আছে। কিন্তু জায়গাটি সংকীর্ণ হওয়ার ফলে কোতলপুর কেন্দ্র প্লাস ইন্দাস কেন্দ্রের সাধারণ চাষীদের স্বার্থে ঐ জায়গায় যাতে মার্কেট কমপ্লেক্স করা যায় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এর সাথে সাথে আমি আর একটি কথা বলতে চাই, একটু আগে একজন মাননীয় সদস্য মেনশন করলেন যে, কোতলপুর কেন্দ্রে গোপীনাথপুর অঞ্চলে অনাথবন্ধু সিংহরায় বেশ কিছুদিন জমি-বাড়ি ছাড়া, তাকে চাষ করতে দেওয়া হচ্ছে না। গোপীনাথ পুরের অনাথবন্ধু সিংহরায়ের কোতলপুর শহরে তার আর একটা বাড়ি আছে। সেখানে তিনি এবং তাঁর স্ত্রী থাকেন। যিনি মেনশন করলেন তিনি ভুলে গেছেন যে আমি ঐ গ্রামেরই মেয়ে। সুতরাং আমি পুরো ব্যাপারটাই জানি। তার ছেলেরা চাকরীজীবি, বাইরে থাকেন।

**শ্রীমতী সোনালী গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী, শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটা ঘটনার উল্লেখ করতে চাই। গত ৭-৭-২০০১ তারিখে শনিবার বিকালবেলায় গঙ্গারামপুরের শুকদেবপুর স্কুলের সামনে তৃণমূলের সভাপতি সুশীল সরকার বাড়ি ফিরছিলেন হাতে বাজার নিয়ে।

সেই সময় শাসকদলের কিছু দুর্বৃত্ত তাকে গুলি করে, তার দিকে বোমা ছোঁড়ে। তিনি হাটের মধ্যে রক্তাপ্লুত অবস্থায় লুটিয়ে পড়েন। তার থেকে ৭ গজ দূরে একটা পুলিশ ক্যাম্প ছিল কিন্তু সেখান থেকে কোনও পুলিশ আসে নি। সেখানকার থানার ও. সি. শ্রী নীলেশ ঘোষ এই ঘটনার প্রত্যক্ষদর্শী সজল সরকার—তার ছেলে—তার ডাইরি নিতে অস্বীকার করেন। স্যার, উত্তরবঙ্গ থেকে জিতে আসা জনৈক মন্ত্রীর প্রত্যক্ষ উস্কানিতে এই ঘটনা ঘটেছে। আমি দোষীদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তির দাবি করছি।

[12-50 — 1.00 p.m.]

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে রাজ্যসরকারের এবং সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার জেলাতে গতবার কি রকম ভয়াবহ বন্যা হয়েছিল তা সকলেই জানেন। সেই বন্যা পরিস্থিতির কথা মনে রেখে রাজ্য সরকার যাতে আগাম কিছু ব্যবস্থা নিয়ে রাখেন তার জন্য আমি অনুরোধ রাখছি। সেখানে বাঁধগুলি মেরামত করা ছাড়াও ব্লকগুলিতে হেডকোয়ার্টার উপযুক্ত পরিমানে নৌকা এবং প্রয়োজনীয় ত্রান সামগ্রী যেমন খাদ্য, ত্রিপল ইত্যাদি মজুত করে রাখা দরকার। কারণ বন্যার সময় যোগাযোগ বিচ্ছিন্ন হলে ত্রান সামগ্রী পাঠানো সম্ভব হয়না। সেই কারণে মানুষ যাতে দুরাবস্থার মধ্যে না পড়েন তার জন্য উপযুক্ত পরিমানে নৌকা, ত্রিপল, খাদ্য সহ নানান ত্রানসামগ্রি ব্লক হেডকোয়ার্টারগুলিতে আগে থেকেই মজুত করে রাখার জন্য অনুরোধ করছি।

**শ্রী তন্ময় মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কেন্দ্র রাজারহাটের খড়িবাড়ি অঞ্চলে গতকাল সন্ধ্যা ৬টা ১৫মিনিটের সময় কিছু কর্মী নিয়ে আমি সভা করছিলাম। সেই সময় শাসকদলের মদতপুষ্ট একদল সমাজবিরোধী বিভিন্ন আগ্নেয়াস্ত্র নিয়ে সভাস্থল ঘিরে ফেলে। সেখানে জেলা পরিষদের সদস্য আবদুল রউফ, তিনি নামাজ পড়ছিলেন, দুষ্কৃতিরা সেই নামাজ স্থলে গিয়ে তাকে ব্যাপকভাবে আক্রমন করে, বোমা মারে, এমন কি তারা মসজিদের মধ্যে ঢুকে গিয়ে আক্রমন চালায়। স্যার, গতকালই প্রাক্তন এম. এল. এ. এবং গভর্নমেন্ট চিফ হুইপ, [***] এস. পি এবং অ্যাডিশনাল এস. পি. পরভীন কুমারের কাছে গিয়ে ডেপুটেশন দেয় এবং পুলিশকে তাদের ফেবারে কাজ করার জন্য নির্দেশ দেয়। আমি এই ঘটনার তদন্ত দাবি করছি এবং উপযুক্ত শাস্তি দোষীরা যাতে পায় সে দাবি রাখছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নাম বাদ যাবে।

**শ্রী দিবাকান্ত রাউত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ** বিষয়ের **প্রতি রাজ্যসরকারের এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আমার কেন্দ্র বলাগড়ের উপর দিয়ে কুন্তি নদী এবং আপার বেহুলা ও লোয়ার বেহুলা নদী**

[*** Note- Expunged as ordered by the Chair.]

বয়ে গিয়েছে। এই নদীগুলি মজে যাওয়ায় সেখানে বহু আর. এল. আই. বন্ধ হয়ে গিয়েছে ফলে কৃষি কার্য দারুনভাবে ব্যাহত হচ্ছে। এই নদীগুলি খনন করার জন্য এবং বেহুলা নদীর মোহনায় একটি স্লুইস গেট বসিয়ে ১২মাস জল ধরে রেখে যাতে এলাকাটি সেচ সেবিত করা যায় তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসীম বালা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার কুপার্স ক্যাম্প নোটিফায়েড অঞ্চল হিসাবে ঘোষিত হয়েছে গত কয়েক বছর আগে বামফ্রন্টের আমলে। বর্তমানে সেখানকার পৌর বোর্ডটি কংগ্রেস পরিচালিত। এখানে বন্যা এবং ডেভেলপমেন্টের যে সমস্ত টাকা সরকার থেকে আসে তা তারা আত্মসাৎ করছে, ঠিকমতন খরচ করছে না। সেখানে টাকা তছরূপ হচ্ছে। সেখানে মাস দুয়েক আগে একজন ক্যাজুয়াল লেবারকে টাকা তুলতে পাঠিয়েছিল। সেখানে ৮২ হাজার টাকা তছরূপ হয়েছে। সেখানে দুর্নীতি করে নিয়োগ করা হয়েছে, ক্যাজুয়াল লেবারদের কাজ দেওয়া হয়েছে। আমি দাবি করছি, অবিলম্বে মাননীয় পৌরমন্ত্রী ঐসব দুর্নীতির বিরুদ্ধে যেন ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী বিমান চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার বিধানসভাকেন্দ্র জগৎবল্লভপুরে একটি জুনিয়র বেসিক ট্রেনিং কলেজ রয়েছে। সেই কলেজে ভর্তির ব্যাপারে যে অনিয়ম, যে দুর্নীতি হচ্ছে তার প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। ঐ ট্রেনিং কলেজে ১৫০টি সিট রয়েছে। এই বছর ১৫০টি সিটের মধ্যে মাত্র ৫০টি ফ্রেশারদের জন্য এবং ছাত্রদের জন্য ৭১ পারসেন্ট মার্কস এবং ছাত্রীদের জন্য ৭০ পারসেন্ট মার্কস বেঁধে দেওয়া হয়েছিল। অথচ অনেক ছাত্রছাত্রী কেউ ৭৪ পারসেন্ট, কেউ ৮৪ পারসেন্ট মার্কস পেয়েছে, কিন্তু তাদের ইন্টারভিউতে ডাকা হয়নি। এই যে অনিয়ম, এই যে দুর্নীতি, এর প্রতি আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে প্রতিটি ছাত্রছাত্রী ভর্তি হতে পারে তার জন্য ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**শ্রী মুজিবর রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ভগবানগোলার কালুখালিতে যে ইরিগেশন বিভাগের বাঁধ ছিল সেটা গতবারের বন্যায় ভেঙে যাওয়ায় সেখানকার মানুষজন লণ্ডভণ্ড হয়ে গিয়েছিলেন। সেখানে জেলা পরিষদ থেকে অস্থায়ী

রাস্তা করে চলাচলের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। বর্তমানে যে বাইপাস রাস্তাটি হচ্ছে তাতে কন্ট্রাক্টর ঠিকাদার যারা রয়েছে তাদের কাজ অত্যন্ত ধীর গতিতে হচ্ছে। যদি সত্বর জুলাই মাসের মধ্যে ঐ রাস্তার কাজ শেষ করা না যায় তাহলে লালগোলা, জঙ্গিপুর, ভগবানগোলা, বহরমপুর সদর সহ মুর্শিদাবাদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হবে। তাই ঐ রাস্তার কাজ যাতে দ্রুতগতিতে শেষ হয় সেটা দেখবার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় কৃষিমন্ত্রীর এবং জনস্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যেখানে রাজ্যে বন্যার আশঙ্কা দেখা দিয়েছে সেখানে মালদা জেলার চাঁচোল এক এবং দুই নম্বর ব্লকে খরা চলছে। পানীয় জল পর্যন্ত নেই সেখানে। তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে সেচের ব্যবস্থা করা হয়। সেখানে বিদ্যুতের অভাবে চাষীরা চাষবাস করতে পারছেন না।

## ZERO HOUR

[1-00 — 2-00 p.m (including adjournment)]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, রেল দপ্তর নতুন সময়সূচি ঘোষণা করেছেন। এই নতুন সময়সূচি ঘোষণার মধ্যে দিয়ে তারা যাত্রীসাধারণের সর্বনাশ করেছেন। এমন টাইমটেবিল করেছেন যার ফলে কোনও কোনও স্টেশনে যাত্রীদের গভীর রাতে নামতে হয়। যেমন সরাইঘাট এক্সপ্রেসের ছাড়বার টাইম ছিল রাত ১০টা নাগাদ। এখন ঐ ট্রেন ১২টায় ছাড়ছে, ফলে অনেক স্টেশনে মাঝরাতে নামতে হচ্ছে। কামরূপ এক্সপ্রেসেরও একই অবস্থা।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ে উল্লেখ করছি। আপনি জানেন, গত তিন-চার দিন ধরে আমাদের রাজ্যে প্রচণ্ড লোডশেডিং চলছে, বিদ্যুতের বিপর্যয় দেখা দিয়েছে। তার ফলে কখনো কখনো ট্রেন চলাচলে বিঘ্ন ঘটছে, কোথাও কোথাও এক ঘণ্টা, দুই ঘণ্টা বিদ্যুত থাকছে না। আমরা খবর নিয়ে দেখলাম, এন. টি. পি. সি. কোনওরকম খবর না দিয়ে পিক আওয়ারে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে শর্ত আরোপ করেছে। যদি একটা নির্দিষ্ট পরিমান বিদ্যুৎ, ৭০ থেকে ৭৫ ভাগ বিদ্যুৎ পিক অফ পিরিয়ডে যদি না নেন তাহলে তারা বিদ্যুৎ দেবে না। এন. টি. পি. সি.-র এই আচরণের আমি তীব্র

প্রতিবাদ করছি এবং আশাকরি রাজ্য সরকার এই বিদ্যুৎ বিপর্যয়ের ব্যাপারে এন. টি. পি. সি. যে দায়ী সেই ব্যাপারে তাঁরা মোকাবিলা করতে পারবেন।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজ থেকে ১২ বছর আগে হলদিয়া মহকুমা ঘোষিত হয়। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় পরিতাপের বিষয় আজ পর্যন্ত সেখানে মহকুমা আদালত প্রতিষ্ঠিত হলো না। হলদিয়া সুতাহাট নন্দীগ্রাম প্রভৃতি এলাকার মানুষকে দিনের পর দিন কষ্ট করে বেশি পয়সা খরচ করে তমলুক আদালতে আসতে হয়। এ দিকে তমলুক আদালতে মামলা দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে, নিষ্পত্তি হচ্ছে না। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, হলদিয়া একটা অগ্রসর অঞ্চল এখানে যাতে তাড়াতাড়ি মহকুমা আদালত স্থাপন করা যায় তার ব্যবস্থা তিনি যেন করেন। তমলুকে অতিরিক্ত আদালত স্থাপন করে আরো বিচারক নিয়োগ করার জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি, আবার আমরা ২টার সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till 2 p.m.)

[2-00 — 2-10 p.m.] (after recess)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 47. Demand No. 48.

Demand No. 55. Demand No. 58.

### Demand No. 56

**Mr. Deputy Speaker :** There are seven cut motions on Demand No. 47, four cut motions on Demand No. 48, five cut motions on Demand No. 55, ten cut motions on demand No. 58 and seven cut motions on Demand No. 56. All the Cut Motions are in order and taken as moved.

**DEMAND NO. 47**

| | |
|---|---|
| Shri Ashok Kumar Deb<br>Shri Saugata Roy<br>Shri Subrata Bakshi<br>Shri Abdul Mannan<br>Shri Debaprasad Sarkar<br>Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/- |

**DEMAND NO. 48**

| | |
|---|---|
| Shri Kaliapada Mondal<br>Shri Abdul Mannan<br>Shri Ajit Bhunia | Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/- |

**DEMAND NO. 55**

| | |
|---|---|
| Shri Saugata Roy<br>Shri Tamonash Ghosh<br>Shri Abdul Mannan<br>Shri Kallol Khan<br>Shri Sital Kumar Sardar | Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/- |

**DEMAND NO. 58**

| | |
|---|---|
| Shri Kashinath Mishra | Sir, I beg to move that the demand be reduced to Re.1/- |

| | |
|---|---|
| Shri Ashok Kumar Deb<br>Shri Mostaque Alam<br>Shri Tapas Paul<br>Shri Abdul Mannan<br>Shri Kashinath Mishra<br>Shri Mahabudul Haque<br>Shri Gyan Singh Sohanpal | Sir, I beg to move that the demand be reduced by Rs.100/- |

## DEMAND NO. 56

| | |
|---|---|
| Shri Soumen Kumar Mahapatra<br>Shri Ashok Kumar Deb<br>Shri Saugata Roy<br>Shri Arun Bhadra<br>Shri Abdul Mannan<br>Shri Mahabubul Haque<br>Shri Atish Chandra Sinha | Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/- |

I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

**শ্রী অতীশ চন্দ্র সিনহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়. আজকে মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে, বিরোধী দলের তরফ থেকে যে কাটমোশানগুলো এসেছে, সেগুলোকে আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন, এবং আশা করি এই ভবনের সকল সদস্য আমার সঙ্গে একমত হবেন, সরকারের যে সমস্ত দপ্তর আছে, সেই দপ্তরগুলোর মধ্যে কৃষি দপ্তর খুব ইম্পর্ট্যান্ট। আপনারা জানেন যে, পশ্চিমবাংলার অধিকাংশ মানুষ, অন্যান্য রাজ্যের অধিকাংশ মানুষ ভারতবর্ষের অধিকাংশ মানুষ কৃষির ওপরে নির্ভর করে। গ্রামের মানুষ যেমন এর ওপরে নির্ভর করে বেঁচে থাকেন, তেমনি এদের উৎপাদিত

ফসলের জন্য শহরের মানুষ বেঁচে থাকেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, কৃষি দপ্তরকে যেভাবে গুরুত্ব দেওয়া উচিত, যেভাবে অর্থ দেওয়া উচিত, বামফ্রন্ট সরকার সেইভাবে তা দিচ্ছেন না। আমি পরিসংখ্যান দিয়ে দেখাব—১৯৯২-৯৩ সালে এই দপ্তরের বাজেট ছিল ১৫৬ কোটি টাকা যেখানে, সেখানে ১৯৯৩-৯৪ সালে সেটা কমে হয় ১৪৭ কোটি এবং ১৯৯৫-৯৬ সালে তা আরও কমে হয় ১৪০ কোটি। তারপরে একটু একটু করে বাড়তে বাড়তে ২০০০-২০০১ সালে হয় ২৭৫ কোটি, আর এই বছরে—২০০১-২০০২ সালে হয়েছে ২৯৮ কোটি টাকা। স্যার, আপনারা যদি একটু অংক কষে দেখেন, তাহলে দেখবেন, এই দশ বছরে—১৯৯২-৯৩ সাল থেকে ২০০১-২০০২ সালে মোট বরাদ্দ বাড়লো ১৪২ কোটি টাকা। যদি দশ পার্সেন্ট মুদ্রাস্ফীতির হার ধরেন—তাহলে ১৯৯২-৯৩ সালে যে বরাদ্দ ছিল তার সম পরিমাণ বরাদ্দও যদি রাখা হত তাহলে এই বরাদ্দের হওয়া উচিত ছিল ৩১২ কোটি টাকা, যেটা এইবার হয়েছে ২৯৮ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালের স্ট্যান্ডার্ড মুদ্রাস্ফীতির হার ১০ পার্সেন্ট ধরে যে বরাদ্দ হওয়া উচিত তার থেকে অনেক কম ধরা হয়েছে। অথচ এই সরকারের ভূমি ও ভূমি সংস্কার দপ্তর, যার বাজেট আসলে বলব সেখানে বিভিন্ন সময়ে এর তথ্য দিয়ে প্রমাণ করেছি এই দপ্তরের কাজ প্রায় শেষ হয়ে গেছে, কোনও ভূমি সংস্কারের কাজ নেই। নতুন বর্গা রেকর্ড হয় না, জমি ন্যস্তও হয় না। এই দপ্তরের কাজই নেই। অথচ এই দপ্তরের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কৃষি দপ্তরের থেকে বেশি। সুতরাং এই কৃষি দপ্তরকে কিভাবে গুরুত্ব দিচ্ছেন সেটা নিশ্চয় আপনারা বুঝতে পারছেন। আরো দুঃখের কথা এই যে ২৯৮ কোটি টাকা বাজেটে বরাদ্দ হল তাতে এই বাজেট বরাদ্দের মধ্যে প্রায় ৬৬ শতাংশ স্যালারি কমপোনেন্ট, মাইনে দিতে চলে যায়। অর্থাৎ ১৯৬ কোটি টাকা লাগবে, শতকরা ৬৬ ভাগ টাকা চলে যাচ্ছে মাইনে দিতে। কৃষি দপ্তরের অধীনে আবার অনেক দপ্তর এসেছে, সেগুলোর খরচ আমি ধরছি না। এই দপ্তরের যে অর্থ তার পুরো ভাগটাই অর্থাৎ ৬৬ ভাগটাই স্যালারি কমপোনেন্ট খাতে চলে যাচ্ছে। তাহলে কৃষি দপ্তরের উন্নয়নের জন্য, চাষের উন্নয়নের জন্য, নতুন বীজ, নতুন খামার যার দ্বারা প্রোডাকশন বাড়বে বা বাড়া উচিত সেটা কি করে হবে? তারপরে এই যে স্টেট প্ল্যান এই স্টেট প্ল্যানের টাকাতেও দেখা যাচ্ছে কম টাকা বরাদ্দ করা হয়েছে। ১৯৯২-৯৩ সাল থেকে শুরু করে স্টেট প্ল্যানে ছিল ৩৫ কোটি টাকা, ১৯৯৩-৯৪ সালে সেটা কমে হল ২৫ কোটি টাকা। তারপরে একটু একটু

করে বেড়ে ১৯৯৪-৯৫ সালে হল ২৭ কোটি টাকা। তারপরে আরেকটু বাড়তে বাড়তে ১৯৯৮-৯৯ সালে হল ৪৩.৪১ কোটি টাকা, ১৯৯৯-২০০০ সালে হল ৫০ কোটি টাকা। আর এই বছরের আগের বছর অর্থাৎ ২০০০-২০০১ সালে ৫৪.৬০ কোটি টাকা হয়েছে। আর এই বছরে স্টেট প্ল্যানে কত বরাদ্দ হয়েছে জানিনা, সেটা আমরা যখন সাবজেক্ট কমিটিতে আলোচনা করব তখন জানা যাবে। সেখানে যখন বক্তব্য রাখবেন তখন অন্তত বলবেন স্টেট প্ল্যানে কত টাকা ধরেছেন। আমি যেটা পয়েন্ট আউট করতে চাইছি সেটা হচ্ছে যে, এই স্টেট প্ল্যানে যে বরাদ্দ হয়েছে ১৯৯৮-৯৯ সালে মাত্র ৪৩.৪১ কোটি টাকা, তার স্যাংসান্ড হয়েছে শতকরা ৬৭ ভাগ। এই যে স্টেট প্ল্যানে যা বরাদ্দ হয় তার সবটাই অর্থ দপ্তর থেকে পাওয়া যায় না। তারপরে ১৯৯৯-২০০০ সালে বরাদ্দ ছিল ৫০ কোটি টাকা, আর পেলেন ৪৩ কোটি টাকা। ২০০৩-২০০১ সালের রিপোর্ট এখনো পাই নি, সাবজেক্ট কমিটির রিপোর্ট থেকে জানা যাবে। অর্থাৎ স্টেট প্ল্যানে যে বরাদ্দ হয় তাও পাওয়া যায় না। ১০ পার্সেন্ট মুদ্রাস্ফীতি যদি ধরা হয় তাহলে ১৯৯২-৯৩ সালে যে বরাদ্দ ছিল সেটা ২০০০-২০০১ সালে দাঁড়ানোর কথা ৬৭.৫০ কোটি টাকা। অথচ ২০০০-২০০১ সালে বরাদ্দ হয়েছে ৫৪ কোটি টাকা। আবার নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আপনারা বলেছেন প্ল্যান ফান্ডে যা খরচ করবেন তাতে আপনারা ৪ বছরে যা বরাদ্দ ধরেছেন আর লাস্ট ইয়ার যেটা বরাদ্দ হওয়া উচিত এই টারগেটটাকে পূরণ করতে হবে। তার পরিমাণ হবে ৬৭.৩৭ কোটি টাকা। আমরা জানিনা সেটা হয়েছে কিনা। আবার হলেও আপনাদের অর্থমন্ত্রীর কৃপার বিষয়টা আছে, পাবেন কি পাবেন না জানি না।

[2-10 — 2-20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাবজেক্ট কমিটির রিপোর্ট ৯৯-২০০০ সালের থেকে আমি একটু পড়ে শোনাতে চাই। তাতে তারা বলেছেন, স্কেদিং ইন দি রিমার্কস

The performance of the department with regard to spending last year plan outlay has been dismal. Out of the total plan outlay of Rs. 43.41 crores only Rs. 67.66% has been sanctioned. In crop husbandry 43.73% has been sanctioned, only for water and soil

conservation 33.63% has been sanctioned for agricultural. research and education only 52.57% of the plan outlay has been sanctioned, that is presumed to be spent. Whereas out of a total of Rs. 3.35 crores only Rs. 72.40 lakhs has been sanctioned...

এটা হচ্ছে আপনার সাবজেক্ট কমিটির রিপোর্ট। আপনাদের স্টেট প্ল্যান ফান্ডে খরচ হচ্ছে এবং স্যাংশনের হিসাবের বাইরে। এটা নিশ্চয় আপনি যদি পরিবর্তন করতে পারেন, আগেও আপনি মন্ত্রী ছিলেন, মাঝখানে কিছুদিন মন্ত্রী ছিলেন না, অন্যদিকে চলে গিয়েছিলেন, আবার নূতন করে এসেছেন, আশা করব এই যে অবস্থা চলছে আপনার দপ্তরে, প্ল্যানের টাকা আপনি ধরেছেন, অর্থমন্ত্রী দিচ্ছেন না, যার জন্য কৃষি দপ্তর এর উন্নয়ন যেভাবে হওয়া উচিত, সেইভাবে হচ্ছে না। এটা পেলে পরিবর্তন নিশ্চয় আপনি সাধিত করতে পারবেন। ইনফ্যাক্ট সমস্ত দপ্তরের ক্ষেত্রেই এটা করা উচিত। আপনারা কৃষি উন্নয়নের জন্য বাহবা নেন, এখানে আমি বলব, এই ব্যাপারে আপনাদের কোন কৃতিত্ব নেই, যা কৃতিত্ব যেটুকু এসেছে উৎপাদনে সেটা আপনাদের জন্য আসেনি। সেটা চাষীরা নিজেদের চেষ্টায় তাদের সংসার প্রতিপালন করার জন্য উৎপাদন বাড়িয়েছেন। উৎপাদন বৃদ্ধির হারের ব্যাপারে, আপনারা আমাদের সময়কার কথা বলে সমালোচনা করেন, এবারেও করেছেন। যদিও আপনাদের ষ্ট্যাটিসটিক্স মোটামুটি কারেক্ট। স্বাধীনতার পরে আপনারা বলেছেন ৮৪-৮৫ সালে ১ লক্ষ টন করে উৎপাদন বেড়েছে, এটা ঠিক; তবে এক লক্ষ করে নয়, কিছু বেশি বেড়েছে। কিন্তু আমাদের সময়ে যে ৫ বছর ছিল, ৭০-৭১ থেকে ৭৫-৭৬ সালের সেই সময় প্রোডাকশন একটু বেশি হারে বেড়েছিল, ২ লক্ষ টন করে বেড়েছিল। ৭০-৭১ সালে উৎপাদন ৭৫ লক্ষ টন হয়েছিল, ৭৫-৭৬ সালে উৎপাদন ৮৫ লক্ষ টন ছিল, অর্থাৎ ৫ বছরে ১০ লক্ষ টন করে উৎপাদন বেড়েছে। তার মানে প্রতি বছরে বেড়েছে ২ লক্ষ টন। ৯৯-২০০০ সালে উৎপাদন হয়েছে ১৪৮ লক্ষ টন, ৭৫-৭৬ সালে উৎপাদন ৮৫ লক্ষ টন তা যদি বাদ দেন তাহলে ৬৩ লক্ষ টন বেড়েছে অর্থাৎ ২.৬ লক্ষ টন বেড়েছে। আপনাদের সময়ে এটা একটু বেড়েছে। তার প্রধান কারণ ঐ ৭০-৭১ সালে সেই সময় সবেমাত্র মিনি ডিপ এসেছে, ক্লাস্টার, স্যালো, রিভার লিফ্‌ট বসিয়ে মাঠগুলিকে দোফসলা, তিনফসলা করার প্রয়াস হয়েছিল। তাও অর্ধেকেরও কম। তার সুফল পরবর্তীকালে পেয়েছেন

অর্থাৎ ৭৫-৭৬ ও ৭৬-৭৭ সালের—পরবর্তীকালে পেয়েছেন। কিন্তু আপনাদের ২৪ বছরের রাজত্বে, আপনাদের সময়ে—৭৫-৭৬ সালে, ৭৬-৭৭ সালে যখন ২.৬ শতাংশ হয়েছিল—সেই একই অবস্থানে আপনারা আছেন। এখন প্রোডাকশন বাড়াতে কোয়ানটাম জাম দরকার। এই কোয়ানটাম জাম করতে পারেননি। এই কোয়ানটাম জাম যদি করতে না পারেন যেমন অধিক ফলনশীল বীজের ফলে কোয়ানটাম জাম হয়েছিল এবারে সেই অধিক ফলনশীল বীজের ফলে প্রায় সমস্ত এলাকায় যে চাষযোগ্য জমি আছে, ৫৩ লক্ষ হেক্টর জমি অর্থাৎ ১ কোটি ৩০ লক্ষ একর জমি আছে তার সবটাতে বোরো চাষের জন্য ১০০ শতাংশ কভারেজ হয়েছে। কিন্তু আসলে আপনারা কভারেজ করতে পারেন নি। আমনে সেটা ৮০ ভাগ করেছেন, আশা করি সেটা ১০০ ভাগ নিয়ে যেতে সক্ষম হবেন। এই কোয়ানটাম জাম দ্রুত করার জন্য যেটা দরকার সেটা হচ্ছে হাইব্রীড ব্রীজ, এটা চাষীদের মধ্যে বেশি করে প্রচলন করতে হবে। এই বীজের প্রচলন কিন্তু চাষীরা এখনো বিশেষভাবে করে উঠতে পারেনি। তিন, চার হাজার একরের মতো জায়গায় হাইব্রীড চাষের ব্যবস্থা করেছেন, তার বেশী এলাকায় এখনো আপনারা করে উঠতে পারেননি। এই ক্ষেত্রে কোয়ান্টাম জাম্প আপনারা দিতে পারেননি। আপনি খুবই উচ্চ বিলাসী হয়ে বলেছেন প্রচেষ্টা করবেন। আমাদের যথেষ্ট সন্দেহ আছে আপনি এই বছরে ১৭১ লক্ষ টনে পৌঁছতে পারবেন কিনা। যাই হোক এটা সম্ভব হবে আপনারা হাইব্রীডের প্রচলন যদি চাষীদের মধ্যে করতে পারেন এবং এই হাইব্রীড ৭০।৮০ টাকা কেজিতে বিক্রি হয়। গরীব চাষী, ক্ষুদ্র প্রান্তিক চাষীরা এত টাকা দিয়ে হাইব্রীড কিনতে পারে না, এখানে যদি কিছু ভরতুকি দেন তাহলে এর প্রচলন বাড়বে, কৃষিতে উৎপাদন বাড়বে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাদের মাননীয় কৃষিমন্ত্রী যখন মন্ত্রী ছিলেন না, যখন উনি ফরোয়ার্ড ব্লক ছেড়ে অন্য জায়গায় চলে গিয়েছিলেন, তখন উনি একটা বই লিখেছিলেন—এখন উনি ফরোয়ার্ড ব্লকে ফিরে এসেছেন, মন্ত্রী হয়েছেন। তাতে তিনি বলেছেন—'অর্থনৈতিকভাবেও বিপদ ঘনীভূত। গোটা রাজ্যের কৃষি অর্থনীতির উপর এই কৃষিজমি হ্রাসের চাপ পড়তে বাধ্য। পুরানো ক্যাসেট বাজানোর মতো সরকারি তথ্যের ভাঙ্গা রেকর্ড বাজিয়ে প্রকৃত সত্যকে ফাঁকি দেওয়ার কারসাজি একদিন ধরা পড়বেই।' যে বক্তব্য উনি বলেছেন, সেই পুরানো ক্যাসেটই বাজিয়ে আবার একই জিনিস তিনি বলেছেন। কমলবাবুর মতো মানুষের কাছ থেকে কিন্তু আমরা এটা আশা করিনি। আমরা ভেবেছিলাম উনি বৈপ্লবিক, ভাঙ্গা

রেকর্ড উনি বাজাতে অভ্যস্ত নন। উনি আবার আরেক জায়গায় বলেছেন—'বয়স বাড়ছে বেকারদের। এদের পিছু হটার জায়গা নেই আর। ঘুরে দাঁড়াবার মুখে লাখ লাখ গ্রামীণ বেকার। মাটিতে কান পেতে শুনলে এদের চাপা চাপা কান্না এবং হতাশার সুর শোনা যাবে। যদি চরম বিপদেও কাণ্ডারী না হয় সরকার। পিছিয়ে যায় সমাজ, একতরফা সরকারি কর্মচারী, সুবিধা ভোগীদের সুযোগ, বেতন বাড়িয়ে পাশ কাটানোর রাস্তা নেওয়া হতে থাকে তবে বিস্ফোরন অনিবার্য। ইতিমধ্যে সরকারের সর্বোচ্চস্তর থেকে দুর্নীতির সূত্র ধরে গ্রামীণ সমাজেও পঞ্চায়েত ব্যবস্থায় দুর্নীতি শিকড় গেড়ে বসেছে। সর্বত্র সুবিধাভোগী—ক্ষমতা ভোগীদের দৌরাত্ম প্রতিষ্ঠিত।' আজকে মন্ত্রী হিসাবে আপনি কি এই কথা বলতে পারবেন? যদি বলেন তাহলে উনি আর এখানে মন্ত্রী থাকবেন না, ১৯৯৮ সালে এই কথা উনি লিখেছেন। সর্বত্র এই ক্ষমতাভোগীদের দৌরাত্ম প্রতিষ্ঠিত। বামফ্রন্ট সরকারের দূর্ভাগ্য তারা মন্ত্রী থাকলে এক কথা বলেন, মন্ত্রী না থাকলে আরেক কথা বলেন। আমি আশা করবো কমল বাবু সেটা কার্যে পরিণত করার চেষ্টা করবেন যেটা উনি বলেছেন। তার দপ্তর থেকে দুর্নীতির বিরুদ্ধে যদি তিনি জেহাদ ঘোষণা করেন, তাহলে বুঝব উনি সৎ মানুষ। জানিনা উনি এই ব্যাপারে সক্ষম হবেন কিনা। আরেকটা কথা আপনারা প্রায়ই বলেন উৎপাদনশীলতার ব্যাপারে, পার হেক্টরে কত ইল্ড হচ্ছে, এটা নিয়ে আপনারা অনেক হামবড়া ভাব করেন।

[2-20 — 2-30 p.m.]

আমি একটা স্ট্যাটিসটিক্স দিচ্ছি—সময় খুব কম আমার—১৯৯৪-৯৫ সালে পশ্চিমবাংলায় চালের উৎপাদনশীলতা ২১২০ কে. জি. পার হেক্টর আর ১৯৯৮-৯৯ সালে ২২৫৫ কে. জি. পার হেক্টর। অর্থাৎ বাড়ল ১৩৫ কে. জি. পার হেক্টর। কোনওটাই আমার মনগড়া নয়, সবটাই স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডিক্স থেকে বলছি। যে রেটে প্রোডাকটিভিটি বাড়া উচিৎ, সেই রেটে বাড়ছে না। গমের ব্যাপারে—১৯৯৪-৯৫ সালে উৎপাদনশীলতা ছিল ২২৮৬ কে. জি. পার হেক্টর, ১৯৯৮-৯৯ সালে হল ২১১৭ কে. জি. পার হেক্টর। ৪ বছরে পার হেক্টর উৎপাদনশীলতা কমে গেল ১৬৯ কেজি। ১৯৯৪-৯৫ সালে যখন পশ্চিমবঙ্গে চালের উৎপাদনশীলতা ছিল ২১২০ কে. জি. পার হেক্টর, সেখানে পাঞ্জাবে ছিল ৩৫৮৪ কে. জি. পার হেক্টর।

আর গমে যখন ছিল ২২৮৬ কে. জি. পার হেক্টর তখন পাঞ্জাবে ছিল ৪০৯০ কে. জি. পার হেক্টর। পাঞ্জাবের তুলনায় এখনও আমরা অনেক পিছিয়ে আছি। বৈজ্ঞানিক পদ্ধতির প্রচলন এবং হাইব্রিড বীজের ব্যবহারের মাধ্যমে যদি উৎপাদনশীলতা না বাড়াতে পারেন, তাহলে যে বলছেন নবম পরিকল্পনার শেষে ১৭১ লক্ষ টনে পৌঁছবেন, সেখানে পৌঁছতে পারবেন কিনা যথেষ্ট সন্দেহ আছে। আর একটা তথ্য ঘুরিয়ে-ফিরিয়ে প্রায়ই বলেন—চাল বা ধানের উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম। বিভিন্ন সময় বিভিন্ন বক্তা, অর্থমন্ত্রী, রাজ্যপাল, তাদের ভাষণের মধ্যে দিয়ে বলতে চান। যেন আপনারাই এসে চাল বা ধানের উৎপাদনে প্রথম করেছেন। তার আগে বোধ হয় শেষ ছিল। এটা মোটেই ঠিক নয়। বারবার এটা বলেছি, আবারও এই সুযোগে বলছি। ধান বা চালের উৎপাদনে পশ্চিমবঙ্গ বরাবরই ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করে রয়েছে, এখনও আছে—আপনারা আসা সত্ত্বেও, এটা আমাদের সৌভাগ্য। ইকনমিক রিভিউ-এর ১৩ নং পৃষ্ঠা থেকে পড়ে শোনাচ্ছি—"In real term, West Bengal is the highest producer of both rice and jute in all India. In 1974-75, the State produced 65 lakh tonnes of rice and 26 lakh bails of fibre which were 16 and 58% respectively of the country's production."....

সুতরাং ১৯৭৬-৭৭ সালে যখন আমরা ছিলাম ক্ষমতায়, তখনও পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে প্রথম ছিল চাল বা ধানের উৎপাদনে এবং সৌভাগ্যবশতঃ এখনও সেটা আছে। এর প্রধান কারণটা আপনাদেরও জেনে রাখা ভালো, ভারতবর্ষে যতগুলো রাজ্য আছে, সব রাজ্যে যে পরিমান জমিতে ধান চাষ হয়, পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি জমিতে ধান চাষ হয়। বিহারে ৫০.৭৯ লক্ষ হেক্টর জমিতে, উড়িষ্যায় ৪০.৪৬ লক্ষ হেক্টর জমিতে, ইউ. পি. তে ৪৫.৮৫ লক্ষ হেক্টর জমিতে ধান চাষ হয়, সেখানে পশ্চিমবঙ্গে ৫৪.৭৬ লক্ষ হেক্টর জমিতে ধান চাষ হয়। সুতরাং যে রাজ্যে সবচেয়ে বেশি জমিতে ধান চাষ হয়, সেই রাজ্যে ধান চাষ বেশি হবে। যেটা আপনাদের বলা দরকার, সেটা হচ্ছে—ওয়েস্ট বেঙ্গলস্ কন্ট্রিবিউশন টু রাইস ইন অল ইন্ডিয়া। শতকরা হিসাবে আছে। ১৯৭৪-৭৫ সালে ১৬.৩ পার্সেন্ট, আর ১৯৯৮-৯৯ সালে কমে দাঁড়াল ১৫.৫ পার্সেন্ট। সারা ভারতবর্ষের যে পরিমান চালের

উৎপাদন বেড়েছে, সেই পরিমানে এখানে বাড়েনি। সুতরাং এতে গর্ব করার বা হামবড়াই করার কিছু নেই। এটা জনসংখ্যার হিসাবে হয় না, টোটাল প্রোডাকশনের সঙ্গে রেশিও হয়।

এটা পার ক্যাপিটা নয়। টোটাল প্রোডাকশন। আপনারা একটু ভালো করে বুঝুন। Total production of rice in India and total production of rice in West Bengal.

এই দুটোই রেশিও। এই দুটো রেশিও হচ্ছে আগে ছিল ১৬.৩। এখন প্রোডাকশন নেমে ৯৯ সালে হয়েছে ১৫.৫। যাই হোক জনসংখ্যার হিসাব পরে হবে। এরপরে আর একটা জিনিস আপনার নজরে আনছি। সেটা হচ্ছে সেচের ব্যবস্থা। আমি অন্য প্রবলেমগুলির মধ্যে যাচ্ছি না। সময় খুবই কম। আজকে মাননীয় নন্দবাবু একটা কথা প্রশ্নোত্তরের সময় বলেছেন এবং যেটা কৃষির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত সেটা হচ্ছে উনি স্বীকার করেছেন, এবং আমার কাছে সেই ২-৩ বছর আগের তথ্য নেই। এই একই রকম প্রশ্ন আবু আয়েশ মণ্ডল সাহেব করেছিলেন, তার উত্তরে বলেছিলেন—না জলস্তর নেমে যাচ্ছে এবং আপনারা একটা আইন করেছেন, যেটার এখনও সম্মতি প্রেসিডেন্ট দেননি এবং দেননি বলেই কার্যকর করতে পারছে না। এটা একটা বড় সমস্যা, মাননীয় কৃষিমন্ত্রী এবং নন্দ বাবু আপনারা মন দিয়ে শুনুন। অনেক জায়গাতে আনঅথরাইজড্ মিনি ডিপ বসিয়ে যেখানে বিদ্যুৎ দপ্তর কানেকশন দিচ্ছে না সেখানে মাইলের পর মাইল বাঁশের খুঁটির উপর দিয়ে লাইন নিয়ে গিয়ে নিজেরা ট্রান্সফরমার বসিয়ে তারা মিনিডিপ বসিয়ে চাষ করছে। এগুলি কি আপনারা বন্ধ করে দেবেন? একে তো আপনারা সেচ দিতে পারেন নি। ফলে প্রোডাকশন নষ্ট হয়ে যাচ্ছে। আপনারা বিদ্যুৎ দিতে পারেননি। যারা মাথার ঘাম পায়ে ফেলে নিজেরা উদ্যোগ নিয়ে নিজেরা পয়সা খরচ করছেন জানি না কি হবে। আমি খোলাখুলিভাবে স্বীকার করছি যে, এইভাবে মিনিডিপ বসিয়ে চাষ করছে এটা উচিৎ নয়। কিন্তু যেখানে জলস্তর অনেক ভালো, যেখানে চাষের এলাকার উপযোগী। সেখানে জলস্তর নেমে যাওয়ার কোন ব্যাপার নেই, সেখানে ২০-৩০ ফুট নিচে গেলেই জলস্তর পাওয়া যাবে, সেইসব জায়গাতে কিছুতেই সুইড থেকে পারমিশন দিচ্ছে না। না দেওয়ার অন্যতম কারণ, আমি তার ভিতরে যাচ্ছি না। যেখানে টেবিলের তলা দিয়ে কিছু আদান প্রদান হয়, সেখানে হয়। আর এই আদান প্রদান না হলেই পারমিশন পাওয়া যায় না। সুতরাং এগুলি

দেখতে হবে। এতে আপনাদের দেখতে হবে যে, কিভাবে এগুলিকে সরকারি পর্যায়ে স্বীকৃতি দেওয়া যায় এবং এগুলিকে আপনারা অথরাইজ করে দিতে পারেন। এতে রাজস্বেরও ক্ষতি হচ্ছে। কেন না তারা পয়সা দিচ্ছে, ফলে তাদের লাইন ডিসকানেক্ট করছেন না। পুলিশের কাছে এই ব্যাপারে খবর দিলে তারা যাচ্ছে। তাদেরকে পয়সা দিলে আর পুলিশ তাদের ধরছে না। আর যারা পয়সা দিচ্ছে না, তাদের ধরে নিয়ে যাচ্ছে এবং আমাদের কাছে এসে তারা বলছে অতীশবাবু পুলিশ ধরে নিয়ে গেছে আমাদের বাঁচান। এই হচ্ছে প্রকৃত গ্রামের অবস্থা। তাই বলছি আপনারা যদি সেই চাষীদের কাছ থেকে কিছু টাকা নিয়ে রেজিনেবল অ্যামাউন্টে এগুলোকে রেগুলারাইজ করে দেন তাহলে ভালো হয়। রেগুলারাইজ করতে গেলে ৫ লক্ষ টাকা দিতে হবে যদি বলেন, তাহলে তাতে তো হবে না। কারণ চাষীরা কোথা থেকে দেবে? পরপর ৪ বছর বন্যা হয়েছে। ফসল নষ্ট হয়েছে। রিজেনেবল অ্যামাউন্ট নিয়ে রেগুলারাইজ করে দিন। ফলে যে বিদ্যুতের বিল হবে, সেই টাকা তারা সরকারকে দিতে প্রস্তুত। এতে আপনাদের রাজস্বও বাড়বে। তাই এই ব্যাপারে আপনারা চিন্তা করে এই সমস্যার যাতে সমাধান করা যায় সেটা ভাববেন। যেসব জায়গা বন্যাপ্রবণ এলাকা, অর্থাৎ নীচু এলাকা, তার মানে যেখানে জলস্তরের সমস্যা নেই, ভালো জল আছে, আমি কখনই বলছি না উঁচু এলাকা, যেখানে জলস্তরের সমস্যা আছে, সেখানে করতে হবে, কিন্তু যেখানে প্রতিবারই বন্যা হচ্ছে, সেই সব জায়গাতে চাষীরা নিজেরা খরচ করে মিনি ডিপ বসিয়ে চাষ করছে, কোনও রকমে গ্রাস্বাচ্ছাদন করছে, সেখানে আপনি সেগুলিকে রেগুলারাইজ করে দিতে পারেন, তার জন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি।

[2-30 — 2-40 p.m.]

আমি আরেকটা সমস্যার কথা বলব শস্যবীমা। এই শস্যবীমার ক্ষেত্রে আমরা সরকারকে দায়ী করব। শস্যবীমার সুযোগ চাষীদের না দেওয়ার জন্য কিন্তু চাষীরা ক্ষতিপূরণ পাচ্ছে না বন্যা হোক, খরা হোক তারা কোনওরকম ক্ষতিপূরণ পাচ্ছে না। আগে যে স্কিম—কমপ্রিহেনসিভ ক্রপ ইনসিওরেন্স সেটাকে পাল্টে কেন্দ্রীয় সরকার এখন ন্যাশনাল এগ্রিকালচারাল ইনসিওরেন্স স্কিম চালু করেছেন। যার ফলে রাজ্যসরকারকে বেশি অর্থ দিতে হচ্ছে কিন্তু আপনাদের বেশি অর্থ দিতে হোক বা না হোক শস্যবীমা যদি চালু করতে না পারেন তাহলে চাষীদের অপূরণীয় ক্ষতি হবে। এটাকে স্বীকার করে নিয়ে যেমন করে হোক বাজেটে অর্থের সঙ্কুলান করে

শস্যবীমা যাতে করা যায় তার ব্যবস্থা আপনাদের করতে হবে। পরপর দু বছর বন্যা হয়ে গেল, আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাইলেন, কত বন্যা হয়েছে তার বিবরণ দিলেন কিন্তু শস্যবীমা না থাকার জন্য চাষীদের ক্ষতি হয়ে গেল। এই বছর চালু করেছেন বলছেন। কত টাকা আপনারা চাষীদের শস্যবীমা আওতার মধ্যে ক্ষতিপূরণ দিয়েছেন। আমি আপনাদের বলতে চাই যে এটা একটা বিরাট সমস্যা। শস্যবীমা চালু না করলে এই ক্ষতির পূরণ করতে পারবেন না। আরেকটা জিনিস বলি যে এটাকে ব্লক ভিত্তিক না করে এটাকে মৌজা ভিত্তিক করুন। কারণ একটা গোটা ব্লক ধরেই তো সব সময়ে বন্যা হয় না। শুনলাম যে আপনারা পঞ্চায়েত ভিত্তিক করতে চাইছেন। পঞ্চায়েত এলাকাও কোনও জায়গা উঁচু থাকে, কোনও জায়গা নিচু থাকে। কাজেই এটাকে মৌজা ভিত্তিক করুন। আমি আরেকটা কথা বলি, মাননীয় মন্ত্রীকে সকালবেলা প্রশ্নোত্তরের সময়ে আমি জিজ্ঞাসা করেছিলাম যে ন্যাশনাল ওয়াটার শেড ডেভেলপমেন্ট প্রোজেক্টে কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন আর আপনারা কত টাকা ইউটিলাইজ করতে পেরেছেন। মন্ত্রী তার উত্তরে বলেছিলেন যে কেন্দ্রীয় সরকার ৪৮ কোটি টাকা দিয়েছিলেন আর আপনারা ইউটিলাইজ করেছেন ১৮ কোটি টাকা। এর কারণটা কি? খরচ করতে পারছেন না। অথচ কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিষেদগার করছেন যে কেন্দ্রীয় সরকার টাকা দেয় না। টাকা দিলে খরচ করতে পারেন না। আমি যতদূর জানি এইটা জেলাপরিষদের হাত দিয়ে খরচ হয়। জেলা পরিষদ তো এখন জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ পর্যন্ত করে, যার ফলে টাকাটা খরচ হয় না। আমি দাবি করব অথবা আমার সাজেশন হচ্ছে যে এই টাকাটা অন্তত কৃষি দপ্তরের মাধ্যমে খরচ হোক। এই ব্যবস্থা আপনাকে করতে হবে। আপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথা বলছেন অথচ সমস্ত ক্ষমতা জেলাপরিষদের হাতে কেন্দ্রীভূত হয়ে রয়েছে, এটা আপনাকে দেখতে হবে। কিছু টাকা আপনার দপ্তরের মাধ্যমে খরচ করা হোক। আরেকটা কথা হরটিকালচারাল ডিপার্টমেন্টকে কেন্দ্রীয় সরকার ৪ কোটি টাকা দিয়েছেন কিন্তু যতদুর জানা আছে যে তারা টাকা খরচ করতে পারেন নি। এই অবস্থা আমি সর্বত্র দেখছি যে আপনার দপ্তর টাকা খরচ করতে পারছে না। তার ফলে আপনারা বড় বড় কথা বলছেন যে পশ্চিমবঙ্গে এত উৎপাদন করব। কিন্তু সেই উৎপাদনের লক্ষ্যমাত্রা আপনারা বলতে পারবেন বলে আমার মনে হয় না। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের এবং বিরোধী দলের তরফ থেকে যে কাটমোশন এসেছে তার সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃষ্ণ প্রসাদ দুলে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের কাটমোশানের বিরোধীতা করে আমার বক্তব্য শুরু করছি। কৃষি বাজেটের উপর আলোচনা করতে গিয়ে যার উপরে কৃষি উৎপাদন নির্ভর করে সেই জমি সম্পর্কে কিছু বলতে হয় এবং জমির কথা বলতে গিয়ে ভূমি সংস্কারের কথা এসেই যায়। সেই ভূমি সংস্কারে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পরেই এটা সম্ভব হয়েছে বলে মনে হয়। আজকে গ্রামের গরিব মানুষরা এতে অংশগ্রহণ করেছেন বলেই কৃষি উৎপাদনের বৃদ্ধি ঘটেছে। এটা বিরোধীরা স্বীকার করেন না। আমরা জানি ১৯৭৭ সালের পূর্বে কি অবস্থা ছিল। জোতদার, জমিদারদের হাতে সমস্ত জমি মানে প্রায় ৮০ ভাগ জমিই কেন্দ্রীভূত ছিল, আর ৯ পারসেন্ট ছিল সাধারন মানুষের হাতে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে সেই জোতদার, জমিদারদের সিলিং বহির্ভূত জমি উদ্ধার করে ভূমিহীনদের মধ্যে গরিব মানুষের মধ্যে বণ্টন করে। স্যার, আমরা দেখেছি কংগ্রেস আমলে জমিদারী প্রথা বিলোপের জন্য আইন ঘোষণা করলেও ওই জমিদারদের তল্পীবাহক ছিল কংগ্রেস দলের শাসকগোষ্ঠী। জমিদার, জোতদাররা তাদের কুকুর, বেড়ালের নামে জমি কুক্ষিগত করে রেখেছিল, শুধু তাই নয় সেই জোতদার, জমিদাররা ওঁদেরই মদতে যার বিয়ে হয় নি তার ছেলে এবং বৌ-এর নামে জমি রেখেছিল এবং এটা হয়েছিল কংগ্রেস আমলেই। ১৯৭৭ সালে বামফ্রন্ট আসার পরে সেই জমি উদ্ধার করে সেই জমি ভূমিহীন গরিব মানুষদের মধ্যে বিলি করার ব্যবস্থা করে এবং তার ফলে কৃষকরা তাদের দুটি হাতকে কৃষি কাজে লাগাতে পেরেছে। শুধু তাই নয় কৃষকের দুই হাতকে কাজে লাগিয়ে যে জমিতে একটা ফসল হতো সেখানে দু ফসলী জমিতে পরিণত করেছে। ওঁদের সময়ে গরিব মানুষরা অনাহারে, অর্ধাহারে দীনযাপন করতো, তারা কাজ পেত না। তাই ওঁদের স্মরণ করিয়ে দিতে চাই নামাল খাতার কথা। গ্রাম-গঞ্জের মানুষরা আপনাদের আমলে কাজ পাবার জন্য ঘর-বাড়ি ছেড়ে পুটলী নিয়ে বাঁশী বাজাতে বাজারে বাস স্ট্যানডে কিম্বা রেল স্টেশনে আসতো কাজের সন্ধানে। আজকে বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের মধ্যে দিয়ে যে পরিস্থিতি ঘটিয়েছে তাই আজকে সেই আগের চেহারা দেখতে পাওয়া যায় না। এটা হচ্ছে বামফ্রন্ট সরকারের সাফল্য। স্যার, আমরা পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরে গরিব মানুষরা কাজ না পাওয়ার জন্য অনাহারে অর্ধাহারে জীবন-যাপন করতো বলেই তারা নামান খাটতে যেত। যেটুকু রোজগার করতো সেটা দিয়েও তাদের চলতো না।

[2-40 — 2-50 p.m.]

ওরা তখন বিদেশ থেকে আনা পশুখাদ্য, যবের আটা, ভুট্টার আটা মানুষকে খাইয়েছে। ওদের আমলে জমিদারদের হাত থেকে জমি উদ্ধার করার প্রচেষ্টা না হওয়ার ফলে বিভিন্ন আন্দোলন গড়ে উঠেছিল। তে-ভাগা আন্দোলন গড়ে উঠেছিল। তাতে বহু ভাগচাষী অংশগ্রহণ করেছিল। তারপর আমরা দেখেছিলাম খাদ্য আন্দোলন গড়ে উঠেছিল। তখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন প্রফুল্ল সেন মহাশয়। ১৯৫৯ এবং ১৯৬৬ সালে খাদ্য আন্দোলন হয়েছিল। আপনারা সেই মিছিলের উপর নির্মম অত্যাচার করেছিলেন, গুলি চালিয়েছিলেন, মানুষ খুন করেছিলেন। আপনাদের লজ্জা থাকা দরকার। আজকে পশ্চিমবঙ্গে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে কৃষির অগ্রগতি ঘটেছে। আমি মাননীয় অতীশবাবুর বক্তৃতা শুনছিলাম। উনি বিরোধিতা করার জন্যই বিরোধিতা করলেন। কিন্তু পক্ষান্তরে কৃষির উৎপাদনের ক্ষেত্রে যে বৃদ্ধি ঘটেছে সেটা অস্বীকার করতে পারলেন না, স্বীকার করতে হয়েছে। আমাদের সাফল্যকে অস্বীকার করার ওঁদের কোনও পথ নেই। বামফ্রন্ট সরকার প্রায় ১০ লক্ষ ৪৮ হাজার একর খাস জমি ২৫ লক্ষ ৪৮ হাজার মানুষের মধ্যে বিলি করেছে, তাদের পাট্টা দিয়েছে এবং এর মধ্যে প্রায় ৫৭ শতাংশই হচ্ছে তপসিলি জাতি উপজাতির মানুষ। এছাড়া ১৪ লক্ষ ৯৫ হাজার বর্গাদারকে নথিভুক্ত করা হয়েছে। এটা বামফ্রন্টের সাফল্য এবং এর মধ্যে দিয়ে গরিব মানুষের হাতে জমি ন্যস্ত হয়েছে এবং তাতে সেচের মাধ্যমে উন্নয়নের প্রচেষ্টা নেওয়া হয়েছে। ১৯৭৭।৭৮ সালে, কংগ্রেসের আমলে ৩১ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা ছিল। আর, আজকে ২০০০ সালে সেটা ৬২ শতাংশে পরিণত হয়েছে। এবং এর ফলে আজকে কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে, গরিব মানুষ খাবার পাচ্ছে, বহু মানুষ কাজ পাচ্ছে। আজকে পশ্চিমবঙ্গে মাত্র ৩.৭ ভাগ জমি নিয়ে দেশের ৯ ভাগ মানুষের খাদ্যের ভার বহন করতে হচ্ছে। আমাদের মোট ৫৬ লক্ষ ৮০ হাজার ৪ হেক্টর জমি চাষ-যোগ্য। আর পতিত, অনাবাসী, চাষের অযোগ্য জমির পরিমাণ ৭৬ লক্ষ ৪৬০ হাজার হেক্টর। বর্তমানে খাদ্য শষ্যের উৎপাদন ১ লক্ষ ৪৮ হাজার ৪৫০ টন। আর, আমাদের এখানে বর্তমানে জনসংখ্যা হচ্ছে ৮ কোটি ২ লক্ষ ২১ হাজার ১৭১ টন। ধানের ক্ষেত্রে ১৯৭৭-৭৮ সালে চাষ এলাকার মাত্র ২৮ শতাংশ জমি উন্নত বীজের আওতায় ছিল, ওদের আমলে। সেটা বর্তমান বছরে ৮৭ শতাংশকে অতিক্রম করে গেছে। এ রাজ্যে হেক্টর প্রতি রাসায়নিক সারের ব্যবহার ১১৭ কে. জি.। আর, সর্বভারতীয় গড় হচ্ছে হেক্টর প্রতি ৯০ কে. জি.। বর্তমান বছরে আমাদের এখানে এই রাসায়নিক

সার ব্যবহারের পরিমাণ বেড়ে ১৪৬ কে. জি. প্রতি হেক্টর হয়েছে, বেড়েছে। সার, ভূমি, সেচ, উন্নত বীজ ব্যবহার, প্রভৃতির ফলে আমাদের রাজ্যে কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। তথ্য অনুযায়ী ১৯৮০-৮১ সাল থেকে ১৯৯৯-২০০০ সাল পর্যন্ত সমস্ত প্রধান রাজ্যগুলোর খাদ্য উৎপাদনের বৃদ্ধির বার্ষিক গড় হার ২.৫ শতাংশ। সেখানে পশ্চিমবঙ্গের খাদ্য উৎপাদনের বৃদ্ধির বার্ষিক গড় হার, সর্বপ্রথম, ৪.১ শতাংশ। এটাকে আপনারা অস্বীকার করছেন? মাননীয় অতীশবাবু বললেন, ওদের আমলে নাকি বৃদ্ধি ঘটেছে। না, বামফ্রন্ট সরকারের আমলে বৃদ্ধি ঘটেছে।

এই তথ্য কি প্রমাণ করছে? সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ চাল উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে। বর্তমান বছরে পশ্চিমবঙ্গে চাল উৎপাদনে বৃদ্ধির হার ৪.৫ পারসেন্ট, সেখানে অন্ধ্রপ্রদেশ ১.৯ পারসেন্ট। আলু উৎপাদনে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে, উত্তরপ্রদেশের পরেই পশ্চিমবঙ্গের স্থান। এই রাজ্যে ১৯৯১-৯২ সালে আলু উৎপাদন হয়েছে ৪৯৪২.৯ হাজার টন, ১৯৯৬-৯৭ সালে উৎপাদন হয়েছে ৮৪৭২.৩ হাজার টন। ১৯৯৯-২০০০ সালে ৩১৫.৮৫ হাজার হেক্টর জমিতে উৎপাদন হয়েছে ৭৮৮২.৩২ হাজার টন যা হেক্টর প্রতি উৎপাদন ২৩ হাজার ৬৮৯ কেজি। আমনে পশ্চিমবঙ্গে ১৯৭৭-৭৮ সালে এরিয়া ছিল ৪৩০৮.৫ হাজার হেক্টর, উৎপাদন ছিল ৫৮৬১.১ হাজার টন, হেক্টর প্রতি উৎপাদন ছিল ১৩৬০ কেজি। ১৯৯৯-২০০০ সালে পশ্চিমবঙ্গে এরিয়া ছিল ৪২৪৮.৯ হাজার হেক্টর, উৎপাদন হয়েছে ৮৪৬৩.৩ হাজার টন, হেক্টর প্রতি উৎপাদন ১৯৯৩ কেজি। বোরো উৎপাদনের ক্ষেত্রে ১৯৭৭-৭৮ সালে এরিয়া ছিল ৩০৮.৭ হাজার হেক্টর, আর উৎপাদন ছিল ৮৮২.০ হাজার টন, হেক্টর প্রতি উৎপাদন চিল ২৮৮৭ কেজি। ১৯৮৭-৮৮ সালে এরিয়া ছিল ৭৯২.২ হাজার হেক্টর, উৎপাদন ছিল ২৪৮৯.৩ হাজার টন, হেক্টর প্রতি উৎপাদন ছিল ৩১৮৩ কেজি, ১৯৯৯-২০০০ সালে এরিয়া ছিল ১৪৭৪.৩ হেক্টর, উৎপাদন হয়েছে ৪৪৬৮.৪ হাজার টন, হেক্টর প্রতি উৎপাদন ছিল ৩০৩১ কেজি। মাননীয় অতীশ বাবু বলছিলেন, চাল উৎপাদনের ক্ষেত্রে পাঞ্জাবকে অতিক্রম করা যায় নি। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে চাল উৎপাদনের ক্ষেত্র পশ্চিমবঙ্গে এরিয়া ছিল ১৯৭৭-৭৮ সালে ৫৪২৪.৭ হাজার হেক্টর, উৎপাদন ছিল ৭৪৭৪.৬ হাজার টন, হেক্টর প্রতি উৎপাদন ছিল ১৩৮৩ কেজি, ১৯৯৯-২০০০ সালে এরিয়া ছিল ৬১৫০.৪৪ হাজার হেক্টর, উৎপাদন ছিল ১৩৭৫৯.৬ হাজার টন, হেক্টর প্রতি উৎপাদন ছিল ২২২৩ কেজি। পশ্চিমবঙ্গে উৎপাদনের ক্ষেত্রে বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। গম উৎপাদনের ক্ষেত্রে লাভ কম, আলু চাষে লাভ বেশি

সেজন্য গমের এরিয়ায় অনেকে এখন আলু চাষ করছেন। আজকে যাঁরা ওদিকের বেঞ্চে বসে আছেন তাঁরা আগে এদিকের বেঞ্চে ছিলেন। ওঁদের দিদি কেন্দ্রের জোট সরকারে, এন. ডি. এ. সরকারে যোগ দিয়েছিলেন, তাঁরাই বিদেশ নীতি, বিশ্বায়ন, উদারীকরণ নীতিগ্রহণ করেছেন। তাঁরা ৪৩২৯ টি পণ্য অবাধ আমদানি নীতির ফলে নিয়ে আসছেন, তার মধ্যে ৮৫০টি কৃষি ভিত্তিক উৎপাদন, যা কৃষির উপর আঘাত সৃষ্টি করবে, কৃষি ব্যবস্থাকে সর্বনাশের পথে নিয়ে যাবে, এখানকার কৃষক যা উৎপাদন করবে সেই ফসলের দাম তারা পাবেন না। আমরা একরম একটা পরিস্থিতির মধ্যে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছি। এই কথা বলে কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় এখানে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০১-২০০২ সালের ৪৭, ৪৮, ৫৫, ৫৬ এবং ৫৮ নং দাবির অধীন কৃষি সম্পর্কীয় যে ব্যয়-বরাদ্দ মাননীয় কৃষিমন্ত্রী কমল গুহ এবং কৃষি বিপণন মন্ত্রী মহোদয়া পেশ করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। সাথে সাথে এই ব্যয়-বরাদ্দের দাবির ওপর আমাদের দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব দেয়া হয়েছে তার সমর্থনে কিছু কথা বলতে চাই। একটু আগে সরকার পক্ষের জনৈক সদস্য বললেন পশ্চিমবাংলায় কৃষি ক্ষেত্রে বিরাট বিপ্লব সংঘটিত হয়েছে। এবং সেটা হয়েছে ভূমি সংস্কার আন্দোলনের ফলে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলব যে, মাননীয় সদস্য যা বললেন তা সম্পূর্ণ অসত্য। প্রকৃতপক্ষে পশ্চিমবাংলার কৃষকরা আজকে সর্বহারা। সর্বদিক দিয়েই তাদের আজকে জরাজীর্ণ ঋণগ্রস্ত অবস্থা। পশ্চিমবাংলার শতকরা ৯৩% ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী চাষ করে বটে, কিন্তু তারা বছরের ১২ মাস খেতে পায় না, পরতে পায় না। তারা আজকে সব দিক দিয়ে রিক্ত, নিঃস্ব। এখানে যে ভূমি সংস্কার নীতির কথা বলা হচ্ছে, এই নীতি বামফ্রন্ট সরকারের আমলেই গৃহীত হয় নি। বর্তমানে ভূমি সংক্রান্ত যে আইনগুলি রাজ্যে চালু আছে এই আইনগুলি পাশ হয়েছিল ১৯৭২ সালে। এক সময় কমিউনিস্ট পার্টির তরফ থেকে কাকদ্বীপে, তেলেঙ্গানায় ভূমি নিয়ে আন্দোলন হয়েছিল, বিপ্লব ঘটেছিল। ১৯৪৭ সালের তেভাগা আন্দোলনে দাবি করা হয়েছিল—চার ভাগ ফসলের তিন ভাগ যে চাষ করবে সেই

কৃষক পাবে, জমির মালিক এক ভাগ পাবে। কিন্তু ঐ দাবি অনুযায়ী আইন করা তখন সম্ভব হয় নি। ঐ আন্দোলনের মধ্যে দিয়ে, বিপ্লবের মধ্যে দিয়ে আইন হয় নি। ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে বোমা, পাইপ গান, বন্দুক দিয়ে মানুষ খুন না করে এক কলমের খোঁচায় আমরা যখন সরকারে ছিলাম তখন ঐ আইন হয়েছিল—উৎপাদন ফসলের ৭৫ ভাগ চাষী পাবে, জমির মালিক ২৫ ভাগ পাবে। আমরা এই আইন পাশ করে যাওয়া সত্বেও আজ পর্যন্ত আইনটা কেন কার্যকর হল না, সে কৈফিয়ত আজকে এই সরকারকে দিতে হবে। আপনারা কৈফিয়ত দিন আজ পর্যন্ত কেন আইন বাস্তবায়িত করতে পারেন নি? আপনারা দাবি করছেন খাস জমি বিলি করেছেন, বিপ্লব হয়েছে—১০ লক্ষ হেক্টর জমি উদ্ধার করে বিলি করেছেন বলছেন এটাও সম্পূর্ণ অসত্য কথা। আপনারা প্রথম যুক্তফ্রন্ট আমলে সমস্ত খাস জমি নিজেদের পার্টির লোকদের দিয়েছিলেন। ১৯৭২ সালে আমরা ক্ষমতায় এসে আইন পাশ করেছিলাম এবং ভূমিহীন কৃষক এবং এক হেক্টরের কম জমির মালিকদের মধ্যে বিলি-বণ্টন করেছিলাম। ১০ লক্ষ হেক্টর জমি উদ্ধার করে ৭ লক্ষ ৩০ হাজার হেক্টর জমি আমরা বিলি করেছিলাম। অবশিষ্ট যেটুকু ছিল সেটুকুই শুধু আপনারা করেছেন। আপনারা হিসাব করে দেখুন আমরা ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল, ৫ বছরে যা করেছিলাম তার তুলনায় ১৯৭৭ সাল থেকে ২০০১ সালের জুলাই মাস পর্যন্ত এই সাড়ে ২৪ বছরে আপনারা কতটুকু করেছেন। কাজেই আজকে পশ্চিমবঙ্গকে সব দিক দিয়েই শেষ করে দিয়েছেন। সমস্ত বর্গা চাষীরা উচ্ছেদ হয়ে গেছে। কৃষি ক্ষেত্রে পশ্চিমবাংলার চিরকালই সুনাম ছিল। উৎপাদনে প্রথম ছিল, সেটাই শুধু আপনারা এখন পর্যন্ত ধরে রেখেছেন। অথচ আমাদের রাজ্যে এখনো উৎপাদন বাড়াবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে, তাকে আপনারা কাজে লাগাতে পারছেন না। এখন নির্বাচন শেষ হয়ে গেছে, এখন চাষীদের জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে, ঝাণ্ডা পুঁতে জমি জবরদখল করা হচ্ছে। আমরা জানি গত বছর ৯টা জেলায় বন্যা হয়েছিল, ফসল সব নষ্ট হয়ে গিয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকরা আজ পর্যন্ত কত টাকা ঋণ পেয়েছে এবং কোন কোন জায়গায় ঠিক মতো সব রকমের সাহায্য বিতরণ করা হয়েছে? আমরা জানি সর্বক্ষেত্রে দলবাজী হয়েছে। আমরা এটাও জানি ঐ বন্যা মনুষ্য সৃষ্টি বন্যা, ম্যান মেড বন্যা। আপনারা ট্যাক্টফুলি পরিকল্পনা মাফিক ড্যামগুলি থেকে বিপুল পরিমানে জল ছেড়ে পশ্চিমবাংলাকে শেষ করে দিয়েছিলেন। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় এই বাজেটে বিভিন্ন বক্তব্য রেখেছেন। তার মধ্যে তিনি বলেছেন, এ বছর টার্গেট

রেখেছেন ১৬২ লক্ষ হাজার টন উৎপাদন করবেন। কিন্তু আমি বলছি সেটা সম্ভবপর হবে না। তার একটি মাত্র কারণ, পশ্চিমবঙ্গে সেচের ব্যবস্থা খুবই দুর্বল। আপনি যদি দেখেন তাহলে দেখবেন, যে জমিদারী বাঁধগুলো ছিল সেইগুলো বন্যার সময়ে প্রায় ভেঙে গেছে। সেগুলি মেরামত করার কোনও সুষ্ঠু ব্যবস্থা নেই, কোনও সুষ্ঠু প্রকল্প নেই। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমাদের হাতে যখন কৃষি দপ্তর ছিল তখন আমরা পশ্চিমবঙ্গে কত ডিপ-টিউবওয়েল করেছি, কত শ্যালো টিউবওয়েল করেছি, কত রিভার লিফ্‌ট করেছি। এইরকমভাবে একটার পর একটা বসানো হয়েছে। কিন্তু এই বামফ্রন্টের আমলে সেই তুলনায় কটা ডিপ টিউবওয়েল বসেছে, কটা রিভার লিফ্‌ট বসেছে, কটা শ্যালো বসেছে? ফলে চাষীরা আজকে তাদের নিজেদের খরচায় শ্যালো বসিয়ে তাদের সম্পদ বৃদ্ধি করার চেষ্টা করছে। আজকে জল মাটির নিচে চলে গেছে। সেই জল তোলবার জন্য কোনও ব্যবস্থা আপনারা নিচ্ছেন না। তাই আজকে সর্বক্ষেত্রে চরম অব্যবস্থার মধ্যে চাষীরা পড়েছে। তাই আজকে হানাহানি, খুনো-খুনি, মারামারি বেড়ে গেছে। তাই বলছি, সেচের ব্যবস্থা যদি সুষ্ঠুভাবে করতে না পারা যায় ডিপ-টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল যদি প্রচুর মাত্রায় বসানো না যেতে পারে তাহলে আপনার যে লক্ষ্য সেই লক্ষ্য বাস্তবে রূপায়ণ হবে না। আজকে চাষীরা ঋণ পাচ্ছে না। রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক এবং যে সমবায় ব্যাঙ্ক ছিল সেইসব ব্যাঙ্কের মাধ্যমে চাষীদের ঋণ দেবার ব্যবস্থা ছিল। কিন্তু আজ সর্বত্র করাপশন হচ্ছে। সমবায় দপ্তর প্রায় উঠে গেছে বলে আমার মনে হয়। আজকে চাষীরা চাষের সময়ে যে ঋণ পেত সেই ঋণ দেবার আজকে ব্যবস্থা নেই। আর রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক থেকে পার্টির কমরেডরা পঞ্চায়েতের থ্রু দিয়ে অবৈধভাবে ঋণ নিয়েছেন। সেইসব লক্ষ লক্ষ টাকা আদায় করতে পারছেন না। তাই রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি আজকে বহুক্ষেত্রে ঋণ দেওয়া বন্ধ করে দিয়েছে। বিশেষ করে সেচের সময় এই ঋণ চাষীরা না পেয়ে চরম দূরবস্থার মধ্যে পড়ছে। আজকে চাষীরা তাদের বীজ ধানও পাচ্ছে না। কিন্তু এইসব বীজ ধান কালোবাজারে বিক্রি হচ্ছে। আপনি যে মিনিকিট দেন তার পরিমান অত্যন্ত কম। এখানে লেখা আছে, আপনি ৯ লক্ষ মিনিকিট বিতরণ করেছেন। কিন্তু এই মিনিকিট প্রকৃত চাষীরা পাচ্ছে না। কিন্তু বাজারে গেলে দেখা যাবে, এই মিনিকিট কালোবাজারে বিক্রি হচ্ছে। আজকে সারের যে ব্যবস্থা—যে জৈব সার, গোবর আবর্জনা থেকে যে সার, সবুজ সার এগুলি সুষ্ঠু ব্যবস্থাপনার মধ্য দিয়ে চাষীদের যে উৎসাহ দেবার কথা ছিল কৃষি দপ্তরের সেই ব্যবস্থা আপনি গ্রহণ করতে পারছেন না। আজকে এই যে কে. পি.

এস. অর্থাৎ কৃষি প্রযুক্তি সহায়ক পদে পার্টির কমরেডদের অ্যাপয়নমেন্ট দিয়ে ছেড়ে দিয়েছেন। সেইসব কে. পি. এস. রা আজকে কি করছে এলাকায় গিয়ে দেখুন। চাষীদের কোনও শিক্ষা ব্যবস্থা করছে না, কোনও প্রদর্শনীর ব্যবস্থা করছে না। কিভাবে সার দিতে হবে, ঋণ পেতে কিভাবে তাদের সাহায্য করতে হবে সেইসব দিকে এইসব কে. পি. এস. রা কোন লক্ষ্য দিচ্ছে না। চাষীদের ক্ষেত্রে এইসব সমস্যার সমাধান করার জন্য বিশেষ করে সার, বীজ, ঋণ, মিনিকিট এবং অন্যান্য যেসব ব্যবস্থাগুলি করা দরকার তার সুস্পষ্ট বক্তব্য এই বাজেট ভাষণে নেই। আজকে পশ্চিমবঙ্গের চাষীরা মার খাচ্ছে। তাদের ক্রয়-ক্ষমতা কমে গেছে, তারা ধানের দাম, ফসলের দাম ঠিকমতো পাচ্ছে না। এইরকমভাবে বিভিন্ন স্তরে আজকে অব্যবস্থার সৃষ্টি হয়েছে। ফলে পশ্চিমবঙ্গের চাষীদের আজকে সর্বনাশ। সুতরাং কৃষককুলকে বাঁচানোর দায়িত্ব আপনাকে গ্রহণ করতে হবে। কারণ আজকে চাষীরা মাথায় হাত দিয়ে বসেছে। আজকে রেগুলেটেড মার্কেটের সংখ্যা আরো বেশি করতে হবে যাতে কৃষকদের বাঁচবার সম্ভাবনা থাকে। ১৯৯৯-২০০০ সালে বাণিজ্যিক ব্যাঙ্ক এবং সমবায় ব্যাঙ্কের থ্রু দিয়ে ৬২৩.৯৯ কোটি টাকা দিয়েছেন বলছেন। কিন্তু প্রকৃতপক্ষে চাষীদের হাতে গেছে কি? সুতরাং এটা অসত্য রিপোর্ট। আমি এই অসত্য ভাষণের প্রতিবাদ করছি। ফলে ঋণ দানের ক্ষেত্রে সমবায়ের যে গুরুত্বপূর্ণ ভূমিকা তা গ্রহণ করতে হবে। মহাত্মা গান্ধী সমবায় আন্দোলন করেছিলেন। তিনি সমবায়ের পথেই কৃষকদের বাঁচাতে চেয়েছিলেন। আজকে সেই সমবায় ব্যবস্থায় দেখা যাচ্ছে চরম দুর্নীতি। আপনার দপ্তরের মধ্যে একটা কো-অর্ডিনেশন চাই।

[3-00 — 3-10 p.m.]

আজকে এগ্রিকালচার দপ্তরের সঙ্গে যদি সেচ, বিদ্যুৎ, সমবায়, জলসম্পদ দপ্তরের কো-অর্ডিনেশন না থাকে তাহলে কৃষি দপ্তর সঠিকভাবে কাজ করবে কি করে? একটা রথ একটা হাতি বা দুটো ভালো টাট্টু ঘোড়া টানতে পারে কিন্তু একটা রথ যদি ৪/৫ টা ছাগল, হনুমান, ভেড়া, গাধা টানে তাহলে সেই রথ চলতে পারে না। তাই আমি মনে করি কৃষি দপ্তরকে সুষ্ঠুভাবে পরিচালনা করতে গেলে বিভিন্ন দপ্তরের সঙ্গে একটা ভাল কো-অর্ডিনেশনের মাধ্যমে পরিচালনা করতে হবে। তা না হলে এই দপ্তরকে সুষ্ঠুভাবে পরিচালনা করা কখনও আপনার পক্ষে সম্ভবপর হবে না। একদিন আপনি বামফ্রন্টের সন্ত্রাস, খুনের রাজনীতির কথা বলে, রিগিং-এর কথা বলে এবং বিভিন্ন ধরণের কথা বলে বামফ্রন্ট সরকার ছেড়ে চলে

এসেছিলেন এবং আমাদের সঙ্গে সমঝোতা করে আপনি প্রার্থীও ঠিক করেছিলেন। আমার মনে আছে আপনার বাড়িতে গিয়ে বৈঠক করে আমরা ঠিক করেছিলাম গোবিন্দ রায়কে লোকসভাতে প্রার্থী করা হবে। তখন আপনাকে আমরা সার্পোটিও করেছিলাম কিন্তু তারপর দেখলাম আপনি আবার খিড়কির দরজা দিয়ে সুড় সুড় করে বামফ্রন্টে ফিরে গেলেন। আজকে আবার তাদের সঙ্গে হাত মিলিয়ে আপনি দুর্নীতিকে প্রশ্রয় দিলেন। একটু আগে অতীশবাবু যে কথা বলছিলেন সেটা খুবই সত্য কথা। আজকে কি আপনারা বিভিন্ন পরিকল্পনাকে বাস্তবে রূপ দিতে পারছেন? না, তা তো পারছেন না। ন্যাবার্ড থেকে আপনাকে যে প্রকল্প করতে বলা হয়েছিল, সেই আর. আই. ডি. এফ. প্রকল্পে গভীর নলকূপ, মাঝারি নলকূপ, ছোট নলকূপ ইত্যাদির শতাধিক প্রকল্প আপনাকে দেওয়া হয়েছিল কিন্তু সেগুলির বাস্তবে রূপায়ণের জন্য আপনি কোনও রকম সিদ্ধান্ত গ্রহন করতে পারেন নি। তারপর ভূমি সংস্কারের যে কথা আপনার বই-এ তে বলেছেন তাতে আপনার বাজেট স্পিচেই আপনি বলেছেন যে ৪.২৬ লক্ষ হেক্টর খাস জমি বিলি করা সম্ভব হয়েছে। কিন্তু টোট্যাল এ পর্য্যন্ত হয়েছে ১৪.৫৫ লক্ষ হেক্টর। সেখানে বাকিটা কারা করেছিল নিশ্চয় সে কথা আপনার বলা উচিত ছিল। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, পশ্চিমবঙ্গের কৃষির উন্নয়নের জন্য যে কাজগুলি করা দরকার সেগুলি যদি আপনি সঠিকভাবে করতে না পারেন তাহলে কিন্তু পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে যাবে। তারপর প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে পশ্চিমবাংলার চাষীদের বাঁচানোর কোনও ব্যবস্থা আপনি করতে পারছেন না। প্রাকৃতিক বিপর্যয়ে পশ্চিমবাংলার কৃষকরা শেষ হয়ে যাচ্ছে। তারপর শস্য যা হচ্ছে বিভিন্ন কিট, পোকার আক্রমনে তা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেখানে সঠিকভাবে পেস্টিসাইড ব্যবহার করা হচ্ছে না। তারপর চাষীদের চাষের জন্য বিভিন্ন সরঞ্জাম যা সরবরাহ করার কথা সেগুলি ঠিকমতো সরবরাহ করা হচ্ছে না। বীজ বোনা থেকে আরম্ভ করে ধান ঝাড়া পর্য্যন্ত যে সমস্ত সরঞ্জাম চাষীদের দেওয়ার কথা সেগুলি দেওয়া হচ্ছে না। সেখানে সেই সমস্ত সরঞ্জাম, পাওয়ার টিলার, ট্রাক্টর যদি ঠিকমতন বিলিবণ্টন করার ব্যবস্থা করতে পারেন তাহলে উন্নতি হবে কিন্তু তা হচ্ছে না এবং এখনও আমরা দেখছি পশ্চিমবাংলার কৃষকরা মান্ধাতার আমলের সেই লাঙল দিয়ে চাষ করছেন। পশ্চিমবাংলার কৃষকদের বাঁচাতে গেলে অধিক পরিমানে পাওয়ার টিলার, ট্রাক্টর ইত্যাদি ব্লক আধিকারিকদের মাধ্যমে চাষীদের মধ্যে বিলিবন্টনের ব্যবস্থা অবিলম্বে করতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে ল্যান্ড ইউটিলাইজেশনের ব্যাপারে অনেক কথা বলেছেন। উনি বলেছেন, আমরা চাল, ধান

উৎপাদনে প্রথম। এগুলি তো আমরা জানি। আমদের আউস ধান, আমন ধান, বোরো ধান আছে এবং সেই ৭৪/৭৫ সাল থেকেই এ ব্যাপারে আমরা রেকর্ড সৃষ্টি করে আসছি। শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে প্রকল্প ছিল—'গ্রো মোর ফুড' সেই প্রকল্পে পশ্চিমবঙ্গ এগিয়ে ছিল। আজকে যদি জমিগুলি আরো ভালোভাবে ব্যবহার করা যেত তাহলে আরো ভাল হত। বাজেটে দেখছি, ১৩৩.১৩ লক্ষ হেক্টর জমিতে চাষ হচ্ছে, এটা আরো বৃদ্ধি পেতে পারতো কিন্তু আপনাদের অপদার্থতার জন্য তা হয়নি। ল্যান্ড ইউটিলাইজেশন, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি এটা খুব কম হয়েছে অন্যান্য রাজ্যের চেয়ে। আমরা দেখতে পাচ্ছি পতিত জমি উদ্ধারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে। পতিত জমি উদ্ধার হয়েছে অন্ধ্রপ্রদেশে ১৫৪৭ হাজার হেক্টর, উত্তরপ্রদেশে ১ লক্ষ ৩২ হাজার হেক্টর, ত্রিপুরাতে হয়েছে ১ লক্ষ ২২ হাজার ৯ হেক্টর, আর পশ্চিমবঙ্গে হয়েছে ২৯ হাজার হেক্টর। কি করুন অবস্থা একটু চিন্তা করুন। তারপর রির্পোটিং এরিয়া অফ ল্যান্ড ইউটিলাইজেশন এখানে দেখতে পাচ্ছি অন্ধ্রপ্রদেশে হয়েছে ২৭৪.৪০ লক্ষ হেক্টর। উত্তরপ্রদেশে ২৯৭.৯৪ হেক্টর, সেখানে পশ্চিমবঙ্গে ১ লক্ষ ৬ হাজার ৯০ হেক্টর। এই অবস্থার মধ্যে দিয়ে ল্যান্ড ইউটিলাইজেশন হচ্ছে। এছাড়া এরিয়া আন্ডার প্রিন্সিপাল গ্রুপে প্রধান ফসল যেগুলো সেক্ষেত্রেও পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্য থেকে পিছিয়ে রয়েছে। যেখানে উত্তরপ্রদেশে প্রিন্সিপাল গ্রুপ এরিয়া ৫,৯৩২ হেক্টর, সেখানে পশ্চিমবঙ্গে এটা ৫,৯০৪ হেক্টর। এভাবে সর্বক্ষেত্রে আপনারা পিছিয়ে পড়েছেন। তার জন্য অনুরোধ করব, কৃষকদের এ বিষয়ে প্রশিক্ষণ দিয়ে যদি শিক্ষিত করতে না পারেন, যদি বীজ, সার ব্যাঙ্ক-ঋণ যদি তাদের না দিতে পারেন, যদি সেখানে দলবাজি হয় তাহলে কিভাবে উন্নতি হবে? আজকে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় সেক্ষেত্রে কিছুই করতে পারছে না। বিভিন্ন প্রজাতির ধান—সরস্বতী, যামিনী ইত্যাদি—উৎপাদন করা যেতো তাহলে উৎপাদন বাড়তো। আজকে কোচবিহারে একটা ক্যাম্পাস রয়েছে কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ের। ঐ ক্যাম্পাস ২০ বছর আগে তৈরি হয়েছে, কিন্তু সেটা পড়ে রয়েছে। উত্তরবঙ্গে একটা এগ্রিকালচার ইউনিভার্সিটি করবার সিদ্ধান্ত যদি গ্রহণ করতে না পারেন তাহলে সেখানকার জেলাগুলো একটা অব্যবস্থার মধ্যে পড়ে যাবে। এদিকে তাই আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষকদের যে শস্যবীমা, একটু আগে আপনি শুনেছেন, ঐ শস্যবীমা প্রকল্প পশ্চিমবঙ্গে ঠিকমতো বাস্তবে রূপায়িত হচ্ছে না, তাদের শস্যবীমার সুযোগ দেবার ব্যবস্থা করছেন না। তার জন্য আজকে পশ্চিমবঙ্গের চাষীরা সর্বদিক থেকে দিশেহারা। এন. এ. আই. এস. প্রকল্প

এখানে চালু করবার কথা ছিল। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার আপনাদের দায়িত্ব দিয়েছিলেন। কিন্তু সেটা চালু করেননি। এম. সি. সি. আই. এস.-এর সঙ্গে যুক্ত করে আপনারা বলেছেন, 'এটা সম্পূর্ণ উল্টোপাল্টা পরিবর্তন, তার জন্য আমাদের পক্ষে কিছু করা সম্ভব হয়নি।' আজকে এই যে বাজেট ভাষণ তাতে কি হবে সেটা বাহ্যিকভাবে রয়েছে, কিন্তু তার দ্বারা কৃষকরা বাঁচবার সুযোগ পাচ্ছে না। আজকে সাবসিডি কৃষকরা ঠিকমতো পাচ্ছে না। সেটা বিতরণ করার সময় কমরেডদের জন্য সাবসিডি কেটে নিয়ে কৃষকদের দাদন দিচ্ছেন। কৃষকদের ফসলের ন্যায্য মূল্যও দিতে পারছেন না। আজকে পশ্চিমবঙ্গ পাটশিল্পে দ্বিতীয় স্থানে। পাটশিল্পকেও আপনারা শেষ করে দিয়েছেন। চাষীরাও তাই আর পাট চাষ করতে চাইছে না। পান চাষে মেদিনীপুর জেলা কত এগিয়ে ছিল। সেখানে একটা রেগুলেটেড মার্কেট করবার কথা বলেছিলেন। তার জন্য চার-পাঁচ কোটি টাকা খরচ হত, কিন্তু সেই রেগুলেটেড মার্কেট হল না। সেখানে ৪০০ থেকে ৫০০ কোটি টাকার পান বিক্রি হয়। রাজ্যে ডাল, তৈলবীজ ইত্যাদির উৎপাদন বৃদ্ধি করবার কথা ছিল, কিন্তু সেদিক থেকেও আপনারা ব্যর্থ হয়েছেন। এবারে আপনি আবার নতুন করে ফিরে এসেছেন। তাই আপনাকে বলি ঃ কৃষকের জীবনে স্বর্গ যদি চান/কর্ম কথায় সত্য আত্মীয়তা করেছো অর্জন/ জ্যোতির্ময় তারে জেনে তার পানে চাহি/মৃত্যুরে লঙ্ঘিতে পারো অন্য পথ নাহি। এখন প্রকৃতপক্ষে যদি বাঁচতে চান তাহলে কৃষকের স্বার্থকে সর্বদিক থেকে রক্ষা করতে হবে। আর আপনি সি. পি. এম.-এর কথা শুনে যদি চলেন, বিভিন্ন ডিপার্টমেন্টের সঙ্গে যদি কো-অর্ডিনেশন করতে না পারেন, তাহলে আপনি কিছুই করতে পারবেন না। এই বলে এই বাজেটের বিরোধিতা করে কাটমোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করলাম।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় কৃষিমন্ত্রী, মাননীয়া কৃষি বিপনন মন্ত্রী এবং খাদ্য প্রক্রিয়াকরণ বাগিচা ফসল এবং সবজী চাষ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়গন যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, বিরোধী বন্ধুরা যা আলোচনা করলেন তা শুনলাম। যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে এই যে, পশ্চিমবাংলার কৃষি উন্নয়ন মূর্খেও বোঝে ওঁরা বোঝেন না, বুঝেও বোঝেন না। একটা কথা পরিষ্কার বলতে চাই। ১৯৬৭ সাল। খাদ্য সংকট। ভুট্টা মাইলো গ্রামে

গঞ্জে শহরে ভরে গেল। এক কে. জি. চালের দাম ৭ টাকা, একজন কৃষি শ্রমিকের মজুরী ৫ টাকা। আমরা তখন আন্দোলন করেছিলাম নূন্যতম মজুরি ৮.৩৩ পয়সার জন্য। আজকে কৃষি শ্রমিকরা পশ্চিমবাংলার যে কোনও জায়গায় ৮ ঘণ্টা কাজ করে ৫ কে.জি. চাল সংগ্রহ করতে পারবে। আজকে এই জায়গায় আমরা অবস্থান করছি। এটা ওনাদের স্বীকার করা উচিত। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, কৃষির যথেষ্ট উন্নয়ন হয়েছে। এখনও কিছু বাকি আছে যে উন্নয়নের ধারা বজায় রেখেছি সেটাকে অপরিবর্তিত ভাবে ধরে রাখতে চেয়েছি বিভিন্ন নীতির মধ্যে দিয়ে। আমরা জানি যে পেটেন্ট বিল যখন কংগ্রেস সরকার পার্লামেন্টে এনেছিল তখন বি. জে. পি. তার বিরোধিতা করেছিল। আবার বি. জে. পি.-র এন. ডি. এ. সরকার যখন এই বিলটা নিয়ে এলো তখন কংগ্রেস তাকে সমর্থন করলো। এই পেটেন্ট আইনের মধ্যে দিয়ে দেশের সব চেয়ে বড় যে সর্বনাশ হলো তা হলো বাসমতি আর আমাদের হাতে নেই, পেটেন্ট নিয়ে নিয়েছে। ইতিমধ্যে থাইল্যান্ড থেকে চাল আমদানির ফলে মালয়েশিয়া থেকে চাল আমদানির ফলে পশ্চিমবাংলায় ধানের বাজার পড়ে গেল, যে ধান ৫০০ টাকা করে বস্তা ছিল সেই ধান ৩০০ টাকা বস্তায় নেমে এলো। এটা কাদের অবদান? প্রোটেকশন অব Land and varities and farmers rights Bill নিয়ে এসেছেন এন. ডি. এ. সরকার, এর মধ্যে দিয়ে আরো ভয়াবহ ক্ষতি হবে। এই বিলের মধ্যে যেটা বলা হয়েছে তাতে ভারতবর্ষের কৃষকরা বীজ তৈরি করতে পারবে না। তাদের রেজিস্ট্রেশন নিতে হবে। যে দেশে অর্ধেকের বেশি মানুষ নিরক্ষর, গোটা পৃথিবীতে ১০০ কোটি মানুষ নিরক্ষর, তার মধ্যে ৫০ কোটি হচ্ছে ভারতবর্ষে। এটা হচ্ছে ওনাদের অবদান। এই দেশের কৃষকরা এই বিডারের কি করে রেজিস্ট্রেশন নেবে? সব চেয়ে বড় কথা হচ্ছে যে ভারতবর্ষে কি ধরণের প্রজাতি আছে কি ধরণের উদ্ভিদ আছে কেন্দ্রীয় সরকারের কাছে তার কোনও তালিকা নেই। রাজ্য সরকারের কাছে তো প্রশ্নই আসে না। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে যে কথা বলতে চাই তা হলো যে ভাবে বাসমতি টাসমতি হয়ে চলে গেল অন্যান্যগুলি সেইভাবে চলে যেতে পারে। আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত প্রজাতি রয়েছে কৃষির জন্য, সেই প্রজাতিগুলির একটা তালিকা আমাদের রাজ্য সরকারের করা উচিত, কৃষি বিভাগের করা উচিত। যদি আমরা না করতে পারি তাহলে একদিন দেখব আমাদের এই পার্টের বীজের পেটেন্ট নিয়ে নেবেও না। ধানের বীজের পেটেন্ট ওদের হাতে চলে যাবে, বহুজাতিক সংস্থাগুলি পেটেন্ট নিয়ে নেবে। আপনাদের স্মরণ থাকা উচিত। মাননীয় ডেপুটি

স্পিকার স্যার, আপনার মাধ্যমে বলতে চাই, যে হিটলারের ইহুদি নিধনের কার্য্যক্রমের সঙ্গে তুলনীয় আমেরিকার ভিয়েতনাম হত্যালীলার দাগ লাগা জামাটা মানব সভ্যতা পারলে লুকিয়ে রাখতো লজ্জা নিবারণের জন্য। এই ভিয়েতনাম যুদ্ধে মনসানটো কোম্পানির ভূমিকা কি ছিল?

আপনারা যদি একটু ইতিহাসের দিকে তাকান, আপনাদের নিশ্চয়ই স্মরণে আছে, ১৯৬২-১৯৭১ সাল পর্যন্ত ভিয়েৎনামে ছ'লক্ষ মিলিয়ন একর বনভূমি এবং শস্যভূমি নষ্ট করে দিয়ে ভিয়েৎনামকে যারা শেষ করে দিয়েছিল, সেই মনসানটো কোম্পানি ভারতবর্ষে বাসা বেঁধেছে, ভারতবর্ষের উপকার করবার জন্য নয়। আপনার সোনার সন্তানকে ডাইনীর কাছে লালন করার জন্য, পালন করার জন্য নিশ্চয়ই দেবেন না। এই মনসানটো কোম্পানিকে কারা নিয়ে এসেছে? ঐ কংগ্রেস এবং বর্তমানে কেন্দ্রে যে এন. ডি. এ. সরকার আছে তারা নিয়ে এসেছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আমাদের যে উদ্ভিদ আছে তার একটা তালিকা করা দরকার এবং তার পেটেন্ট নেওয়া দরকার। আমাদের রাজ্যে আবার হয়তো বন্যা হতে পারে। (..... এই সময়ে লালবাতি জ্বলতে দেখা যায়.....) ইতিমধ্যে লক্ষ্যণীয় বিষয়, ইছামতী এবং আর কয়েকটি নদীতে যে ভাবে কচুরিপানা হয়ে আছে তা বন্যার সহায়ক হবে। এগুলো তুলে ফেলা দরকার। প্রতি বছর এই কচুরিপানা তোলার জন্য কয়েক কোটি টাকা ব্যয় হয়।

(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায় এবং পরবর্তী বক্তা বলতে ওঠেন)।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী অরূপ ভদ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষ থেকে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করা হয়েছে তার বিরোধিতা করে এবং বিরোধী পক্ষের সমস্ত কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। আমরা যখন এই হাউসের মধ্যে সারা ভারতবর্ষের একটি গুরুত্বপূর্ণ বিষয় এগ্রিকালচার, অর্থাৎ কৃষির বিষয়ে সকলে তথ্য সহকারে আলোচনা করছি, তখন পশ্চিমবাংলায় সেই কালো মেঘ আবার ফিরে দেখা যাচ্ছে। আগে গ্রাম বলতে কৃষক মাথার ঘাম পায়ে না ফেললে ধান হবে না বোঝাতো। এখন পশ্চিমবাংলার কথা বোধ হয় একটু পাল্টে গেছে। সরকার পক্ষের লোক না হতে পারলে কৃষক নিজস্ব রায়তী জমির মালিক হলেও, বা কেউ যদি গ্রামে কোনও জমির পাট্টা পেয়ে থাকে, সে তার উৎপাদিত

ফসল থেকে বঞ্চিত হয়। কৃষক তার শরীরের জল ঝরিয়ে যে চাষ করে গ্রামবাংলায়, তার ঘরে ধান উঠবে কিনা সেদিকে তাকে তাকিয়ে থাকতে হয়। তাই পশ্চিমবঙ্গে চাষকে কেন্দ্র করে আবার হয়তো কৃষককে নতুন করে থানায় গিয়ে কাল্টিভেশনের জন্য রেকর্ডভুক্ত করতে হবে। চাষের সময়ে মানুষ আবার আক্রান্ত হবে মার্কসবাদী পার্টি বা শরীক দলের কমরেডদের দ্বারা। রাজ্য সরকারকে আগে সিদ্ধান্ত নিতে হবে। দেশকে দাঁড় করাতে গেলে, কৃষককে স্বনির্ভর করতে গেলে অন্যান্য শিল্পে, ক্ষুদ্রশিল্পে যে রকম আছে, বেকার যুবককে দাঁড় করাতে হলে কৃষক পরিবারের সারা বছরের আয়কে সুনিশ্চিত করতে হবে। ধান বোনার ওপরেই কৃষক পরিবারের সারা বছরের আয় নির্ভর করে, সে কোন দলের লোক তা বিচার্য নয়। কৃষককে তার উৎপাদিত ফসল বিক্রি করে তার সংসার চালাতে হয়। এই সরকারের যে নীতি, যে একপেশে নীতি, তাতে কৃষক তার চাষের অধিকার, তার রায়তী জমির মালিকানা হারিয়ে ফেলছে। কৃষির সাথে বিদ্যুৎ সেচ থেকে শুরু করে সবই অঙ্গাঙ্গীভাবে জড়িত। পশ্চিমবঙ্গের অন্যান্য জায়গার কথা দূরে থাক, সুন্দরবনের প্রত্যন্ত এলাকার মানুষ চাষের ওপরে নির্ভরশীল। সেই দক্ষিণ চব্বিশ পরগণা থেকে ৫ জন, কোনও কোনও সময়ে ৪ জন মন্ত্রী হয়েছেন। শুধু তাই নয়, দুজন মুখ্যমন্ত্রী—একজন আগে মুখ্যমন্ত্রী ছিলেন, আবার একজন মুখ্যমন্ত্রী হয়েছেন এবং আরও দুজন মন্ত্রী আছেন। চারজন মন্ত্রী থাকা সত্ত্বেও একবার এই জেলার দিকে দৃষ্টি দিয়েছেন?

সেখানে অতি বৃষ্টি হয়, সেই অতি বৃষ্টির ফলে যে জল জমে, সেই জল বার করে না দিতে পারার জন্য আজকে চাষীরা মার খাচ্ছে এবং চাষীরা রেকর্ড উৎপাদন করতে পারছে না। এর ফলে চাষীরা তাদের ঘটিবাটি বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে, না হলে গলায় দড়ি দিয়ে তাদেরকে মরতে হচ্ছে। পশ্চিমবঙ্গে চাষের কথা বলা হয়েছে, অতি ফলনশীল চাষও পশ্চিমবঙ্গে মার খাচ্ছে। এই দক্ষিণ ২৪ পরগণা জেলার দুজন মুখ্যমন্ত্রী—একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং একজন বর্তমান মুখ্যমন্ত্রী আছেন, কিন্তু তা সত্ত্বেও দক্ষিণ ২৪ পরগণায় চাষীদের ওই ঠেলা জলে চাষ করতে হয় অর্থাৎ প্রকৃতির নিয়মে কখনো অমাবস্যা কখনো পূর্ণিমার জলের উপরে নির্ভর, করতে হয় কোটালের জল এলে তখনই চাষ করতে পারবে এই হচ্ছে অবস্থা। ওদেরকে সেচের আওতায় এনে চাষযোগ্য জমিতে চাষ দেওয়া যায় নি। সেই ঠেলা জলের মধ্যে দিয়ে নোনা জল ঢুকে যায় তাহলে সেখানে চাষীরা মার খেয়ে যাবে। এই দক্ষিণ ২৪ পরগণায় পতিত জমি হিসাবে অনেক জমি পড়ে আছে, সেই জমিতে যদি চাষ করা হয় তাহলে চাষীদেরও আর্থিক উন্নতি হবে এবং সরকারও

আর্থিক সাহায্য পাবেন, ইনকাম বাড়বে। সেখানে যে ফলন এবং ফসলের কথা বলা হয়েছে এর ফলে সেই ফসল আরো বেশি করে বাড়ানো যাবে। তারপরে দেখবেন দক্ষিণ ২৪ পরগণাতে যে ফল, ফুল হত সেই ফল, ফুল আমরা ঠিকভাবে পাই না। ফুড প্রসেসিং ঠিকমতো না হওয়ার ফলে কিছু করা যাচ্ছে না। দক্ষিণ ২৪ পরগণার জন্যে কেন্দ্রীয় সরকার থেকে ফুড প্রসেসিং দপ্তর যে টাকা রাজ্য সরকারকে দিয়েছিলেন, সেই লক্ষ লক্ষ টাকা কাজে না লাগিয়ে ফেরৎ চলে গেছে। দক্ষিণ ২৪ পরগণার লিচু, আম এবং পেয়ারা যে উন্নত ধরণের সেগুলোকে প্রিজার্ভ করে রাখার সেরকম কোনও ব্যবস্থাই নেই। আজকে মার্কেটিং বলতে নেই, সেখানে শুধু চাল, গমের দিকে নজর দেওয়া হচ্ছে। পাঞ্জাব, হরিয়ানায় আজকে মার্কেটিংয়ের অবস্থার উন্নতি হয়েছে। আজকে বিদেশে ওদের উৎপাদিত ফসল চালান যাচ্ছে। আজকে শুধু ধান, গম নয়, তারা ফল উৎপাদন করে বিদেশে চালান দিচ্ছে অথচ পশ্চিমবঙ্গ এখানে থেকে মার খাচ্ছে। সেখানে আমাদের দৃষ্টিভঙ্গির চেঞ্জের দরকার। কৃষকদের নানাবিধ ফসল উৎপাদনের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। তাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। তারপরে নবম পরিকল্পনায় ৩৫ কুইন্টাল মিনিকিট ঠিক জো টাইমে অর্থাৎ ঠিক সময়মতো পৌঁছতে পারেনি। যার ফলে চাষীরা মার খাচ্ছে। অথচ আপনারা বাজেট বইতে বলেছেন যে দৈব-দুর্বিপাক জনিত পরিস্থিতিতে, যা এ রাজ্যের প্রায় নিয়মিত ঘটনার মতো হয়ে দাঁড়িয়েছে, মিনিকিটের মাধ্যমে ও ভরতুকিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে 'গুণমানসম্পন্ন বীজ' বিতরণের কার্যক্রম চালু হয়েছে। আপনারা বলুন তো কোন গ্রামে, কোন ব্লকে, কোন পঞ্চায়েত এলাকাকে আপনারা ওই বীজ সরবরাহ করেছেন। ১, ২, ৩, ৪ করে একটা নাম বলতে পারবেন, একটা পরিসংখ্যান দিতে পারবেন কোথায় কোথায় হয়েছে? শুধুমাত্র ধাপ্পা দিয়ে চলেছেন। চাষীরা জো টাইমে ঠিকমতো মিনিকিট না পাওয়ার ফলে তাদের চাষ করতে অসুবিধা হচ্ছে। এর ফলে চাষীরা মার খাবে। তারপরে এখানে চালের বাজার তৈরি হচ্ছে না তার ফলে লাইসেন্স প্রাপ্ত ডিলাররা বাইরের থেকে পাঞ্জাব, হরিয়ানার থেকে চাল কিনে এনে এখানে বিক্রি করছে। এখন তো খোলা বাজারে চাল বিক্রি করা যায়। এর ফলে পশ্চিমবঙ্গের চাষীরা তাদের চালের দাম পাচ্ছে না। ডিলাররা পাঞ্জাব, হরিয়ানার থেকে কম দামে চাল কিনে এনে এখানে বিক্রি করছে আর এখানকার চাষীরা মার খাচ্ছে।

কোন রকমে দিন আনা দিন খাওয়ার মতো চলছে চাল উৎপাদন করে। আজকে বাইরে থেকে ব্যবসায়ীরা চাল নিয়ে আসছেন এবং পশ্চিমবাংলায় সেই

চাল বিক্রি করে ব্যবসায়ীরা লাভ করছে। অর্থাৎ বুঝতে পারছেন ডিফারেন্সটা কোথায়? এখন চাষীরা উৎপাদন করে মার্কেটে যেতে পারছে না কেন? যদিও এখন খোলা মার্কেট করে দেওয়া হয়েছে। যে চাষীর উপর আপনাদের এত দরদ, যাদের জন্য আপনারা এত কুম্ভিরাশ্রু ফেলছেন, যাদের জন্য মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ক্ষমতায় এসেছে, আজকে তাদের জন্য এক ফোঁটা চোখের জল, সত্যিকারের চোখের জল ফেলেননি। সেই কৃষকদের ঋণ দিয়ে তাদের চাষ করার ব্যবস্থা করে দিয়ে চাষীদেরকে বাঁচাবার চেষ্টা করেন না।

(এই সময় বক্তার মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ৪৭, ৪৮; ৫৫, ৫৬ নম্বর ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করে কয়েকটি কথা এখানে উপস্থিত করতে চাই। স্যার, ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। এই ভারতবর্ষের অঙ্গরাজ্য পশ্চিমবাংলা। এই যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার পশ্চিমবাংলায় যে প্রভূত কৃষি উন্নতি হয়েছে তা বিরোধীরা স্বীকার করে না বা না করুক আমরা অন্তত এটা জোরের সঙ্গে বলতে পারি ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারে যারা আছেন তাদের সুষ্ঠ কৃষিনীতি না থাকার ফলে আজকে প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়ে একটা বিকল্প নীতি ধরে পশ্চিমবঙ্গের কৃষি বিভাগ তারা কৃষির যে উন্নতি ঘটিয়েছেন, আজকে পশ্চিমবাংলার মানুষ তারা অন্তত পক্ষে দরিদ্রতার হাত থেকে রক্ষা পেয়েছে কৃষির উন্নতির মধ্যে দিয়ে। তাই পশ্চিমবাংলার সরকার প্রথমে এসেই সেই চিন্তা করে কৃষির মতো একটা গুরুত্বপূর্ণ বিষয় যা পশ্চিমবাংলাকে কৃষিতে স্বয়ংসম্পূর্ণ করতে পারে, কৃষি অর্থনীতিতে আরো বেশি পশ্চিমবাংলার মানুষকে স্বয়ংসম্পূর্ণ করতে পারে সেই বিকল্প রাস্তা ধরে আজকে সেই জমি ব্যাপক অংশের মানুষের মধ্যে যাতে পৌঁছে দেওয়া যায় তার জন্য আজকে সেখানে ভূমিসংস্কার নীতি গ্রহণ করেছে। সারা ভারতবর্ষে আজকে কেন্দ্রীয় সরকার ভূমিসংস্কার নীতি আইন চালু করেননি, কার্যকর করেননি। আমরা পশ্চিমবাংলায় এসে দীর্ঘদিন ধরে যারা বেশি জমির মালিক ছিলেন জোতদার জমিদার তারা অধিকাংশ গরিব মানুষকে ক্ষেতে খামারে কাজ করাতেন অল্প মজুরি দিয়ে, আজকে সেখানে ভূমিসংস্কার এর দ্বারা তাদেরকে মুক্ত করা হয়েছে, বর্গাদারকে প্রতিষ্ঠিত করা হয়েছে। ভূমিহীন কৃষককে যুক্ত করা হয়েছে। আজকে বহু মানুষ কৃষির কাজে যুক্ত থাকার ফলে খাদ্য উৎপাদন বেড়েছে। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে। আজকে

পশ্চিমবাংলায় রেকর্ড পরিমাণ উৎপাদন হয়েছে এটা অস্বীকার করার জায়গা নেই। এটা সম্ভব হয়েছে ভূমি সংস্কারের জন্য। এখানে কৃষিতে যে সমস্ত চাষী যুক্ত আছেন তাদের কাছে কৃষি সরঞ্জাম পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে সাবসিডি দিয়ে। আজকে সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা লক্ষ্য করেছি কেন্দ্রের এন ডি এ সরকার তারা যে নয়া আর্থিক নীতি চালু করেছেন তাতে ১৪২৯টি পণ্য বাইরে থেকে এখানে চলে আসবে। এর নিয়ন্ত্রণ তারা তুলে দিয়েছেন। এর ফলে ব্যাপক হারে ধান চাল পাট গম এখানে চলে আসছে। ফলে আজকে কৃষক বাজার পাচ্ছে না, ধানের দাম পাচ্ছে না, পাট চাষীরা পাটের দাম পাচ্ছে না। আখ চাষীরা আখের দাম পাচ্ছে না, তুলা চাষীরা তুলার দাম পাচ্ছে না। রাজ্যে রাজ্যে কৃষকরা আত্মহত্যা করছেন ফসলের দাম না পাওয়ার জন্য। কিন্তু পশ্চিমবাংলার কৃষকরা তারা আত্মহত্যা করেনি, পশ্চিমবাংলায় এখনও এখানে কৃষির বাজার বৃদ্ধি করা সম্ভব। এখানে একজন কৃষিমন্ত্রী আছেন, আরো দুইজন মন্ত্রী আছেন।

প্রতি বছর বন্যা ও খরা মানুষকে বিধ্বস্ত করে, শষ্য নষ্ট হয়। সেখানে মিনিকিট বিতরণ যদি করা হয়, চাষীদের মধ্যে যদি সাজসরঞ্জাম বিতরন করা হয়, তাহলে কৃষিতে আরও সাফল্য আসবে। দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ব্লক, মহকুমা বা জেলা স্তরে যে কৃষি খামারগুলো গড়ে উঠেছিল সেখানে আরও বেশি বেশি করে যদি ডেমনেস্ট্রেশন করতে পারি, যদি উন্নতমানের কৃষি প্রযুক্তি কৃষকদের মধ্যে বিলি করি তাহলে উন্নত মানের চাষ হবে। সেই কাজটা কিন্তু হচ্ছে না। ব্লক খামারগুলি মহকুমা খামারগুলিকে যদি আরও উন্নত করে গড়ে তোলা যায়, কোনও জমিতে কি ফসল উৎপাদন হবে, কি জাতের ধান উৎপাদন করলে ফলন বেশি হবে, সেই জায়গায় যদি আমরা নিয়ে যেতে পারি কৃষি প্রযুক্তিকে এবং সেইভাবে কাজে লাগাতে গেলে আরও ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলতে হবে। আজকে উত্তরবঙ্গের জেলাগুলিতে হিমঘরের অভাবে চাষীরা কোল্ড স্টোরেজে আলু রাখতে পারছে না। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি বলব দক্ষিণ দিনাজপুর এবং উত্তর দিনাজপুর কৃষি প্রধান জেলা, সেখানে প্রচুর পরিমাণ আলু উৎপাদন হয়, কিন্তু হিমঘর-এর অভাবে চাষীরা আজকে মার খাচ্ছে। এই ব্যাপারে যদি আপনি উদ্যোগ গ্রহণ করেন তাহলে ভালো হয়। আমি বাজার নিয়ন্ত্রণের কথা বলব, চান্দেইল বাজার নিয়ন্ত্রণের জন্য বহু টাকা ইনভেস্ট করেছেন এবং কৃষকদের জন্য রাস্তা, কালভার্ট করে দিয়েছেন। সেখানে গোডাউন তৈরি হয়েছে, কিন্তু কৃষকদের কাজে লাগছে না। নিয়ন্ত্রিত বাজার যেগুলো রয়েছে সেগুলো আরও উন্নত করার দরকার আছে, যাতে কৃষকরা সেখানে

ফসল নিয়ে আসতে পারে, সহায়ক দামে বিক্রি করতে পারে এবং বিক্রি না হলে যাতে তারা গোডাউনে রাখতে পারে। উত্তরবঙ্গে যে কৃষি বিশ্ববিদ্যালয় আছে সেখানে একজন কৃষি যুগ্ম অধিকর্তা আছে, সেখানে আরেকজনকে নিয়োগ করতে হবে। উত্তর বাংলার কৃষকদের স্বার্থে এই কাজ আপনাকে করতে হবে। উন্নত মানের প্রযুক্তির মধ্য দিয়ে, উন্নত মানের চাষ প্রথা দিয়ে সমস্ত মানুষকে যদি আগ্রহ করা যায় তাহলে কৃষির উন্নতি হবে। সেইজন্য এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী চৌধুরী মোহন জাটুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের আনীত সমস্ত সংশোধনী প্রস্তাব সমর্থন করে এবং সরকারপক্ষ থেকে যে কৃষি বাজেট এখানে রাখা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। দুজন সরকারিপক্ষের সদস্য কৃষ্ণ দুলে এবং নর্মদা রায়ের বক্তব্য শুনে মনে হল ওদের রাজত্ব আরম্ভ হওয়ার পর থেকেই কৃষিতে যা কিছু হয়েছে, তার আগে কিছুই হয়নি, তার আগে লোকে না খেয়ে মরত।

মাননীয় মন্ত্রিমহাশয় তার বাজেট বইতে এক জায়গায় বলছেন—'ষাটের দশকের মাঝামাঝি ধান ও গমের অধিক ফলনশীল জাত-এর প্রচলন, সেচের সুযোগ সৃষ্টি, সারের বর্ধিত ব্যবহার এবং অন্যান্য প্রয়োজনীয় যোগানের মাধ্যমে উৎপাদনের মাত্রা যথেষ্ট বৃদ্ধি করা গিয়েছিল। কৃষক-গোষ্ঠির সর্ববিধ আর্থ-সামাজিক উন্নয়নকল্পে বিভিন্ন কার্যক্রম সূচিত হয়েছে যেগুলি রাজ্যে দ্রুতহারে কৃষি উৎপাদন বৃদ্ধিতে প্রচুর সাহায্য করেছে। মনে রাখবেন ৬০ এর দশকের মাঝামাঝি এটা শুরু হয়েছিল এবং তখন আপনারা ক্ষমতায় ছিলেন না। ঐ দুই মাননীয় সদস্যের বক্তব্য, পশ্চিমবঙ্গে কৃষির এত উন্নতির প্রধান কারণ ভূমিসংস্কার। ইকনমিক্স কিন্তু সেটা বলে না। ভূমিসংস্কার মানে বড় বড় জমিকে ভেঙে ছোট করে ছোট ছোট চাষীদের হাতে দেওয়া। বেআইনি জমি যদি থাকে, সেটা ছোট চাষী বা বর্গাদারদের হাতে দেওয়া হবে না, সেটা বলছি না। কিন্তু ইকনমিক বলে লার্জ স্কেল ফার্মিং তখনই সম্ভব যখন জমিটা একসঙ্গে চাষ করা যায়। জমিটা যদি ছোট ছোট প্লট করে চাষ করা যায়, তাহলে উৎপাদন ঐ লার্জ স্কেল ফার্মিংয়ের মতো হয় না।

মাননীয় সদস্য কৃষ্ণ দলুই—বোধ হয় পুরুলিয়ার হবেন, আমিও বেশ কিছুদিন পুরুলিয়ায় ছিলাম—বলেছেন, পুরুলিয়ায় চাষের উন্নতি হওয়ার জন্য সেখানে দুধ-

ভাতের বন্যা বইছে, গরিব মানুষের অসুবিধা হচ্ছে না। আমি তখন দেখেছিলাম শয়ে-শয়ে, হাজারে-হাজারে ছেলেমেয়ে বছরের অধিকাংশ সময় বাইরে যেত রুজি-রোজগারের জন্য, কেননা সেখানে অধিকাংশ জমিতে সেচের ব্যবস্থা নেই এবং যেটুকু জমি আছে তাতে চাষবাসের ভালো ব্যবস্থা নেই। এই ১০।১২ বছরের মধ্যে যদি সেখানে দুধ-ভাতের বন্যা বয়ে যায় তো ভালো কথা। যে এলাকায় আমি বাস করি, সেখানে কিন্তু দুধ-ভাতের বন্যা বইছে না। আমার বিধানসভা কেন্দ্র মন্দির বাজার, সেখানে সুন্দরবনের সুদূরতম প্রান্তে আমার বাড়ি, রায়দীঘি থেকে ১৫ মাইল লঞ্চে যেতে হয়। সেখানে আমি গত দেড় মাসের মধ্যে আমাদের গরিব ভাই-বোন-যাদের জন্য আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ১৫ টাকার রেল টিকিটের ব্যবস্থা করে দিয়েছিলেন—সেইরকম সাড়ে তিন হাজার ঐ টিকিটের ফর্ম ফিলআপ করে দিয়েছি—তারা শহরে বড়লোকেদের বাড়িতে ঝি-এর কাজ করে সন্ধ্যের সময় বাড়ি ফিরে যাবেন। আজকে মন্দিরবাজার বিধানসভা কেন্দ্র, তার পাশে মথুরাপুর বিধানসভা কেন্দ্র, তার পাশে জয়নগর বিধানসভা কেন্দ্র, এই বিস্তীর্ণ অঞ্চলের প্রায় সাড়ে তিন লক্ষ মানুষ আজকে চরম বিপদের সম্মুখীন—আজকে নয়, ১৫ বছর ধরে চলছে। যত দিন যাচ্ছে বাড়ছে। আপনারা জানেন বা জানুন। ওখানকার সমস্ত জলনিকাশি ব্যবস্থা—খাল, বিল, ছোট ছোট যে সমস্ত নদী আছে, তার মুখে স্লুইস গেট বসানো থাকে।

[3-40 — 3-50 p.m.]

সেই স্লুইস গেট থেকে জল বড় নদীতে চলে যায়। তারপর জল কমলে লোকেরা আবার চাষবাস করে। মানি নদী বলে একটা নদী আছে, প্রায় ২০ বছর ধরে ওই নদী মজে গেছে। সেই নদীর যে স্লুইস গেট আছে, সেগুলি চালু করার জন্য এই সরকার বহুদিন ধরে বহু প্ল্যান করেছে এবং এখন থেকে ১৫ বছর আগে এই সরকারের কোনও মন্ত্রী গিয়ে ওই নদীর সংস্কারের কাজ আরম্ভ করার জন্য শিলান্যাস করেছিলেন। তারপর আর কোনও কাজ হয়নি। দুঃখের কথা যে সেই শিলা এখন পলির নিচে চলে গেছে। আর একটা জায়গায় সাতপুকুরিয়া স্লুইস গেট আছে। এটা দিয়ে মেজর পোর্শন জল সমুদ্রে পড়ে যায়। সেটা ৪ বছর ধরে পলি পড়ে রয়েছে। ফিশারিজ হচ্ছে সামনে পিছনে। কেউ বলার নেই। আমি ওখানকার বিধায়ক হওয়ার পরে এই ব্যাপারটা নিয়ে স্থানীয় এস ডি ও, ডি এম. এর কাছে দরবার করেছিলাম এবং সুন্দরবন এর ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের কাছেও দরবার

করেছিলাম যে, এই স্লুইস গেট অন্তত খুলুন। যেভাবেই হোক চালু করুন। ৬টা গেট আছে। ৬টার মধ্যে একটাকে দেড় ফুট উঁচু করা গেছে। মাননীয় কৃষিমন্ত্রী এখানে বলবেন এটা অন্য ডিপার্টমেন্টের ব্যাপার। আমি কি করব। ঠিকই কোন ডিপার্টমেন্টের কি কাজ, এত ডিপার্টমেন্ট বেড়ে গেছে, কার যে কি কাজ, সেটা তারা নিজেই জানেন না এবং তাদের এই কাজগুলি ঠিক করে দেবার জন্য ক্যাবিনেট মিনিস্টার করতে হবে, সেই মিনিস্ট্রি ঠিক করে দেবে কে কোন কাজ করবেন। কিন্তু ইন এফেক্ট দাঁড়াচ্ছে যে, আমাদের সমস্যা হচ্ছে। চাষের জমিতে ২-৪ ফুট জল জমে আছে। সেই জল ড্রেন আউটের ব্যবস্থা নেই। হ্যাঁ, আমরা দুধে ভাতে নই। পুরুলিয়া বাঁকুড়ার লোক দুধে ভাতে থাকুন, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু আমি অনুরোধ করছি মাননীয় কৃষিমন্ত্রীকে, মাননীয় সেচমন্ত্রীকে, সুন্দরবন ডেভেলপমেন্ট মন্ত্রীকে যে, এই ব্যাপারে কোনও কাজই হয়নি। কবে হবে আমি জানি না। স্যার, এই এলাকা হচ্ছে এক ফসলী। তার মানে বৃষ্টি হলে আমন ধানের চাষ হয়। বৃষ্টি কম হলে হবে না। আবার বেশি বৃষ্টি হলে হবে না। কিন্তু আমাদের দুঃখ যে, সমান বৃষ্টি হচ্ছে, কিন্তু সেই বৃষ্টির জল জমে আছে এবং তার জন্য চাষীরা চাষ করতে পারছে না। মাননীয় মন্ত্রী দেখুন কিভাবে কাজ করা যায় এবং তার অফিসারদের দিয়ে কিভাবে কাজ করানো যায়। কারণ এটা এক ফসলী এলাকা। আকাশের বৃষ্টি ছাড়া এখানে আর কোনও জল নেই। অন্যান্য জেলায় দেখেছি যে, শ্যালো টিউবওয়েল আছে মিডিয়াম ইরিগেশন আছে, রিভার লিফট পাম্প আছে। আমাদের জেলায় এই রকম কোনও অ্যারেঞ্জমেন্ট নেই। তাই আমাদের জেলায় সেচের ব্যবস্থা ভালো করা দরকার। স্যার, এখানে প্রোডাকশন ইত্যাদি বড় বড় কথা বলা হয়েছে। ভালো বীজ দেওয়া হচ্ছে, ভালো সার দেওয়া হচ্ছে। প্রপার টেস্টিং না করে যদি সার দিয়েছেন যেটা এখন দেওয়া হচ্ছে তাতে কিন্তু এলাকার ভারসাম্য নষ্ট হয় যাকে বলে ডাইভারসিটি অব ইকোলজিকাল ব্যালেন্স। এমন অবস্থার সৃষ্টি হবে। এর ফলে প্রয়োজনের তুলনায় আমাদের প্রোডাকশন কমে যাবে। বীজ—আমরা তো জানি যে হাইব্রিড বীজে ভালো চাষ হয়। যেটা আরম্ভ হয়েছিল ৬০ এর দশক থেকে। যদিও এর বিপদ আছে। এই বীজের দুটো স্টেজ আছে এফ (১), আর এফ (২)। এফ (৩) স্টেজে গেলে তার প্রোডাকশন কমে যাবে। ওয়াইল্ড ভ্যারাইটির সঙ্গে এই বীজকে যদি ক্রস ব্রিড করানো যায়, দুঃখের বিষয় আমরা সেই জিনিস করতে পারি নি। আমরা কি করি তাড়াতাড়ি মালটি ন্যাশনাল ফার্ম যা আছে সেখান থেকে কিনে নিয়ে চাষীর হাতে দিই। ইন্দো-

আমেরিকান ফার্ম, মনস্যানটো-ব্যাঙ্গালোর, পুনের প্রো-অ্যাগ্রো কিন্তু আমরা এগুলো করতে পারছি না। আমাদের মাননীয় মন্ত্রী বলেছেন যে কল্যাণী কৃষি বিশ্ব বিদ্যালয়ের ছেলেরা অ্যাগ্রো-ইঞ্জিনিয়ারিং এ নাম করেছে। এটা ভাল কথা। সেখানে আমাদের এফ (১), এফ (২) এফ (৩) স্টেজের সঙ্গে ওয়াইল্ড ভ্যারাইটির সাথে ক্রস ব্রিড করানো দরকার। এটা কেন করানো যাচ্ছে না। তারপর বায়ো টেকনোলজি আমাদের পশ্চিমবাংলায় অনাদৃত। আমাদের ছেলেরা বায়ো টেকনোলজি পড়তে যাচ্ছে মাদ্রাজে, ব্যাঙ্গালোরে। সেখান থেকে তারা পাশ করে তার পর ফরেনে চলে যাচ্ছে। সেই ছেলেগুলোকে আমরা ধরে রাখতে পারছি না। বায়ো টেকনোলজিকে কেন ইমপ্রুভ করতে পারলেন না। আমাদের যে ইঞ্জিনিয়ারিং কলেজগুলো আছে সেখানে বায়ো টেকনোলজিকে চালু করতে পারেন নি কেন। ইন্ডিয়াতে যে প্ল্যান্ট স্পেসিস আছে তার সংখ্যা প্রায় ৪৫ হাজার। পশ্চিমবাংলার মানুষ মাত্র ১২ ঘন্টার ব্যবহারকে জানতে পেরেছে। আপনাদের হজম টজম করতে হয় করুন কিন্তু এগুলোও তো দেখতে হবে। এগুলো দেশের কাজে লাগবে। কৃষি বিশ্ববিদ্যালয়ে, ইঞ্জিনিয়ারিং কলেজে এই ট্রেনিংগুলো চালু করতে হবে। আমাদের যে প্লান্ট স্পেসিসগুলো আছে সেগুলো বিশ্বে আর কোথাও নেই। ভারতবর্ষে আছে, আর আছে আমাদের পশ্চিমবঙ্গে। সেগুলো সম্পর্কে আমাদের ছেলেদের প্রপার ট্রেনিং দিতে হবে, প্রপার কোর্স চালু করতে হবে যাতে আমাদের পশ্চিমবঙ্গের আরও উন্নতি হতে পারে।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী কিরীটি বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। আজকে কৃষিতে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে এটা বলার কোনও অপেক্ষা রাখে না। কারণ আজকে ২০০১-০২ সালে এবং তার আগে বাইরে থেকে খাদ্য আমদানি করতে হয় নি। এটাই বামফ্রন্ট সরকারের একটা সাফল্য। কিন্তু আরও উন্নত ধরনের পরিষেবা দেওয়াই বামফ্রন্ট সরকারের লক্ষ্য। আমি মনে করি এই পরিষেবাকে পূরণ করতে যে অসুবিধাগুলি আছে সেগুলি দূর করতে হবে। যেমন ধরুন কৃষি বিপনন দপ্তর থেকে ব্যবসায়ীদের লাইসেন্স দেওয়া হয় এই রকম পাঁশকুড়াতে এই রকম অর্থ আদায় করা হচ্ছে কিন্তু তাদের কোনও পরিষেবা নেই। আমি মনে করি এগুলির ক্ষেত্রে আরও উন্নত ধরনের পরিষেবার প্রয়োজন আছে। আজকে কৃষিতে সাহায্য করার জন্য বামফ্রন্ট

রকার যে বীজ, মিনিকট দিয়ে থাকে সেইগুলি সময়মতো চাষীদের হাতে অনেক ময় পৌঁছায় না। এই মিনিকিটগুলি, বীজগুলি তারা যে সময় জমিতে পোঁতে সেই ময় তাদের হাতে পৌঁছানো দরকার বলেই আমি মনে করি। তাহলে তারা এই বীজগুলিকে কাজে লাগাতে পারে। তাই বলব এই বীজগুলি যাতে সময়মতো তাদের হাতে পৌঁছায় তার ব্যবস্থা করবেন। আরেকটা কথা হলো কৃষির বিকাশের ক্ষেত্রে আজকে বিদ্যুৎ অপরিহার্য। আজকে বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলায় কিছু কিছু জায়গায় এখনও বিদ্যুৎ সংযোগ হয় নি। ফলে সেখানে শ্যালো, আর. এল. আই. বিদ্যুতের অভাবে ব্যবহার করা যায় না। আজকে কৃষির উন্নতি করতে গেলে বিদ্যুতের দিকে বিশেষভাবে নজর দিতে হবে। আজকে খরার সময় মানুষরা ডিজেল কিনতে পারে না এবং তার ফলে পাম্প চালাতে পারে না। তাই তাদের পাম্পে যদি বিদ্যুৎ সংযোগ দিতে পারি তাহলে ফলন আরও বেশি বেশি হবে। আমি এই দিকটা দেখতে অনুরোধ করি। আজকে বামফ্রন্ট কৃষকদের জন্য পেনশনের ব্যবস্থা করেছেন। আমি বলতে চাই সত্যিকারের যারা গরিব কৃষক তারা সময়মতো পেনশন পায় না। তারা ৬ মাস, ৮ মাস, ১ বছর পরে পরে পেনশন পায়। আমি আশা করবো যাতে তারা মাসে মাসে হোলে ভালো, তা না হলে অন্তত ১ মাস এর মধ্যে যেন পেনশন পায় তার ব্যবস্থা করবেন।

স্যার, আজকে কৃষি খামারের অবস্থা যা চলছে সেটা ভয়ঙ্কর। সেখানে একটা কমিটি করা আছে, কিন্তু সেই কমিটির নিয়মিত মিটিং বসে না। বাঁকুড়াতে একটা কৃষি খামার আছে। কিন্তু তার বেড়া নেই, সেখানে পাল পাল গরু মোষ চরে বেড়ায়, অবাধ বিচরণ ক্ষেত্রে হয়ে গেছে। সেখানে ঘেরা দিয়ে যাতে উপযুক্ত করে খামার গড়ে তোলা হয় এবং সেটাই হবে বামফ্রন্ট সরকারের উপযুক্ত কাজ। এবং কৃষির পরিষেবার ক্ষেত্রে এটা প্রয়োজনও। স্যার, আজকে খাদ্য শস্য বিমা মৌজা ভিত্তিক চালু করা দরকার। কারণ আমরা দেখছি খরার মরসুমে আমার বিধানসভার ইন্দপুর ব্লকের ৫-৭টা অঞ্চলে একদম ফসল হয়নি। কৃষকরা মাঠে ফাল পর্যন্ত ফেলতে পারেনি। যেহেতু ঐ শস্য বিমা ব্লকে চালু আছে সেই জন্য তারা একটা মিনিকিটও পায়নি বারবার আবেদন করার পরও। জমি সব জায়গায় সমান নয়, কোথাও উঁচু, কোথাও নিচু। সেই জন্য মৌজা ভিত্তিক খাদ্য শস্য বিমা চালু করলে ক্ষতিগ্রস্তরা সাহায্য পেতে পারবে। সেই জন্য মৌজা ভিত্তিক এটা করা হোক। ফল এবং সবজি সংরক্ষণের জন্য হিমঘরের প্রয়োজন আছে। অবিলম্বে এটা করা দরকার। যাই হোক, আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী জ্যোর্তিময় কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রিমহাশয়া ২০০১-০২ সালের জন্য ৫৮ নম্বর দাবির অধীনে যে দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাট-মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। মাননীয়া মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ উনি চলমান গড্ডালিকা প্রবাহে গা না ভাসিয়ে একটু ভিন্ন ধরনের, ভিন্ন স্বাদের মানসিকতা নিয়ে এই কক্ষে তার বক্তব্য পেশ করেছেন। সকালবেলা উঠে কেউ ইষ্টনাম জপ করে, আবার কেউ বা খৃষ্টনাম জপে। সেইরকম মন্ত্রিমহাশয়ারও বাধ্য-বাধকতা ছিল কেন্দ্রের নিন্দা করা। তা না করে বক্তৃতার প্রথমে তিনি বলেছেন, 'চাই রাজ্য ও কেন্দ্রীয় সরকারের পূর্ণ সহযোগিতা এবং আর্থিক যোগান'। কিন্তু কোথাও সহযোগিতা নেই। রাজ্যকে বঞ্চনার বিরুদ্ধে আপনি মুখ খুলেছেন সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। বলবেন না কেন, নিশ্চয় বলবেন। ২০০১-০২ সালের জন্য আপনার দপ্তরে বাজেট বরাদ্দ হয়েছে। কিন্তু দু-বছর পিছিয়ে গেলে কি দেখতে পাচ্ছি? দু বছর আগে আপনার দপ্তরের বাজেট বরাদ্দ ছিল, এই দপ্তরের বাজেট বরাদ্দ ছিল ১৮ কোটি ৫২ লক্ষ টাকা। সব দপ্তরের বাজেট বাড়ছে, রেভিনিউ এক্সপেন্ডিচার বাড়ছে কিন্তু আপনার দপ্তরের ক্ষেত্রে ১৮ থেকে কমে ১৪ কোটি হয়ে গেল। অথচ বিপনন ব্যবস্থাটা এমন একটা বিষয় যেটা না হলে কৃষি অচল হয়ে যাবে। উৎপাদন, বিপনন, প্রক্রিয়াকরণ এবং পরিভোক্তা—এই চারটের উপর কৃষি ব্যবস্থার ভালো-মন্দ নির্ভর করছে। এককে বাদ দিয়ে অন্যটা চলতে পারে না, চিন্তা করা যায় না। যে কোনও দেশের কৃষি-নীতি দেখুন এই বিষয়গুলোর উপর দাঁড়িয়ে আছে। কিন্তু এই রকম একটা গুরুত্বপূর্ণ কৃষি স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ের দিকে দৃষ্টি না দিয়ে মানত করে, মিছিল মিটিং করে আপনারা অনেক বসন্ত পার করে দিলেন। ফলে এই ক্ষেত্রটা ক্ষতিগ্রস্ত হল, নেমে গেল।

তাহলে রইল কি? ১৮ কোটি টাকা থেকে ২ বছরে ১৪ কোটিতে নেমে গেল। প্রাপ্য পেলেন না। তার আরও বঞ্চনা, আরও অভিমান আছে। এই বাজেটের ৩ পৃষ্ঠায় বাজেট হেডিং-এ আছে—বাজেটে টাকা দেওয়া হল কিন্তু অর্থ মঞ্জুর করা হোল না। বাজেটকে আপনারা সমর্থন করতে পারেন, কিন্তু বাজেটের ছত্রে ছত্রে সেই বঞ্চনার কথা উনি বলেছেন। প্রকল্প চালু আছে, কিন্তু গত কয়েক বছর বাজেটে টাকা বরাদ্দ করা হল, কিন্তু দেওয়া হল না। বাজার সংযোগকারী রাস্তা

নির্মান এবং বাজার উন্নয়নের জন্য ৩১শে মার্চ ২০০০ তারিখে কিছু অর্থ মঞ্জুর করলেও বেশিরভাগ টাকা তোলা সম্ভব হয় নি। কি মেশিনারি আপনাদের আছে জানি না। টাকা দিলেন কিন্তু টাকা তোলা সম্ভব হল না। কাজ করবেন কি করে? অথচ আমি জানি, পশ্চিমবঙ্গে এমন অনেক শ্রদ্ধাভাজন ব্যক্তি আছেন যাঁরা ষাটের দশকে, সত্তরের দশকে কৃষক আন্দোলন করেছেন, তাঁরা কৃষির স্বার্থে, কৃষকের স্বার্থে, বিপ্লব করেছেন। কৃষিপণ্যের বিপনন, প্রক্রিয়াকরণ এবং পরিভোক্তার উপর কৃষির উন্নতি নির্ভর করে। মহারাষ্ট্রে আখ চাষীরা আখ চাষ করে, মার্কেটিং মার্কেট করে। গুজরাটে আমুল উৎপাদনকারী দুধ উৎপাদন করে, তারপর সেটা বিপনন, প্রক্রিয়াকরণের মাধ্যমে সারা ভারতবর্ষে চলে যায়। আজকে ভারতবর্ষের অন্যান্য জায়গা বিপনন, প্রক্রিয়াকরণের মাধ্যমে এমন একটা জায়গায় পৌঁছে গেছে যে, সেখানে পশ্চিমবাংলা কোথায় আছে? আজকে সুগার বলুন, আমূল দুধ বলুন, টেক্সটাইল বলুন সারা ভারতবর্ষে যেখানে লোকাল মার্কেট ছাড়াও তারা অন্যান্য রাজ্যেও সেই সব জিনিস বিক্রির জন্য বাজার তৈরি করেছে, সেখানে আমরা শুধু লোকাল মার্কেট ব্যবহার করছি। আমরা এখনও গরুর গাড়ি নিয়ে রাস্তায় চলছি। আমাদের রাজ্যে এখনও প্রয়োজন মতো হিমঘরের ব্যবস্থা হয় নি। আমাদের রাজ্যে ৭৪ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদন হয়, আর আমাদের রাজ্যে যে হিমঘরগুলো আছে সেখানে ৩৪ লক্ষ টন আলু রাখা যায়। এর বেশি হিমঘরের ব্যবস্থা করা যায় নি। স্যার, ৫টি সরকার এখানে চলে গেল, ২৫ বছর হয়ে গেল, কত বছর, কত দশক চলে গেল, কিন্তু কিছু হল না। আপনার দপ্তর ১৯৬৬ সালের পশ্চিমবঙ্গ হিমঘর আইন অনুযায়ী হিমঘর ব্যবসার অনুজ্ঞাপত্র দেন এবং "পশ্চিমবঙ্গ পণ্যাগার আইন, ১৯৬৩" অনুসারে আপনার দপ্তর অনুজ্ঞাপত্র প্রদান ও রক্ষণাবেক্ষনের স্বার্থ নিয়ন্ত্রন করেন। আপনারা ১৯৬৬ সালের আইন, ১৯৬৩ সালের আইন, ১৯৬১ সালের আইন—সবই ষাটের দশকের মধ্যে ঘোরাফেরা করছেন। সব কিছুই ষাটের দশকের মধ্যে রেখে বামফ্রন্ট সরকার এগোচ্ছেন—গতি, তুফান, ঝড় তুলেছে, তাহলে শুধুই ষাটের দশকের মধ্যে আবর্তিত হচ্ছেন কেন? সমস্ত দৃষ্টিভঙ্গির পরিবর্তন নিয়ে আজকে এগোতে হবে। আপনি মহকুমা জুড়ে হিমঘর অনুমোদনের জন্য প্রস্তাব দেবেন বলেছেন। আমি কাঁথি এলাকার লোক। আমাদের কোনও জিনিস রাখার জন্য হিমঘর নেই। সেজন্য ঘাটাল সাব-ডিভিসনে দাশপুর থেকে আলু এনে কাঁথির মার্কেটে সেটা বিক্রি হয়। কাঁথিতে কেন হিমঘর করা যাবে না? পরিকাঠামো নেই? ৫০০ "প্যাক্স"-এর মাধ্যমে যদি এক লক্ষ টাকা করে তোলা হয় তাহলে ৫

কোটি টাকা হবে এবং ক্যাপিটাল ফ্লো থাকবে, অর্থের কোনও অভাব থাকবে না। পশ্চিমবঙ্গে ৫টি সরকার চলে গেল। আপনারা পশ্চিমবঙ্গে একটাও ইন্সটিটিউশনালাইজ মার্কেটিং সিস্টেম করতে পেরেছেন? এর আগে ৫টি সরকার ইন্সটিটিউশনালাইজ মার্কেটিং সিস্টেম উপহার দিতে পেরেছে? একটা নাম বলুন?

বিপণন যদি শক্তিশালী না হয়, সঠিক প্রক্রিয়াকরণ যদি না হয় তাহলে পরিভোক্তারা সেবা পাবে না। মাননীয় মন্ত্রী কমলবাবু উৎপাদনকে যতই উন্নত করুন না কেন চাষী মার খাবে। চাষী কিছুতেই বাঁচবে না। তাদের বাঁচানো যাবে না। সে জন্য আমার প্রস্তাব রাজ্যের সব কটি মহকুমায় একটা করে হিমঘর করুন এবং পি এ সি এস-কে হিমঘরের সঙ্গে সংযুক্ত করুন। তাহলে আলুর উৎপাদন সংগ্রহ বাড়বে, প্যাক্স-এর লোন দেওয়ার ক্ষমতা বাড়বে। উৎপন্ন আলুর বিপণনকে যদি শক্তিশালী এবং গতিশীল না করা যায় উৎপাদনের কোনও মূল্যই থাকে না। মার্কেটিং মার্কেটিং বলে অনেক কথাই এখানে বলা হচ্ছে। অথচ আপনারা কি বলতে পারবেন সারা পশ্চিম বাংলায় আপনাদের মার্কেটিং ব্যবস্থার মধ্যে দিয়ে ১০% প্রফিট করা সম্ভব হয়েছে এবং আপনারা চাষীদের মুখে একটু হাসি ফোটাতে পেরেছেন? স্যার, এটা দুঃখের এবং দুর্ভাগ্যের আপনি উত্তরবঙ্গে যান বা দক্ষিণবঙ্গেই যান কোথাও সে জিনিস দেখতে পাবেন না। সর্বত্র আমরা দেখছি চাষী ফসল উৎপাদন করছে, কিন্তু সঠিক মার্কেট পাচ্ছে না। আমাদের রাজ্যের পান চাষীদের উৎপন্ন পান সারা ভারতে, এমন কি ভারতের বাইরে পর্যন্ত যাচ্ছে। তার জন্য আপনাদের মার্কেটিং সিস্টেম কি আছে? কোন মার্কেটিং সিস্টেমকে আপনারা উন্নত করছেন, সেটা আপনাদের একটু ভাবতে হবে। মাননীয় অর্থমন্ত্রী বিকল্প চাষের দিকে যাবার কথা বলেছেন। সঠিক পরিকল্পনা গ্রহণ করে সেদিকে যদি চাষীদের নিয়ে না যাওয়া হয় তাহলে তারা অন্ধকারে হাতড়াবে এবং মার্কেটিং-এর যদি পরিকল্পনা না থাকে তাহলে এখন যেমন চাষী মার খাচ্ছে তখনও সেই রকম মার খাবে। ১৯৬১ সালের হিমঘর সংক্রান্ত আইনের আজ পরিবর্তন প্রয়োজন। ঐ আইনকে ২০০১ সালের উপযোগী করে তুলতে হবে। কৃষি এবং কৃষকের স্বার্থে নতুন আইন নিয়ে আসুন, যার সাহায্যে সঠিক ইনফ্রাস্ট্রাকচার তৈরি করা সম্ভব হবে। শুধু আলু নয়, এক মাত্র আলু রেখে হিমঘরকে লাভজনক করা যাবে না। রাজ্যকে বহুমুখী হিমঘর পরিকল্পনা নিতে হবে। উত্তরবঙ্গে ডাল জাতীয় যেসব দানা শস্য উৎপন্ন হয়, সে সমস্ত শস্য, লঙ্কা ইত্যাদি কলকাতা, দক্ষিণবঙ্গসহ সারা ভারতবর্ষের মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়। তার জন্য পরিবহনের যেমন উন্নতি করতে হবে তেমন

সংরক্ষণের ব্যবস্থাও করতে হবে। সেগুলি সারা বছর মানুষ যাতে পেতে পারে তার জন্যই সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। মাননীয় মন্ত্রী, আপনি দেখুন আর্থিক সমীক্ষায় বলা হচ্ছে সারা ভারতের পরিপ্রেক্ষিতে আলু সংরক্ষণের ক্ষেত্রে আমাদের অবস্থান ছিল ৩৩.৭ ; ১৯৯৮-৯৯ সালে তা নেমে হল ২৯.৮। এটা আমার হিসাব নয়, আপনাদের আর্থিক সমীক্ষাতেই এর উল্লেখ আছে। এরপরও আপনারা ঐ লড়ছি লড়ব, চলছে, চলবে স্লোগান চালিয়ে যাচ্ছেন। মাননীয় মন্ত্রিমহাশয়, পাওয়ার ট্রিলার এবং ট্রাক্টর ইত্যাদির চাহিদা, বিক্রয় এবং ব্যবহার যদি একটা রাজ্যের কৃষি উন্নতির মাপকাঠি হয় তাহলে সে ক্ষেত্রে গোটা ভারতবর্ষের মানচিত্রে পশ্চিমবঙ্গের অবস্থান কোথায়? এ বিষয়ে এখন পর্যন্ত আমরা আমাদের চাষীদের কি আগ্রহী করে তুলতে পেরেছি? অল ইন্ডিয়া মানচিত্রে দশমের পরে একাদশতম স্থানে আমরা রয়েছি। ইউ. পি.-তে যেখানে ৩ লক্ষ ১৪ হাজার ৬৬৪টি ট্রাক্টর ব্যবহৃত হচ্ছে, মধ্যপ্রদেশে ১ লক্ষ ৭৩ হাজার ৮৮৬ টি, পাঞ্জাবে ১ লক্ষ ৭০ হাজার ৫৮৯টি সেখানে আমাদের ওয়েস্ট বেঙ্গলে ২৩ হাজার ৭৩৪টি মাত্র। আমাদের ৫ অঙ্কের ফিগার, অন্যান্য রাজ্য ৬ অঙ্কের ফিগারে চলে গেছে। এর থেকেই বোঝা যাচ্ছে ধান চাষ ছাড়া বাকি সর্বক্ষেত্রে আমাদের অবনমন হচ্ছে। গতবার বাজেট ভাষণে মাননীয় মন্ত্রিমহোদয়া প্রতিশ্রুতি দিয়েছিলেন নতুন চাষী কল্যাণ পরিকল্পনা উপহার দেবেন। কিন্তু এবারকার বাজেটে দেখলাম নতুন চাষী কল্যাণ পরিকল্পনা নেই। এর ভাগ্য কি হল তা মাননীয় সদস্যরা জানতে চান। কোন স্কিম কেন বাতিল হল, স্কিমটা কেন ভায়াবেল হল না সেটা আপনাকে জানাতে হবে। আজকে একটা গিরগিটি যেমন রঙ পাল্টায় তেমনি আপনিও পরিকল্পনা পাল্টে-পাল্টে বাজেট ভাষণ পেশ করবেন সেটা হতে পারে না। একটা বাজেটে নতুন নতুন ভাষা হবে, সেই সঙ্গে পরিকল্পনা আসবে আবার পরের বছর সেটা চলে যাবে, নতুন পরিকল্পনা আসবে কিন্তু পুরানো পরিকল্পনার ভাগ্য কি হল তা জানতে পারলাম না, তা হয় না। সুতরাং আপনাকে এ বিষয়ে জানাতে হবে। তারপর এই যে কৃষি প্রযুক্তি সহায়ক বা কে. পি. এস. এরা ২ বছরের ট্রেনিং দিয়ে সার্টিফিকেট দেয়। কিন্তু এই সার্টিফিকেটে কোনও কাজে দিচ্ছে না। যারা ট্রেনিং পেল তারা আজকে অবহেলিত হয়ে যাচ্ছে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়কে এ বিষয়ে দৃষ্টি দিতে অনুরোধ করছি। যারা ট্রেনিং পেল তাদের প্রতি এই যে বঞ্চনা সেই বঞ্চনার প্রতি আপনি দৃষ্টি দিন। শিক্ষার প্রতি আপনার অনীহা আছে। যারা ট্রেনিং নিল, যারা সার্টিফিকেট নিল তাদের যদি মূল্য না থাকে—যেখানে আপনারা আজকে নন-প্রফেশনাল সাবজেক্টের

উপর গুরুত্ব দিচ্ছেন, আজকে সারা বাংলায় মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় থেকে শুরু করে কৃষিমন্ত্রী মহাশয় পর্যন্ত যেখানে নন-প্রফেশনাল সাবজেক্টে গুরুত্ব দিচ্ছেন সেখানে এটা হওয়া উচিত নয়। ওয়ার্ক এইমড যেটা আগে ছিল, সেটা এখন ওয়ার্ক বেসড হয়ে গেছে। সুতরাং এই বঞ্চনার প্রতি আপনাকে যথাযথ ব্যবস্থা নিতে হবে। এ ছাড়া আমি মনে করি, সারা ভারতবর্ষে এই বিপনণ বন্দোবস্তকে স্ট্রং করতে হবে, তা না হলে কৃত্রিম পণ্যে ব্যর্থ হবে গানের পশরা। সবশেষে আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী আনন্দ গোপাল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের রাজ্যের মাননীয় কৃষিমন্ত্রীসহ অন্যান্য মন্ত্রীরা ৪৭, ৪৮ এবং ৫৫ নম্বর দাবির যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাইছি। আমি খুব মন দিয়ে বিরোধীপক্ষের সদস্যদের বক্তৃতা শুনছিলাম। আমি শুনেছি সরকার পক্ষের সদস্যদের বক্তব্যও। স্যার, এই বিরোধীপক্ষের বক্তব্য শুনতে গিয়ে আমার মনে হয়েছে যে, ওরা পশ্চিমবাংলায় বাস করেন না, ওরা যেন বাইরের রাজ্য থেকে এসে পশ্চিমবাংলার বিধানসভায় দাঁড়িয়ে বক্তব্য রাখছেন। সর্বোপরি আমার যেটা মনে হয়েছে সেটা হচ্ছে আমি দেখলাম, আজকে কৃষি দপ্তরের বাজেটের উপর ঐ ১।২ জন বাদ দিয়ে বাকি যারা বললেন, আমি তাঁদের ব্যক্তিগতভাবে চিনি, মাটিতে যাদের পা পড়ে না তারাই আজকে কৃষকদের উন্নয়নের কথা বলছেন, কৃষির উন্নয়নের কথা বলছেন। মাননীয় সদস্য, অতীশবাবু গতদিনে বাজেটের উপর যখন বক্তব্য রাখছিলেন তখন তিনি বলেছিলেন এই রাজ্যে জমি বিলি করার ক্ষেত্রে থমকে গেছে পশ্চিমবঙ্গ সরকার। আমি সেদিন ওনার পরেই বক্তব্য রেখেছিলাম। আমি সেদিন তাঁকে বলেছিলাম। আজকে গোবিন্দবাবু বললেন ওরা যখন ক্ষমতায় ছিলেন—উনি আগে কংগ্রেস দলে ছিলেন, এখন উনি তৃণমূলে এসেছেন—তখন ওরা জমি বিলি করেছিলেন, মানুষকে জমি দিয়েছিলেন। আমি বলছি, পর্যালোচনা করুন, পর্যালোচনা করে দেখুন। এটা ঠিকই, ভূমি সংস্কার করা শুরু করেছিলেন আপনারাই, কিন্তু যেটুকু জমি আপনারা বিলি করেছিলেন সেইটুকু জমি গরিব মানুষদের দেওয়ার নাম করে বিলি বন্টন করেছিলেন জমির মালিকদের। আপনারা বলেছেন, স্থায়ী বন্দোবস্ত করেছিলেন। কিন্তু আপনারা কৃষকদের জমি না দিয়ে জমির মালিকদের জমি দিয়েছিলেন।

আপনাদের আমলে দেওয়া পাট্টা অ্যানুলমেন্ট করে বামফ্রন্টের আমলে আমরা সেই সমস্ত খাস জমি প্রকৃত ক্ষেতমজুর, বর্গাদার, ভূমিহীনদের মধ্যে বিলি করেছি এবং পাট্টা দিয়েছি। আপনারা কৃষি উৎপাদনের কথা বলছেন। কোথায় ছিলেন আপনারা? কৃষক আন্দোলনের কিছু বোঝেন আপনারা? ঠাণ্ডা ঘরে বসে কৃষকদের কথা বলছেন। একজন মাননীয় সদস্য আলুর কথা বলছিলেন। কোথায় ছিল আপনাদের আমলে এই আলুর চাষ? কংগ্রেস আমলে আমরা জানি এখানে বাঁদরমুখী আলুর চাষ হত। আজকে বামফ্রন্টের আমলে শুনবেন সব আলুর নাম? আজকে সূর্যমুখী, চন্দ্রমুখী আলুর চাষ হচ্ছে। আপনারা শুনে রাখুন বামফ্রন্টের আমলে পশ্চিমবাংলা চাল উৎপাদনে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। আপনাদের আমলে এক বিঘা জমিতে একজন কৃষক ১০ মন বাঁদরমুখী আলু চাষ করতো আর আমাদের আমলে সেটা হয়েছে ১০ কুইন্ট্যাল। যাদের মাটিতে পা পড়ে না, জমি চেনেন না তারা আজকে দেখছি এখানে কৃষির কথা বলছেন। গোবিন্দবাবুকে তো জিজ্ঞাসা করলে তিনি বলবেন যে ধান গাছ থেকে তক্তা হয়। তিনি ধান গাছ কি তাই চেনেন না আর এখানে বক্তৃতা দিয়ে গেলেন। আমরা বামফ্রন্টের আমলে ভূমিসংস্কারের মধ্যে দিয়ে কৃষির উন্নয়ন ঘটিয়েছি। আজকে এখানকার গ্রামবাংলার কৃষকরা যে ফসল উৎপাদন করছে তা দৃষ্টান্তস্বরূপ। মাননীয় বিরোধীদলের নেতা পংকজবাবু এখানে আছেন, তাকে বলব, তারা তো কেন্দ্রীয় সরকারে ছিলেন, কই, কেন্দ্রীয় সরকার কৃষি বিরোধী যেসব কাজ করছেন তা নিয়ে তো কিছু বলেন নি। এখন না হয় তারা কেন্দ্রীয় সরকার থেকে পালিয়ে এসেছেন, আবার অবশ্য যাব যাব করছেন। এক পা এগুচ্ছেন, দরজা বন্ধ দেখে ঠেলে ঢোকার চেষ্টা করছেন। সেখানে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী যা বলেছিলেন কই, তারা তো তার প্রতিবাদ করেন নি। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী বলেছিলেন ইউরিয়া সারের দাম-এ ভরতুকি তুলে দেওয়া শুধু নয়, সরকার এর দাম আর নিয়ন্ত্রণ করবে না। তাহলে কারা করবে? ঐ তহেলকা ডট কম? তাদের হাতেই কি সব ছেড়ে দিতে চাইছেন? আমাদের রাজ্য থেকে নির্বাচিত একজন মন্ত্রী যিনি রেল দপ্তরের মন্ত্রী ছিলেন তিনি তহেলকা ডট কমের পর রেল ছেড়ে পালিয়ে এসেছিলেন। সে সম্পর্কে গ্রামবাংলার ছেলেরা যে গান বেঁধেছে সেটা কি আপনারা শোনেন নি?

'রেলগাড়ি ঝম ঝম, তহেলকা ডট কম,
দিল্লী থেকে পালিয়ে এলি
বলনা দিদি কত পেলি?

আপনাদের লজ্জা করে না কৃষকদের কথা বলতে? পশ্চিমবাংলার কৃষকরা তো আপনাদের বয়কট করেছে, আপনাদের তো নির্বাচিত করে নি। সেদিন বক্তৃতার সময় একজন বলছিলেন তিনি বিদেশে গিয়েছিলেন। কিন্তু বিদেশ থেকে তিনি ধানচাষ, না আলু চাষ, না ফুল চাষ—কি শিখে এসেছেন সেটা বলেন নি। কেন্দ্রীয় সরকার ঐ তৃণমূলের সরকার তারা তো কৃষকদের অপমান করেছে। আজকে বিদেশ থেকে অবাধে কৃষিপণ্য আমদানি করে তারা পশ্চিমবাংলার কৃষকদের সর্বনাশ করে দিচ্ছেন।

কৃষকের জন্য চিৎকার করছেন, গলা ফাটাচ্ছেন, আর দিল্লিতে গিয়ে অন্য কথা বলছেন। বলুন না দিল্লির কৃষি-নীতিটা কি? পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার কৃষকদের সম্মান দিয়েছেন। মন্ত্রী যাঁরা রয়েছেন তাঁরা চেষ্টা করে যাচ্ছেন, সর্বোপরি বামফ্রন্ট সরকার চেষ্টা করে যাচ্ছেন কিভাবে কৃষকদের অবস্থার উন্নতি করা যায়। আমি অনুরোধ করব, কৃষকদের মান বৃদ্ধি করবার জন্য যে ব্যবস্থা পশ্চিমবঙ্গে রয়েছে সেই ব্যবস্থাকে ব্লক স্তর পর্যন্ত সম্প্রসারিত করুন। আমি এই আবেদন রাখছি। রাজ্য সদ্য বিধানসভা নির্বাচন পেরিয়ে গেছে। এখানে আজকে যারা চিৎকার করছেন, উল্টেপাল্টে দিয়ে বলবার চেষ্টা করছেন, আমি তাঁদের আমার মুর্শিদাবাদ জেলার কৃষক পরিবারের একটি ছেলে যে গান বেঁধেছিলেন তার কয়েকটি লাইন পড়ে শোনাচ্ছি। ওদের পরাস্ত করবার জন্য ছেলেটি গান বেঁধেছিল—

লাল মাটিতে ঘাস গজাবে
থাকবে না আর চাষীর মান,
তাই জোট বাঁধো লড়তে হবে
শোনরে মজুর, শোন কিষাণ।

এই গানের সঙ্গে তাল মিলিয়ে বাংলার মানুষ আজকে আপনাদের পরাজিত করেছেন। আজকে এখানে বসে চিৎকার করছেন, কিন্তু আগামী দিনে আপনারা পশ্চিমবঙ্গ থেকে বিতাড়িত হয়ে যাবেন। আমি এই ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে এবং বিরোধীদের কাটমোশনের বিরোধিতা করে বক্তব্য শেষ করলাম।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী নেপাল মাহাতো :** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে কৃষিমন্ত্রীর ব্যয় বরাদ্দের দাবির বিরোধিতা করে এবং বিরোধীদলের সমস্ত কাটমোশনকে সমর্থন

করে দু'একটি কথা বলছি। আজকে যে বাজেটের উপর বিতর্ক চলছে সেটা কৃষি বাজেট। কৃষি বিভাগ সমস্ত ভারতবর্ষে যেমন গুরুত্বপূর্ণ, তেমনি পশ্চিমবঙ্গেও সেটা গুরুত্বপূর্ণ। কিন্তু খুবই দুঃখের বিষয়, এই বিভাগটা এমন কয়েকটি বিভাগের উপর নির্ভরশীল যেগুলোর দক্ষতা কমে যাচ্ছে এবং তার ফলে কৃষি বিভাগের সাফল্য তেমনভাবে পাওয়া যাচ্ছে না। এই কৃষি বিভাগ আজকে সেচ, বিদ্যুৎ, পঞ্চায়েত ইত্যাদি বিভাগের উপর নির্ভরশীল। এখানে পুরুলিয়ার একজন বামফ্রন্টের বন্ধু বলেছেন যে, তাঁরা পুরুলিয়ায় কৃষির উন্নতি এত বেশি করেছেন যার ফলে পুরুলিয়া থেকে বাইরে মজুর খাটতে যাওয়া বন্ধ হয়ে গেছে। আমি এই হাউসে বলছি, এটা সম্পূর্ণ অসত্য কথা, কারণ এখনো সেচের অভাবের কারণে পুরুলিয়া থেকে কৃষকরা রুজি রোজগারের জন্য বাইরে যান। এখনো পুরুলিয়া অনুন্নত জেলা। ওখানকার মাটির যে পরিবেশ, আবহাওয়ার যা অবস্থা, তাতে একটি মাত্র ফসল সেখানে ফলে। বর্ষাকালে একটিমাত্র ফসল সেখানে হয়। তার জন্য আমি অনুরোধ করব, স্পেশালি পুরুলিয়ার কৃষিকে বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা করে কিভাবে সেখানে আরো বেশি বেশি ফসল ফলানো যায়, কিভাবে সেখানে সেচের ব্যবস্থা করা যায়, তার চেষ্টা করবেন। এই প্রসঙ্গে আমি আরো উল্লেখ করছি, পুরুলিয়ার অযোধ্যা পাহাড় এবং পুন্ডাক, যা আনন্দমার্গীদের দ্বারা পরিচালিত, সেখানে আগে কখনো চা চাষ হত না। কিন্তু এখন সেখানে চা চাষ হচ্ছে।

কিন্তু এই সব জায়গায় চা চাষ হচ্ছে উন্নত মানের। অঙ্গুরী ফল যেটা অসুখ হলে খায়, সেই ফল চাষ এখানে হচ্ছে। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব কারা করছে এবং কি মাটিতে করতে পারছে সেই বিষয়ে একটা তদন্ত করে এবং প্রয়োজনে সেই অনুযায়ী যদি পুরুলিয়ার আরো বিভিন্ন জায়গায় এই চাষ করতে পারেন তাহলে পুরুলিয়ার মানুষ আপনার উপকার কোনও দিন ভুলবে না। আমি দেখলাম মাননীয় মন্ত্রিমহাশয় পুরুলিয়া জেলার জন্য বেশ কয়েকটি প্রকল্প করার কথা বলেছেন। তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমার কেন্দ্র ঝালদা ব্লককে বিশেষ সমস্যা সংকুল এলাকার আওতার মধ্যে আনছেন। এই আওতার মধ্যে আসার ফলে কিছু কৃষি উন্নয়নের কথা বলা হয়েছে। কিন্তু আগেই বলেছি কৃষি দপ্তর এমন কতকগুলি দপ্তরের উপর নির্ভরশীল যে দপ্তরগুলি কাজ না করলে কোনও প্রকল্পকে বাস্তবে রূপায়িত করা যাবে না। আরসা ঝালদা ব্লক যদি বিশেষ কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় আসে, সমস্যা সংকুল এলাকা উন্নয়ন প্রকল্পের আওতায় আসে তাহলে এই কাজগুলি যদি পঞ্চায়েতের মাধ্যমে করান তাহলে সমস্ত গরিব চাষী ঠিকভাবে

উপকৃত হবে না। আমরা দেখেছি পঞ্চায়েতের মাধ্যমে মিনিকিট কখন যায়। যখন জমিতে চাষ করার সময় পার হয়ে যায় তখন মিনিকিট যায়। সার পায় কখন? সার প্রয়োগের কাজ যখন শেষ হয়ে যায় তখন পঞ্চায়েতের মাধ্যমে সারের জন্য লোন যায়। দুর্ভাগ্যের বিষয় সরকার বিভিন্ন পরিকল্পনা থাকা সত্ত্বেও এই যে ইনফ্রাস্ট্রাকচার আছে এদের কো-অর্ডিনেশনের অভাবে সাধারণ চাষীরা মার খাচ্ছে। মাইনর ইরিগেশনের ব্যাপারে বলি, মাইনর ইরিগেশন পুরুলিয়ায় খুব বেশি সাকসেসফুল হবে যদি সেটা বৈজ্ঞানিক ভিত্তিতে করা যায়। সুবর্ণরেখা নদীতে আর. এল. আই. যে গুলি আছে সেগুলি ভালভাবে চলছে, আরো কয়েকটি প্রকল্প যদি হতো তাহলে এখানকার কয়েক হাজার চাষী উপকৃত হতো। তাই আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করব ক্ষুদ্র সেচ দপ্তরের সঙ্গে কো-অর্ডিনেশান করে সেই সব জায়গাগুলিতে যে জায়গাগুলোতে এক ফসলী শস্য হয়, যে জায়গাগুলোতে উপরের বৃষ্টি না হলে কোনও শস্য হয় না সেই সমস্ত জায়গায় কিভাবে সেচের ব্যবস্থা করা যায় সেই বিষয়ে একটা চিন্তা ভাবনা করে এই কাজ অবশ্যই করবেন। আবার দেখেছি পুরুলিয়া জেলায় কোনওভাবে বৃষ্টি হওয়ার ফলে চাষ হয়েছে, দেখা যাবে বন থেকে হাতির পরিবার এসে ধান এবং অন্যান্য শস্য নষ্ট করে দেয়। এটা বন্ধ করার ব্যবস্থা করা দরকার। কিন্তু এটা বন্ধ করার কোনও পরিকল্পনা নেই। এমনভাবে ক্ষতি হয় এমনভাবে শস্য নষ্ট করে যায় যে দেখলে চোখে জল আসে। একটা ফসল, কোনও রকমভাবে কষ্ট করে সেটা করেছে, সেটাকেও তারা নষ্ট করে দিয়ে চলে যায়। আমি এবারে হিমঘরের ব্যাপারে বলছি। পুরুলিয়ায় কোনও হিমঘর নেই। টমেটো এখানকার বিখ্যাত চাষ, এখন অসুখের জন্য খুব দরকার। এই টমেটো চাষ করে চাষীরা ২০-৩০ পয়সা কে. জি. দরে বিক্রি করতে হয় শুধুমাত্র হিমঘরের জন্য। পুরুলিয়ায় যাতে একটা হিমঘর হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। এই সমস্ত ব্যাপারে কৃষি দপ্তরকে যে টাকা দেওয়ার দরকার ছিল সেই প্রয়োজনীয় টাকা বরাদ্দ করা হয় নি বলে আমি এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী নৃপেন রায় :** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় কৃষিমন্ত্রী কৃষি বিপনন মন্ত্রী এবং খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তা সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, এতোক্ষন ধরে যে আলোচনা চললো, আমাদের

বিরোধি বন্ধু কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের বন্ধুরা যা বললেন তা হলো, আজ থেকে ২৪ বছর আগে আমরাই করেছি, বামফ্রন্ট কিছুই করেনি। ১৯৮০-৮১ সালে যে কৃষিঋণ চালু হয়েছে, সামনের বছরে হয়তো এরা বলবেন, এটা তাঁরাই চালু করেছিলেন। বামফ্রন্ট সরকার ১৯৮০-৮১ সালে যে কৃষি পেনসন চালু করেছে, প্রয়োজনের তুলনায় সেটা কম বলে আমরা মনে করি। বামফ্রন্ট সরকার কৃষককে মর্যাদা দিয়ে এটা করেছেন, একটা ভাল কাজ করেছেন। কিন্তু এটা যে সংখ্যায় দেওয়া হয়, সংখ্যাটা কম। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে সংখ্যাটাকে বাড়ানোর জন্য দাবি রাখছি। সারা পশ্চিমবাংলায় ৭,৭৬৫ জনকে কৃষি পেনসন দেওয়া হয়। আমাদের বাজেটে বলা আছে যে, পশ্চিমবাংলার অর্থনীতি কৃষির ওপরে নির্ভরশীল। শতকরা ৮০ জন মানুষ কৃষির ওপরে নির্ভরশীল। আমরা বলি, আমরা কৃষির উন্নতি চাই। আমাদের যে সমস্যা, কৃষি প্রধান পশ্চিমবঙ্গে অর্থকরী ফসল হচ্ছে পাট। বাজারে জুন-জুলাই থেকে পাট উঠছে। কেন্দ্রীয় সরকারের দায়িত্ব চাষীদের কাছ থেকে এই পাট কিনে নেওয়া। কেন্দ্রীয় সরকারের যে জেসিআই কেন্দ্র এখানে আছে তারা পাট কিনছে না। জেসিআই কেন্দ্রগুলিতে কর্মীরা বসে বসে মাইনে নিচ্ছে। তারা কোনও কাজ করছে না। সাতমুলিয়াতে একটি জেসিআই কেন্দ্র আছে, পুণ্ডিবাড়িতেও একটি জেসিআই কেন্দ্র আছে। কেন্দ্রীয় সরকার এগুলিকে তুলে দেবার চেষ্টা করছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি, এগুলিকে কেন্দ্রীয় সরকার যাতে না তোলেন, এগুলি যাতে থাকে তার ব্যবস্থা গ্রহণ করেন। উত্তরবাংলায় এখন যে পাট উঠছে তা যেন কেনার ব্যবস্থা করা হয়, এই দাবি তাঁর কাছে রাখছি। এখানে কয়েক লক্ষ হেক্টর যে কৃষিজমি আছে, মাননীয় মন্ত্রিমহাশয় তা তাঁর বাজেটে উল্লেখ করেছেন। সেই জমি ক্ষয় হয়ে যাচ্ছে। আমাদের যদি জমি ক্ষয় হয়ে যায়, জমি যদি না থাকে, তাহলে আমরা বাঁচব কি করে? আমরা খাব কি করে? সেই জমিকে রক্ষা করার ব্যবস্থা করতে হবে। প্রতি বছর বন্যা এবং অতি বৃষ্টির ফলে আমাদের যে ভূমিক্ষয় হয়, বিশেষ করে উত্তর বাংলায় হাজার হাজার, লক্ষ লক্ষ একর জমি প্রাকৃতিক কারণে ভেঙে যাচ্ছে। এখানে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় কৃষিমন্ত্রী আছেন, তাঁদের এই ব্যাপারে ভাবা উচিত। পাশাপাশি আমরা বলি শিল্প চাই। আমরা জমি বাড়াতে পারি না ঠিকই, কিন্তু শিল্পের অগ্রগতি ঘটাতে পারি। আমরা পাটের ওপরে, তামাকের ওপরে শিল্প গড়তে পারি। আমেরিকা থেকে সিন্থেটিক আমদানি করা হলে আমরা শিল্পকে ধ্বংস করব। এখানে বিরোধী পক্ষের বন্ধুরা অন্ধ্রপ্রদেশের হাইটেক মন্ত্রীর কথা

বলেছেন। কিন্তু সেখানে আমরা কি দেখছি কৃষকেরা সেখানে বিষ খেয়ে মারা যাচ্ছে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার কৃষকের ছাতা হিসাবে আছে বলে গত ২৪ বছরে আমাদের এখানে কোনও কৃষক মারা যায় নি। তাই আমরা অন্ধ্রপ্রদেশের মতো হতে চাই না। ভারত সরকার কৃষির কথা বলে। কিন্তু আমরা কি দেখছি—কৃষি জমিকে কমিয়ে দেওয়া হচ্ছে। দেশের সীমান্ত এলাকায় বেড়া দিয়ে কৃষি জমির পরিমাণ কমিয়ে দিচ্ছেন। পশ্চিমবাংলায় ১২০০ কিমি. সীমান্ত এলাকা আছে। নিয়ম অনুযায়ী যেখানে দেড়শো কিমি. বেড়া দেবার কথা, সেই নিয়ম না মেনে নতুন করে কোথাও সাতশো কিমি. কোথাও পাঁচশো কিমি. কোথাও আটশো কিমি. বেড়া দেওয়া হচ্ছে। আমাদের বিশাল এলাকা বাংলাদেশে চলে গেছে। বাংলাদেশের সীমান্তে আমাদের যে চাষের জমি আছে, সেখানে বি. এস. এফের অসহযোগিতার কারণে চাষীরা সেই জমিতে চাষাবাদ করতে পারছে না। আমরা কৃষির উন্নতির কথা বলছি। কিন্তু চাষের জমি যে ভাবে কমে যাচ্ছে, তাতে কিভাবে কৃষির উন্নতি ঘটবে? স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরোধ করছি, কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করে বাংলাদেশের সীমান্তে যাতে কৃষকেরা চাষ করতে পারে, তার ব্যবস্থা করেন। পাশাপাশি, আমাদের এখানে শিল্পের নাম করে, কর্মের নাম করে কিছু মানুষ অসাধু উপায়ে সুযোগ নিচ্ছে। মানুষের উন্নতির জন্য নতুন করে ঘরবাড়ি তৈরি হচ্ছে, তার জন্য ইটের প্রয়োজন হচ্ছে।

আজকে ভুমি সংস্কার দপ্তরের স্টাফদের এবং পিওনদের কাছ থেকে অনুমতি পেয়ে কিছু অসাধু লোক ওই চাষযোগ্য জমিতে ইট-ভাটা তৈরি করছে। এই প্রসঙ্গে আমার বক্তব্য যে, ইট ভাটা তৈরি করার ব্যাপারে ভুমিসংস্কার দপ্তরের অনুমোদন পেলেই শুধু হবে না কৃষি দপ্তরের অনুমোদনও দরকার। কারন কৃষি দপ্তর জানে কোন জমি চাষযোগ্য আর কোন জমি চাষের অযোগ্য। যেখানে চাষ হবে না সেখানে ইট ভাটা তৈরি করা যাবে কিন্তু চাষযোগ্য জমিতে করা চলবে না। এই ব্যাপারটা আপনার দপ্তরকে দেখতে হবে। কৃষি জমিতে যে ফসল উৎসাদিত হয় সেই ফসল পঞ্চায়েত সমিতির মাধ্যমে বিক্রি করা হয়। সেখানে সভাপতির নেতৃত্বে কৃষিজ ফসল পঞ্চায়েত সমিতির মাধ্যমে বিক্রি করা হয় সেখানে সভাপতির নেতৃত্বে কৃষিজ ফসল বিক্রি করার জন্য একটা বিক্রয় সমিতি গঠন করতে হবে। আজকে কৃষি খামারগুলো যে আছে সেখানে ডাক্তারদের ক্ষেত্রে যেমন শনিবার-রবিবার বলে ছুটির দিন নেই, ফায়ার ব্রিগেড এবং রেলে যেমন ছুটির দিন বলে কিছু নেই তেমনি কৃষিজ উৎপাদন বাড়াতে ওই খামারগুলোতে ছুটির পরিমান কমাতে হবে।

কৃষির স্বার্থে যেখানে যাতে হাইব্রিড করা যায়, যাতে করে প্রোডাকটিভিটি বাড়ানো যায় সেইদিকটা দেখতে হবে। যাতে করে ওই হাইব্রিড উৎপাদনের কাজে লাগিয়ে উৎপাদন বাড়ানো যায়। এইকথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খাঁড়া সোরেন ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকে কৃষিমন্ত্রী, কৃষি বিপনন মন্ত্রী এবং খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা উপস্থিত করছি। বিরোধীপক্ষের বন্ধুরা অনেক কথা বললেন এবং প্রতিটি ব্যায়বরাদ্দেরই বিরোধিতা করছেন। আজকে কৃষিতে যে উন্নতি তারা সেটারও বিরোধিতা করছেন। আমি বিরোধি বন্ধুদের বলব আপনারা কি আপনাদের সময়টা ভুলে গেছেন। আপনাদের সময়ে বামপন্থীরা ব্লকে ব্লকে ঘেরাও করে বলেছিল যে আমাদের খেতে দাও, পরতে দাও, নইলে গদি ছেড়ে দাও। তখন আমাদের কথায় কথায় জেলে ভরে দিয়েছিলেন। মানুষ তখন খেতে পেত না , কাজ পেত না। আজকে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পরে ভুমি সংস্কারের মধ্যে দিয়ে কৃষকরা ভাল ফল পেয়েছে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পরে ভুমি সংস্কারের মধ্যে দিয়ে কৃষকরা ভাল ফল পেয়েছে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পরে কৃষকদের হয়রানি কমেছে। বিরোধীপক্ষের বন্ধুরা বললেন এখন চাষীরা নাকি ভালভাবে চাষ করতে পারছে না, জমিতে ফলন কমেছে। স্যার, গ্রামে একটা কথা আছে সেই কথাটাই বলছি। গ্রামের চাষীরা বলে থাকে বেশি জমি চাষে আর অল্প জমি ফাসে। আজকে কৃষকরা বুঝতে পেরেছে যে দুবিঘে জমিতে সরকারি সাহায্যে এবং কৃষি বিভাগের সাহায্য পেয়ে, বামফ্রন্ট অনুদান পেয়ে সেই ওই দুবিঘা জমিতে ফসল ফালানোর চেষ্টা করছে। তাই আমরা লক্ষ্য করছি কৃষিতে উৎপাদন বেড়েছে, অল্প জমিতেই পাট তৈরি করছে। কিন্তু পাটের দাম তারা বাজারে পাচ্ছে না। সেখানে জে সি আইয়ের পাট কেনার কথা কিন্তু তারা সেই পাটের দাম তারা বাজারে পাচ্ছে না। সেখানে জে সি আইয়র পাট কেনার কথা কিন্তু তারা সেই পাট কিনছেন না । ফলে কড়েদের হাতে চাষীদের পাট বিক্রি করতে হচ্ছে বাধ্য হয়ে। আমার মনে হয় পশ্চিমবঙ্গে যে সমবায় সমিতিগুলো আছে পঞ্চায়েত সমিতির মাধ্যমে যদি ওদের কাছে পাট বিক্রি করা যায় তাহলে চাষীরা তাদের নায্য দাম পাবে।

সেইজন্য সমবায় সমিতি গ্রাম পঞ্চায়েত গুলোর মাধ্যমে যদি ক্রয়কেন্দ্র খোলা যায় তাহলে কড়েদের হাত থেকে পাট চাষীদের বাঁচানো যাবে। গত বছরে পাটের

যে দর দেওয়া হয়েছিল সেই দর তারা পায় নি। কেন্দ্র থেকে যদি বিক্রি করতে পারত তাহলে সঠিক দর পেত। সুতারং গ্রাম পঞ্চায়েতের অধীনে পাট ক্রয়কেন্দ্র খুললে চাষীরা পাটের সঠিক যে দাম সেই দাম পাবে আশা করি।

আমরা এটাও লক্ষ্য করছি যে, উত্তরবাংলায় যে বিভিন্ন জমিগুলি আছে, সেই জমির রকমফের আছে। এখানে রাসায়নিক সার ব্যবহার করার মধ্যে দিয়ে জমি নষ্ট হতে চলেছে, সেই জমির ফসল পেতে গেলে যে মাটি আছে, সেটা আরো পরীক্ষা করার দরকার আছে, সেই মাটি পরীক্ষার জন্য পাঠানো হয় ব্লকের মাধ্যম দিয়ে, কখনো সেই রিপোর্ট তারা পান, কখনো আবার পান না। কাজেই মাটি পরীক্ষার জন্য প্রত্যেকটি জেলায় একটা করে কেন্দ্র গড়ে তোলা দরকার যাতে করে ফসল ফলানোর সহায়ক হয়। আমি এটাও বলার চেষ্টা করেছি, ব্লকে ব্লকে যে খামারগুলি আছে, সেই খামারগুলিতে যে কৃষকদের প্রশিক্ষণ দেওয়া হয় তা আরো ভালভাবে করতে হবে। আমাদের এখানে যে অল্প জমি আছে, সেই জমিতে যাতে সবজি চাষ করতে পারে, সেটা দেখা দরকার। এখানে পঞ্চায়েতের মাধ্যম দিয়ে কৃষি দপ্তরের ব্যাপারে আমরা বিভিন্ন সময়ে লক্ষ্য করেছি যে নারকেল গাছ দেওয়া হয়েছে, আম গাছ দেওয়া হয়েছে, বিভিন্ন গাছ দেওয়া হয়েছে, এই দেওয়ার মধ্যে দিয়ে আজকে ফসল বাড়ানোর একটা চেষ্টা চলছে। তাই আগামী দিনে কৃষকদের প্রশিক্ষণের মধ্যে দিয়ে সব্‌জি চাষ যাতে করা যায় তার ব্যবস্থা ব্লকের মাধ্যমে করতে হবে। প্রতিটি গ্রাম পঞ্চায়েতে যদি ৫০ জন করে লোককে প্রশিক্ষণ দেওয়া যায় তার জন্য আবেদন করছি। তাই আগামী দিনে এটুকু অনুরোধ রাখব প্রশিক্ষণের মাধ্যম দিয়ে যাতে সহায়তা পাওয়া যায় সেটা আরো করা দরকার। আজকে কৃষিতে যে উন্নতি হয়েছে তার জন্য পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কৃতিত্বের অধিকারী, বামফ্রন্ট সরকার কৃষকদের সহায়তা করেছে বলেই এটা সম্ভব হয়েছে। আমরা বিভিন্ন ভাবে লক্ষ্য করছি, গাছ লাগাবার মধ্যে দিয়ে কৃষিক্ষেত্রে যে সাফল্য এসেছে, সেই সাফল্যকে অব্যাহত রাখতে গেলে কৃষকদের প্রশিক্ষণের মধ্যে দিয়ে তা সুনিশ্চিত করতে হবে। যাতে তারা আরো ভালভাবে প্রশিক্ষণের মধ্যে দিয়ে আমাদের পশ্চিমবাংলায় ফসল বাড়াতে পারে, এই আবেদন রেখে এই বাজেটকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

**শ্রী রতন দাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, এগ্রিকালচার এবং মার্কেটিং ডিপার্টমেন্ট ৪৭, ৪৮, ৫৫ এবং ৫৮ নম্বর দাবি সম্বলিত ব্যয় বরাদ্দের বাজেট

মাননীয় মন্ত্রী পেশ করেছেন তাঁকে সমর্থন করে এবং বিরোধিদের আনা কাটমোশনকে সম্পূর্ণরূপে বিরোধিতা করে আমার বক্তব্য রাখার চেষ্টা করছি। স্যার, আমাদের ভারতবর্ষ কৃষি প্রধান দেশ এবং শ্রম শক্তির ৬৫ শতাংশ আজকে কৃষির মধ্যে নিয়োজিত এবং ভারতবর্ষের জাতীয় যে আয় তার ২০ শতাংশ এই খাত থেকে এসে থাকে এবং আমাদের পশ্চিমবাংলায় বিশেষ করে বামফ্রন্ট সরকার তাদের যে কর্মসূচি যে ভূমি সংস্কার, যে জমির কেন্দ্রীভবনকে ভেঙে সেই জমি যারা নিজেরা বিগত কংগ্রেসিরা এবং বর্তমান তৃণমূলরা কুক্ষিগত করে রেখেছিল সেই জমিগুলি নিয়ে কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং বর্গাদারদের নামে নথিভুক্ত করে, ভূমিহীন কৃষকদের মধ্যে পাট্টা বিতরণ এর মাধ্যম দিয়ে আজকে কৃষির অনেক উন্নয়ন ঘটেছে। ক্ষেতে খামারের আয় যেখানে ৭৭-৭৮ সালে ছিল ৬ শতাংশের কম বেশি, বর্তমানে সেটা ১০ গুণ বৃদ্ধি করা গিয়েছে। বিভিন্ন সেচ প্রকল্পে বিশেষ করে আর এল. আই. ডিপ টিউবওয়েল, সি এ ডি পি.র মধ্যে দিয়ে বিশেষ করে সারফেস ওয়াটার, ড্যাম ওয়াটার এবং আন্ডার গ্রাউন্ড ওয়াটার নিয়ে যে সমস্ত স্কিম নেওয়া হয়েছে তার মধ্যে দিয়ে সেচের সম্প্রসারণ ঘটানো হয়েছে। যেখানে ৭৭-৭৮ সালে ছিল সেচ জমি ৩১ শতাংশ, বর্তমানে দাঁড়িয়েছে ৬২ শতাংশ, আগামী দিনে সেটা ৭৫ শতাংশয় আনার চেষ্টা করা হচ্ছে। এই আর্থিক বছরে ২.৬ শতাংশ জমিকে সেচের আওতায় আনার চেষ্টা করা হবে। বীজের ব্যাপারে ১৯৭৭-৭৮ সালে ২৮ পারসেন্ট ছিল, সেখানে এখন বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৮৭ পারসেন্ট। ফার্টিলাইজারের ক্ষেত্রে সারা ভারতবর্ষের যে গড়, তার চেয়ে ৩০ শতাংশ পশ্চিমবাংলার চাষীরা ব্যবহার করে। চাল উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে এবং অন্ধ্রপ্রদেশ তৃতীয় স্থানে আছে; আলু উৎপাদনে আমাদের স্থান দ্বিতীয়, ইউ. পি.-র পরেই; ভেজিটেবিলে আমাদের স্থান পাঞ্জাবের পরেই। আজকে কেন্দ্রীয় যোজনা কমিশনের রিপোর্টের মধ্যে এটা বেরিয়েছে, পশ্চিমবাংলায় ক্রমান্বয়ে উৎপাদন বৃদ্ধি পাচ্ছে এবং উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবাংলা এগিয়ে আসছে। এই ব্যাপারে আরেকটা জিনিস বলা দরকার, কৃষকদের সেচের সুযোগ-সুবিধা এবং ইন্টারেস্ট সাবসিডি দিয়ে এস. টি লোন ও এম. টি লোনের মাধ্যমে কৃষি সরঞ্জামের সরবরাহ করে আজকে উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং কৃষকদের আয় বৃদ্ধি পেয়েছে ও তাদের অবস্থার উন্নতি হয়েছে। তাই তারা আজকে বামফ্রন্ট সরকারের প্রতি আস্থা জ্ঞাপন করেছে। ক্ষমতা বিকেন্দ্রীকরনের জন্য যে পঞ্চায়েতী রাজ ব্যবস্থা

আছে তাকে সঙ্গে নিয়ে আগামী দিনে তারা আরও এগিয়ে যাবে, ও সাফল্যের চূড়ায় পৌঁছে যাবে। আমাদের কেন্দ্রে যে সরকার বসে আছে সেই সরকার উদারনীতির মাধ্যমে, ওপেন মার্কেট পলিসির মাধ্যমে, গ্লোবালাইজেশনের মধ্যে দিয়ে আজকে কৃষকদের আক্রান্ত করছে। ইতিমধ্যেই ১৪২৯ টি পণ্য আমাদের দেশের অভ্যন্তরে ঢুকিয়ে দেবার চক্রান্ত করেছে, যার মধ্যে ৮১৫টি পণ্য হচ্ছে কৃষি এবং কৃষি সংশ্লিষ্ট। ইমপোর্ট এবং এক্সপোর্টের মধ্যে দিয়ে আমাদের দশ হাজার কোটি টাকার ঘাটতি ছিল, ২০০১ সালে সেটা চল্লিশ হাজার কোটি টাকাতে এসে দাঁড়িয়েছে। ফলে কৃষকরা আজকে ফসলের দাম পাচ্ছে না। তাই প্রতিদিন খবরের কাগজ খুললে আমরা দেখতে পাই মহারাষ্ট্রে আঁখ চাষীরা আত্মহত্যা করছে। এই আমদানি নীতির মধ্যে দিয়ে আজকে তাদের আত্মহত্যা করতে বাধ্য করা হচ্ছে। মাল্টিল্যাটারাল এগ্রিমেন্ট অন ইনভেস্টমেন্ট-এর মধ্যে দিয়ে আমাদের বাধ্য করানো হচ্ছে উদারীকরণ নীতি, বিশ্বব্যাঙ্ক, আই. এম. এত, ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন-এর মধ্যে দিয়ে আমাদের বাধ্য করা হচ্ছে এইসব চাষ করতে। ইওরোপ ও পাশ্চাত্য দেশগুলি হচ্ছে শীতপ্রধান দেশ, সেখানে ফল, ফুল, সবজী উৎপন্ন হয় না। আমাদের মতো দেশের উপরে চাপিয়ে দেওয়া হচ্ছে তোমরা ফল চাষ করো, ফুল চাষ করো এবং ওগুলো ওখানে পাঠানো হবে। ফলে আমাদের দেশের খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হবে। ফল, ফুল রপ্তানি করে আমাদের দেশে বৈদেশিক মুদ্রা আসবে। কিন্তু আমাদের ১০০ কোটি লোকের  ভারতবর্ষের খাদ্য যোগান কোথা থেকে হবে, আমরা যদি ফল, ফুল চাষ করি। তখন আমাদের সেই পি. এল—৪৮০ বা মাইলোর মতো জিনিস খেতে হবে, আমাদের সেইদিকে ওরা নিয়ে যেতে চাইছে। আমাদের দেশের খাদ্য নিরাপত্তাকে ওরা ভেঙ্গে দিতে চাইছেন। আজকে পাট কেনার ক্ষেত্রে জে. সি. আই. যেটা কেন্দ্রীয় সরকারের সংস্থা তাদের অসহযোগিতার ফলে আজকে পাট কেনার কোনও ব্যবস্থা নেই। টি. ডি-ফাইভ যেটা ভালো পাট তার সর্বনিম্ন দাম ধার্য্য হয়েছে আটশো থেকে সাড়ে আটশো টাকা। এইভাবে পাট চাষীরা বাঁচতে পারেনা। আজকে এশেনসিয়াল কমোডিটিস অ্যাক্টকে তুলে দিয়ে জিনিসের দাম বাড়িয়ে দেওয়ার সুযোগ করে দেওয়ার চেষ্টা হচ্ছে, অবাধ দুর্নীতির সুযোগ করে দিচ্ছে। খাদ্যশস্য বীমা আজকে রাজ্যের ঘাড়ে চাপিয়ে দিয়ে কেন্দ্র হাত ধুয়ে ফেলতে চাইছে। এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

## PRESENTATION OF COMMITTEE REPORT

## SIXTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTES

**Mr. Speaker :** I beg to present the 6th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the following Revised Programme of Business for the 11th July and the 17th July, 2001.

11.7.2001, Wednesday

(i) Demand No. 84 Tourism Deptt. 1 hour

(ii) Demand No. 26 Fire Services Deptt. 1 hour

(iii) Demand No. 4 Judicial Deptt. 1 hour

(iv) Demand No. 40 Refugee Relief & Rehabilitation Deptt. 1 hour.

17.7.2001, Tuesday

(i) Demand No. 57 Co-operation Deptt. 2 hours

(ii) Demand No. 49 Animal Resources.

(iii) Demand No. 50 Development Deptt. 1 hour.

The Programme of Business from the 12th July to the 16th July, 2001 remains unchanged

Now the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs Dept. may please move the motion for acceptance.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 6th Report of the Business Advisory Committee, as presented in the House, be adopted.

The motion was then put and agreed to.

**শ্রী দীপকচন্দ্র সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কৃষি দপ্তর, কৃষি বিপনন দপ্তর এবং ফল-সবজী দপ্তরের মন্ত্রী-ত্রয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

আমাদের বিরোধী বন্ধুরা, বিশেষ করে তৃণমূলের জাটুয়া মহাশয় বিরোধিতা করে বক্তব্য রাখলেন। তখন তো ওনারা খাকি পরে ঘুরে বেড়াতেন তখন তো লেভির আমল। আমরা দেখেছি তখন পুলিশ আমাদের গোলা থেকে ধান কেড়ে নিয়ে জোতদারদের দিচ্ছে। আজকে তারাই এই কৃষি বাজেটের বিরোধিতা করছে।

কেন্দ্রিয় সরকারের ভুল অর্থনীতির ফলে সামগ্রিক ভাবে আমাদের দেশের কৃষক সমাজের উপর আঘাত নেমে আসছে। বারবার বাড়ছে ডিজেলের দাম, আর তার ফলে আঘাত পড়ছে সেচ ব্যবস্থার উপর। দেশের কৃষকরা কঠিন বিপদের সম্মুখীন হয়েছে। সেই বিপদ থেকে বাঁচানোর জন্য আমাদের বামফ্রন্ট সরকার বিকল্প নীতির মধ্যে দিয়ে পথ দেখাচ্ছে। বিরোধীদেরও উচিত তাকে সমর্থন করা।

কৃষি বিপনন ব্যবস্থা গোটা ভারতবর্ষের সঙ্কটে পড়েছে। এগ্রিকালচারাল কমোডিটিস প্রাইসেস কমিশন, যারা কৃষি পণ্যের দাম নির্ধারণ করে, তারা সঠিক দাম নির্ধারণ না করার ফলে কৃষকরা তাদের ফসলের সঠিক দাম পাচ্ছেন না। যারা এসব দাম ঠিক করেন তারা হয়ত এসব জিনিস দেখেননি। জে. সি. আই. কৃষকদের পাট কিনছে না। আমাদের রাজ্য সরকার চেষ্টা করছে, কিন্তু কেন্দ্রীয় সরকারের নিয়ম এবং উদার অর্থনীতির ফলে এখানকার কৃষকরা মার খাচ্ছে।

আজকে দেখি উত্তরবঙ্গে প্রচুর আনারস উৎপাদন হয়। মালদার আম এবং হলদিবাড়ির টমেটোর যথেষ্ট সম্ভাবনা আছে। আমাদের রাজ্য সরকার চেষ্টা করছে তার সীমিত ক্ষমতার মধ্যেও। ইতিমধ্যে তারা অনেকগুলো হিমঘর তৈরিও করেছেন। কৃষি দপ্তর শুধু ফল,সবজী সংরক্ষণের জন্য ২৪টি হিমঘর তৈরি করেছে। উত্তরবঙ্গে আম চাষের সম্ভাবনা আছে। আমের রস বার করে যদি জেলি করা যায়, আরও উন্নত মানের করা যায় তাহলে কোটি কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জন করা যেতে পারে।

আমাদের পশ্চিমবঙ্গে যে চাল, ধান উৎপন্ন হয়, তার থেকে ১০ কোটি টাকার উপর বিদেশি মুদ্রা আসে তুষ তেল থেকে। আমার পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের

কাছে আবেদন যে এর প্রোডাকশন যদি আরও বাড়ানো যায় তাহলে আমাদের এখানে আরও বিদেশি মুদ্রা আসবে। উত্তরবঙ্গের শিলিগুড়িতে, ইসলামপুরে প্রচুর আনারস উৎপন্ন হচ্ছে। এই আনারসের রস যনি আধুনিক প্রযুক্তির মধ্যে দিয়ে রক্ষণাবেক্ষণ করা যায়, তাহলে সেখান থেকে কোটি কোটি বিদেশি মুদ্রা আসতে পারে। কুচবিহার জেলাতে হিমঘর করার দরকার আছে। হলদিবাড়ি মহকুমায় প্রচুর টমেটো উৎপন্ন হয়। সেখানে এই টমেটো সংরক্ষণের কোনও ব্যবস্থা নেই। এই কারণে অনেক আন্দোলন করেছি। হলদিবাড়িতে টমেটো সংরক্ষণের ব্যবস্থার জন্য হিমঘর তৈরি করার আবেদন আমি মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। স্যার, এই মুহূর্তে আমাদের ওখানে খরা চলছে। অনেকদিন বৃষ্টি হচ্ছে না। মাঠের পাট শুকিয়ে যাচ্ছে। পাট বাঁচানোর কোনও ব্যবস্থা নেই। ধান বপন করা যাচ্ছে না। তাই ওই এলাকায় সেচের ব্যবস্থা প্রসার করতে হবে। আর এই পাটের ব্যাপারে কৃষকরা যাতে ন্যায্য মূল্য পায় এবং কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে যেন হস্তক্ষেপ না করতে পারে তার জন্য সরকার যেন দৃষ্টি দেন। এই কথা বলে এই বাজেটের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী কাশিনাথ মিশ্র :** স্যার, আমি আপনার মাধ্যমে ৪৭, ৪৮, ৫৫, ৫৬ নাম্বার যে দাবিগুলি এসেছে, এখানে ৩ জন মন্ত্রী পেশ করেছেন, তাতে মোট প্রায় ২৯৮ কোটি টাকা আছে, এটা কৃষির ক্ষেত্রে যথোপযুক্ত নয়, তাই আমি এই দাবিগুলির বিরোধিতা করছি। আমাদের কাটমোশ.নের সমর্থনে কয়েকটি কথা বলছি। স্যার, একটা কথা বলছি যাদের মাটিতে পা যায় না, যাদের মাটির সঙ্গে সম্পর্ক নেই, তারাই আজকে জমির মালিক হচ্ছে।

বিভিন্নভাবে আমাদের কৃষির সঙ্গে এইগুলোর কোনও সম্পর্ক নেই যা কোনও একটা কারোর সাথে যুক্ত নয়। এই পরিপ্রেক্ষিতে আমরা দেখতে পাই কি চাযের সার্বিকভাবে বিভিন্ন সময়ে কৃষির উন্নতি সেভাবে হয় নি। কতটা আজকে বৃহৎ সেচের মাধ্যমে চাষবাস হচ্ছে, কতটা ক্ষুদ্র সেচের মাধামে হচ্ছে, কতটা আজকে সমবায়ের মাধ্যমে হচ্ছে, কতটা রক্ষণাবেক্ষণের মাধ্যমে হচ্ছে। আজকে পি. ডব্লু. ডি. কে দরকার আছে, পরিবহন ব্যবস্থাকে দরকার আছে, সেজন্য কৃষির উন্নতির স্বার্থে বিভিন্ন বিভাগগুলোকে যুক্ত করতে হবে। সেগুলো আজকে এখানে রাখা উচিত ছিল। উন্নতি যা বলছেন, আমরা যা দেখতে পাই, আপনি দেখুন স্যার, On

the basis of integrating all the elements of new agricultural technology with the required changes in the socio-economic institutional set up, a massive increase in agricultural production and gainful employment have been planned for during the fifth and the subsequent two plan periods.

তার মানে আজকে সেই সময় থেকে কৃষির উন্নতির কথা ভাবা হয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে ... The plan has been so designed that the poorer section of the peasantry including landless agricultural labour, may effectively participate in gains from this development.

এই কথা কেন বলা হয়েছে। ফিফথ প্ল্যান দেখুন। ফিফথ প্ল্যানের সময়ে ৭৪-৭৯, এখানে কি বলা হচ্ছে। On the basis of the prevalent demand norm of 0.45 k.g. of cereals per capita per day, a plan has already been drawn up to achive self-sufficiency in foodgrains in our state within 1975. This will necessitate a production level of nearly 90 lakh tonnes of cereal by 1975.

তো আজকে নয়। উন্নতি আজকে পরস্পরের সঙ্গে সঙ্গতিপূর্ণ। এটা আজকে ৬০ এর দশক থেকে আরম্ভ করে ৭০ দশক থেকে আরম্ভ করে পর্যায়ে পর্যায়ে ইন্দিরা গান্ধি গ্রিণ রেভলিউশনের ডাক দিলেন, এটা তো অস্বীকার করা যায় না। আরেকটা দেখুন, A massive development of animal husbandry, dairy, poultry, fishery as also of other small industrias will be an integral part of our agricultural programme both in the C.A.D.P. and in the non-CADP areas. This will lead to a more balanced food supply and will be instrumental in providing gainful employment, particularly to small farmers and landless labourers.

লেবারারস, এই কথা বলা হচ্ছে। আজকে ল্যান্ড লেস লেবার থেকে আরম্ভ করে তার জন্য এইসব চাই এবং এইসব তার উন্নয়নের জন্য দরকার The type of development visualised will constitute a better base for a strong cooperative movement embracing all the peasants particularly their

bottom half, to participate and gain from the cooperative endeavour. It should, therefore, be possible to make a substantially larger effort to develop cooperatives which will be the real basis for the success of the development strategy visualised for the fifth plan onwards. এটা ফিফথ প্ল্যানে বলছে যে কোঅপারেটিভের ডেভেলপমেন্ট যদি হয় আজকে আমরা ডেয়ারি ডেভেলপমেন্ট থেকে আরম্ভ করে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে তাদের উন্নতি করতে পারি তাহলে সামগ্রিকভাবে কৃষির উন্নতি হতে পারে। মাননীয় মন্ত্রী যেকথা বলেছেন তিনি ভাল বলেছেন।

মাননীয় মন্ত্রী কমলবাবু যে কথা বলেছেন খামার উন্নয়ন, উন্নত মানের গরুর গাড়ি, ভরতুকি থেকে আরম্ভ করে সংযোগকারী রাস্তা, ফল, শাক-সবজীতে উন্নত মানের প্রশিক্ষণ থেকে আরম্ভ করে সেখানে একটা যুক্ত ব্যবস্থা থাকা দরকার। সেই যুক্ত ব্যবস্থা না থাকার জন্য যদি খরা হয় বন্যা হয় বা প্রাকৃতিক দুর্যোগ হয় তখন পরস্পরকে ডেকে কাজ করা যায় না বলেই বিরাট ক্ষয়ক্ষতি হয়ে যায়। অবস্থা বেশি খারাপ হয়। আমাদের ১৯৬৭ সালের কথা ১৯৬৯ সালের কথা মনে রাখতে হবে, তৎকালীন খাদ্যমন্ত্রী প্রফুল্ল ঘোষ সেই সময় ছিলেন, আমরা ছাত্রাবস্থায় দেখেছি বিভিন্ন খরা প্রবণ এলাকা যেমন বাঁকুড়া, পুরুলিয়া, জেলায় আমরা লঙ্গর খানা খুলেছিলাম। সেই জন্য বলছি বিভিন্ন ক্ষেত্রে পরস্পরকে যুক্ত করা দরকার। বিগত দিনে আমেরিকা থেকে গম পি. এল. ৪৮০ কেউ ব্যবহার করেন নি? মাইলো আসে নি? এগুলির প্রয়োজন ছিল। আজকে কৃষিতে যে জমিতে চাযবাস হচ্ছে সেখানে ফসল হচ্ছে এবং আজকে বিশ্বায়নের যুগে সেখানে ভ্যারাইটি বীজ আসে। তাই আজকে বাসমতি, সীতাশোল কোথায় হবে? উৎপাদনের থেকে চাহিদা আমাদের অনেক বেশি। আজকে হাইব্রিড ধান চায করি তাহলে বেশি উৎপাদন হবে এবং যে পরিমান ধান হবে সেখানে যদি সীতাশাল, বাসমতি ধান চায করি তাহলে সেই পরিমান পাবো? আরেকটা বড় জিনিস হচ্ছে কৃষিভিত্তিক শিল্প করা, যেটা রাজ্য সরকারের নেই। নবম এবং দশম পরিকল্পনায় সেই জিনিস দরকার। অর্গানাইজেশনের ক্ষেত্রে ভাঁটা পড়ে যাচ্ছে, অসংগঠিত ক্ষেত্রে দিনমজুর, ক্ষেতমজুর যারা আছে তাদের কৃষির সঙ্গে যুক্ত করা দরকার। কৃষির যদি সার্বিক উন্নতি করতে হয় তাহলে কৃষিভিত্তিক শিল্প নিয়ে ভাবনাচিন্তার দরকার এই কথা আমি মাননীয় কমলবাবুকে বলব এবং দেখবেন আগামী দিনে আপনার দপ্তরই হবে শ্রেষ্ঠ দপ্তর। তার সাথে যুক্ত হবে সমস্ত দিকের সমস্ত শ্রেণীর মানুষ এবং সেই সব খেটে খাওয়া মানুষদের

সাহায্য আপনি পাবেন। এই পরিপ্রেক্ষিতে একটা জিনিস দেখতে হবে আমাদের প্রয়োজন বিভিন্ন ক্ষেত্রে কিন্তু সবাইকে সব জিনিস আমরা দিতে পারি নি। খরা প্রবণ এলাকায় যে ভাবে কাজ করা উচিত ছিল সেভাবে কাজ করতে পারিনি। পুরুলিয়ার ঝাড়গ্রামে যেটা করা উচিত ছিল এবং বীরভূম জেলার একটা পার্টে যেটা করা উচিত ছিল সেই সব জায়গায় করতে পারি নি। সেখানে ক্ষুদ্র সেচ প্রকল্প থেকে আরম্ভ করে যা যা করা দরকার ছিল এবং যে যে দপ্তরের সঙ্গে আপনাদের যোগাযোগ করার দরকার ছিল সেটা আপনারা পারেন নি। আপনি দেখবেন আজকে বাড়িতে বাড়িতে ছেলেরা বেকার হয়ে বসে আছে। আজকে আপনার আমার ছেলেরা যদি চাকরি না পায় তাহলে তাদের কৃষির সঙ্গে যুক্ত করা যেতে পারে এবং তার ফলে বিভিন্ন সময় বিভিন্ন রকম শস্য ফলবে যদি তাদের এগিয়ে আনতে পারেন। কৃষির উন্নতির কথা ভাবতে গেলে আজকে আমাদের ক্ষুদ্র সেচের উন্নয়নের দরকার। এগুলি যদি আমরা করতে পারি তাহলে আমরা প্রকৃত সমস্যাগুলির সমাধান করতে পারব। আপনার বাজেট বইতে আপনি বলেছেন "১৯৪৭-৪৮ সাল থেকে ষষ্ঠ পরিকল্পনার শেষ বছরে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির বার্ষিক গড় পরিমান ছিল প্রায় ১ লক্ষ টনের মতো। সপ্তম যোজনার শুরু থেকেই এমন নিবিড়তর কার্যক্রম রূপায়িত হয়ে চলেছে যার ফলস্বরূপ ষষ্ঠ পরিকল্পনা থেকে অষ্টম পরিকল্পনার লাগোয়া ১২ বছর ৫২.৫৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপন্ন হয়।

[5-10 — 5-20 p.m.]

এবং এর পরিপ্রেক্ষিতে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেগুলো ঘোষণা করা হয়েছিল বৃহৎ শিল্পের ব্যাপারে এবং পরবর্তীকালে প্রয়োজন হয়েছিল কৃষির, সেচের সার্বিক উন্নয়নের। কৃষি উন্নয়নের ফলে আমরা আস্তে আস্তে তার ফল পাচ্ছি এবং শিল্পের ক্ষেত্রে একটা উন্নয়নের দিকে গিয়েছিল এবং উচ্চ ফলনশীলন বীজ ব্যবহারের পরিপ্রেক্ষিতে এই অবস্থা হয়েছে। স্যার, আমাদের সীমান্তবর্তী এলাকাতে দেখবেন সেখান থেকে ধান চলে যাচ্ছে নেপালে, বাংলাদেশে। এবং পরে আবার সেই সব জায়গা থেকে নেপাল রাইস, ইত্যাদি নামে চাল আমাদের এখানে আসছে। এবং এর মধ্যে দিয়ে আমাদের ব্যর্থতা প্রমাণিত হচ্ছে। আজকে যদি আমরা সবকিছুকে রক্ষা করতে না পারি তাহলে আমাদের বিভিন্ন ক্ষেত্রে বিপর্যয় ঘটবে। আমাদের এখানে আরেকটা সমস্যা হচ্ছে জমির

ফ্রাগমেন্টেশন। জমি আজকে টুকরো টুকরো হয়ে যাওয়ার জন্য তার কার্যকারিতা হারাচ্ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে। এবং এজন্য আমাদের আইনেরও সংস্কার করতে হচ্ছে। ক্রমাগতভাবে বর্গাচার না করে অন্য ভাবে চিন্তা করতে হচ্ছে।

আমাদের এখানে বিভিন্ন জিনিস উৎপাদন হয়। ফল-ফলাদির সংখ্যাও কম নয়। বিভিন্ন জায়গায় ফলের বাগিচা করে চায হচ্ছে। বাঁকুড়া, মেদিনীপুরে মুসাম্বির চায হচ্ছে। এটা বলা হলেও ডাব, নারকেলও যে ভালো হচ্ছে তার কথা কিন্তু বলা হয়নি। এটাও জানা দরকার। আজকে পেয়ারা, পাতিলেবু থেকে শুরু করে নানা রকম ফলের ফলন বিভিন্ন জেলায় হচ্ছে। এদিকে নজর দেওয়া দরকার।

খামারের ব্যাপারে বলি, শুধু খামার থাকলেই চলবে না তার কার্যকারিতার প্রতিও আমাদের নজর দিতে হবে। খামারগুলোকে প্রকৃত খামারে পরিণত করতে হবে।

আজকে পান-চাষীরা বিপর্যস্ত। পান চাষের ক্ষেত্রে উপযুক্ত প্রটেকশন নেই। এটা দেখা দরকার। ফলচাষীরা, সবজী চাষীরা তাদের উৎপাদিত ফসল রাখতে পারেন না। হিমঘরের সুবিধা নেই। পুরুলিয়ার মতো জায়গায় কোনও হিমঘর নেই যদিও বাঁকুড়াতে একটা আছে। সুতরাং, গণ-শক্তি না বাড়ালে হবে না। না, না, আপনারা যে গণশক্তির কথা বলছেন সেটা আমিও পড়ি। কিন্তু প্র্যাকটিক্যাল গণ-শক্তিতে যেতে হবে। গণশক্তি না পড়লে আজকে দেখা যাচ্ছে হিমঘরে আলু রাখা যায় না। বিভিন্ন জায়গায় এই জিনিস ঘটছে। একদিন আপনারাই টাটা বিড়লাকে দালাল বলেছিলেন এবং তাদের কালো হাত ভেঙ্গে দাও, গুড়িয়ে দাও শ্লোগান তুলেছিলেন। আর, আজকে সেই টাটা, বিড়লাকে ওয়েলকাম করছেন। আপনারাই একদিন বলেছিলেন, "গো-ব্যাক ম্যাকনামারা"। আর, আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্ককে ওয়েলকাম করছেন। আপনাদের সেই চিন্তা-ভাবনা কোথায়? আপনাদের জন্য আজকে আমরা ক্রমশ পিছিয়ে যাচ্ছি সবদিক থেকে—শিল্প, কৃষি, শিক্ষায়। বিগতদিনে আপনারা যদি বিরোধীদের ভূমিকা সঠিকভাবে পালন করতেন, দেশকে পরিচালনা করতেন তাহলে দেশের আজকে এই সর্বনাশ হত না। তাই আজকের এই প্রজন্ম আপনাদের আশির্বাদ করবে না, অভিশাপ দেবে।

আজকে এই প্রজন্মের কাছে বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্নভাবে বাধা এসে দাঁড়িয়েছে, সব দিক থেকে তাদের উপর আঘাত আসছে, সেই সব আঘাত থেকে তাদের যদি

আশ্রয় দিতে আপনারা বাধাপ্রাপ্ত হন তাহলে কাজ হবে না। মাননীয় চেয়ারম্যান স্যার, এগুলো দেখা দরকার। উৎপাদিত ফসলের বাজার আছে কিনা, উৎপাদিত ফসলের সংরক্ষণ হচ্ছে কিনা, উৎপাদিত ফসলের বিপনন হচ্ছে কিনা এগুলো সুস্পষ্ট ভাবে দেখতে হবে, এ ব্যাপারে চিন্তা-ভাবনা করতে হবে। আজকে আমরা যা চিন্তা করব সারা ভারতবর্ষের মানুষ পরে তা চিন্তা-ভাবনা করবে—আজকে আমরা সেটা থেকে পিছিয়ে যাচ্ছি, সব দিক থেকেই পিছিয়ে যাচ্ছি। আমরা এখনও পর্যন্ত দিনমজুর, ক্ষেতমজুরদের ঠিকমতো মজুরি দিতে পারি নি। এখনও পুরুলিয়া, বাঁকুড়ার বহু মানুষ অনাহারে থাকেন, আমরা দেখি তারা নগ্ন দেহে ঘুরে বেড়াচ্ছেন। আমরা দেখি পুরুলিয়া, বাঁকুড়া ইত্যাদি জায়গা থেকে প্রায় ২-৩ লক্ষ মানুষ রুজি-রোজগারের জন্য তাঁরা বর্ধমান, হুগলি, হাওড়ায় আসছেন। এই সব আদিবাসী মা, ভাই, বোনদের জন্য সেই সব জায়গায় থাকার সুব্যবস্থা নেই, চিকিৎসার সুব্যবস্থা নেই। এগুলো দেখা দরকার। ট্রেড-ইউনিয়ন করে তাদের সংগঠিত করে এগুলো দেখা দরকার। সব দিক থেকে সব কিছু চিন্তা-ভাবনা করে দেখা দরকার। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট-মোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শুভেন্দু চৌধুরী** ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় ৪৭, ৪৮, ৫৫, ৫৬, ৫৮ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি আর বিরোধীদের কাট-মোশানগুলোর ভিতর বিন্দুমাত্র সত্যতা নেই সেজন্য আমি কাটমোশানগুলোর বিরোধীতা করছি। আমি কয়েকদিন ধরে এখানে অনেকের বক্তব্য শুনলাম। মাননীয় অতীশ বাবু বাজেটের সময় যে বক্তব্য রেখেছিলেন আজকেও সেই একই কথা বললেন। ভূমিসংস্কার সম্পর্কে তিনি একই বক্তব্য রেখেছেন। মাননীয় অতীশ বাবু তাঁর পিতৃকর্মের জন্য গর্বিত, তিনি তাঁর পিতার ভূমিসংস্কারের জন্য গর্বিত, তিনি নাকি ভূমিসংস্কার করেছিলেন। আমরা জানিনা যে তিনি কি ভূমিসংস্কার করেছিলেন। জমিদারী প্রথা দীর্ঘদিন আগেই উচ্ছেদ হয়েছিল। ভূমিসংস্কার হয়েছে কিন্তু সেই ভূমিসংস্কারের ফলে কারা, কোথায় জমি পেয়েছে? সেই ভূমিসংস্কারের ফলে জমিকে বিলি করা যায় নি। সেই জমিকে বিলি করেছে কারা? তাঁদেরকে বাস্তববাদী হতে হবে, বাস্তবের কথা স্বীকার করতে হবে। বাস্তবের মুখোমুখি হয়ে দেখতে হবে জমি কারা বিলি করছে? ভূমিসংস্কার আমরা রূপায়িত করেছি। ১৯৬৭, ১৯৬৮, ১৯৬৯ সালে আমরা ভূমিসংস্কার করতে চেষ্টা করেছিলাম, কিন্তু তখন ভূমিসংস্কার করা যায় নি। কিন্তু আমরা ১৯৭৭ সালের পর

ভূমিসংস্কার করতে পেরেছি। ভূমিকে তো ভল্টে বা সিন্দুকে লুকিয়ে রাখা যায় না, আপনাদের সময় জমি ছিল কিন্তু তখন জমি বিলি হয় নি। সেই জমিগুলোকে আপনারা নিজেদের নামে, নিজেদের অনুগতদের নামে রেখেছিলেন। অতীশবাবুর, বক্তব্য বলার সময় ওঁনার কিছু অ্যালার্জি আছে। আমরা যখন বলি ধান উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম, আলু উৎপাদনে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে আছে, তখন উনি অ্যালার্জি বলে বলেন যে, আমাদের হিসেবটা ঠিক নয়, তিনি তখন আমাদের অংক শেখাতে লাগেন। তিনি একজন বিধায়ককে দেখিয়ে বলেছেন যে, 'উনি অংক জানেন না'। হ্যাঁ, আমরা অংক জানি না। যে অংকে ভূমিসংস্কারের নামে জমিকে নিজেদের নামে, নিজেদের অনুগতদের নামে লিখে রেখে জমিকে লুকিয়ে রাখা হয় সেই অংক আমরা জানি না।

[5-20 — 5-30 p.m.]

তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ক্ষেতমজুরদের ন্যায্য মজুরি থেকে বঞ্চিত করার অংকও আমরা জানিনা। এখন আর উপজাতি সম্প্রদায়ের ক্ষেতমজুরদের 'একবার বিশ বল বাবু, একবার বিশ বল', এই কথা বলে কান্না-কাটি করতে হয় না। কারণ আমরা ঐ উনিশ-কুড়ির অংক জানিনা। আমরা ঐ অংক শিখিনি। আমরা অনেক অংকই জানিনা যা আপনারা জানেন। আমরা বাস্তববাদী, বাস্তবাদের অংক জানি। যার ফলে আমরা আপনাদের মতো ভূমি সংস্কার করি নি। আমরা যে প্রকৃত ভূমি সংস্কার করেছি তার সুফল রাজ্যের সর্বত্র পাওয়া গিয়েছে। মিঃ জাটুয়া ফ্রাগমেন্টেশন অব ল্যান্ডের কথা বললেন। উনি পদস্থ অফিসার ছিলেন, উনি কি জানেন না এটা ভারতবর্ষ একটা বিশাল জনসংখ্যার দেশ। জনসংখ্যার অনুপাতে জমি খুবই সীমিত। আমেরিকা বা অন্যান্য দেশের মতো আমাদের জমি নেই। আমরা জানি ভূমি সংস্কার হলে ফ্রাগমেন্টেশন অব ল্যান্ড হবে। তার জন্য কি ভূমি সংস্কারে বাধা দিতে হবে? ভূমি সংস্কার হবে না? ফ্রাগমেন্টেশন অব ল্যান্ড সত্ত্বেও ক্ষেতমজুরদের আমরা জমি দিতে পেরেছি। তাদের জন্য আমরা লোনের ব্যবস্থা করেছি, সার এবং অন্যান্য উপকরণের ব্যবস্থা করেছি। এই সমস্ত ব্যবস্থার মধ্যে দিয়ে তারা উৎপাদনকে প্রসারিত করছে। এর জন্য আমরা গর্বিত। পশ্চিমবাংলায় যেভাবে আমরা খাদ্যশস্য উৎপাদনকে সম্প্রসারিত করতে পেরেছি তার জন্য আমরা গর্বিত। একটু আগে কাশীবাবু বললেন, 'বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে চাল আসছে।' আমার বাড়ি বাংলাদেশের বর্ডারে। আমি তো দেখছি

নিত্য আমাদের দেশ থেকে বাংলাদেশে চাল চলে যাচ্ছে। আমাদের এখানে বাংলাদেশ থেকে কখনোই চাল আসছে না। উনি যেটা বললেন সেটা ওঁর উর্বর মস্তিষ্ক প্রসূত থিয়োরি। ওঁকে ওঁর ঐ থিয়োরি থেকে ডিভেয়েট করতে হবে। উনি মাইলোর কথা বললেন। এক সময়ে ওঁরা মাইলো খাইয়েছিলেন। তখন আমাদের দেশের মানুষকে বলতে হয়েছে—'মাইলো খাইয়া, গামছা বেইচ্চা উদাম হইয়া নাচো।' ওঁরা আবার সেই অবস্থা করতে চান। কেন্দ্রীয় সরকার আবার গোটা দেশের মানুষদের মাইলো খাওয়াবার চেষ্টা করছে এবং কাশীবাবু তাকে ওয়েলকাম করছেন।

কৃষি ছাড়াও ৫৬ নং দাবির অধীন ফল তথা খাদ্য প্রক্রিয়াকরণের জন্য ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে। এই প্রসঙ্গে আমি সংক্ষেপে দু-একটা কথা বলতে চাই। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই এলাকায় প্রচুর পরিমাণে ফল উৎপন্ন হয়, কিন্তু আমরা এখন পর্যন্ত তার সঠিক প্রক্রিয়াকরণের ব্যবস্থা করতে পারিনি। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করছি। যে ফল ওখানে উৎপাদিত হয় তার অন্তত ৩৫ ভাগই প্রক্রিয়াকরণের মাধ্যমে বিপননের সুযোগ রয়েছে। এখন মাত্র এক ভাগ প্রক্রিয়াকরণ করা হচ্ছে। খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগ বিভিন্ন ক্ষেত্রে যদিও উদ্যোগ গ্রহণ করছে, কিন্তু তাদের উদ্যোগকে আরো সম্প্রসারিত করতে হবে এবং দ্রুতগতিতে বিভিন্ন পরিকল্পনাকে কার্যকর করতে হবে। ফুল, পান ইত্যাদির ক্ষেত্রে সংরক্ষণের পরিকল্পনা যেমন নেওয়া হচ্ছে তেমন বাংলার ঐতিহ্য এবং গর্বের যে মিষ্টান্ন, তাকেও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় সংরক্ষণের চেষ্টা করা হচ্ছে।

কোল্ড স্টোরেজ নিয়ে এখানে অনেকেই অনেক কথা বলেছেন। আমাদের সরকারের পক্ষ থেকে কোল্ড স্টোরেজ তৈরির চেষ্টা রয়েছে। আমাদের মালদা জেলায় দুটো কোল্ড স্টোরেজ হয়েছে। অন্যান্য জায়গায়ও কোল্ড স্টোরেজ হবে। সমবায়ের মাধ্যমে বিভিন্ন জেলায় কোল্ড স্টোরেজ তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। ডব্লু. বি. আই. ডি. সি. শিল্পপতিদের জন্য ওয়ান উইন্ডো ক্লিয়ারেন্সের ব্যবস্থা নিয়েছে। নতুন নতুন প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য এপিডা, ন্যাশনাল হর্টিকালচারাল বোর্ড এবং এফ. পি. ও.-কে একটা ছাতার তলায় নিয়ে যাওয়া হয়েছে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার কিছু সাজেশন আছে। হর্টিকালচারের বিষয়ে বিধানচন্দ্র কৃষি-বিশ্ববিদ্যালয়ে একটা ফ্যাকাল্টি হয়েছে। আমাদের রাজ্যের প্রত্যেক জেলায় এগ্রিকালচারের জন্য এ. ডি. ও. আছে। অথচ হর্টিকালচারের জন্য কোথাও

কোনও ডেভেলপমেন্ট অফিসার নেই। প্রত্যেক জেলায় একজন করে হর্টিকালচারাল ডেভেলপমেন্ট অফিসার নিয়োগ করা যায় কিনা তা আমি একটু ভেবে দেখতে বলছি। যারা বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ঐ ফ্যাকাল্টি থেকে শিক্ষাপ্রাপ্ত হচ্ছেন তাঁদের নিয়োগ করা যেতে পারে। তাহলে আমাদের বাগিচা শিল্পের উন্নতি হবে।

এখানে সেল্ফ হেল্প গ্রুপের কথা বলা হয়েছে। এ ক্ষেত্রে মহিলাদের দ্বারা কুটির শিল্প গড়ার সম্ভাবনা আছে।

আমরা বলতে পারি ছোট-ছোট কারখানা তৈরি করে, কনসোর্টিয়াম তৈরি করে। এটাই আমার সাজেশন, বাইরে এগুলি যেন বাজার করতে পারে। আর একটি আমার সাজেশন আছে, আমাদের মৌরীগ্রামে মোষের মাংস ১০০ ভাগ চালান হচ্ছে। আমি দেখেছি, বর্ডার এলাকায় প্রচুর পরিমানে গবাদি পশু বাংলাদেশে চলে যাচ্ছে। এটা সংবেদনশীল হতে পারে, কিন্তু তবুও আমি বলছি, এখানে এই গবাদি পশুর মাংস প্রক্রিয়াকরণ করা হোক অর্থাৎ অন্য জায়গায় যেন না যায়, এখানেই যেন প্রক্রিয়াকরণ করা যায়। ভেটেরেনারি দপ্তর আছে, এই দপ্তর আছে, সবার মিলিত প্রচেষ্টায় এখানে যদি প্রক্রিয়াকরণ করা যায় তাহলে আমরা লাভবান হতে পারি। সর্বশেষে আমি এই কথা বলতে চাই, আমাদের এখানে খাদ্য প্রক্রিয়াকরণ এবং কৃষি দপ্তর যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছে তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, প্রায় সাড়ে ৩ ঘণ্টা ধরে ১৭ জন বক্তা বিভিন্ন দলের বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ—কৃষি বিভাগ, কৃষি বিপনন এবং হর্টিকালচার দপ্তরের বাজেট নিয়ে আলোচনা করলেন। আমি আমার বক্তব্য ৫৬ নম্বর দাবির ব্যয়-বরাদ্দের সমর্থনে সীমাবদ্ধ রাখব। আমাদের এবারকার বাজেট যখন মাননীয় অর্থমন্ত্রী প্লেস করেছেন তখন তিনি বক্তব্য রেখেছিলেন যে আমাদের বাজেটের মূল কেন্দ্রবিন্দু হচ্ছে নতুন এমপ্লয়মেন্ট সৃষ্টি করা, কর্মসংস্থানের ব্যবস্থা করা। সেইদিকে আমাদের সমস্ত দপ্তর তারা কর্মসংস্থানের জন্য সেন্ট্রাল পয়েন্ট করে বাজেটগুলি তৈরি করেছেন। আমাদের এই হর্টিকালচার বা ফুড প্রসেসিং এটা আগে অন্য দপ্তরের সঙ্গে ছিল। এগ্রিকালচারের সঙ্গে ছিল, ইন্ডাস্ট্রির সঙ্গে ছিল। ৩।৪ বছর আগে অর্থাৎ ১৯৯৭ সাল থেকে পৃথকভাবে দৃষ্টি দেবার জন্য ফ্রুট প্রসেসিং, হর্টিকালচার দপ্তর তৈরি হয়েছে। অতীশবাবু বলেছেন ৪ কোটি টাকা খরচ হয়নি। আমি ঐ ব্যাপারে পরে আসব। কর্মসংস্থানের সবচেয়ে বেশি সুযোগ কৃষি

দপ্তরের বাজেট নিয়ে সরকারপক্ষের বক্তারা সঠিকভাবেই বলেছেন। চাল উৎপাদন আমাদের এখানে অনেক বেশি, ভারতবর্ষের চাইতে আমরা প্রথম স্থানে আছি। সেটা নিয়ে আমি বিতর্কের মধ্যে যাচ্ছি না, আমরা সেল্ফ সাফিসিয়েন্ট। এই চাল আমাদের খাদ্যের প্রধান বস্তু। সেটা হ্যাম্পার না করে সেখানে আমি হর্টিকালচার প্রডাক্ট লাগিয়ে আমাদের ভাল শ্রম দিবসের ব্যবস্থা তৈরি হবে। একই সময়ে সব পারব না, তবে কতটা পারব এই পারসপেকটিভ নিয়ে আমরা হর্টিকালচার ডেভেলপমেন্টের জন্য চেষ্টা করছি। আপনারা দেখবেন, আমি বাজেটে বলেছি, সবজি চাষ এলাকা এ বছরে ১০ হাজার হেক্টর বাড়বে। তাতে এমপ্লয়মেন্ট হবে, ৩১ লক্ষ ম্যানডেজ তৈরি হবে। আমি ফ্রুটে অর্থাৎ ফলে বলেছি, আমাদের নতুন এরিয়া হবে, ২ হাজার ২৪০ আমাদের টার্গেট। তাতে ম্যানেডেজ হবে—১৯ লক্ষ ১৫। সবজি অর্থাৎ ভেজিটেবল ম্যানডেজ ৩১০ অ্যাভারেজ আর ফ্রুট ম্যানডেজ ৮৫৫। এখন সেটা ডেভেলপ করতে গেলে শুধু চাষ বললেই হবে না, তার জন্য উন্নত মানের বীজ, সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ বলেছেন—তার জন্য চাই কোল্ড-স্টোরেজ। এতদিন পশ্চিমবঙ্গে বেসরকারিভাবে হয়েছে এবং সেটা মূলত আলু রাখার জন্য কোল্ড-স্টোরেজ সেটা কৃষি দপ্তর দেখছেন। কিন্তু সজ্জি এবং ফলের জন্য যে কোল্ড স্টোরেজ সেটা হবে মাল্টি-চেম্বার কোল্ড-স্টোরেজ। বহুমুখী কোল্ড-স্টোরেজ। এগুলি কো-অপারেটিভ সেক্টরে হতে পারে, এগুলি প্রাইভেট সেক্টরে হতে পারে, আমাদের সরকারি দপতরের মাধ্যমে হতে পারে, বেসরকারি ক্ষেত্রে হতে পারে এবং যে সমস্ত লোকাল বডিস—মিউনিসিপ্যালিটি বা জেলা পরিষদ আছে তারাও করতে পারে।

[5-30 — 5-40 p.m.]

এখানে ২৫ পারসেন্ট সাবসিডি আছে। ২ কোটি টাকা যদি মাল্টি চ্যানেল কোল স্টোরেজ করতে খরচ হয় তাহলে স্ট্রেটওয়ে আপনি ২৫ পারসেন্ট সাবসিডি পাবেন। এটা আমাদের এম.এল.এ. বন্ধুরা অনেকেই জানেন না, আমি জানিয়ে দিলাম। এ ব্যাপরে উদ্যোগ নেওয়ার দরকার আছে। কোন জায়গায় কোন ফলটা, কোন জায়গায় কোন সবজিটা করা দরকার সেটা দেখে সেখানে করা দরকার। অর্থাৎ প্রথমত হচ্ছে এরিয়াটা বাড়াতে হবে, দ্বিতীয়ত তার সংরক্ষণের ব্যবস্থা করতে হবে, তারপর প্রক্রিয়াকরণ করতে হবে কোল্ড চেন তৈরি করে। এইভাবেই আমরা কাজ করার চেষ্টা করছি। এখানে বিরোধীদলের সদস্য যারা বললেন তাদের মধ্যে অতীশবাবু খুবই পুরানো মেম্বার। এগ্রিকালচারের ব্যাপারে বলতে গিয়ে তিনি বললেন,

আমার এখানে ৪ কোটি টাকা নাকি খরচ হয়নি। আমি ভাবলাম ৪ কোটি টাকা পড়ে থাকবে কেন, তাই অফিসারদের কাছে খোঁজ নিলাম। দপ্তর থেকে যা জেনেছি সেটা হচ্ছে, ১০৪ লক্ষ অর্থাৎ ১ কোটি ৪ লক্ষ টাকার মতোন গত বছর কেন্দ্রীয় সরকার আমাদের টাকা পাঠিয়েছিলেন। সব টাকাটা ব্যয় হয়েছে। আগের কিছু এরিয়ার থাকতে পারে। সেইসব রেসিডিউ কিছু পড়ে থাকতে পারে, সেটা আমি জেনে ওঁকে জানিয়ে দেব। কিন্তু গত বছরে অ্যাজ সাচ কোনও টাকা পড়ে নেই। আর একজন সদস্য শ্রী অরূপ ভদ্র তিনি তো দেখছি নেই বলে চলে গিয়েছেন। তিনি বললেন, দক্ষিন ২৪ পরগনাতে কিছুই হয়নি। আমার আগে এই দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন তিনি দক্ষিণ ২৪ পরগণার বিধায়ক ছিলেন। মন্ত্রী অবশ্য সারা রাজ্যের ছিলেন। ওখানে দেখলাম ২২১ টা এই ফুড প্রসেসিং শিল্প আছে। তার মধ্যে ৪০টা হচ্ছে ঐ এফ. পি. ও. ইন্ডিয়া গভর্নমেন্টের, তাদের লাইসেন্স প্রাপ্ত। অথচ উনি বলছেন ওখানে একটাও শিল্প হয়নি। বিধানসভায় এসে বলার অধিকার বিরোধীদের নিশ্চয় আছে, নিশ্চয় তারা সমালোচনা করবেন কিন্তু কোনও দায়িত্ব না নিয়ে যা খুশি বলে যাবেন তা ঠিক নয়। কারণ এটা রেকর্ডেড হচ্ছে, নির্বাচক মণ্ডলির কাছে যাবে, কাজেই এইভাবে বলাটা ঠিক নয়। উনি যেটা বলেছেন সেটা ঠিক নয়। বিশেষ করে দক্ষিণ ২৪ পরগণাতে বড় শিল্প যেগুলি আছে তার মধ্যে আছে মেসার্স ড্রিমপ্যাক প্রাইভেট লিমিটেড, গড়িয়াতে। কনফেকশনারি আছে— ভারত বিস্কুট, গড়িয়াতে। তারপর পেপসি কোনও, সফট ড্রিংকের। তিনটিই দক্ষিণ ২৪ পরগনার ক্ষেত্রে এটা মোটেই প্রযোজ্য নয়। মাননীয় অতীশবাবুকে বলি, আমরা অনেক সময় অনেক সেক্টরে কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা বলি। উনি মুর্শিদাবাদের লোক, উনি গঙ্গার ভাঙ্গনের কথা জানেন। সেখানে আমাদের বঞ্চনা আছে। অন্যান্য ক্ষেত্রে বঞ্চনা আছে সেটা আমরা বলি। কিন্তু আমরা এটা বলি না যে ফুড প্রসেসিং বা হর্টিকালচারে কেন্দ্র আমাদের বঞ্চনা করছে।

বরং আমরা বলি, এ ক্ষেত্রে খুব কো-অপারেশন নিয়ে আমরা কাজ করছি। সেন্ট্রাল গভর্নমেন্টের যে সমস্ত অর্গানাইজেশনস আছে—এফ. পি. ও. এ. পি. আই. ডি. এ., ন্যাশানাল হর্টিকালচার বোর্ড-এরা সেন্ট্রাল গভর্নমেন্টের অর্গানাইজেশনস এবং এদের বাজেটে অনেক টাকা আছে। বিভিন্ন রাজ্য হর্টিকালচারের জন্য এখনও পৃথকভাবে দপ্তর করে নি, তবে কোনও কোনও রাজ্য করেছে। যারা করেনি তাদের ওখানে হর্টিকালচারে অ্যাটেনশন কম। আমরা করেছি এবং কোনও কোনও রাজ্য করেছে। এদের কাছ থেকে নানানভাবে আমরা সহযোগিতা পাচ্ছি। আমাদের

যে হর্টিকালচারের অফিস আছে, ফুড প্রসেসিং-এর অফিস আছে ময়ুখ ভবনে সেখানে কেন্দ্রীয় সরকারের সব কটা অর্গানাইজেশন—এফ. পি. ও. এ. পি. আই. ডি. এ. ন্যাশানাল হর্টিকালচার বোর্ড তাদের একটা জায়গায় নিয়ে আসছি এবং ওরাও আসছেন। ইন্ডাস্ট্রিয়ালিস্ট বা এন্ট্রোপ্রেনিয়ার যারা শিল্প করতে চাইছেন—ফুড প্রসেসিং-এ, সেখানে সব হেল্পটা—আমাদের হেল্প, সেন্ট্রাল গভর্নমেন্টের হেল্প, এক্সপার্টদের হেল্প, সব হেল্পটা তারা যাতে এক উইনডো থেকে পান সেটা আমরা দেখছি। সামগ্রিকভাবে আমাদের রাজ্যের ডেভেলপমেন্টের জন্য এটা দরকার। হাইব্রিড, এটা নিশ্চয় দরকার। এটা ঠিকই, আমাদের পশ্চিমবঙ্গে হাইব্রিড সিড সেরকমভাবে প্রডাকশন হচ্ছে না। আমরা এটা নিয়ে আসছি বাইরে থেকে। এ ব্যাপারে আমাদের অ্যাটেম্পট খুব বেশি হয়নি। এখন আমরা অ্যাটেম্পটটা নিয়েছি। কল্যাণীর আন্ডারে যে হর্টিকালচার ফার্ম রয়েছে, সেখানে একটা জয়েন্ট ভেঞ্চারে করে বাইরের টেকনোলজি নিয়ে হাইব্রিড সিড যাতে প্রডিউস হয় বিভিন্ন শস্যের তার জন্য বাঁকুড়ার একটি ফার্মে কমলবাবুর এগ্রিকালচার ডিপার্টমেন্ট চেষ্টা করছে। আমাদের আরো হাইব্রিড সিড দরকার, প্ল্যান্টেশন দরকার এবং হাই কোয়ালিটি প্ল্যান্টেশনের জন্য এরিয়ার এক্সপানশন দরকার। হাইব্রিড প্ল্যান্টেশন যদি বিশেষভাবে বাড়াতে পারি তাহলে ফ্রুট প্রসেসিং ইউনিটের সংখ্যা বাড়বে। তার সঙ্গে সঙ্গে বিভিন্ন ফুডপার্ক ইত্যাদি যা করবার, তার পরিকল্পনা আমরা নিয়েছি। আমরা আশা করছি, যে গতিতে কাজ এগোচ্ছে তাতে এ বছর যে ম্যানডেজ তৈরি হবে তাতে এটা উত্তরোত্তর পপুলার হবে এবং কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে পশ্চিমবঙ্গে কর্মসংস্থান অনেকটা বাড়াতে পারব। তার জন্য সমস্ত কাটমোশনের বিরোধিতা করে ৫৬ নং দাবির সমর্থনে আমার যে বক্তব্য তাকে সবাই সমর্থন করবেন, এই বলে শেষ করছি।

**শ্রীমতি ছায়া ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ডিমান্ড এর আগে অ্যাসেম্বলিতে পাঠিয়ে দিয়েছিলাম সেই ডিমান্ডের উপর ডিমান্ড করে আমি ছোট করে আমার বক্তব্য রাখব। আমরা দেখলাম যে, সভায় যাঁরা বক্তব্য রাখলেন তাঁদের মধ্যে বেশিরভাগই আমার বিভাগের উপর কোনও উল্লেখ করলেন না। তাই ধরে নেব যে, এগ্রিকালচার (মার্কেটিং) দপ্তর নিশ্চয়ই সমালোচনার উর্দ্ধে কাজ করেছে, তাই বিরোধী পক্ষ তেমন সমালোচনা করলেন না। আর সরকার পক্ষের বক্তাগণ তো একে সমর্থনই করেছেন। দুই-একজন অবশ্য বিরোধিতা করেছেন। তার মধ্যে যাবার আগে এই দপ্তর সম্পর্কে কয়েকটি কথা বলে নিতে চাই। এই

দপ্তর সাধারণভাবে দু'ভাগে বিভক্ত এবং সেটা বাজেটের মধ্যে আসে না। তার একটি হচ্ছে মার্কেটিং। সেখানে সচিবালয় আছে এবং জেলায় জেলায় মার্কেটিং অফিস আছে। সেখানে যাঁরা রয়েছেন তাঁরা বিভিন্ন কাজ করেন। তাঁরা কোল্ড স্টোরেজ ইত্যাদি দেখাশুনা করেন এবং সেটা লাইসেন্স পাওয়ার যোগ্য কিনা সে ব্যাপারে সার্টিফাই করেন। ইঞ্জিনিয়াররা সেটা দেখেন। কোল্ড স্টোরোজের দেখভাল মালিকরা ঠিকমতো করেন কিনা সেটাও তারা দেখেন। আর একটা হচ্ছে জুট। এই জুটের বিষয়ে অফিসারদের শিক্ষিত করা হয়েছে। গ্রেডেশন ঠিকমতো হচ্ছে কিনা সেটা বিভিন্ন জেলায় মাকেটিং ডিপার্টমেন্টের ঐসব অফিসারা দেখেন। আমাদের আর একটি কাজ হচ্ছে ফুড প্রসেসিং ট্রেনিং সেন্টার চালানো। আমাদের একরকম ট্রেনিং সেন্টার পশ্চিমবঙ্গে ২৪ টি রয়েছে। সেই সেন্টারগুলিতে আচার, জেলি ইত্যাদি কিভাবে করতে হয় সেটা বিশেষ করে মেয়েদের শেখানো হচ্ছে। আর একটি দপ্তর রয়েছে যেটা বাজেটের মধ্যে আসে না। সেটা হচ্ছে স্টেট মার্কেটিং বোর্ড। এখানে আমাদের মাননীয় সদস্য জ্যোতির্ময় রায় বলেছেন যে, এতে এত অল্প টাকা দেওয়া হচ্ছে যারফলে এক্ষেত্রে বিমাতৃসুলুভ ব্যবহার করা হচ্ছে।

তারা সব কথাটা জানেন না বলে এই কথাটা বললেন । হ্যাঁ, এই কথা ঠিক যে আমাদের টাকা বেশির ভাগ অংশ জেলা পরিষদকে দিয়ে দিই। দিয়ে দেওয়া মানে এটা নয় যে তারা নিজেরা ভোগ করবে। এই দপ্তরে যে কাজ তার বেশির ভাগ কাজ তারা করেন। কৃষকদের স্বার্থে রাস্তা-ঘাট কালভার্ট এক্জিকিউট হাউস, সমস্ত কিছু তারা তৈরি করেন। এই সব তৈরি করে এই দপ্তরকে তারা পক্ষান্তরে সাহায্য করছে। আমরা চাই যৌথ ভাবে কর্মসূচি নিয়ে চলতে। বামফন্ট্র সরকারের দৃষ্টিভঙ্গিই হচ্ছে পরস্পরের মধ্যে সহযোগিতা থাকবে। যারা বিভেদকামী মানুষ তারা এই দপ্তরে সম্পর্কে অন্য কথা ভাবতে পারেন। শরিক দলের এক জন সদস্য বলে তার প্রতি বিমাতৃসুলুভ দৃষ্টিভঙ্গি নিয়ে দেখা হবে এটা বামফ্রন্ট সরকারের মানসিকতা নয়। বিরোধি দলের একজন মাননীয় সদস্য একটা কথা বলেছেন প্রথমে আমি সেটা বুঝতে পারিনি। আমি তখন জানতাম না যে কেন্দ্রীয় সরকারকে গালাগালি করলে উনি সন্তুষ্ট হবেন। আমি এটা জানতাম না, জানলে ২-৩টি গালাগালি করতাম। বি. জে. পি.-র সঙ্গে ওনারা যে আর নেই সেটা ঐ মুহূর্তে আমি ভুলে গিয়েছিলাম। সেই জন্য কিছু বলিনি। দ্বিতীয়ত আমাদের স্টেট মারকেটিং বোর্ড আছে, এই বোর্ডের মাধ্যমে মূলত গ্রামাঞ্চলের মানুষের স্বার্থে কাজ করা হয়। যেমন সরকার পক্ষের একজন সদস্য, উনি না জেনে একটা কথা বলেছেন, আমি

তাঁর ভুলটা সংশোধন করে দিচ্ছি। তিনি বলেছেন বাঁশ ফেলে টাকা সংগ্রহ করা হয়। আপনি যদি আমার কাছে আসতেন তাহলে আমি ভাল করে বুঝিয়ে দিতে পারতাম। এই বাঁশ ফেলে যে ইনকাম হয়, বেকার ছেলেরা যে ইনকাম করে সেটা কৃষকদের স্বার্থে রেভিনিউটা জমা দেয়। সেই টাকা নিয়ে গ্রামে গঞ্জে কৃষকদের স্বার্থের কাজ করা হয়। আমাদের যে মার্কেটিং সেন্টারগুলি আছে সেখানে কৃষকরা যে বাজারে আসবে হাটে আসবে সেখানে যদি কাদায় ভরে থাকে তাহলে তারা কি করে আসবে? তাদের জিনিসপত্র গ্রামে সস্তায় বিক্রি করে দিতে হয়, টাউনে এলে বেশি দাম পাবে। তাদের স্বার্থে রাস্তাঘাট করতে হয় এবং এই দপ্তরের মাধ্যমেই করতে হয়। অনেকে চেকপোস্ট করেছে, ফরেস্ট বিভাগ চেকপোস্ট করেছে, সেলস্ ট্যাক্স অফিস চেকপোস্ট করেছে। স্টেট মার্কেটিং বোর্ড তাই চেকপোস্ট করেছে মানুষের স্বার্থে। তারা ইনকাম যা করে তা থেকে তাদের মাইনে হয় এবং মাইনে বাদ দিয়ে যেটা থাকে তা থেকে মানুষের স্বার্থে কাজ করা হয়। আপনারা দেখেছেন আমাদের টোটাল প্রায় ৪৮টি সুপার মার্কেট আছে। তার মধ্যে ৮টি খারাপ অবস্থায় আছে, আমরা জানি সেইগুলিকে আমাদের ভাল করতে হবে। বাকিগুলি আপনারা নিশ্চয়ই দেখেছেন, শিলিগুড়িতে আপনারা দেখেছেন, জলপাইগুড়িতে আপনারা দেখেছেন, বোলপুরে দেখেছেন মুর্শিদাবাদে দেখেছেন মালদায় দেখেছেন। আমি বলব না যে এইগুলি খুব ভাল অবস্থায় আছে, সেই জায়গায় আমরা যেতে পারিনি। কিন্তু লাগাতার প্রচেষ্টা আছে। আমি সেই দিন ধূপগুড়ি, জলপাইগুড়িতে গিয়েছিলাম। সেখানে দেখে আমার খুব ভাল লেগেছে, বিশাল হাট বসেছে, হাজার হাজার মানুষ পণ্য নিয়ে আসছে, সেখানে পন্য রাখার ব্যবস্থা আছে। তারপর সেখানে স্যানিটারি ব্যবস্থা সহ সব কিছু আছে। সেখানে একজিকিউটিভ বিল্ডিং হয়েছে, সেখানে কৃষকরা থাকবে রাত্রিতে। অনেক সময় টাকা নিয়ে গ্রামেগঞ্জে যাতায়াত করতে পারে না, সেইজন্য সেখানে লকার সিস্টেম আছে। কৃষকরা মিটিং করবে তার ব্যবস্থা আছে।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার :** বসুন, আপনারা বসুন। রবীনবাবু বসুন।

**শ্রীমতী ছায়া ঘোষ :** আপনারা সত্যের অপলাপ করবেন না। আমি যেটা বলছি, আপনারা একটু মন দিয়ে শুনুন। আপনারা ধৈর্য ধরে একটু শুনুন। আমি আপনাদের একটি কথা বলি, আপনারা অ্যাসেম্বলিতে বসে ভাল চীৎকার করতে পারেন। তবে আমরাও পারি। আমাদের চিৎকার অন্যভাবে। আমরা মাঠে চিৎকার

করি। আমরা চিৎকার করেছিলাম, 'খেতে দাও, পরতে দাও, নইলে গদি ছেড়ে দাও।' আমরা মাঠে দাঁড়িয়ে এই কথা বলেছিলাম। তার ধাক্কা অ্যাসেম্বলিতে লেগেছিল। আপনারা এখানে বসে অযথা চীৎকার করতে পারেন, তার সাউন্ড কিন্তু মাঠে গিয়ে পৌঁছুবে না। আপনাদের কথা মানুষ শুনছে না। আপনারা সত্যের অপলাপ করবেন না। সমস্ত মার্কেট, শেওড়াফুলিতে যে মার্কেট, সেটি করবার জন্য আমরা চেষ্টা করছি। আমাদের যেখানে যেখানে হয়নি, সেখানে সেখানে আমরা চেষ্টা করছি। কিন্তু যেখানে যেখানে হয়েছে, সেগুলোর জন্য আপনারা অনুগ্রহ করে অন্ততপক্ষে প্রশংসা করুন। আপনারা সত্যের অপলাপ করবেন না। স্বভাবতই আপনারা যে কাট মোশান নিয়ে এসেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের সদস্যরা যাঁরা সমর্থন করেছেন, তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। আমি এই বাজেটকে সমর্থন করছি। আমি আমার ডিমান্ড পেশ করলাম। আমাকে আপনারা একটু সাহায্য করুন, একটু সহযোগিতা করুন।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ৪৭নং, ৪৮নং, এবং ৫৫নং দাবির ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য যা পেশ করেছি, তার ওপরে আমি দু'একটি কথা বলতে চাই। বিরোধী পক্ষ এবং সরকারপক্ষের মাননীয় সদস্যরা তাঁরা কৃষির ওপরে বলেছেন। সবাই উদ্বিগ্ন। কারণ সবাই এটা বুঝতে পেরেছেন, বিশ্বায়নের যুগই হোক বা যাই হোক, কৃষি যদি বেঁচে না থাকে তাহলে আমরা কেউ বাঁচতে পারব না। সেজন্য আপনারা যেসব কথা বলেছেন, আমি সব অন্তঃসারশূন্য মনে করছি না। আমি স্বীকার করে নিচ্ছি, আমাদের কিছু করণীয় আছে। সেই করণীয়টা আমার নিজের ঘর থেকে শুরু করতে চাই। সেটি হচ্ছে, আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী তিনি বারবার বলেছেন যে, ওয়ার্ক কালচার ফিরিয়ে আনতে হবে। কাল নয়, এখুনি কাজগুলো যা আছে তা সেরে ফেলতে হবে। এবং তিনি কৃষির ওপরে অত্যন্ত গুরুত্ব দিয়েছেন। ইতিমধ্যে আমার সাথে তাঁর কয়েকবার এই নিয়ে বৈঠকও হয়ে গেছে। ক্রপ প্যাটার্ন কোথায় কি হতে পারে, কিভাবে আমরা এগোতে পারি, তিনি তার পেপার তৈরি করতে বলেছেন। পেপার তৈরি হয়ে যাবার পরে পশ্চিমবঙ্গ কৃষিতে যাতে একটা সুষ্ঠু জায়গায় দাঁড়াতে পারে, সক্রিয় হয়ে উঠতে পারে তার জন্য তিনি সমস্ত দপ্তরগুলিকে, যা আপনারা বললেন যে দপ্তরগুলির মধ্যে যোগসূত্র নেই, হয়তো যতটা হওয়ার দরকার ছিল তা নেই। আমি মনে করছি, যোগসূত্র যদি না তৈরি করা যায়, তাহলে আমরা পারব না। সেজন্য পেপারগুলো তৈরি হয়ে যাবার পরে সহকারী দপ্তরগুলোকে নিয়ে যেগুলো পরস্পরের পরিপূরক সেগুলোকে নিয়ে আমাদের এগোতে হবে।

[5-50 — 6-00 p.m.]

তাদের নিয়ে একদিন হোক, দুদিন হোক দরকার হলে পরপর কয়েকদিন আলোচনা করে সুস্থ্য সিদ্ধান্তে এসে রাজ্যের অগ্রগতি চাইছি। কাজেই আপনারা যেটা বলেছেন দপ্তরগুলোর মধ্যে যোগাযোগ নেই সেটা আমার অস্বীকার করে তো লাভ নেই। কিছুটা বাধা আছে, কিছুটা অসুবিধা আছে, আর কিছুটা ওই যে আমাদের সংবিধানের নিয়ম কানুন যেগুলো তৈরি হয়েছিল আপনাদের আমলে সেগুলো আমাদের বাধা হয়ে দাঁড়িয়েছে। সেগুলো পার করা অসুবিধা আছে সেটা নিয়ে চিন্তা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অতীশ বাবু আমাকে একটা বই, আমি যখন সমাজতান্ত্রিক ফরোয়ার্ড ব্লকের সদস্য ছিলাম সেই সময়ে সেই বইটা লিখেছিলাম মানুষের কাছে সেই বইয়ের থেকে বক্তব্য তুলে ভাবলেন খুব কায়দায় ফেলা গেছে, জব্দ করলেন। কিন্তু তা নয় অতীশ বাবু, আমি দুর্নীতির কথা বলেছি। দুর্নীতি মানে কি তহেলকা-ডট-কম দুর্নীতি, মানে কি বোফর্স দুর্নীতি—নীতির থেকে বিচ্যুত হলেই সেটা দুর্নীতি। যার যা কাজ করার সে যদি সে কাজ না করে—কে পি এস যদি মাঠে না থাকে, এডিও যদি এলাকায় না ঘোরে, সিড কর্পোরেশান যদি সঠিক সিড না দেয়, সময়মতো কৃষকদের কাছে পৌঁছে না দেয় তাহলে এটাও কিন্তু তহেলকা-ডট-কম কিংবা রাজীবের বোফর্সের থেকে কম নয়। তাই সেখানে দুর্নীতি দূর করবার জন্য সচেষ্ট হতে হবে। তাই আমি বলেছি আগে ঘরটাকে গুছিয়ে ফেলতে দিন। দীর্ঘ ১০ বছর পরে ফিরে এসেছি। এই ফিরে আসাটা কিন্তু আপনি যেভাবে বলেছেন অতীশবাবু সেভাবে নয়। আমি কারুর অনুকম্পার ফলে আসিনি। আমি আমার নিজের জায়গায় দাঁড়িয়ে নিজের দৃষ্টিভঙ্গি অটুট রেখে, আমি মর্যাদার স্বীকৃতি পেয়ে তবেই আমি ফিরে এসেছি। আর আপনারা বলছেন আমাকে তাড়িয়ে দেওয়া হয়েছিল—আমি চলে গিয়েছিলাম। সেটা হচ্ছে—একটা নীতির প্রশ্নে যে, আমাদের রাষ্ট্রের কোনও ভৌগলিক খণ্ড অন্য রাষ্ট্রকে দেওয়া যায় কিনা—এই নীতির প্রশ্নে সেদিন অমিল হয়েছিল। তাই আমাকে চলে যেতে হয়েছিল। তাই এই নীতি এখনও আমার আছে, সেই নীতি মেনে নিয়েছেন বামফ্রন্ট। মেনে নিয়েই তারা আমাকে স্বীকৃতি দিয়েছেন। কাজেই কোনও প্রশ্ন নেই। আর আপনাকে আমি ঠিক চিনি না তো ভাই। এবং রাজনীতির প্রাঙ্গনে-অঙ্গনে আপনার মুখ কোনওদিন আগে দেখি নি। আমি দীর্ঘ ৭৫ বছর ধরে রাজনীতি করছি। স্কুল কলেজ থেকে করছি, আপনাকে আমি চিনি না। তাই বলছি গদির লোভে নয়। যদি হত তাহলে এই কমল গুহ অন্য রকম হত। যেদিন আমি মন্ত্রীত্ব থেকে চলে গেলাম, তার পরের দিনই আমার

এলাকার মানুষেরা নিজেরা টাকা নিয়ে মোটর কিনে আমাকে বাড়িতে পৌঁছে দিয়ে গেল। তারা বলল আপনাকে চলতে হবে, ফিরতে হবে, কাজেই মানুষের শ্রদ্ধা, ভালবাসা সে কি জিনিস সেটা কালীঘাটের পুতুল হয়ে বোঝা যায় না। যাই হোক শুনে রাখুন যে জিনিস আমরা করতে চাইছি এরও অভিযোগ আছে। এই তিন দিন পাহাড়ের কোল ঘেঁষে যে বিস্তীর্ণ ফরেস্ট রয়েছে আসাম সীমান্ত থেকে ডুয়ার্স অঞ্চল পর্য্যন্ত ওই এলাকার সাধারণ মানুষের সাথে ঘুরেছি। সেখানে আপনার বিচ্ছিন্নতাবাদের দিকে ঠেলে দেবার চেষ্টা হচ্ছিল।

যাদের বিচ্ছিন্নতাবাদের দিকে ঠেলে দেওয়ার চেষ্টা হচ্ছে, আর সেই বিচ্ছিন্নতাবাদীদের, আমাদের একজন নেতৃ বারে বারে মদত দিচ্ছেন। আমি তাদের কাছে কয়েকবার পৌঁচেছি তারা এই কথা বলেছেন। তারা রাজনীতি বোঝেন না, তারা কিছু বোঝেন না, তারা বেঁচে থাকতে চায়; তারা এই কথা বলেছেন যে আমাদের কাছে সিড আসে না; শুনেছি মিনিকিট কেউ পায়, আমরা ঠিক সময়মতো মিনিকিট পাইনা। আমরা তাদের কাছে এই কথা বলে এসেছি সেখানকার এ ডি ও, মালবাজার এ ডি ওকে ডেকে সিড কর্পোরেশনের সিড যদি নির্দিষ্ট সময়মতো পৌঁছে না দেয় আপনারা সিড নেবেন না। আর যদি আপনারা সিড নেন—মিটিং করে বলে এসেছি—সময় উত্তীর্ণ হয়ে যদি আপনাদের কাছে মিনিকিট আসে আপনারা সেই বীজ নেবেন না। এবং যে বীজ কাজে লাগল না, নষ্ট হয়ে গেল, এ জাতীয় সম্পদ, এটা কাদের জন্য নষ্ট হল, আমরা সেই জিনিসটাকে নিয়ে বলতে চাই, সেই জাতীয় সম্পদ যারা নষ্ট করল তাদেরকে আমরা দায়ী করব। এবং আমাদের যে সরকারি অর্থের অপচয় হল, পাবলিকের অর্থ অপচয় হল, তাহলে সেই অফিসারের বেতন থেকে তা কেটে নেওয়া হবে। যে সিড পড়ে থাকল, ঠিক সময়মতো বিলি হল না কে পি এস রা গ্রাম ছেড়ে অফিসে বসে আছে, আমি তাদের লিস্ট চেয়েছি, আমি বলেছি দেখুন, কোন অফিসে কে পি এস রা গ্রাম ছেড়ে বসে আছে। সেই অফিসারদের দায়ী করা হবে। সেই কে পি এস দের দূর দুরান্তে বদলী করা হবে। এইভাবে ঘর গোছাতে হবে। যারা কাজ করবে, যারা কৃষকদের সেবার সৈনিক হবে, তারা যদি ঠিকমতো না চলে তাহলে এই যুদ্ধে আমরা জয়ী হতে পারব না। কেননা আমাদের অসম যুদ্ধ করতে হচ্ছে। চারিদিকে পুঁজিবাদরা, সাম্রাজ্যবাদরা, প্রতিক্রিয়াশীলরা পশ্চিমবঙ্গে আমাদের কণ্ঠরুদ্ধ করতে চেয়েছে। আমাদের মেরে ফেলতে চেয়েছে। এই অসমযুদ্ধে জিততে হলে আমরা যে কয়েকজন সৈনিক আছি বা আমাদের সঙ্গে যারা আছেন তাদের প্রত্যেককে এ থেকে জেড

পর্য্যন্ত সকলকে নিয়ম মেনে চলতে হবে। কাজ করতে হবে। সবাইকেই করতে হবে, আপনাদেরও চাই সেই সঙ্গে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কথাটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে আমাদের এখানে যে কাজটার কথা বলা হচ্ছে, যে ফার্ম-এর কথা বলছেন, যে বীজ খামারগুলি পড়ে আছে, তা দেখলে নিজেদের লজ্জা লাগে বেশি। কৃষকের জমি আবাদ হচ্ছে, আর এখানে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে অথচ কোনও ফসল হচ্ছে না। কোনও বীজ হচ্ছে না। সেইজন্য আমি আপনাদের সকলকে ডেকেছি যারা ট্রেড ইউনিয়ন করেন যারা কৃষক সংগঠন করেন, আপনাদের যাঁরা নেতা আছেন, এই পক্ষের যারা নেতা আছেন তাঁদেরকে আমরা মিটিঙে ডেকেছি। আমরা তাদের কাছে আবেদন করতে চাই এই বীজ খামারগুলি এখানে যদি ভাল বীজ তৈরি করা যায় সহজে সস্তায় আমরা কৃষকের ঘরে বীজ পৌঁছে দিতে পারব। অথচ বীজ খামারগুলি পড়ে আছে, কোনও কাজ হচ্ছে না। এদের আমরা স্থায়ী করে দিলাম, স্থায়ী হওয়ার পরে বলছেন যে শনিবার, রবিবার ছুটির দিন, পাবলিক হলিডে; কিন্তু কৃষির ক্ষেত্রে সেই পাবলিক হলিডে মানে কৃষি কাজ হয় না, তা কিন্তু নয়, এদের সেটা বোঝাতে হবে। সেই ব্যাপারে আপনাদেরও দায়িত্ব আছে। আমাদেরও দায়িত্ব আছে। যেমন পুলিশ, ফায়ার ব্রিগেড এখানে পাবলিক হলিডে বলে কিছু নেই। তাদের ছুটিছাটার আলাদা ব্যবস্থা আছে। আমরা কৃষি খামারের যে কর্মী তাদেরও সেই ব্যবস্থা করে দেব। তাদের যে অধিকার প্রাপ্য ছুটি কিভাবে ফায়ার ব্রিগেডের কর্মীরা পায় কিভাবে পুলিশের কর্মীরা পায় তাদেরও আমরা সেই ব্যবস্থা করে দেব। কিন্তু যখন জল নামবে তখন রোয়ার কাজে লাগতে হবে। যখন চাষ করার দরকার হবে তখন চাষ করতে হবে। ঐ হলিডে থেকে এসে তারপরে কাজ করব, তা হবে না।

[6-00 — 6-10 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই আলোচনাটি ছটায় শেষ হওয়ার কথা ছিল। কিন্তু দেখা যাচ্ছে সময় আরও বাড়াতে। আমি ১৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম। আশা করি আপনাদের সকলের সম্মতি আছে।

**(সকলের সম্মতি নিয়ে সভার সময় আরও ১৫ মিনিট বাড়ানো হয়।)**

**শ্রী কমলকান্তি গুহ ঃ** হলিডের পরে এসে কাজ করবে তা হবে না। কৃষি খামারগুলোর ব্যাপারে আপনারা বিরোধী দলের যারা আছেন, শ্রমিক নেতা যারা

আছেন, ট্রেড ইউনিয়ন নেতা যারা আছেন, কৃষক সংগঠনের নেতা যারা আছেন, আপনারা সবাই আমাদের আলোচনা সভায় আসুন। যদি কেউ চিঠি না পান, তাহলে ফোন করে আমাকে জানান। আপনাদের সকলকে আমাদের আমন্ত্রণ থাকলো, আপনারা সবাই মিটিঙে আসুন। সে চিঠি পান বা না পান।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটা ব্যাপার এখানে এসেছে, এবং সেই ব্যাপারটা নিয়ে আজকে প্রশ্নোত্তর পর্বেও আলোচনা হয়েছে। কৃষি বীমা সম্পর্কে— এটা একটা বিতর্কিত বিষয় এবং আমরা মনে করছি যে সব দিক দিয়ে এতে কৃষকদের কোনও সুবিধা হচ্ছে না। আমরা যখন আগে চালু করেছিলাম, পশ্চিমবঙ্গে কৃষি বীমা, তখন আমরা এই কথা বলেছিলাম যে, এটাকে একেবারে লোয়ার লেভেলে নিয়ে যাওয়া হোক। আমরা কেন্দ্রীয় সরকারেকে বলে বলে নদীয়া জেলায় তিনটি গ্রাম পঞ্চায়েতে কৃষি বীমা করার জন্য অ্যাপ্রুভাল পেয়েছি। আপনারা একেবারে বাস্তব কথা বলেছেন, একটা গ্রামে বিভিন্ন রকম জমি থাকে, কোনওটা উঁচু জমি, কোনওটা নিচু জমি। যেমন—পুরুলিয়ায় আছে, বাঁকুড়ায় আছে, বীরভূমে আছে, এইসব এলাকার জমিগুলোর চরিত্র আলাদা। সেগুলোর ব্যাপারে আমাদের কথাবার্তা বলতে হবে, আরও আলোচনা করতে হবে। আর বিভিন্ন এলাকায় বিভিন্ন ধরনের কৃষিকাজ করবার দরকার আছে। যেমন ঝালদার বিধায়ক বলেছেন, তাদের ওখানে অনেক কিছু হচ্ছে, ফল, তরিতরকারী ইত্যাদি। আমাদের গতানুগতিক ভাবে চাষের ব্যবস্থা না করে, এক একটা জায়গা বুঝে আমরা মোটামুটি ঠিক করেছি কি করা যাবে। বাঁকুড়া, মেদিনীপুর-এর, পুরুলিয়া, বীরভূম-এর একটা বিশেষ অঞ্চল এখানে কি করা যায়, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্যদ গঠন হয়েছে তাদের সঙ্গে কথা বলে এবং সেখানকার জনপ্রতিনিধিদের সঙ্গে কথা বলে, কৃষক সংগঠনের সাথে কথা বলে এবং আপনাদের সঙ্গে কথা বলে এবং সেখানকার জনপ্রতিনিধিদের সঙ্গে কথা বলে, কৃষক সংগঠনের সাথে কথা বলে এবং আপনাদের সঙ্গে কথা বলে আমরা এগোব। বাঁকুড়ায় আমি যাব, আর কাশীনাথ মিশ্রের সঙ্গে কথা বলব না, এটা হতে পারে না। জ্যোতি বাবু চলে যাওয়ার পরে আমি এই হাউসের প্রবীণতম ব্যক্তি। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, সুন্দরবন এলাকায় আমাদের বিশেষ করে নজর দিতে হবে। উত্তরবঙ্গের সমস্যা আলাদা ভাবে নিয়ে, অঞ্চল ভিত্তিতে সমস্যাগুলিকে বিশ্লেষণ করে তার সমস্যার সমাধান করার চেষ্টা আমাদের করতে হবে।

এখানে একজন মাননীয় সদস্য কৃষি পেনশনের কথা বলেছেন। সাতাশ হাজার কৃষককে পেনশন দেওয়ার কথা। তার মধ্যে প্রায় আড়াই হাজার লোকের কৃষি পেনশনের টাকা খরচ করা যাচ্ছে না। কেন যাচ্ছে না, তা আমি জানি না। পশ্চিমবঙ্গের এই হতভাগ্য, দরিদ্র, বৃদ্ধরা, অসহায় কৃষকরা আজকে পেনশন পাচ্ছে না, এটাই বড় কথা।

তাই, যাদের উপর দায়িত্ব আছে তারা সেই দায়িত্ব দীর্ঘদিন ধরে পালন করছেন না, নাম পাঠাচ্ছে না, লিস্ট তৈরি করে দিচ্ছে না—তার জন্য অপেক্ষা করব না, আমি এক মাস সময় দেব, যদি এর মধ্যে তারা তাদের দায়িত্ব পালন না করেন, তাহলে কৃষিমন্ত্রী হিসাবে আমি উদ্যোগী হয়ে গ্রাম থেকে ঐসব হতভাগ্য, বঞ্চিত কৃষকদের নাম নিয়ে এসে তাদের কৃষি পেনশন দেওয়ার ব্যবস্থা করব। দীর্ঘদিন অপেক্ষা করব না। আমি তাই চাইছি একটা ঠিক জায়গায় পৌঁছে যেতে, কি সমস্যা আছে দেখতে এবং সেইভাবে যদি কৃষকদের জন্য কাজ করা যায় তাহলে পশ্চিমবাংলায় এই অবস্থার মধ্যেও আমরা কৃষকদের জন্য কিছু কাজ করতে পারব। সবটাই যে পারব তা নয়, কারণ আমাদের ভারতবর্ষের রাষ্ট্রীয় যে বিধান আছে, তার থেকে সামলে নিয়ে আমাদের চলতে হবে। তবুও আমরা বিশ্বাস করি, এই ঝড়ঝঞ্ঝা, তুফানের মধ্যে দিয়েও মানুষের প্রত্যাশা পূরণ করবার প্রতিশ্রুতি দিয়ে আমরা যারা এখানে এসেছি, আমাদের কিছু করণীয় আছে। ১৯৫২ সালে থেকে স্বাধীনতার পরে যত বার নির্বাচন হয়েছে, যেভাবে ভোটারদের মুখোমুখি দাঁড়িয়ে তাদের প্রশ্নের জবাব দিয়ে আমাদের বক্তব্যকে তাদের কাছে রেখে, তাদের পরীক্ষা-নিরীক্ষা বিবেচনা করার সুযোগে ভোট পেয়ে এবারে নির্বাচিত হয়ে আসতে হয়েছে, আগে কখনও সেরকম হয়নি। কাজেই যারা আমাদের উপর ভরসা রেখে আমাদের পাঠিয়েছেন, তাদের জন্য কিছু আমাদের করতেই হবে। শুধু কেন্দ্রের বাধা, এই বাধা, এসব আমরা শুনব না। বলছে—আইন যেমন আছে তাতে কৃষক নিজের বীজ তৈরি করতে পারবে না। কেন করতে পারবে না? আলবাৎ পারবে। তার জন্য যদি সংঘাতে যেতে হয় আমরা যাব, তার জন্য মুখোমুখি যদি দাঁড়াতে হয় আমরা দাঁড়াব, পশ্চিমবাংলার ৮ কোটি মানুষ আমাদের পাশে থাকবে। পশ্চিমবাংলার কৃষক নিজের বীজের উপর নির্ভর না করে বিদেশের বীজের উপর নির্ভর করবে, এটা আমরা মেনে নিচ্ছি না। ভালো বীজ যদি পাওয়া যায়, নতুন ভ্যারাইটির, তাহলে নিশ্চয় আনাব। কিন্তু যখন আমার ঘরে এসে যাবে, তখন নিশ্চয় সেটা রাখব। আমি রামচন্দ্র নই যে, লোকের কথায় সীতাকে পাতালে পাঠিয়ে দেব।

আমরা কৃষককে পাতালে যেতে দেব না, কৃষককে তাদের জায়গায় প্রতিষ্ঠিত করে রাখব, তাদের অধিকার যাতে ঠিকমতো বজায় থাকে সেটা করব,—তার জন্য যদি কেন্দ্রীয় সরকার বলুন, গ্যাট বলুন, আরও যা কিছু হচ্ছে, তাদের সঙ্গে সংঘাতে যেতে হলে আমরা যাব। মনে রাখতে হবে সংঘাতটা শুধু পশ্চিমবাংলার মধ্যেই সীমাবদ্ধ নয়। আজকে হয়ত মুখ ফুটে কেউ বলতে পারছে না, অন্য রাজ্যেও গরিব কৃষক আছে, সাধারণ মানুষ আছে, কিন্তু তাদের নেতৃত্ব দেওয়ার লোক নেই, সেখানে বামফ্রন্টের মতো সরকার নেই, বামপন্থী দলের মতো দল নেই। ফলে তাদের মুখ বুজে অত্যাচার, অবিচার সহ্য করতে হচ্ছে। কিন্তু এখানে যদি বিস্ফোরণ ঘটে, তার আঁচ তাদের কাছেও যাবে, তাই আমরা ন্যায়ের পথে চলব, অধিকারের পথে চলব। তাই সবিনয়ে একটা কথা বলতে চাই,—আমাকে একটা বছর সময় দিন, আমি মনে করি আমার দপ্তরের মধ্যে যদি আমি প্রেরণা যোগাতে পারি, কিছু অন্যায় দূর করতে পারি, তাহলে কৃষকদের আমরা ২৫ শতাংশ সুযোগ-সুবিধা দিতে পারব, বাকিগুলো পরে দেব। তাই একটা বছর সময় আপনাদের কাছে চাই, যাতে আগামী বাজেটে আপনারা আমাকে জবাবদিহি করতে পারেন, আমি উত্তর দিতে পারি, সেই সুযোগটা আমাকে দেবেন।

আমি আপনাদের কাছে আশা করি আমার যে ব্যয়বরাদ্দ রেখেছি, সেগুলিকে আপনারা সমর্থন করবেন। রাজনীতিটাকে একটু দূরে সরিয়ে রেখে বিরোধিতা আর নয়, সবাই একসঙ্গে আসুন আমাদের বরাদ্দকে সমর্থন করবেন, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-17 p.m.]

**Demand No. 47**

The motion of Shri Ashok Kr. Deb, Shri Saugata Roy, Shri Subrata Bakshi, Shri Abdul Mannan, Shri Deb Prasad Sarkar, Shri Kashinath Mishra that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Dasgupta that a sum of Rs. 202,24,35,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads "2401—Crop Husbandary (Excluding on Crop Horti-culture and Vegetable Crops) and 44-1-Capital Outlay on Crop

Husbandary to (Excluding Public Undertaking and Horticulture and Vegetable Crops)" during the year 2001-2002.

(This is inclusives of a total sum of Rs. 67,41,45,000 already voted on account in February, 2001) was then put and agreed to.

**Demand No. 48**

The motion of Shri Kalipadha Mondal, Shri Abdul Manan Shri Ajit Bhunia that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 32,73,89,000 be granted for expenditure under Demand No. 48. Major Heads : "2402-Soil and Water Conservation and 4402-Capital Outlay on Soil and Water Conservation" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 10,91,29,000 already voted on account in February, 2001) was then put and agreed to.

**Demand No. 55**

The motion of Shri Saugata Roy, Shri Tamonash Ghosh Shri Abdul Mannan, Shri Kallol Khana, Shri Sital Kr. Sarkar that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 62,50,72,000 be granted for expenditure during the year 2001-2002 under Demand No. 55, Major Heads : "2415-Agricultural Research and Education and 4415-Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)"

(This is inclusive of a total sum of Rs. 20,83,57,000 already voted on account in February, 2001) was then put and agreed to.

**Demand No. 58**

The motion of Shri Kashinath Mishra, that the Amount of the Demand be Reduced to Re. 1/- was then put and lost.

The motion of Shri Kashinath Mishra, Shri Ashok Kr. Deb, Shri Mostaque Alam, Shri Abdul Mannan, Shri Mahabubul Haque, Shri Gayan Singh Sohan Pal that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,73,99,000 be granted for expenditure during the year 2001-2002 under Demand No. 58, Major Heads : "2435-Other Agricultural Programmes and 4435-Capital Outlay on other Agricultural Programmes."

(This is inclusive of a total sum of Rs. 4,91,33,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

**Demand No. 56**

The motions of Shri Soumen Kr. Mahapatra, Shri Ashok Kr. Deb, Shri Saugata Roy, Shri Arun Bhadra, Shir Abdul Manan, Shri Mahabubul Haque that the Amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 24,51,57,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads : "2401-Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 2852-Industries (Foods and Beverages), 4401-Capital Outlay on Crop Husbandry (Horticulture and Vegetable Crops) and 6860—Loans for Consumer Industries (Foods and Beverages)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 8,17,20,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

**শ্রী তাপস রায় ঃ** স্যার, আমার পয়েন্ট অব ইনফর্মেশন হল, আজকে আমাদের ১৩ জন সহকর্মী বন্ধু তাঁরা রাইটার্স বিল্ডিং যায় যুবভারতী ক্রীড়াঙ্গনের ব্যাপারে সুভাষ চক্রবর্তীর বিবৃতি এবং সি. বি. আই. তদন্তের দাবিতে। পুলিশ তাঁদের লাঠি পেটা করে সেন্ট্রাল লক-আপে নিয়ে যায়। আমি এর তীব্র নিন্দা করছি। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি এঁদের তাড়াতাড়ি রিলিজের ব্যবস্থা করা হোক। আপনি জানেন কি না জানি, তাই আমি জানাচ্ছি। আপনি দয়া করে ওঁদের ছাড়ানোর ব্যবস্থা করুন। এঁরা হলেন সোনালী গুহ, পরেশ পাল, মলয় ঘটক, অর্জুন সিং, অখিল গিরি, অর্ধেন্দু মাইতি, পুণ্ডরিকাক্ষ সাহা, কালিপদ মণ্ডল, শীতল সর্দার, যোগরঞ্জন হালদার, তন্ময় মণ্ডল, বিমান চক্রবর্তী এবং মন্টুরাম পাখিরা।

## Adjournment

At this stage the House was adjourned at 6.17 p.m. till 11 a.m. on Wednesday, the 11th July, 2001, at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Aseeembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber in the Assembly House, Kolkata on Wednesday, the 11th July, 2001, at 11-00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 07 Ministers of State and 153 Members.

[11-00 — 11-10 a.m.]

**Mr. Speaker :** I have some sad information for the House. The leader of the Left Front Shri Sailen Dasgupta has expired yesterday. His deadbody has arrived in Kolkata today. Some Ministers have not been able to come to the House. Their questions would be held over. Tomorrow the House will stand adjourned because his cremation is to take place tomorrow. And we will read the obituary day after tomorrow.

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

**খেলনা বিক্রয় থেকে সরকারের আয়**

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০) **শ্রী রামপদ সামন্ত :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে দেশি ও বিদেশি খেলনার বিক্রয়কর কিরূপ; এবং

(খ) কলকাতা অষ্টম "খেলনা মেলা" ২০০১ থেকে বিক্রয়কর বাবদ সরকারের আয়ের পরিমাণ কত?

**ডঃ অসীম কুমার দাসগুপ্ত :**

(ক) (১) ইলেকট্রনিক খেলনা, ভিডিও গেম ইত্যাদি — যার শতাংশ

(২) অন্যান্য খেলনা — আট শতাংশ

(৩) মাটির তৈরি খেলনা — করমুক্ত (সম্পূর্ণ বা আংশিক)

(খ) এখন পর্যন্ত ৭,০০০ টাকা।

**শ্রী রামপদ সামন্ত ঃ** এই ধরনের দেশি ও বিদেশি খেলনার মেলা জেলা ভিত্তিক করার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** আমাদের যে অভিজ্ঞতা তা অষ্টম মেলার রাজ্যস্তর পর্যন্ত তাতে আমার মনে হয় জেলার অন্তত সদরে এই ধরনের খেলনা মেলা করালে উৎপাদকদের নতুন সম্ভাবনা খুলে দেবে, কর্মসংস্থান হবে এবং পথ-চলতি আমাদেরও কিছু কর আদায় হবে।

**শ্রী রামপদ সামন্ত ঃ** এই ধরনের খেলনা শিল্প, বিশেষভাবে বলতে চাইছি খেলনা শিল্পে কর্মসংস্থানমুখি যে বাজেট গ্রহণ করা হয়েছে সেই কর্মসংস্থানমুখি বাজেটকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, খেলনা শিল্পের উন্নতি করার জন্য টয় সিটি গড়ে তোলার কোনও পরিকল্পনা আছে কিনা?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** অর্থ দপ্তরের দিক থেকে যেটুকু বলার আছে তাতে এই ধরনের খেলনা, বিশেষ করে যেগুলো দেশি খেলনা, মাটির অংশ আছে তাকে করমুক্ত করে দিয়েছি। দেশি খেলনা শিল্পকে বিদেশে তৈরি খেলনা শিল্পের হাত থেকে, অসমান প্রতিযোগিতার হাত থেকে রক্ষা করার জন্য আমদানি করা বিদেশি খেলনার উপর করের যে হার আছে তার উপর ২০ শতাংশ বিলাস কর বসানোর প্রস্তাব রেখেছি। তৃতীয়ত, যে উৎসাহদান প্রকল্প বৃহৎ এবং মাঝারি শিল্পের জন্য আছে তা ক্ষুদ্র এবং কুটির শিল্পের জন্যও থাকবে। উপরোক্ত দুটো অতিরিক্ত প্রস্তাব বাজেটে রাখা হয়েছে। একটা হচ্ছে, ওদের কিছু নতুন প্রযুক্তি, ইত্যাদির সুযোগ, প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য উত্তরবঙ্গে, পশ্চিমাঞ্চলে এবং দক্ষিণবঙ্গে একটা 'প্রযুক্তি উদ্যান' স্থাপনের জন্য ২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়াও যদি কেউ এই শিল্পকে উন্নত করতে, এগিয়ে নিতে চান তাহলে 'উৎসাহ তহবিল' বা যাকে ভেঞ্চার ক্যাপিটাল বলে তার জন্য ২০ কোটি টাকা এই বাজেটে বরাদ্দ আছে। আশা করব খেলনা প্রস্তুত কারকেরা এগিয়ে আসবেন। এই সুযোগগুলো তাদের জন্য আছে।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি অতিরিক্ত প্রশ্ন করছি। আমাদের কুটির শিল্পকে উৎসাহ দেওয়ার জন্য এবং বিদেশে তৈরি বা বিদেশি খেলনার হাত থেকে আমাদের দেশিয় শিল্পগুলোকে বাঁচানোর জন্য আপনি চেষ্টা নিচ্ছেন, বাজেটে সেইভাবে বরাদ্দ করেছেন। আমি জানতে চাই যে, দেশি যে খেলনা তৈরি হবে যাতে সেটা আধুনিক ধরনের হয় বা যুগপোযোগী হয় এই ধরনের শিল্পীদের ট্রেনিং দেওয়ার কোনও ব্যবস্থা আছে কিনা? এবং যদি ট্রেনিং-এর কোনও ব্যবস্থা থেকে থাকে তাহলে সেটা কোথায় জানাবেন কি?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** শিল্প বাণিজ্য দপ্তরের আওতার মধ্যে প্রবেশ না করে যেটা বলছি সেটা হল — প্রত্যেক জেলার যেটা ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল সেন্টার, তাদের এই কাজগুলো করার জন্য রাখা হয়েছে। কিন্তু এই বছর যেহেতু কর্মসংস্থানের একটা বিশেষ উদ্যোগ আমরা নিচ্ছি মূলত ক্ষুদ্র এবং কুটির শিল্পের মাধ্যমে, তাই এই প্রশিক্ষণের ব্যবস্থা শুধু জেলা স্তরে নয়, প্রত্যেকটি ব্লক স্তরে সংশ্লিষ্ট দপ্তর এমনকি স্বেচ্ছাসেবি সংস্থা, বণিক সভাকে নিয়েও করার পরিকল্পনা গ্রহণ করেছি এবং বক্তব্য রেখেওছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন — মাননীয় মন্ত্রিমহাশয় আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছিলেন যে, এমপ্লয়মেন্ট জেনারেশনের উপর এই ষষ্ঠ বামফ্রন্ট সরকার জোর দেবেন। আমরা কিছুটা আতঙ্কিত যে, ভুবনীকরণের নাম করে কেন্দ্রীয় সরকার সমস্ত দরজা খুলে দিয়েছে এবং সেই সুযোগে বিদেশি যে সমস্ত সংস্থা তারা আমাদের এই বিশাল ভারতবর্ষের বাজারকে দখল করার চেষ্টা করছে। এই অবস্থায় আমাদের যে সমস্ত কুটির শিল্প যেটার উপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে বাজেটে, সেই কুটির শিল্পের যারা উদ্যোক্তা তাঁরাই তো এই খেলনা ইত্যাদি উৎপাদন করেন, সঙ্গত কারণে এই ভুবনীকরণের নামে আজকে আমাদের এই বিশাল ৮ কোটি মানুষের বাজার সেটা দখল করার জন্য চেষ্টা হচ্ছে। সেই অবস্থায় আমাদের দেশি উদ্যোগীদের যারা কুটির শিল্পের সাথে যুক্ত তাঁদেরকে সুরক্ষার জন্য, তাঁদের স্বার্থ সুরক্ষা এবং যাতে ব্যবসা বাণিজ্য আরও সম্প্রসারিত হয় সেজন্য রাজ্যসরকার বিশেষ করে আপনার দপ্তর কি কি ভাবে তাঁদেরকে সহযোগিতা করছেন? এবং তার পরিকল্পনা নিয়ে ঐ ভুবনীকরণকে প্রতিহত করার জন্য কি চেষ্টা করছেন সেটা অনুগ্রহ করে জানালে বাধিত হব।

ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের উত্তর অন্য দপ্তরকে নিয়েও সংপৃক্ত। সাধারণভাবে আমরা বলছি, আমাদের গোটা দেশের ক্ষেত্রে প্রযোজ্য, আমাদের রাজ্যের ক্ষেত্রে বিশেষভাবে, যে নির্বিচার আমদানি নীতি শুরু করা হয়েছে, বিশেষ করে বিশ্ববাণিজ্য সংস্থার চুক্তির পরে রাজ্যের সঙ্গে যে কখনও আলোচনা করা হয়নি, এখন এই নির্বিচারের কতকগুলো বিষয় আছে, রাজ্যের তালিকাভুক্ত বিষয়, তবুও আলোচনা হয়নি। এই অবস্থায় আমরা কি করব? আমরা খুব খোলাখুলি কেন্দ্রীয় সরকারের কাছে বলেছি, মাননীয় প্রধানমন্ত্রী যে সভা ডেকেছিলেন সেখানে আমরা বলেছি যে, যেহেতু প্রথম বিশ্বের দেশগুলো ঐ চুক্তি স্বাক্ষরিত হওয়ার পরে গত ৮ বছর ধরে নিজেদের সুবিধার জন্য, কখনও সেটা সবুজ ক্ষেত্র গ্রিন বক্স, নীল বক্স, হরিৎ ক্ষেত্র এই সব নাম করে সুবিধাগুলো তাদের দেশের বড়-ছোট শিল্পকে পাইয়ে দিয়েছেন। আমরা চুপ করে বসেছিলাম কেন? তাই এই সময় আমরা বলছি, আমরাও একটা মানুষের জীবিকা রক্ষা করার জন্য গোটা দেশে লাইভলিহুড বক্স — এই ধারনা যদি কেন্দ্রীয় সরকার নিয়ে পুনরালোচনা করেন, বিশ্ববাণিজ্য সংস্থার সঙ্গে ঋণ নেগোশিয়েট করেন — এটা প্রথম বিষয়, আগে সেটাকে আটকাতে হবে। আমরা প্রতিযোগিতা চাইছি—একটু সমান ক্ষেত্রে চাইছি, এতদিন সুবিধাগুলো প্রথম বিশ্বের দেশগুলো পেয়েছেন, কেন্দ্রীয় সরকার এখনও কোনও উদ্যোগ নেন নি, এই অবস্থায় দাড়িয়ে প্রথম উত্তর-আমরা আমাদের রাজ্যে বিদেশ থেকে যে আমদানিকৃত ভোগ্যপন্য আসছে সাধারণভাবে আমরা তার উপর বিলাস কর ২০ পারসেন্ট বসানোর প্রস্তাব রেখেছি। এটা বললে অপ্রাসঙ্গিক হবেনা। গত ৫ই জুলাই কেন্দ্রীয় অর্থমন্ত্রী একটা সভা ডেকেছিলেন, মুখ্যমন্ত্রীদের এবং রাজ্যের অর্থমন্ত্রীদেরও, সেখানে যখন এই প্রস্তাবটা আমরা বলি — রাজনীতি নির্বিশেষে সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী বিলাস কর বসানোর প্রস্তাবটাকে তারা স্বাগত জানিয়েছেন এবং বলেছেন যে আপনার প্রস্তাবটা পাঠান, আমরা বসাতে চাইছি। যদি আগামী বছর ভ্যালু অ্যাডেড ট্যাক্স বসে তাহলে আমরা প্রথম থেকেই বলছি রাজ্যগুলিকে কিছু অধিকার দেওয়া হোক যাতে তারা আমদানি করা জিনিসগুলির ওপর ভ্যালু অ্যাডেড ট্যাক্স বসাতে পারে। এ বিষয়ে ঐ সভায় সবাই সহ-মত ছিলেন, কেউ ব্যতিক্রমি কিছু বলেন নি। প্রতিযোগিতা যেমন চাইছি তেমন কিছুটা সুরক্ষার কথাও বলছি। দ্বিতীয় কথা হচ্ছে পুঁজি দরকার - চলতি মূলধন এবং মেয়াদী মূলধন। এর সাথে আর একটা জিনিস দরকার, নতুন প্রযুক্তির খবর স্বনির্ভর প্রকল্প যাতে ঋণ সাহায্য পায় তার ব্যবস্থা আমরা করছি। ব্যাঙ্কের

সহযোগিতার কথা বলছি। আমাদের রাজ্য সরকারের বেসিক এড টু ইন্ডাস্ট্রিস অ্যাক্ট বলে একটা অনেক পুরোনো আইন আছে। তার মাধ্যমে সরকার ক্ষুদ্র শিল্পকে সরাসরি ঋণ দিতে পারে। সেই ব্যবস্থাও আমরা করব। প্রযুক্তির সর্বশেষ জ্ঞান পৌঁছে দেওয়া হবে। সে জন্য আমরা উত্তর-বঙ্গ এবং দক্ষিণ বঙ্গের পশ্চিমাঞ্চলের জেলাগুলিকে নিয়ে প্রযুক্তি উদ্যানের কাজ শুরু করছি। গুচ্ছ প্রকল্প নিয়ে এগুচ্ছি। বড় শিল্পপতিদের সঙ্গেও যোগাযোগ রাখা হচ্ছে, এ বিষয়ে তাদের সাহায্যও নেওয়া হচ্ছে। সাধারণভাবে গড় ব্যয় কম রেখে কর্মসংস্থানের জন্য এইসব উদ্যোগ নিচ্ছি।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন বিদেশি খেলনার ওপর অতিরিক্ত বিলাস করা চাপাবেন। ক্ষুদ্র ও কুটির শিল্পকে পুঁজির যোগান দেওয়া হবে, প্রযুক্তি সরবরাহ করা হবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি— উৎপাদন সামগ্রির কাঁচা মালের যোগান দেওয়ার এবং বাজারজাত করার বিষয়ে সরকারের কি চিন্তা-ভাবনা আছে?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম, ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিস কর্পোরেশন কাঁচা মালের যোগান দিতে পারবে। তবে এখন পর্যন্ত এটা যথেষ্ট বিকেন্দ্রীকৃত করা নেই। এবিষয়ে আমরা উদ্যোগ গ্রহণ করছি। আর বিক্রির ক্ষেত্রে আমরা বনিক-সভাকে যুক্ত করছি। তাদের সঙ্গে আলোচনা হয়েছে। আপনারা জানেন প্রতি বছর আমাদের রাজ্যে ৩০ হাজার কোটি টাকার পণ্য আমদানি করছি অন্য রাজ্য থেকে। অনেক জিনিস আছে যা আমাদের রাজ্যেই করা সম্ভব। সেই ক্ষেত্রগুলিকে আমরা চিহ্নিত করেছি। আমার হিসেবে রাজ্য সরকার প্রতি বছর কোনও, না কোনও দপ্তরের মাধ্যমে পাঁচ হাজার কোটি টাকার পণ্য কেনে। সেসব পণ্যের বড় অংশই ক্ষুদ্র ও কুটির শিল্প যোগান দিতে পারে এবং দামের ক্ষেত্রে তাদের একটা বিশেষ সুবিধা দেওয়া আছে। সেটাই আমরা কড়াকড়িভাবে রূপায়িত করতে চাইছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** আমাদের রাজ্যে বা আমাদের দেশে যাঁরা খেলনা তৈরি করেন তাঁদের স্বার্থ রক্ষা করার জন্য এবং বিদেশি খেলনা যাতে অবাধে আমাদের দেশে না ঢুকতে পারে তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেটে ২০% ট্যাক্স ধার্য করার কথা বলেছেন। বাজেট বিতর্কের সময় এ নিয়ে আলোচনা

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন সারা ভারতবর্ষে যে বিদেশি পর্যটক আসে তার শতকরা ৪ ভাগ মাত্র পশ্চিমবাংলায় আসে এবং তার মধ্যে ৫০ শতাংশ বাংলাদেশ থেকে আসে। আগামী অক্টোবরের পরে একটা পর্যটন ব্যবস্থা করবেন বলেছেন। আমি জানতে চাই আমাদের পশ্চিমবঙ্গের দক্ষিণে রেল এবং বাসের সঙ্গে সড়ক যোগাযোগ আছে, কিন্তু উত্তরবঙ্গের সঙ্গে সড়ক এবং রেলের যোগাযোগ নেই। এই সম্বন্ধে কোনও পরিকল্পনা নেবেন কিনা জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** না। এখন পশ্চিমবঙ্গের পশ্চিম এলাকার সঙ্গে বাংলাদেশের যোগাযোগ চলছে আপনারা সবাই জানেন। কিন্তু উত্তরবাংলার সঙ্গে বাংলাদেশের কোনও রুট খোলে নি। এই নিয়ে গত ২-৩ বছর ধরে কথাবার্তা চলছে। কিন্তু এখনও কোনও পজেটিভ ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি বাংলাদেশের সঙ্গে বাসের যোগাযোগ রেলের যোগাযোগ। তবে এই নিয়ে আলোচনা চলছে, চিঠি-চাপাটি চলছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি উত্তরে বলেছেন ভুটানের সঙ্গে ব্যবস্থা হয়েছে এবং যে পর্যটক যায় তাদের ডুয়ার্সের দিকে আকর্ষণ যাতে বাড়ে তার জন্য ব্যবস্থা নিয়েছেন। আমি জানতে চাই ডুয়ার্সের যে স্থায়ী চিরহরিত বনাঞ্চল এবং সুন্দর অভয় অরণ্য সেই দিকে পর্যটকদের আরও আকর্ষণ করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করছেন কিনা জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** হ্যাঁ, ডুয়ার্সের তরাই অঞ্চলের বিশেষ আকর্ষণ করবার জন্য ৫টি ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি করা হয়েছে অভয় অরণ্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করার জন্য। অন্য জায়গায় চা বাগান এমনিতেই দৃষ্টি আকর্ষণ করে। ইতিহাস খ্যাত বক্সা ফোর্ট, এটাও অনেকের দৃষ্টি আকর্ষণ করে। এই সমস্তগুলি সার্বিকভাবে ঠিক টুরিস্ট স্টেশন হিসাবে উন্নত করার জন্য আমরা চেষ্টা করছি। বিশেষ করে অভয় অরণ্য সম্পর্কে বন দপ্তরের সঙ্গে পর্যটন দপ্তরের দু-একটা উঁচু লেভেলে মিটিং হয়েছে। অভয় অরণ্যকে সমৃদ্ধ করে উঁচু অবজারভেশন সেন্টার খোলা এবং আরও এলিফ্যান্ট রাইডিং-এর ব্যবস্থা করার আমরা চেষ্টা করছি। আমরা আশা করছি এই আর্থিক বছরের শেষ দিক থেকে ফলাফল পেতে পারি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের এই উদ্যোগকে প্রশংসা জানাই। এই বক্সা ফোর্টে বিভিন্ন স্বাধীনতা সংগ্রামিরা ছিলেন, এবং সেখানে নানারকম মর্মান্তিক

দ্শা আছে এবং ব্যাঘ্র প্রকল্প হয়েছে। এখানকার রাস্তা খুবই দুর্গম। এই দুর্গম স্থানে পৌঁছাবার জন্য আপনার দপ্তর থেকে রোপ ওয়ে-র কোনও ব্যবস্থা করার পরিকল্পনা আছে কিনা জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** এই কথা ঠিক যে ঠিক যেখানে বক্সা ফোর্ট আছে সেখানে উপরে ওঠা সাধারণ মানুষের পক্ষে অসুবিধা। যাদের বয়স হয়ে গিয়েছে, রাস্তা ভাল না থাকার ফলে এতো দূর হেঁটে উঠতে পারে না। যুবকদের এবং অন্য লোকেদের প্রতি এখানে যাতায়াত করার ব্যবস্থা আছে। রোপওয়ের চিন্তা-ভাবনা চলছে ঠিকই। কিন্তু রোপওয়ে অত্যন্ত ব্যয়বহুল ব্যাপার। আমরা বেসরকারি সংস্থার সঙ্গে এই ব্যাপারে যোগাযোগের চেষ্টা করছি। তারা রোপওয়ে করতে চায়। কিন্তু এর কস্ট বেনিফিট, তার মাশুল কত হবে, তার ওপরে এটা নির্ভর করছে। যদি মনে করি রোপওয়ের মাশুলটা, চড়ার ফি যদি সীমার মধ্যে থাকে তাহলে আমরা তাদের অনুমতি দেব। আর যদি সেটা আকাশছোঁয়া হয়, তাহলে হবে না। এইসব নিয়ে হিসাব নিকাশ চলছে।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল :** হিমাচল প্রদেশ, উত্তরপ্রদেশ, গুজরাট বা মধ্যপ্রদেশের পর্যটকদের টানার জন্য তারা বিশেষ বিশেষ পরিকল্পনা নিয়েছে - যেমন, যোগাযোগ ব্যবস্থা, আবাসন বা প্রচার ইত্যাদি বিষয়ে। এইক্ষেত্রে আমাদের রাজ্যে বিশেষ বিশেষ কি পরিকল্পনা নিয়েছেন তা অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** পর্যটনের আবাস সম্পর্কে বলি, আমাদের যে টুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে, তাদের কিছু টুরিস্ট লজ আছে। কিন্তু তাছাড়াও বেসরকারি টুরিস্ট লজ অনেক আছে। এই বেসরকারি টুরিস্ট লজগুলিই বেশিরভাগ মানুষের আবাসনের ব্যবস্থা করে থাকে। নীতি হিসাবে আমরা বেসরকারি পুঁজি নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছি। সুতরাং আমরা পাইলট প্রোজেক্ট হিসাবে কিছু কিছু করতে পারি। তবে মূলত আমরা বেসরকারি পুঁজিকে আহ্বান করছি। পশ্চিমবঙ্গে লজের অভাব হয়েছে, এইরকম অবস্থা নেই। যানবাহনের ক্ষেত্রে কিছু সরকারি ব্যবস্থা আছে। কিন্তু বেসরকারি ব্যবস্থাও যথেষ্ট আছে। প্রয়োজন হলে, আরও করার দরকার হলে - বেসরকারি সংস্থাগুলো রাজি আছে - আমরা তাদের আহ্বান জানাচ্ছি। আর পশ্চিমবাংলায় বাইরের পর্যটকদের আনার জন্য ভারতবর্ষের বিভিন্ন জায়গায় কিছু মেলা আছে, ট্রাভেল অ্যান্ড টুরিজম ফেয়ার হয় - আমরা সেই মেলাগুলোতে অংশ গ্রহণ করি। ভারতবর্ষের বাইরেও মেলা হয়, এর আগে সেগুলোও

অংশগ্রহণ করা হয়েছে, এবারেও অংশগ্রহণ করা হবে, যেখানে আমাদের লিটারেচার, ভিডিও, এগুলির সাহায্যে আমরা পর্যটন ব্যবস্থার প্রচার করে থাকি এই সমস্ত মেলাতে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রিমহোদয়, আপনি যে এলাকার পর্যটন শিল্পের বিকাশের শুভ বার্তা আমাদের জানালেন, সেই এলাকাটি আমাদের সার্ক কান্ট্রিভুক্ত দেশ নেপাল, ভুটান এবং বাংলাদেশ পরিবেষ্টিত হয়ে আছে। সেখানে তৃণমূলের ওরা কামতাপুরি, আলফাদের মদত দিয়ে ভুল বার্তা পৌঁছে দেবার চেষ্টা করেছে। ওখানে ল'অ্যান্ড অর্ডার যেমন ভাল আছে, তেমনি করিডোর ফ্রন্ট সেটা যাতে ডেভেলপ করে তেঁতুলিয়ার অভিজ্ঞতা আপনার নিশ্চয়ই আছে - উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের মধ্যে যে যোগাযোগ ছিল, সেটা চালু রাখার ব্যবস্থা করা - আপনার দপ্তর যে বলেছে স্বল্প মেয়াদি এবং দীর্ঘ মেয়াদি মাস্টার প্ল্যান যুক্ত করা - একদিকে হেরিটেজ ঐতিহাসিক স্থানকে যুক্ত করা, পাহাড়, বনাঞ্চল, চা বাগিচা, বনানী ভুটান - আসাম পরিবেষ্টিত এলাকার যে মাস্টার প্ল্যান নিয়েছেন তাতে স্বল্প মেয়াদি মাস্টার প্ল্যানের সুবিধা করে নাগাদ সফল হবে এবং দীর্ঘ মেয়াদি যে পরিকল্পনা তাতে পর্যটন শিল্পে এমপ্লয়মেন্ট জেনারেশন বাড়িয়ে দেবে, সেই বিষয়ে একটু অবহিত করলে বাধিত হব।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মূলত প্রশ্ন হচ্ছে উত্তরবঙ্গ এবং গোটা পশ্চিমবঙ্গের যোগাযোগ ব্যবস্থা যেটা বললেন তাতে কিছু সরকারি কিছু বেসরকারি রাস্তাঘাট ব্যবস্থা এইভাবে আমরা ঠিক ভাগ করি না, সংশ্লিষ্টভাবে ভাগ করি কিন্তু মোটের উপর রাস্তাঘাট খুব খারাপ নয়। যারজন্য পর্যটনের দিক থেকে কোনও অসুবিধা নেই। কিছু কিছু পর্যটন কেন্দ্রে যাওয়ার ক্ষেত্রে অসুবিধা হয় তার কারণ পর্যটন কেন্দ্রগুলো হয়ত ভেতরে ঢোকার পথে ১ কি.মি., ২ কি.মি. যাবার দরকার হয়। সেখানে ছোটখাটো রাস্তা করে আমাদের বিভাগ থেকে সভাধিপতিদের দিয়ে করানোর জন্য সাহায্য করা হবে। আরেকটা যে প্রসঙ্গে বলেছেন যে স্বল্প মেয়াদি এবং দীর্ঘ মেয়াদি তারমধ্যে স্বল্প মেয়াদির কিছু কিছু কনডাকটেড ট্যুরের ব্যবস্থা করেছি। ওই কনডাকটেড ট্যুরগুলোকে আরও বাড়ানোর ব্যবস্থা করছি। শুধু গোটা উত্তরবঙ্গ নয়, এখানকার মতো কনডাকটেড ট্যুরের ব্যবস্থা করেছি। তাছাড়া পশ্চিমবঙ্গে ওয়েভকন বলে একটি কনসালটেন্সি সাহায্য করবে। তারা পশ্চিমবঙ্গের পার্সপ্রেকটিভ প্ল্যান

পর্যটন উন্নয়নে দিচ্ছে। এই কাজটা অনেকটা এগিয়েছে, মাস ছয়েকের মধ্যে পর্যটন উন্নয়নের পরিকল্পনা দাখিল করবে এবং সেই ব্যাপারের পরে আমরা সেই অনুযায়ী ব্যবস্থা নেবার চেষ্টা করব।

**শ্রী তাপস রায় :** মাননীয় পর্যটন মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, আপনারা বাংলাদেশের দিকে নজর দিচ্ছেন কিন্তু পশ্চিমবঙ্গের পর্যটন শিল্পকে আরও আকর্ষণীয় করলে অনেক অর্থ আনতে পারবেন এটা আমার সুস্পষ্ট ধারনা। আর ভ্রমণপ্রিয় বাঙালিরা নৈসর্গিক, সাগর, বনাঞ্চল এবং জঙ্গল বেড়াতে যেতে চায়। সাধারণ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষেরা ভ্রমণপ্রিয়, তাদের জন্য আপনার দপ্তর থেকে ভ্রমণের কোনও ব্যবস্থা করছেন কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** ভ্রমণপ্রিয় বাঙালিদের জন্য পশ্চিমবঙ্গকে আকর্ষণীয় করার ব্যবস্থা নিয়েছি। এইবার পশ্চিমবঙ্গের ভেতরে নানা জায়গায় কনডাকটেড ট্যুরের ব্যবস্থা করেছি। সেখানে পশ্চিমবঙ্গে যত পাহাড়, পর্বত, নদী, নালা, সাগর, বন এবং জঙ্গল আছে এবং ঐতিহাসিক স্থান আছে সেগুলোকে আরও আকর্ষণীয় করার চেষ্টা করছি। সাথে সাথে ভারত সরকারের মাধ্যমে যাতে গোটা ভারতবর্ষে এটা প্রচারিত হয় তারজন্য ব্যবস্থা নিতে হবে। শুধু পশ্চিমবঙ্গ কেন দায়িত্ব নেবে, কেন্দ্রীয় সরকারের যে ট্যুরিজিম দপ্তর আছে তারও দায়-দায়িত্ব এরমধ্যে পড়ে। সেইজন্য পশ্চিমবঙ্গ সহ গোটা ভারতবর্ষের চিত্র যাতে ফুটে উঠে সেটা দেখতে হবে। সেই দিক থেকে উত্তরবঙ্গ সহ পশ্চিমবঙ্গের একটা ম্যাপ ওদের প্রচারপত্রের মাধ্যমে সেরকমভাবে প্রচার করা হচ্ছে না। যাইহোক, এখন বাঙালিরা বাংলা ছেড়ে গোটা ভারতবর্ষে ঘুরে বেড়াচ্ছে, গোটা ভারতবর্ষের জায়গা আকর্ষণ করে। কিন্তু আমাদের বাংলা-আসাম, মেঘালয় এর থেকেও সুন্দর। কিন্তু তা সত্ত্বেও আমরা ইনভাইটেড হয়ে যাচ্ছি। সুতরাং সেইদিক থেকে আমরা পশ্চিমবাংলাকে আরও বেশি ফুটিয়ে তোলার জন্য পদক্ষেপ নিচ্ছি। এবারে যেমন আমরা 'বাংলা দেখ' বলে অভিযান চালাবার চেষ্টা করছি, আগামী দিনে ৩রা আগস্ট গোটা পশ্চিমবাংলায় আমাদের কি আছে, না আছে, সবকিছু ছাপিয়ে ইলেকট্রনিক ভিডিও এইসবের মাধ্যমে একজিবিশন ও সেমিনার এর ব্যবস্থা করছি। কলকাতায় সি বেঙ্গল বলে একটা অনুষ্ঠান করছি। তারপরে আমরা পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় একই রকমের একজিবিশন করব যাতে গোটা ভারতবর্ষকে না পারলেও বাংলার জনসাধারণকে বাংলার দিকে মুখ ফিরিয়ে আনা যায় তার একটা পদক্ষেপ নিচ্ছি।

**শ্রী চিত্তরঞ্জন মণ্ডল :** স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা প্রশ্ন করছি, অতিরিক্ত প্রশ্ন। প্রশ্নটা হচ্ছে, বাংলায় বিভিন্ন পর্যটনক্ষেত্রগুলি আছে, এই সমস্ত পর্যটনক্ষেত্রগুলিতে আমি ২।৪ বার গিয়ে দেখেছি, কলকাতায় যে সমস্ত পর্যটনক্ষেত্রগুলি আছে সেইগুলিতে যে ব্যবস্থা আছে, সরকারি বা বেসরকারি বিভিন্ন রকমের যে প্যাকেজিং ট্যুর হয়ে থাকে সেখানে গিয়ে দেখা যায় পর্যটনক্ষেত্রগুলি নানা রকমের পরিবেশ দূষণে দূষিত হয়ে গেছে এবং পরিবেশ দূষণের জন্য এগুলির আকর্ষণ দিনের পর দিন হারাচ্ছে। অন্যান্য রাজ্যেও গিয়ে দেখেছি, তারা একে পরিস্কার রাখার চেষ্টা করেন। এই পরিবেশ দূষণের ব্যাপারে এবং আকর্ষণ বাড়াবার ব্যাপারে কি ভেবেছেন সেটা জানালে ভাল হবে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** এর আগে একটা প্রশ্ন ছিল, অন্য দিন, আমি বলেছিলাম, পর্যটনক্ষেত্রগুলিতে এইটা ওটা বাধানিষেধ করার ক্ষমতা পর্যটন দপ্তরের নেই। সরকারের অন্য বিভাগের আছে। পুলিশের আছে, মিউনিসিপ্যালিটির আছে, তবে সবাই মিলে আমরা চেষ্টা করছি যাতে এইগুলিকে ভালভাবে রাখা যায়। সুন্দর করা যায়। তাছাড়া আমরা পর্যটনক্ষেত্র সম্পর্কে একটা সরকারি নির্দেশনামা যা পশ্চিমবাংলায় এখন নেই, কোনও এলাকাকে পর্যটন ক্ষেত্র হিসাবে ডিক্লেয়ার করা এবং সেইক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করার সরকারি ক্ষমতার আইনকানুন নেই। আমরা চেষ্টা করছি, ইতিপূর্বে আমি সেই ব্যাপারে বলেছি, আমরা অন্যান্যভাবে চেষ্টা করেছি, বর্তমানে কিছু পলিউশন হয়েছে ঠিকই, তবে সেটা সেইভাবে দূর করা যাবে বলে মনে হচ্ছে না, তবে অনেকটা দূর করা যাবে।

**শ্রী দীপক সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পর্যটনমন্ত্রীর কাছে জানতে চাই, উনি একটু আগে জানিয়েছেন পর্যটন দপ্তর বাংলাদেশে ভ্রমণের জন্য প্যাকেজের কথা চিন্তা করেছেন এবং আগামী অক্টোবর মাস থেকে সেটা যাতে হতে পারে। আমার জিজ্ঞাস্য বাংলাদেশেতে যে সমস্ত পর্যটন কেন্দ্র আছে, আমরা কি সেইসব জায়গায় যেতে পারব? নাকি বিশেষ কোনও জায়গায় যেতে পারব, সেইরকম কি কোনও তালিকা পেয়েছেন, সেটা জানালে আমরা উপকৃত হবো।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** এখনও পর্যন্ত সেইরকম কোনও নির্দিষ্ট তালিকা তৈরি হয়নি, ব্যাপারটির প্রসেস চলছে। আগামী অক্টোবর মাসের মধ্যেই আমরা তালিকা পাব, কোথায় কোথায় যাওয়া যাবে।

**কাকদ্বীপ অঞ্চলে নদীবাঁধ সংরক্ষণের পরিকল্পনা**

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৪) **শ্রী মন্টুরাম পাখিরাঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার কাকদ্বীপ অঞ্চলে নদীবাঁধগুলি সংরক্ষণের কোনও পরিকল্পনা সরকার নিয়েছেন কি না; এবং

(খ) নিয়ে থাকলে, উক্ত খাতে ২০০০-২০০১ সালে মোট কত টাকা বরাদ্দ হয়?

**শ্রী অমলেন্দ্র লাল রায় ঃ**

(ক) হ্যাঁ, নিয়েছেন।

(খ) ২০০০-২০০১ সালে সামগ্রিকভাবে কাকদ্বীপ সেচ ভুক্তির পরিকল্পনা খাতে মোট বরাদ্দের পরিমান ২১১ লক্ষ টাকা।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী মন্টুরাম পাখিরা ঃ** অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি, কাকদ্বীপ নদীবাঁধের সংস্কারের জন্য আপনি কতগুলো পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী অমলেন্দ্রলাল রায় ঃ** ছোট বড় মিলিয়ে প্রায় সাড়ে ছয় কোটি টাকার ১৮টি প্রকল্পের কাজ ২০০০-২০০১ সালে হাতে নেওয়া হয়েছে। এইগুলো রাজ্য পরিকল্পনার বরাদ্দ এবং ন্যাবার্ডের থেকে সহায়তায় বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে কতগুলোর কাজ শেষ হয়েছে এবং বাকিগুলোর কাজ চলছে। আরও ছাব্বিশটি প্রকল্প তৈরি করা হয়েছে, যার আনুমানিক খরচ ধরা হয়েছে প্রায় ৫১ কোটি টাকা। এইগুলোর জন্য অর্থের সংস্থান এখনও হয়নি। অর্থের সংস্থান হলে এইগুলো বাস্তবায়িত করা যাবে। আরও আটটি প্রকল্প তৈরি করা হচ্ছে এবং তার প্রযুক্তিগত দিকগুলো খতিয়ে দেখা হচ্ছে।

**শ্রী মন্টুরাম পাখিরা ঃ** অতিরিক্ত প্রশ্ন, আপনি বললেন ২০০০-২০০১ সালে ২১১ লক্ষ টাকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন, এই পরিকল্পনার মধ্যে কতগুলো নদী বাঁধ সংস্কারের জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী অমলেন্দ্রলাল রায় :** আমি আগেই বলেছি ১৮টি প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে এবং এইগুলো বাস্তবায়িত হচ্ছে। তাছাড়া আরও ছাব্বিশটি প্রকল্প তৈরি করা হয়েছে এবং তার আনুমানিক খরচ কত সেটাও আমি বলেছি, অর্থের সংস্থান হলেই সেগুলো হাতে নেওয়া হবে। তৃতীয় দফায় আমি বলেছি, আরও আটটি প্রকল্প তৈরি করা হয়েছে। ১৮, ২৬ এবং ৮ এতগুলো প্রকল্প আমাদের হাতে নেওয়া হয়েছে।

**শ্রী মন্টুরাম পাখিরা :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি, কতদিনের মধ্যে এই প্রকল্পগুলো বাস্তবায়িত হতে পারে।

**শ্রী অমলেন্দ্রলাল রায় :** যেহেতু অনেকগুলো প্রকল্পের কথা আমি বলেছি, আপনি প্রকল্প ধরে ধরে প্রশ্ন করলে আমি বলতে পারব। আপনি অনুগ্রহ করে নতুন করে প্রশ্ন করলে আমি এর উত্তর দিতে পারব। আপনি একটা একটা করে ধরে প্রশ্ন করলে আমি যাটটি প্রকল্পের খরচ দিয়ে দিতে পারব।

**শ্রী মন্টুরাম পাখিরা :** ঠিক বর্ষাকালে না করে, বর্ষার আগে নদী বাঁধগুলো সংস্কারের কোনও পরিকল্পনা আছে কি এবং যেগুলো দীর্ঘকালীন অবস্থার মধ্যে রয়েছে, সেইগুলো কেনই বা হল না, সেটা অনুগ্রহ করে বলবেন কি?

**শ্রী অমলেন্দ্রলাল রায় :** পাঁচশালা পরিকল্পনা অনুযায়ী সুন্দরবনে ২২০০ মাইল বাঁধ আছে এবং ৬০০ স্লুইস আছে। এটা ঠিক যে, বর্ষার আগেও কিছু কাজ করতে হয়, বর্ষার সময়তেও কিছু কাজ করতে হয়। সবসময়ই যে বর্ষার সময় কাজ করাটা খারাপ তা নয়, এমারজেন্সির সময়, যখন ভেঙে চলে যাচ্ছে, তখন বর্ষার সময় কাজ করতে হয়। আবার এটাও ঠিক যে, সামগ্রিকভাবে পরিকল্পনা অনুযায়ী সারা বছর ধরেই কাজ করা হয়। শুধু কাকদ্বীপ নয়, সামগ্রিকভাবে সমস্ত সুন্দরবন এলাকার বিষয় নিয়ে গতকাল উচ্চ পর্যায়ের সরকারি বৈঠক করেছি এবং সেখানে এলাকার বিভিন্ন প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। বর্তমান পরিস্থিতিতে আসু কি করা যায় সেটা ঠিক করে সরকার অগ্রসর হবে - আপনাকে এই প্রতিশ্রুতি আমি দিতে পারি।

**শ্রী যজ্ঞেশ্বর দাস :** সুন্দরবনে ১৯৮০ সালের বন্যায় কাকদ্বীপ, সাগর, নামখানা, গোসাবা পর্যন্ত বিশাল নদীবাঁধ ভেঙে গিয়েছিল। সেইসময় ৭।৮ ফুট উঁচু করে কাজ হয়েছিল। তারপর দীর্ঘ কুড়ি বছরে নতুন কাজ কিছু হয়নি, শুধুমাত্র মেইনটেন্যান্স

করা হয়েছে। বর্তমানে নদীবাঁধগুলো মাত্র ৩।৪ ফুট উঁচু আছে, ছোট-খাটো সাইক্লোন হলেই সেইগুলো ভেঙে যাবে। আগামী দিনে সুন্দরবনের স্বার্থে এই ধরনের থরো ওয়ার্ক, একনাগাড়ে কাজ করার পরিকল্পনা আছে কিনা বা অর্থ বরাদ্দ আছে কিনা মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী অমলেন্দ্রলাল রায় :** মাননীয় সদস্য খুব ভালো ভাবেই জানেন, গতকাল যে উচ্চ পর্যায়ের বৈঠক হয়েছে, সেখানে তিনি উপস্থিত ছিলেন। আমরা সর্বসম্মত সিদ্ধান্ত নিয়েছি, এই সভাতেও বলতে চাই - কাজ সব সময়ে হওয়া দরকার, সব দিকে লক্ষ্য রাখা দরকার, যে বাঁধগুলো আছে - ভালো - মন্দ নয়, সারা সুন্দরবন এলাকার বাঁধগুলো তদারকি করা উচিত, সামগ্রিকভাবে বা এক নাগাড়ে কাজ করা দরকার, যেরকম দরকার সরকার সেইগুলো রক্ষা করার ব্যবস্থা নেবে।

**শ্রী অখিল গিরি :** উড়িষ্যা কোস্ট ক্যানেলের সংস্কারের পরিকল্পনা আছে কিনা এবং তা থাকলে কত বরাদ্দ আছে তা জানাবেন কি?

[11-50 — 12-00 Noon.]

**শ্রী অমলেন্দ্রলাল রায় :** মুশকিল হচ্ছে আপনি তো ২৪ পরগনা ছেড়ে দৌড়িয়ে মেদিনীপুরে চলে গেলেন, আমি তো অত দৌড়তে পারি না, আপনি দয়া করে আমাকে প্রশ্ন দেবেন আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী সুভাষ নস্কর :** স্যার, আপনার অনুমতি নিয়ে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে কাকদ্বীপ সুন্দরবন এলাকায় ১৯টা ব্লকে ৩ হাজার ৫শো কিমি নদী বাঁধ রয়েছে। আপনি জানেন যে এই নদীবাঁধ সুন্দরবনের মানুষকে বিব্রত করছে বিশেষ করে এই সময়ে। আপনার কাছে আমার জিজ্ঞাস্য যে বার বার বাঁধা হচ্ছে বার বার ভেঙে যাচ্ছে সুতরাং সামগ্রিকভাবে সুন্দরবনের জন্য একটা মাস্টার প্ল্যান করা যায় কিনা?

**শ্রী অমলেন্দ্রলাল রায় :** এইরকম টাইগার বেল্ট, ওখানকার সমস্যাটা আমাদের বিশেষ করে বিচার করে দেখতে হবে এবং স্বাভাবিকভাবেই খুচরো কাজ করে ওই এলাকার সমস্যার সমাধান করা যাবে না বলে আমরা মনেকরি এবং আপনারাও সকলে মনে করেন। সামগ্রিক একটা পরিকল্পনা এখনও গ্রহণ করা হয়নি। এজন্য নানারকম আলাপ আলোচনা হয়েছে, আগেও হয়েছে। আর আমাদের রাজ্যে বিভিন্ন

সময়ে মাস্টার প্ল্যান হয়েছে কিন্তু কার্যকর হয়নি। এক্ষেত্রে আমাদের একক কোনও ভূমিকা নেই। আমাদের সব ব্যাপারেই কেন্দ্রের কাছে টাকা পয়সার জন্য তাকিয়ে থাকতে হয়। কোনও মাস্টার প্ল্যানই আজ পর্যন্ত দু একটা ছাড়া কোনওটাই কার্যকর হয়নি। কারণ কেন্দ্রের দয়াদাক্ষিণ্য বলে যদি মনে করেন সেটা এখনও পাওয়া যায় নি। তা সত্বেও আমরা সুন্দরবনে সামগ্রিকভাবে মাস্টার প্ল্যান করা প্রয়োজন বলে মনে করেন তাহলে সেরকম মাস্টার প্ল্যান সরকার হাতে নেবেন এবং কার্যকর করার চেষ্টা করবেন।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছিলেন যে যে সমস্ত বাঁধগুলো ভেঙে গেছে ২১শে জুলাই এরমধ্যে সেই সমস্ত বাঁধকে আবার সংস্কার করবেন এবং ভাঙন প্রতিরোধ করবেন। যদিও প্রশ্নটা সুন্দরবন নিয়ে তবুও বলছি যে মালদা, মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম এই সমস্ত এলাকায় বাঁধ মেরামতের কি হল? ২১শে জুলাই আসতে কিন্তু আর বেশি দেরি নেই। আপনি আমাদের আশ্বস্ত করবেন কি?

**শ্রী অমলেন্দ্রলাল রায় ঃ** প্রশ্নটা আপনি অর্থমন্ত্রীর কাছে করেছেন, আনুষ্ঠানিকভাবে প্রশ্নটা অর্থমন্ত্রীকে করতে হবে। তবু আমি যতটুকু জানি আমি আপনাকে উত্তর দিচ্ছি। মালদাতে যে বাঁধগুলো হাতে নেওয়া হয়েছে তার মধ্যে সবচেয়ে বেশি সমস্যা সংকুল যে এইটথ টায়ার এম ব্যাঙ্কমেন্ট এর কাজ কতদূর অগ্রসর হয়ে আপনি ভালো করেই জানেন। আর পশ্চিমবাংলার বিভিন্ন বন্যা বিপর্যস্ত যে বাঁধ তার বিষয়ে বলি যে আমরা যে সময় সীমা নির্দিষ্ট করে দিয়েছিলাম ৩০ তারিখের মধ্যে সমস্ত বাঁধ সম্পূর্ণ হবে কিন্তু আমরা তো এটা মেকানিক্যালি দেখি না আমরা এতে সন্তুষ্ট। অধিকাংশ সমস্যাসঙ্কুল বাঁধ সেগুলো ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে।

**শ্রী নৃপেন গায়েন ঃ** প্রশ্নটা যদিও দক্ষিণ ২৪ পরগনা সম্বন্ধে ছিল কিন্তু উত্তর ২৪ পরগনারও একটা অংশ সুন্দরবনের মধ্যে রয়েছে এবং এখানেও নদী বাঁধের সমস্যা রয়েছে। সুতরাং এখানেও নিশ্চয় ঐভাবে পরিকল্পনা নেওয়া হবে বলে আশাকরি। আমার প্রশ্ন এই মুহূর্তে আমাদের সুন্দরবনের জ্বলন্ত সমস্যা হচ্ছে নিকাশি ব্যবস্থার সমস্যা। দীর্ঘদিনের যে নিকাশি ব্যবস্থা ছিল বা আছে, সেটা খানিকটা ব্যহত হয়েছে, মজে গেছে, খাল বা স্লুইস গেট নষ্ট হয়ে গেছে। বর্তমানে যারা রাজ্যের সাথে সাথে সুন্দরবন এলাকাতেও বৃষ্টিপাত হচ্ছে। পুরানো নিকাশি ব্যবস্থা মেরামত করে হোক বা নতুন করে করার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

**শ্রী অমলেন্দ্রলাল রায় ঃ** মাননীয় সদস্য জানেন যে, আমরা উত্তর ২৪ পরগনার ক্ষেত্রে জল নিকাশির সমস্যার জন্য সাময়িক এবং সামগ্রিক - দুটো ব্যবস্থা হাতে নিয়েছি এবং তার মধ্যে সাময়িক যেটা কর্মসূচি নেওয়া হয়েছে সেটা সম্পূর্ণ হয়েছে। সেটা জলনিকাশিকে তরান্বিত করার জন্য। এর খবর ভালোভাবেই আপনারা জানেন সেই কাজ কিভাবে করা হয়েছে। এটা জল নিকাশির সাময়িক ব্যবস্থা। অনেকে মনে করছেন এটা একটা দীর্ঘস্থায়ী কোনও ব্যবস্থা সরকার করছেন। এটা কোনও দীর্ঘস্থায়ী ব্যবস্থা নয়। জলনিকাশির স্থায়ী ব্যবস্থা কিভাবে করা যায়, উত্তর ২৪ পরগনার ক্ষেত্রে বলতে চাই, সেই সমস্যা আমাদের সামনে আছে এবং সেটা নিয়ে সব সময় আলোচনা চলছে সরকারি পর্যায়ে, বিভিন্ন পর্যায়ে এবং জনপ্রতিনিধিদের সাথেও সামগ্রিকভাবে আলোচনা করে এর দীর্ঘমেয়াদি এবং সাময়িক - দুটো কাজই সমান্তরালভাবে চলছে এবং চলবে।

### ড্রেজিং-এর মাধ্যমে ড্যামগুলিতে পলি অপসারণ

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৪) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের ড্যামগুলি ড্রেজিং-এর মাধ্যমে পলি অপসারণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, এ বিষয়ে কেন্দ্রীয় সরকার কোনও অর্থ মঞ্জুর করেছেন কি না?

**শ্রী অমলেন্দ্র লাল রায় ঃ**

(ক) বর্তমানে এরকম কোনও পরিকল্পনা রাজ্য সরকারের নেই।

(খ) না, এ বিষয়ে কেন্দ্রীয় সরকার কোনও অর্থ মঞ্জুর করেন নি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** এই ড্যামগুলোতে যে অবস্থাটা হয়েছে, যার পরিপ্রেক্ষিতে গত বছর ৯টা জেলায় বিশেষত বীরভূম, বর্ধমান, মেদিনীপুর, প্রভৃতি জেলাগুলিতে বন্যা হয়। কংসাবতী, ময়ূরাক্ষী প্রভৃতি ড্যামগুলোতে পলি পড়ে পড়ে খারাপ অবস্থার সৃষ্টি হয়েছে। সেই পলি অপসারণের চিন্তা-ভাবনা করছেন কিনা?

**শ্রী অমলেন্দ্রলাল রায় ঃ** যে ড্যামগুলোর কথা বললেন, ঐ ড্যামগুলোতে পলি পড়ার বিষয়টা যে প্রকল্প রিপোর্ট তৈরি হয়েছিল, প্রোজেক্ট রিপোর্ট তৈরি

হয়েছিল তাতে নির্দিষ্টভাবে বলা হয়েছিল। যেমন ধরুন ময়ুরাক্ষী রিজার্ভার প্রোজেক্টের সিল্ট ইনডেক্স থেকে আমরা পাই যে, পার হান্ড্রেড মাইলস পার ইয়ার ৭৫ একর ফিট পলি পড়বে, পলি জমবে। এই ইনডেক্স অনুযায়ী কংসাবতী, ময়ুরাক্ষী, মাইথন এবং পাঞ্চেত ড্যামে অল্প বিস্তর পলি পড়ার কথা। প্রোজেক্ট রিপোর্ট অনুযায়ী যদি ময়ুরাক্ষী রিজার্ভারকে ধরি তাহলে এর বয়স এটা ১০০ বছর চলার কথা, এটা ৫০ বছর হয়ে গেল। প্রোজেক্ট রিপোর্ট ইনডেক্স অনুযায়ী সিলটেশন যা পড়ার কথা তার থেকে অনেক বেশি পরিমানে সিলটেশন পড়েছে। এটা ফ্যাক্ট। ইন্টার-স্টেট রিভারগুলোর ডেভেলপমেন্ট এবং রেগুলেশনের দায়িত্ব সংবিধান অনুযায়ী ভারত সরকারের। তাদের কাছে এব্যাপারটা আমাদের উত্থাপন করার কথা এবং আমরা সেটা করেছি। ময়ুরাক্ষী রিজার্ভার প্রোজেক্ট কর্তৃপক্ষ করেছে, ডি.ভি.সি. কর্পোরেশনের তরফ থেকে করা হয়েছে। সেন্ট্রাল ওয়াটার কমিশন এটা টেক-আপ করবে তারা যদি টেক-আপ না করে তাহলে পলি অপসারণের কাজ আদৌও টেক-আপ করা হবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে।

## STARRED QUESTION
### (to which answers were laid on the Table)

### রাজ্য লটারি ও সরকারের আয়

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৩) **শ্রী তারক বন্দোপাধ্যায় :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য লটারির পরিচালন কমিটির সদস্যগণ কোনও বেতন বা অনুদান পান কি না;

(খ) ঐ লটারির খেলা বছরে কত বার হয়ে থাকে; এবং

(গ) গত আর্থিক বছরে (২০০০-২০০১) ঐ লটারি থেকে সরকারের কত টাকা আয় হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্য লটারির খেলা অধিকর্তা/ উপ-অধিকর্তা/ সহ-অধিকর্তার দ্বারা পরিচালিত হয়। এই লটারি খেলা তত্ত্বাবধানের জন্য তিনজন নিরপেক্ষ

ও বিশিষ্ট ব্যক্তিদের বিচারক হিসাবে নিযুক্ত করা হয়। এজন্য বিচারকগণ কোনও বেতন, অনুদান বা সাম্মানিক (Honorarium) পান না।

(খ) রাজ্য লটারির খেলা বিভিন্ন প্রকারের হয়ে থাকে এবং বছরে কতবার হয়ে থাকে তা নিম্নে বর্ণিত করা হল।

(১) সাপ্তাহিক খেলা - বছরে ৫০ থেকে ৫২টি খেলা হয়ে থাকে।

(২) বঙ্গলক্ষ্মী খেলা (মাসিক) - বছরে ১২টি খেলা হয়ে থাকে।

(৩) বঙ্গশ্রী সুপার খেলা (") - বছরে ১২টি খেলা হয়ে থাকে।

(৪) বঙ্গভূমি সুপার খেলা (") - বছরে ১২টি খেলা হয়ে থাকে।

(৫) বাম্পার লটারি খেলা - বছরে ৬টি হয়ে থাকে। বিভিন্ন মাসে তা নিম্নে দেওয়া হল ঃ—

(১) নববর্ষ বাম্পার (২) রথযাত্রা বাম্পার (৩) পূজা বাম্পার (৪) দেওয়ালি বাম্পার (৫) নিউ ইয়ার বাম্পার (৬) হোলি বাম্পার।

(গ) গত আর্থিক বছরে রাজ্য লটারির টিকিট বিক্রি বাবদ আদায়ের পরিমাণ ঃ ৩০,১৬,৮২,৪৩৬.৭০

পুরস্কার বাবদ এবং অন্যান্য খরচ বাবদ ব্যয়ের পরিমাণ ঃ ২২,৫৭,৫১,৭১২.০০

মোট রাজস্বখাতে জমার পরিমান (Provisional) ঃ ৭,৫৯,৩০,৭২৪.৭০

**পর্যটন কেন্দ্র গড়তে MOD রিসার্চ সেন্টারকে সমীক্ষার দায়িত্ব**

*২১২। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৪) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** পর্যটন বিভাগের রপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় নতুন পর্যটন কেন্দ্র গড়ার উদ্দেশ্যে MOD রিসার্চ সেন্টারকে সমীক্ষার দায়িত্ব দেওয়া হয়েছিল কি না; এবং

(খ) হলে, উক্ত বিষয়ে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উপরোক্ত সংস্থা তাঁদের রিপোর্ট পেশ করেছেন। পর্যটন দপ্তর এই রিপোর্ট খতিয়ে দেখছে।

**লালবাগে পর্যটন কেন্দ্র স্থাপন**

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৬) **শ্রী ইদ মহম্মদ ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) লালবাগে প্রস্তাবিত পর্যটন কেন্দ্র স্থাপনের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত পর্যটন কেন্দ্রটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) লালবাগে প্রস্তাবিত পর্যটন কেন্দ্র স্থাপনের কাজ শুরু হলেও বর্তমানে মহামান্য কোলকাতা উচ্চ আদালতের স্থগিতাদেশহেতু কাজ বন্ধ আছে।

(খ) কোলকাতা উচ্চ আদালতের স্থগিতাদেশহেতু কাজ বন্ধ থাকায়, এই সংক্রান্ত প্রশ্নের উত্তর দেওয়া এখনই সম্ভব নয়।

**Mr. Speaker :** Question Nos. 201, 203, 206, 207, 210, 211, 213, 215 and 216 are Held over.

[12-00 — 12-10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion. The first one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of reported non-conducting of Mathamatics Talent Search Examination by the Institute of Fundamantal Mathamatics Research the second one is from Shri

Ashok Kumar Deb on the subject of acute power crisis in the state and the third one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of steps taken by the State Government to investigats properly into the Yubabharati issue.

On the subject matter of the first and second motion two notices of Adjournment Motion were received yesterday consent to which was withheld by me. The first and second motions are thus out of order and I reject these.

Notice of an Adjournment Motion on the subject similar to the third motion was also received on 05.07.2001 consent to which was withheld by me. The third motion is thus also out of order and I reject it.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received six notices of Calling Attention on the following subjects. namely :—

| Subject | | Name |
|---|---|---|
| i) Apprehended closure of Collieries in and around Asansol | : | Shri Maloy Ghatak |
| ii) Deplorable condition of the workers of Burn Standard | : | Shri Kashinath Misra |
| iii) Reported sinking of a Haldia bound Ship | : | Shri Ashok Kumar Deb |
| iv) Plots distributed or allotted to various Industries/Organisations by the C.M.C. | : | Shri Partha Chatterjee |

v) Alleged spurt in death from Maleria in the State : Shri Nirmal Das

Notice on the same subject has already been admitted and statement due on today.

vi) Alleged deprivation of people of some villeges adjoining Biswa Bharati Campus, Shantiniketan from getting service of Municipality or Panchayat. : Shri Tapan Hore

I have selected the notice of Shri Ashok Kumar Deb on the subject of reported sinking of a Haldia bound Ship.

The Minister-in-charge may please make a statement today. If possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 16th July.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Irrigation & Waterways Department to make a statement on the subject of apprehension of shifting the Headquaters of Damodar Valley Corporation from Kolkata to Ranchi.

(Attention called by Shri Kashinath Mishra on the 3rd July, 2001).

**Shri Amalendra Lal Roy :** Hon'ble Speaker Sir, The Hon'ble Members of this House are aware that utilization of water re-

sources of the River Damodar and its tributaries towards overall economic development of the Damodar Valley, having a geographical area of 58,479 sq km (26,366 sq km in West Bengal and 32,113 sq km in Bihar/Jharkhand) was conceived even before the independence of the country.

The comprehensive plan for flood management, irrigation and power was prepared in the model of Tenessee Valley Authority (TVA) in USA, by Mr. W.L. Voorduin, Hydro-Electric Member, Central Technical Power Board, in the backdrop of the suggestions offered by the Damodar Flood Enquiry Committee on the devastating floods of the Damodar in 1943.

The sectoral targets in the 1st Phase of this Multipurpose Project were as under :

| | | |
|---|---|---|
| Flood Storage | : | 15.01 lakh acre ft. |
| Irrigation Potential | : | 10.28 lakh acres |
| Hydel Power Generation | : | 144 MW |

The Multipurpose Damodar Valley (DV) Project was executed by a Unified Authority - Damodar Valley Corporation (DVC), created by an Act of the Parliament, viz, Damodar Valley Corporation Act, 1948 (XIV of 1948).

The Damodar Valley Corporation Act, 1948 (Act No. XIV of 1948), was enacted with the Central Government, the Provincial Govt. of Bihar and the Provincial Govt. of West Bengal as the 'Participating Governments'. After the coming into being of the Jharkhand State out of Bihar, one of the participating Governments, by implication, would be Jharkhand instead of Bihar. Presently, the affairs of the D.V.C. are administred at the Centre by the Ministry of Power (MOP), Government of India (GOI) and the Departments of Power in the States.

The Legislative Assembly of the State of Jharkhand had recently passed a Resolution for shifting of the headquarters of DVC from Kolkata to Ranchi and in that connection, the Secretary, Ministry of Power, Govt. of India (MOP/GOI) sought the views of the Damodar Valley Corporation in the matter with his letter No.10/1/90-DVC dated 06-05-2001.

The issue of shifting of the headquarters of the Corporation from Kolkata to some place within the Damodar Valley was raised on several occasions earlier and the latest one for shifting it to Ranchi was placed in the 54th Meeting of the Corporation (Agenda Item No.12), held on Friday, the 29th of June, 2001 at 11-00 AM in the Board Room of DVC Towers, Kolkata (instead of 30-07-2000 as mentioned by Shri Kashinath Mishra, MLA in his Notice of Calling Attention dated 03-07-2001) for discussion and consideration of the Board.

The Secretary, Department of Power, Government of West Bengal, who represents the State of West Bengal in the DVC Board as one of its Members, had attended the said meeting.

It is understood that Shri Rajib Ranjan, Member, DVC, Jharkhand raised some points in the meeting and had circulated a note justifying the need for shifting of the headquarters of DVC from Kolkata to Ranchi. The Board considered the issue and had taken decision thereon (vide Resolution No.6911), as reproduced below:

"While considering the issue regarding shifting of DVC Corporate Office from Kolkata to Ranchi, the Board took notice of the points raised by Shri Rajib Ranjan, Member, DVC, Jharkhand and after detailed deliberation, it was decided that the Ministry of

Power be informed of the history and chronology of developments on this issue and the present status of various offices of DVC at Kolkata and different field locations, in the light of the discussions in the Meeting. It was considered that the Ministry of Power was the appropriate authority to seek views of the Participating Governments in this regard. The note circulated on the issue by Shri Rajib Ranjan Should also be sent to the Ministry of Power for appropriate action."

As on date, the State Government is yet to receive any communication from the Ministry of Power, Govt. of India on this issue.

In this connection, I may mention that the State of West Bengal has a number of strong reasons to oppose any such move. Some of the reasons are indicated below :

(i) The Government of West Bengal, being the largest contributor amongst the three participating Governments to DVC's capital reasources till date, its state in DVC is the most.

(ii) Direct & indirect benefits accrued from the DV Project in irrigation, flood control and power supply are much more extensive in West Bengal as compared to those in the State of Jharkhand.

(iii) Besides the power drawn by the industries, very large number of Low Tension (LT) consumers are catered by the DVC through West Bengal State Electricity Board (WBSEB) making the number of beneficiaries much higher in terms of population, as compared to the State of Jharkhand.

(iv) As regards generation of electrical energy by DVC, it can be said that though installed capacity-wise, many of the power plants are in the State of Jharkhand, effective capacity is greater in the State of West Bengal. According to the opinion of experts, the effective capacity in the State of West Bengal will last for a considerable period but the same can not be said about the effective capaicty of power stations situated in the State of jharkhand, as all the units in the Jharkhand State are old and of vintage models in comparison to those of West Bengal.

(v) Kolkata, being a metropolitan city, has much to offer to the Corporate Headquarters of DVC as compared to Ranchi. A large investment has already been made by the Corporation in acquiring the 'DVC Towers', the Corporate Headquarters of the DVC.

(vi) The perspective of overall economic development of the Damodar Valley through the unified authority of D.V.C. got diluted over the years. A dam has already been constructed by the State of Bihar - Tenughat Dam - to tap the water resources of the Damodar System which would have naturally flowed down to the existing dams built by D.V.C. As a result, West Bengal had to purchase irrigation water at an exorbitant price from the Government of Bihar for saving the standing boro crops in the State on a number of occasions. Close vigil of this government over the operation of the D.V.C. dams, including that at Tenughat, will have to be maintained for quite sometime now, till the unified control of the dams is achieved as per the mandate given to D.V.C. This aspect will also

require that the headquarters of the D.V.C. be kept in Kolkata.

(vii) The mandate given to the Corporation at the time of its constitution has remained unfulfilled as on date, so far as the flood control is concerned. In view of repetetive occurrence of flood in the State in recent times, it may become necessary to revive the demand of fulfilment of flood control commitments of the project to the extent possible. Shifting of the headquarters of DVC from Kolkata will adversely affect the interest of the State in this respect.

I can assure the House that the State Government would suitably react to the proposal when a request for expressing the views of the State comes from the Ministry of Power, Govt. of India.

[12-10 — 12-20 p.m.]

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সেচ ও জলপথ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়কে একটি অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করছি। মাননীয় মন্ত্রিমহাশয় তার স্টেটমেন্টের শেষে বলেছেন, I can assure the House that the State Government would suitably react to the proposal when a request for expressing the views of the State comes from the Ministry of Power, Government of India. কিন্তু এর যে Kolkata being a metropolitan city, a large investment has already been made by the Corporation. ডি.ভি.সি যে পাওয়ার ওখানে তৈরি করে, ওরা যেটা বলছে ঝাড়খন্ড ৯০ পারসেন্ট বিদ্যুৎ এখান থেকে নেয়। আমাদের পাওয়ারটা নেওয়ার চেয়ে বড় কথা যে উদ্দেশ্যে ডি.ভি.সি হয়েছে, দামোদর ভ্যালির বাঁধগুলি যে সময় তৈরি হয়েছিল সেটার অবস্থা এখন পর্যন্ত যা হয়েছে, যেভাবে মেনটেন করছেন সেটা উদ্বেগের বিষয়। শক্তি প্রসারিত করার জন্য যে উদ্যোগ পাওয়ার মন্ত্রী থেকে আরম্ভ করে যারা এই ব্যাপারে যুক্ত আছেন তারা রাজ্যের সঙ্গে কথাবার্তা বলছেন কিনা জানাবেন কি?

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় সদস্য মহাশয় জানেন যে একটা আইন আছে, সেই আইনে যে বিধান আছে তার বাইরে এখানে কেউ কিছু করতে পারবে না। এখানে যাবতীয় বেসিক ডিসিশন নিতে গেলে তিনটি পার্টিসিপেটিং গভর্নমেন্ট। ৩টির জায়গায় একটা হচ্ছে ঝাড়খন্ড, ঝাড়খন্ড আসছে কি আসছে না সেটা জানা নেই, ধরে নিচ্ছি এসেছে, এসে থাকলে তিনটি পার্টিসিপেটিং গভর্নমেন্ট ডিসিশন নেবেন। ডি.ভি.সি-র অ্যাজ ইট ইজ তার ডিসিশন নেবার ব্যাপার নেই। দি পার্টিসিপেটিং গভর্নমেন্ট মাস্ট ডিসাইড অন এনি বেসিক ইসু কনসার্নিং দি ডি.ভি.সি।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Health & Family Welfare Department to make a statement on the subject of outbreak of Malaria in Kolkata, North Bengal & South Bengal.

(Attention Called by Shri Kashinath Mishra on the 4th July, 2001.)

**Shri Pratyush Mukherjee :** Mr. Speaker, Sir, Unfortunately the State of West Bengal has been facing the cruelties of Malaria repeatedly for the past four/five years. To add fuel to the fire, malignant malaria has also raised its hoods, but the State Government has although, left no stone unturned to crush the disease at every occasion. The challenge has been accepted and the situation is tackled on warfooting every time.

The past experience has helped and loopholes have been screened and rooted out to facilitate quick and thorough pathological tests and individual care and diagnosis. Incidence of malaria in Kolkata, Uttarbanga and Dakshin Banga is much less and deaths are gradually decreasing in comparison to past few years.

## PREVENTIVE MEASURES ALREADY TAKEN

(a) Massive awareness campaign during June, 2001 (Anti Malaria Month).

(b) Procurement and supply of Anti Malaria Drugs to all Units.

(c) Anti Malaria Spray with D.D.T. 50% already started in different districts. Administrative approval of Rs.2.87 Crores already sanctioned.

(d) Immediate actions are taken where there are reportes of fever outbreaks. The situations are made under control within shortest possible time.

When a Blood mear taken from a person who is suffering/suffered from fever, examined under Microscope and found positive for Malaria parasite (Pv of Pf or Mixed), it is taken that he is suffering from Malaria.

If we examine the disease picture in a particular month, then spreading pattern can be understood.

**KOLKATA PICTURE AT MAY**

| Sl. No. | Month/ Year. | Blood slides Examd. | Blood slides found (+) | Pf No. | Slide Positivity Rate. | Pf% | Deaths |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | May'99 | 34,627 | 4311 | 332 | 12.44% | 07.70 | 03 |
| 2. | May'00 | 96.493 | 21659 | 2551 | 22.40% | 11.77 | 04 |
| 3. | May'01 | 75.020 | 9824 | 1288 | 13.09% | 13.11 | 04 |

It is clear from this table that incidence of Malaria in Kolkata during 2001 upto May is much lost. Deaths almost same in each year.

## UTTAR BANGA

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | May'99 | 78,217 | 5504 | 1354 | 7.04% | 24.58 | 20 |
| 2. | May'00 | 103,241 | 7367 | 2054 | 7.13% | 27.44 | NIL |
| 3. | May'01 | 142.088 | 6275 | 1785 | 4.41% | 28.40 | 07 |

Incidence of Malaria during 2001 is much loss. Deaths is loss than those in 1999.

## DAKHIN BANGA

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | May'99 | 468,415 | 5407 | 1630 | 01.15% | 30.14 | 09 |
| 2. | May'00 | 534,456 | 8803 | 2343 | 01.64% | 26.60 | 07 |
| 3. | May'01 | 642.086 | 7621 | 1620 | 01.18% | 21.20 | 04 |

Incidence of Malaria during 2001 is much less. Deaths are gradually deereasing.

[12-20 — 12-30 p.m.]

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** কাশীবাবু, আমি একটি বিষয়ে আপনার একটুখানি দৃষ্টি আকর্ষণ করছি। স্পিকার স্যার, উনি কলিং অ্যাটেনশনে যে প্রশ্ন করেছেন, আমার মনে হল, ইতিমধ্যে কয়েক হাজার আবালবৃদ্ধবনিতা - মৃত্যুর হার পঞ্চাশ জনের মতো হয়েছে। আপনি মৃত্যুর হার বলতে চেয়েছেন, না সংখ্যাটা বলতে চেয়েছেন - সেটা বললে ভাল হয়।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলাতে ম্যালেরিয়া নির্মূল হয়ে গিয়েছিল, ম্যালেরিয়া একেবারে নির্মূল হয়ে গিয়েছিল - সেটা যেভাবে ঘটছে - এবং সেখানে মৃত্যুর সংখ্যার যে হার, সংখ্যা এবং শতকরা হার দুটোতেই ফিগারে বাড়ছে। আমার মনে হয় সেই ফিগারটা আপনি দেন নি। সুতরাং এই ম্যালেরিয়া দূরীকরণের ক্ষেত্রে মানুষের সুবিধার জন্য আপনি কি চিন্তা ভাবনা করেছেন জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** You are entitled to one question. আপনি সেকেন্ড কোশ্চেনটা করেছেন এটা হবে না। ওটা হবে না আপনি বসুন।

## MENTION CASES

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোটা উলুবেড়িয়াতেই কোনও বিদ্যুৎ নেই। বিশেষ করে উলুবেড়িয়া হাসপাতালে বিদ্যুতের অভাবে অপারেশন করা যাচ্ছে না। এরফলে ওখানকার জনসাধারণ খুব ক্ষুব্ধ হয়ে আছে। তারপরে বিদ্যুৎ অফিসে লোকজনও থাকে না, সুতরাং আপনাকে তদন্ত করে দেখতে হবে কেন বিদ্যুৎ থাকে না। বিদ্যুতের অভাবে অপারেশন বন্ধ হয়ে আছে। অবিলম্বে বিদ্যুতের ব্যবস্থা করুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে ভারত-বাংলাদেশ এই দু দেশের সরকার এবং রাজ্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, আজ থেকে বাংলাদেশে যাত্রীবাহি ট্রেন চলাচল শুরু হয়েছে। যদিও এটা পরীক্ষামূলকভাবে হচ্ছে কিন্তু কয়েকদিনের পর থেকেই পুরোপুরি চালু হবে। এরইমধ্যে সৌহার্দ বলে একটি যাত্রীবাহি বাস ভারত-বাংলাদেশের মধ্যে চালু হয়েছে, ওটি খুবই জনপ্রিয় হয়েছে। এরফলে ভারত-বাংলাদেশের মধ্যে একটা মৈত্রী স্থাপন হবে। এই দুই দেশের মানুষ অনেক লড়াই করেছে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে, মৌলবাদের বিরুদ্ধে। আজকে এই সংযোগ স্থাপনের মধ্যে দিয়ে দুই দেশের মধ্যে একটা মৈত্রী সুদৃঢ় হল। আজকে যে ভারত-বাংলাদেশ রেল চলাচল শুরু হয়েছে সেটা প্রাক্তন রেলমন্ত্রী মমতা ব্যানার্জি উদ্যোগ নিয়েছিলেন। ভারত সরকার এবং রাজ্য সরকারও এই ব্যাপারে উদ্যোগ নিয়েছিলেন। সুতরাং সকলকেই অভিনন্দন জানাই, এই যাত্রা শুভ হোক এবং আশা রাখি ভারত-বাংলাদেশের মৈত্রী আরও সুদৃঢ় হোক।

**শ্রী কালীপদ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুর বিধানসভা কেন্দ্রে গাদিয়াড়া পর্যটন কেন্দ্র আছে। কিন্তু সেখানে বাস স্ট্যান্ড না থাকার ফলে লোকাল বাসগুলো ওই পর্যটন কেন্দ্রের সামনে এসে দাঁড়ায়। ফলে ওই পর্যটন কেন্দ্রের সামনে যত লোকাল বাসগুলোর ড্রাইভার, কনডাক্টর এবং হেল্পার তারা এসে ওখানে মলমূত্র ত্যাগ

করে। বিশেষ করে পর্যটন কেন্দ্রের বাইরের রাস্তাটির দুধারে দুর্গন্ধে ভরে গেছে এবং মানুষের যাতায়াতের অসুবিধা হচ্ছে। সুতরাং অবিলম্বে ওখানে একটা বাস স্ট্যান্ডের ব্যবস্থা করুন।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মেদিনীপুর বিধানসভা কেন্দ্রের নরঘাটে হলদির কাছে কয়ালচক মৌজায় একটা ওয়ে সাইড ট্যুরিজিম করার কথা হয়েছিল। তারজন্য কেন্দ্রীয় সরকার ১৫ লক্ষ টাকা দিয়েছিলেন এবং রাজ্য সরকার চিঠি দিয়ে জানিয়েছিলেন যে, এই প্রকল্পের জন্য টাকা লাগলে দেবেন সেখানে আজ পর্যন্ত কাজ আরম্ভ হল না। কর্মসংস্কৃতির কথা আমরা বলি, এটা কোন কর্মসংস্কৃতির নমুনা জানি না। পাঁচ বছর ধরে লাল ফিতার বাঁধনে পড়ে রয়েছে পরিকল্পনাটি। টুরিস্টরা কলকাতা থেকে দীঘা এই দুরপাল্লার বাসে যেতে গিয়ে এখানে এসে রেস্ট নিতে পারবে। সরকার এই পরিকল্পনা করবেন ঠিক করেছেন কিন্তু পাঁচ বছর ধরে লাল ফিতের বাঁধনে আটকে আছে। কি হেতু আটকে আছে জানিনা। দয়া করে মাননীয় মন্ত্রী ফিতে খুলে অবস্থাটা কি দেখুন।

**শ্রী মলয় ঘটক ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, সারা পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলার পরিস্থিতি এমন একটা জায়গায় পৌঁচেছে যে ডাকাতি খুন রাহাজানি চুরি এত বেড়ে গিয়েছে যে পশ্চিমবাংলার সরকার এই ব্যাপারে কিছু করছেন না। এক মন্ত্রী তিনি সরকারি আবাসনে কয়েকজন ডাকাতদের রেখেছেন। এই ব্যাপারে পুলিশ গ্রেপ্তার করার পরেও সেই মন্ত্রীর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হল না। আমরা খবরের কাগজে পড়েছি মেদিনীপুরের এক মন্ত্রীর গাড়ির পিছনে ইল্লিগ্যাল আর্মস নিয়ে যায় জেলাতে সাপ্লাই করার জন্য। এই ব্যাপারে সরকারের তরফ থেকে কোনও স্টেপ নেওয়া হচ্ছে না। সমস্ত মন্ত্রীর আখড়ায় যদি পুলিশ রেইড করে তাহলে এই ধরনের আর্মস অ্যামিনেশন পাওয়া যাবে। এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মিঃ স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আজকে এখানে বলতে চাই। ডাইরেক্টর অব স্কুল এডুকেশন, গভর্নমেন্ট অব ওয়েস্ট

বেঙ্গল এর ফাইভের ইংরাজি বইটা যেটা বেরিয়েছে এটা দেখুন ভুলে ভরা আছে। আমি লেসান সেভেন পাতা ১৫, লেসান এইট পাতা ১৬, লেসান ইলেভান পাতা ২২ এবং লেসান ১৪ পাতা ২৯ ও ৩০ এর দিকে দৃষ্টি আকর্ষণ করছি। এখানে দেখুন স্যার, কি অবস্থাটা হয়েছে। প্রত্যেকটা জায়গাতে কিভাবে বানানগুলি এবং বাক্যগুলি ভুল দেওয়া হয়েছে। আমি ১৫ পাতা দেখতে বলছি, বইতে লেখা হয়েছে হু ডিড তহমিনা রান টু - এটা হুম হবে। এটা একটা ব্লান্ডার। তারপরে স্যার, ১৭ পাতায় বলা হয়েছে দেয়ার - শব্দটি স্থান অর্থে ব্যবহৃত হয়। যেমন দেয়ার ইজ এ বুক অন দি টেবিল বা দেয়ার লিভড এ লায়ন। কিন্তু এর অর্থ টেবিলে একটা বই আছে। সেখানে টেবিলে একটি বই আছে নয়। যে একজাম্পেল দেওয়া হয়েছে সেই সেনটেন্সগুলিতে দেয়ার এর অর্থ 'সেখানে' নয়। স্থানও বোঝায় না। এগুলিকে বলা হয় ইনট্রোডাকটরি দেয়ার। যেমন দেয়ার ওয়াজ এ কিং - এক যে ছিল রাজা। কিন্তু এর মানে সেখানে এক রাজা ছিল - নয়। তারপরে ২২ পাতায় বলছি, দেখবেন লেখা হয়েছে হি লিভস উইথ হিজ ফ্যামিলি ইন দি টাউন। কিন্তু এখানে ডেফিনিট আর্টিকেল না বসে ইনডেফিনিট আর্টিকেল 'এ' হবে। এগুলি ব্লান্ডার। ২৯ পাতায় লেখা হয়েছে - হি কিন্তু দি বুলস ওয়ান বাই ওয়ান অ্যান্ড অ্যাট দেয়ার মিট। কিন্তু স্যার, এটা ফ্রেস হবে। কারণ মিট এর অর্থ রাঁধা মাংস। ফ্রেস মানে কাঁচা মাংস এবং সবশেষে ৩০ পাতায় লেখা হয়েছে দি গার্ডস বিট দি স্নেক টু ডেথ। কিন্তু এখানে বিট বানানটি ভুল আছে। যা বিট বানান দেওয়া হয়েছে তার মানে মারা বা বাজানো। এটা বিআইটি হবে। এখানে ভুলে ভরা বইটি অবিলম্বে বন্ধ করুন এবং পঞ্চম শ্রেণীতে ইংরাজি শিক্ষা দেওয়ার জন্য যে বইটি রয়েছে সেটা যাতে ঠিকভাবে লেখা হয় সেটা দেখুন। এই বইটি স্যার, আপনাকে দেখার জন্য জমা দিচ্ছি।

**শ্রী মানিকলাল আচার্য্য ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ ও কারা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমি ৯ তারিখ আসানসোলে জেল পরিদর্শনে গিয়েছিলাম। তখন কয়েদিরা বলল সেখানে পানীয় জলের অভাব। ওখানে পুলিশ লাইনে ২৪ ঘন্টা জল পড়ছে, কয়েদিরা বলল আমরা জল পাচ্ছি না। আপনার কাছে আবেদন জেলখানায় যাতে পর্যাপ্ত পরিমানে জল পাওয়া যায় সেটা দেখবেন। আর একটি ব্যাপার আছে, ওদের সেপটিক ট্যাঙ্কগুলি অনেকদিন পরিস্কার হয়নি। অবিলম্বে সেপটিক ট্যাঙ্কগুলি যাতে পরিস্কার হয় সেটা দেখবেন। জলের জন্য ভীষণ সঙ্কট হচ্ছে। এই ব্যাপারে ওরা আমার কাছে ডেপুটেশন দিয়েছে, এটা কারামন্ত্রীকে দেখার জন্য আপনার মাধ্যমে আমি আবেদন করছি।

**শ্রীমতী জ্যোৎস্না সিং :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার খন্ডকোষ বিধানসভা এলাকায় একটি পি.এইচ.সি-তে ডাক্তার এবং হেলথ কর্মী নেই। এরফলে এলাকার মানুষকে চিকিৎসার ব্যাপারে অসুবিধায় পড়তে হয়। এই ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে ডাক্তার এবং হেলথ কর্মী নিয়োগ করা হয়।

**শ্রী অসিত মিত্র :** স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলা স্কুলের ছাত্র অয়ন পাল উচ্চ মাধ্যমিকে প্রথম হয়েছে। এটা আমাদের হাওড়া জেলার গর্ব। তার এই সাফল্যের জন্য আমাদের এই সভা থেকে তাকে অভিনন্দন জানাই। সবচেয়ে বড় কথা হচ্ছে হাওড়া জেলার বিভিন্ন অংশে কলেজ না থাকার জন্য ছাত্র-ছাত্রীরা পড়তে পারছে না। আমার কল্যাণপুর বিধানসভা এলাকায় আটটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় থাকলেও, সেখানে একটিও কলেজ নেই। এই ব্যাপারে আমি উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, কল্যাণপুরে একটি কলেজ স্থাপন করার জন্য। হাওড়া জেলার একদম শেষ অংশে একটা দ্বীপ আছে, ভাটোয়া - ঘোরাবেড়িয়া। এই এলাকার ছেলে-মেয়েরা যোগাযোগের অভাবে কলেজে পড়তে পারছে না। উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে সেখানে কলেজ স্থাপন করার জন্য।

**শ্রী বিজয় বাগদী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অজয় নদীর ভাঙ্গন ব্যাপকভাবে শুরু হয়েছে। দু'হাজার সালের বন্যায় সেখানে বহু জমি নদী গর্ভে চলে গেছে। তাছাড়া বড়কলা, তাম্রাভেলেনি, শিরা, ভবানীগঞ্জ, ইত্যাদি গ্রামগুলো নদী গর্ভে চলে যাবে, যদি অবিলম্বে সেখানে ব্যবস্থা গ্রহণ না করা হয়। এই ব্যাপারে সেচমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী গোবিন্দ নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা ক্যানিং পশ্চিম, সেখানে গোলাবাড়ি অঞ্চলে ফ্লাগ পুতে সি.পি.এমের দুর্বৃত্ত বাহিনী একশ বিঘা জমি দখল করে নিয়েছে, ঘরবাড়ি লুঠ করে নিয়েছে এবং পুকুর থেকে মাছ ধরে নিয়ে গেছে। সুন্দরবনের প্রত্যেকটি অঞ্চলে আজকে এই অবস্থার সৃষ্টি

হয়েছে। সুন্দরবনের গোসাবা, ক্যানিং, বাসন্তি এইসব এলাকায় ভাগচাষী, ক্ষুদ্র প্রান্তিক চাষীদের জোর করে সেই জমি থেকে উৎখাত করে সেই জমিগুলো দখল করে নিচ্ছে। অনতিবিলম্বে এই বে-আইনি জমি দখল বন্ধ করা হোক এবং ঐ সমস্ত জমিতে, জমির মালিকরা যাতে চাষ করতে পারেন তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। নইলে গোসাবা, ক্যানিং, বাসন্তি এইসব এলাকায় রক্তক্ষয়ী সংঘর্ষের মাধ্যমে বহু কৃষকের প্রাণ যাবে। ভূমি রাজস্বমন্ত্রী এই দপ্তর নতুনভাবে পাবার ফলে বালি-১, ২ এবং ক্যানিং-এর সর্বত্র ফ্লাগ পুঁতে কয়েক হাজার চাষীকে উৎখাত করে এই জমিগুলো দখল করার চেষ্টা হচ্ছে। এই ব্যাপারে আমি পুলিশী হস্তক্ষেপ দাবি করছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী গুরু পদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর ভারতবর্ষের মধ্যে বৃহত্তম জেলা। এই জেলার অসংখ্য মানুষকে চিকিৎসার জন্য প্রতিনিয়তই কলকাতার হাসপাতালগুলোতে আসতে হয়। গরিব মানুষের পক্ষে যা অসম্ভব হয়ে পড়ে। তাই মেদিনীপুর জেলাতে অবিলম্বে একটি মেডিক্যাল কলেজ-হাসপাতাল করার দাবি জানাচ্ছি।

**শ্রী অশোক কুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্বাঞ্চল এন.টি.সি. মিলগুলোর পুনর্জীবনের জন্য বি.আই.এফ.আর-এ থাকাকালীন অবস্থায় এবং কোনও সিদ্ধান্ত উপনীত হবার পূর্বেই ডি.আর.এস. অনুসারে এন.টি.সি. হোল্ডিং কোম্পানি কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চলের ১৬টি মিলের মধ্যে ১৩টি মিলে ভি.এস.এস. কার্যকর করার বিজ্ঞপ্তি জারি করেছে। এর ফলে আনুমানিক ৪০০০ শ্রমিক কর্মচারির কর্মচ্যুত হবার সম্ভাবনা দেখা দিয়েছে। এমত অবস্থায় প্রকৃতপক্ষে মিলগুলিকে পুনরুজ্জিবীত করা সম্ভব এবং শ্রমিক কর্মচারিদের কর্মচ্যুত অবস্থা থেকে উদ্ধার করার জন্য বর্তমান সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং সরকারকে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা চলছে, সরকারের কোনও নীতি যদি ঘোষণা করতে হয়, সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী বিধানসভার ভেতরে সেটা ঘোষণা করবেন, তারপর রাজ্যে সেই সংশ্লিষ্ট দপ্তর সেটাকে ইমপ্লিমেন্ট করবে।

গত দুদিন ধরে পত্র-পত্রিকায় বের হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয় সহ মহাবিদ্যালয় গুলোতে টিউশন ফি ৪০ থেকে ১০০ শতাংশ বাড়ানো হয়েছে। এম.এ., এম.কম. হয়েছে ১২৫ টাকা, এম.এস.সি.তে করা হয়েছে ১৬০ টাকা, মাইনে ছিল ২৫ টাকা, বি.এ. পাস ৫০ টাকা, বি.এ.অনার্স. ৭৫ টাকা, মাইনে ছিল ১৫ টাকা। বি.কম. পাস ৬০ টাকা, বি.কম. অনার্স ৮৫ টাকা, মাইনে ছিল ১৫ টাকা, বি.এস.সি. পাস ৮৫ টাকা, বি.এস.সি. অনার্স ১১০ টাকা, মাইনে ছিল ১৫ টাকা। আজকে একতরফাভাবে কয়েকগুন মাইনে বেড়ে গেল, বিধানসভার ভেতরে কোনও আলোচনা হল না, ভোটাভুটি হল না, সিদ্ধান্ত হল না, বামফ্রন্টের শিক্ষামন্ত্রী ঠিক করে দিলেন কোন ক্লাসে কত টিউশন ফি হবে। বামফ্রন্টের শিক্ষা সেলের প্রেসক্রিপশন অনুযায়ী বিশ্ববিদ্যালয় এবং মহাবিদ্যালয় স্তরে বিশালভাবে মাইনের চাপ ছাত্র-ছাত্রীদের উপর চাপিয়ে দেওয়া হল। এখানে বিষয়টা আসুক, আলোচনা হোক, তারপর না হয় সিদ্ধান্ত হবে।

**মিঃ স্পিকার ঃ** মি. ব্যানার্জি, যেদিন শিক্ষা দপ্তরের বাজেট হয়, তখন শিক্ষামন্ত্রী ঘোষণা করেছিলেন টিউশন ফি বাড়বে। উনি বাধ্য নন স্ল্যাবটা বলতে। কত বাড়বে, কিভাবে বাড়বে, সেটা পলিসি অনুযায়ী হয়। এটা ঠিক নয় যে পলিসি বলতে হবে। দি পলিসি ওয়াজ নোটিফায়েড।

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** স্যার, আমার বিধানসভা কেন্দ্র তিনটে থানা নিয়ে গঠিত। গোপালনগর, বনগাঁ এবং বাগদা মাঝখানে নদী প্রবাহিত। টি.এম.সি'র ক্রিমিনালরা কাজ করে এপার, ওপার করে। থানায় গেলে বলছে আমরা কি করব? আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই সমস্ত সমাজবিরোধীদের অবিলম্বে শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হোক। তারা আগ্নেয়াস্ত্র নিয়ে ঘুরে বেড়াচ্ছে। এদের শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী রুবি নুর ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি পি.এইচ.ই মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে আর্সেনিক একটা বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমাদের জেলাতে এই সমস্যা ভীষণভাবে দেখা দিয়েছে। প্রচুর লোক আক্রান্ত হয়েছে। কিছুদিন আগে পি.এইচ.ই. একটা প্ল্যান্ট বসিয়েছে, গয়েশবাড়িতে। সেই জলও আর্সেনিক ফ্রি নয়। আজকে প্রচুর লোক মারা যাচ্ছে এবং অসুস্থ হচ্ছে। আমরা রিপিটেডলি ডিপার্টমেন্টকে ইনফর্ম করেছি টু ডু সামথিং অ্যাবাউট ইট কিন্তু তার কোনও উত্তর তারা দেয়নি। তাই আমি দাবি করছি যে মিনিস্টার অবিলম্বে ব্যবস্থা করে প্ল্যান্টটাকে দেখুন।

**শ্রী প্রফুল্ল ভৌমিক :** আমার বিধানসভা কেন্দ্র করিমপুর। সেখান থেকে মাত্র কয়েক গজ দূরে একটা সমাজবিরোধীর বাড়ি থেকে তিনটে পাইপগান, একটা পিস্তল এবং এক বস্তা মশলা পাওয়া গিয়েছে। তার আসল বাড়ি থেকে, সেখানে হানা দিয়ে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। আজকে ওরা বলে যে এখানে আইনশৃঙ্খলা নেই। এই তিনজনই তৃণমূলের লোক। এদের নাম হচ্ছে অধীর মন্ডল, সঞ্জয় বিশ্বাস। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী সোনালি গুহ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সল্টলেকে কয়েকজন দুর্বৃত্ত ধরা পড়েছে এটা গোটা বাংলার মানুষ জানে। মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য উনি এই সভায় দাঁড়িয়ে বলেছিলেন যে ক্রীড়ামন্ত্রী জবাব দেবেন। এখনও পর্যন্ত এই সভা সেই জবাব পায় নি। জানি না তিনি চুপিচুপি বুদ্ধদেব ভট্টাচার্য্যকে এই জবাব দিয়েছেন কিনা। জানি না আলিমুদ্দিন স্ট্রিট তাঁর মুখে তালা ঝুলিয়ে দিয়েছে কিনা। ক্রীড়ামন্ত্রীর কোনও বিজনেস না থাকা সত্ত্বেও তিনি হাউসে আসছেন নিজের গ্রহণ যোগ্যতা বাড়ানোর জন্য। আর কেউ কিছু বললেই উনি নিজেদের দলের লোকদের দিকে তাকিয়ে বলছেন যে ওদের সংস্কৃত কলেজের অধ্যাপকরা জিতিয়েছে। সংস্কৃত কলেজের অধ্যাপকরা জেতাক বা হিন্দু কলেজের অধ্যাপকরা জেতাক তার বিচার মানুষ করবে। ওদের তো সবই পিছনের দরজা দিয়ে হয়, উত্তরটাও হয়তো পিছনের দরজা দিয়েই দেবেন। জনসমক্ষে এই সভায় তাকে জানাতে হবে সল্টলেক স্টেডিয়ামে মানুষের পয়সায় কেন সেখানে দুর্বৃত্তরা থাকতে পারল। গোটা বাংলার মানুষ আজকে এটা জানতে চায়।

**শ্রী ধনঞ্জয় মোদক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কালীগঞ্জ বিধানসভা কেন্দ্র। পলাশী থেকে পলাশীপাড়া পর্যন্ত রাস্তা। বড়চাঁদঘর, ডুবতলা পাড়ায় একটা সেতু বিধ্বস্ত হয়ে যায়। পূর্ত দপ্তর সেই সময়ে সেতুর পাশ দিয়ে একটা রাস্তা করে দেন কিন্তু বর্ষা আসন্ন। সেতুর পাশ দিয়ে যে রাস্তা ওই রাস্তা খারাপ হয়ে গেলে চলাচল বিচ্ছিন্ন হয়ে যাবে। অবিলম্বে রাস্তাটা আরও উপযোগী করে তৈরি করার জন্য এবং কাজ শুরু করার জন্য আবেদন করছি।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী মোস্তাক আলম :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননী স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা হরিশচন্দ্রপুর কেন্দ্রের বোরো উপ-স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নেই এবং হর্দমনগর উপ-স্বাস্থ্য কেন্দ্রে থাকার জায়গা অভাবে ফোর্থ গ্রেড স্টাফেরা থাকতে পারেনা। এর ফলে উক্ত দুটো এলাকা মানুষ চিকিৎসা পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। মানুষ যাতে অবিলম্বে চিকিৎ পেতে পারে তার জন্য আশু ব্যবস্থা নেওয়ার আবেদন জানাচ্ছি।

**শ্রী আবুল হাসনাৎ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার ভয়ঙ্ক সমস্যা হল পদ্মা-গঙ্গা-ভাগীরথির ভাঙ্গন। বাড়ি-ঘর, রাস্তা-ঘাট সমস্ত কিছু নদীগর্ভে চলে যাচ্ছে। জাঙ্গীপুর বিধানসভার অন্তর্গত লবনচুয়া, ত্রীমোহনী, শ্রীধরপুর ধনপতনগর, রঘুনাথগঞ্জ শহর, সুজাপুর, চড়কা, রানিনগর, কাশীয়াডাঙ্গা, গোবিন্দপুর কলাবাগ, ভবানীপুর, বৈকুণ্ঠপুর, খোসালপুর, ইলাসপুর, বীরেন্দ্রনগর ও ফেজালনগর ইত্যাদি গ্রামের মানুষ আজকে আতঙ্কে দিন কাটাচ্ছে। উক্ত গ্রামগুলির ভাঙ্গন যাতে দ্রুত রোধ করা হয় তার জন্য আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** (নেই)।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** আমাদের রাজ্যে পাণীয় জলে আর্সেনিক-সহ যে দূষিত পদার্থ রয়েছে তা মানুষকে উদ্বিগ্ন করে তুলছে। এব্যাপারে মাননীয় মন্ত্রী গৌতম দেব মহাশয় দায়িত্ব নিয়েই কাজ করার চেষ্টা করছেন। কিন্তু আজকে কলকাতা শহরের জলেও আর্সেনিক ধরা পড়েছে। এটা খুবই উদ্বেগের বিষয় কলকাতার মানুষ, বিশেষত বস্তিবাসিরা টিউবওয়েলের উপর ভরসা করে পাণীয় জলের প্রয়োজন মিটিয়ে থাকেন। কিন্তু ১৯৯৩ থেকে ২০০০ সালের মধ্যে দেখা যাচ্ছে ১,৮৯৫টা টিউবওয়েলের ৪৫ শতাংশেই আর্সেনিক রয়েছে। মালদা থেকে শুরু করে দক্ষিণবঙ্গের একটা বিশেষ জায়গা পর্যন্ত আর্সেনিক পাওয়া যাচ্ছিল, কলকাতা তারমধ্যে অন্তর্ভুক্ত ছিলনা। আর্সেনিক সাধারণত ১৫০ থেকে ২০০ ফুট গভীর টিউবওয়েলে পাওয়া যাচ্ছিল। কিন্তু ১০০ ফুট গভীর এইরকম ২৮ টিউবওয়েলেও আজকে আর্সেনিক ধরা পড়ছে। এটা খুবই উদ্বেগের বিষয়। অবিলম্বে এ বিষয়ে ব্যাপকভাবে পরীক্ষা-নীরিক্ষা করা দরকার এবং য়েসব টিউবওয়েলে

আর্সেনিক পাওয়া গেছে সেগুলো সিল করে দেওয়া দরকার এবং নলবাহিত জল, বিশেষ করে বস্তিবাসিদের, যাতে সরবরাহ করা যায় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী তপন হোড়ঃ** স্যার, আজ থেকে ভারত-বাংলাদেশ রেল-যাত্রা শুরু হচ্ছে ৩৫ বছর পর। এটা খুবই ভালো কথা। কলকাতা থেকে ছেড়ে বঙ্গবন্ধু সেতু হয়ে যাবে। এর মধ্যে দিয়ে দুই দেশের মানুষের মধ্যে যে একটা সৌহার্দ্য বৃদ্ধি পাবে তাতে কোনও সন্দেহ নেই। কিন্তু সাথে সাথে আমি পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি কেন্দ্রীয় সরকারকে বাংলাদেশ সরকারের সঙ্গে কথা বলতে বলার জন্য যে, কলকাতা থেকে উত্তরবঙ্গের হিলি, বালুরঘাট হয়ে জলপাইগুড়ি যাওয়ার জন্য দর্শনা হয়ে যে রাস্তা ছিল সেটা যেন চালু করা যায়। এটা যদি করা যায় তাহলে উত্তরবঙ্গের লোক ৬ থেকে ৮ ঘন্টায় কলকাতা পৌঁছে যেতে পারবে। এই বিষয়ের প্রতি যাতে দৃষ্টি দেওয়া হয় তার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী শিবদাস মুখার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর ও স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। সমগ্র নদীয়া জেলাতে মাধ্যমিক পাশ করার পর ছেলে-মেয়েরা ভর্তি হতে পারছে না, সেই সুযোগ তারা পাচ্ছে না। এই বিষয়ে যাতে অবিলম্বে মাননীয় মন্ত্রী ব্যবস্থা নেন তার জন্য আমি আবেদন জানাচ্ছি। রেজাল্ট ভাল। পশ্চিমবঙ্গ সরকার ৬৬ ভাগ, ৭০ ভাগ পাশের হার দেখাচ্ছেন। কিন্তু অনেক স্কুলে একাদশ-দ্বাদশ শ্রেণী না থাকার জন্য অনেক ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারছেন না। এখনও পর্যন্ত অনেক ছাত্র-ছাত্রী বিভিন্ন স্কুলে ঘুরে বেড়াচ্ছেন ফর্ম পাওয়ার জন্য। ঠিক সেইরকম ভাবে উচ্চমাধ্যমিক পাশ করার পর বিভিন্ন কলেজগুলো যেমন নদীয়া জেলার বিশেষ করে সরকারি কলেজ কৃষ্ণনগর কলেজ এবং নবদ্বীপ, শান্তিপুর, রাণাঘাট, চাকদা, হাঁসখালি, কৃষ্ণগঞ্জ এই সমস্ত জায়গাও অনার্স না থাকার জন্য যারা ভাল রেজাল্ট করেছে তাঁরা ফর্ম পাচ্ছেন না। সেজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদ্বয়ের কাছে আবেদন রাখছি যে, যারা মাধ্যমিক পাশ করেছে তারা যেন স্কুলে ভর্তি হতে পারে এবং যারা উচ্চমাধ্যমিক পাশ করেছেন তারা যাতে কলেজে ভর্তি হতে পারেন সেই ব্যবস্থা যেন করা হয়।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুরঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৯ সালে পাঁশকুড়ায় একটি দুগ্ধ প্রকল্প স্থাপনের জন্য তৎকালীন মুখ্যমন্ত্রী মাননীয় শ্রী

জ্যোতি বসু মহাশয়ের সঙ্গে মিঃ জালানের একটি 'মউ' স্বাক্ষরিত হয়েছিল। সেই অনুযায়ী জমি অধিগ্রহণ হয়েছিল, বাজেটে টাকা বরাদ্দ হয়েছিল। কিন্তু পরবর্তীকালে মেদিনীপুরের মিল্ক ইউনিয়ন, তারা বলল যে তারা এই দুগ্ধ প্রকল্পের কাজ করবে। সুতরাং এই দুগ্ধ প্রকল্পের কাজ মিঃ জালান করবেন, না কি মিল্ক ইউনিয়ন করবেন সেব্যাপারে অনিশ্চয়তা রয়ে গেছে। সেব্যাপারে আমরা আতঙ্কিত যে এইরকম চললে সেখানে দুগ্ধ প্রকল্প হবে কিনা? অবিলম্বে পাঁশকুড়ায় দুগ্ধ প্রকল্পের কাজ যাতে হয় তার জন্য আমি প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি। বামফ্রন্ট সরকার যা ঘোষণা করেন তাই বাস্তবায়িত করেন। তাই এই প্রতিশ্রুতির মূল্য যেন তাঁরা রাখেন।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গঙ্গা-ভাগীরথির ভাঙনে বহু এলাকার মানুষ আজকে সর্বস্বান্ত হয়েছে। আমার এলাকায় একটা শশ্মানঘাট ছিল সেটা সম্পূর্ণভাবে নষ্ট হয়ে গেছে, পৌরসভা থেকে সেটা আবার নতুন করে করে দেওয়া হয়েছে। কিন্তু যেটুকু কাজ হয়েছে সেই কাজ নিয়ে চরম দুর্নীতি হয়েছে, সমস্ত কিছু দায়িত্বশীল সরকারি অফিসারের সামনে হয়েছে, তাদের মদতে হয়েছে। আমার এলাকায় পুমলিয়া থেকে মালিপোঁতা পর্যন্ত ভাগীরথির ভাঙনের রোধের জন্য কাজ চলছিল। কিন্তু সেই কাজ এত নিম্নমানের কাজ হচ্ছিল যে সেজন্য এলাকার মানুষ তার প্রতিবাদ করেন। এই কাজের জন্য কনট্রাক্টর বেনিফিসিয়ারি কমিটি আছে। এই কনট্রাক্টর বেনিফিসিয়ারি কমিটিতে জেলা পরিষদের সভাধিপতি আছেন, কিন্তু তিনি কিছু দেখছেন না, এম.এল.এ.দের ঐ কাজের শিডিউল দেখতে দেওয়া হচ্ছে না। আমি সেচ ও জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যাতে উনি এম.এল.এ.দের ঐ কাজের শিডিউল দেখতে দেওয়ার ব্যবস্থা করেন।

**শ্রী সমর হাজরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র জামালপুরের মধ্যে দিয়ে দামোদর নদী বয়ে গেছে। দামোদর নদী ভাঙনে বেশ কিছু কৃষি জমি নদীগর্ভে চলে গেছে, কয়েকটি গ্রাম যেমন — হৈবতপুর, চক্ষণজাদী, সেলিমাবাদ, দাদপুর, রাজারামপুর, অমরপুর এইসব এলাকায় অবিলম্বে নদী ফাইলিং-এর কাজ করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি। অবিলম্বে এখানে নদী ফাইলিং-এর কাজ না করলে ঐ গ্রামগুলো নদীগর্ভে চলে যাবে।

**শ্রী গোলাম কিবরিয়া মিঁয়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা বেলডাঙ্গা আর্সেনিক যুক্ত এলাকা। এখানে ৬৩টি মৌজার ভিতর ৫৬টি মৌজায় আর্সেনিক আছে, সেখানে ২ জন মারা গেছেন। সেখানে ৫০০টি টিউবওয়েলের জল পরীক্ষা করে দেখা গেছে যে তার ৮০ পারসেন্ট জল আন-সেফ এবং সেখানে সাময়িকভাবে জলকে আর্সেনিক মুক্ত করার জন্য রিগ্‌ওয়েল তৈরি করা হয়েছিল, কিন্তু সেগুলো পুরো অকেজো হয়ে গেছে। আমার এলাকার পাশ দিয়ে ভাগীরথি বয়ে গেছে। অবিলম্বে সেই জলকে দূষণমুক্ত করে ৩ লক্ষ মানুষকে ট্যাঙ্কের মাধ্যমে যাতে জল সরবরাহ করার ব্যবস্থা করা হয় তারজন্য আমি জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি এবং এর ফলে মানুষ উপকৃত হবেন।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী মহঃ ইয়াকুব :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র দেগঙ্গার অন্তর্গত গোলাবাড়ি—আমিনপুর থেকে গোয়ালপাড়া পর্যন্ত বিস্তীর্ণ রাস্তাটি দীর্ঘদিন খারাপ অবস্থায়, ভাঙাচোরা অবস্থায় রয়েছে। যে কোনও মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। সে জন্য আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি, তিনি অবিলম্বে এই রাস্তাটি সংস্কারের ব্যবস্থা করুন।

**শ্রী নিয়ামত শেখ :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার হরিহরপাড়া বিধানসভা কেন্দ্রের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উচ্চমাধ্যমিক পাশ করার পরে, বিশেষ করে মেয়েদের বি.এ. পড়ার ক্ষেত্রে হরিহরপাড়া অঞ্চলে এক ভয়াবহ সমস্যার সৃষ্টি হয়েছে। আমার হরিহরপাড়া কেন্দ্রের মধ্যে কোনও কলেজ নেই। সাধারণভাবে ছাত্রছাত্রীদের হরিহরপাড়া থেকে ৩০ কিলোমিটার দূরে বহরমপুরের কলেজে পড়তে যেতে হয়। হরিহরপাড়ার সবচেয়ে নিকটবর্তী কলেজটি আমতলা ব্লকে অবস্থিত এবং সেটাও ২০ কিলোমিটার দূরে। সেখানে গিয়ে ছাত্রছাত্রীরা ভর্তি হতে পারে না। তাই হরিহরপাড়ার গ্রামাঞ্চলের ছাত্রছাত্রীদের উচ্চ-শিক্ষার জন্য সরকারের কাছে ওখানে একটা কলেজ স্থাপনের দাবি রাখা হয়েছিল। সেই দাবির পরিপ্রেক্ষিতে গত বছর বাজেটের সময় মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী বলেছিলেন, 'এবারের বাজেটের মধ্যে

করা সম্ভব নয়, আগামী বছর করে দেব।' আজকে উচ্চশিক্ষামন্ত্রীর কাছে আমার বিশেষ দাবি—হরিহরপাড়ায় অবিলম্বে কলেজ স্থাপন করা হোক।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা ক্ষেত্রের নন্দীগ্রাম ২নং ব্লকের আসাদবাড়ি প্রাইমারি হেলথ সেন্টারে কোনও ডাক্তার নেই। ফলে ঐ এলাকার অসংখ্য গরিব মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। স্যার, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন করছি, অবিলম্বে ঐ স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নিয়োগ করা হোক। ধন্যবাদ।

**শ্রী আবু তাহের খান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র মুর্শিদাবাদ জেলার নওদার পাটকেলবাড়ি—রাধানগরঘাটে একটা সেতু নির্মাণের জন্য এলাকার জনসাধারণ দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছে। প্রতিবারই নির্বাচন এলে সেতুর মাপ-জোক হয়। কিন্তু আজ পর্যন্ত ওখানে সেতু নির্মাণের আর কোনওরকম উদ্যোগ গ্রহণ করা হয়নি। বর্ষার সময় বিস্তীর্ণ অঞ্চলের মানুষদের এক ঘন্টার বেশি সময় লেগে যায় নদী পার হতে। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি মুর্শিদাবাদ জেলার সঙ্গে নদীয়া জেলার যোগাযোগ স্থাপনের জন্য অবিলম্বে ঐ জায়গায় সেতু নির্মাণের ব্যবস্থা করা হোক। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

**শ্রীমতী মাফুজা খাতুন ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, দক্ষিণ দিনাজপুর জেলার সুখদেবপুরে গত ৭ তারিখ সন্ধ্যায় সরকার কিস্কু এবং বৈদ্যনাথ রায়কে তৃণমূল আশ্রিত সমাজবিরোধীরা অপহরণ করে নিয়ে যায় এবং তারপর তাঁদের নৃশংসভাবে খুন করে। গতকাল তাঁদের দেহগুলি পাওয়া গেছে। গলা কেটে বস্তায় পুরে তাঁদের দেহগুলি পুকুরের মধ্যে ফেলে রেখেছিল। গঙ্গারামপুরের বেলবাড়ি ২নং গ্রাম পঞ্চায়েতের প্রধান কালীপদ সরকার এবং তার স্যাঙাতরা এর আগে ওখানে আরও খুনের ঘটনা ঘটিয়েছে। ভবানী মন্ডল, অনন্ত সরকার, পরু সরকার, সুশান্ত চক্রবর্তীকে প্রকাশ্য দিবালোকে খুন করেছে তৃণমূলের সমাজ-বিরোধীরা। দক্ষিণ দিনাজপুরের বিভিন্ন জায়গা সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় এই তৃণমূলের আশ্রিত গুন্ডারা এই ধরনের সন্ত্রাস চালাচ্ছে এবং অপকর্ম চালিয়ে যাচ্ছে। স্যার, এই তৃণমূল দলটা সন্ত্রাসমূলক কাজকর্ম যারা করে তাদের একটা আখড়ায় পরিণত

হয়েছে। আমি এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং হস্তক্ষেপ প্রার্থনা করে বলছি, অবিলম্বে সেখানে দোষীদের গ্রেপ্তার করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করুন।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর এবং তার সঙ্গে সঙ্গে পরিবহন তথা ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি ও কর্ণ আকর্ষণ করছি। আজ থেকে ১৩ দিন আগে ২৮শে জুন, মাননীয় মুখ্যমন্ত্রী একটি বিবৃতি দিয়েছিলেন এই হাউসে। স্যার, আপনি জানেন, হাউসে কোনও বিবৃতি দেওয়া হলে সেটা হাউসের প্রপার্টি হয়। কোনও ফিঁয়াসে কোনও ফিঁয়াসিকে কি চিঠি দিয়েছেন বা কোনও প্রেমিক কোনও প্রেমিকাকে চিঠিতে কি লিখেছেন বা তাদের মধ্যে কি চিঠি আদান-প্রদান হয়েছে তা আমি জানতে চাই না। বুদ্ধ দেব ভট্টাচার্য্যকে কি রিপোর্ট দিয়েছেন সুভাষ চক্রবর্তী এবং তাদের মধ্যে কি কথা হয়েছে এবং সংস্কৃত কলেজের অধ্যাপক বলতে কাদের তিনি মিন করেছেন সেটা স্যার, হাউসের প্রপার্টি, দিস should be discussed on the floor of the House since the august House is in session. এ ব্যাপারে স্যার, আপনার রুলিং চাই।

**শ্রীমতী নবনীতা মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকা লাভপুরে একটি রুর‍্যাল হাসপাতাল আছে। সেই হাসপাতালটিতে প্রয়োজনীয় পরিকাঠামো থাকা সত্বেও প্রয়োজনীয় ডাক্তারের অভাব রয়েছে। সেখানে বিভিন্ন বিভাগের জন্য ডাক্তার দেওয়া হলে সাধারণ মানুষ সেখান থেকে ঠিকমতো পরিষেবা পেতে পারে।

**শ্রী অখিল গিরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে সল্টলেক স্টেডিয়াম থেকে কিছু সমাজবিরোধীকে গ্রেপ্তার করা হয়েছে। এরজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় ক্রীড়ামন্ত্রীকে একটি রিপোর্ট দাখিল করতে বলেছেন এবং কাগজে দেখেছি সেই রিপোর্ট মুখ্যমন্ত্রী পেয়েছেন। আমার দাবি, সভার সব সদস্য সহ পশ্চিমবঙ্গের মানুষরা যাতে জানতে পারেন যে সেই রিপোর্টে কি আছে তারজন্য সেই রিপোর্ট এর কপি এই সভায় পেশ করা হোক। স্যার, এই সরকার সেখানে ঘটনা যা ঘটেছে সি.আই.ডি. তদন্তের নামে তা চাপা দেওয়ার চেষ্টা করছেন। আমাদের দাবি, এই ঘটনার সি.বি.আই. তদন্ত হোক।

**শ্রী ভুতনাথ সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নয়াগ্রাম বিধানসভা কেন্দ্রের মধ্যে নয়াগ্রাম ব্লক এবং গোপিবল্লভপুর ব্লক (১)-এ যে সমস্ত সেকেন্ডারি স্কুল আছে সেই সমস্ত স্কুলে এস.সি. এবং এস.টি. ছাত্রছাত্রীরা সরকারি খরচ-এ পড়ার সুযোগ পায়। ইদানিংকালে সেই সমস্ত স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা বেড়ে যাওয়ায় অনেক ছাত্রছাত্রী সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। মাননীয় অনগ্রসর জাতি উন্নয়ন দপ্তরের মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ, সেখানে কোটা বাড়ানো হোক।

**শ্রী সুব্রত বক্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৮শে জুনের কথা আমার আগের বক্তা উল্লেখ করেছেন। সেখানে একটি ঘটনার পরিপ্রেক্ষিতে মাননীয় মুখ্যমন্ত্রী একটি বিবৃতি দিয়েছিলেন এবং তিনি বলেছিলেন এটা দলের ব্যাপার নয়, এটা বাংলার মানুষের ব্যাপার। এখন যে কথা বলা হচ্ছে, ঐ সংস্কৃত কলেজের অধ্যাপকদের ভোটে জিতে আসার কথা, কারা সেই সংস্কৃত কলেজের অধ্যাপক? এবারে সমস্ত ক্ষেত্রে ধামাচাপা দেবার চেষ্টা চলছে। শুধু সল্টলেকে নয়, পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় জেলায় এইভাবে সরকারি আবাসনে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির আশ্রিত সমাজবিরোধীদের রাখা হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি বলি, এখানে আপনি বিবৃতি দিয়েছেন, তাড়াতাড়ি ব্যবস্থা নিয়ে ক্রীড়ামন্ত্রীকে এখানে বিবৃতি দিতে বলুন।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী বাঁশরী মোহন কাঞ্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১২১ নম্বর মগরাহাট তফসিলি কেন্দ্রে একটা নূতন কলেজ হয়েছে। এই কলেজের দুই দিক দিয়ে দুটি রাস্তা চলে গিয়েছে, একটা হচ্ছে ঢোস থেকে উস্তি এবং আর একটা হচ্ছে আমতলা থেকে শেরপুর হয়ে ধামুয়া। এই রাস্তা দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই রাস্তা দিয়ে দীর্ঘদিন ধরে বাস চলাচল করছিল। এই কলেজের পাশে একটা হায়ার সেকেন্ডারি স্কুল আছে। এই স্কুল এবং কলেজের ছাত্র-ছাত্রীরা এই রাস্তা দিয়ে যাতায়াত করে। হঠাৎ করে আমরা দেখলাম এই দুটি রাস্তাতে বাস চলাচল বন্ধ হয়ে গেল। ফলে ছাত্র-ছাত্রীদের প্রচন্ড অসুবিধা হচ্ছে। আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই রাস্তাগুলি দিয়ে বাস যাতায়াত করে তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী জ্যোতির্ময় কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় বার বার উল্লিখিত হয়েছে একটা কথা এবং সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মুখ্যমন্ত্রী বলেছেন সরকারের

ট্রান্সফারেন্সি থাকবে, সচ্ছতা থাকবে। আমার দাবি হল ক্রীড়ামন্ত্রী যে বিবৃতি দিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে তা অবিলম্বে এই সভার সদস্যগনের মধ্যে আলোচনার আগে বিতরণ করা হোক যাতে আমাদের বক্তব্য আমরা ভালভাবে বলতে পারি।

## ZERO HOUR

**শ্রী বিমান চক্রবর্তী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত পরশুদিন ৯ তারিখ জগৎবল্লভপুরের শোভারানি মেমোরিয়াল কলেজে ছাত্র ভর্তি চলছিল। সেই সময় বাইরে থেকে আসা কিছু সমাজবিরোধী যারা এস.এফ.আই-এর মদতপুষ্ট তারা ওই কলেজের ছাত্রদের মারধোর করে। তারা ওই কলেজের সম্পাদক এবং ক্রীড়াসম্পাদককে মারধোর করে। এই ঘটনা প্রিন্সিপ্যালের চোখের সামনেই ঘটেছে। থানায় তাদের বিরুদ্ধে এফ.আই.আর. করা হয়েছে, থানা তাদের বিরুদ্ধে এখনও কিছু ব্যবস্থা গ্রহণ করেনি। সমাজবিরোধীরা এখনও কলেজের আশেপাশে ঘোরাঘুরি করছে, সেখানকার অবস্থা অত্যন্ত ভয়ঙ্কর। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন এই বিষয়টি দেখেন এবং দোষীদের গ্রেপ্তার করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২২শে মে আমাদের মালদা জেলায় গুডস ইয়ার্ডে রেল শ্রমিকরা আন্দোলন করেছে। তারা স্ট্রাইক করেছে। ৪৭ দিন ধরে তারা স্টাইক চালাচ্ছে। জেলা প্রশাসনকে এই ব্যাপারে জানানো হয়েছিল, কিন্তু জেলা প্রশাসন এই ব্যাপারে কোনও কর্ণপাত করেন নি। ত্রিপাক্ষিক আলোচনার জন্য বলা হয়েছিল, কিন্তু এই বিষয়ে তাঁরা কর্ণপাত করেন নি। আই.এন.টি.ইউ.সি.-র সভাপতি শ্রমিকদের নিয়ে মালদা জেলা বন্ধ ডেকেছিল। মালদা জেলায় যেটা ইতিহাস সৃষ্টি হয়েছে তা হলো, অ্যাডিশনাল এস.পি. এই সমস্ত পিকেটারদের তুলে নিয়ে গিয়ে নিজের কাসটোডিতে তাদের উপর অত্যাচার করেছেন, তাদের উপর লাঠিচার্জ করেছেন। এই ব্যাপারে আমি তদন্তের দাবি জানাচ্ছি। পুলিশ এই অর্ডাসিটি কি করে পেল? সুপ্রিম কোর্টের রায় আছে আন্দোলনকারিদের নিজের কাসটোডিতে তুলে নিয়ে গিয়ে মারধোর করতে পারে না। সেখানে পুলিশ তাদের নিজেদের কাসটোডিতে নিয়ে গিয়ে অত্যাচার করেছে। আমি এই ঘটনার তদন্তের দাবি জানাচ্ছি। প্রায় ৮২ জন জেলখানায় আছে এবং কিছু চিকিৎসাধীন আছে।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আজকে একটা ঐতিহাসিক দিন, আজকে ১১ই জুলাই, বিশ্ব জনসংখ্যা দিবস। গোটা দেশে মানবসম্পদ দিবস এবং তার বিকাশ দিবস হিসাবে চিহ্নিত। আমরা লক্ষ্য করেছি রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে এই ব্যাপারে চেষ্টা চালিয়ে যাচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে মানবসম্পদ বিকাশের জন্য কেন্দ্রীয় সরকারের যে উদ্যোগ নেওয়া দরকার সেই উদ্যোগ তারা নিচ্ছে না। সঙ্গত কারণেই আমরা চাইব, গোটা ভারতবর্ষের উন্নয়নের পাশাপাশি আমাদের রাজ্যের উন্নয়নের ব্যাপারে তাঁরা সদর্থক ভূমিকা পালন করুন। স্বাধীনতার পরে যে সমস্ত রিফিউজি এদেশে এসেছে, তাদের পুনর্বাসনের জন্য কোনও উদ্যোগ নেওয়া হয়নি। আমি তাই আপনার মাধ্যমে ভারত সরকারের কাছে আহ্বান জানাচ্ছি, এই ব্যাপারে তাঁরা উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে বাংলাদেশের বঙ্গবন্ধু স্টেশনের মধ্যে দিয়ে আমার বিধানসভা কেন্দ্রে প্রথম যে স্টেশন গেদে, ওখানে পরীক্ষামূলকভাবে ট্রেন আসছে। ট্রেনটি আজকে রাত্রিতে আসছে এবং আগমীকাল ছেড়ে যাবে। আমি এই সভা থেকে আবেদন করছি, কালকে যখন ট্রেনটি ছেড়ে যাবে তখন - বাংলাদেশ থেকে মন্ত্রী এবং অনেক অফিসার যাঁরা আসছেন, তাঁদের আপ্যায়ন জানানো হোক। সেই সাথে সাথে, পাকিস্তানে যেমন বর্ডারে ভিসা দেবার ব্যবস্থা আছে, তেমনি এখানে গেদে এবং ওপারে দর্শনা স্টেশনে যাতে ভিসা দেওয়া হয় তারজন্য আমি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার তথা শিক্ষা দপ্তর সারা রাজ্যে প্রাথমিক বিদ্যালয়গুলিতে প্রাথমিক ছাত্রছাত্রীদের যে বই বিতরণ করেন, দীর্ঘদিন যাবত অধিকাংশ বিদ্যালয়ে সেই বইগুলো পৌঁছায় নি। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে প্রাথমিক বিদ্যালয়ে অতি সত্বর বইগুলো পৌঁছে যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাগদা এমন একটা জায়গা যেখানে ইলেকট্রিসিটি পৌঁছায় না। দিনের পর দিন অন্ধকারে থাকে। সেখানে পাট কাটা আরম্ভ হয়েছে। বিদ্যুৎ চালিত কিছু কিছু যন্ত্র আছে যেগুলো না চালালে পাটের জমি রোয়া যাবে না। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে চাষের জন্য বিদ্যুৎ থাকে তার ব্যবস্থা করুন। গতবার বন্যায় যে ক্ষতি হয়েছিল, এবারে তা যাতে পূরণ হয় তারজন্য বিদ্যুতের ব্যবস্থা করলে বাধিত হব।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ভারতবর্ষের বৃহত্তম জেলা মেদিনীপুর। তাকে বিভাজন করার বিষয় নিয়ে সম্প্রতি অধিবেশনে মাননীয় মুখ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন, তারজন্য তাঁকে ধন্যবাদ জানাই। কিন্তু তাঁর বক্তব্য থেকে স্পষ্ট জানা যায় নি যে কবে বিভাজন হবে। মেদিনীপুর জেলার বিভাজন নিয়ে দীর্ঘদিন ধরে ওখানকার মনুষ দাবি জানিয়ে আসছেন। তাদের দীর্ঘদিন ধরে ক্ষোভ ধুমায়িত হচ্ছে। আমি অনুরোধ জানাব, সামনে ৯ই আগস্ট আছে, ঐদিন যদি না হয় তহলে ১৫ই আগস্ট এটা করা যেতে পারে। আর একেবারেই তা না হলে ১৭ই সেপ্টেম্বর, শহীদ দিবসের দিন এই বিভাজন করা যেতে পারে। মেদিনীপুর জেলার বিভাজন মানুষের দীর্ঘদিনের দাবি। সেজন্য ঐ তারিখে যাতে বিভাজন হয় তারজন্য আমি অনুরোধ জানাই।

[1-20 — 2-00 p.m.(Including adjournment)]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্যের পূর্ত দপ্তর বহুকাল আগে থেকে চারণকবি মুকুন্দ দাস, অশ্বিনীকুমার দত্ত, শ্রীমতী ইন্দিরা গান্ধী, অজয়কুমার মুখার্জি এবং ডিরোজিও'র মূর্তি তৈরি করে রেখেছে। কিন্তু মূর্তিগুলি কোথায় বসানো হবে তার স্থান নিরুপন নেই। তাই আমি আবেদন করব, স্থান নিরুপন করে অবিলম্বে মুর্তিগুলি বসানো হোক। কারণ মণিষীদের মূর্তি তৈরি করে সেগুলো ফেলে রাখা, এটা অপরাধের মধ্যে পড়ে।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, আমি বিভাগীয় মন্ত্রীর কাছে কতকগুলো গুরুত্বপূর্ণ ব্যাপার তুলে ধরতে চাইছি। ১৯৯০ সাল থেকে সাক্ষরতা অভিযান চলছে। গ্রামবাংলার প্রতিটি জায়গায় চলছে। অসংখ্য বেকার যুবক যুবতী এই কাজে অংশগ্রহণ করেছে। সারা পশ্চিমবঙ্গে চুয়ান্ন হাজার যুবক যুবতী এই কাজ করে চলেছে। নিরলস প্রচেষ্টার মধ্যে দিয়ে এই কাজ চলছে। এই কাজের জন্য উৎসাহ ভাতা বাবদ গভর্নমেন্ট কিছু টাকা দিত, তা বর্তমানে দেওয়া বন্ধ আছে। সেটা দেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটু আগেই শুনলাম সরকার পক্ষের সদস্যরা চিৎকার করে তাদের এলাকায় বিদ্যুৎ নেই বলে বলছিলেন। আর আমরা বললেই বলবেন

হ্যাঁ, বিদ্যুৎ আছে। তাই বলছি আমরা আলো চাই আর আপনারা অন্ধকারে থাকতে চান। আপনারা আলো নিয়েও রাজনীতি করছেন। আজকে বিদ্যুতের বেহাল অবস্থা। বিদ্যুতের যাতে উন্নতি হয় আমার এলাকায় তারজন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি। আমার এলাকার লোকেদের কাছে যাতে বিদ্যুৎ পৌঁছতে পারে তার ব্যবস্থা করুন। আজকে বিদ্যুতের অভাবে অনেক কারখানা বন্ধ, শ্রমিকরা অসহায় অবস্থায় রয়েছে, সুতরাং বিদ্যুতের পরিস্থিতি যাতে ভাল হয় সেটা আপনাকে দেখতে হবে। বিদ্যুৎ বিভাগটা যাতে সচল হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি নিয়ে এসেছি তা নিয়ে অনেকেই বলেছেন। আজকে খুবই আনন্দের দিন ভারত-বাংলাদেশ যাত্রীবাহি রেল যোগাযোগ ব্যবস্থা যা দীর্ঘদিন মানুষের চাহিদা ছিল তা আজকে কার্যে পরিণত হচ্ছে। যদিও এটা পরীক্ষামূলকভাবে শুরু হচ্ছে, তবে কয়েকদিনের মধ্যেই চালু হয়ে যাবে আশা করব। ভারত-বাংলাদেশ রেলপথটি ঢাকা পর্যন্ত যাচ্ছে না, মিটার গেজের জন্য। ভবিষ্যতে যাতে ঢাকা পর্যন্ত যায় তারজন্য রাজ্য সরকারের কাছে আবেদন রাখছি। তাঁরা যেন কেন্দ্রীয় সরকারকে বলেন। ইতিমধ্যেই সৌহার্দ্য বলে বাস যেটি ঢাকা পর্যন্ত যাচ্ছে খুবই আশানুরূপ ফল পেয়েছে। সুতরাং বাস সার্ভিস চালু হয়ে গেছে। আর রেল যেটি যাচ্ছে সেটা যেন ঢাকা পর্যন্ত যায় এবং তার নাম যাতে দেওয়া হয় গঙ্গাপদ্মা এক্সপ্রেস।

**শ্রী প্রফুল্লকুমার ভৌমিক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় করিমপুরে পদ্মা ভাঙ্গনের ফলে কাচারিপাড়া, চাঁচালিয়া এবং মধুবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকা গঙ্গা-পদ্মা ভাঙ্গনের ফলে বিরাট ক্ষতি হচ্ছে। অবিলম্বে ওই ভাঙ্গন রক্ষা করার ব্যবস্থা করুন।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা জেলায় দুটি সেচ প্রকল্প যথা সোনারপুর আরাপাঁচ মাদলা প্রকল্প এরসঙ্গে ডাবু স্লুইস গেট যেটা মগরাহাট ড্রেনেজ সিসটেমটাকে পরিচালিত করে। কদিন ধরে প্রবল বৃষ্টির ফলে বারুইপুর, সোনারপুর, ক্যানিং জলে ভাসছে। সোনারপুর, আরাপাঁচ এবং মগরার উত্তর ভাগের পাম্পিং স্টেশন ঠিকমতো কাজ করছে না। মগরাহাট ড্রেনেজ স্কিমে বিলেতি পানায় খালগুলো ভর্তি হয়ে আছে। ডাবুর স্লুইজ গেট ১৬টি, তারমধ্যে ৮টি অকেজো হয়ে পড়ে

আছে। যারফলে জল নিকাশি ব্যবস্থা ঠিকমতো হচ্ছে না। এরফলে ৭, ৮টি থানা জলমগ্ন। চাষীরা চাষ করতে পারছে না। মাঠ জলে ভরা। সেই কারণে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ যাতে আপনার দপ্তর থেকে একজিকিউটিভ স্তরে নির্দেশ দেওয়া হয় অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্যে এবং সোনারপুর, আরাপাঁচ, মাদলার উত্তর ভাগের পাম্প সারানোর ব্যবস্থা করুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি আমরা আবার মিলিত হব ২টোর সময়ে।

(At this stage the House was adjourned till 2 p.m)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

(After recess)

### Demand No. 84

[2-00 — 2-10 p.m.]

**Mr. Deputy Speaker :** There are 14 cut motions on Demand No. 84. All the cut motions' are in order.

| | |
|---|---|
| Shri Saugata Roy<br>Shri Dipak Kumar Ghosh<br>Dr. Ashish Banerjee<br>Shri Nirmal Ghosh<br>Shri Ashok Kumar Deb<br>Shri Kamal Mukherjee<br>Shri Pundarikakshya Saha<br>Shri Ajoy Dey<br>Shri Ajit Bhunia<br>Shri Partha Chatterjee<br>Shri Mahbubul Haque<br>Shri Mostaque Alam<br>Shri Kallol Khan<br>Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/- |

**শ্রী বিপ্লব রায়চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী দীনেশচন্দ্র ডাকুয়া পর্যটন দপ্তরের ৮৪ নম্বর দাবির অধীনে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন এবং তার উপর যে কাগজ দিয়েছেন আমি সেই বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের দলের আনা সংশোধনীগুলিকে সমর্থন করছি। স্যার, আমরা সবাই জানি যে পর্যটন দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর এবং এই দপ্তরের মাধ্যমে মানুষ তাদের মনের ক্ষুধা মেটায়, প্রাণের ক্ষুধা মেটায়। আমরা প্রতিদিন এই যে ইঁট কাঠ পাথরের জঙ্গলে বাস করি এবং প্রতিদিন যে দৈনন্দিন কাজকর্মের ক্লান্তি, সেই ক্লান্তি ঘোচানোর জন্য বিনোদনের জন্য আমরা পর্যটনকে ব্যবহার করি। আমাদের বাঁচার অবলম্বন হিসাবে এবং এই বাঁচার অবলম্বনের জন্য সারা পশ্চিমবাংলা জুড়ে যে অসংখ্য জায়গা আছে, সেই জায়গাগুলিকে আমরা মনেকরি প্রাণের জায়গা, মনের জায়গা। আমাদের সত্যিকারের মন খুলে থাকবার জায়গা, কথা বলার জায়গা। স্যার, আপনি জানেন, পশ্চিমবাংলা একটা বিরাট পর্যটনের জায়গা। এখানে দক্ষিণেশ্বরের মন্দির তারকেশ্বরের মন্দির আছে, কালিঘাটের মন্দির আছে, গঙ্গাসাগর আছে, উত্তরবঙ্গের জলপেশ্বরের মন্দির আছে, এই রকম অসংখ্য জায়গা এখানে আছে। এই সমস্ত জায়গায় পর্যটনের জন্য আমরা যাই। আরামের জন্য যাই, প্রাণের ক্ষুধা মেটাবার জন্য যাই। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, পশ্চিমবঙ্গে যে পর্যটন দপ্তর আছে সেই দপ্তরটি কেবল আছে। সেই দপ্তরের মাধ্যমে যে সমগ্র দায়বদ্ধতা থাকা দরকার, সেইটা নেই। আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, এই সমস্ত জায়গায় পর্যটন আবাসগুলিতে কোনও কোনও জায়গায় ঘর আছে, কিন্তু তা রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেই। কোনও কোনও জায়গায় লোক আছে, দায়বদ্ধতা নেই। দায়বদ্ধতার বক্তব্য আছে, কিন্তু কাজকর্মের মধ্যে দিয়ে মানুষের কাজ করার মধ্যে দিয়ে যে দায়বদ্ধতা সেটা তারা পালন করছেন না। আমি মেদিনীপুরের দীঘার কথা বলি। এটা একটা অসাধারণ পর্যটন কেন্দ্র। এখানে লক্ষ লক্ষ মানুষ ছুটি পেলেই ছুটে যায়। শুক্রবার ছুটির দিন থাকলে তো আর কথাই নেই। মানুষ সেখানে ছুটে আসে। মানুষ আসে সমুদ্রের টানে। এই সমুদ্রের জলের ধাক্কায় সেখানে বোল্ডারগুলি ভেঙে যাচ্ছে। বোল্ডারগুলো আজকে ছড়িয়ে-ছিটিয়ে পড়ে আছে চারিপাশে। সেটা একটা মৃত্যু নগরি তৈরি হয়েছে। কয়েকদিন আগে একজন দম্পতি এবং তার ছেলেকে নিয়ে বেড়াতে গিয়েছিল, তার ছেলেটি একটা বোল্ডারের উপরে বসে আছে, সেখানে একটা প্রবল ঢেউ এসে তাকে ভাসিয়ে নিয়ে যায়। পরবর্তী পর্যায়ে বাবা ছেলেকে উদ্ধার করার জন্য ঝাপিয়ে পড়েন। তারপরে দুজনেরই মর্মান্তিকভাবে

মৃত্যু হয়। দীঘায় বেড়াতে গেলে দেখবেন সারি সারি যে দোকানপাটগুলো আছে, তার পাশেই অসংখ্য জবর-দখল করে দোকান তৈরি হয়েছে এবং তাদের সেই দুর্গন্ধে মানুষ সেখান থেকে পালিয়ে যাচ্ছে। তারা বলছে আমরা একটু ফাঁকা জায়গায় বেড়াতে এসেছি, কিন্তু কেমন করে বেড়াব। সেখানে রক্ষণা-বেক্ষণের কোনও ব্যাপার নেই, দীঘা ডেভেলপমেন্ট অথরিটি আছে, কিন্তু তারা কোনও রক্ষণা-বেক্ষণ করেনা। যাদের নজরদারি করার কথা তাদের দায়বদ্ধতার অভাবে আজকে সেখানে নৈরাজ্যের অবস্থা সৃষ্টি হয়েছে। দীঘায় যে ঝাউবন ছিল তাকে নিয়ে অনেক গান লেখা হয়েছে, অনেক কবিতা লেখা হয়েছে, সেই ঝাউবন আজকে বিলীয়মান। ঝাউবন দেখবার জন্য মানুষকে আজকে বহু দূরে যেতে হচ্ছে। দীঘায় আজকে একটা পরিত্যক্ত অবস্থা সৃষ্টি হয়েছে। মানুষ কেন পর্যটনে যায়, মানুষ কখন পর্যটনে যায়? মানুষ পর্যটনে যায়, মানুষ ধর্মস্থানে যায়, মানুষ স্বাস্থ্যকর স্থানে যায়, মানুষ বিনোদনের জন্য পর্যটনে যায়। আজকে এই সমস্ত জায়গাগুলোতে নৈরাজ্যের অবস্থা সৃষ্টি হচ্ছে। আমরা বক্রেশ্বরে গিয়েছিলাম, সেখানে গিয়ে দেখি বক্রেশ্বরে একটা উষ্ণ প্রস্রবন আছে, সেটা প্রকৃতিগতভাবে তৈরি হয়েছে। সেখানে গিয়ে আমরা দেখেছি সেখানে থাকার ব্যবস্থা অপ্রতুল, উষ্ণ প্রস্রবনের জলগুলো নোংরা হয়ে গেছে, পরিস্কারের লেশমাত্র নেই। সেই অবস্থা দেখে আমাদের দুঃখ হয়েছে, আমরা বেদনাহত হয়েছি। আমরা যদি সুন্দরভাবে সেটাকে রক্ষণা-বেক্ষণ করি, তার জলটা যদি পরিশ্রুত করি, তাহলে মানুষ সেখানে দুদিনের জন্য আশ্রয় নিয়ে হেঁসে খেলে বেড়াতে পারে। পর্যটন শুধু গরিবের জন্য নয়, বড়লোকদের জন্য নয়, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত সকল মানুষ পর্যটনে যায়। আজকে পর্যটন বিদেশি মুদ্রা আনতে পারে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের বাজেট বক্তৃতা পড়ছিলাম, এখানে নির্দিষ্ট করে বলা নেই বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য তিনি কি পথ অবলম্বন করেছেন। আমরা সবাই জানি, পশ্চিমবঙ্গে এমনি একটা ভূ-পর্যটন কেন্দ্র আছে, সেটাকে যদি ঠিকমতো ব্যবহার করা যায়, তাহলে সারা পৃথিবীর পর্যটকরা সেখানে আসবে। তারা সেখানে এলে বৈদেশিক মুদ্রা খরচ করবেন এবং আমাদের ইনকাম বাড়বে। তাঁর জন্য যে নজর দেওয়ার দরকার ছিল সেটা নেই। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় গিয়ে আমরা দেখেছি সেখানে সিঙ্গল রুম আছে, ডাবল রুম আছে, ডর্মিটারি আছে। এবং নাগরিকদের সমস্ত রকম সুযোগ-সুবিধা আছে। দুঃখের সঙ্গে আমি পর্যটন মন্ত্রীকে বলতে চাই, অনেকগুলো জায়গায় সিঙ্গল রুম আছে, ডাবল রুম আছে, কিন্তু কোনও ডর্মিটারির ব্যবস্থা নেই। ডর্মিটারির ব্যবস্থা থাকলে আরও বেশি করে মানুষ

সেটা ব্যবহার করতে পারত। সেইদিকে মাননীয় মন্ত্রিমহাশয়কে নজর দেওয়ার জন্য অনুরোধ করছি। ডাবল রুম, সিঙ্গল রুমের ঘরগুলিতে পানীয় জলের ভালো ব্যবস্থা নেই। রাস্তাঘাটগুলো আজকে ভাঙ্গাচোরা অবস্থায় পড়ে আছে। এই যে অগোছালো, কাছাখোলা অবস্থা, এর জন্য আমরা নতুন করে কোনও আশার আলো এখানে দেখতে পাইনা। এদিকে লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে। বর্তমান বাজেটে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, তিনি যে বাজেট পেশ করেছেন ১১ কোটি টাকার, তার মধ্যে দার্জিলিং গোর্খা পরিষদকে ৩০ লক্ষ টাকা দেওয়া হবে বলেছেন। আমি একটা কথা বিনীতভাবে ওনার কাছে রাখতে চাই, যে ৩০ লক্ষ টাকা যা দিচ্ছেন তার হিসাবটা নির্দিষ্টভাবে তারা পেশ করছেন কিনা তা আমরা জানতে চাই। আমরা মাঝে মাঝে দার্জিলিং যাই, সেই সৌন্দর্যের রানি, পর্বতের রানি আমাদের দিগভ্রমের সুযোগ ঘটিয়ে দেয়।

আমরা প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার জন্য সেখানে যাই, কিন্তু নোংরা রাস্তার পাশ দিয়ে যেতে গিয়ে কষ্ট হয় এই ভেবে যে, এত কষ্ট করে বাজেট থেকে তাদের টাকা দেওয়া হয়, সেটা কাজে লাগাবে না? সেই দায়বদ্ধতা একেবারেই নেই? গাদিয়াড়া বা অন্যান্য যে সমস্ত ছোট ছোট পর্যটনের জায়গা আছে, সেখানে যদি স্থানীয় মানুষ এবং স্থানীয় প্রশাসন জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিকে যুক্ত করে, একটা ছোট্ট অ্যাডজাস্টমেন্ট করা যায়, তাহলে জায়গাগুলো অনেক উন্নত হতে পারে। আমি মনেকরি সামগ্রিকভাবে পর্যটন দপ্তর তার নির্দিষ্ট দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে, আরও যেসব উন্নয়নমূলক কাজ করা দরকার সেসব করতে ব্যর্থ হয়েছে, তাই এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে, আমাদের আনা কাটমোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী জয়ন্ত চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই।

বিরোধী দলের মাননীয় কাব্যিক ঢঙে কতগুলো কথা বলে গেলেন। কিন্তু আজকেই প্রশ্নোত্তর পর্বে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ওয়েবকনকে দিয়ে একটা সার্ভে করে পর্যটনকে দীর্ঘস্থায়িভাবে শিল্পের রূপ দেওয়া যেতে পারে সেই প্রচেষ্টা

হণ করা হয়েছে। শুধুমাত্র একটি রাজ্যের সীমাবদ্ধ ক্ষমতা এবং আর্থিক অবস্থার ধ্যে দিয়ে এই শিল্পকে বিকশিত করা যায় না। কেন্দ্রীয় যে পর্যটনের ব্যাপার াছে, তারা এটাকে তুলে ধরার চেষ্টা করেননি। আমরা দেখছি গঙ্গাসাগর-এ এখন াগের তুলনায় দুর্ঘটনা কম ঘটছে। সেখানকার জেলা-পরিষদ বলুন, সরকারি ব্যবস্থা বলুন অনেকটাই উন্নতি ঘটিয়েছে। তারকেশ্বর-এর কথা বললেন, সেখানকার পরিকাঠামো কিছু গড়ে উঠেছে, আরও চেষ্টা হচ্ছে। তারাপীঠ বা কলকাতা সংলগ্ন যসব জায়গা আছে, সেখানকার পরিকাঠামো অনেকটাই ভালো। বললেন প্রাকৃতিক সৌন্দর্য আস্বাদনের জন্য মানুষ সেখানে ছুটে যায়। আমরা দেখতে পাচ্ছি সরকারি পরিকল্পনার ফলে দার্জিলিং ছাড়াও কার্সিয়াং, কালিম্পংয়ে লোক যাচ্ছে। উত্তরবঙ্গেও মানুষ আরও ছুটে যায় বন এবং বন্যপ্রাণী দেখতে। গরুমারা, জলদাপাড়া, রাজা-ভাতখাওয়া, প্রভৃতি জায়গায় আরও বেশি বেশি ট্যুরিস্ট যাচ্ছে। পরিকাঠামোর ক্ষেত্রে অনেক দুর্বলতা আছে, পরিবহনের ক্ষেত্রেও অনেক দুর্বলতা আছে - কিন্তু এটা গড়ে ওঠার সম্ভাবনা আছে। আমরা দেখেছি যে প্রকৃতি এবং ঐতিহ্যময় যে স্থানগুলো আছে বিশেষ করে কুচবিহার, মালদহ, মুর্শিদাবাদ, বিষ্ণুপুর, বাঁকুড়া এই জায়গাগুলোকে যাতে আরও একটু সুন্দর করা যায় বিশেষ করে সেই জায়গাগুলো আমি বাঁকুড়া জেলার কথা বলছি, বিষ্ণুপরের কথা বলছি। এটা মন্দির নগরি। এখানে মন্দির দেখতে দুর দুরান্তর থেকে লোক আসে এদের আরও কিভাবে আকৃষ্ট করা যায় তার ব্যবস্থা করতে হবে। জঙ্গল দেখতে হরিণ দেখতে বহু লোক আসে কিভাবে আরও পর্যটক আকর্ষণ করা যায় তার ব্যবস্থা করতে হবে। বনবিভাগের যে সমস্ত কর্মচারী আছেন তাদেরও এরসঙ্গে যুক্ত করতে হবে। (মাইক অফ।)

**শ্রী সুব্রত বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী পর্যটন দপ্তরের ২০০১ আর্থিক বছরের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। পর্যটন ক্ষেত্রে আজকে যেটা উপলব্ধি করার বিষয় তাহল আজকে নানা দেশে পর্যটন একটা শিল্প হিসাবে গড়ে উঠেছে এবং সেই পর্যটনকে যদি আমরা পশ্চিমবঙ্গে সফল করতে চাই তাহলে আমাদের কয়েকটি পরিস্থিতি সৃষ্টি করতে হবে। মন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন যে ধর্ম এবং তীর্থ স্থান, ঐতিহাসিক স্থান এবং সর্বোপরি যে প্রাকৃতিক সৌন্দর্যময় যে জায়গাগুলো আছে সেই স্থানে পর্যটনের একটা ভবিষ্যত আছে। আমরা জানি যে আমাদের পশ্চিমবাংলার উত্তরবঙ্গে এর দার্জিলিং পর্যটকদের একটা প্রধান আকর্ষণ ছিল কিন্তু নানাবিধ কারণে হয়তো পর্যটকদের দার্জিলিং-এ যাওয়া সুবিধাজনক হয়ে ওঠে না। তা সত্ত্বেও

মানুষ প্রকৃতি দেখতে যায়। পার্শ্ববর্তী যে সমস্ত রাজ্য রয়েছে মানুষ সেখানেও যাচ্ছেন। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর কাছে কিছু নিবেদন করতে চাই। আমাদের জলপাইগুড়ি জেলায় অযোধ্যা পাহাড়ে পর্যটন দপ্তর একটু নজর দিতে পারেন কারণ এটা স্বাস্থ্যকর জায়গা এবং কলকাতার কাছাকাছি যানবাহনের সুবিধা আছে। এই কারণে আপনি অযোধ্যা পাহাড়ের কথাটা বিবেচনা করতে পারেন। আরেকটা কথা যেটা বলবার আছে তা হল যে পর্যটক যারা বেড়াতে যান তাদের সুযোগ সুবিধা দেখার দায়িত্ব হচ্ছে পর্যটন দপ্তরের। পর্যটকদের ভালভাবে স্বাগত জানাতে হবে সেই পরিবেশ সৃষ্টি করার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব। সেই মানসিকতা পর্যটন দপ্তরের কর্মিদের তৈরি করতে হবে। পর্যটকদের স্বাগত জানাতে এবং তাদের সুযোগ সুবিধা দেখার জন্য পর্যটন দপ্তরের কর্মিদের সব সময়ে প্রস্তুত থাকতে হবে। তাহলে নিশ্চয়ই পশ্চিমবঙ্গের রাজ্য বাসির কাছে পর্যটন দপ্তর সুপরিচিত হয়ে উঠবে। অন্যান্য রাজ্যের লোকজন ছাড়াও পশ্চিমবঙ্গের যারা নাগরিক আছেন তাদের যাতে আকর্ষণ করা যায় তার জন্য আমাদের রাজ্যের বিভিন্ন পর্যটন স্থানগুলোকে উন্নত করা দরকার, নজর দেওয়া দরকার এবং এব্যাপারে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাকে আমি স্বাগত জানাচ্ছি। পর্যটক দপ্তর আগামী বছরে নানা জায়গায় নতুন আবাস এবং কেন্দ্র করতে যাচ্ছেন। সে জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং আশাকরি সেইসব পর্যটন এবং আবাসকেন্দ্র ভালোভাবে গড়ে উঠবে আমি আরেকবার এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 3-30 p.m.]

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৮৪ নম্বর দাবির অধীনে মাননীয় মন্ত্রিমহাশয় ২০০১-০২ সালের জন্য যে ব্যায়-বরাদ্দ এনেছেন তাকে আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট-মোশনের সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতার সাথে তাঁর নামের মিল আছে। মাননীয় মন্ত্রীর নাম যেমন তিন অক্ষরের তেমনি ওনার বক্তৃতার পাতা সংখ্যাও তিন। এটা একটা ইম্পর্টেন্ট দপ্তর। পশ্চিমবঙ্গে বিভিন্ন অবহেলিত জায়গা আছে যেখানে আপনারা পর্যটনের উন্নতির কথা বিবেচনা করে অনেক কিছু করতে পারেন। কিন্তু তা না করে আগের মন্ত্রিমহাশয় যেমন বলে গেছেন আজকে আপনিও তাই বলছেন, ২৪ বছর ধরে আপনারা কোথাও কিছু করতে পারলেন না। পর্যটনের উন্নতি করতে পারলেন না। তাই আমি এই বাজেট

বক্তৃতা পড়ে বুঝতে পারছি না এর বিরোধিতা করব না সমর্থন করব। উনি বাজেটের মধ্যে দিয়ে ১৫ কোটি সামথিং টাকা চেয়েছেন। এই টাকায় কি হবে? আজকে যদি আপনাকে সতিকারের কাজ করতে হয়, বিভিন্ন সংস্থাগুলোকে, আপনারা তো সরকারি সংস্থাগুলোকে বে-সরকারিকরণ করেছেন, করছেন পর্যটনের উন্নতির ক্ষেত্রে সরকারি এবং বে-সরকারি উভয় ক্ষেত্রেই নজর দিতে হবে, তাহলে পর্যটনের উন্নতি হবে, না হলে নয়।

আমাদের মালদা জেলাতেই প্রাচীন বাংলার রাজধানী গৌড় ছিল। সেখানে একটামাত্র ট্যুরিস্ট আছে। আমাদের রাজ্যে অনেক সাগর, দীঘি, বড় বড় পুকুর আছে। সেখানে বোটিং সিস্টেম করে পর্যটনের ব্যবস্থা করা যেতে পারে এবং এটা করা দরকার বলে আমি মনেকরি। মালদা জেলাতে প্রাচীন বাংলার রাজধানী গৌড়ের ধ্বংসাবশেষ পড়ে রয়েছে। তার কোনও সংস্কার আপনারা করেন নি। আমার মনে হয় এটা আপনাদের করা উচিত। আদিনাতে একটা বিরাট মসজিদ আছে। আদিনা ফরেস্টে একটা বাংলো অর্ধেক হয়ে পড়ে আছে। মাননীয় গনিখান চৌধুরী মহাশয় জেলা সমাহর্তাকে বলেছিলেন, আমি এম.পি. ল্যাডের টাকা দিচ্ছি আপনারা এটা ঠিক-ঠাক করুন। কিন্তু সেই ফরেস্ট বাংলো আপনারা কমপ্লিট করলেন না। এখনও সেই অবস্থায় পড়ে রয়েছে। আসলে আপনারা চাননা এগুলো উন্নত করার মধ্যে দিয়ে সরকারের রেভিনিউ বাড়ুক। তা না হলে এই বাজেট হয়?

স্যার, মালদা জেলার জগদ্দলপুরের পাল রাজাদের তাম্রলিপি থেকে সেই সময়কার অনেক কিছু জানতে পারা গেছে। মাননীয় মন্ত্রী মানববাবু সেখানে গিয়ে একটা ট্যুরিস্ট লজ করার কথা বলে এসেছিলেন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম উনি বলে আসার পরও সেখানে কিছুই হল না। আমি জানি কিছুই হবেনা। আমাদের এখানে একদিকে যেমন দার্জিলিংয়ের মতো স্বর্গীয় পাহাড় রয়েছে আবার অন্যদিকে দীঘার মতো সমুদ্র উপকুল রয়েছে। এখানে অনেক তীর্থস্থানও রয়েছে। আপনারা যদি চেষ্টা করতেন তাহলে এই পশ্চিমবাংলায় পর্যটনের ক্ষেত্রে অনেক কিছু করার ছিল। আপনারা বললেন কালিঘাট করেছি, তারাপীঠ করেছি। কিন্তু আপনি অন্যান্য রাজ্যে গিয়ে দেখুন, সাউথে গিয়ে দেখুন সেখানে মীনাক্ষি মন্দিরকে কেন্দ্র করে গভর্নমেন্টের একটা রেভেনিউ আদায় হয়। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি করবেন কি করে? আপনার সেই পরিকাঠামো নেই। আগে পরিকাঠামো তৈরি করা দরকার। পর্যটনের উন্নতি করতে গেলে এবং আপনারা যদি সত্যিকারের

কাজ করতে চান তাহলে আপনাদেরকে রিলেটেড ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ রাখতে হবে, সেটা আপনার মোটেই নেই। পর্যটনের উন্নতি করতে গেলে পাওয়ার ডিপার্টমেন্ট, ফরেস্ট ডিপার্টমেন্ট, ইরিগেশন ডিপার্টমেন্ট ইত্যাদি ডিপার্টমেন্টগুলোর সঙ্গে আপনার ডিপার্টমেন্টকে রিলেটেড করা উচিত এবং আমার মনে হয় এটা আপনারা করেন নি। এটা না থাকলে আপনারা কিছু করতে পারবেন না। আমরা দেখতে পাই বিভিন্ন জায়গাগুলো অত্যন্ত নোংরা এবং আবর্জনায় পূর্ণ। একটা মানুষ যখন ক্লান্ত হয়ে পড়ে তখন সে তার পরিবারের সঙ্গে, তার ছেলে-মেয়ে সকলকে নিয়ে মনের আনন্দে যখন কোথাও যায় গিয়ে দেখে এত নোংরা, আবর্জনা যে থাকা যায় না; তখন সে ফিরে যায়। এগুলো আপনার দেখা দরকার। এগুলো যদি আপনারা না দেখেন তা হলে পর্যটনের উন্নতি করতে পারবেন না। ভারতবর্ষের বিভিন্ন স্টেটে গিয়ে দেখুন যে তারা সমস্ত ছোট ছোট জায়গাগুলোকে এত সুন্দর করেছে যে সেখান থেকে তাদের রেভেনিউ আদায় হচ্ছে। কিন্তু এই স্টেটের জন্য আপনার সেরকম কোনও পরিকল্পনা নেই। বিভিন্ন ট্যুরিস্ট লজগুলোতে আপনি ভাড়া বাড়িয়ে দিয়েছেন, ট্যুরিস্ট লজগুলোতে আপনি এত ভাড়া বাড়িয়েছেন যে সেখানে কোনও মধ্যবিত্ত পরিবার, সাধারণ মানুষ যেতে পারেন না। যে সমস্ত ট্যুরিস্ট স্পটগুলো আছে সেগুলোকে কেন্দ্র করে যে এলাকা আছে তাকে যদি আপনি আকর্ষণীয় করে গড়ে তুলতে পারতেন, ট্যুরিস্টদের জন্য যোগাযোগের সুন্দর ব্যবস্থা করতে পারতেন তাহলে মনে হয় পর্যটনের জন্য ভাল জায়গা তৈরি হত এবং তাকে কেন্দ্র করে বিভিন্ন হোটেল তৈরি হত, মানুষের কিছু ইনকাম বাড়ত এবং গভর্নমেন্টের রেভেনিউ আদায় হত। স্যার, সুন্দরবন জায়গা এত সুন্দর, আমরা সি.পি.এ. কমিটি থেকে সেখানে গিয়েছিলাম। মাননীয় মন্ত্রিমহাশয় বলে থাকেন যে সুন্দরবন অঞ্চলে অনেক বাঘ আছে। সুন্দরবনের মেইনলি আকর্ষণ হচ্ছে বাঘ, কিন্তু সেখানে যাওয়ার জন্য যোগাযোগ ব্যবস্থা খুব খারাপ। এত পর্যটক সেখানে যান কিন্তু তাঁরা কখনও বাঘ দেখতে পাননা। সুন্দরবনে পর্যটকদের থাকার ব্যবস্থা নেই। এব্যাপারে আমরা একটা রিপোর্ট জানিয়েছিলাম। কিন্তু দুঃখের সঙ্গে জানাই যে মাননীয় মন্ত্রিমহাশয় এখানে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই টাকায় কিছু হবে না। সরকারি উদ্যোগের সঙ্গে বেসরকারি উদ্যোগও গ্রহণ করতে হবে। তা না হলে এব্যাপারে আপনারা কিছু করতে পারবেন না। এই কথা বলে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন সেই ব্যয়বরাদ্দের আমি বিরোধিতা করছি কারণ বিরোধিতা করা ছাড়া উপায় নেই, কারণ আপনারা পশ্চিমবঙ্গের মানুষের

জন্য কিছুই করতে পারছেন না এবং আমাদের দলের আনীত কাট-মোশনগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে পর্যটন দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধিদের আনীত কাট মোশনের বিরোধিতা করছি। আমি জানিনা কংগ্রেসি বন্ধুরা এটাতে কেন কাট-মোশন আনলেন? ওঁরাই বলছেন আরও উন্নতি দরকার, আরও টাকা বাড়াতে হবে অথচ আপনারা সেখানে কাট-মোশন করার কথা বললেন। এখানে টাকা খুব সামান্য। আমি প্রথমেই বলব যে, মাননীয় মন্ত্রিমহাশয় আপনি আরও উদ্যোগ নিন। আপনি স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার কথা বলেছেন। আরও বেশি অর্থ পেলে ভাল হবে। যাইহোক সাধ্যের মধ্যে চেষ্টা করতে হবে। আমাদের দেশ ভারতবর্ষে বিশেষ করে যারা ধর্মপ্রাণ মানুষ তাঁরা তীর্থ ভ্রমণ করতে যান। তীর্থ ভ্রমণ পর্যটনের মধ্যে পড়ে। এই শিল্পের সাথে মুটে থেকে শুরু করে জল সরবরাহকারি, খাবার সরবরাহকারি প্রভৃতি বহু মানুষ যুক্ত। পর্যটন দপ্তরের মাধ্যমে এমপ্লয়মেন্ট জেনারেশনের সুযোগ আছে। এই দপ্তর সে পথে এগুচ্ছে বলেই আমার ধারনা। তথাপি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি, আমাদের পুরোনো পর্যটন কেন্দ্রগুলির অবিলম্বে রেনোভেট করা দরকার। আমাদের এমন কিছু কেন্দ্র আছে যেগুলির প্রতি দীর্ঘদিন কোনওরকম অ্যাটেনশন দেওয়া হয়নি। এক্ষেত্রে আমাদের পরিষেবা আরও একটু ভাল হওয়া দরকার। আমরা দেখছি বহু জায়গায় কৃত্রিমভাবে পর্যটন কেন্দ্র গড়ে তোলা হচ্ছে, কিন্তু যেগুলি একেবারে ন্যাচারাল সেগুলির প্রতি নজর দেওয়া হচ্ছে না। সেগুলির প্রতি একটু বেশি অ্যাটেনশন দেওয়া দরকার।

মাননীয় মন্ত্রিমহাশয়, এরপর আমি আপনাকে উত্তরবঙ্গে নিয়ে যাচ্ছি। আপনি নিজে উত্তরবঙ্গের মানুষ। আপনি জানেন সবুজে ঘেরা উত্তরবঙ্গ আসাম এবং ভূটান দ্বারা পরিবেষ্টিত। সেখানে পাহাড় আছে, বন আছে, চা-বাগিচা আছে এবং নদী আছে। প্রকৃতি সেখানে তার সবরকম রূপ ছড়িয়ে রেখেছে। আপনি উত্তরবঙ্গের প্রতি একটু অ্যাটেনশন দিন। উত্তরবঙ্গের পর্যটন শিল্পের বিকাশের জন্য প্রথম এবং প্রধান দরকার ল' অ্যান্ড অর্ডার রক্ষা করা। ল' অ্যান্ড অর্ডার সুরক্ষিত না হলে, পর্যটকরা সেখানে যাবেনা। কাশ্মীরের অবস্থা ওখানে যাতে আমাদের ফেস না করতে

হয় তার জন্য আমাদের সজাগ থাকতে হবে। উগ্রপন্থী আন্দোলনে কাশ্মীর এবং পাঞ্জাবের সর্বনাশ হয়েছে। আমাদের রাজ্যের বিভিন্ন স্থানেও অতীতে নানাভাবে সে প্রচেষ্টা হয়েছে।

মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার দপ্তরকে অবশ্যই যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটাবার জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে সমন্বয় সাধন করে চলতে হবে। রেল, রোড এবং জলপথ ব্যবস্থার প্রতি, অর্থাৎ সর্বপ্রকার পরিবহন ব্যবস্থার যাতে উন্নয়ন এবং সম্প্রসারণ ঘটে তার জন্য আপনাকে উদ্যোগ গ্রহণ করতে হবে। ফরেন ট্যুরিস্ট অ্যাট্রাক্ট করতে হলে বিমান পরিষেবার বিশেষ প্রয়োজন। সে কারণে হাসিমারায় যে মিলিটারি এয়ার বেসটি আছে সেটিকে আংশিকভাবে পর্যটকদের ব্যবহারের উদ্দেশ্যে যাতে ব্যবহার করা যায় তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়, আপনাকে ভারত সরকারের সিভিল অ্যাভিয়েশন ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলতে হবে এবং সেই ব্যবস্থা করতে হবে। শিলিগুড়ির বাগডোগরা থেকে হাসিমারা পর্যন্ত বিমান চলাচলের ব্যবস্থা যদি করা যায় তাহলে উত্তরবঙ্গের পর্যটন শিল্পের যথেষ্ট উন্নতি সাধিত হবার সম্ভাবনা দেখা দেবে। এমন কি ওখান থেকে ভূটান যাবার সুযোগ সৃষ্টি হবে। বক্সা, জয়ন্তী প্রভৃতি জায়গায় যাওয়া সহজ হয়ে যাবে। সার্কভুক্ত দেশগুলির মধ্যে যোগাযোগ ব্যবস্থা স্থাপনের মধ্যে দিয়ে গোটা অঞ্চলের পর্যটন শিল্পের বিকাশ ঘটতে পারে। এই অঞ্চলের প্রতি বিদেশি পর্যটকদের আকর্ষণ বাড়বে। আলিপুরদুয়ার থেকে শিলিগুড়ি পর্যন্ত দ্রুত গতির ট্রেন চালাবার ব্যাপারে রেল দপ্তরের সঙ্গে যোগাযোগ করতে হবে। সেই ব্যবস্থা করতে পারলে অনেক বেশি মানুষ ঐ অঞ্চলের প্রতি আকর্ষণ বোধ করবে। রেল দপ্তরের সঙ্গে যোগাযোগ করে আলিপুরদুয়ার টু শিলিগুড়ি ট্যুরিস্ট কোচ দেওয়ার ব্যবস্থা করা যেতে পারে। আপনি প্যাকেজ ট্যুরের ব্যবস্থাও করতে পারেন। আলিপুরদুয়ার ইস্টার্ন ডুয়ার্সের কেন্দ্রস্থল। সেখান থেকে ভূটান, কোচবিহার, বক্সাদুয়ার, জয়ন্তি পর্যন্ত পর্যটন উপযোগি স্থানে পর্যটকদের নিয়ে যাওয়া সম্ভব। জয়ন্তি থেকে রাজা-ভাতখাওয়া পর্যন্ত বাই ট্রেন পর্যটকদের নিয়ে যাওয়ার ব্যবস্থা করা যায়। বক্সাদুয়ারে মহারাজ ত্রৈলক্য চক্রবর্তী এবং বিভিন্ন বিপ্লবীরা এক সময় ছিলেন। অনেকেই সেখানে যেতে চান, কিন্তু পরিবহনের অসুবিধার জন্য যেতে পারেননা।

সরকারি প্রচেষ্টার দ্বারা সবস্তরের পর্যটন শিল্পের বিকাশ আজ আর সম্ভব নয়। সেজন্য বেসরকারি প্রতিষ্ঠানদের এ বিষয়ে উৎসাহি করে তুলতে হবে। আজকে

অবশ্য অনেকেই এগিয়ে আসছেন। এমন কি হোটেল ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত বিদেশি শিল্পপতিরা পর্যন্ত এগিয়ে আসছেন। তাঁরাও আমাদের রাজ্যের পর্যটন শিল্পে একটা বিরাট ভূমিকা পালন করছেন।

এই ক'টি কথা বলে মাননীয় মন্ত্রিমহাশয়ের ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রিমহোদয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করছি।

স্যার, আমরা যখন গভীর সামাজিক এবং অর্থনৈতিক সঙ্কটে নিমজ্জিত হই তখন আমরা সবাই মুক্তি পেতে চাই, আমাদের মন চঞ্চল হয়ে ওঠে। আমরা তখন গেয়ে উঠি—আমরা সুদূরের পিয়াসী হয়ে যাই—

'হেথা নয় হেথা নয়—অন্য কোথা, অন্য কোনখানে' আমরা যেতে চাই। রূপসী বাংলার প্রকৃত রূপ প্রত্যক্ষ করতে চাই।

আমাদের পর্যটন ব্যবস্থাকে সঠিকভাবে ব্যবহার করতে পারলে শুধু কর্মসংস্থানই বৃদ্ধি পাবেনা, বিদেশি পর্যটকদেরও আমরা আকর্ষণ করতে পারব। বিদেশি মুদ্রা অর্জন করতে পারব। কিন্তু এ ক্ষেত্রে আমাদের যেটা সবচেয়ে বড় ঘাটতি রয়েছে সেটা হল প্রচারের ক্ষেত্রে। প্রচারের ক্ষেত্রে আন্তর্জাতিক স্তরে যে প্রচার চলে ভারতের পর্যটন সম্পর্কে সেখানে পশ্চিমবাংলার নাম নেই বললেই চলে। সেখানে ভারত সরকার আমাদের পর্যটন কেন্দ্রগুলিকে উপযুক্ত গুরুত্ব দিয়ে তুলে ধরেন না বা তার চেষ্টা করেন না। এক্ষেত্রে রাজ্যসরকারের তরফ থেকে যেটা করলে ভাল হত সেটা হচ্ছে একটা সচিত্র মানচিত্র প্রকাশ করা। সেই মানচিত্রে আমাদের পশ্চিমবঙ্গের সমস্ত পর্যটনকেন্দ্রগুলি সম্পর্কে বিস্তারিতভাবে সমস্ত তথ্যগুলি দিয়ে চিত্তাকর্ষক করে প্রকাশ করলে তা যেমন একদিকে পর্যটকদের দৃষ্টি আকর্ষণ করবে তেমনি এ রাজ্যে পর্যটকদের সংখ্যাও বৃদ্ধি পাবে। তা হলে আমাদের আর্থিক ক্ষেত্রে একটা ভাল প্রভাব পড়বে। আমরা দেখছি, মাননীয় মন্ত্রিমহাশয়, তিনি পর্যটনের ক্ষেত্রে বেসরকারি পুঁজিকে আমন্ত্রণ করেছেন। তাতে আমাদের আপত্তি নেই কিন্তু এই বেসরকারি পুঁজি মারফত যা হবে তা কিন্তু মধ্যবিত্ত এবং নিম্নবিত্তদের আওতার বাইরে থাকবে। কাজেই আমরা মনেকরি এ ক্ষেত্রে সরকারি ব্যবস্থাপনার দিকেও বিশেষভাবে গুরুত্ব

দেওয়া দরকার। এ ক্ষেত্রে সরকারি ব্যবস্থাপনা সুনিশ্চিত এবং উন্নত করতে পারলে আমরা মধ্যবিত্ত এবং নিম্নবিত্তদেরও আকৃষ্ট করতে পারব। কাজেই সরকারি পরিষেবা বাড়ানোর দিকে বিশেষ নজর দেওয়ার দরকার আছে। স্যার, একথা অস্বীকার করার কোনও উপায় নেই যে, যেসব সরকার কর্মচারী এগুলি দেখভাল করেন এ ক্ষেত্রে তারা তাদের দায়বদ্ধতা সঠিকভাবে পালন করেন না। ঐ তুষার ধবলিত কাঞ্চনজঙ্ঘা, দার্জিলিং-এর পাহাড়, ডুয়ার্সের চা বাগান, ঝাড়গ্রামের শাল পিয়ালির জঙ্গল, কাংকাঝোড়ের অরণ্য থেকে গৌড় পর্যন্ত, এদিকে সুন্দরবন মিলে আমাদের বিশাল পর্যটনকেন্দ্র রয়েছে। কিন্তু কোথায় গেল আজকে দার্জিলিং-এর সেই রোপওয়ে? আমাদের কুলপি বন্দর, হলদিয়া, বক্রেশ্বর ইত্যাদিকে আরও চিত্তাকর্ষক করার পরিকল্পনা করা দরকার। শাল মহুয়ার জঙ্গলে টুলুপ নদীর কলতান শোনার মতো উপযুক্ত পরিষেবা আজ কোথায়? সেটা তো নেই। এগুলি দেখা দরকার। এই পরিষেবার ব্যবস্থা যদি করতে পারেন তাহলে একদিকে যেমন কর্মসংস্থান হবে, অপর দিকে সাধারণ মানুষের পর্যটন সম্পর্কে আগ্রহ বাড়বে। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলি, পর্যটনকেন্দ্রগুলির আশেপাশে অনেক সমাজবিরোধীদের আড্ডা হয়েছে। সেখানে তারা নানান অসামাজিক কাজকর্ম করে। ঐ দীঘা, তারাপীঠ এই সমস্ত স্থানকে তারা কলুষিত করছে। এদিকে নজর দেওয়া দরকার। পরিশেষে পর্যটনকেন্দ্রগুলিতে পরিবেশ সম্পর্কে একটু বলি। আমরা দেখছি, পর্যটন কেন্দ্রগুলিতে ঐ প্লাসটিকের ব্যাগ, নানান আবর্জনা পড়ে থাকায় সেখানকার পরিবেশ নষ্ট হচ্ছে। এদিকে বিশেষভাবে গুরুত্ব দিয়ে উপযুক্ত পরিবেশ যাতে পর্যটনকেন্দ্রগুলিতে থাকে সেটা দেখা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় পর্যটনকেন্দ্রগুলিতে আরও আকর্ষনীয় করে তুলবেন এই আশা করে, বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী দীনেশচন্দ্র ডাকুয়া পর্যটন দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন ১৮ কোটি ৫৪ লক্ষ ৩ হাজার টাকার তার বিরোধিতা শুধু আমি করছি না, মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি, তিনিও এর বিরোধিতা করুন। পর্যটন দপ্তরের মতোন এইরকম একটা গুরুত্বপূর্ণ দপ্তর এই টাকায় কিভাবে আপনি চালাবেন আমরা বুঝতে পারছি না। এতদিন আপনার এই দপ্তরকে কোনও গুরুত্বই দেন নি। তাছাড়া বাজেটে যে টাকা আপনার দপ্তরের জন্য বরাদ্দ করা হয়েছে অর্থমন্ত্রী অসীমবাবুর কৃপন হাত থেকে

সেই টাকাটাও আপনি পাবেন কিনা আমাদের সন্দেহ আছে। হয়ত বছরের শেষে দেখা যাবে আপনাকে মাত্র তিন কোটি টাকা দেওয়া হয়েছে। কারণ আমরা দেখেছি, বহু মন্ত্রীই অভিযোগ করেন যে বাজেটে বরাদ্দকৃত অর্থ তাদের দেওয়া হয়না। কাজেই মন্ত্রিমহাশয়কে বলছি, আপনি আগাম এর বিরোধিতা করে রাখুন যাতে অন্তত এই টাকাটা পাওয়া যায়। আমরা দেখেছি, পর্যটন দপ্তরকে আপনারা এতদিন গুরুত্ব দেন নি। এখন আপনারা বলছেন এটাকে শিল্পের জায়গায় নিয়ে আসা হচ্ছে। ২৪ বছর পর একে আপনারা শিল্পের জায়গায় নিয়ে যাবার কথা বলছেন। আমরা আগেই বলেছি, রাজ্যের পর্যটনের উন্নয়ন কিভাবে হবে সে সম্পর্কে আপনাদের স্পষ্ট দৃষ্টিভঙ্গি নেই। অনেকদিন পরে আপনারা বলছেন, এ ক্ষেত্রে বেসরকারি পুঁজিকে আসতে দেওয়া হবে। আমাদের রাজ্যের সবচেয়ে বড় অভিশাপ হচ্ছে তীব্র বেকারি। এই পর্যটন দপ্তর এমন একটা দপ্তর যাকে ঠিকমতোন ব্যবহার করতে পারলে লক্ষ লক্ষ বেকার যুবকদের স্বনির্ভরতার পথ খুলে যেতে পারে। লক্ষ লক্ষ মানুষের চাকরি হয়, নিজেরা নিজেদের জন্য রোজগার করতে পারে। একটা টুরিস্ট স্পট মানেই হচ্ছে কিছু লোকের উপার্জনের জায়গা। এই টুরিস্ট স্পট যত বেশি মাত্রায় আপনি এক্সপ্লয়েড করতে পারবেন, যত প্রচার করতে পারবেন ততই আপনার কর্মসংস্থান হবে। আজকে সকালে আপনি বলছিলেন আপনি কি সব প্রোগ্রাম করেছেন এবং করতে চলেছেন। সারা ভারতবর্ষে যত রাজধানী আছে সেখানে যদি বাংলার ঐতিহ্য, বাংলার শিল্প বাংলার নিদর্শন তুলে ধরতে পারেন তাহলে অনেক সুবিধা হবে। বাঁকুড়া, বিষ্ণুপুরে প্রাচীন ভাস্কর্য আছে। আমি কয়েকদিন আগে দূরদর্শনের একটা প্রাইভেট চ্যানেলে দেখছিলাম, কোন পার্টিকুলার মিডিয়া সেটা আমি বলতে পারছি না, এখানকার আন্তর্জাতিক স্বীকৃতি আছে কিন্তু সেখানে যোগাযোগের কোনও ব্যবস্থা নেই, রাস্তা-ঘাট ভাল নেই। লোককে জিজ্ঞাসা করে বাসে উঠতে হয় টাঙ্গা চাপতে হয়, যোগাযোগের ভাল রাস্তা নেই। আমাদের রাজ্যে বহু জায়গা আছে যা মানুষকে আকর্ষণ করতে পারে। আমি দক্ষিণ ভারত ঘুরে এসেছি, সেখানে দেখেছি পর্যটন কেন্দ্রগুলির যোগাযোগের কি সুন্দর ব্যবস্থা। সেখানে পরিবহনের জন্য যে বাসগুলি আছে তাতে চড়ে আনন্দ পাওয়া যায়। আমাদের এখানে বিভিন্ন জায়গায় পরিবহনের ব্যবস্থা নেই, সেইগুলি পর্যাপ্ত নয়। তাছাড়া মিনিমাম যে মান থাকার কথা সেই মান নেই। আপনি সুন্দরবন সাগর এক্সপ্লয়েড করতে পারেন। আপনারা ব্যাঘ্র প্রকল্প করেছেন, সেখানে বাঘের কিছু আছে যা মানুষকে আকর্ষণ করতে পারে। আপনারা কুমির প্রকল্প করেছেন, পাখিরালয়, বাঘ স্যানচুয়ারি করেছেন।

দক্ষিণ ২৪ পরগনায় বহু আকর্ষণীয় জায়গা আছে কিন্তু তার প্রচার কোথায়? সেখানে সহজে যাওয়ার ব্যবস্থা কোথায়? বকখালি, মানুষ সেখানে সহজে যেতে পারে তার ব্যবস্থা কোথায়। এই জায়গা আকর্ষণীয় করবার জন্য নানা ধরনের প্রচার যে এইভাবে যেতে পারে, সেইসব কোথায়? আসানসোলকে কেন্দ্র করে একটা সেন্টার করুন যাতে বিহার যেতে পারে। কারণ বিহারে প্রচুর যাওয়ার জায়গা আছে, বহু লোক সেখানে যায়। রাজগীর এবং আমাদের বক্রেশ্বরের মধ্যে কি তফাত দেখুন। বিহার সরকার সম্বন্ধে আপনারা আজেবাজে কথা বলেন। রাজগীরে হটস্প্রিং আছে, সেখানে বিভিন্ন জায়গায় চান করার জায়গা আছে, মানুষের কাপড় ছাড়ার জায়গা আছে, সেখানে সুন্দর ব্যবস্থা আছে। কিন্তু বক্রেশ্বরেও হটস্প্রিং আছে কিন্তু সেখানে নোংরা, সমস্ত কিছু অব্যবস্থায় পড়ে আছে। মানুষকে আকর্ষণ করতে পারে না। দার্জিলিং-এর জন্য ৩০ লক্ষ টাকা দিয়েছেন, কিভাবে খরচ হবে সেটা আপনার হাতে নেই। দার্জিলিং-এ যে রেল লাইন গিয়েছে তার পাশে ধ্বস নামছে, সেখানে নিরাপত্তার ব্যাপার নেই। বৃটিশ বুঝতে পেরেছিল তখনই যে দার্জিলিং একটা বিউটি স্পট, একটা আকর্ষণীয় জায়গা। কিন্তু আপনারা এই ২৪ বছরেও সেটা বুঝতে পারেন নি। আমাদের রাজ্যকে সমস্ত দেশের কাছে কিভাবে আকর্ষণীয় করা যায় তার কোনও ব্যবস্থা নেই। আমাদের রাজ্যে বিদেশি পর্যটক কত আসে আমি জানি না। আগে হিপি নামে কিছু লোক আসতো, তারা কি কারণে আসতো আমি জানি না, আপনি বলেছেন ৪ পারসেন্ট বিদেশি পর্যটক আমাদের এই রাজ্যে আসে। তাদের আকর্ষণ করার জন্য আপনি কি ব্যবস্থা করেছেন? আমাদের এখানে প্রাচীন ঐতিহাসিক জায়গা আছে, মুর্শিদাবাদের একটা ঐতিহাসিক গুরুত্ব আছে, কিছুক্ষণ আগে সাবিত্রী মিত্র মালদার গৌড়ের কথা বলছিলেন, সেখানে ঐতিহাসিক গুরুত্ব আছে। ন্যাশনাল মানচিত্রে একটা পর্যটন মানচিত্র আপনাদের সরকারের তরফ থেকে, আপনার দপ্তরের তরফ তেকে উদ্যোগ নিয়ে করা হয়েছে? সেই মানচিত্রে কোনও কোনও জায়গা ঢোকানো যায়, দার্জিলিং সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প? শুধু কি তাই, পশ্চিমবাংলায় আকর্ষণীয় জায়গা অসংখ্য আছে। ঐতিহাসিক জায়গা আছে, পত্নতাত্ত্বিক জায়গা আছে, ন্যাচারাল বিউটির জায়গা আছে, সাগর আছে, জঙ্গল আছে, পর্বত আছে। কি নেই, পশ্চিমবাংলায় কি নেই? একটা রাজ্যের মধ্যে সামগ্রিকভাবে সব কিছু আছে এই রকম রাজ্য খুব কম আছে। ঐতিহাসিক জায়গা আছে, থাকার জায়গার ব্যবস্থা করে দেওয়া দরকার। দীঘা নিয়ে প্রশ্ন উঠেছে, দীঘা ভেঙে যাচ্ছে। দীঘাকে রক্ষা করা দরকার এবং দীঘায় বিদেশি পর্যটক আসতে পারে, তার জন্য আরও ব্যবস্থা করা দরকার। পুরীতে কি বিদেশি আসে তার ঠিক নেই।

আপনি হয়তো বলবেন ঢেউয়ের তারতম্য আছে। কিন্তু দীঘা কম আকর্ষণীয় জায়গা নয়। আমরা যারা বঙ্গ সন্তান তারা কোনওরকমে ঘুরে চলে এলাম। দীঘা মানুষের কাছে কোনওরকম আকর্ষণ করছে না। আপনি মেদিনীপুর, মুর্শিদাবাদকে আরও বেশি আকর্ষণীয় করতে পারেন। বাঁকুড়ার ঝিলিমিলি, যাকে বিধানচন্দ্র রায় বলেছিলেন দ্বিতীয় ভুস্বর্গ। তার ওয়েদার সারা বছরই ঠান্ডা থাকে। এছাড়া বিহার এবং বাংলার বর্ডারে কয়েকটি আকর্ষণীয় স্থান আছে - মেঘাদাবুরু এবং আর একটি কিরিবুরু। সেখানে সারা বছরই ঠান্ডা থাকে। তারই অনুকরণে আপনি ঝিলিমিলিকে আকর্ষণীয় করবার ব্যবস্থা করতে পারেন। আমি এখানে কেবল বিরোধিতার জন্য বিরোধিতা করছি না। আপনাকে যে টাকা দেওয়া হয়েছে, তাতে আপনি পর্যটনকে সাজাতে পারবেন না। আপনি এখানে স্বীকারও করেছেন ... নতুন পর্যটন ক্ষেত্র ও পর্যটন বস্তুর বিকাশসাধন এবং অগ্রণী ভূমিকা হিসাবে নতুন পর্যটন ক্ষেত্রে অপরিহার্য পরিবহন ও আবাসনের ব্যবস্থার জন্য কিছু পুঁজি প্রয়োগের জন্য পরিকল্পনা খাতের অর্থের সঙ্গে বেসরকারি পুঁজিও বেশ কিছু নিয়োজিত হবে বলে রাজ্য সরকার আশা করে। ... 'এতবড় রাজ্যে বিশাল যে পর্যটনকেন্দ্র আছে, যেগুলি যাবার জায়গা, প্লেস অব ইন্টারেস্ট স্পটগুলোতে যাবার ব্যবস্থা করুন। তার পরিকল্পনা খাতে আপনার বরাদ্দ মাত্র ১১ কোটি টাকা। এর মধ্যে বড় একটি অংশ কর্মচারিদের মাইনে ইত্যাদি দিতে ব্যয় হয়ে যাবে। এখন প্রচারের যুগ। আজকে বলা হচ্ছে একটা গেঞ্জী কিনলে আরাম ফ্রি, একটা টুথপেস্ট কিনলে সাবান ফ্রি। আজকে অ্যাড'এর যুগ। অ্যাড'এর জোরেই আজকে যে মাল বিকোবার নয় তাও বিক্রি হয়ে যাচ্ছে। যে দেশের ক্যাপিটাল দিল্লি, সেই দেশের পশ্চিমবঙ্গে এখানে কোনও প্রচার আছে যে, এখানে আসুন, এখানে যোগাযোগ করুন এখানে আসলে কনডাকটেড টুরের ব্যবস্থা আছে। মুর্শিদাবাদে যাবার জন্য কনডাকটেডটুর, মেদিনীপুরের জন্য কনডাকটেড টুরের ব্যবস্থা আছে। বিষ্ণুপুরের মতো একটা জায়গা যেখানে প্রাচীন পুরাতাত্ত্বিক নিদর্শন আছে, তাকে আকর্ষণীয় করার কোনও ব্যবস্থা আছে? এছাড়া মাইথন, যেখানে নদীবাঁধ রয়েছে, পাহাড় রয়েছে এবং বিশাল আকর্ষণীয় যে জায়গা, সেখানে যাবার জন্য যদি বুক করতে চাই তা কলকাতা থেকে বুক করতে হবে। অর্ধেক মানুষই জানে না কিভাবে যেতে হবে। এটাকে প্রচারের জায়গায় নিয়ে আসা দরকার। পর্যটন এমন একটা দপ্তর It can generate enormous potentiality to employment. It can generate lakhs and lakhs employment opportunities for the unemployed youth in West Bengal.. এই জায়গাটাকে

আরও বেশি গুরুত্ব দেওয়া উচিত ছিল। আমি বলব, অসীমবাবুর এরজন্য আরও বেশি টাকা দেওয়া উচিত ছিল। যেহেতু আরও বেশি গুরুত্ব অসীমবাবু এবং বামফ্রন্ট দিল না, সেজন্য আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের কাটমোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পেশ করা যে বাজেট, সেই বাজেটের ওপরে যে ১৪টি ছাঁটাই প্রস্তাব এসেছে, এই ছাঁটাই প্রস্তাবগুলির মধ্যে বেশিরভাগই নিজের নিজের এলাকার মধ্যে উন্নয়নের, টুরিজিমের উন্নয়নের জন্য আনা হয়েছে। এরমধ্যে একটিতে বলা হয়েছে, 'রাজ্যের বিভিন্ন জেলার বিভিন্ন স্থানে পর্যটন কেন্দ্র স্থাপনের সুযোগ থাকা সত্বেও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতা।' আমি এর সক্রিয় বিরোধিতা করছি। কিন্তু ছাঁটাই প্রস্তাবগুলোর মধ্যে অন্য কিছু কথা যা বলা হয়েছে, সে সম্বন্ধে আমি বলছি। আমরা পর্যটনের জন্য সর্বত্র চেষ্টা করছি। এখানে আপনারা টুরিস্ট লজগুলোকে বেসরকারি করণের ব্যাপারে বিরোধিতা করেছেন। এটাই হচ্ছে আমাদের পলিসি। পলিসিতে এটাই বলা হয়েছে যে, দৃষ্টিভঙ্গির দিক থেকে ট্যুরিজিমের অর্থাৎ ট্যুরিজিমের সঙ্গে যুক্ত পরিবহন এবং আবাসনকে বেসরকারি পুঁজিতে করতে চাইছি। কিন্তু নিতান্ত যেখানে প্রয়োজন, বেসরকারি পুঁজি ইনভাইটেড হচ্ছে না সেখানে সরকারি পুঁজি ব্যবহার করতে চাই। আপনারা নিশ্চয় জানেন প্রথম যখন দীঘা ডঃ বিধান রায়ের আমলে খোলা হয়েছিল সেই সময় ব্যবসাদার লোকেরা যান নি। তারজন্য আমাদের কিছু ট্যুরিজিম বাস চালাতে হয়েছিল। পরে সেখানে সরকারি বাসও চলেছে, বেসরকারি বাসও চলেছে। এখন ওখানে ট্যুরিজিমের বাস খুব কম এবং দরকার হলে একটা দুটো উইথড্র করলেও খুব একটা অসুবিধা হবে না। কাজেই আমরা ট্যুরিজিমের যে পরিবহন সেটা বেসরকারিদের হাতে তুলে দিলে খুব একটা ক্ষতি হবে না এবং ট্যুরিজিমের যে সরকারি আবাসনগুলো আছে সেগুলোও বেসরকারিকরণ করাতে কোনও অসুবিধা নেই। তবে এই দপ্তরের পরিবহন এবং আবাসনগুলো যদি কোনও ক্ষেত্রে বেসরকারিকরণ করতে কার্যত অসুবিধা হয় তাহলে প্রথম দিকে আমরা সেটা চালাব। তবে যদি এগুলো করবার মতো কাউকে না পাওয়া যায় তখন আমরাই চালু করব। সুতরাং প্রথম দিকে আমরা শুরু করব পরে যদি ব্যবসাদাররা আসেন তখন তাদের হাতে ছেড়ে দেব। আমরা প্রথম দিকে চালাব কিন্তু চিরকালের জন্য চাচ্ছি

না। এটাই আমাদের বলা আছে এবং পলিসিগতভাবে এটাই আমরা ঠিক করেছি। সুতরাং ডিপার্টমেন্ট উইল পে এ রোল অব ফেসিলেটার অর ক্যাটালিস্ট। এই হচ্ছে আমাদের পলিসি। ক্যাটালিস্ট এবং ফেসিলেটার বলতে যা বোঝায় তা হচ্ছে সরকারি বিনিয়োগ যতটুকু না দিলেই নয় ততটুকুই বিনিয়োগ করা হবে এবং আবাসনের ক্ষেত্রে সরকার থেকে কোটি কোটি টাকা ঢালবে না। যেহেতু এটাকে আমরা শিল্প হিসাবে দেখছি, অন্য শিল্পের ক্ষেত্রে যে অবস্থা বেসরকারি পুঁজির উপর নির্ভর করে গড়ে উঠছে, এক্ষেত্রেও তাই হবে। কিন্তু যদি কোথাও পাহাড়, পর্বত আছে লোকে দেখতে পাচ্ছে না, সেখানে লোকের আকর্ষণ বাড়ানোর জন্য সরকারকে বিনিয়োগ করে জায়গাটার আকর্ষণ বাড়াতে হবে যাতে লোকে যায়। কিন্তু রোপওয়ে বা বিউটিফিকেশন করতে গেলে ব্যবসায়ীকে গিয়ে সেখানে করতে হবে। ধরুন কোনও একটা জায়গায় পাহাড় আছে, পর্বত আছে, হ্রদ আছে ইত্যাদি সেগুলো বেসরকারিতে হচ্ছে না, সেক্ষেত্রে সরকারকে পুঁজি বিনিয়োগ করতে হবে। কিন্তু রোপওয়ে ইত্যাদিতে জনসাধারণ পয়সা দিয়ে উঠবে, সেখানে ব্যবসাদাররা পুঁজি বিনিয়োগ করে করবে। সুতরাং বাজেটে ট্যুরিজিমের সাথে যুক্ত যে ট্রান্সপোর্ট, সেটা বেসরকারিকরণ করা হবে, তবে যেখানে উপায় নেই, সেখানে আমরা করব। আরেকটা কথা হচ্ছে ট্যুরিজিমের সঙ্গে অনেক ডিপার্টমেন্ট জড়িত। ট্যুরিজিমের সঙ্গে পি.ডব্লিউ.ডির একটা বড় অংশ জড়িত। ট্যুরিজিমের রাস্তাগুলো পি.ডব্লিউ.ডির মধ্যে পড়ে। সেখানে দপ্তরের সঙ্গে একটা কো-অর্ডিনেশনের প্রশ্ন আসে। ধরুন ট্যুরিজিমের যে স্পট সেটা রাস্তার থেকে ১ কি.মি. ২ কি.মি. দূরে, রাস্তার খারাপ অবস্থা। সেক্ষেত্রে জেলা পরিষদের সঙ্গে কথাবার্তা বলতে হয়। এখন জেলা পরিষদের অনেক টাকা থাকে। এক্ষেত্রে সভাধিপতিকে জানানো হয় যাতে গ্যাপ ফিল আপ করা হয়। কিছু কিছু গ্যাপ ফিল আপের জন্য প্রস্তাব পাঠাতে বলেছি, ওরা পাঠাতে শুরু করেছে। এরজন্য অনেকগুলো পরিকল্পনা শুরু হয়েছে। স্পট ডেভেলপমেন্টের জন্য যে টাকা দরকার সেই টাকা আমাদের আছে এবং সেই টাকাতে এই কাজ করা যাবে বলে মনেকরি। আমাদের বাজেটে যে টাকা আছে তাই দিয়ে আমরা চালাতে পারব। বছরের শেষে যদি রিভাইজড হয় তখন দেখা যাবে। আমরা এক্ষেত্রে প্রাইভেট সেক্টরকে টানতে পারলে কাজটা আরও এগোতে পারব। প্রাইভেট ক্যাপিটাল বিনিয়োগ করতে পারলে আমাদের বাজেটের টাকাতেই হয়ে যাবে। আর তা যদি না করতে পারি তাহলে হাজার গুন টাকা দিলেও কাজটা করতে পারব না। একটা রোপওয়ে করতে হবে, এসব কে করবে - এক্ষেত্রে প্রাইভেট ক্যাপিটালের

দরকার। তারপরে হাতির এখন খুব অভাব পড়েছে। হাতি কিনতে হবে। হাতি তো মানুষ পয়সা দিয়ে চড়ে। সেখানে তো ক্যাপিটাল ইনভেস্ট করার ব্যাপার আছে।

আমরা সামগ্রিকভাবে এইভাবে জিনিসটাকে দেখছি, ট্যুরিজিম ডিপার্টমেন্টের প্রতি পশ্চিমবঙ্গ সরকার গুরুত্ব দিচ্ছে, এটা নিশ্চয় বিধানসভার মাননীয় সদস্যরা নিজেরাও বললেন, পক্ষের সদস্যরা বললেন, বিপক্ষের সদস্যরা বললেন। এটা গুরুত্বপূর্ণ সেক্টর, কিন্তু বাজেটকে বিরোধী সদস্যরা অপর্যাপ্ত মনে করলেন। কিন্তু আমি বলছি এই বাজেট নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি এবং নিজেরা আবাসন ও পরিবহন ব্যয় সঙ্কুল দুটো বিষয় নিয়ে যদি ট্যুরিস্টদের জন্য প্রাইভেট সেক্টরকে নিয়ে চলা যেতে পারে তাহলে মোটামুটি চালাতে পারব। এখানে টাকা ছাড়াও অন্যান্য সমস্যা এসেছে। অপরিস্কার আছে এটা বলেছেন কেউ কেউ. এটা ঠিকই। আমি এটা অন্য প্রশ্নের উত্তরে বলেছি, আমাদের ট্যুরিস্ট এলাকাকে বাঁচিয়ে ঘোষণা করা, সেই ডেফিনিট এলাকাকে ঘোষণা করা যে সেই এলাকার নিয়ন্ত্রণ ট্যুরিস্ট ডিপার্টমেন্টের কন্ট্রোল আনা এই রকম আইন তৈরি করার চেষ্টা করছি। কিছু কিছু রাজ্যে আছে। এইরকম দু-একটি আইন সেটা করার চেষ্টা করছি। দীঘার যে অবস্থা হয়েছে, দক্ষিণেশ্বরের যে অবস্থা হয়েছে, দক্ষিণেশ্বরের মন্দিরে যান, অন্য জায়গায় যান, সেখানে গেলে তফাৎ দেখা যাবে, এই জায়গাগুলির সম্পর্কে রেগুলেশন করার ক্ষমতা এটা ট্যুরিজিম ডিপার্টমেন্টের নেই। সেটা সাধারণত জেলার মিউনিসিপ্যালিটি দপ্তরের আছে। সেটা তাদেরই নিয়ম কানুনের মধ্যে পড়ে। আমরা চেষ্টা করছি সেইভাবে করতে যাতে ট্যুরিজিমের কিছুটা রেগুলেশন করা যায়, কন্ট্রোল করা যায়। এটা করে যাতে সেখানে সৌন্দর্য ও স্বাচ্ছন্দ্য রক্ষা করা যায়, এটা অন্য প্রশ্নের উত্তরে আমি বলেছি। এই বাজেটে যে দাবি করছি, ব্যয় বরাদ্দের মঞ্জুরের দাবি করছি, আমার দাবির ভিত্তি হল এটা এখানে আমরা যে টাকা চেয়েছি সেই টাকাটা মূলত কিছুটা বিউটিফিকেশনের জন্য চেয়েছি, কাজ করার জন্য চেয়েছি। এগুলি সভাধিপতির মাধ্যমে আসার কথা, চিঠি লিখেছি। আপনারা মাননীয় সদস্যরা অনেকে নানাভাবে সাজেশন দিয়েছেন, আজকেও দু-একজন বললেন, আমি আপনাদের কাছে অনুরোধ করব ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজিম এর প্ল্যান করার চেষ্টা চলছে, সেই চেষ্টার মধ্যে সভাধিপতিরাও আছেন, ব্যক্তি নয়, সভাধিপতি তিনি নিশ্চয় এম এল এদের নিয়ে আলোচনা করবেন, (এ. ভয়েস - আলোচনা করেনা) আলোচনা করেনা সেটা আমার ব্যাপার নয়। সেখানে জেলা পরিষদে এম. এল. এ.রা আছেন এম এল এরা এক্স অফিসিও মেম্বার। সেখান থেকে প্ল্যান আসুক। সেখানে তারাও

চিন্তা-ভাবনা করুন, আপনারা নিজেরা কন্ট্রিবিউশন করুন তাহলে আমরা প্ল্যানটা করতে পারব। প্ল্যান একজিকিউট করার চেষ্টা করব ১০ বছরের জন্য প্ল্যানটা করব। আমি সব শেষে বলছি, আপনারা প্রত্যেকে নিজের নিজের জায়গার কথা বলছেন, এটা ভাল। প্রত্যেকের নিজের মা মাটি সুন্দর। বিরোধী পক্ষের সদস্যরা আপনারা প্রত্যেকে নিজের নিজের এলাকার এটা ঐটা ভাল বলেছেন। কিন্তু আমরা ট্যুরিজিম প্ল্যান করতে গেলে সবগুলি জায়গাকে দিতে পারব কিনা তার গ্যারান্টি দিতে পারব না। তবে চেষ্টা করব। আপনাদের যে সাজেশনগুলি আছে, সেইগুলি ইমপ্লিমেন্ট করার চেষ্টা করব। এই কথা বলে বাজেটের ব্যয় বরাদ্দের মঞ্জুর করার জন্য প্রার্থনা করে, কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The Motions of Shri Saugata Ray, Shri Dipak Kumar Ghosh, Shri Nirmal Das, Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, Shri Pundari Kakshya Saha, Shri Ajoy Dey, Shri Ajit Bhunia, Shri Partha Chatterjee, Shri Mahbubul Haque, Shri Mostak Alam, Shri Kallol Khan & Shri Kashinath Mishra that the amount of the demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.18,54,03,000 be granted for expenditure under Demand No.84, Major Heads : "3452-Tourism and 5452-Capital Outlay on Tourism" during the year 2001-2002. (This is inclusive of a total sum of Rs.6,18,01,000 already voted on account in February, 2001).

Was then put and agreed to.

[3-00 — 3-10 p.m.]

## DISCUSSION ON DEMAND NO. 26

**Mr. Deputy Speaker :** There are 27 cut motions to Demand No. 26. All the cut motions are in order.

Shri Subrata Mukherjee
Shri Kashinath Misra

Sir, we beg to move that the amount of the Demand be reduced to Re.1/-

Shri Saugata Roy (3)
Shri Pankaj Banerjee (4)
Shri Gobinda Chandra Naskar (5)
Shri Nirmal Ghosh (6-7)
Shri Choudhury Mohan Jatua (8)
Shri Kamal Mukherjee (9)
Shri Kashinath Misra (10-13)
Shri Ashok Kumar Deb (14-15)
Shri Partha Chatterjee (16)
Shri Ajoy Dey (17)
Shri Pundarikakshya Saha (18)
Shri Abdul Mannan (19-22)
Shri Ajit Bhunia (23)
Shri Jyoti Priya Mallick (24)
Shri Bankim Chandra Hazra (25-26)
Shri Kallol Khan (27)

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় অগ্নি প্রতিরোধ ও পরিষেবা বিভাগের জন্য যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এই হাউসে পেশ করেছেন আমরা তার বিরোধিতা করছি এবং বিরোধী দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে অল্প সময়ের মধ্যে কয়েকটি কথা বলতে চাই। এটা খুবই গুরুত্বপূর্ণ দপ্তর, বর্তমানে এই বিষয়টি আমাদের খুবই উদ্বেগের কারণ হয়ে দাড়িয়েছে। আমরা যেটা দেখছি সারা রাজ্যে ৯৩টি কেন্দ্র বর্তমানে রয়েছে এই দপ্তরের অধীন। আমাদের জনসংখ্যা যেভাবে বাড়ছে, সামাজিক সমস্যা যেভাবে বাড়ছে, স্বাভাবিকভাবেই সেটা প্রয়োজনের তুলনায় খুবই অল্প বা স্বল্প। যেখানে আমাদের পশ্চিমবাংলায় ৩০০-র উপর ব্লক আছে। এখানে অনেক ঘোষণা হয় নতুন, নতুন কেন্দ্র স্থাপনের জন্য। আমরা জানি দীর্ঘদিন ধরে এই অগ্নি নির্বাপন

কেন্দ্রের সংখ্যা যা বৃদ্ধি পেয়েছে তা খুবই ক্ষীয়মান। সেদিক থেকে যদি দেখা যায় হিসাব করে, যেভাবে আজকে আগুনের সংখ্যা বাড়ছে বিশেষ করে কলকাতায় এবং কলকাতার বাইরে, যারজন্য আমরা মনেকরি এর সংখ্যা বাড়ার দরকার আছে। আইন হয়ত অনেক কিছু আছে, কিন্তু আইন বাস্তবে প্রয়োগ হচ্ছে না। কলকাতায় বড় বড় অট্টালিকাগুলো তৈরি করার আগে যে ফায়ার পারমিশনের দরকার, সেটা কঠোরভাবে মানা হচ্ছে না এবং এই বাড়িগুলো মূলত প্রমোটারদের মাধ্যমে তৈরি করা হচ্ছে। এই বাড়িগুলো যখন প্রোমোটাররা তৈরি করছেন সেই বাড়ি তৈরি করার পর দেখা গেছে সেখানে আগুন লেগেছে এবং সেখানে কোনও ব্যবস্থা নেই। কলকাতার বুকে অজস্র বাজারে, বস্তিতে আগুন লেগেছে। এর কারণ হিসাবে সংবাদপত্রে আমরা দেখেছি সেই বস্তি বা বাজারটাকে পুড়িয়ে দিয়ে সেখানে নতুন বাড়ি তৈরি হবে এবং এর পিছনে প্রোমোটারদের হাত আছে। এই ঘটনা ঘটার পর সরকার ঘোষণা করছে তদন্ত হবে, কিন্তু আজ পর্যন্ত একটাও তদন্তের রিপোর্ট মানুষের কাছে পৌঁছয়নি। এসব ঘটনায় আমরা উদ্বিগ্ন আমরা মনেকরি এই দপ্তরকে আরও সজাগ সচল হওয়া দরকার।

জল যদি .না থাকে এই দপ্তর অচল। মফস্বলের মতো জায়গায় দেখছি ব্যাপকভাবে খানা-খন্দ, পুকুর বুঝিয়ে দেওয়া হচ্ছে। জলের অভাবে বড় বড় অগ্নিকান্ড রোধ করা যাচ্ছে না। হাইড্রেন বুজিয়ে বাড়ি হচ্ছে। এই যে পুকুর, ডোবা এসব বন্ধ করে দিচ্ছে, সেক্ষেত্রে মন্ত্রিমহাশয় সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর সঙ্গে কি আলোচনা করছেন যাতে সেইগুলো বোজানো না হয়, নাহলে অগ্নিকান্ড রোধ করা যাবে না? কলকাতা বই মেলাতে ভয়াবহ অগ্নিকান্ড ঘটে গিয়েছিল। সরকার ঘোষণা করেছিল মেলাতে খাবারের দোকানে আগুন ব্যবহার করা যাবে না। আমরা দেখতে পাই মফস্বলে বিভিন্ন মেলাতে স্টোভ জলে, খাবারের দোকানগুলোতে যথেচ্ছ আগুন জ্বলে। সেদিকে নজরদারির কোনও ব্যবস্থাই নেই। আইন থাকলেও তার ইমপ্লিমেন্টেশন হয় না। এদিকে দপ্তরকে আরও সজাগ হতে হবে।

এই দপ্তরে আজকে আধুনিক যন্ত্রপাতি নেই, ফায়ার প্রুফ জ্যাকেট ইত্যাদি নেই। মন্ত্রিমহাশয় বলবেন হয়ত আছে। হয়ত কোনও কোনও জায়গায় করেছেন কিন্তু সেটা খুবই অল্প। মফস্বলে দেখেছি গাড়িগুলো থেকে যখন আগুনে জল দেওয়া হয়, সেই পাইপের জল বেশি দূর যায় না, কারণ ফোর্স কম ল্যাডারের ব্যবস্থা কলকাতায় কিছু কিছু হলেও মফস্বলে সেসব নেই।

নতুন কেন্দ্র করার ক্ষেত্রে আপনি বলেছেন - বিভিন্ন জায়গায় যে সমস্ত বাড়ি আছে সেইগুলোকে পরিবর্তন করে নতুন বিল্ডিং করছেন প্রশ্নোত্তরে রিপ্লাই দিয়েছেন, কিন্তু তা কার্যকর হচ্ছে না। আমি শান্তিপুর পৌরসভার চেয়ারম্যান হিসাবে শান্তিপুরে একটি দমকল কেন্দ্র করার জন্য বলেছিলাম। দপ্তর থেকে এলাকায় গিয়ে জায়গা দেখা হল, অনুমোদনও হল, কিন্তু পরবর্তীকালে কি এক অদৃশ্য কারণে সেটা বন্ধ হয়ে গেল। একই ঘটনা ঘটেছে উলুবেড়িয়াতে, আমাদের নেতা অতীশ সিনহার জায়গা কান্দিতে - ঘোষণা করা হলেও এখনও হল না। ঘোষণা করছেন, অনুমোদন হচ্ছে, কিন্তু কার্যকর হচ্ছে না। মন্ত্রিমহাশয় এইগুলো জবাবি ভাষণে বলবেন। যে কোনও উৎসব বা পূজোতে এস.ডি.ও., ডি.এম.এদের কাছ থেকে পারমিশন নিতে হয়, তেমনি ফায়ার সার্ভিস ডিপার্টমেন্ট থেকেও পারমিশন নিতে হয় ফায়ার প্রটেকশনের জন্য। সেই পারমিশনের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে এমন কোনও এলাকা আছে যেখানে ফায়ার স্টেশন নেই ফায়ার স্টেশন যদি না থাকে পারমিশন নিতে গেলে তাকে একটা চার্জ দিতে হয় কিন্তু দেখা যাচ্ছে যে ফায়ার স্টেশন না থাকার ফলে সেখানে কোনও গাড়ির বন্দোবস্ত থাকছে না। যেমন ধরুন যে রাণাঘাটে ফায়ার স্টেশন আছে ফুলিয়া বা শান্তিপুরে নেই, সেখানে কোনও কালীপুজো বা দুর্গাপুজো বা কোনও উৎসবের জন্য পারমিশন নিতে লাগে। তাহলে কেন সেখানে কোনও গাড়ির বন্দোবস্ত থাকবে না? এই বিষয়টা দেখার দরকার আছে বলে আমি মনেকরি। আপনার দপ্তরের আরও আধুনিকীকরণের প্রয়োজন আছে, ট্রেনিং এর ব্যবস্থা করা দরকার। বেহালাতে একটা ট্রেনিং এর ব্যবস্থা আছে। আরও নিচু স্তরে যারা কাজ করছে তারা সঠিকভাবে কোনও ট্রেনিং পাচ্ছে না ইকুইপমেন্ট পাচ্ছে না। যারজন্য তাদের অনেক সময়ে বিক্ষোভের মুখে পড়তে হয়। শারীরিকভাবে তাদের হেনস্থা হতে হচ্ছে। এই জায়গাটা দেখা দরকার। যে ব্যয়বরাদ্দ আপনি এনেছেন তার বিরোধিতা করে আমি জানাচ্ছি যে এই দপ্তরকে আরও অ্যাকটিভ হতে হবে আমাদের যে উদ্বেগ সেই উদ্বেগ থেকে আমাদের মুক্তি দেওয়ার জন্য আরও সজাগ হবেন, আরও সচল হবেন এই আশা রাখি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী তমাল মাঝি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের অগ্নি নির্বাপন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করছি। আমাদের রাজ্যে যে

সমস্ত পরিষেবামূলক দপ্তর আছে। পশ্চিমবঙ্গ সরকার এই পরিষেবা দপ্তরের অগ্রগতি অব্যাহত রেখেছেন বা রাখতে পেরেছেন। এই পরিষেবামূলক দপ্তরগুলোর মধ্যে অগ্নি নির্বাপন দপ্তর একটি গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরের বিরোধিতা করা আমার মনে হয় বিরোধীদের একটা সাজানো বিষয় কারণ এই দপ্তরের গুরুত্ব অজয় দে স্বীকারও করেছেন। কার্যত বিরোধীপক্ষে কংগ্রেস এবং তৃণমূলের মধ্যে আগুন নিয়ে যে খেলা চলছে তাতে মাননীয় মন্ত্রিমহাশয়কে তাঁর দপ্তর নিয়ে সজাগ থাকতে হবে। তাছাড়া আর কোনও উপায় নেই। বলতে গেলে আপনারা বলেন যে আরও আধুনিকীকরণ করতে হবে। আধুনিক করতে গেলে তো অর্থের প্রয়োজন। আপনারা অর্থ বরাদ্দের বিরোধিতা করবেন আবার বলবেন যে আধুনিকীকরণ করতে হবে। দুটো একসঙ্গে হয় না। কাজেই এই দপ্তরের যে বাজেট পেশ করা হয়েছে তা খুবই স্বাভাবিক। আমরা জানি যে এই দপ্তর অতীতেও ছিল কিন্তু তা ছিল তখন শুধুমাত্র রাজধানী কেন্দ্রিক। আজকে শুধু জেলাতে নয় মহকুমা স্তর ছাড়িয়ে কিছু জায়গায় ব্লক স্তরেও এই কেন্দ্র স্থাপিত হয়েছে এবং এমনভাবে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যাতে দূরবর্তী এলাকাতেও প্রত্যন্ত এলাকাতেও দ্রুততার সঙ্গে পৌঁছে যাওয়া যায়। এরজন্য বিজ্ঞান সম্মত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এর সংখ্যা ক্রমশ বাড়ছে। পরিসংখ্যান তো আপনারাও দিয়েছেন। এটা ঠিকই যে কোথাও আগুন লাগলে এক সেকেন্ডকে এক ঘন্টা বলে মনে হতে পারে। এই প্রসঙ্গে আমি মনে করিয়ে দিই যে এই দপ্তরে যে সমস্ত যন্ত্রপাতি আছে সেগুলোর আধুনিকীকরণ করা হয়েছে কিন্তু কোথাও কোথাও পুরনো গাড়ি ব্যবহৃত হচ্ছে যা এই কাজকে কিছুটা ব্যহত করছে। কাজেই আমি অনুরোধ করছি এই দিকে একটু নজর দিন। শুধু যন্ত্রপাতি নয় আধুনিক প্রশিক্ষণ কেন্দ্রও আমাদের রাজ্যে স্থাপিত হয়েছে। অন্য রাজ্যে এই দপ্তর পুলিশ দপ্তরের সাথে আছে কিন্তু আমাদের রাজ্যে এই দপ্তরের গুরুত্ব বিবেচনা করে একে একটা আলাদা দপ্তর করা হয়েছে। গুরুত্বটা কোন জায়গায় সেটা নিশ্চয় আপনারা বুঝতে পারছেন। আমাদের এখানে অ্যাডভান্সড কোর্স ফর সিমেন্স, সাব-অফিসার্স কোর্স, পোস্ট ডিপ্লোমা কোর্স, রিফ্রেসার্স কোর্স - এই সমস্ত প্রশিক্ষণের মধ্যে দিয়ে উন্নত কর্মী তৈরি করা গেছে এবং তার সাফল্য উপলব্ধি করা যাচ্ছে। পুরাতন বহনযোগ্য যে যন্ত্র সেগুলোকে বাতিল করে ওয়ারলেস ফোন, মোবাইল ফোন চালু করা হয়েছে। পেজার ফোন, ফায়ার টেন্ডারার, ওয়াটার বাউসার, হিটার ডিটেকটর, এরিয়াল ল্যাডার, ইত্যাদি ছিল নাকি এগুলো আপনাদের আমলে? আপনাদের আমলে এগুলোর কোনও ভূমিকা ছিলনা। কিন্তু এখন এইসব আধুনিক

যন্ত্রের ব্যবহার শুরু হয়ে গেছে এবং সাথে সাথে এই দপ্তরকে একটা সাফল্যের জায়গায় নিয়ে যেতে পারা গেছে। এইখানে যদি আমি একটা সংখ্যা, পরিসংখ্যান তুলে ধরি তাহলে সহযেই এই দপ্তরের সাফল্য বুঝতে পারা যাবে। একটা বছরের মধ্যে এই দপ্তর প্রায় ৭ হাজার আগুন নেভানোর কাজে এসেছে, দু হাজারের বেশি উদ্ধার কার্য করেছে। ছোট, বড়, মাঝারি, বিভিন্ন আগুন লাগার ক্ষেত্রে দমকল বাহিনী সাড়া দিয়ে দুর্ঘটনা কবলিত এলাকা থেকে প্রায় ৪ কোটি টাকার সম্পত্তির মধ্যে সাড়ে ৩ কোটি টাকার সম্পত্তিকে রক্ষা করতে পেরেছে এবং দেড় হাজারের কাছা-কাছি প্রাণ বাঁচাতে পেরেছে। এটা একটা বিরাট সাফল্য বলে আমি মনেকরি। তবে সাথে সাথে আমি মনেকরি আধুনিক প্রযুক্তি উন্নতি এক্ষেত্রে আরও করতে হবে। আগুন লাগলে সেখানে কিছুটা ক্ষতি হবে এটা স্বাভাবিক। তাই আগুন যাতে না লাগে তার দিকে আমাদের বেশি করে নজর দিতে হবে, সেজন্য ব্যবস্থা নিতে হবে এবং দেখছি সেদিকে এই দপ্তর অনেক কাজ করতে চেয়েছে এবং এক্ষেত্রে আজকে শুধু প্রচার পুস্তিকা দিয়ে নয়, হোর্ডিং দিয়ে নয়, সচেতনা করার জন্য 'চেতনা দিবস' পালন করা হচ্ছে। আমি অনুরোধ করব, এক্ষেত্রে আরও সেমিনার করতে হবে এবং তার মধ্যে দিয়ে আসল উদ্দেশ্য সফল হবে। এই দপ্তরের গুরুত্ব বিবেচনা করে যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে তাকে আমি সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অগ্নিনির্বাপণ মন্ত্রিমহাশয় এখানে যে ব্যয়-বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রিমহাশয় পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ঘর তৈরি করার জন্য এবং অন্যান্য কাজের জন্য ৭২ কোটি ১৫ লক্ষ ৫৫ হাজার টাকা ব্যয়ের কথা বলেছেন। তার মধ্যে ২৪ কোটি ৫ লক্ষ ১৮ হাজার টাকা ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করেছেন। মাননীয় মন্ত্রী বিভিন্ন জেলায় যে দমকল কেন্দ্র তৈরি করেছেন তাতে বিরোধীরা আর আগুন লাগাতে পারবেন না। ওদের আগুন লাগানোর আগে বামফ্রন্ট সরকার প্রিপারেশন নিয়ে নিয়েছেন। যাতে বিরোধীরা আগুন লাগাতে না পারেন। কারণ ওঁরা চারদিকে আগুন লাগানোর চেষ্টা করছেন। তার আগে আমরা, বামফ্রন্ট সরকার প্রিকশান নিয়ে নিয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা সেই আগুন লাগাতে পারেনি। ওরা চিরদিন বিরোধিতা করবেই। ওরা

ভাল কাজ - যদি সোনার পাথরবাটির খোঁজ দেওয়া যায় তাহলে ওরা ভাল কথা বলবেন। ওরা চিরদিনই বিরোধিতা করবেন, সে করুন, তবু আমরা ভাল কাজ করে যাব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি বলছি যে, আপনি জানেন যে, হাওড়া জেলার উলুবেড়িয়ায় একটা চটকল আছে, ইঞ্জিনিয়ারিং শিল্প আছে, কটন মিল আছে, ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার আছে, ছোট ছোট হোগলা শিল্প আছে, জরি শিল্প আছে, সেখানে আগুন লাগলে দমকলকে ফোন করার পর দমকল সেখানে আসতে আসতে সব পুড়ে যায়। উলুবেড়িয়ায় একটা দমকল কেন্দ্র করার ব্যাপারটা স্যাংশন হয়েছে, আপনি বললেন হাওড়া জেলায় আপনারা নির্মাণ করে বসে আছেন, জেলাশাসক আর মহকুমা শাসক জীবনে ওরা করবে না। আপনি আমাকে বার বার বলেছেন এখানে স্যাংশন হয়েছে, জায়গা দিন। জায়গা দিলাম, আমি মনেকরি উলুবেড়িয়াতে দমকল কেন্দ্র স্থাপন করবার যে পরিকল্পনা আপনার আছে, আজকে প্রশাসন সেই উদ্যোগকে ব্যর্থ করার চেষ্টা করছে। আমি আপনাকে অনুরোধ করব যে, সত্যি যদি হাওড়া জেলার প্রতি, উলুবেড়িয়ার প্রতি আপনার আন্তরিকতা থাকে তাহলে উলুবেড়িয়ায় আপনি একটি দমকল কেন্দ্র স্থাপন করুন। কারণ উলুবেড়িয়ায় প্রায়ই আগুন লাগে—এখানে জুট মিল আছে, কটন মিল আছে, ইঞ্জিনিয়ারিং শিল্প আছে, হোগলা শিল্প আছে। এই কিছুদিন আগে এখানে হোগলায় আগুন লেগে ই.এস.আই. হসপিটালটাই পুড়ে যাচ্ছিল। আমরা কয়েক হাজার মানুষকে নিয়ে, পুলিশকে নিয়ে দাড়িয়ে দেখলাম। ৩ ঘন্টা পর সেখানে দমকল পৌঁছাল। উলুবেড়িয়ায় পি.ডাব্লু.ডি. ল্যান্ড আছে। গঙ্গারামপুর মোড়। আমি আপনাকে নির্দিষ্ট করে বলছি—আপনি আমাদের সঙ্গে বসুন। আজকে চারদিকে দেখবেন পি.ডাব্লু.ডি. ল্যান্ড, ইরিগেশন ল্যান্ড, এগ্রিকালচার ল্যান্ড। পি.ডাব্লু.ডি. ল্যান্ড পড়ে আছে, নষ্ট হচ্ছে, জবরদখল হচ্ছে। গঙ্গারামপুর পার্ক, সেই পার্কেতে একটা দমকল কেন্দ্র করবার যে পরিকল্পনা বারবার বলেছি। আজকে প্রশাসন, আমরা যেটা চাই, প্রশাসনে অনেকে আছেন কিন্তু তাদের সেই অনুমতি নেই, আমি আপনাকে খোলাখুলি বলছি, আমরা লোকাল জনপ্রতিনিধি, আমরা মানুষের সঙ্গে মিশি, মানুষের বিপদে ঝাপিয়ে পড়ি, নিজেরাও বালতি নিয়ে ঝাঁপিয়ে পড়ি, কিন্তু আজও পর্যন্ত ২৪ বছরে আমরা উলুবেড়িয়ায় দমকলের একটা ঘর করবার মতো সিদ্ধান্ত নিতে পারলাম না। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে এই কাজটাকে আমি সমর্থন করছি। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ, আমি সাজেশন দিচ্ছি যে, আমার উলুবেড়িয়ায় গঙ্গারামপুর পার্ক, পি.ডাব্লু.ডি. পার্ক, সেই পার্কের ধারে একদিকে

ন্যাশনাল হাইওয়ে অন্যদিকে জি.টি. রোড একটা ইমপর্ট্যান্ট জায়গা, সেখানে ঐ দমকল কেন্দ্র স্থাপন করবার জন্য, দমকলের ঘরটা করবার জন্য আপনি অন্তত সিদ্ধান্ত করুন। আমাদের এম.এল.এ.দের সাহায্য যদি চান তাহলে আমরা পূর্ণভাবে সাহায্য করব। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি বলব যে, এটা সকলের স্বার্থে, উলুবেড়িয়ার পিপলের স্বার্থে, উলুবেড়িয়ার কলকারখানাগুলোর স্বার্থে, উলুবেড়িয়ার গরিব হোগলা শিল্পীদের স্বার্থে, উলুবেড়িয়ার জরি শিল্পের স্বার্থে আপনি জেলা শাসকদের উপর নির্ভর না করে আমাদের উপর দায়িত্ব দিন, সেই দায়িত্ব আমরা পালন করতে রাজি আছি। কবে আপনি ওখানে যাবেন বলুন, আমরা সেই জায়গা নির্দিষ্ট করে পি.ডাব্লু.ডি.র কাছে আপনি আমাদের ব্যবস্থা করবেন এবং করে সেই জায়গায় পার্টিকুলার যাতে এই দমকল কেন্দ্র স্থাপন করবেন। এই কথা বলে বিরোধীদের কাট-মোশনের বিরোধিতা করছি। আপনি ভাল কাজ করতে চাইছেন এবং গরিব মানুষের স্বার্থে আপনার যে পরিকল্পনা, আপনার যে উদ্দেশ্য তা সফল হোক এই কামনা করে আপনার এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ২৬ নম্বর যে দাবি এবং আপনার অন্যান্য প্রশাসনিক ও অগ্নি প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ যে ডিমান্ডটি এনেছেন আমরা সেখানে কাট-মোশান দিয়েছি এই কারণে যে, কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য বললেন, "কংগ্রেস তৃণমূল আগুন।" সে আগুন কোথাকার আগুন তা নিশ্চয়ই আপনাদের চিন্তা করতে হবে। এই তো কিছুদিন আগে আমরা দেখলাম আপনাদের শিল্পমন্ত্রীর গায়ে আগুন লেগেছিল। ফলে তিনি ইহ-জগৎ ত্যাগ করে পরলোকে চলে গেলেন। তাই আমি আপনাদের বলছি, আপনারা ঐভাবে আর আগুন নিয়ে খেলা করবেন না। আগুন নিয়ে খেলা করা যে কত বড় অপরাধ, তাতে যে কি অবস্থার সৃষ্টি হয় তা একটু ভাবা দরকার। অগ্নি-নির্বাপণ খাতে ৭২,১৫,৫৫,০০০ টাকা মোটেই যথেষ্ট নয়। মাননীয় সদস্য জয়ন্তবাবু এখানে উপস্থিত আছেন। বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে বিগত ২৪ বছর ধরে একটা দমকল [illegible] করা সম্ভব হল না! আমরা কখনও বলিনা যে, আমাদের সময়ে বাঁকুড়া জেলাকে আমরা সাজিয়ে দিয়েছিলাম। স্বাধীনতার পরে বিষ্ণুপুর আলাদা সাব-ডিভিসন হিসাবে গড়ে ওঠে। কিন্তু সেখানে আজ পর্যন্ত কেন একটা দমকল কেন্দ্র হল না, তা মাননীয় মন্ত্রিমহাশয়ের বাজেট বিবৃতির মধ্যে উল্লিখিত নেই। এমন কি খাতড়াকে আপনারা পৃথক সাব-ডিভিসন হিসাবে ঘোষণা করেছেন। অথচ সেখানকার কথাও

উল্লেখ করা হয়নি। কিন্তু গঙ্গারামপুর, মালদার ইংলিশবাজার, বনগাঁ, ইসলামপুর প্রভৃতি জায়গার কথা এখানে উল্লেখ করা হয়েছে। মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন ঐসব জায়গায় নতুন দমকল কেন্দ্র চালু করবেন। কি করে করবেন? ৭২ কোটি টাকা দিয়ে এত কাজ তিনি কি করে করবেন? ৮ বছর হয়ে গেল খাতড়া মহকুমা হয়েছে, এখন পর্যন্ত সেখানে কিছুই হয়নি। আমি মনেকরি বিষ্ণুপুর, খাতড়া ছাড়াও গঙ্গাজলঘাটি, শালতোড়া, সোনামুখিতে'ও একটা করে দমকল কেন্দ্র স্থাপন করা দরকার। এখনও গ্রাম-গঞ্জে গরিব মানুযরা খড়ের বাড়িতে থাকে-বিশেষ করে আমাদের দক্ষিণবঙ্গে এবং এর সাথে সাথে আজকে জনজীবনে দাহ্য-পদার্থ প্লাসটিকের ব্যবহার বেড়েছে তাতে যে কোনও সময় যে কোনও স্থানে আগুন লাগতে পারে। এই অবস্থায় গোটা রাজ্যে অগ্নি-নির্বাপণ পরিষেবায় নিযুক্ত স্টাফেদের সংখ্যা খুবই কম। ফলে তাঁরা সঠিকভাবে কাজ করতে পারেননা। সুতরাং উপযুক্ত সংখ্যক কর্মী নিয়োগ করার বিষয়টা যেমন ভেবে দেখতে হবে, তেমন তাঁদের নিরাপত্তার দিকটাও ভেবে দেখতে হবে। কুড়ে-ঘর থেকে শুরু করে অট্টালিকা, প্রাসাদ, অফিস, আদালত, খেলার-মাঠ, পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর গৃহ পর্যন্ত দমকল কর্মীরা অগ্নি-নির্বাপন কর্মে নিযুক্ত থাকেন। অথচ এই সমস্ত কাজ দেখার মতো এই সংস্থার তত স্টাফ নেই এবং তাঁদের জন্য যথাযথ নিরাপত্তা ব্যবস্থাও নেই। নিরাপত্তাহীন অবস্থায় তাঁরা নিষ্ঠার সঙ্গে কাজ করেন। জনস্বার্থে যেভাবে তাঁরা জনহিতকর কাজ করেন তা সত্যিই প্রশংসনীয়। ১৯৫০ সালের ফায়ার অ্যাক্ট অনুযায়ী অ্যাডিশনাল ডাইরেক্টর অব ফায়ার সার্ভিস পদ সৃষ্টি করেছেন। কিন্তু আমি মনেকরি এই পদ সৃষ্টি করে কোনও লাভ হয়নি। বিভিন্ন ফায়ার সার্ভিস সেন্টার বা ইউনিট যদি কর্মী সংখ্যা বাড়ানো না যায়, সঠিক সংখ্যায় গাড়ির ব্যবস্থা না করা যায়, নিজস্ব জলের ব্যবস্থা না করা যায় তাহলে অ্যাডিশনাল ডাইরেক্টর পদ সৃষ্টি করে কোনও লাভ হবেনা। আমাদের বাঁকুড়া, পুরুলিয়া জেলায় জলের অভাব আছে—কোথাও আগুন লাগলে, কোনও কোনও জায়গায় ৩০ মাইল, ৪০ মাইল এমন কি ৫০ মাইল পর্যন্ত জল আনতে দমকল কর্মিদের গাড়ি নিয়ে যেতে হয়। ওসব জায়গায় অনেক সময়েই কূয়া বা পুকুরে জল থাকেনা। যার ফলে ওখানে বাড়ি-ঘরে, দোকানে, গোডাউনে একবার আগুন লাগলে কোনও জিনিসই আর বাঁচানো যায় না। একবার কোনও অফিসে আগুন লাগলে সেখানকার কোনও নথিপত্র আর রক্ষা করা সম্ভব হয় না। সে জন্য ফায়ার সার্ভিসের নিজস্ব পাম্পিং স্টেশন থাকা দরকার। অথবা মিউনিসিপ্যালিটির সঙ্গে সেভাবে ব্যবস্থা করে রাখা দরকার। বড় হোটেল, রেস্টুরেন্ট,

বিভিন্ন কাজে ব্যবহৃত বহুতল বাড়ির ক্ষেত্রে পৃথক ব্যবস্থা থাকা দরকার। সেসব ক্ষেত্রে আগুন লাগলে যাতে সহজেই জল পাওয়া যায় তা দেখা দরকার। সেসব ব্যবস্থা তাদের নিজেদেরই গড়তে হবে, তারা যাতে তাদের দায়িত্ব-কর্তব্য থেকে এসকেপ করে যেতে না পারে সেটা সরকারকে দেখতে হবে।

[3-30 — 3-40 p.m.]

অগ্নি নির্বাপনের ব্যাপারে বিভিন্নভাবে মানুষকে শিক্ষা দেওয়ার দরকার আছে। চিকিৎসার ক্ষেত্রে যেমন স্কুল, কলেজের ছাত্রছাত্রীদের ফার্স্ট এড শিক্ষা দেওয়া হয় তেমনি কোনও জায়গায় আগুন লাগলে প্রাথমিক স্তরে কিভাবে মানুষ ফাইট করতে পারে সেটা সেখানো দরকার। গ্রামে, গঞ্জে আমরা দেখেছি, আগুন লাগলে মানুষজন বালতি, কলসি নিয়ে জল ঢালে, এক্ষেত্রে আধুনিক ব্যবস্থা কি নেওয়া যেতে পারে যাতে মানুষের জীবন এবং সম্পত্তি রক্ষা করা যায় সেটা শেখানো দরকার। আমরা জানি এই অগ্নি নির্বাপনের সার্ভিসটা অত্যন্ত জনহিতকর সার্ভিস, পুলিশের থেকেও এই সার্ভিসের লোকদের অ্যালার্ট থাকতে হয়। এক্ষেত্রে অর্থাৎ অগ্নি নির্বাপনের ক্ষেত্রে পুলিশের সঙ্গে আপনার দপ্তরের একটা কো-অর্ডিনেশন থাকা দরকার কিন্তু আমরা দেখেছি তা থাকে না। পুলিশের লোকরা যা সার্ভিস দেয় আপনার দপ্তরের কর্মীরা তার চেয়ে কম গুরুত্বপূর্ণ নয়, তারাও খুবই গুরুত্বপূর্ণ সার্ভিস দেয়। কিন্তু আমরা দেখেছি, এই ফায়ার সার্ভিসের লোকদের নানানভাবে হয়রান হতে হয়, বিভিন্ন জায়গায় গিয়ে তাদের অসহায় অবস্থার মধ্যে পড়তে হয়। এদিকে বিশেষ গুরুত্ব দেওয়া দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় তার বাজেট ভাষণে বলেছেন যে, সরকার বিধাননগর, বারুইপুর, বর্ধমান, শিলিগুড়ি, উত্তর ব্যারাকপুর, উত্তরপাড়া, খড়গপুর, তারকেশ্বর এবং শ্রীরামপুরে দমকল কেন্দ্রের নতুন ভবন নির্মানের কাজ হাতে নিয়েছেন। তিনি বলেছেন, এরমধ্যে বারুইপুর এবং বিধাননগরে দমকল কেন্দ্র স্থাপনের কাজ শেষ হয়েছে এবং চালু হয়েছে, তারকেশ্বর ও শ্রীরামপুরে জমি অধিগ্রহণের কাজ শেষ হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, এর সঙ্গে সঙ্গে আপনাকে গ্রামগঞ্জ এবং সাব ডিভিসনের কথাটাও একটু চিন্তা করতে হবে। তারপর আর একটি বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে দেখতে বলব। আপনার দপ্তর থেকে যে লাইসেন্স নিতে হয় সে ক্ষেত্রে একটা অসুবিধার সৃষ্টি হয়। যাত্রা করতে গেলে, কোনও অনুষ্ঠান করতে গেলে, সার্কাস ইত্যাদি করতে গেলে আপনার দপ্তর থেকে যে লাইসেন্স নিতে হয় এবং তারজন্য যেসব আইনকানুন আছে সেটা একটু শিথিল

করা দরকার। গ্রামগঞ্জ থেকে শহরে এসে আপনার দপ্তর থেকে লাইসেন্স নেওয়ার যে বিধি আছে তাকে শিথিল করে এবং বিকেন্দ্রীকরণ করে মানুষ যাতে এস.ডি.ও.বি.ডি.ও., পঞ্চায়েত থেকে. লাইসেন্স নিতে পারে সেটা দেখা দরকার। বাঁকুড়া জেলার বিভিন্ন পৌর এলাকায় ফায়ার বিগ্রেডের ব্যবস্থা করা দরকার। সেখানে প্রতিটি পৌর এলাকাতেই এটা করা দরকার। সঙ্গে সঙ্গে অগ্নি নির্বাপনের ব্যবস্থাটা আধুনিকীকরণ করা দরকার। কারণ এই যুগটা হচ্ছে প্লাসটিকের যুগ, স্যাটেলাইটের যুগ, এই যুগে সেই মান্ধাতার আমলের যন্ত্রপাতি নিয়ে কাজ করা যায়না। আপনার দপ্তরের ক্ষেত্রে বাজেটে টাকাটা আরও বাড়ানোর জন্য মন্ত্রীসভার কাছে আমরাই দাবি রাখছি। আমরা বলছি, ৭২ কোটি নয়, ১৭২ কোটি টাকা আপনার দপ্তরের জন্য দেওয়া দরকার। সেই টাকা অর্থ দপ্তর আপনাকে দেয় নি, তাই এই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশনগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী প্রতিম চ্যাটার্জি ২৬ নম্বর দাবি অধীনে যে ব্যায় বরাদ্দের দাবি করেছেন তাকে আমি সমর্থন করছি এবং অল্প কয়েকটি কথা বলছি। দমকল একটা গুরুত্বপুর্ণ দপ্তর। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তা বিপরীত দৃষ্টিভঙ্গি নিয়ে দমকলকে একটা দপ্তরে পরিনত করেছে। বরাদ্দ আরও বেশি হলে নিশ্চয়ই ভালো হতো। কিন্তু বিরোধী দলের প্রবীন সদস্য কাশিবাবু যে কথা বললেন সেটা এই রকম যে মাংস পাই নি ভাত পেয়েছি। যেহেতু মাংস পান নি সেইহেতু তিনি ভাত খাবেন না। সেইজন্য তিনি বিরোধিতা করলেন। দমকল বিভাগের কাজ শুধু অগ্নি নির্বাপন নয়, তাদের কাজ মানুষকে সচেতন করা বিভিন্ন সামাজিক সমস্যার সমাধান করা এবং প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলা করতে হয় উদ্ধার করতে হয়। মানব জীবন মানব সম্পদ রক্ষা করার দৃষ্টিভঙ্গি নিয়ে এই দপ্তর চলে। অনেক কাল আগে আমরা দেখেছি দমকল বিভাগের নির্দিষ্ট কোনও পরিকল্পনা ছিল না। গ্রামের পর গ্রাম পুড়ে যেত, দমকল আসেনি। পুড়ে যাওয়ার পর আসতো। এখন আসে। দমকলে এবং বিশেষ ব্যবস্থা করা হয়েছে, ১০টি ডিভিসনে ভাগ করে কেন্দ্র চালু করা হয়েছে। প্রতিটি সাব ডিভিসনে অন্তত দমকল কেন্দ্র স্থাপন করা হোক এই দাবি আমি করছি। জনসংখ্যার ভিত্তিতে একটা করে কেন্দ্র ঠিক করা দরকার, ২৫ হাজার থেকে ৫০ হাজার জনসংখ্যা প্রতি একটা করে দমকল কেন্দ্র স্থাপন করা দরকার। গ্রাম এলাকাতেও দমকল কেন্দ্র স্থাপন করা দরকার, ব্লক ভিত্তিক একটা কর্মসূচি নেওয়া দরকার। এই দমকল বিভাগ প্রশংসনীয় কতকগুলি কর্মসূচি নিয়েছে। তার মধ্যে একটা হলো

একটা প্রশিক্ষন কেন্দ্র খোলা হয়েছে এবং সেটা বেহালায় স্থাপন করা হয়েছে। বলা হয়েছে সেখানে ৬ মাসের একটা সার্টিফিকেট কোর্স চালু করা হবে। আমি মনেকরি এটা একটা সুন্দর যুক্তিপূর্ণ প্রস্তাব। এই প্রস্তাবের ক্ষেত্রে আমাদের ব্যাপকভাবে প্রচার দরকার। এই সার্টিফিকেট কোর্সে প্রশিক্ষণ যুবকরা যাতে নিতে পারে তার জন্য প্রচার দরকার এবং এর নিয়ম কানুন প্রচার করা দরকার। আজকে সভ্যতার বিকাশ ঘটেছে। আজকে নগরায়নের ফলে শিল্পায়নের ফলে এই দপ্তরের কাজ বেড়েছে, জটিলতাও বেড়েছে। এই জটিলতার ব্যাপারে ভাবতে হবে ডিপার্টমেন্টকে। কলিকাতার মতো জায়গা যেখানে নগরায়ন হয়েছে সেখানে বহু উচ্চতল বাড়ি আছে। সেখানে আধুনিক যন্ত্রপাতি লাগবে, বড় মই লাগবে। কিন্তু গ্রাম এলাকায় খড়ের বাড়ি টালির বাড়ি, গ্রামের সঙ্গে শহরের পরিকাঠামো আলাদা দরকার। শহরে আধুনিক পরিকাঠামো দরকার কিন্তু গ্রামাঞ্চলে সেই পরিকাঠামো দরকার না হলেও একটা সংমিশ্রন পরিকাঠামো দরকার। গ্রামে দমকল বিভাগের কয়েকটি সমস্যা আছে। খরার সময় জল পাওয়া যায় না বা পুকুর থেকে জল তুলতে দেয় না। সেই ক্ষেত্রে এই দমকল বিভাগের সঙ্গে পঞ্চায়েতকে যুক্ত করা দরকার। আবার গ্রামে কাজ করতে গেলে এই দমকল বাহিনীকে ক্ষোভ-বিক্ষোভের মুখে পড়তে হয়। সেইজন্য দমকল বিভাগের সঙ্গে পুলিশ বিভাগকে যুক্ত করা দরকার। আগুন লাগার সঙ্গে সঙ্গে পুলিশ ডিপার্টমেন্টে খবর যাওয়া দরকার যাতে সেখানে তারা পৌঁছাতে পারে। দমকলের কাছে খবর গেল, তারা সেখানে পৌঁছে গেল কিন্তু ক্ষোভ বিক্ষোভের মুখে পড়ে তারা কাজ আরম্ভ করতে পারলো না। ফলে মানুষ হানি ঘটলো, সম্পদ হানি ঘটলো। কিন্তু পুলিশ পৌঁছালে সেটা আর হতে পারবে না। সেইজন্য দমকল বিভাগের সঙ্গে গ্রামের জন্য পঞ্চায়েত এবং পুলিশ বিভাগকে যুক্ত করা দরকার। আমাদের নদীয়ার এক দিকে কৃষ্ণনগর এবং অন্যদিকে বহরমপুরে দমকল কেন্দ্র আছে তার মাঝখানে আর নেই। করিমপুর দেবগ্রাম এবং বেথুয়াডহরির মাঝ বরাবর একটা দমকল কেন্দ্র স্থাপন করা দরকার। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী প্রতীম চ্যাটার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার, আমি আমার দপ্তরের ২৬নং দাবির সমর্থনে এবং বিরোধীদের আনা কাটমোশনগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। ২৭টি যে কাটমোশন আছে, সেগুলি আমি পড়ে দেখলাম। প্রায় সব

কাটমোশনের মধ্যে, বিভিন্ন সদস্যরা যা বলেছেন, বিভিন্ন জায়গায় নতুন করে দমকল স্থাপন করার কথা, আধুনিকীকরণের কথা এবং এটাকে বাড়িয়ে ব্লকস্তর পর্যন্ত নিয়ে যাবার কথা বলেছেন। আমাদের বর্তমানে ৫৩টি দমকল, অগ্নি নির্বাপন কেন্দ্র আছে। এগুলি প্রতি বছরই কিছু না কিছু বাড়ছে। ২০০০-২০০১ সাল যেটা চলে গেল, এবারে ছটি বেড়েছে। এখানে যে কথা উপস্থাপিত হয়েছে, বিশেষ করে আগামী দিনের জন্য, যেগুলির কাজ চলছে এবং চলবে, তারমধ্যে উলুবেড়িয়ার কথা উঠেছে। রবীনবাবু উলুবেড়িয়া সম্বন্ধে বলেছেন। আমি আগেও বলেছি, এখনও বলছি, আমাদের প্রোপোজাল for 2 pump/3 pump category fire station is pending. প্রথম নামটি উলুবেড়িয়া। আমি জানি, উলুবেড়িয়া খুব ফায়ার প্রবন এরিয়া। এর আগে আমি চিঠিপত্র দিয়েছি। ডি.এম. হাওড়াকে রিকোয়েস্ট করেছি, ডিপার্টমেন্ট to arrange and hand over a suitable place of vacant land at Banilabla check post. এটি হলে পরে আমাদের এই বিষয়ে আর দেরি হবে না। উলুবেড়িয়ায় আমরা টু পাম্প ফায়ার স্টেশন করব। এর সঙ্গে সঙ্গে নবদ্বীপে টু পাম্প ফায়ার স্টেশন হবে। এটি অ্যাপ্রুভড হয়ে গেছে। তবে এটি এখনও পাকাপাকি হয়নি। এখানে জমি গিফট করার কথা আছে। জমি হস্তান্তর হয়ে গেলে এই বছরের শেষে আশা করছি আমরা শুরু করতে পারব। গোবরডাঙ্গাতেও হচ্ছে। শুধু শহরাঞ্চলে হচ্ছে না। চাঁচলে কাজ শুরু হয়ে গেছে। এটা নিয়ে বক্তব্য ছিল। চাঁচলের জন্য টাকা দেওয়া হয়েছে। কাজও শুরু হয়েছে। বোলপুরে খুব খারাপ অবস্থা। সেখানে একটি জমি নেওয়া হয়েছে। ওখানে জল জমে থাকে, সেগুলোকে ঠিক করতে আমাদের বেশি খরচ করতে হবে। ট্যাংরায় প্রায় রোজই আগুন লাগে। সেজন্য আমরা ট্যাংরাতে বহুদিন চেষ্টা করছিলাম। ওখানে গিয়ে দেখেছি, বস্তিতে টন টন চর্বি, সাবান তৈরি হচ্ছে। প্লাস্টিক ওয়েস্ট নিয়ে গিয়ে বালতি তৈরি হচ্ছে। ওখানে দমকলের সাধ্য নেই, আগুন লাগলে তা নেভাতে পারবে। তাছাড়া জমি পাওয়াও কঠিন ব্যাপার। পিলখানাতে সমস্যা আছে। ওখানে ছোট ছোট কারখানা আছে। ওখানে জমি পাওয়া যাবে। মিউনিসিপ্যালিটি আমাদের সাহায্য করছে। তবে এখনও জমি দেয় নি। আমাদের সঙ্গে কথাবার্তা হয়ে গেছে জমি দেবে বলে। এগুলো প্লান আছে আমি আগেই বলেছি, বাজেটে লেখা আছে। বাঁকুড়ার ব্যাপারে আমি একমত আপনার সঙ্গে, বাঁকুড়ার থেকে আসা আগেকার স্বাস্থ্যমন্ত্রী উনি আমাকে বলেছিলেন ওখানে খরার সময়ে ভীষণ আগুন লাগে। আমি বলি দমকল দপ্তরের পক্ষে ওই আগুন নেভানো সম্ভব নয়। কারণটা

আমি বলি বাঁকুড়া বা পুরুলিয়ায় গ্রামে আগুন লাগলে আমরা গিয়ে দেখেছি সেই আগুন ১০মি এর মধ্যে সমস্ত পুড়িয়ে ছাই করে দেয়, সেই সময়ে আবার হাওয়া চলে। সুতরাং আগুনটা খুব দ্রুত ছড়িয়ে পড়ে। সেইজন্য আপনাকে ডিসকার্ড করছি না কিন্তু একথাও বলছি সেল্ফ প্রোটেকশন না নিতে পারলে ওই আগুনে পোড়া কখনও কমানো যাবে না। এটা আপনারা যদি চানও এই পরিকাঠামো এই আর্থ সামাজিক অবস্থার মধ্যে ব্লকে ব্লকে করে দেওয়া, তা কখনওই সম্ভব নয়। তা করা যাবে না। আপনাদের অবগতির জন্য জানাই একটা টু পাম্প স্টেশন করতে গেলে ৬২ জন লোক লাগে। পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান যে বেতন ব্যবস্থা তাতে ৫৮ লক্ষ টাকা পার অ্যানাম দিতে হবে। সেখানে দমকল দপ্তর টু পাম্প স্টেশন করলে একটা দমকলের গাড়ি, একটা পোর্টেবল লাগবে, এর খরচ পড়বে ২ কোটি টাকার মতো। সুতরাং ২ কোটি প্রতিটি ব্লকে খরচ করা সম্ভব নয়। আমাদের কেন, পৃথিবীর কোথাও সম্ভব নয়। অন্য দেশে খরচ আরও বেশি, লোকজনের বেতন আরও বেশি। সুতরাং ব্লকে এটা করা যাবে না। সেখানে যে প্রশ্ন এসেছে তার সপক্ষে আমি বলি জেলাতে হওয়াটা দরকার। জেলাতে আছে, সাব ডিভিসনে অনেক জায়গায় আছে আর অনেক জায়গায় নেই। অনেকগুলোই হয়ে গেছে। তবুও অনেকটা মেক আপ করা দরকার। ইতিমধ্যেই আমরা ৫৩টি সাব-ডিভিসনে এই টাইমের মধ্যে অনেকগুলো করতে পেরেছি যেমন বিধাননগর গঙ্গারামপুর, বারুইপুর, ঝাড়গ্রামে এবং ডায়মন্ডহারবারে করতে পেরেছি। কেবল ১৩টি মতো বাকি আছে। এখানে অতীশবাবু বসে আছেন, ওঁনার কথা উদ্ধৃতি হয়েছে এখানে যে, ওখানকার জায়গা লিস্টে ছিল। কান্দি লিস্টে ছিল। অতীশবাবু বললেন যে, জমি দিয়ে দেওয়া হয়েছে কিন্তু আমরা সেই জমি পাই নি। আমরা জমি পেলেই অ্যাকশন প্ল্যান এর মধ্যে আসবে। আপনারা জমি দেবেন হয়ে যাবে। আর অজয়বাবু যেটা বললেন খুব জরুরি কথা বলেছেন। আমি আপনাকে বলি ওখানে ফায়ার স্টেশন করতে গেলে কিছু কিছু বাধা আছে কারণ ওরই কাছাকাছি রাণাঘাট, সেখানে দুটি আছে। কাজেই এটা নিয়ে তিনটে সেখানে, সুতরাং এরমধ্যে ব্যবধানটা মাঝখানে করা সম্ভব নয়। সেখানে যে কথাগুলো উঠেছে হাই রাইস বিল্ডিংয়ে আগুন লাগছে কেন - এই প্রসঙ্গে জানাই যে, হাই রাইস বিল্ডিং যেগুলো নতুন হয়েছে সেগুলোতে আগুন লাগছে না। হাই রাইস বিল্ডিং যেগুলো পুরনো, সেগুলোতেই আগুন লাগছে। সেগুলোর সমস্যা নিয়ে আমি কলকাতা কর্পোরেশনের মহানাগরিকের সঙ্গে কথা বলেছি।

[3-50 — 4-00 p.m.]

কারণ ঐ বাড়িগুলি আমাদের আইনে ভাঙতে পারছিনা, আমাদের আইনে ভাঙতে পারলে অনেকগুলি বাড়িকে ভেঙে দিতাম। কিন্তু কলকাতা কর্পোরেশন ওদের থেকে ট্যাক্স নেয়, বাড়িঘর দেখার জন্য তাদের একটা ডিপার্টমেন্ট আছে। বাড়ি ভেঙে চাপা পড়লে আমাকে উদ্ধার করতে হবে, আমার শুধু অগ্নি নির্বাপন কাজ নয়। রেসকিউ করাও আমার কাজ। কিন্তু এখানে কে নির্দ্ধারণ করবে যে কোন বাড়িটা ভাঙা হবে। এখানে বাড়ি ভেঙে গেলে বাড়ির মালিককে অ্যারেস্ট করাতে পারি কিন্তু আমরা বাড়ি ভাঙতে পারিনা। সেইজন্য ওদের সঙ্গে মিটিং না করলে হবে না। এই ব্যাপারে ১৭।১৮ তারিখে বসব। এই ব্যাপারে ব্যবস্থা নিতে হবে। নুতন বাড়ির সম্বন্ধে আমি গ্যারান্টি দিয়ে বলতে পারি, যে কাজ আমরা শুরু করেছি এটা যদি আমরা আস্তে আস্তে ১০।১২ বছরের মধ্যে শেষ করতে পারি তাহলে এইসব বাড়ি আগামী ৫০।১০০ বছরে ভাঙবে না। পুরনো গুলি ভেঙে যাবে। উপায় নেই, ঐগুলি রক্ষা করতে পারব না। বাজারগুলি নিয়ে যে কথা বলেছেন, আমাদের এখানে বাজার আছে, বস্তি আছে, এগুলিকে আমরা রক্ষা করতে পারছি না। এখন যে যন্ত্রপাতি আমাদের এখানে এসেছে, সেই ব্যাপারে যদি কেউ আমাকে বলেন আরও আধুনীকিকরণ করতে, আমি করব। আধুনীকিকরণ ব্যবস্থাকে আমরা কাজে লাগাতে পারছি না। এখানে আমি বলতে পারি, ২ মাস আগে যে ল্যাডার এসেছে সেটা হচ্ছে শুধু ভারতবর্ষের মধ্যেই নয় পৃথিবীর মধ্যে দ্বিতীয় উচ্চতা সম্পন্ন ল্যাডার। এটুকু বুঝিয়ে দিলাম, আর কি বলব। আমার মনে হয় সব কথাগুলির উত্তর দেওয়া হয়েছে। জলাশয়টা নিয়ে একটু বলে দিই। জলাশয় গ্রামে আছে, শহরের জলাশয় বন্ধ করা, বন্ধ হয়ে গেছে। সেইজন্য আধুনীকতার ব্যাপারে আধুনিক গাড়ির আগে যে টেন্ডার আমরা দিতাম সেই টেন্ডারে দেখতে পাবেন না গাড়ির অবস্থা পাল্টেছে। তার জন্য বাউজার করা হয়েছে। যার মধ্যে ১৭ কে এল জল ধারণ করে এবং ১৯ কে এল জল ধারণ করে বাউজারে। সব কিছুই টাকার প্রশ্ন। আমি সারা পশ্চিমবাংলায় বাউজার দিয়ে ভরিয়ে দিতে পারি। একটা বড় বাড়িতে আগুন লাগলে আমি যদি ৪টে বাউজারকে দাঁড় করিয়ে দিই তবে ২০ মিনিট লড়াই করা যায়। এটার জন্য আমরা ২০ লক্ষ টাকা সি এম সি কে দিয়েছি, ওরা কিছু হাইড্রেন তৈরি করেছে, আমরা কিছু করেছি। সব মিলিয়ে ৩০ টার মতো তৈরি হবে হাইড্রেন। আর রিজারভার ৪টির মতো তৈরি করেছি কলকাতার ফায়ার প্রন এলাকাতে। মূল কথা হচ্ছে অ্যাওয়ারনেস অ্যান্ড প্রিভেনশন

নিয়ে আমরা যদি সচেতন না হই এবং আমরা নিজেরা জানি কি কি কারণে আগুন লাগে। সেগুলি থেকে যদি আমরা প্রতিরোধক ব্যবস্থা না নিই তাহলে আগুন কোনওদিন কেউ নেভাতে পারেনা। আমি মনেকরি, আপনাদের যে সাজেশনগুলি আছে সেগুলি নিশ্চয় গ্রহণ করব। আমাদের যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে তা অত্যন্ত সীমিতভাবে রাখা হয়েছে, এটাকে আপনারা সমর্থন করবেন। আপনাদের কাট মোশনকে খন্ডন করার মধ্যে দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 26

The motions of Shri Subrata Mukherjee and Shri Kashinath Mishra that the amount of the Demand be reduced to Re.1 and the motions of Shri Saugata Roy, Shri Pankaj Banerjee, Shri Gobinda Chandra Naskar, Shri Nirmal Ghosh, Shri Chowdhury Mohan Jatua, Shri Kamal Mukherjee, Shri Kashinath Mishra, Shri Ashok Kumar Deb, Shri Partha Chatterjee, Shri Ajoy Dey, Shri Pundarikakshya Saha, Shri Abdul Mannan, Shri Ajit Bhunia, Shri Jyotipriya Mallick, Shri Bankim Chandra Hazra and Shri Kallol Khan - that the amount of the Demand be reduced by Rs.100, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.72,15,55,000 be granted for expenditure under Demand No.26 : Major Head : "2070-other Administrative Services (Fire Protection and Control)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs.24,05,18,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

## DEMAND NO. 4

**Mr. Deputy Speaker :** There are 35 cut motions to Demand No.4. All the cut motions are in order excepting cut motion no.16 which is out of order. Now Hon'ble Members may move their motions.

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the amount of the demand be reduced to Re.1.

Shri Kalyan Banerjee
Shri Kamal Mukherjee
Shri Ashok Kumar Deb
Shri Molay Ghatak
Shri Ajoy Dey
Shri Subrata Mukherjee
Shri Kashinath Mishra
Shri Jyoti Priya Mallick
Shri Gyan Singh Sohanpal
Shri Abdul Mannan

: Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

**শ্রী মলয় ঘটক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের আইনমন্ত্রীর পেশ করা ১১৫ কোটি ১২ লক্ষ ৫২ হাজার টাকার যে বাজেট প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমাদের বিরোধী দলের আনা কাট মোশনগুলোকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। যে কটি দফাওয়ারি বাজেট এই বিধানসভায় পেশ হয়েছে, আমার মনে হয় আইন ও বিচার দপ্তরের জন্য যে টাকাটা চাওয়া হয়েছে সেটা একদম বাজে খরচ করছেন। যখন রাজ্যের মানুষ পুলিশের কাছে, প্রশাসনের কাছে কোনও সাহায্য পাননা, তখন তাদের একমাত্র পথ হচ্ছে কোর্টে যাওয়া। দীর্ঘদিন ধরে কোর্টগুলোতে মামলা লড়ার পরে যখন কোনও বিচার হয় এবং রাজ্য সরকারের এবং তাদের দলের বিরোধী কোনও অর্ডার যখন কোর্ট দেয় তখন সেই অর্ডার আমাদের রাজ্যে ইমপ্লিমেন্ট হচ্ছে না। দীর্ঘ চব্বিশ বছর ধরে ক্ষেতমজুরদের জমি কেড়ে নেবার পরে তারা যখন কোর্টে যাচ্ছে এবং কোর্ট থেকে জমি ফেরত পাবার অধিকার যখন সে নিয়ে আসছে, তখন সেটা ইমপ্লিমেন্ট রাজ্য সরকার করতে পারছে না। রাজ্যের বিভিন্ন আদালতে আজকে লক্ষ লক্ষ মামলা জমা পড়ে আছে, তার একমাত্র কারণ হচ্ছে বিভিন্ন আদালতে বহু সরকারি উকিলের পদ খালি পড়ে আছে। যাট জন এ:পি:পি-র পদ খালি পড়ে আছে, বহুদিন আগে পি.এস.সি-র থ্রু দিয়ে কুড়িজন এ.পি.পি-র প্যানেল রাজ্য সরকারের কাছে পাঠানো হয়েছিল। তাদের মেডিকেলও হয়ে গেছে দু'বছর হল, কিন্তু আজও পর্যন্ত তারা

অ্যাপয়েন্টমেন্ট পেলনা। কেন তারা অ্যাপয়েন্টমেন্ট পেল না তারও একটা কারণ আছে। এর আগে যিনি আইনমন্ত্রী ছিলেন, সেই আব্দুল কায়ুম মোল্লা, তিনি চেয়ার ছাড়ার আগে একটা প্যানেল তৈরি করে গিয়েছিলেন ৫৫ জনের এবং সেই প্যানেলের দ্বিতীয় নাম হচ্ছে আব্দুল হাসিফ মোল্লার। এই আব্দুল হাসিফ মোল্লা হচ্ছেন, আব্দুল কায়ুম মোল্লার ছেলে, তাকে চাকরি দেবার জন্য বে-আইনিভাবে একটা প্যানেল তৈরি করা হল এবং তারই ফলস্বরূপ আজকে ২০ জন এ.পি.পি দু'বছর ধরে অ্যাপয়েন্ট হচ্ছে না। এই আব্দুল কায়ুম মোল্লা আইনমন্ত্রী থাকাকালীন তার দুজন জামাইকে আমাদের রাজ্যে বিচারপতির পদ পাইয়ে দিয়েছেন। আজকে বিচার ব্যবস্থাকে আপনারা ফার্সে পরিণত করে দিয়েছেন। এই সরকার চব্বিশ বছর ধরে বিচার ব্যবস্থাকে পঙ্গু করে দিয়েছেন। এই বামফ্রন্ট সরকারের আমলে ৭২০ জন ম্যারেজ অফিসারকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। এই চব্বিশ বছর ধরে একটা কাজ ওরা করেছে, বিভিন্ন জায়গায় ওরা ডেমোক্রাটিক সংগঠন গড়ে তুলেছে, যেমন - গণতান্ত্রিক মহিলা সমিতি, ডেমোক্রাটিক ইউথ ফেডারেশন, আর আইনজীবিদের ক্ষেত্রে করেছেন ডেমোক্রাটিক ল ইয়ার অ্যাসোসিয়েশন। ডেমোক্রাটিক ল ইয়ার অ্যাসোসিয়েশনের তৈরি করা লিস্ট থেকেই এই ৭২০ জন ম্যারেজ অফিসারকে নিয়োগ করা হয়েছে। অন্য কোনও লোক বা আইনজীবিকে এই ম্যারেজ অফিসার পদে নিয়োগ করা হয়নি। কোর্টের যারা আইনজীবি তাদের জন্য এই সরকার কোনও চিন্তা করেনা।

যে কোনও কোর্টে যান, দেখবেন কোর্টের বাইরে ছোট ছোট ঝুপড়ি করে আইনজীবিরা বসে আছেন, ল-ইয়ার্স ক্ল্যার্করা বসে আছেন। দেখে মনে হবে সেটা কোর্ট নয় ছোট ছোট বস্তি বাড়ি বা দোকান। অথচ আইনজীবিরা হচ্ছেন অফিসার্স অব দি কোর্ট। কিন্তু তাদের বসার জায়গা নেই। বারাসাত কোর্টে আইনমন্ত্রী গিয়েছিলেন, তখন আইনজীবিদের বসার জায়গা পুলিশ দিয়ে ভেঙে দেওয়া হয়েছিল। এখনও সেই অবস্থায় আছে, তাদের বসার জায়গা নেই। আসানসোল কোর্টে একই অবস্থা, ঝুপড়ির মধ্যে আইনজীবিরা বসে আছেন। আজকে বামফ্রন্ট সরকার বলছে অসংগঠিত লেবারদের জন্য পি.এফ. চালু করবেন। কিন্তু আইনজীবিদের জন্য, ল-ইয়ার্স ক্লার্কদের জন্য এই ধরনের কোনও চিন্তা-ভাবনা সরকার করছে না। দু-পাঁচজন আইনজীবি বা ল-ইয়ার্স ক্লার্কদের অবস্থা দেখে সবার অবস্থা বোঝা যাবে না। এমন অনেক আইনজীবি বা ল-ইয়ার্স ক্লার্ক আছে, যারা সাধারণ কোর্টে যাওয়ার মতো খরচও তুলতে পারে না। আজকে চিন্তা করতে হবে এদের জন্য পি.এফ. চালু করা যায় কিনা। তাহলে আগামী দিনে তারা উপকৃত হবে। যে সমস্ত নতুন-

নতুন সাব-ডিভিসন হচ্ছে, সেখানে এক্সিকিউটিভ কোর্ট হয়ে গেছে, কিন্তু জুডিসিয়াল কোর্ট এখনও পর্যন্ত হয়নি। হলদিয়াতে ১২ বছর আগে সাব ডিভিসন হয়েছে, কিন্তু কোনও কোর্ট হয়নি। ব্যারাকপুর বা অন্যান্য জায়গাতে এখনও এ.ডি.জে. থেকে শুরু করে সাব জাজের পদ খালি থাকলেও সেগুলো পূরণ করা হয়নি। স্বভাবতই সমস্ত কোর্টে বহু কেস পেন্ডিং থাকছে। রাজ্যে এ.পি.পি. নেই, অনেক জাজের পদ খালি থাকলেও পূরণ করা হচ্ছে না। সাধারণ মানুষ কোর্টে গিয়ে বিচার পাচ্ছে না। তা সত্বেও যদি জিতে আসে, তার কোনও ইমপ্লিমেন্টেশন হচ্ছে না। হাইকোর্টের বিচারপতিদের জন্য সল্টলেকে ১৮টি ফ্ল্যাট করা হয়েছে, তার ৪টিতে বিচারপতিরা থাকলেও বাকিগুলোতে যায়নি। অথচ তাদের ১০ হাজার টাকা করে বাড়ি ভাড়া দিতে হয়। অবিলম্বে এসবের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। অবশেষে মাননীয় মন্ত্রীর আনিত বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী সামসুল ইসলাম মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আইন ও বিচার বিভাগীয় মন্ত্রী যে বাজেট এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এই বিচার ব্যবস্থা গণতান্ত্রিক ব্যবস্থার মূল স্তম্ভ। একে শাসকশ্রেণী বার বার ব্যবহার করেছে তার দমন-পীড়নের হাতিয়ার হিসাবে। এই বামফ্রন্ট সরকার আসার পর দেখলাম বিচার বিভাগীয় কার্যক্রমের বিকেন্দ্রীকরণের কাজ শুরু হল। মাননীয় সদস্যরা অনেকেই জানেন, কংগ্রেস সরকারের আমলে দার্জিলিং জেলার বিচারপ্রার্থিদের জলপাইগুড়ি জেলা আদালতে আসতে হোত, দার্জিলিংয়ে কোনও জেলা আদালত ছিল না। আবার পশ্চিম দিনাজপুরের বিচার প্রার্থিদের জেলা আদালতের জন্য মালদহে আসতে হবে না। পশ্চিম দিনাজপুরে কোনও জেলা আদালত ছিল না। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পর বিচার ব্যবস্থার যে সুযোগ তাকে বিচার প্রার্থিদের কাছাকাছি নিয়ে আসার জন্য, সেই দৃষ্টিভঙ্গিতে পশ্চিম দিনাজপুরে দুটো জেলা আদালত করা হয়েছে— একটা বালুরঘাটে আরেকটা রায়গঞ্জে। দার্জিলিং জেলার বিচার প্রার্থিদের জন্য জেলা আদালত হয়েছে। থানাভিত্তিক অনেকগুলো আদালত তৈরি করা হবে। মিরিক আপনারা জানেন সেখানেও আদালত হয়েছে। সেখানে দায়রা আদালত করার জন্য রাজ্যসরকারের প্রস্তাব আছে। মঙ্গু, গরুবাথানেরও বিচারব্যবস্থাকে পৌঁছে দেওয়ার প্রচেষ্টা রয়েছে। নদীয়া, কৃষ্ণনগর, রাণাঘাট, কল্যাণী,

নবদ্বীপে নতুন বিল্ডিং হয়েছে আদালত ভবন তৈরি হয়েছে। একটা নতুন মহকুমা তৈরির জন্য তেহট্টে জমির চেষ্টা করা হয়েছে। সেখানে আদালতের ব্যাপার আছে স্বাভাবিকভাবে আমাদের জেলাতে অ্যাডিশনাল জাজ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে আমাদের জেলা শুধু নয় আমাদের পাশে মুর্শিদাবাদ, বর্ধমানেও বহু অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ করা হয়েছে সেখানকার বিচার প্রার্থিদের জেলা আদালতে আর আসতে হচ্ছে না। মহকুমা আদালতে বিচারের সুযোগ পাচ্ছে। আমাদের নর্থবেঙ্গলে একটা সারকিট বেঞ্চের দাবি দীর্ঘদিনের। সেই দাবি বরাবর উপেক্ষিত হয়েছে। কেন্দ্রীয় সরকার বার বার উপেক্ষা করেছে। রাজ্যসরকার সেখানে সারকিট বেঞ্চ খোলার জন্য চেষ্টা করেছে। গোটা বিষয়টা কেন্দ্রীয় দপ্তরের। আসুন আমরা সবাই গিয়ে কেন্দ্রীয় দপ্তরে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে জলপাইগুড়িতে সারকিট বেঞ্চের দাবি আদায় করে নিয়ে আসি। আজকে গরিব মানুষ যাতে বিচারের সুযোগ পায় তার জন্য লিগাল এডের ব্যবস্থা করা হয়েছে। লিগাল এডের মধ্যে দিয়ে বহু গরিব মানুষ বিচারের সুযোগ পেয়েছে। বর্ধমানে প্রত্যেকদিন লোক আদালত বসছে। বহু ক্ষতিপূরণের মামলা এবং ব্যাঙ্কের মামলা নিষ্পত্তি হয়েছে। আমার আর সময় নেই। আমি আরও কিছু জানাব লিখিত আমি জানাব। পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মোস্তাক আলম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিচার বিভাগের পেশ করা যে বাজেট সেই বাজেটের বিরোধিতা করছি। বিরোধীদের আনা কাট মোশনের সমর্থন করছি। বিরোধিতা করার কারণ হিসাবে বলা যেতে পারে, আজ বাংলার মাটিতে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। এটা বাস্তব এবং অপ্রিয় সত্য কথা। আজকে কয়েকটা জায়গায় বিল্ডিং করা মানেই এই নয় যে বিচার ব্যবস্থার সব কিছু পরিবর্তন করে দেওয়া হয়েছে। আজকে চাঁচলে নতুন সাব ডিভিসন করা হয়েছে। সেখানে নতুন কোর্ট বিল্ডিং এর জন্য কোনও কিছু বরাদ্দ করা হয়নি। আজকে দুটো একটা কোর্ট চালু করা খুব একটা বড় কথা নয়, মানুষ যে বিচার চায় সেই বিচার পাচ্ছে কিনা সেটাই বড় কথা। মানুষের যে বিচারের দাবি মানুষ আজকে সেই বিচার পাচ্ছে না।

[4-10 — 4-20 p.m.]

আইন ব্যবস্থা, শাসন ব্যবস্থা এবং বিচার ব্যবস্থা অঙ্গাঙ্গীভাবে জড়িত। সমস্ত পথ মানুষ যখন দেখে বন্ধ তখন মানুষ বিচার ব্যবস্থার কাছে যায়। কিন্তু বিচার

বিভাগের থেকে রায় পাওয়ার পরেও একজিকিউশনের ক্ষেত্রে মানুষকে বঞ্চিত করা হচ্ছে। সরকারি পরিসংখ্যানে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে সাধারণ অপরাধের কোনও কিনারা হচ্ছে না। শাস্তি হচ্ছে খুব কম। চুরির ক্ষেত্রে দেখা যাচ্ছে ১৮.৪৩ শতাংশ কিনারা হলেও শাস্তি হচ্ছে ১২.২৪ শতাংশ। ডাকাতির ক্ষেত্রে ৫০ শতাংশ কিনারা হলেও শাস্তি হচ্ছে ১০ শতাংশ। আজকে ভয়ে কেউ সাক্ষী দিতে চায়না। যদি কেউ সাক্ষী দেয় আসামী ফিরে এসে প্রকাশ্য দিবালোকে তাকে খুন করে দেয়, পুলিশ তাকে সেল্টার দিতে পারেনা। এই অবস্থা আজকে চলছে। আমরা আজকে নিপিড়িত, নির্যাচিত মানুষের সম্বন্ধে বলছি, শ্রমিক-কৃষকদের সম্বন্ধে বলছি। কিন্তু দেখা যাচ্ছে নির্যাতিত মহিলারা আইনের সুফল পাচ্ছে না। নির্যাতনের পরে যখন ৩৯৮ আই.পি.সি.-তে মামলা করতে চাই পুলিশ সেটা করেনা। পরে ১২৫ আই.পি.সি.-তে খোরপোষের মামলা করে জিতে গেলে পুলিশ বলে কোর্ট ডিক্রি দিয়েছে কিন্তু আমাকে একজিকিউশনের কোনও অর্ডার দেয়নি। আগে অর্ডার নিয়ে আসুন। এইভাবে সেই ব্যক্তির কামিং গোয়িং করতে করতে জুতোর তলা ক্ষয়ে যাওয়ার যোগাড় হয় এবং শেষে তাকে নেতাদের গিয়ে ধরতে হয় এবং এর মধ্যে দিয়ে বোঝা যাচ্ছে মানুষ আজকে বিচার পাচ্ছে না। আমরা দেখছি আপনারা নিত্য-নতুন ব্যবস্থা করছেন এবং সাজাপ্রাপ্ত আসামীদের আপনাদের পক্ষে আনার জন্য বলছেন, যদি দু-জন রিসোর্সফুল পারসন বন্ড দেয় তাদের মুক্ত করে দেবেন। তবে কিছুদিন তাদের ওয়াচে রাখা হবে। কিন্তু আমরা আল্টিমেটলি দেখতে পাচ্ছি যারা সি.পি.এম.-র লোক, কুখ্যাত সমাজবিরোধী,-ঔরঙ্গজেব, তালেব তাদের মুক্তি দেওয়া হল। ঠিক যেভাবে ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসে সাজাপ্রাপ্ত আসামীদের মুক্তি দিয়েছিলেন। ঠিক সেইরকম ১৯৭৯ সালের ১৩ই ডিসেম্বর ৪০ হাজার চোরাকারবারিকে মুক্তি দেওয়া হয়েছিল। সত্যিকথা বলতে আজকে মানুষ আইনের সুফল পাচ্ছে না। কিন্তু পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলে বিশেষ করে সেন্ট্রাল জেলগুলোতে যারা সাজাপ্রাপ্ত আসামী আছেন তাদের বেলায় কিন্তু সরকার নিরুত্তর, মন্ত্রী কোনও উত্তর দিচ্ছেন না। তাহলে বিচার কোথায়? আপনারা বলছেন - প্যারলে ৬ ঘন্টা রিলিজ করা হত। পরে সেটা ৬ মাস এবং তারপর ঘোষণা করলেন প্রয়োজন হলে পার্মানেন্ট করা যেতে পারে। সব ভালো কথা, সবকিছু করা হল। কিন্তু মানুষ বাস্তবে বেনিফিট কোথায় পাচ্ছে?

লোক আদালত করলেন। ভালো কাজ করলেন। ৫৮৩টি লোক আদালত হয়েছে এবং ৮৮৯৭টি বিচারের সুফল পাওয়া গেছে। কিন্তু যথেষ্ট প্রচার না থাকার জন্য

গ্রামের মানুষ এ বিষয়ে কিছু জানতে পারছে না। লিমিটেড কিছু পারসন এর সুযোগ পাচ্ছে। একদিকে ক্রিমিনাল কেসের ক্ষেত্রে আসামীরা সাক্ষীর অভাবে বেরিয়ে যেতে পারছে, পাট্টা হোল্ডাররা সিভিল কোর্টে কেস করে রায় পেলেও পুলিশ তা একজিকিউশন করছেনা। আপনারা জানেন যে, আগে একটা আসামীকে কোর্ট থেকে থানা থেকে বার করতে গেলে পয়সা দিয়ে বার করতে হত। ১৯৭৭ সালের আগে আপনারা যখন পশ্চিমবঙ্গে শাসন ক্ষমতায় আসেন নি তখন আপনারা বলতেন — 'পুলিশ তুমি চিন্তা কর, কার বিরুদ্ধে ডান্ডা ধর'। ১৯৭৭ সালের পর যখন আপনারা পশ্চিমবঙ্গে শাসন ক্ষমতায় আসলেন তখন আপনারা ভয় দেখিয়ে পুলিশকে আপনাদের পক্ষে এনেছেন। ১৯৭৭ সালের পর সি.পি.এমের শ্লোগান ছিল পুলিশ তুমি চিন্তা কর, ডান্ডা ছেড়ে ঝান্ডা ধর। তার ফলে পুলিশ আজকে বিচার বিভাগীয় অর্ডার কার্যকর করছে না। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং বিরোধীদের আনীত কাট-মোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী ভক্তিপদ ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের আইন ও বিচারবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় ২০০১-২০০২ সালের যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। আমাদের বিচার-বিভাগ তার ক্ষমতা সীমিত, বিচার বিভাগ পরিকাঠামো তৈরি করে দেয় এবং বিচার পদ্ধতি চলে হাইকোর্টের নির্দেশ মোতাবেক, পরিকাঠামোর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার সাবডিভিসনাল লেভেল পর্যন্ত তাঁরা পরিকাঠামো তৈরি করে দিয়েছেন। পশ্চিমবঙ্গ সরকার বিচারের জটিলতাকে সরলীকরণ করার জন্য ট্রাইবুনাল সিসটেম চালু করেছেন। ল্যান্ড ট্রাইবুনাল চলছে। সেখানে যেকোনও বিচার প্রার্থি ব্যক্তিগতভাবে অ্যাপিয়ার করে তাঁর বক্তব্য রাখেন। স্যার, স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল চলছে, এডুকেশন ট্রাইবুনাল তৈরি হওয়ার পথে। যদিও ওটা কোর্ট কেসে আটকে পড়ে আছে। তাছাড়া এডুকেশনাল ট্রাইবুনাল অতি সত্বর চালু হবে। ল্যান্ড ট্রাইবুনালকে জেলা স্তর অবধি নিচে নামিয়ে নেওয়ার পরিকল্পনা আছে এবং আমি বলব যে, পরিকাঠামোর দিক থেকে এই বাজেটে যে পরিকাঠামোগুলো এবারে হচ্ছে এবং যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেগুলো বিশদভাবে বলা আছে। এখানে কুইক ডিসপোজাল অব কেসেস — যেহেতু অনেক কেস জমে থাকছে তাই ডিসপোজালের জন্য

অ্যাডহক কোর্টেরও সিসটেমের কথা বলা আছে। যদি অ্যাডহক কোর্ট করে এগুলো কুইক ডিসপোজাল যত তাড়াতাড়ি —২ বছরের বেশি কেস না থাকে তার ব্যবস্থা করা হচ্ছে। অ্যাডিশনাল কোর্ট করা হচ্ছে। কিন্তু একটা জিনিস হচ্ছে যে, আমাদের বিচার পদ্ধতি সেই ব্রিটিশ আমল থেকে চলে আসছে—জটিলতর এক পদ্ধতি, সিভিল প্রসিডিওর কোড, ক্রিমিনাল প্রসিডিওর কোড, এভিডেন্স অ্যাক্ট এগুলো নিয়ে বিচার করতে গেলে তার যে সময় এটা সেই সময় ব্যয়িত হয় সেটাকে কিভাবে সরলীকরণ করা যায় আমাদের পশ্চিমবঙ্গ সরকার বা পশ্চিমবঙ্গের আইন বিভাগ এব্যাপারে চিন্তা-ভাবনা করে এটাকে সরলীকরণ করার কথা ভাবছেন। ভারতবর্ষের মধ্যে প্রথম ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনির্ভাসিটি অব জুরিডিকাল সাইন্স সল্টলেকে শুরু হল। এটা ভারতবর্ষের মধ্যে একটা নজির। কোলকাতা হাইকোর্টের পরিকাঠামোর উন্নতি সাধিত হয়েছে। প্রতিটি কোর্ট রুমে ডিজিটাল ডিসপ্লে বোর্ড দেওয়া হয়েছে। বাইরে থেকেই আইনজীবিরা এবং বিচার প্রার্থিরা জানতে পারবেন যে কোন কোর্টে কত নং কেস হচ্ছে। নথি সংরক্ষণের জন্য কলকাতা হাইকোর্টে সি-ডি-রোম স্থাপন করা হয়েছে। পুরোনো নথি, যেগুলি নষ্ট হয়ে যাচ্ছিল সেগুলি সি-ডি-রোমের সাহায্যে প্রিজার্ভ করার ব্যবস্থা হয়েছে। ল-ক্লার্কদের জন্য আলাদা আইন প্রণয়ন করা হয়েছে। ল-ইয়ারদের জন্য বেনোভোলেন্ট ফান্ড হয়েছে। এই প্রসঙ্গে আমি বলব বিগত কয়েক বৎসর ধরে বামফ্রন্ট সরকার আইন সরলীকরণের দিকে এবং বিচার-প্রার্থিরা যাতে দ্রুত বিচার পেতে পারেন তার জন্য চেষ্টা করে যাচ্ছেন। ফলে এই সমস্ত কাজ অনেক দূর এগিয়েছে। তা সত্ত্বেও আমি কয়েকটি কথা এখানে বলব। যেমন হাইকোর্টে ডিজিটাল ডিসপ্লে বোর্ড হয়েছে, খুব ভাল জিনিস। সি-ডি-রোম হয়েছে, খুব ভাল জিনিস। এর সাথে আমি আর একটা সাজেশন রাখছি—ডিস্ট্রিক্ট গুলির সঙ্গে হাইকোর্টকে কম্পিউটার নেট-ওয়ার্কের মধ্যে সংযোজিত করা হোক। তাহলে লেটেস্ট পোজিশন অব দি 'ল বা বিভিন্ন কোর্টের ভার্ডিক্ট বিচারের সঙ্গে সঙ্গে সেখান থেকে তাঁরা জানাতে পারবেন। সুক্ষ বিচারের ক্ষেত্রে তা খুবই সহায়তা করবে। ল-ক্লার্কদের জন্য আইন হয়েছে, এর সঙ্গে সঙ্গে তাঁদের অ্যাকোমোডেশনের কথা ভাবার দরকার আছে। তাঁদের বসার জায়গার বিষয়ে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একটু ভেবে দেখতে অনুরোধ করছি। হাইকোর্টে তাঁদের একটা রুম দেওয়া হয়েছে। আরও কিছু রুমের দরকার। ল-ইয়ারদের জন্য বেনেভোলেন্ট ফান্ড হয়েছে। অনুরূপ বেনেভোলেন্ট ফান্ড ল-ক্লার্কদের জন্যও তৈরি করার কথা চিন্তা করা হোক। ইস্টার্ন জোনে সুপ্রিম কোর্টের একটা সার্কিট বেঞ্চ

করার দীর্ঘদিনের দাবি আছে। সে দাবি যাতে অতি শীঘ্র পূরণ হয় তার জন্য সচেষ্ট হওয়া প্রয়োজন। মাননীয় মন্ত্রিমহাশয়ের বিবৃতির মধ্যে দেখলাম হাইকোর্টের নর্থ বেঙ্গল সার্কিট বেঞ্চ তৈরির ব্যাপারটা কেন্দ্রীয় স্তরে আটকে আছে। সেটা যাতে তাড়াতাড়ি করা যায় তার জন্য সচেষ্ট হওয়ার প্রস্তাব রাখছি। এই কটি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, ২০০১-২০০২ সালের বিচার সংক্রান্ত প্রশাসনের ব্যয়-বরাদ্দ সম্পর্কে মাননীয় আইন ও বিচার মন্ত্রী যে দাবি পেশ করেছেন সেটা সমর্থন করে আমি সংক্ষেপে কয়েকটি কথা এই সভায় রাখছি। মাননীয় মন্ত্রিমহোদয় তাঁর বক্তৃতার মধ্যে বিভিন্ন বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করেছেন। গত দু-বারের বক্তব্যের তুলনায় এবারে তিনি অনেক ডিটেলস-এ সমস্ত কিছু উল্লেখ করেছেন। অনেকগুলি বিষয় তিনি খুবই সঙ্গতভাবে প্যারা করে করে উল্লেখ করেছেন। প্রশাসনিক ক্ষেত্রে যে সব প্রকল্প গৃহিত হয়েছে সেগুলিও উল্লেখ করেছেন। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় বকেয়া মামলার বিষয়ে খুবই উদ্বেগ প্রকাশ করেছেন। রাজ্যের বিভিন্ন আদালতে বকেয়া মামলার সংখ্যা প্রচুর এবং তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সেগুলির এখনই নিষ্পত্তি হওয়া উচিত। সেইজন্য আরও অতিরিক্ত আদালত গঠনের কথা তিনি ব্যক্ত করেছেন। আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের মূল উদ্দেশ্য বিচার-ব্যবস্থাকে আরও বিকেন্দ্রীকৃত করা, সেই বিকেন্দ্রীকরণের জন্য তিনি আরও অতিরিক্ত জেলা ও দায়রা আদালত স্থাপনের কথা বলেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় যে বিষয়গুলি উল্লেখ করেছেন সেগুলি খুবই সঙ্গত। তিনি বলেছেন যে আইনের চেতনার ব্যাপারে প্রচারের জন্য ইদানিংকালে মহকুমা স্তর পর্যন্ত আলোচনা চক্রের ব্যবস্থা হয়েছে। এটা গ্রামের মানুষরা খুবই উদ্যোগ এবং উৎসাহ নিয়ে গ্রহণ করেছে। সব ব্লক পর্যন্ত পারা যাবে কিনা জানি না কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ, ব্লক স্তর পর্যন্ত এটা সম্প্রসারিত করতে পারা যায় কিনা সেটা দেখুন। এটা হলে মানুষ তাদের প্রশ্নগুলির জবাব পাবেন এবং তাদের শেখার আগ্রহ, জানার আগ্রহ বাড়বে। তারপর ম্যারেজ রেজিস্ট্রেশন অফিস বিভিন্ন জায়গায় হয়েছে এবং বলা যায় এটা প্রায় ব্লক ভিত্তিক হয়েছে। সব ব্লকে না হলেও বহু ব্লকেই হয়েছে। এক্ষেত্রে আমরা দেখেছি, যারা এই ম্যারেজ রেজিস্ট্রি করাতে যান—সেখানে বেসরকারি ম্যারেজ রেজিস্টার নিয়োগের পদ্ধতি একেবারে নিয়মে বাঁধা আছে কিনা জানি না—এই বেসরকারি ম্যারেজ রেজিস্টাররা ফি হিসাবে যেটা নেন তাতে তারা

মানুষের কাছ থেকে বাড়তি কিছু অর্থ নানান কথা বলে নিয়ে নেন। এগুলি বন্ধ হওয়া উচিত। এ সম্পর্কে ঐ রকম একটা আলোচনা চক্র হলে বিষয়টি মানুষের কাছে পরিস্কার হয়ে যায়। এটা করা যায় কিনা দেখুন। তারপর সাম্প্রতিককালে মহিলাদের ব্যাপারে যে দ্বন্দ্ব দেখা যায় বেশিরভাগ ক্ষেত্রেই সেগুলি হয় সামাজিক গোলমাল বা সাংসারিক গোলমাল। এক্ষেত্রে প্রতিটি জেলাতে নারি নির্যাতনের ব্যাপারে এক একটি করে শাখা অফিস খোলা হয়েছে। আমি জানি না এখানে কোনও কাজ হয় কিনা তবে এখানে খুব একটা কাজ হয় বলে মনে হয়না। এস.পি.র অফিসের সঙ্গে যুক্ত করে একটি সাইনবোর্ড দেওয়া থাকে বটে তবে সেখান থেকে নির্যাতিত মহিলারা খুব বেশি সাহায্য পান বলে মনে হয়না। নির্যাতিত মহিলারা মীমাংসা চান, বিভিন্ন বিষয় জানতে চান, কোন স্তরে গেলে সেটা হতে পারে সবাই তা জানতে পারেন না ফলে মামলা করেই নিস্পত্তি করতে হয়। অনেকের ইচ্ছা না থাকলেও মামলা করতে বাধ্য হয়। এক্ষেত্রে আমার বক্তব্য, প্রতিটি থানাতে বা ব্লকে সরকারি অফিসার, মহিলা সমিতির সদস্যাদের নিয়ে একটা ব্যবস্থা যদি করা যায় তাহলে অনেক গোলমালের সহজ নিস্পত্তি তাড়াতাড়ি হতে পারে। ল্যান্ড ট্রাইব্যুনালের কাজ আরও তরান্বিত করা দরকার কারণ জমিজমা নিয়ে প্রচুর মামলা জমে আছে। এগুলির দ্রুত নিস্পত্তি যাতে করা যায় সেটা দেখা দরকার। তারপর সরকার পক্ষের আইনজীবি বা পি.পি.রা, তারা অনেক সময় অহেতুক জটিলতার সৃষ্টি করেন। সময়মতো তারা অনেক সময় সরকারপক্ষের প্রতিনিধি হিসাবে মামলাগুলি অ্যাটেন করেন না। তার ফলে সরকারকে অনেক মামলার ক্ষেত্রে হয় পিছিয়ে যেতে হয় অথবা অন্য পক্ষ আনডিউ অ্যাডভানটেজ পেয়ে যায়। এগুলি দেখা দরকার। জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ তাড়াতাড়ি করা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় অ্যাড হক আদালতের কথা উল্লেখ করেছেন। দুর্গম পাহাড়ি এলাকা, জঙ্গল, নদী ঘেরা অঞ্চলের জন্য অ্যাড হক আদালত গঠন করলে সেখানকার মানুষরা সুযোগ সুবিধা পেতে পারেন। এই বলে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের মন্ত্রী শ্রদ্ধেয় শ্রী নিশীথ অধিকারি মহাশয় একজন সজ্জন ব্যক্তি, ভাল মানুষ। তিনি একজন প্রতিথযশা আইনজীবি কলিকাতা হাইকোর্টের। ৪ নম্বর দাবির অধীন বিচার সংক্রান্ত প্রশাসন সম্পর্কে যে ব্যায় বরাদ্দের অনুমোদন এই সভায় রেখেছেন ২০টি অনুচ্ছেদে আমি

তার বিরোধিতা করছি এবং বিরোধী সদস্যদের আনা ৩৫টি কাটমোশান গুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এটা পড়ে কখনও মনে হয়েছে নিশীথবাবু পি.ডব্লু.ডি মিনিস্টার, ৩, ৪, ৫, ৬, ৭ নম্বর অনুচ্ছেদ পড়ে। আবার কখনও মনে হয়েছে তিনি পর্যটনমন্ত্রী ১৯ নম্বর অনুচ্ছেদ পড়ে আবার কখনও মনে হয়েছে তিনি আইন ও বিচারমন্ত্রী। কোনটা উনি বলবেন জবাবি ভাষণ দেবার সময়। প্রশ্ন হল সারা বাংলায় হাইকোর্ট থেকে শুরু করে মুনসেফ কোর্ট পর্যন্ত ১৫ লক্ষ কেস পেন্ডিং আছে। সুতরাং ব্যায় বরাদ্দ সমর্থন করতেই হবে। প্রশ্ন হল টাইমস অব ইন্ডিয়া পড়েন নিশীথবাবু, ৭ তারিখে লক্ষ্মণ, বিখ্যাত কার্টুনিস্ট তাঁর ইউ সেড ইট, তাতে তিনি বলেছেন My Rs.60 crore scam case here is adjourned to June 6th 2014 AD. সেটা বাংলার আইন এবং বিচার ব্যবস্থার ক্ষেত্রে একেবারে ভীষণ সত্য। মানে লিটিগেশন সারভাইভস লিটিগ্যান্ট। আজকে এই জায়গাটা এনে আপনি বা আপনারা দাঁড় করিয়েছেন। আজকে যে কথা বলে গেলেন আমার বন্ধু যে এখানে বিচার এবং আইনের শাসন আছে কিনা! এখানে বিচারের বানী নিরবে নিভৃতে কাঁদে। আর এই সহকর্মী বললেন ৩ বছর আগে হাইকোর্টের একটি রায়কে খেঁজুরিতে কুকুরের ল্যাজে বেঁধে ছেড়ে দেওয়া হয়েছিল। আইনের প্রতি মানুষের শ্রদ্ধা ভক্তি কতটা দেখুন। সেটা কেন হল সেটা নিশ্চয়ই বলবেন এবং জানাবেন। ১৪ নম্বর আমাদের গর্ব, অনেকে বলেছেন, আমিও বলছি গর্ব। ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি অব জুডিসিয়াল সাইন্স, বাবা! মাধব মেনন হচ্ছেন চিফ ভাইসচ্যান্সেলার, আমাদের গর্ব। মাধব মেননের পান্ডিত্য সম্পর্কে আমার বলার কিছু নেই। আপনারা বলুন তো, আপনারা তো সাম্যের গান গান, আপনারা বলেন শিক্ষা সকলের জন্য, ল সাবজেক্ট সুড নট বি এক্সপেনসিভ ওয়ান। আপনারা পাশাপাশি বর্দ্ধমানে পড়ান, যোগেশে পড়ান, সুরেন্দ্রনাথে পড়ান, নর্থ-বেঙ্গলে পড়ান, এখানে কেন সুপার এল.এল.বি, সুপার এল.এল.এম? এখানে পি.এইচ.ডি হোক, কন্সটিটিউশনাল রিসার্চ হোক, আদার লিগাল রিসার্চ হোক, কন্সটিটিউশনাল ডেডলক কেন হচ্ছে সেই ব্যাপারে তার রিসার্চ হোক। এখানে তো সুপার এম.বি.বি.এস হচ্ছে না, সুপার ইঞ্জিনিয়ারিং হচ্ছেনা। কিন্তু আপনার এখানে কেন হচ্ছে? বড়লোকেদের ছেলেদের জন্য সুপার এল.এল.বি পড়াশোনার বন্দোবস্ত করে দিয়েছেন, ২৫ হাজার টাকা সেখানে নেওয়া হয় ভর্তি ফি। এবারে ডবল হয়েছে শুনছি। মন্ত্রিমহাশয় বলবেন কত হয়েছে, ডবল হয়েছে নাকি তার বেশি হয়েছে। প্রতিটি জেলায় আপনি কলেজ করুন। আপনি তা

তো করেন নি। আপনি ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি অব জুডিসিয়াল সাইন্স মাধব মেননকে এনে করলেন। সেখানে আবার কি করলেন? এন.আর.আই-এর ১০টি সিট নির্দিষ্ট ছিল আড়াই লক্ষ টাকা দিয়ে ভর্তি হবার জন্য। ১০ সিটে ভর্তি করা হল যারা এন.আর.আই নন। এন.আর.আই স্পনসরের একটা সার্টিফিকেট আর আড়াই লক্ষ টাকা দিল, আপনার ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি অব জুডিসিয়াল সাইন্সে এন.আর.আই সিটে ভর্তি হয়েছে। আপনার এখানে আরবিট্রারি ডিসিশন নিচ্ছেন ভাইস চ্যান্সেলর, ইউনিল্যাটারাল ডিসিশন নিচ্ছেন ভাইস চ্যান্সেলার। একটা অটোক্রাটিক অ্যাটিচুড নিয়ে চলছেন। এখানেও দলীয় জায়গা করে দিলেন, এটা তো আগে ছিল না। আপনাদের পার্টির গঙ্গোয়ত্রী চক্রবর্তী, যাঁর যোগ্যতা নেই প্রফেসার হবার, রেজিস্টার প্রফেসার ছাড়া হতে পারেন না একজিকিউটিভ কাউন্সিলের মেম্বার হতে পারেন না, এখানে ঢুকতে গেলে এক্স অফিসিয়ো সেক্রেটারি হতে পারে রেজিস্টার কি করে হলেন। কোনও একজিকিউটিভ ডিসিশন হল না। ডিসিশন হচ্ছে না কেন? ইউ আর ক্রিয়েটিং এ ক্লাস উইদিন এ ক্লাস। আপনার বিগত দিনের শ্লোগান, শ্রেণী সংগ্রামের শ্লোগান, তথাকথিত শ্রেণী সংগ্রামের কথা বলেছেন। আর আজকে ইউ হ্যাভ ক্রিয়েটেড ক্লাস উইদিন, এ ক্লাস। আপনার এই বিষয়ে মন্তব্য ছিল, এক সময়ে আপনি বলেছেন, কি হবে এইসব করে এলিট ক্লাসের জন্য? আমাদের ছেলেরা মার খাবে। আপনি চিন্তা করে দেখুন, মন্ত্রী হবার পরে এই কথা বলেছিলেন। আর আজকে এলিট ক্লাসের ছেলেদের জন্য আপনি এটা করছেন। বাংলার সাধারণ ঘরের ছেলেরা তারা পড়বে সুরেন্দ্রনাথে, বর্ধমানে, যোগেশচন্দ্রে অথবা মহসীনে। আর বড় লোকের ছেলেরা পড়বে মাধব মেননের জুরিডিক্যাল সায়েন্স ইউনির্ভাসিটিতে। প্রশ্ন হল, সেখানে আপনাদের ফোর্ড ফাউন্ডেশন বলেছিল ২৪ কোটি টাকা দেবে। তারমধ্যে ৪ কোটি টাকা পেয়েছেন। আপনি হাডকো থেকে লোন নিয়েছেন। প্রশ্ন হল, সেখানে কাদের নিয়েছেন? কোনও টেন্ডার হচ্ছে না। টেন্ডার ছাড়াই আর্কিটেক্ট, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের কাজ হচ্ছে। 'ঘোষ, বোস আর্কিটেক্ট', আমি নামও বলে দিলাম। আপনাদেরই খুব মস্তবড় মাথার আত্মীয়, তাদের দেওয়া হয়েছে উইদাউট টেন্ডার। ইউনিল্যাটারাল অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। এই যেগুলো হচ্ছে, তারজন্য কোনও ব্যবস্থা নিচ্ছেন না। তাদের জন্য কেন এই বন্দোবস্ত? আপনি রিডারকে রেজিস্ট্রার করেছেন। যেখানে টিচারের মাইনে সাত-আট হাজার টাকা, সেখানে তাদের কত দিচ্ছেন - আপনি এই পবিত্র বিধানসভায়

তার উত্তর দেবেন। এবারে আপনি ১৭ নম্বরে আসুন। আমার কারও প্রতি কোনও পার্সোনাল অ্যাসপার্সান নেই, আমি শ্রদ্ধার সঙ্গে জানাচ্ছি - আপনি বৃদ্ধ মানুষদের, যারা অসমর্থ মানুষ, তাদের নিয়ে এসে মামলার নিষ্পত্তি করতে চাইছেন? আপনি কেন রিটায়ার্ড পার্সনদের নিয়ে এটা করছেন? আপনার ছাত্রদের নিয়ে আসুন না? তরুণ ছাত্রদের নিয়ে আসুন না, তরুণ ল'ইয়ারদের নিয়ে আসুন না? হোয়াই নট ইয়ং ব্লাড বি ইনডাকটেড? তারা আরও এক্সপিরিয়েন্সড হবে। পরবর্তীকালে তারা হায়ার জুডিসিয়াল সার্ভিসে বসতে পারবে এবং দ্যাট উইল অ্যাড টু দেয়ার এক্সপিরিয়েন্স। সেটা কেন করছেন না? আপনি জাস্টিস অ্যাট ফুট স্টেপ'এর কথা বলছেন। ডোর স্টেপ নয় কেন? ডোর স্টেপে কোথায় আপনি জাস্টিস দিচ্ছেন? এখন আপনি যদি বলেন মিলখা সিংকে চারশো মিটার দৌড়তে হবে, তাহলে তিনি কি পারবেন? পিওন, স্টেনোকে, যারা রিটায়ার করেছে তাদেরকে আনছেন। আপনি এই মানুষগুলোকে দু'বছরের জন্য আনছেন, যারা একটা মামলা শুনবে না। জাস্টিস দিতে গেলে মিনিমাম ডিস্ট্রিক্ট জাজ যাঁরা রিভিশনে হেয়ারিং দিয়েছেন, অ্যাপিলে হেয়ারিং দিয়েছেন, কোথায় তাঁদেরকে দিয়ে করাবেন, কিন্তু তা না করে মুনসেফকে দিয়ে হায়ার জুডিসিয়ালের কাজ করাবেন - ইজ ইট প্রাকটিক্যাল? আপনি জুনিয়র সিভিল জাজকে মুনসেফে উন্নীত করছেন। কিন্তু আপনি কি একবার এজলাসগুলো ঘুরে দেখেছেন কি অবস্থায় আছে? আপনি মুনসেফদের স্টেনোগ্রাফার দিতে পারছেন না। তাদের মাইনে ২,২০০ টাকা থেকে ৪,০০০ টাকা রেখে দিয়েছেন। আমার ঘোরতর আপত্তি, এই যে ব্যক্তিগত ব্যবহারের জন্য হাইকোর্টের জাজদের কম্পিউটার দিয়েছেন, এটা কেন দেওয়া হবে? এখানে প্রত্যেকের যে ঘর আছে সেখানে দিন, আমার কোনও আপত্তি নেই। হাইকোর্টের জাজদের হসপিট্যালিটির জন্য ২,৭০০ টাকা দিয়ে পার অ্যানাম ৪.৫০ লক্ষ টাকা খরচ করছেন, আমাদের মতো এই হতদরিদ্র দেশে, গরিব দেশে। আপনি জজ সাহেবদের ফুয়েলের জন্য ৩৭ লক্ষ টাকা দিয়েছেন আমাদের এই হতদরিদ্র দেশে। আর মুনসেফদের দিয়ে বিচার হবে? বিচার যদি করতে হয়, আপনি নিয়োগ করুন - সামারি ট্রায়াল ভ্যাকেশানে, ডিভোর্স কেস, ডাউরি কেস, এগুলিতে যাদের পাঁচ বছরের অভিজ্ঞতা আছে, তাদের আনুন না। তারা ছুটে যাবে। তারা সুন্দরবনে যাবে, কাকদ্বীপে যাবে, উত্তর বাংলায় যাবে, বর্ডারে যাবে, মানুষের কথা শুনবে। সেটাই তাহলে ডোর-স্টেপ ব্যবস্থা হবে। আপনি তার বন্দোবস্ত করুন না। সেসনের জন্য যাদের দশ বছরের অভিজ্ঞতা রয়েছে তাদের, ল'ইয়ারদের জাজশিপে অ্যাপয়েন্ট দিন।

[4-40 — 4-50 p.m.]

কেন ওখানে রিটায়ার্ড বৃদ্ধদের দু বছরের বন্দোবস্ত, আমি এর খুব বিরোধী এবং তার যে স্টেনো, পিওন, দারোয়ান, ড্রাইভার তারও বিরোধী, এটা অর্থ তছরূপ এবং নয়ছয়। যেখানে আমাদের অর্থের কষ্ট রয়েছে সেখানে এই ব্যবস্থার আমি বিরোধী। আপনারা অর্থ পান না-তাহলে কোর্টের ছুটি কমাতে বলবে। আপনারা কত পারসেন্ট কেসে জেতেন, আপনাদের আজকে বলতে হবে কত পারসেন্ট কেসে আপনারা জেতেন আর কত পারসেন্ট কেসে হারেন এবং কেন হারেন এইজন্য যে, আপনার গভর্নমেন্ট প্লিডার থেকে বি পি, এবিপি অ্যাপয়েন্টমেন্টগুলো ডি.এম আর ডিস্ট্রিক্ট জাজের মধ্যে আলোচিত হয় না। যোগ্যতা অনুযায়ী, সিনিয়ারিটি অনুযায়ী হয় না। ডি এল এ - ডেমোক্রাটিক ল ইয়ারস অ্যাশোসিয়েশনের সদস্য - যোগ্যতা সেটাই, ব্যাস অ্যাপয়েন্টমেন্ট হয়ে গেল। সেখানে কেসে কখনও সরকার জেতেন আপনারাই বলুন না! সরকারি কেসে জেতবার হার দেখতে গেলে বলতে হয় বিদেশে জনসংখ্যা পিছু লিটেগ্যান্ট পিছু যে জজ এবং বিচার ব্যবস্থা রয়েছে আমাদের এখানে তা নেই। আমাদের এখানে লিটেগ্যান্ট পিছু জনসংখ্যা পিছু জজ সাহেব বা বিচার ব্যবস্থার বন্দোবস্তটা কি সেটা আপনাকে বলতে হবে। সেটা আপনাকে আজকে এই বিধানসভায় সকলের সামনেই বলতে হবে। আজকে বহু জায়গায় দেখা যায় আপনার গভর্নমেন্ট প্লিডার থাকে না, জজ সাহেবরা এ পি পি দাঁড় করিয়ে দেন। আপনি আমাকে বলুন তো জাজ অ্যাপয়েন্টেড গভর্নমেন্ট ল-ইয়ার - হু ইজ হি, হু ইজ দি জাজ টু অ্যাপয়েন্ট - এ ল-ইয়ার ওয়ান অব দি গভর্নমেন্ট, এটাও হয়েছে এবং এটা হয়েছে এবং আটকেও দেওয়া হয়েছিল টাকা দিয়ে এই জিনিসগুলো। তার মানে আপনারা সেখানে গভর্নমেন্টকে প্রোটেকশন দেওয়ার জন্য, গভর্নমেন্টের হয়ে বলার জন্য এবং ডিবেট করার জন্য এগুলো করছেন। আপনাদের গভর্নমেন্টের কাউন্সিল নেই। আপনার বি পি নেই, গভর্নমেন্ট প্লিডার নেই, এ বি পি নেই। ওখানে এজলাস থেকে একজনকে দাঁড় করিয়ে দিচ্ছেন জজ সাহেব হিসাবে। জজ সাহেব কে — গভর্নমেন্ট উকিলকে সেখানে দাঁড় করানোর জন্য করা হচ্ছে। আজকে লিগ্যাল এড সেলগুলো করেছেন — এর সুযোগ কে পাচ্ছে বলুন তো, কারা পেয়েছে বলুন তো? ওগুলো কোথায় অবস্থান, কোথায় কিভাবে কি হচ্ছে বলুন তো। এর অর্থগুলো শুধু শুধু যাচ্ছে। আপনার প্রচেষ্টা রয়েছে জানি, আপনার সদিচ্ছাকে তারিফ করি। কিন্তু যে চৌহদ্দির মধ্যে পড়েছেন, সেটা দলীয় চৌহদ্দি হোক বা এই যে বিচার ব্যবস্থার দপ্তর, আপনি এখানে ৫।৬ বছর মন্ত্রী হয়ে

রয়েছেন, ভেবেছিলাম কিছুটা অন্তত ভাঙ্গতে পারবেন, কিন্তু আমরা দেখলাম আপনি কিছুই এখনও পর্যন্ত করে উঠতে পারেন নি এবং সেটাই আমাদের অত্যন্ত দুঃখের বিষয়। আজকে আপনি কি করতে চাইছেন এবং কি হচ্ছে কিছুই বোঝা যাচ্ছে না। তারপরে আপনার এই বন্দোবস্তের মধ্যে জুরিসডিক্যাল সায়েন্সের কথা আগেই বলেছি, আবার বলছি আপনি এই ব্যবস্থাটা করে এখানে দুটো শ্রেণী তৈরি করতে চাইছেন — একদিকে থাকবে ম্যাগনোলিয়া, সানফ্লাওয়ার সেই ছাত্ররা। আপনার জুরিসডিক্যাল সায়েন্স একদিকে থাকবে আর একদিকে থাকবে ...........

(এই সময়ে মাইক অফ হয়ে যায় এবং মন্ত্রীর নাম ঘোষণা করা হয়।)

**শ্রী নিশীথ অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ডিমান্ড নং ৪, জুডিসিয়াল ডিপার্টমেন্টের যে বাজেট এখানে পেশ করেছি তাকে সমর্থন করে এবং যে কাটমোশন এখানে রাখা হয়েছে তার বিরোধিতা করে আমি প্রথমেই বলতে চাই যে, কাটমোশন যারা এনেছেন তারা অধিকাংশ আইনজীবি আমার মনে হয়েছে এবং সেখানে আশাহত যে, তারা বিচার বিভাগের কাজ কি, সরকারি ক্ষমতা কি এবং রাষ্ট্রযন্ত্রে ৩টে মুখের যে সেপারেশন সেটা কিভাবে আছে এই সম্পর্কে সম্যক অবহিত যদি থাকতেন তাহলে বিধানসভায় এই কাটমোশন নিয়ে আনতেন না। আমি প্রথমেই বলে নিচ্ছি যে, কাটমোশন নিয়ে এসেছে অধিকাংশ কিন্তু বিচার বিভাগের আওতার মধ্যেই পড়ে না।

যেমন ধরুন, আমি প্রত্যেকের প্রতি অকুণ্ঠ শ্রদ্ধা রেখেই বলছি, কল্যাণ ব্যানার্জি যিনি ছিলেন, তিনি উল্লেখ করেছেন, আসানসোল স্টেটে অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল নেই। উনি জানেন না, এটা জুডিসিয়াল ডিপার্টমেন্টের আওতায় নয়। এটা ফিনান্স ডিপার্টমেন্টের আওতায়। যেমন ধরুন, নূতন বার লাইব্রেরি তৈরি করা - এটা রাজ্য সরকারের কাজ নয়। জুডিসিয়াল ডিপার্টমেন্টের আওতায় নয়। এটা করে বার কাউন্সিল। তারা কিছু উকিলকে বলে তোমরা তৈরি করো বার কাউন্সিল। যেমন এটা করেছেন কমল মুখার্জি মহাশয়। তিনি বক্তব্য রেখেছেন, যেমন ধরুন মুন্সেফ নিযুক্তর কথাটা, মুন্সেফ কিভাবে নিযুক্ত হয়। কন্সটিটিউশনে আছে, জাজ কিভাবে নিযুক্ত হয়। আইনে বলা আছে, সংবিধানে বলা আছে, পি এস সি তারা ঠিক করে দেবে, কতজন করে নিযুক্ত হবে হাইকোর্ট বলবে, এদের নিযুক্ত করা যায়, তারপরে সরকার তাদের নিযুক্ত করেন। ফলে সরকারের ক্ষমতা সীমিত, সেখানে সরকার ইচ্ছা করলেই যে সঙ্গে সঙ্গে করে দিলেন সেটা সম্ভব নয়। যেমন ধরুন, মহামান্য

হাইকোর্টের রায় কার্যকর করতে সরকারের ব্যর্থতা। এটা কিন্তু জুডিসিয়াল ডিপার্টমেন্টের ব্যর্থতা নয়। প্রথম কথা হচ্ছে, এটা বিচার বিভাগের কাজ নয়। যেমন মনে করুন, কোনও জায়গায় বলেছেন যে সাব-রেজিস্ট্রি অফিসে দলিল করতে গেলে প্রচন্ড হয়রানি হয়, তা দূর করতে সরকারের ব্যর্থতা এটা কাশীবাবু বলেছেন কাশীবাবু খুব ঘনিষ্ঠ মানুষ আমাদের, তাঁকে বলি, এটা জুডিসিয়াল ডিপার্টমেন্টের ব্যাপার নয়, এটা ফিনান্স ডিপার্টমেন্টের ব্যাপার। তাই এটা জুডিসিয়ালের বাজেটে আসতে পারেনা। বাঁকুড়া জেলার বিভিন্ন আদালতে জাজ নিযুক্ত করা সেটা সরকারের ব্যাপার নয়, এটা হাইকোর্টের ব্যাপার। জাজ সাহেব নিযুক্ত করাটা রাজ্যের ক্ষেত্রে এটা সুপ্রিম কোর্টের ব্যাপার। আর একটা বলেছেন, সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ নিয়ে এটার দায়িত্বটা সরকারের নয়। আমি আপনাদের প্রতি অত্যন্ত শ্রদ্ধাশীল হয়েই বলছি, এই যে সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ স্থাপনে যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতা-এটায় আমার প্রতি অবিচার করা হয়েছে। এই ব্যাপারে ভারত সরকার আমাকে বলেছে - ইউ আর দি চ্যাম্পিয়ান অব দি কজ। অর্থাৎ আপনারা জানেন, পঙ্কজবাবুও জানেন, আমরা এই পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চগুলির ব্যাপারে ভারত সরকারের কাছে যাওয়ার জন্য আমরা এই বিধানসভা থেকে ইউনানিমাস রেজলিউশন নেওয়া হয়েছিল। আপনারা কিন্তু সেখানে আমাদের সঙ্গে সাথী হিসাবে ছিলেন সুপ্রিম কোর্টের চিফ জাস্টিস এর সঙ্গে দেখা করেছিলাম, ফলে আমাদের দিক থেকে এই ব্যাপারে কোনও উদ্যোগ এর অভাব নেই। আমরা চালিয়ে যাচ্ছি চেষ্টা এবং আমরা চেষ্টাটা চালিয়ে যাব। আমাদের বিরোধী দলে যারা আছেন তারা এই ব্যাপারে অত্যন্ত সহযোগিতা করবেন। আর নর্থ বেঙ্গলে যে করার কথা সেটার প্রস্তাব আমরা নিয়েছি, এই রাজ্য সরকার নিয়েছে, সেটা তো আমাদের পরে কেন্দ্রীয় সরকার সেটায় একমত হয়ে তারা বলেছিলেন জায়গা ঠিক করে দিন, আমরা সেটা করে পাঠিয়েছি, এখন শুনছি কোনও রাজনৈতিক দল সেটা আটকে রেখেছিল, এখন সেটা খুলে গিয়েছে, এটার ব্যাপারে কেন্দ্রীয় সরকার বলে দিয়েছেন আমি সেটা এখানে বলে দিলাম।

[4-50 — 5-00 p.m.]

হয়ত কিছুদিনের মধ্যেই হবে, এটা আমাদের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বলা হয়েছে। এরপরে আমি আরেকটা কথা বলে দিই, এখানে একজন বলেছেন আদালতের দীর্ঘসূত্রিতার ব্যাপারে। আদালতের দীর্ঘসূত্রিতার জন্য তো সরকার দায়ি

হতে পারেনা, বিচার করেন তো আদালত। আপনি একটা ঘোড়াকে জলের কাছে নিয়ে যেতে পারেন, কিন্তু তাকে জল খাওয়াতে পারেন না। আমাদের অবস্থানটা বুঝতে হবে, সংবিধানের অবস্থান সম্পর্কে নিশ্চয় আপনারা অবহিত। তাপস তো একজন ল ইয়ার, উনি তো জানেন দীর্ঘসূত্রিতার কারণটা কি? এই ক্ষেত্রে যারা মামলা করতে যান তারাও বাদ যান না, আর যারা আইনজীবি তারাও বাদ যান না। যিনি মামলা করছেন তিনি ইংজাংশন করে এটাকে আটকে রেখে দেওয়ার চেষ্টা করবেন। এটাকেই আমরা বলি অ্যাডভারসারি সিস্টেম অফ জাস্টিস। এখানে আরেকজন সদস্য বলেছেন আমি কোন ডিপার্টমেন্টের মন্ত্রী, পি.ডব্লু.ডি-র না পর্যটনের? বিচার বিভাগটা হচ্ছে এমনিই, তার মূল কাজ হচ্ছে আদালতের পরিকাঠামো তৈরি করা, বাড়িগুলো তৈরি করা, জায়গাগুলো ঠিক করে দেওয়া। সেই ক্ষেত্রে আমাদের পি.ডব্লু.ডি ডিপার্টমেন্টের সঙ্গে কাজ করতে হয়, পর্যটন বিভাগের সঙ্গেও কাজ করতে হয়। মুর্শিদাবাদ এস্টেটের দায়িত্বটা কিন্তু বিচার বিভাগের। ফলে পর্যটনের জায়গাতেও আমাদের যেতে হচ্ছে। কিন্তু মূল কথা হচ্ছে সাধারণ মানুষের স্বার্থে বিচার ব্যবস্থাকে খুলে দেওয়া এবং সেটাই আমরা করছি। আমাদের একটা নীতি আছে এবং সেই নীতিটা হচ্ছে, বিচারকে সহজলভ্য, সহজ বোধ্য করা এবং আমরা সেটাই করছি। আমরা চাইছি সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ এখানে হোক, আমরা চাইছি হাইকোর্টের সার্কিট বেঞ্চ নর্থ বেঙ্গলে হোক। আমরা বলছি, সাব-ডিভিসন কোর্টে জাজদেরকে বসিয়ে দেওয়া হোক। ব্লক লেভেল পর্যায়েও আমরা দেওয়ার চেষ্টা করছি। শুনেছেন হয়তো মংপু, মিরিক, গরুবাথানে আমরা কোর্ট করার চেষ্টা করছি। এখানে একজন মাননীয় সদস্য একজনের নাম করে বললেন, কেন এ.পি.পি নিয়োগ করা হলনা। কোনও ব্যক্তির নাম না করলেই বোধহয় ভালো হয়, কারণ ব্যাপারটা নিয়ে হাইকোর্টে মামলা চলছে, সাবজুডিস ব্যাপার হাউসে বলা যায়না। এ.পি.পি নিয়োগ করার ব্যাপারে তো আমরা আপ্রাণ চেষ্টা করছি, এই ব্যাপারে তো মামলা চলছে। আরেকজন মাননীয় সদস্য এখানে বললেন তালেবকে কেন মুক্তি দেওয়া হল? তাকে তো মুক্তি দেওয়া হয়নি, সে জেলেই আছে, আপনি কি করে এটা বললেন আমি জানিনা। যদিও এসব ব্যাপার জানানো ঠিক নয়। মাননীয় সদস্য তাপস রায় মহাশয় বলেছেন, সেটা নিয়ে একটু বলি, ন্যাশনাল ইউনির্ভাসিটি অব জুরিডিকাল সায়েন্স, আমরা অ্যাসেম্বলিতেই এই আইনটা তৈরি করেছি, এর পেছনে একটা কারণ আছে। আমরা চেয়েছিলাম এখানে একটা সেন্টার অফ একসিলেন্স হোক, এখান থেকে অনেক ভালো ভালো ছাত্র ব্যাঙ্গালোর, পুনে চলে

যাচ্ছিল। এখন অবস্থাটা কিন্তু একেবারে উল্টো। আমরা কিন্তু এখন রেটিং-এ নাম্বার ওয়ান।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই আলোচনার সময় আরও দশ মিনিট বাড়ানো হল। আশাকরি সকল সদস্যদের এই ব্যাপারে সম্মতি আছে।

(সকল সদস্যদের সম্মতি নিয়ে সভার সময় আরও দশ মিনিট বাড়ানো হয়।)

**শ্রী নিশিথরঞ্জন অধিকারী ঃ** সেন্টার অব এক্সেলেন্স নেওয়ার কথা হল। কেননা, এখানে যেগুলো আছে, সেইগুলোকে সেই স্ট্যান্ডার্ডে তোলার চেষ্টা করা হবে, সেইজন্য করা হয়েছে। শুনলে আপনারা খুশি হবেন যে, বাংলাদেশ থেকে বলেছে আমাদের এন.ইউ.জে.এস.-এর একটা ক্যাম্পাস ওখানে করতে। আপনারা না জেনেই বললেন - বড়লোকের ছেলেরা ওখানে পড়ছে। না, বড়লোকের ছেলেরা পড়ছে না। আপনার জ্ঞাতার্থে বলছি গোটা ভারতবর্ষ জুড়ে একজামিনেশন হয়, টেস্ট হয়, কম্পিউটারে করা হয় এবং কম্পিউটার টেস্টের পর তাদের মেধার ভিত্তিতে যে লিস্ট করা হয় সেখান থেকে ১, ২, ৩, ৪ করে ভর্তি করা হয়। দেখা যাচ্ছে অনেক গরিব ছেলেও মেধার ভিত্তিতে উপরে উঠে আসছে। আমরা নিজেরা করতে পারিনি, কিন্তু বাইরে থেকে করেছে। ভেনুগোপাল ইতিমধ্যে ২০ লক্ষ টাকা দিয়েছে। যারা এমনিতে ভর্তি হতে পারে না, মেধার ভিত্তিতে হচ্ছে, তাদের ভর্তি করার সুযোগ হয়েছে। একটা জিনিসকে ম্যালাইন করা সহজ, কিন্তু তৈরি করা সহজ নয়। প্লিজ ডোন্ট ডু দ্যাট।

আর একটা হচ্ছে, ফার্স্ট ট্রাক কোর্ট সম্বন্ধে বলেছেন। এটাও বোধ হয় আপনার ঠিক জানা নেই, ফার্স্ট ট্রাক কোর্ট আমরা করিনি, সেন্ট্রাল গভর্নমেন্টের যে প্ল্যানিং কমিশন আছে, এন.ডি.এ. সরকারের, যার শরিক ছিলেন আপনারা, আবারও হতে যাচ্ছেন, তারা বলেছে রিটায়ার্ড লোক দিয়ে করাও, টাকাটা আমরা দেব। আমরা তো পাঠাতাম হাইকোর্টের কাছে। আমরা বিরোধিতা করেছি বলেই ঐ ফার্স্ট ট্রাক কোর্টে আর রিটায়ার্ড লোক যাচ্ছে না, ইনসার্ভিস জাজেরাই যাচ্ছেন। হাফ হার্টেড কথা না বলে পরিস্কার কথা বলুন।

আর একজন মাননীয় সদস্য বলেছেন যে, উকিলদের জন্য কোনও চিন্তা-ভাবনা করা হয়নি - পি.এফ. চালু করা গেলে ভালো হোত। আপনি হয়ত জানেন না এই অ্যাসেম্বলিতেই আইন হয়েছে ল ইয়ার্স ওয়েলফেয়ার অ্যাক্ট ১৯৯২ সেখানে

ইমপ্লিমেন্টেশন হয়েছে। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ৬০ লক্ষ টাকা দিয়েছে, বার কাউন্সিল ১৩ লক্ষ টাকা দিয়েছে। প্রচুর আইনজীবি সেখানে লিস্টেড হয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্টকে বলেছি, এটা সেন্ট্রাল অ্যাক্ট, সম পরিমান টাকা আপনাদের দেওয়া উচিত। কিন্তু তারা দিচ্ছে না। আপনারা কোথায় সাহায্য করবেন, তা না করে না জেনেই কথা বলছেন। মুশকিল কি জানেন, অ্যাসেম্বলিতে যখন কোনও আইনজীবি বলছেন, তখন তো আমার পাশে থাকবেন, আপনারা তো আইনজীবিদের বিষয়ে বেশি জানবেন। আইনজীবিদের সম্বন্ধে আমি অত্যন্ত শ্রদ্ধাশীল, তাদের সম্পর্কে আমি অনেক বেশি কনসার্ন আমার ঠাকুর্দা উকিল ছিলেন, বাবা উকিল ছিলেন, আমি উকিল, আমার ছেলে উকিল, আরও হবে। আমি যখন বার কাউন্সিলের মেম্বার ছিলাম, তখন থেকে বলেছি ল-ইয়ার্স ওয়েলফেয়ার ফান্ড করা দরকার। এক্ষেত্রে আপনাদের পাশে পেতে চাই, আমাদের সাহায্য করুন, বিরোধিতার জন্যই বিরোধিতা করবেন না। আর, পড়াশোনা করে আসুন, জেনে বলুন কোনও আপত্তি নেই।

আর একটা ইনফরমেশন দিই অ্যাসেম্বলিকে ইনফরম না করে কিছু করা উচিত নয়। কোর্টে জড়ো হয়ে থাকা মামলার নিষ্পত্তি যাতে হয়ে যায় তার জন্য যেমন লোক আদালত হয়েছে, তেমন আর একটা চিন্তা ভাবনা করছি। দেখা যায় মামলা একবার শুরু হয়ে গেলে জেদ এসে যায়, মামলা মেটাতে চায় না। সেইজন্য মামলা শুরু হবার আগেই, প্রি-ট্রায়াল থেকেই যদি কনসিলিয়েশন বোর্ড হয় ব্লক লেভেল পর্যন্ত, যেখানে একজন জনপ্রতিনিধি থাকবেন, ল-ইয়ার থাকবেন, সোসাল অ্যাকটিভিস্ট থাকতে পারেন, - সেই চিন্তা-ভাবনা আমরা শুরু করে দিয়েছি। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা হয়েছে। আমরা আশা করব আগামীদিনে মামলার পরিমাণ কমিয়ে আনতে পারি। সঠিক বন্দোবস্ত, সঠিক পদক্ষেপ নিতে পারি। আবার আমি একটা কথা বলি যে বিচার ব্যবস্থাকে আরও ভাল করতে, সাধারণ মানুষের কাজ করার উপযোগী করে তুলতে পারি। এই ব্যাপারে আপনাদের সাহায্যের আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## DEMAND NO. 4

The motion of Shri Subrata Mukherjee that the amount of the demand be reduced to Re.1 and the motions of Shri Kalyan Banerjee, Shri Kamal Mukherjee, Shri Ashok Kumar Deb, Shri

Molay Ghatak, Shri Ajoy Dey, Shri Subrata Mukherjee, Shri Kashinath Misra, Shri Jyoti Priya Mallik, Shri Gyan Singh Sohanpal and Shri Abdul Mannan. that the amount of the demand be reduced by Rs.100 were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.115,12,52,000 be granted for expenditure under Demand No.4, Major Head : "2014 - Administration of Justice" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs.38,37,51,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

[5-00 — 5-10 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

## DEMAND NO. 40

**Deputy Speaker :** There are five cut motions. All the cut motions are in order.

Shri Ashok Kumar Deb<br>Shri Kamal Mukherjee<br>Shri Abdul Mannan<br>Shri Kashinath Mishra } Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নতুন নিযুক্ত মন্ত্রী শ্রী নয়ন সরকার ২০০১-০২ সালের ৪০ নম্বর ব্যয়বরাদ্দ পেশ করেছেন। আমি আলোচনার মাধ্যমে প্রমাণ করার চেষ্টা করব। এই ব্যয়বরাদ্দের পিছনে যে যুক্তির অভাব রয়েছে সেই কারণেই এই ব্যয়বরাদ্দ অনুমোদন করা আমাদের পক্ষে সম্ভবপর হচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় মন্ত্রীসভার দায়িত্ব নিয়েছেন নতুন। আপনার দপ্তরের ব্যয়বরাদ্দ সম্পর্কে আপনি একটু আগের পাতাগুলো যদি উল্টে দেখতেন তাহলে দেখতে পেতেন যে আপনার দপ্তরের কোনও ক্রোনোলজি নেই। যুক্তিগ্রাহ্য কোনও

কারণ নেই। এর পিছনে কোনও লজিক কোনওদিন কাজ করেনি। আপনি দেখু ৯৬-৯৭তে আপনার বাজেট ছিল ৪১ কোটি ৪২ লক্ষ ৩০ হাজার ৯৭-৯৮তে হঠা সেটা দু কোটি কমে গিয়ে দাড়াল ৩৯ কোটি ৫৯ লক্ষ ৩০ হাজার। ৯৯-২০০ এ আরও তারচেয়ে কমে গিয়ে হল ৩৭ কোটি ৭৬ হাজার। ২০০০-০১ এ গি হঠাৎ ১২ কোটি বেড়ে গেল ৪৯ কোটি ৬৪ লক্ষ ৪১ হাজার টাকা। এবার তা চেয়ে ৪ কোটি কমিয়ে দিলেন হল ৪৫ কোটি ৬০ লক্ষ ২৪ হাজার টাকা। এটা কি রকম হচ্ছে। সব খাতেই খরচ বাড়ে। সমস্ত হেডেই প্রত্যেক বছর খরচ বাড়ে এখানে না বাড়ছে, না কমছে। কেন বাড়ল তার কোনও হিসাব নেই।

কিন্তু আপনার এখানে না বাড়ছে না কমছে। কেন বাড়লো তার কোনও হিসাব নেই, কেন কমলো তারও কোনও হিসাব নেই। আমি আপনাকে আরও অনুরোধ করব আপনি জবাব দেবেন, আপনি আমাকে বলুন তো ৪৫ কোটি টাকার ক্যাপিটাল এক্সপেন্ডিচার কত আর প্ল্যান এক্সপেন্ডিচার কত রেখেছেন আপনি? আপনি দেখবেন, আপনার এই বাজেট-এ ৯০ শতাংশ টাকাই হচ্ছে ক্যাপিটাল এক্সপেন্ডিচার-মাইনে-পত্র, গাড়ি-ঘোড়া, সাজানো, গোছানো, দপ্তর চালানো, এই খাতে আপনি ব্যবহার করছেন। আর, আপনি বাজেটে ১৩টা অনুচ্ছেদ করে যেকথা বলেছেন, আমি আবার বলব নয়নবাবু আপনি যদি কান্তিবাবুর পুরনো বাজেটগুলো দেখেন, আমি সবগুলো বাজেট নিয়ে এসেছি গত পাঁচ বছরের, যদি সব বাজেটগুলো দেখেন, ১, ২, ৩, ৪, ৫ - সব এক কথা। আপনি যদি বলেন আমি একটু বলে দিই, পড়ে দিই, আপনি যে কোনও একটা মিলিয়ে নিতে পারেন। আচ্ছা, আপনারটাই পড়ি, নয়ন সরকার যেটা বলেছেন। আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে ১,৭২৬ কোটি টাকার একটা হিসাব পেশ করে টাকা চেয়েছেন। কলোনি নিয়মিতকরণের জন্য ২৩ কোটি, কলোনিগুলির নিয়মিতকরণ (স্থানীয় সংস্থা সম্পর্কে) ১৫ কোটি টাকা, কলোনিগুলির নিয়মিতকরণ (রাজ্য সরকারের জমির জন্য দেয়) ১৩৭ কোটি, কলোনি উন্নয়ন ৪০০ কোটি টাকা এবং অর্থনৈতিক পুনর্বাসন ১১৫০ কোটি টাকা। ২০০১ সালে সেই এক খাত, ২০০০ সালে সেই এক খাত, ১৯৯৯ সালে সেই এক খাত। ১৯৯৭-৯৮ সালেও সেই একই ব্যাপারে। আবার, ১৯৯৮-৯৯ সালেও সেই একই ব্যাপার। ১৯৯৬-৯৭ সালে আপনি যদি দেখেন সেই এক ব্যাপারে। একই টাকা, একই খাত, একই হেডে। আপনারা বছরের পর বছর এই বইতে দেখিয়ে যাচ্ছেন যার না কোনও প্রয়োজন আছে না তার ব্যয়ের কোনও বিষয় আপনি বলতে পারছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীর জ্ঞাতসারে

জানাই, যেকথা বলেছেন আর আপনারা যা করে আসছেন দুটো সম্পূর্ণ বিপরীত। আপনারা কথায় কথায় বলেন, কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ ব্যবহারের জন্য, পশ্চিম-পাকিস্তানের জন্য এত টাকা খরচ করেছে তারা, পশ্চিম-পাকিস্তানের উদ্বাস্তুদের জন্য। আর, পূর্ব-পাকিস্তানের উদ্বাস্তুদের জন্য এত টাকা খরচ করেছে - খুব কম খরচ করেছে। কিন্তু তার জন্য দায়ী কে? পশ্চিম-পাকিস্তান থেকে যারা এসেছিল, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি গত ৩০ বছর উদ্বাস্তু সংগঠনের সঙ্গে যুক্ত আছি, উদ্বাস্তু সংগঠন করছি, আমি অনেকবার তাদের খুঁজে বার করার চেষ্টা করেছি - দিল্লি, উত্তরপ্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, তাদের পাওয়া যায়নি। তারা জাতীয় জীবনের মূল স্রোতে মিশে গেছে। আর, এখানে পশ্চিমবাংলায় এখনও একটা উদ্বাস্তু ত্রাণ দপ্তর আছে, যার আপনি নতুন করে মন্ত্রী হয়েছেন। কেন রাখতে হচ্ছে? তার কারণ দায়ী আপনারা, পাপী আপনারা। ১৯৫০ সাল থেকে যত পরিকল্পনা নেওয়া হয়েছে, পাঞ্জাব উদ্বাস্তুদের বিষয়ে পরিকল্পনা করে, আকড়ে ধরে নিজেদের অর্থনৈতিক, সামাজিক পুনর্বাসনের পথে এগিয়ে গেল। আর এখানে যখনই কোনও পুনর্বাসনের পরিকল্পনা, মেহেরচাঁদ খান্না, উদ্বাস্তু ত্রাণ দপ্তরের প্রথম মন্ত্রী ছিলেন। তাঁর থেকে শুরু করে যখনই কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে আপনারা বাধা দিয়েছেন। ডাঃ বিধানচন্দ্র রায় স্বপ্ন দেখেছিলেন আন্দামান, নিকোবর দ্বীপপুঞ্জ আরেকটা বাংলাদেশ তৈরি হবে, বাঙ্গালিরা সেখানে যাবে। সেখানকার মাটির রং এক, মাটির স্বাদ এক, মাটির চরিত্র এক। মা-মাটি-মানুষ। যখন এপাশে এসে তারা মাথা গোজবার জায়গা পাচ্ছেনা তখন তাদের আন্দামান, নিকোবরে নিয়ে রিসেটেল করার চেষ্টা হল। কিন্তু তখন আপনাদের তদানিন্তন নেতারা বললেন, ওখানটায় যাবেন না, ওখানটায় কালাপানি পার হয়ে গেলে, ওখানটায় সমস্ত আসামীরা বসবাস করে আপনাদের পরিবারের লোকেরাও সব আসামী হয়ে যাবে, সব ক্রিমিনাল হয়ে যাবে, সব অপরাধি হয়ে যাবে। আজকে সেখানে সাউথ-ইন্ডিয়ান, দক্ষিণ ভারতীয় লোকেদের প্রাধান্য হয়ে গেল, তারা সেখানে প্রাধান্য বিস্তার করেছে। সেখানে বাঙ্গালির সংখ্যা কমে গেল, আরেকটা নতুন বাংলা তৈরি করার স্বপ্ন, যেটা ডাঃ বিধানচন্দ্র রায় দেখেছিলেন, যেখানে বাংলায় কবিতা রচনা করা হবে, যেখানে বাংলায় স্বপ্ন দেখানো হবে, যেখানে বাংলা সংস্কৃতি তৈরি হবে, আরেকটা বাংলাদেশ তৈরি হবে, বাংলার আরেকটা অনুরূপ রেপ্লিকা তৈরি হবে, সেটা হতে পারল না আপনাদের দুরভিসন্ধির জন্য। তার কারণ আপনারা ভোট ব্যাঙ্ক রক্ষা করলেন। একটা ছোট দুষ্ট ক্ষতকে খুঁচিয়ে খুঁচিয়ে ঘা করলেন এবং যখনই মলম দিতে যাওয়া হল মলমের ডিবে সরিয়ে দিয়ে

বললেন, না ঘাটা থাকবে, আমরা এটা করেই তো খাব। আজকে আপনারা এখনও পর্যন্ত দন্ডকারণ্যের সমস্যার সমাধান করতে পারলেন না। দন্ডকারণ্য একটা জাতীয় পরিকল্পনা মোতাবেক তৈরি করা হয়েছিল। উদ্বাস্তু সমস্যা আমাদের প্রান্তিক সমস্যা বা রাজ্যের সমস্যা ছিলনা জাতীয় সমস্যা ছিল। তাই তদানিন্তন প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু চার রাজ্যকে ঘিরে, অন্ধ্র, ওড়িষ্যা, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ এই চার রাজ্যের জায়গা নিয়ে বললেন এখানে রিসেটেল করবে। কিন্তু সেদিন হাওড়া স্টেশনে ট্রেনের সামনে শুয়ে পড়ে লাল পতাকা নিয়ে উদ্বাস্তুদের মেকি দরদি সেজে আপনারা গাড়িগুলোকে আটকে দিলেন। দন্ডকারণ্য পরিকল্পনা সাকসেসফুল হল না, দন্ডকারণ্য পরিকল্পনা বাস্তবায়িত হল না, দন্ডকারণ্যে মানুষগুলোকে আপনারা বসবাস করতে দিলেন না। যখন আপনারা ক্ষমতায় এলেন ১৯৭৭ সালে, আজকে পরলোকগত মন্ত্রীর নাম করতে চাইছি না, তিনি গিয়ে বললেন, আমরা এসে গেছি তোমরা চলে এস। তারা তাদের ঘটি-বাটি নাম-মাত্র মূল্যে বিক্রি করে চলে এলেন। কলকাতায় এলেন?

[5-10 — 5-20 p.m.]

তাঁরা রাইটার্স বিল্ডিং-এর সামনে আসে নি, তারা এখানে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে যায় নি। তাঁরা গিয়েছিলেন মরিচঝাঁপি, যেখানে লবনাক্ত জমি যেখানে ডাঙ্গায় বাঘ, জলে কুমির, তাঁরা তাদের সঙ্গে লড়াই করে নতুনভাবে পশ্চিমবঙ্গে বসতি স্থাপনের চেষ্টা করেছিলেন। আপনাদের পুলিশ, আপনাদের সরকার, আপনাদের ক্যাডার এই ত্রয়োস্পর্শের অত্যাচারে সেদিন আপনারা কলঙ্কিত কাহিনী তৈরি করেছিলেন, আপনারা জানেন, সেদিন আপনারা ৯৯ জন উদ্বাস্তুকে সেখানে জীবন্ত সলিল সমাধি দিয়েছিলেন, আপনারা সেখানে অর্থনৈতিক অবরোধ করে দিয়েছিলেন, সেখানে আপনারা কুমিরঝাঁপিতে মরিচঝাঁপিতে অর্থনৈতিক অবরোধ করে পুলিশ দিয়ে বেষ্টনি করে দিয়েছিলেন যেখানে ৮ কিলোমিটার দূর থেকে পানীয় জল আনতে হয়। সেই ৮ কিলোমিটার দূরে কুমিরঝাঁপি থেকে তারা পানীয় জল আনতে পারল না, ওষুধ শেষ হয়ে গেছে, পথ্য শেষ হয়ে গেছে, চাল ফুরিয়ে গেছে, ডাল ফুরিয়ে গেছে, মানুষগুলো অশক্ত, বৃদ্ধ হয়ে ধুঁকছে, পুলিশ গিয়ে তাদের উপর ঝাঁপিয়ে পড়ল—যারা তখনও নড়াচড়া করতে পারতেন তাঁরা তখন লাফিয়ে নদীতে ঝাঁপ দিয়ে পড়ে কুমিরের খাদ্য হয়ে গেলেন, কামোটের খাদ্য হয়ে গেলেন, আর যারা অশক্ত, বৃদ্ধ, টন টন তেল জ্বালিয়ে দিয়ে তাদের বাড়িগুলো আপনারা পুড়িয়ে

দিলেন। মরিচঝাঁপির কাহিনী আপনারা কেন বলছেন না আপনাদের এই বক্তব্যে? একবার সেবা করার সুযোগ পেয়েছিলেন। আপনারা ডাঃ বিধানচন্দ্র রায়ের বিরুদ্ধে অনেক কথা বলেন। বছরের পর বছর, যুগের পর যুগ আপনারা ডাঃ বিধানচন্দ্র রায়ের বিরুদ্ধে অনেক কথা বলেছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গে এখনও যে ৯৯৭টি উদ্বাস্তু কলোনি রয়েছে তার কারণ হল সেদিন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন ডাঃ বিধানচন্দ্র রায় — তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে ঝগড়া করেছেন, মালিকদের সঙ্গে ঝগড়া করেছেন, জমিদারদের সঙ্গে লড়াই করেছেন, তিনি এখানে উদ্বাস্তুদের জন্য জনপদগুলোতে চোখের মনির মতো রক্ষা করার চেষ্টা করেছেন, তাই এখনও সেগুলো আছে। সেবা করার সুযোগ আপনারা একবার পেয়েছিলেন। মরিচঝাঁপিতে সেবা করে যে নমুনা আপনারা তৈরি করেছেন আজকে সেটা বলতে লজ্জা পাচ্ছেন? আজকে এতদিন পরে আপনি একটা বিরাট স্ট্যানজা করে দিয়েছেন যে, আপনি গাঙ্গুলীবাগান আবাসনের অনেক কিছু করবেন। আমি দশকের পর দশক, যুগের পর যুগ বিধানসভায় বলেছি যে, কিভাবে এই মানুষগুলো আছে। মানুষগুলোর ঘরের চাঙড় ভেঙে পড়ছে, মানুষগুলো আহত হচ্ছে, বারে বারে আমরা আমাদের কমিটির তরফ থেকে নিয়ে গিয়ে দেখিয়েছি। আপনার দপ্তর সাজিয়েছেন ১০ নম্বর ক্যামাকস্ট্রীটে। সেখানে গিয়ে দেখুন, ওখানে কোন কাজ হয়? টাকা ছাড়া ওখানে একটা ফাইল চলাচল করে না, আর তার উপর গোদের উপর বিষ ফোঁড়া আপনার পার্টি সি.পি.এমের উদ্বাস্তু সংগঠন ইউ.সি.আর.সি.। সেখানে যদি টোকেন সই না করেন, কাউকে সেখানে জাস্টিস দেওয়া হয় না। অনেক কেস— হাজার হাজার কেস আমি দেখিয়েছি, আপনার সেক্রেটারি, প্রিন্সিপাল সেক্রেটারি পরিবর্তন হয়েছে, কিন্তু এই ঘুঘুর বাসা ভাঙা যায় নি। আপনি নতুন এসেছেন; আমি আপনাকে অনুরোধ করব সপ্তাহে দুটো দিন ওখানে বসুন এবং খোলামেলা বসুন। আপনি উদ্বাস্তু মানুষগুলোর সাথে কথা বলে দেখুন যে, কি হচ্ছে। আমি আপনাকে আবারও বলি, আগের যিনি মন্ত্রী ছিলেন তিনি করেন নি, এই কলোনিগুলোতে অনেক পুকুর, অনেক জলাজমি রয়ে গেছে। ইউ.সি. আর.সি.র তরফ থেকে এবং আজকে এক ধরনের ব্যবসায়ী হয়ে গেছে, এই ব্যবসায়ী এবং তথাকথিত কলোনি কমিটি ইউ.সি.আর.সি.রা সেই জমিগুলোকে নিজেরা নিজেরা বিলি করে দিচ্ছেন, আর আপনার দপ্তরে গিয়ে কালো টাকা দিয়ে তারা পাট্টা নিয়ে আসছে। আমিও একটা উদ্বাস্তু কলোনির মানুষ, আমি এক বছর বয়সে পূর্ব বাংলা থেকে এখানে উদ্বাস্তু হয়ে এসেছিলাম। আমি দেখেছি আমার পাশের বাড়িতে ৫০ সনের উদ্বাস্তু পরিবার

দলিল পেল না, ১৯৮০ সালে সেই জমি বেহাত হয়ে কিনে নিল, সেই জমির মালিকানা পেয়ে গেছে, পাঁচতলা বাড়ি করেছে। একজন অরিজিনাল প্লট হোল্ডার তিনি পাচ্ছেন না কেন? তিনি আপনার দলে নাম লেখাতে বাধ্য নন, তিনি নতজানু হয়ে ক্ষমা ভিক্ষা করছেন না লোকাল কলোনি কমিটির কাছে এবং লোকাল কমিটি ইউ.সি.আর.সি. কে দিয়ে তার দলিল ওখানে আটকে রেখেছে। আমরা যখন মিসেস পান্ডের কাছে যাচ্ছি, উনি বলে দিচ্ছেন ডিসপুটেড। আমরা এই ইংরাজি কাব্য শুনবার জন্য যাই না। ডিসপুটেড হয় কি করে? They are to solve the problem and not to create problem. Without any person to be accused the entire department is a reign of corruption. The entire department is a reign of corruption. The entire department is a reign of vested interest. আমি বলতে চাই, এনটায়ার ডিপার্টমেন্ট is a reign of vested interest. লাখ লাখ টাকার বিনিময়ে আপনার দপ্তরে অ-উদ্বাস্তুদের দলিল দেওয়া হচ্ছে, প্রকৃত উদ্বাস্তুদের ঘাড় ধরে সেখান থেকে বার করে দেওয়া হচ্ছে। আমি কয়েক হাজার কেস দিয়েছি মিসেস পান্ডে সহ তাঁর অধস্তন কর্মচারিদের কাছে। উনি দেখাতে পারবেন আজ পর্যন্ত ১০টা কেসে জাস্টিস পেয়েছে? আগে প্রত্যেক সপ্তাহে অন্তত দশবার করে আমি ক্যামাক স্ট্রিটে যেতাম। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলি, স্যার, আপনি নতুন দায়িত্ব নিয়েছেন, উদ্বাস্তুদের অনেক কষ্ট, অনেক দুঃখ, স্বাধীনতার ৫০ বছর পরেও ওদের সমস্যা আছে। আমি আপনাকে বলি যে, পৃথিবীতে অনেক জায়গায় উদ্বাস্তু হয়েছে, তাদের সমস্যার সমাধান হয়েছে — ইজরায়েল একটা নতুন দেশ তৈরি হয়ে পৃথিবীতে শক্তিধর রাষ্ট্রে পরিণত হয়েছে। আর পশ্চিমবঙ্গে উদ্বাস্তুরা এখনও ট্রেন লাইনের ধারে ঝুপড়িতে বাস করছে। এখানে এখনও কলোনিগুলোতে মানুষ বস্তির মানুষের সাথে রুটি নিয়ে কাড়াকাড়ি করছে। আপনি এসেছেন, নতুনভাবে ভাবুন, দেখুন। আগামী ৫ বছরের ভিতর এই দপ্তরকে যাতে গুটিয়ে নেওয়া যায়, এই মানুষগুলোর ন্যূনতম তাগিদ যাতে অনুভব করতে পারবেন সেই আবেদন জানিয়ে আবার আমি বলি, যতদিন না সেই তাগিদ অনুভব করবে আপনার এই বাজেটকে সমর্থন করতে পারছি না। তাই এই বাজেটের বিরোধিতা করে এবং কাট-মোশনগুলোকে সমর্থন করে, আপনার কাছে অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় সভাপতি মহাশয়, শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ২০০১-২০০২ সালের ৪০নং দাবির অধীন যে

ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমার আগে বিরোধী দলের নেতা পঙ্কজবাবু কিছু কথা বললেন। আমি আমার কথা বলার প্রারম্ভে পঙ্কজবাবুকে কিছু কথা জিজ্ঞেস করতে চাই। ১৯৪৭ সালের ১৫ আগস্ট দেশ স্বাধীন হয় এবং দেশভাগ হয়। ১৯৫০ সালে নেহরু—লিয়াকত চুক্তি হয়। সে চুক্তিতে কি বলা হয়েছিল? তাতে বলা হয়েছিল—পূর্ব পাকিস্তান থেকে যাঁরা পশ্চিমবাংলায় এসেছেন তাঁরা ফিরে যান। ওখানে আপনাদের ফিরে যাবার মতো উপযুক্ত পরিকাঠামো, পরিষেবা তৈরি হয়ে গেছে। সে সময়ে পশ্চিমবাংলায় কংগ্রেস পরিচালিত যে সরকার ছিল সেই সরকার বা সরকারি দল কি সে চুক্তির প্রতিবাদ করেছিল? না, করেনি। তারা তা মেনে নিয়েছিল এবং উদ্বাস্তুদের পূর্ব পাকিস্তানে ফিরিয়ে দেবার প্রচেষ্টা নিয়েছিল। এইভাবে পূর্ব বাংলা থেকে আসা উদ্বাস্তুদের তদানিন্তন রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার সর্বনাশ করেছিল। কংগ্রেস পরিচালিত সরকার পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের সর্বনাশ করে গেছে। যারজন্য স্বাধীনতার প্রায় ৫৪ বছর পরেও আমাদের উদ্বাস্তুদের জন্য ব্যয়-বরাদ্দ করতে হচ্ছে এবং তা নিয়ে যে বিতর্ক হচ্ছে তাতে আমাদের সবাইকে অংশগ্রহণ করতে হচ্ছে। অথচ পাঞ্জাবে, হরিয়ানায়, গুজরাতেও উদ্বাস্তুরা এসেছেন, কিন্তু সেখানে আজ আর তাদের জন্য ব্যয়-বরাদ্দ করতে হচ্ছে না। ঐসব রাজ্যে পশ্চিম পাকিস্তান থেকে যে উদ্বাস্তুরা এসেছিলেন তাঁদের পুনর্বাসনের জন্য, ত্রাণের জন্য ঐসব রাজ্য সরকার গুলিকে এইরকম ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করে আলোচনা করতে হচ্ছে না। তাহলে আমাদের আজও কেন এটা করতে হচ্ছে? কারণ পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের প্রতি ভারত সরকারের তরফ থেকে বিমাতৃসুলভ আচরণ করা হয়েছে। আমরা মনেকরি যতদিন পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের একজনেরও পুনর্বাসন বাকি থাকবে ততদিন আমাদের এইভাবে ব্যয়-বরাদ্দ করে যেতে হবে। আমি আশাকরি মাননীয় মন্ত্রিমহাশয়ও এই কথাই বলবেন। আমরা জানি কেন্দ্রীয় সরকার ১৯৬৮ সালে উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর তুলে দিয়েছে। ১৯৬৯ সালে পার্লামেন্টের এস্টিমেটস কমিটি যে রিপোর্ট দিয়েছিল তাতে বলা হয়েছিল—পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজ শেষ হয়ে গেছে। কিন্তু তখনও কি পূর্ব পাকিস্তান থেকে আসা শরণার্থীদের পুনর্বাসনের সব কাজ সম্পূর্ণ হয়ে গিয়েছিল? আমি আজকে এই প্রশ্ন পঙ্কজবাবুর কাছে রাখছি, কি উত্তর দেবেন? এখনও আমাদের সে কাজ সম্পূর্ণ হয়নি।

মাননীয় সভাপতি মহাশয়, ১৯৭৩ সালের জুলাই পর্যন্ত পশ্চিম পাকিস্তান থেকে আগত ৪৭.৪০ লক্ষ শরণার্থীর জন্য কেন্দ্রীয় সরকারের ব্যয় হয়েছে ৪৫৬ কোটি টাকা। আর পূর্ব পাকিস্তান থেকে আগত ৫৮ লক্ষ উদ্বাস্তুর জন্য ব্যয় করা হয়েছে ৮৫ কোটি টাকা। কেন? এরজন্য দায়ী কে? মাননীয় পঙ্কজবাবু, কে দায়ী? এটাকে কি বিমাতৃসুলভ আচরণ বলা যায় না? আমরা ঈর্ষা করছি না। পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের জন্য ব্যয় করেছেন, বেশ করেছেন। তাদের পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে। অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করেছেন। শিল্প, স্কুল, কলেজ, কারখানা স্থাপন করে দিয়েছেন। খুব ভাল কথা। আমরা আনন্দিত। কিন্তু আমাদের রাজ্যে আগত উদ্বাস্তুদের প্রতি শুধু বিমাতৃসুলভ আচরণ করেছিলেন বললে কম বলা হয়। আমরা আসামীর কাঠগোড়ায় দাঁড় করাচ্ছি। তদানীন্তন পশ্চিমবঙ্গ সরকারকে এবং কেন্দ্রীয় সরকারকে।

[5-20 — 5-30 p.m.]

আপনি বলেছেন, উদ্বাস্তুদের যে বাইরে পাঠানো হয়েছিল, ডাঃ বিধানচন্দ্র রায় তাদের আন্দামানে পাঠাতে চেয়েছিলেন, সেই আন্দামানে উদ্বাস্তুরা গেলে সেখানে বাঙ্গালির সংখ্যা বেশি হত, কিন্তু না যাওয়ার জন্য এখন দক্ষিণ ভারতীয়দের সংখ্যা সেখানে বেশি হয়ে গেছে। ব্যাপারটা কিন্তু তা নয়। আমিও আন্দামানে গিয়ে দেখে এসেছি। সেখানে প্রচুর বাঙ্গালি আছে। ওখানে দক্ষিণ ভারতীয় যারা আছেন তারা আগেই চলে গিয়েছিলেন। আপনার সঙ্গে আমি একটা জায়গাতে একমত যে দক্ষিণ ভারতীয়দের সংখ্যাটা একটু বেড়েছে আগের চেয়ে কিন্তু আন্দামানে যাওয়ার বিরোধিতা করা হয়নি। বিরোধিতা করা হল কখন? বিরোধিতা করা হল যখন তাদের আসামে পাঠানো হল। সেই সময় এই সভার সদস্য ছিলেন শ্রী বঙ্কিম মুখার্জি। সেই সময় তিনি এই সভায় একটি বক্তৃতা করেছিলেন, সেটার আমি একটু উল্লেখ করছি। ১৪ই ডিসেম্বর, '৫৭ সালে তিনি এই সভায় বলেছিলেন, 'বাঙ্গালিদের বাইরে পাঠালে কি অবস্থা হয় তা আমরা দেখেছি। আসামের কথা বলি। আসাম তো আমাদের বাড়ির পাশে। সেই আসামে কি ভাবে উদ্বাস্তুদের সঙ্গে ব্যবহার করা হয়েছিল তা আপনারা জানেন, হয়ত কাগজেও পড়েছেন, আমি সেটা একটু বলছি। নওগাঁ জেলা এবং গোয়ালপাড়া জেলার ক্যাম্পগুলি থেকে উদ্বাস্তুদের পুলিশ দিয়ে সীমান্ত পার করে দেওয়া হয়েছে। হাতি দিয়ে ক্যাম্পগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে। যদিও এই সভাকক্ষে এ নিয়ে প্রবল বিক্ষোভ প্রদর্শিত হয়েছে তবুও কি এই সরকারের পক্ষ

থেকে কোনও প্রতিকার করা হয়েছে? তাদের এভাবে সীমান্ত পার করিয়ে দেওয়ার জন্য বা তাদের পাট, ধান ও অন্যান্য ফসল হাতি দিয়ে তছনছ করে দেওয়ার জন্য?' শুনুন পঙ্কজবাবু, পুলিশ দিয়ে তাদের সীমান্ত পার করিয়ে দেওয়া হয়েছে, হাতি দিয়ে তাদের ক্যাম্পগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে। কাজেই সেখানে ইউ.সি.আর.সি. আন্দোলন করে সঠিক কাজই করেছিল। এখানে প্রচুর জমিজমা তখনও ছিল, এখনও আছে। জবরদখল করে যারা বাস করছে তাদের নিঃশর্ত দলিল দেওয়ার ব্যবস্থা প্রথম পশ্চিমবঙ্গই করেছিল এবং তারপর দিল্লি সেটা মেনে নিতে বাধ্য হয়েছিল। আপনি শুনে রাখুন, উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য পশ্চিমবাংলায় হিন্দু মুসলমান নির্বিশেষে সকলেই সেই আন্দোলনে সামিল হয়েছিল। তখন আমার বয়স অল্প, আমার মনে আছে, সেই সময় কোলকাতার রাজপথে মিছিল হয়েছিল, আমিও সেই মিছিলে অংশগ্রহণ করেছিলাম। উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য হিন্দু, মুসলমানদের আন্দোলন আমাদের গর্বের বিষয়। সেখানে ইউ.সি.আর.সি. এবং বামপন্থীরা নেতৃত্বে ছিল বলেই এটা সম্ভব হয়েছিল। কাজেই পঙ্কজবাবু, আপনি যেসব কথা বলছেন সেটা সঠিক নয়। এরজন্য দায়ী যদি কেউ হন সে হচ্ছে কেন্দ্রীয় সরকার এবং অনেকাংশে তদানিন্তন রাজ্য সরকার। পরিশেষে আমি বলছি, উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের এই ব্যয়বরাদ্দ থাকবে এবং আমরাও একই কথা বলে যাব যতদিন না সমস্ত উদ্বাস্তুর পুনর্বাসন হয়। এই কথা বলে পুনরায় বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী মৈনুল হক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ২০০১/২০০২ সালের যে ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন ৪৫ কোটি ৬০ লক্ষ ২৪ হাজার টাকার তার বিরোধিতা করে এবং বিরোধীদল থেকে আনা সমস্ত কাটমোশনগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি।

আমি প্রথমে বলতে চাই সরকারি যে পরিসংখ্যান দেওয়া হয়েছে তাতে বলছে ১৯৫০ সাল পর্যন্ত প্রায় ২৫ লক্ষ শরণার্থী অর্থাৎ উদ্বাস্তু পশ্চিমবাংলায় আসে। পরবর্তীকালে ১৯৭১ সালে যখন পাকিস্তান ভাগ হয়ে বাংলাদেশের সূচনা হল সেই ১৯৭১ থেকে ১৯৭৩ সাল পর্যন্ত, সরকারি পরিসংখ্যান যেটা দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে প্রায় ৫২ লক্ষের বেশি উদ্বাস্তু পশ্চিমবাংলায় আসে। পরবর্তীকালে সরকারি যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, আর.আর.ডিপার্টমেন্টের তথ্য অনুযায়ী আমরা দেখেছি যে ১৯৮১ সাল পর্যন্ত ৮০ লক্ষের বেশি শরণার্থী ভারতবর্ষে আসে।

আজকে সরকারি যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, আমার মনে হয় বাংলাদেশ তৈরি হওয়ার পর বহু শরণার্থী পশ্চিমবাংলায় আসে। পশ্চিমবাংলা থেকে বহু মানুষ ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে বাঁচবার তাগিদে, জীবিকা অর্জনের তাগিদে ছুটে গিয়েছে। কখনও মধ্যপ্রদেশে কখনও উড়িষ্যায় কখনও বিহারে কখনও আন্দামানে এইরকম বিভিন্ন রাজ্যে সেই সময় তারা গিয়ে আশ্রয় নিয়েছে। আমরা যেটা দেখেছি পশ্চিমবাংলার এই উদ্বাস্তুদের জন্য তখনকার প্রিয় নেতা রাম চ্যাটার্জি, তিনি যে উদ্যোগ নিয়েছিলেন, আপনাদের এই সরকার তথা সি.পি.এম. বাহিনী সেটা নিতে পারে নি। তার পরিনাম হচ্ছে মরিচঝাঁপি। আজকে এই কথা বলতে কষ্ট হচ্ছে, আজকে আন্দামানে যে সমস্ত রিফিউজি বসবাস করছে, আপনারা জানেন, মাননীয় সদস্যরা অনেকে আন্দামান গিয়েছেন সেখানে আজকে তারা মাইনরিটি অর্থাৎ সংখ্যা লঘু থেকে সংখ্যা গরিষ্ঠতা পেয়েছে এবং সেখানে একজন বাঙ্গালি ছেলে রিফিউজি সমাজে প্রতিষ্ঠিত হয়েছে। পশ্চিমবাংলায় তো আপনারা অনেক গর্ব করেন, অনেক ভাল ভাল কথা বলেছেন, ভারত সরকার নাকি কিছু করেনি, আপনারা উদ্বাস্তুদের জন্য প্রাণ উজাড় করে দিয়েছেন, আপনারা উদ্বাস্তুদের জন্য কি করেছেন ২৫ বছরে? আজকে মন্ত্রিমহাশয় যে তথ্য পেশ করেছেন, উনি কলিকাতার কাছাকাছি যে সমস্ত জেলাগুলি আছে সেইরকম কয়েকটি জেলার কথা উল্লেখ করেছেন। এখানে নদীয়া মুর্শিদাবাদ মালদা এই সমস্ত নর্থ বেঙ্গলের জেলাগুলিতে আপনাদের জানা উচিত বহু উদ্বাস্তু আছে যারা সরকারি কোনওরকম সহযোগিতা ছাড়া, আপনাদের কোনও সহযোগিতা ছাড়াই নিজেদের বাঁচার স্বার্থে বাসস্থান তৈরি করেছে। জবরদখল যে সমস্ত জমিগুলো তারা দখল করেছে, এখানে সরকারের কোনও কৃতিত্ব নেই। আজকে আপনি জানেন, মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত, মালদহে, টোটাল নর্থ বেঙ্গলে কত মানুষ অসহায় অবস্থায় আছে। যারা ১৯৭১ সালের আগে এসেছে তারা এখনও ভারতীয় নাগরিকত্বের স্বীকৃতি পর্যন্ত পায় নি। আজকে ঐ সমস্ত লোকেরা অন্য রাজ্যে কাজের জন্য যায়, তাদের পুলিশ অ্যারেস্ট করে। তাদের কাছে ভারতীয় নাগরিকত্বের সার্টিফিকেট আছে কিনা দেখতে চায়। তাদের কোনও রেশন কার্ড, কোনও আইডেন্টিটি কার্ড নেই। আপনারা ২৫ বছর ধরে এদের নিয়ে রাজনীতি করছেন। এরা আপনাদের ভোট না দিলে অনেক বস্তি থেকে এদের উচ্ছেদ করে দিয়েছেন। ১৯৮৭ সালের অক্টোবর মাসে ঠিক এই ধরনের ঘটনা ঘটে। আমার বিধানসভা কেন্দ্র বল্লভপুরে এইরকম ঘটনা ঘটেছিল, সেখানে তাদের উচ্ছেদ করা হয়েছে। (... এই সময়ে লালবাতি জ্বলতে দেখা

যায়।) ... তাদের সেখানে জমির পাট্টা দেওয়া হয়নি। আজকে শুধু ফারাক্কায় বা মুর্শিদাবাদে নয়, কলকাতাতেও এই ঘটনা ঘটেছে।

(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায় এবং পরবর্তী বক্তা বলতে ওঠেন।)

[5-30 — 5-40 p.m.]

**শ্রী কমলাক্ষী বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শরনার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী নয়ন সরকার মহাশয়ের প্রদত্ত বাজেটকে সমর্থনের মাধ্যমে আমার বক্তব্য পেশ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সবাই জানি, শরনার্থী সমস্যা সৃষ্টি হয়েছে ১৯৪৭ সালে ধর্মীয় নীতির ভিত্তিতে দেশ বিভাগের ফলে। যার কুফল এখনও বর্তমান। তদানিন্তন রাজনৈতিক দলগুলির ক্ষমতা লাভের জন্য - প্রধানমন্ত্রী কে হবেন, কংগ্রেস থেকে, না মুসলিম লিগ থেকে এই নিয়ে - যখন ব্যস্ত তখন লক্ষ লক্ষ সুনাগরিকবৃন্দ এপার, ওপার করতে যথাসর্বস্ব হারিয়ে পথে বসে। তিল তিল করে সঞ্চিত স্থাবর অস্থাবর সম্পত্তি জলের দরে বিক্রি করতে তারা বাধ্য হয়। পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তু সমস্যা দূর করতে ১৯৫৯ সালে বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে ভারত সরকার সম্পূর্ণ করেছে, যা পার্লামেন্টের এস্টিমেটস কমিটির প্রতিবেদনে (১৯৫৯-১৯৬০) উল্লেখ আছে। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের জন্য ১৯৫০ সালে নেহেরু লিয়াকত চুক্তি হয়। যারফলে এখানকার উদ্বাস্তু সমস্যা গভির থেকে গভিরে রয়ে গেছে। পূর্ব পাকিস্তান থেকে আগত ৫৮ লক্ষ উদ্বাস্তুদের জন্য মাত্র ৮৫ কোটি টাকা খরচ করা হয় যেখানে, সেখানে অন্যদিকে পশ্চিম পাকিস্তানিদের সমস্যা দূর করতে ৪৭.৪০ লক্ষ উদ্বাস্তুদের জন্য খরচ করা হয় ৪৫৬ কোটি টাকা। পশ্চিমবাংলার বিভিন্ন জেলা এবং পশ্চিমবাংলার বাইরে ৯৩১টি যে কলোনি আছে, সেখানে বসবাসকারি উদ্বাস্তুদের পুনর্বাসন সমস্যা একটি জাতীয় সমস্যা হিসাবে রয়ে গেছে। শুধু তাই নয়, সমস্যা সঙ্কুল উদ্বাস্তুরা এখনও রাস্তার ধারে, অস্বাস্থ্যকর স্থানে বসবাস করছে। এই দুরবস্থা দূর করতে কেন্দ্রীয় সরকারকে এগিয়ে এসে বিভিন্ন প্রকার পরিকল্পনার মধ্যে দিয়ে স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টির জন্য প্রয়াস গ্রহণ করতে হবে। এই কথা বলে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের আনীত এই ব্যয় বরাদ্দের প্রতি সমর্থন জানিয়ে এবং বিরোধীপক্ষের আনীত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুনর্বাসন বিভাগের এবং শরনার্থী, ত্রাণ বিভাগের ভারপ্রাপ্তমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে স্বাধীনতার অব্যবহিত পরেই চারণ কবি গঙ্গাচরণ তিনি গাইলেন—"জিন্না নিব পাকিস্তান, জওহরলালের হিন্দুস্থান, বৃটিশ মহা করল পলায়ন।" বৃটিশরা চলে গেল, এল কংগ্রেস। এবং ধর্মীয় যে ভেদাভেদ তার ভিত্তিতে দেশ ভাগ, দায়িত্ব নিতে চাইল না তারা। তখন মেহের চাঁদ খান্না হল প্রথম আমাদের উদ্বাস্তুমন্ত্রী। আমাদের মনে আছে আমরা তখন ছোট। সমবেত কারণেই সেই সময় আমরা দেখেছি পন্ডিত নেহেরু ঘোষণা করেছিলেন যে, পূর্ব পাকিস্তান থেকে আসা সমস্ত মানুষের পুনর্বাসনের দায়িত্ব তারা নেবেন, এই ঘোষণা পার্লামেন্টে তিনি করেছিলেন। তখন পার্লামেন্টের প্রখ্যাত সদস্য এবং বিজ্ঞানী ডঃ মেঘনাথ সাহা আছেন, এন সি চট্টোপাধ্যায় আছেন, এসব নিশ্চয় মনে আছে। ত্রিদিব চৌধুরী ছিলেন, তারা সেই সময়ে বক্তৃতা দিচ্ছেন, বলছেন এখানে আন্দোলন শুরু হয়েছে, ইউ, সি, আর, সির পক্ষ থেকে আন্দোলন চলছে। উত্তাল পশ্চিমবাংলায় তখন আন্দোলন চলছে। সেই আন্দোলনের সময়ে আমরা দেখেছি যাঁরা নেতৃত্ব করেছিলেন — নিরঞ্জন সেন থেকে শুরু করে চারু রায়, মেঘনাথ সাহা, রামকৃষ্ণ চৌধুরী থেকে শুরু করে এঁরা সবাই আন্দোলনে নেতৃত্ব করেছিলেন। প্রস্তাব হয়েছিল কিন্তু কার্যক্ষেত্রে কিছুই হয়নি। ১৯৯২ সালে ১৭২৬ কোটি ৫০ লক্ষ টাকার একটা প্যাকেজ হয়েছিল এবং এটাই সর্বশেষ দাবি আমাদের ছিল। কিন্তু তার কোনও পয়সাই আসল না। আজকে মন্ত্রিমহাশয় এখানে ৪৫ কোটি ৬০ লক্ষ ২৪ হাজার টাকা চাইলেন। অনেক টাকা চাই এবং তারজন্য সর্বদলীয় প্রস্তাবও আপনারা করলেন, তার অন্য নাম দিলেন কিন্তু কার্যক্ষেত্রে কিছুই হয় নি। আমার যেটা বক্তব্য — এটা আমাদের লজ্জা, জাতীয় লজ্জা যে, একটা রাজ্যে এখনও পর্যন্ত উদ্বাস্তু দপ্তর আছে বলে। আমি খুশি হব আগামীবার যদি উদ্বাস্তু দপ্তরের বাজেট বরাদ্দ এখানে পেশ না হয়। আমি খুশি এবং পশ্চিমবাংলার মানুষও খুশি হবে। কলকাতা মহানগরির জন্য যেখানে ১২০০ কোটি টাকার প্যাকেজ করা হল তার উন্নয়নের জন্য, সেখানে প্রচুর কলোনি আছে, সেখানে আজও তার পুনর্বাসনের ব্যবস্থা হয়নি। আমাদের বিভিন্ন রাজ্যে বিভিন্ন জেলার যে অবস্থা সেখানে আমার জিজ্ঞাসা যে, এটা কোনও দয়া দাক্ষিণ্যের ব্যাপার নয়,— ওই যে নেহেরু লিয়াকৎ চুক্তি হয়েছিল সেই চুক্তিতে এসব কথাবার্তা এবং দায়িত্ব নেওয়া হবে বলা হয়েছিল। দায়িত্ব নেবেন পন্ডিত নেহেরু পার্লামেন্টে বলেছিলেন। বলা হয়েছিল দন্ডকারণ্যে এবং আন্দামানে যারা

আছেন তাদের দায়িত্ব নেওয়া হবে। মানবিক কারণে উদ্বাস্তু সমস্যা তো থাকছেই এবং মানবিক কারণে খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্যের যে মৌলিক দাবি - সেই দাবি পূরণের ক্ষেত্রে ৫৪ বছর ধরে কেন্দ্রীয় সরকার সেই দাবি পূরণ করতে পারেন নি। এই অপদার্থ কেন্দ্রীয় সরকার কখনও কংগ্রেসের নামে, কখনও ভারতীয় জনতা পার্টির নামে, ইয়ে নামে নানা নামে চালাচ্ছেন। কিন্তু সমস্যার সমাধান হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধীদলের সদস্যরা তো বক্তব্য রাখলেন। মাননীয় পঙ্কজবাবু তো চলে গেলেন। কেন জানিনা, উনি পালিয়ে গেলেন কিনা। উনি তো বক্তব্য রাখলেন — তা উনি তো বরাদ্দের ব্যাপারে কেন্দ্রে চিঠি চাপাটি লিখতে পারেন। সর্বদলীয় যে দল ওখানে আছে, সেই প্রতিনিধিদের কাছে যান এবং গিয়ে বলুন এটাই যেন শেষ উদ্বাস্তু দপ্তরের বাজেট হয়। আপনারা সহযোগিতা করুন। আপনারা বাধ্য করুন কেন্দ্রীয় সরকারকে, বাজপেয়ী সরকারকে, যারা দেশটাকে বিদেশিদের কাছে বিক্রি করে দিল এবং যারা স্বাধীনতা আন্দোলনে জীবন মৃত্যু পায়ের ভৃত্য করে যাঁরা তাদের মুক্তি আন্দোলনে অংশগ্রহণ করেছেন তাদের প্রতি যে দায়বদ্ধতা, ঋণ, সেই ঋণ স্বীকার করে কিছু কাজ করুন আপনারা। এখানেও মানুষ বিভ্রান্ত নিশ্চয় হয়, হয়েছে হয়ত, যারা আপনাদের নির্বাচিত করেছেন তাদের মধ্যেও কিছু সংখ্যক উদ্বাস্তু আছে। তাদের দীর্ঘ নিশ্বাস যাতে আর ফেলতে না হয় তার জন্য আপনারা পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন দপ্তরের সাথে সহযোগিতা করুন এবং কেন্দ্রীয় সরকারকে বাধ্য করুন। এইকথা বলে আবার এই বাজেটের যে বরাদ্দ মন্ত্রিমহাশয় করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 p.m.]

**শ্রী তন্ময় মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তু সমস্যা পশ্চিমবঙ্গে একটা বড় সমস্যা। এই বড় সমস্যার কথা ভেবে প্রাক্তন মুখ্যমন্ত্রী, বিধানচন্দ্র রায় সুদূর প্রসারি চিন্তা-ভাবনার মধ্যে দিয়ে আন্দামান এবং দন্ডকারণ্যে পাঠাবার জন্য প্রস্তাব রেখেছিলেন। তৎকালীন বিরোধী দল নেতা জ্যোতি বসু তিনি উদ্বাস্তুদের নেতা সেজে, সর্ব হারার নেতা সেজে তাদের পাশে গিয়ে বললেন যে আন্দামান এবং দন্ডকারণ্যে যাওয়ার প্রয়োজন নেই। এই বাংলায় প্রচুর জমি আছে। তোমাদেরকে ১৫।১৬ বিঘা করে জমি দেব, এখানে তোমাদের থাকার ব্যবস্থা করে দেব। শুধু সস্তায় রাজনীতি করার জন্য ক্ষমতার অতিলোভে উদ্বাস্তুদের পাশে উদ্বাস্তু বন্ধু সেজে আজকে সেই উদ্বাস্তুদের কি সর্বনাশ এর পথে নিয়ে গিয়েছেন ২৪ বছরে

পশ্চিমবঙ্গে ক্ষমতায় থাকা আজকে তার একটা উদাহরণ। কেননা আমি যে জায়গায় থাকি সেখানেও ১২টা উদ্বাস্তু কলোনি আছে। আমাদের নেতা পঙ্কজবাবু দেখে এসেছেন প্রাক্তন নেতা অপূর্বলাল মজুমদারও দেখে এসেছেন তাদের সেই যে দৈন্যদশা আজকে তাদের বলতে হয় পশ্চিমবঙ্গ সরকার ২৪টি বছরে তাদেরকে চুষেচুষে খেয়েছে। তাদের নিয়ে ভোট করেছে আর তাদের জন্য চিন্তা-ভাবনা কিছু করেননি। এটা প্রথম কাজ। এরপর বাংলা থেকে ছিন্নমূল অবস্থায় যখন এখানে আসে শুধু তাদেরকে ভোটার লিস্টে নাম তোলা যে পরবর্তীকালে তাদের রেশন কার্ড, পুনর্বাসনের ব্যবস্থা, পাট্টা, দলিল ইত্যাদির কথা কখনও ভাবা হয়নি। আজকে মাননীয় মন্ত্রী যে কথা বলেছেন উদ্বাস্তু সম্পর্কে প্রথম দেওয়া যে অস্ত্র কতখানি ভোঁতা সেই সম্পর্কে কয়েকটি কথা আমি এখানে তুলে ধরছি। রাজ্য সরকারের তৈরি পরিকল্পনায় জুন '৯২তে সেন্ট্রাল গভর্নমেন্ট প্রাইভেট এবং কেন্দ্রীয় সরকারি সংস্থানগুলিতে যে কলোনিগুলি - জমির মূল্য বাবদ ২৩ কোটি ২২ লক্ষ টাকা ধার্য্য করেছিল। এছাড়া আর্বান কলোনির জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন। কিন্তু আজকে আমরা লক্ষ্য করছি আপনাদের দেওয়া সেই তথ্য রাজ্য সরকারের ২২৩টি কলোনি অবস্থিত আছে বলে মন্ত্রী তার বিবৃতিতে বলেছেন। কিন্তু তারা বিগত ২৪ বছরে এই উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া এবং তাদের সেই জমি জমায় সুস্থ্য পরিবেশ তৈরি করার মতোন কোনওরকম কাজকর্ম করেননি, মাত্র ৬৩টি কলোনির জন্য তারা একটা প্রক্রিয়া করেছেন মাত্র। বাজেটে এই কথা পরিস্কার বলা আছে। তাই বলতে চাই আপনার বাজেটে বলেছেন রেগুলারাইজ করার কথা বলেছেন। ফ্রি হোল্ড টাইটেল ডিড গ্রান্ট করবে। এবং আপনারা ডিমান্ড করেছিলেন ২ লক্ষ ৪৯ হাজার ৯৫২ টির মধ্যে আপনারা ২ লক্ষ ১২ হাজার ৪৪টি এফ.ডি.টি. মঞ্জুর করেছেন। এখানে আমি বলতে চাই আপনাদের দেওয়া যে তথ্য, এই তথ্য শুধু আপনাদের কতখানি গরমিল সেটা আর একবার আপনার বাজেট বইটি পড়ে দেখে নেবেন, কতখানি তার মধ্যে গরমিল আছে। এবং আপনারা উদ্বাস্তু কলোনির উন্নতির নামে যে ভাঁওতা দিয়েছেন, আপনাদের পরিসংখ্যানও সেই ভাঁওতা আর একবার ধরা পড়েছে। এপ্রিল, '৯২তে সর্বদলীয় ডেলিগেশন মেমোরান্ডাম-এ কেন্দ্রীয় সরকার ৭৮.২৭ কোটি টাকা মঞ্জুর করেছিলেন তার মধ্যে প্রথম কলোনিগুলির জন্য ৫৭.৪৪ কোটি টাকা আজ পর্যন্ত আপনাদের দেওয়া হয়েছে। তাতে ২৫৬টি প্রকল্পের কথা বলা আছে। কিন্তু আপনারা মাত্র ১৭২টি প্রকল্প এ পর্যন্ত করতে পেরেছেন। বাকিগুলি করতে পারেননি এবং রাজ্য সরকার দাবি করেছে, '৯৬ সালের থেকে '৯৯ সালের

মধ্যে ৪ বছরে ব্যয় করেছেন আপনারা ২৩.৪৬ কোটি টাকা অর্থাৎ ২৮২টি স্কিম এবং ২০০০-০১ সালে ১০.১৬ কোটি টাকা. তার মানে ৭টি স্কিম; অর্থাৎ ৫ বছরে আপনারা ৩৩ কোটি টাকার কিছু বেশি ব্যয় করেছেন এবং ৩৬১টি স্কিমে এর মধ্যে মাত্র আপনারা ২৫৬টি কেন্দ্রীয় সরকারের স্কিমে কাজ করেছেন। তাই আমি বলতে চাই, আজকে আপনারা মুখে বলছেন এক, আর কাজে করছেন আর এক। আর মন্ত্রিমহাশয়, আর একটা তথ্য আপনি দিয়েছেন, সেই তথ্যয় দেখিয়েছেন একই সময়ে একই দিনে অর্থাৎ মন্ত্রিমহাশয় এই বছরে যেটা ৬ নম্বর পয়েন্টে বলেছেন ৩৩১টি *অস্থায়ী কলোনির কথা, পরে ১২ নম্বর(খ) অনুচ্ছেদে বলেছেন ৯৯৮টি অস্থায়ী কলোনির কথা।

আপনাদের কথার মধ্যেই অনেকখানি ফারাক দেখতে পাচ্ছি। তাই আমি বলতে চাই আজকে উদ্বাস্তুরা আপনাদের পাশ থেকে সরে গিয়েছেন। উদ্বাস্তুদের প্রতি আপনারা যে বঞ্চনা করেছেন তার জন্যই আজকে তারা আপনাদের পাশ থেকে সরে মমতা ব্যানার্জির পাশে এসে দাঁড়িয়েছে। উদ্বাস্তুদের জন্য যে কাজগুলো আপনাদের করবার কথা ছিল সেই কাজগুলো আপনারা না করে তাদের নিয়ে রাজনীতির খেলা খেলেছেন। আপনাদের ছলচাতুরি তারা ধরে ফেলেছে। তাই তারা আর আপনাদের পাশে এসে দাঁড়াচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে যে বাজেট প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাটমোশন আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নয়ন সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৪০ নম্বর দাবির অধীন যে বাজেট প্রস্তাব এখানে রাখা হয়েছে তাকে সমর্থন করছি এবং বিরোধী দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। বিরোধী দলনেতা পঙ্কজবাবু কিছু তথ্য দিয়ে বলেছেন যে বাজেটে অর্থ কম করা হল কেন। প্রথমেই বলি, ২০০০-০১ সালে বাজেট বরাদ্দ ছিল ৪৯,৬৪,৪১,০০০ টাকা, আর বর্তমান বছরে অর্থাৎ ২০০১-০২ সালে বরাদ্দ হয়েছে, ৪৫,৬০,২৪,০০০ টাকা। এখানে আপনাদের জ্ঞাতার্থে জানাচ্ছি, উদ্বাস্তু কলোনিগুলোতে এডুকেশনের জন্য যে কাজ হত সেই টাকাটা এডুকেশন ডিপার্টমেন্টকে দিয়ে দেওয়া হয়েছে। গত বছরের বাজেটে অন্যান্য বিভাগের টাকা বরাদ্দ ছিল ৬,৫৩,২০,০০০ টাকা। তাহলে ঐ ৪৯,৬৪,৪১,০০০ টাকা থেকে ৬,৫৩,২০,০০০ টাকা বরাদ্দ দিলে দাঁড়ায় ৪৩,১১,২১,০০০ টাকা। আর বর্তমান বছরে বরাদ্দ আছে ৪৫,৬০,২৪,০০০ টাকা।

তাহলেই আপনি দেখতে পাবেন গত বছরের চেয়ে এই বর্তমান বছরে বাজেট বৃদ্ধি পেয়েছে ২,৪৯,০৩,০০০ টাকা।

আরেকটা বিষয় হচ্ছে এবং যেটা সবচেয়ে দুঃখের কথা, আপনারা যা করেন, তাতে যদি ক্ষতি হয় তা কখনও আপনারা স্বীকার করেন না। আজকে পশ্চিমবাংলার উদ্বাস্তু সমস্যাটি হচ্ছে জাতীয় সমস্যা। ১৯৪৭ সালে দেশ যখন ভাগ হয়, যখন নেহেরু-লিয়াকৎ চুক্তি হয় তখন পূর্ব পাকিস্তান থেকে যে উদ্বাস্তুরা এখানে এসেছিল তাদের জন্য কিছুই করা হয়নি, আর যারা পশ্চিম পাকিস্তান থেকে এখানে এসেছিল তাদের জন্য ইন্ডিয়া গভর্নমেন্ট অনেক কিছুই করেছিল। পূর্ব পাকিস্তান থেকে যারা এখানে এসেছিল তাদের খাদ্য এবং কিছু ঢোল দেওয়া ছাড়া আর কিছুই করা হয়নি। পাঞ্জাবের ক্ষেত্রে পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছিল ১৯৫৯ সালের আগে তাদের সমগ্র পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছিল। তাদের সমস্ত দাবি মানা হয়েছিল, তাদের বসবাসের জায়গা দেওয়া হয়েছিল। ১৯৫৯ সালের আগে যারা উদ্বাস্তু হয়ে এখানে এসেছিল, সাতচল্লিশ লক্ষ উদ্বাস্তুর জন্য ৪৫৬ কোটি টাকা দিয়ে সামগ্রিক কাজটা করা হল। অথচ যারা পূর্ব পাকিস্তান থেকে পশ্চিমবাংলায় এসেছিল, ভারত সরকার বলেছে ১৯৫১ সালের আগে পর্যন্ত সংখ্যাটা ছিল ২৫ লক্ষ, পরবর্তী পর্যায়ে সেটা বেড়ে দাঁড়িয়েছে ৫২ লক্ষ।

[5-50 — 6-00 p.m.]

১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার আড়াইশ কোটি টাকা দাবি করেছিল, পায়নি। ১৯৭৩ সালে, সিদ্ধার্থবাবু যখন দায়িত্বে ছিলেন দেড়শো কোটি টাকা চেয়েছিলেন এই দপ্তর থেকে, আর উদ্বাস্তু সংখ্যা মাস্টার প্ল্যান থেকে বেরিয়ে এল ৫৮ লক্ষ। এই ৫৮ লক্ষের জন্য খরচ হল ৮৫ কোটি টাকা আর পশ্চিম পাকিস্তান থেকে পাঞ্জাবে আগত ৪৭ লক্ষের জন্য খরচ করা হল ৪৫৬ কোটি টাকা। এটা বৈষম্য নয়? তাই আপনাদের উচিত এই যে বাজেটে ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে তাকে দু হাত তুলে সমর্থন করা। কারণ, দায়িত্বটা আপনাদের, সেই দায়িত্ব আপনারা পালন করেননি। আর একজন মাননীয় সদস্য বললেন - ৮০ লক্ষ কি করে হয়ে গেল? ৩৩ কোটি ভারতবাসি আজকে ১০২ কোটি কি করে হল, সেটা তো বললেন না? উদ্বাস্তুরা যা ছিল তাই থাকবে? তাদের পরিবারের সদস্য সংখ্যা বৃদ্ধি পাবে না? এই জায়গাটা আপনাদের বলতে চাই। আপনি বলছেন একটা দৃষ্টিকোন থেকে বলছি। উদ্বাস্তুদের প্রতি মানবিক দৃষ্টি নিয়ে যে কথা বলা দরকার, এই বাজেটের

মধ্যে তাই রাখা হয়েছে। আর এই যে ৮০ লক্ষ দেখানো হয়েছে, এটা বামফ্রন্ট সরকার ৭৮ সালে আর.আর. কমিটি করে ৮১ সালে প্লেস করে কেন্দ্রীয় সরকারের কাছে দেওয়া হয়, সেখানে সাড়ে ৭০০ কোটি টাকা দাবি করা হয়েছে। পশ্চিমবাংলা থেকে বামফ্রন্টের আমলে অল পার্টি ডেলিগেশনে গিয়েছিলাম, আমরা আবার যাব, যেতেই হবে, কারণ এটা জ্বলন্ত সমস্যা। কেন্দ্রীয় সরকার ১৯৬১ সালে এই দপ্তর তুলে দিয়ে বলেছিল পশ্চিমবঙ্গে উদ্বাস্তুরা সব স্বাভাবিক জীবনের সঙ্গে মিশে গেছে। এখানে যারা ছাঁটাই প্রস্তাব নিয়ে এসেছেন, তারা অনেক করুণ কথা বলেছেন। পঙ্কজবাবু একটা চিঠিও দিয়েছেন, একটা করুণ চিত্র। জাতীয় সমস্যার জাতীয় সরকারের, কেন্দ্রীয় সরকারের দায়িত্ব থাকবে, কিন্তু সেই দায়িত্ব তারা কখনই পালন করলেন না বাংলার উদ্বাস্তুদের জন্য। আজকে যারা সমালোচনা করছেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের এই বাজেটের উপর দাঁড়িয়ে বিরোধিতা করছেন, এক সময় আপনারাই তো এখানে সদস্য ছিলেন, ক্ষমতায় ছিলেন এই বিধানসভায়। সবিনয়ে আপনাদের প্রশ্ন করি আপনারা ১৯৭৩ সালে দেড়শো কোটি চাইলেন উদ্বাস্তুদের জন্য, পেয়ে কোনও কাজ করেছিলেন? বা, আপনাদের বাজেট থেকে এক পয়সাও তাদের স্বার্থে কাজ করার চেষ্টা করেছেন? মাত্র ৩১ কোটি টাকা মাস্টার প্ল্যানে আমরা চেয়েছি, যেসব কলোনিতে অস্বাস্থ্যকর পরিবেশ আছে, সেখানে সুস্থ্য পরিবেশ যাতে আনা যায়। আজকে তো একবারও বললেন না, সেই সময়কার কেন্দ্রীয় সরকার উদ্বাস্তুদের স্বার্থ দেখেনি। আবার সেই সময় পশ্চিমবাংলায় যে সরকার ছিল, সেই সরকারের মেরুদন্ড ছিল না যে সেখান থেকে টাকাটা আদায় করে নিয়ে এসে উদ্বাস্তুদের স্বার্থে কিছু করে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট ১৯৭৭ সালে আসার পর এই বিষয়টা নিয়ে ভাবে এবং এই দাবিকে সোচ্চার করে এবং কেন্দ্রের কাছ থেকে দাবি করে, লড়াই করে আদায় করে। এই যে ৭৮ কোটি টাকার কথা বলছেন, এই টাকাটা যেখানে খরচ হয়েছে বললেন আপনারা এখানে বাজেটের মধ্যে দেখছেন এবং যে স্কিমগুলোর জন্য খরচ হয়েছে। আপনারা মরিচঝাঁপির কথা বললেন, আন্দামানের কথা বললেন। তখন বামপন্থীরা বাধা দিয়েছিল? তাহলে মরিচঝাঁপি বা দন্ডকারণ্য থেকে তারা পশ্চিমবাংলায় এল কি করে? উদ্দেশ্যমূলকভাবে বলা হয়েছিল সেখানে গেলে সবাই ভালো থাকবে। সেই জায়গায় দাঁড়িয়ে কথাটা বলা দরকার। আমি আশা করব, বামফ্রন্ট সরকার যে মানবিক দৃষ্টিকোন থেকে তার নিজস্ব অর্থ তহবিল থেকেও এই দপ্তরের যে বাজেট বৃদ্ধি করা দরকার এবং সেটা করেছে তাকে সমর্থন করবেন।

মূল বাজেটে দেখেছেন এই সরকার আরও, অতিরিক্ত ৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে গ্রামীণ কলোনিগুলোকে, তার কাঠামো পরিবর্তন করে উন্নয়নের কাজ বাস্তবায়িত করার জন্য। উদ্বাস্তুদের যে জ্বলন্ত সমস্যা তা সমাধান করা একা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। এর মূল দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। একটা গল্প আপনাদের বলা দরকার। একজন অন্যায় করে কিন্তু মাকালির শিষ্য সে তার অন্যায়ের হাত থেকে বাঁচার জন্য বলল মা আমাকে বাঁচাও, আমি মোষ বলি দেব। দিল না মোষ বলি। বলল, দিলিনে মোষ বলি। বলল যে এটা দেওয়ার ক্ষমতা আমার নেই, আমি পাঁঠা বলি দেব। তাও দিল না। বলল, যে এটাও দিলিনে। আমি হরিণ দেব সে বলল। তারপর দেখা গেল হরিণও দেয় না। একদিন মা দেখা পেয়ে মা বলল কিরে হরিণ বলি দিতে চেয়েছিলি, তো সেটাও তো দিলি না। তখন সে বলল যে মা কোটি কোটি হরিণ ঘুরে বেড়াচ্ছে ধরে খেতে পারছ না। আপনারা ১৯৪৭ এর পর এই বাংলায় যে উদ্বাস্তুরা আসল তাদের সমাধান তো করলেনই না তাদের পুনর্বাসন, আর্থিক পুনর্বাসন, বাস্তবায়িত করলেন না, আর আজকে বলছেন যে দিল্লির দায়িত্ব নয়। আমাদের দিল্লির দায় দায়িত্ব কিছু নয়, আমরা তা করতে পারব না। এই জায়গায় দাড়িয়ে আজকে বলতে চাই যে এই বাজেটে উদ্বাস্তুদের স্বার্থ রক্ষিত হয়েছে। আপনাদের মতো উদ্বাস্তুদের ধ্বংস করার ব্যবস্থা ইউ.সি.আর.সি. করে নি। এই জায়গায় দাড়িয়ে বলতে চাই ২ লক্ষ ৪৯ হাজার ৯৫২ আমাদের দলিল দেওয়ার লক্ষ্যমাত্রা। আমরা রাজ্য থেকে দলিল দিয়েছিলাম। অসম্মানজনক কোনও শর্ত চাপিয়ে দিই নি। ৯৯ বছরের লিজ। তাতে লেখা ছিল যে সরকারের বিরুদ্ধে কথাবার্তা বলবে তাদেরকে কলোনি থেকে তুলে দেওয়া হবে, অত্যাচার করা হবে। আর কেন্দ্রের রাজীব গান্ধী থাকা কালীন বলা হল যে আমাদের সত্ত্ব দিতে হবে, দিল না। রাজ্য সরকার উদ্যোগ নেওয়ার পর দেখা গেল যে পার পাওয়া যাবে না। তখন দিল্লির সরকার এই নিঃশর্ত দলিলের বিষয়ে আসল। আমাদের মত ও টারগেট আপনারা জেনে নিন। দু লক্ষ উনপঞ্চাশ হাজার নশো বাহান্ন। আমরা ইতিমধ্যে দিতে পেরেছি ২ লক্ষ ১২ হাজার ৪৪, ৮৫ শতাংশ আমরা দিতে পেরেছি, নিঃশর্ত দলিল। এই বছর আমরা টারগেট করেছি ৫ হাজার ৯ কিন্তু অতিরিক্ত হবে। গত বছর ৪ হাজার ছিল সেখানে ৪ হাজার ৮৭২টি দলিল বিলি করা হয়েছে। তাই আপনাদের কাছে আশা করব যে জনসাধারণের স্বার্থে এবং উদ্বাস্তুদের স্বার্থে তাদের পুনর্বাসনের কাজ বামফ্রন্ট সরকার এগিয়ে নিয়ে যাচ্ছে। আগামী বছরের এই উন্নয়নের দলিলটাকে আগামীতে আমরা ধীরে ধীরে

সমাধান করব। এই কথা বলে ৪০ নম্বরের যে ব্যয়বরাদ্দের দাবিকে মানবিক সহমর্মিতা রেখে সহানুভূতির স্বার্থে সমর্থন করবেন এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

The Motions of Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, Shri Abdul Mannan & Shri Kashi Nath Mishra, that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.45,60,24,000 be granted for expenditure under Demand No.40 Major Heads : "2235-Social Security and Welfare (Rehabilitation), 4235-Capital Outlay on Social Security and Welfare (Rehabilitation, and 6235-Loans for Social Security and Welfare (Rehabilitation) during the year 2000-2001. (This is inclusive of a total sum of Rs.15,20,08,000 already voted on account in February, 2001) was then put and agreed to.

## Adjournment

At this stage the House was adjourned at 6.01 p.m. on Wednesday till 11 a.m. on Friday, the 13th July, 2001 at the Assembly House, Kolkata.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

## Vol : 118 No-II (Hundred and Eighteenth Session)

## (June to July, 2001)

(The 28th & 29th June, 2nd July, 3rd, 4th, 5th, 6th, 9th, 10th & 11th July, 2001.)

**Adjournment Motion**

PP-11-12, P-124, PP-193-195, P-300, PP-395-396, PP-530-531, PP-656-657, PP-761-763, PP-864-866, PP-978-979

**Calling Attention**

PP-12-13, PP-124-125, PP-195-196, P-301, PP-396-398, PP-531-532, PP-657-658, PP-763-764, PP-866-867, PP-979-980

**Demand**

Demand for Grants

Demand No.4

Administration of Justice, related to Judicial Department PP-1040-1059

By—Shri Bhaktipada Ghosh PP-1046-1048

By—Shri Moloy Ghatak PP-1041-1043

By—Shri Mostaque Alam PP-1044-1046

By—Shri Nisith Adhikary PP-1054-1058

By—Shri Shamsul Islam Molla PP-1043-1044

By—Shri Subhas Naskar PP-1048-1049

By—Shri Tapas Roy PP-1049-1054

Demand for Grants

Demand Nos. 18 & 19

(Demand No. 18 Secretariat General Services, related to Finance Deptt.)

(Demand No. 19 District Administration, related to Land & Land Reforms Deptt.) PP-565-614

By—Shri Akshoy Thakur PP-597-598

By—Shri Asit Mitra PP-566-572

By—Shri Satya Priya Ray PP-175-179, P-181

By—Shri Buddhadeb Bhattacharjee PP-606-614

By—Shri Choudhury Mohan Jatua PP-598-600

By—Shri Debaprasad Sarkar PP-603-606

By—Shri Debesh Das PP-591-595

By—Shri Dipak Ghosh PP-575-579

By—Shri Kalyan Banerjee PP-581-586

By—Shri Mahbubul Haque PP-589-591

By—Shri Md. Yakub PP-579-581

By—Shri Nirbed Roy PP-592-597

By—Shri Nirmal Das PP-586-589

By—Shri Ranjit Kundu PP-572-575

By—Shri Tapas Roy PP-600-603

Demand for Grant

Demand No.22

(Demand No. 22 Jails, related to Department of Jails) PP-367-384

By—Shri Biswanath Chowdhury PP-380-384

By—Shri Shri Dipak Sarkar PP-374-376

By—Shri Khara Soren PP-378-380

By—Shri Mostaque Alam PP-376-378

By—Shri Parash Dutta PP-372-374

By—Shri Shamsul Islam Molla PP-371-372

By—Shri Tapas Roy PP-367-371

Demands for Grants

Demand Nos. 24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96, 97, 74, 92.

(Demand No.24-Stationery & Printing) (Demand No.53-Capital outlay on plantations) (Demand No.75-Industries) (Demand No.76-Non Ferrous Mining) (Demand No.87-Investment) (Demand No.88-

Other General Economic Services) (Demand No.93-Capital outlay on Petro chemicals) (Demand No.94-capital outlay on Telecommunication) (Demand No.95-Capital outlay on Chemicals)

(Demand No.96-Loans for other Industries)

(Demand No.97-Other capital outlay)

(Demand No.74-Industries)

(Demand No.92-Capital outlay on Engineering)

(Demand No.24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96, 97 related to Commerce & Industries Deptt. Demand No. 74 related to Industrial reconstruction and Demand No. 92 related to public Enterprises Deptt.)

By—Shri Abu Hasem Khan Choudhury PP-676-679

By—Shri Arjun Singh PP-699-702

By—Shri Haripada Biswas PP-679-683

By—Shri Id. Mohammad PP-687-691

By—Shri Lagan Deo Singh PP-672-676

By—Shri Mainul Haque PP-691-693

By—Shri Moloy Ghatak PP-683-687

By—Shri Mostaque Alam PP-706-709

By—Shri Nepal Mahato PP-709-711

By—Shri Nirupam Sen PP-718-730

By—Shri Nityananda Bera PP-711-713

By—Shri Partha Chatterjee PP-665-672

By—Shri Purnendu Sengupta PP-693-694

By—Shri Rampada Samanta PP-698-699

By—Shri Sobhandeb Chattopadhyay PP-713-718

By—Shri Tamonash Ghosh PP-695-698

By—Shri Tapas Chattopadhyay PP-702-706

Demands for Grants

Demand Nos. 25 & 79

(Demand No. 25-public works related to public works Deptt.

(Demand No. 79-Roads & Bridges related to public works (Roads) Deptt. PP-135-157

By—Shri Amar Chowdhury PP-151-156

By—Shri Kamakhya Nandan Das Mahapatra PP-145-148

By—Shri Nirmal Das PP-142-145

By—Shri Rabindra Ghosh PP-139-142

By—Shri Shambhunath Mandi PP-135-139

By—Shri Sushil Biswas PP-148-151

Demand for Grants

Demand No. 26

(Demand No.26-other Administration services fire protection & control related to Municipal Affairs Deptt. (Fire services) PP-1025-1040

By—Shri Ajoy Dey PP-1026-1028

By—Shri Dhananjoy Modak PP-1035-1036

By—Shri Kashinath Mishra PP-1032-1035

By—Shri Pratim Chatterjee PP-1036-1040

By—Shri Rabindra Ghosh PP-1030-1032

By—Shri Tamal Majhi PP-1028-1030

Demand for Grants

Demand No. 30

(Demand No. 30-General Education related to school Education Deptt. PP-205-244, PP-246-255

By—Shri Asutosh Mukhopadhyay PP-214-217

By—Shri Chittaranjan Dasthakur PP-224-227

By—Shri Debaprasad Sarkar PP-206-213

By—Shri Gobinda Roy PP-218-221

By—Smt. Iva Dey PP-231-233

By—Shri Kanti Biswas PP-246-255

By—Shri Md. Salim PP-237-238

By—Smt. Nanda Rani Dal PP-233-235

By—Shri Nemai Mal PP-235-236

By—Shri Satyasadhan Chakroborty PP-238-244

By—Shri Shyama Prosad Pal PP-227-231

By—Shri Subhas Goswami PP-221-224

Demand for Grants

Demand No. 39

(Demand No. 39-Labour & Employment related to Deptt. of Labour) PP-776-841

By—Shri Apurba Mukherjee PP-794-797

By—Shri Arjun Singha PP-818-820

By—Shri Asit Kumar Mal PP-786-790

By—Shri Badal Basu PP-810-815

By—Shri Debaprasad Sarkar PP-820-823

By—Shri Dipak Ghosh PP-798-803

By—Shri Kalipada Mondal PP-816-818

By—Smt. Kumari Kujur PP-797-798

By—Shri Mehbub Mondal PP-790-794

By—Shri Md. Amin PP-835-840

By—Shri Md. Salim PP-833-835

By—Shri Mostaque Alam PP-805-810

By—Shri Nirmal Ghosh PP-777-781

By—Shri Purnendu Sengupta PP-803-805

By—Shri Prakash Minj PP-825-826

By—Shri Rajdeo Goala PP-781-786

By—Shri Sobhandeb Chattopadhyay PP-826-830

By—Shri Susanta Ghosh PP-830-833

By—Shri Tamonash Ghosh PP-823-825

Demand for Grants

Demand No. 40

(Demand No. 40-Social security & welfare related to Refugee Relief and Rehabilatation Deptt.) PP-1059-1077

By—Shri Kamalakshmi Biswas P-1069

By—Shri Mainul Haque PP-1067-1069

By—Shri Narayan Mukherjee PP-1064-1067

By—Shri Nayan Sarkar PP-1073-1077

By—Shri Nirmal Das PP-1070-1071

By—Shri Pankaj Banerjee PP-1059-1064

By—Shri Tanmoy Mondal PP-1071-1073

Demand for Grants

Demand Nos. 42 & 43

(Demand No. 42-Social security & welfare, related to social welfare Deptt.)

(Demand No. 43-Nutrition related to Department of Relief) PP-347-367

By—Shri Abdul Karim Choudhury PP-353-355

By—Shri Ajoy Dey PP-348-351

By—Shri Biswanath Choudhury PP-362-366

By—Shri dhananjoy Modak PP-360-362

By—Shri Kamalakshmi Biswas PP-355-357

By—Shri Nirupama Chatterjee PP-351-353

By—Shri Tarak Banerjee PP-357-360

Demand for Grants

Demand Nos. 47, 48, 55, 58 & 56.

(Demand No. 47-Crop Husbandry, Department of Agriculture)

(Demand No. 48-Soil & water conservation, related to Deptt of Agriculture)

(Demand No.55-Agriculture Research & Education, related to Deptt. of Agriculture)

(Demand No.58-Agricultural programme, related to Deptt. of Agriculture)

(Demand No.56-Crop Husbandry (Horticulture & vegetable crops), related to Food processing and Horticulture Deptt.)

By—Shri Ananda Gopal Das PP-922-924

By—Shri Arup Bhadra PP-908-911

By—Shri Atish Chandra Sinha PP-887-896

By—Smt. Chhaya Ghosh PP-946-949

By—Shri Choudhury Mohan Jatua PP-913-916

By—Shri Dipak Chandra Sarkar PP-934-935

By—Shri Gobinda Chandra Naskar PP-900-906

By—Shri Haripada Biswas PP-906-908

By—Shri Jyotirmoy Kar PP-918-922

By—Shri Kamal Kanti Guha PP-949-955

By—Shri Khara Soren PP-929-930

By—Shri Kirity Bagdi PP-916-917

By—Shri Kashinath Mishra PP-935-940

By—Shri Krishna Prasad Duley PP-897-900

By—Shri Narmada Roy PP-911-913

By—Shri Nepal Mahato PP-924-926

By—Shri Nripen Roy PP-926-929

By—Shri Ratan Das PP-930-932

By—Shri Sailen Sarkar PP-943-946

By—Shri Subhendu Chowdhury PP-940-943

Demand for Grants, Demand No. 51

(Demand No. 51-Fisheries, related to Deptt. of Fisheries) PP-158-170

By—Shri Jayneswar Das PP-158-161

By—Shri Jane Alam Mian PP-161-162

By—Shri Kironmoy Nanda PP-162-169

Demand for Grants

Demand No. 52

(Demand No. 52-Forestry & wild Life, related to Department of Forest) PP-550-564

By—Shri Bachcha Mohan Ray PP-560-561

By—Shri Jogesh Chandra Barman PP-562-564

By—Shri Kashinath Mishra PP-550-553

By—Shri Maheswar Murmu PP-561-562

By—Shri Makar Tudu PP-553-554

By—Shri Paresh Chandra Adhikary PP-556-557

By—Shri Shantiram Mahato PP-554-554

By—Shri Sisir Adhikari PP-557-559

Demand for Grants

Demand No. 67

(Demand No. 67-Minor Irrigation, related to water Investigation & Development Department) PP-315-347

By—Shri Sk. Illias Mohammad PP-337-338

By—Shri Jane Alam Mian PP-333-335

By—Shri Kallol Khan PP-335-337

By—Shri Kashinath Mishra PP-338-342

By—Shri Malay Ghatak PP-330-333

By—Shri Nandadulal Majhi PP-321-323

By—Shri Nandagopal Bhattacharya PP-342-346

By—Shri Nepal Mahato PP-323-327

By—Shri Sailen Mondal PP-327-330

By—Shri Saugata Roy PP-316-321

Demand for Grants. Demand Nos. 69, 72

(Demand No. 69-Power, related to Deptt. of power)

(Demand No. 72-Non-conventional Energy Sourcess, related to science & Technology Deptt.) PP-437-502

By—Shri Abu Hasem Khan Chowdhury PP-449-452

By—Shri Ambica Banerjee PP-457-460

By—Shri Biplab Roychowdhury PP-476-479

By—Shri Brahmamoy Nanda PP-480-481

By—Shri Debaprasad Sarkar PP-490-494

By—Shri Sk. Illias Mohammad PP-473-476

By—Shri Sk. Jahangir Karim PP-465-469

By—Shri Kashinath Mishra PP-481-484

By—Shri Mrinal Banerjee PP-494-501

By—Shri Narayan Mukherjee PP-484-487

By—Shri Narmada Chandra Roy PP-460-462

By—Shri Nishi Kanta Mehta PP-452-457

By—Shri Pankaj Banerjee PP-438-445

By—Shri Pelab Kabi PP-445-449

By—Shri Rabindra Nath Chatterjee PP-469-472

By—Shri Sobhandeb Chattopadhyay PP-462-465

By—Smt. Sabitri Mitra PP-487-490

Demand for Grants

Demand No. 84.

(Demand No. 84-Tourism, related to Deptt of Tourism) PP-1007-1025

By—Shri Biplab Ray Choudhury PP-1008-1010

By—Shri Chittaranjan Das Thakur PP-1017-1018

By—Shri Dinesh Chandra Dakua PP-1022-1025

By—Shri Jayanta Choudhury PP-1010-1011

By—Shri Nirmal Das PP-1015-1017

By—Smt. Sabitri Mitra PP-1012-1015

By—Shri Sobhandeb Chattopadhyay PP-1018-1022

By—Shri Subrata Bose PP-1011-1012

General Discussion on Budget PP-23-101

By—Dr. Asim Kumar Dasgupta PP-33-59, PP-100-101

By—Shri Haripada Biswas PP-27-28

By—Shri Manoranjan Patra PP-23-27

By—Shri Nirmal Das PP-29-32

By—Shri Prafulla Kumar Bhowmik PP-32-33

By—Shri Purnendu Sengupta P-32

**LAYING OF REPORT**

Report & Annual Accounts of the West Bengal Informatics Ltd. for the years 1996-97, 1997-98 and 1998-99. P-659

**LAYING OF REPORT**

Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Ltd. for the year 1999-2000. P-658

Annual Reports of the Webel Electronics Communications systems Ltd. for the years 1996-97, 1997-98 & 1998-99. P-659

**LAYING OF RULES**

The West Bengal Metropolitan plaming committee Rules, 2001: P-534

The West Bengal Minorities Commission (Recruitment to the posts of officers and other Employees) Rules, 2001. P-764

Mention

PP-128-133, PP-201-204, PP-301-315, PP-420-436, PP-534-546, PP-659-662, PP-766-774, PP-869-884, PP-989-1003

Motions

Moved for acceptance of the 4th Report of the Business Advisory Committee P-247

Moved for acceptance of the 5th Report of the Business Advisory Committee. P-656

Moved for acceptance of the 6th Report of the Business Advisory Committee. PP-933-934

**OBITUARY REFERENCES**

By—Shri Amiya Bhusan Majumdar, Shri Debnath Murmu, Shri

Niren Ghosh, Shri Satinath Chattopadhyay PP-739-740, PP-257-259, PP-385-386

**POINT OF INFORMATION**

By—Shri Debaprasad Sarkar PP-19-20, PP-125-255

(On slogan, shouting and unparliamentary expression by the opprition Members) PP-20-22

By—Smt. Kanika Ganglly P-20

By—Shri Tapan Hore PP-20-21

By—Shri Kripa Sindhu Saha P-21

By—Shri Purnendu Sengupta PP-21-22

By—Shri Brahmamoy Nanda P-22

By—Shri Rampada Samanta P-22

By—Shri Samar Hazra P-22

**POINT OF INFORMATIONS**

By—Mrs. Gillian Rosemary D'Costa Hart PP-126-128

By—Shri Rabin Deb P-629

By—Smt. Sabitri Mitra P-629

By—Shri Pankaj Banerjee P-766, P-858

By—Shri Tapas Roy P-958

**POINT OF ORDER**

By—Shri Pankaj Banerjee PP-764-765

**PRESENTATION OF COMMITTEE REPORTS**

3rd Report of the Business Advisory Committee

By—Mr. Speaker PP-18-19

4th report of the Business Advisory Committee.

By—Mr. Speaker PP-244-246

5th Report of the Business Advisory Committee.

By—Mr. Speaker PP-654-655

6th Report of the Business Advisory Committee

By—Mr. Speaker P-933

**Questions**

Bangladesh Film

By—Shri Tapas Pal P-528

Construction of Court Building

By—Shri Gyan Singh Sohanpal P-760

Deaths in Flood

By—Shri Atish Chandra Sinha PP-278-279

Expressway from Kolkata to Siliguri

By—Shri Saugata Roy PP-120-121

Foreign Trips undertaken by the Chairman WBIDC

By—Shri Saugata Roy P-287

Investment in Industrial Projects

By—Shri Saugata Roy P-405

Jute Mill Closure

By—Shri Arjun Singh PP-847-851

Lock-Out Jute Mills

By—Shri Saugata Roy PP-285-286

Murders in the State

By—Shri Gyan Singh Sohanpal P-527

Resorts Under Bishnupur P.S.

By—Shri Subrata Bakshi PP-403-405

WIPRO Project

By—Shri Saugata Roy PP-5-6

অঙ্গনওয়াড়ি কর্মীর সংখ্যা

—শ্রী শীতল কুমার সর্দার P-279

আই সি ডি এস প্রকল্প

—শ্রী তপন হোড় PP-268-272

আলুর মূল্যবৃদ্ধি

—শ্রী চিত্তরঞ্জন রায় PP-283-285

আর্সেনিক কবলিত এলাকা

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-503-512

ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি

—শ্রী সুব্রত বক্সী PP-760-761

ইন্ডিয়া ইকো ডেভেলপমেন্ট প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল P-7

উলুবেড়িয়ায় দমকল বিভাগের শাখা খোলার পরিকল্পনা

—শ্রী কালীপদ মন্ডল P-292

কলকাতা পৌর এলাকার নিকাশী ব্যবস্থা

—শ্রী তপন হোড় P-৪

কলকাতায় থানা বৃদ্ধির প্রস্তাব

—শ্রী অশোক দেব PP-512-517

কলকাতা হাইকোর্টে বিচারপতির শূন্য পদ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-741-745

কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার চালুকরণ

—শ্রী তাপস চট্টোপাধ্যায় PP-646-648

কাকদ্বীপ অঞ্চলে নদীবাঁধ সংরক্ষণের পরিকল্পনা

—শ্রী মন্টুরাম পাখিরা PP-971-975

কাকদ্বীপে মৎস্য বন্দর নির্মাণ

—শ্রী মন্টুরাম পাখিরা PP-633-638

কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প।

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-854-858

কৃষকদের বার্ধক্য ভাতা

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা PP-280-282

কৃষি বিপনন মহাবিদ্যালয়

—শ্রী কমল মুখার্জি P-862

কৃষ্ণনগর সদর হাসপাতালে শিশুর অস্বাভাবিক মৃত্যু

—শ্রী শিবদাস মুখার্জি PP-415-416

ক্রীড়া বিদ্যালয়

—শ্রী অজয় দে P-190

খাদ্যশস্য সংগ্রহ ও বন্টন।

—শ্রী তাপস চট্টোপাধ্যায় P-120

খেলনা বিক্রয় থেকে সরকারের আয়

—শ্রী রামপদ সামন্ত PP-959-965

খেলাধূলার মানোন্নয়নে ট্রেনিং স্কুল

—শ্রী গুরুপদ দত্ত P-193

গঙ্গা ও পদ্মার ভাঙন রোধে ব্যবস্থা

—শ্রী কাশীনাথ মিশ্র P-415

গণপ্রহারে মৃত্যু

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা P-11

গভীর অগভীর নলকূপ

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা PP-272-275

চন্দননগর বিধানসভা এলাকার উদ্বাস্তু কলোনীগুলির উন্নয়ন

—শ্রী কমল মুখার্জি PP-295-296

চন্দননগরে কাফেটেরিয়া

—শ্রী কমল মুখার্জি PP-296-297

চন্দ্রকোনায় পর্যটন আবাস

—শ্রী গুরুপদ দত্ত PP-407-408

চাঁচোলে নূতন পুরসভা

—শ্রী মহবুবুল হক P-528

টাডা আইন

—শ্রী দীপক কুমার ঘোষ P-5

টেকনিশিয়ান স্টুডিও

—শ্রীমতি নয়না বন্দ্যোপাধ্যায় PP-6-7

টেকনিশিয়ানদের চাকুরির নিরাপত্তা

—শ্রী তাপস পাল P-8

ডায়মন্ডহারবার রোডকে জাতীয় সড়কের স্বীকৃতি

—শ্রী মন্টুরাম পাখিরা P-121

ড্রেজিং-এর মাধ্যমে ড্যামগুলিতে পলি অপসারণ

—শ্রী কাশীনাথ মিশ্র PP-975-976

তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-9-10

দ্বারকা নদীর বাঁধ মেরামত

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা P-412

দূরায়ত শিক্ষা প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-186-188

নতুন পলিটেকনিক কলেজ স্থাপন

—শ্রী রামপদ সামন্ত PP-192-193

নতুন রেল লাইন স্থাপন

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-648-651

নদীর গতিপথ ও আর.এল.আই. প্রকল্প

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত PP-299-300

নামখানায় মৎস্য জেটি নির্মাণ

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা PP-123-124

নিয়ন্ত্রিত বাজার

—শ্রী কমল মুখার্জি PP-275-277

নেপাল, ভূটান ও বাংলাদেশ ভ্রমণে বিশেষ পর্যটন প্যাকেজ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-965-970

পণ্যভিত্তিক গবেষণা কেন্দ্র

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা PP-862-863

পর্যটন কেন্দ্র গড়তে MOD রিসার্চ সেন্টারকে সমীক্ষার দায়িত্ব

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-977-978

পলাশচাবড়ী থেকে শ্রীনগর পর্যন্ত রাস্তা নির্মাণের পরিকল্পনা

—শ্রী গুরুপদ দত্ত PP-294-295

পলিটেকনিক প্রশিক্ষণ কেন্দ্র

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা PP-191-192

পশ্চিমবঙ্গ সমবায় বিধি পরিবর্তন

—শ্রী জ্যোতির্ময় কর PP-653-654

পাট উৎপাদন

—শ্রী কাশীনাথ মিশ্র P-863

পাথরায় পর্যটন কেন্দ্র

—শ্রী রামপদ সামন্ত PP-393-397

পুরসভা এলাকায় উড়ালপুল

—শ্রী রবীন দেব PP-522-523

পুলিশ মিউজিয়াম

—শ্রী কমল মুখার্জি PP-8-9

প্রশাসন বা মনোনীত বোর্ড দ্বারা পরিচালিত সমবায় সংস্থা

—শ্রী আব্দুল মান্নান PP-290-291

প্রাণিবিদ্যা বিশ্ববিদ্যালয়

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা PP-863-864

প্রাথমিক কৃষি বিপনন সমিতি

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-264-268

প্রাথমিক শিক্ষক

—শ্রী তপন হোড় PP-758-759

প্রয়াত অজয়কুমার মুখোপাধ্যায়ের মূর্তি স্থাপন

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-114-115

ফারাক্কা ব্যারেজের চরা

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত P-410

বনজ সম্পদ

—শ্রী কাশীনাথ মিশ্র PP-529-530

বন্ধ কারখানা

—শ্রী নির্মল ঘোষ PP-843-847

বন্যা বিধ্বস্ত জেলাগুলিতে ত্রাণ

—শ্রী অশোক দেব PP-259-264

বন্দী মৃত্যুর সংখ্যা

—শ্রী চিত্তরঞ্জন রায় P-277

বাগজোলা ও কেষ্টপুর খাল সংস্কারের পরিকল্পনা

—শ্রী তন্ময় মন্ডল P-416

বাগবাজার 'Marhatta Ditch Canel' সংস্কার

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-408

বালি খালের উপর সেতু সংস্কার

—শ্রীমতি কণিকা গাঙ্গুলি PP-638-641

বারুইপুর শহরে বাইপাশ নির্মাণ

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় PP-631-633

বারুইপুরে ওভারব্রিজ নির্মাণ

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় P-119

বায়ু দূষণ রোধ

—শ্রী চিত্তরঞ্জন রায় PP-523-524

বাৎসরিক মাছের চাহিদা ও উৎপাদন

—শ্রী কমল মুখার্জি PP-641-646

বিগত বন্যায় মৎস্য চাষীদের ক্ষয়ক্ষতির পরিমান

—শ্রী দীপক কুমার ঘোষ PP-118-119

বিজ্ঞান বিভাগহীন মহাবিদ্যালয়

—শ্রী তাপস চট্টোপাধ্যায় P-757

বিদ্যালয়ে বাধ্যতামূলক কম্পিউটার পাঠক্রম

—শ্রী তাপস চট্টোপাধ্যায় P-192

বিবাহ নিবন্ধীকরণ

—শ্রী কমল মুখার্জি P-190

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় হাসপাতালের নবীকরণ

—শ্রী ব্রহ্মময় নন্দ P-409

বেনফিসের মাধ্যমে মাছ বিক্রয়

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-121-122

বোলপুর-রঘুনাথপুর জল প্রকল্প

—শ্রী তপন হোড় PP-517-521

বৃত্তিমূলক শিক্ষার প্রসার

—শ্রী তপন হোড় PP-183-185

বৃহত্তর কলকাতার নিকাশী ব্যবস্থা ও খালগুলির সংস্কার

—শ্রী নির্মল ঘোষ P-406

ভিলেজ গার্ড

—শ্রী গুরুপদ দত্ত PP-10-11

ভূগর্ভস্থ জলস্তর

—শ্রী শ্যামাপ্রসাদ পাল PP-858-862

ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বন্টন

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় PP-290

মদের লাইসেন্স

—শ্রী আব্দুল মান্নান PP-171-176

মহাবিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক পাঠক্রম

—শ্রী সুব্রত বক্সী PP-176-182

মহিলা কমিশন

—শ্রী তপন হোড় PP-279-280

মৎস্য সঞ্চার প্রকল্প

—শ্রী কমল মুখার্জি PP-123

মাদ্রাসা বিদ্যালয়

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা PP-759-760

মাধ্যমিক পাঠক্রম সংস্কৃত

—শ্রী অজয় দে P-192

মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত শিক্ষক পদ

—শ্রী গুরুপদ দত্ত P-191

মেমারি পৌর এলাকায় দমকল বাহিনী স্থাপনের পরিকল্পনা

—শ্রী তাপস চট্টোপাধ্যায় PP-299-300

মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি

—শ্রী রামপদ সামন্ত PP-2-4

রাজ্য লটারি ও সরকারের আয়

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-976-977

রাজ্যে আই.এস.আই. চক্রের কার্যকলাপ

—শ্রী আব্দুল মান্নান PP-526

রাজ্যে আমের চাষ

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-292-294

রাজ্যে চর্মশিল্প মহাবিদ্যালয়

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-397-399

রাজ্যে চায়ের উৎপাদন ও চাহিদা

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-297-298

রাজ্যে নথীভুক্ত বেকার

—শ্রী অশোক দেব PP-287-289

রাজ্যে নির্মীয়মান সেতুর সংখ্যা

—শ্রী তপন হোড় PP-111-114

রাজ্যে বনভূমির পরিমাপ

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-526-527

রাজ্যে বাগদা চিংড়ি চাষ

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা PP-652-653

রাজ্যে বিভিন্ন প্রকারের মেডিকেল কলেজ

—শ্রী শ্যামা প্রসাদ পাল PP-412-415

রাজ্যে ভোটদাতার সংখ্যা

—শ্রী রবীন দেব P-6

রাজ্যে মুক্ত কারাগারের সংখ্যা

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-292

রাজ্যে সংস্কারযোগ্য পতিত জলাশয়

—শ্রী আবু আয়েশ মন্ডল P-289

রাজ্যে সাক্ষরতার হার

—শ্রী কমল মুখার্জি P-297

রাজ্যে সাক্ষরতার হার

—শ্রী কালীপদ মন্ডল P-118

রাজ্যের হাসপাতালগুলিতে ডাক্তার ও নার্সের শূন্যপদ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-386-393

রামপুরহাটে ক্ষুদ্রসেচের পরিকল্পনা

—ডঃ আশীষ ব্যানার্জি PP-294

রেশন কার্ডের ঘাটতি

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-103-108

রেশম আমদানি

—শ্রী সেখ জাহাঙ্গীর করিম PP-410-411

রোগীদের পথ্য

—শ্রী শীতল কুমার সর্দার P-410

লাইসেন্সপ্রাপ্ত আবগারী ডিলার

—শ্রী রামপদ সামন্ত PP-189-190

লালবাগে পর্যটন কেন্দ্র স্থাপন

—শ্রী ঈদ্ মহম্মদ P-978

লিলুয়া ও মৌড়িগ্রামে ওভারব্রিজ নির্মাণ

—শ্রীমতি কনিকা গাঙ্গুলি PP-115-118

ল্যাটারাইট জোন

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত PP-525-526

শান্তিপুর থানার অধীন হিমঘর

—শ্রী অজয় দে P-298

শ্যামচাঁদ মন্দিরের সংস্কার

—শ্রী অজয় দে P-10

শ্রীরামপুর ও রিষড়া থানা এলাকার উদ্বাস্তু কলোনীগুলির উন্নয়ন পরিকল্পনা

—ডাঃ রত্না দে (নাগ) PP-298-299

সম্মান প্রাপ্ত বিশ্ববিদ্যালয়

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-755-757

সমবায় সমিতি ও তন্তুজীবিদের পাওনা অর্থ

—শ্রী অজয় দে P-409

সমবায়ের ভিত্তিতে হিমঘর

—শ্রী নিশিকান্ত মেহেতা P-864

সরকারি হাসপাতালে সি.টি. স্ক্যান ব্যবস্থা

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় P-407

সরকারি হাসপাতালের চিকিৎসকগণের নন-প্র্যাকটিসিং ভাতা

—শ্রী তপন হোড় PP-399-402

'সংখ্যালঘু অর্থ নিগম' কর্তৃক কর্মসংস্থানের জন্য প্রদত্ত ঋণের পরিমান

—শ্রী আব্দুল মান্নান P-291

সংবাদপত্রে সরকারি বিজ্ঞাপন

—শ্রী দীপক কুমার ঘোষ P-525

স্ব-নিযুক্তি প্রকল্প

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় PP-745-754

'সার্বিক সহায়তা কেন্দ্র' স্থাপন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-108-111

স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের অধীনে হাসপাতাল

—শ্রীমতি কণিকা গাঙ্গুলি PP-411-412

সিনেমা হলে ধর্মঘট

—শ্রী অশোক দেব PP-851-854

সুন্দরবনে বাঘের আক্রমণ

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-521-522

হলদিয়া পেট্রোকেমিক্যালসে উৎপাদনের লক্ষ্যমাত্রা ও অনুসারি শিল্প

—শ্রী তাপস চট্টোপাধ্যায় PP-406-407

হাডকো'র সহায়তায় জি.টি. রোড সংস্কার

—শ্রী রত্না দে (নাগ) P-122

হ্যান্ডলুম টেকনোলজি কলেজ

—শ্রী অজয় দে P-761

১৯৯৯-২০০১ বছরে সরকারের বিভিন্ন পদে চাকুরি

—শ্রী বিপ্লব রায়চৌধুরি P-295

**RULING FROM THE CHAIR**

By—Mr. Speaker PP-765-766

**STATEMENT ON CALLING ATTENTION**

Regarding apprehended closure of Tyre corporation of India Ltd. Tangra Unit.

By—Shri Md. Amin PP-867-868

Regarding apprehension of shifting the Headquarters of Damodar valley Corporation from Kolkata to Ranchi

By—Shri Amalendralal Roy PP-980-986

Regarding eviction of Hawkers from the vital roads in Calcutta

By—Shri Asok Bhattacharya PP-532-534

Regarding eviction of hawkers and squatters along Tolly's Nallah

By—Shri Asok Bhattacharya PP-17-18

Regarding misappropriation of Rs.18 Lakhs from Maniktala Depot at state Transport Corporation.

By—Shri Subhas Chakraborty PP-196-197

Regarding outbreak of Malaria in Kolkata, North Bengal & South Bengal.

By—Shri Pratyush Mukherjee PP-986-989

Regarding reported arrest of some criminals from the Salt Lake stadium on 27.06.2001

By—Shri Buddhadeb Bhattacharya PP-199-201

Regarding reported attack on the Fisherman in Sundarbans area on 12.06.2001.

By—Shri Buddhadeb Bhattacharya PP-13-15

Regarding reported attempt to murder one Government pleader at the clistrict court of Nadia on 19.06.2001

By—Shri Buddhadeb Bhattacharya PP-16-17

**STATEMENT ON POINT OF INFORMATION**

Regarding setting up of a car parking zone besides the Burian Ground on Southern side of Park Street.

By—Shri Md. Salim PP-197-198

**ZERO HOUR**

PP-133-135, PP-204-205, PP-546-550, PP-774-776, PP-884-885, PP-1003-1007

Printed by : Kishalaya, Barasat
North 24 pargana